সারণি ১০-৫: প্রস্তাবিত ভূমি ব্যবহার..... ১০-১৪
সারণি ১০-৬: বিভিন্ন ভূমি ব্যবহারের অনুমোদিত এবং শর্ত সাপেক্ষে অনুমোদিত ব্যবহার..... ১০-২৩
সারণি ১০-৭: আবাসিক খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান..... ১০-২৭
সারণি ১০-৮: বাণিজ্যিক খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান ১০-২৮
সারণি ১০-৯: শিল্প খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান..... ১০-৩২
সারণি ১০-১০: শিক্ষা খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান..... ১০-৩৩
সারণি ১০-১১: প্রকল্প এলাকার স্থানীয় নগরকেন্দ্র সমূহের অবস্থান ১০-৩৫
সারণি ১০-১২: উনমুক্ত এলাকা এবং বিনোদন সুবিধার প্রস্তাব ১০-৪২
সারণি ১১-১: কাজ অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক রাস্তার বিস্তরণ ১১-২
সারণি ১১-২: লক্ষ্মীপুর পৌরসভায় জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের তালিকা..... ১১-৩
সারণি ১১-৩: লক্ষ্মীপুর পৌরসভায় জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের বন্টন..... ১১-৩

সারণি ১১-৪: প্রধান প্রধান পরিবহন কোম্পানী এবং তাদের সার্ভিস ১১-৮
সারণি ১১-৫: লক্ষ্মীপুর পৌরসভায় যানবাহন চলাচলের বিস্তারিত তথ্য ১১-৯
সারণি ১১-৬ লেভেল অফ সার্ভিসের মানদণ্ড ১১-১১
সারণি ১১-৭: রাস্তার ধরন ও তুঙ্গ সময়ে তার ধারন ক্ষমতা ১১-১১
সারণি ১১-৮: রাস্তা অনুযায়ী সার্ভিস লেভেল ১১-১১
সারণি ১১-৯: লক্ষ্মীপুর পৌরসভার রাস্তা বা রাস্তার অংশের প্রক্ষেপিত চিত্র ১১-১২
সারণি ১১-১০: প্রস্তাবিত রাস্তার ধরণ, বিবরণ এবং সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সংস্থার নাম ১১-১৫
সারণি ১১-১১: রাস্তার প্ল্যানিং মানদণ্ড ১১-১৬
সারণি ১১-১২ রাস্তার সংস্কার এবং প্রশস্তকরণের প্রস্তাব ১১-১৯
সারণি ১১-১৩ নতুন রাস্তার প্রস্তাবনা ১১-২০
সারণি ১১-১৪: পরিবহন খাতের সুবিধাদির জন্য প্রস্তাবিত স্থান ১১-২৭
সারণি ১১-১৫: প্রস্তাবিত ফুটপাতের ওয়ার্ড অনুসারে বিস্তরণ ১১-২৯
সারণি ১১-১৬: যানবাহন পরিকল্পনা বাস্তবায়নের জন্য বিধি বিধান ১১-৩৬
সারণি ১১-১৭: রাস্তার মানদণ্ডের জন্য জ্যামিতিক আবশ্যিক শর্ত ১১-৩৮
সারণি ১২-১: শ্রেণি এবং ওয়ার্ড অনুযায়ী ড্রেনের বিস্তরণ ১২-২
সারণি ১২-২: ওয়ার্ড অনুযায়ী পৌরসভায় খালের বিস্তরণ ১২-৬
সারণি ১২-৩: প্রস্তাবিত ড্রেন সমূহের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ ১২-১২
সারণি ১২-৪: ডায়ামিটার অনুযায়ী পানির সংযোগ লাইন ১২-২০
সারণি ১২-৫: প্রোডাকশন টিউব ওয়েলের অবস্থান ১২-২১
সারণি ১২-৬: বাংলাদেশের গ্রাম এবং শহর এলাকায় পানির চাহিদা ১২-২৪
সারণি ১২-৭: ২০৩৭ সাল পর্যন্ত পৌরসভায় পানির চাহিদা (হাজার লিটার) অভিক্ষেপ ১২-২৫
সারণি ১২-৮: পানি সরবরাহ অবকাঠামো প্রস্তাব ১২-২৬
সারণি ১২-৯: কঠিন বর্জ্যের পরিকল্পনার জন্য যে আদর্শ মান চিন্তা করা হয় ১২-২৮
সারণি ১২-১০: প্রকল্প এলাকায় ২০৩৭ সাল পর্যন্ত উৎপাদিত প্রক্কেপিত বর্জ্য (কেজি/দিন) ১২-৩০
সারণি ১২-১১: ওয়ার্ড ভিত্তিক বিদ্যুৎ খুঁটির বণ্টন ১২-৩৫
সারণি ১৩-১: জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা এবং তার প্রভাব ১৩-১
সারণি ১৩-২: লক্ষ্মীপুর পৌরসভার ঝুঁকি নির্ণয় ১৩-৪
সারণি ১৩-৩: বর্তমান অবস্থা এবং দুর্যোগ উপশম সহায়ক ব্যবস্থাপনা পরিকল্পনা ১৩-৬
সারণি ১৩-৪: বাংলাদেশের প্রধাণ ভূমিকম্পসমূহ ১৩-১১
সারণি ১৩-৫: বাংলাদেশের সিসমিক জোনের বিস্তারিত ১৩-১১
সারণি ১৪-১: লক্ষ্মীপুর শহরে বিদ্যমান শিক্ষা বিষয়ক সুযোগ সুবিধা ১৪-১
সারণি ১৪-২: শিক্ষা সুবিধা প্রদানের জন্য মানদণ্ড নির্ধারণ ১৪-২
সারণি ১৪-৩: প্রস্তাবিত প্রি-প্রাইমারি স্কুল ১৪-৪
সারণি ১৪-৪: প্রস্তাবিত প্রাইমারি স্কুল ১৪-৫
সারণি ১৪-৫: প্রস্তাবিত মাদ্রাসা ১৪-৭
সারণি ১৪-৬: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান স্বাস্থ্য সেবা ১৪-৯
সারণি ১৪-৭: স্বাস্থ্য সেবা সুবিধার প্রস্তাবিত মানদণ্ড ১৪-৯
সারণি ১৪-৮: প্রস্তাবিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ১৪-১০
সারণি ১৪-৯: বিদ্যমান বিনোদন সুবিধা ১৪-১৩
সারণি ১৪-১০: উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা বিষয়ক প্রস্তাবিত মানদণ্ড ১৪-১৪
সারণি ১৪-১১: প্রস্তাবিত বিনোদন সুবিধা ১৪-১৪
সারণি ১৪-১২: কমিউনিটি সুবিধাদি প্রদানের মানদণ্ড ১৪-১৮
সারণি ১৪-১৩: প্রধান প্রধান কবরস্থানের তালিকা ১৪-১৯
সারণি ১৪-১৪: বিদ্যমান ধর্মীয় প্রতিষ্ঠান ১৪-২০
সারণি ১৪-১৫: প্রস্তাবিত ধর্মীয় প্রতিষ্ঠান ১৪-২০
সারণি ১৪-১৬: এক নজরে প্রক্ষেপিত নাগরিক সুবিধাদির ১৪-২২
সারণি ১৫-১: বিগত তিন বছরের বাজেট পর্যালোচনা ১৫-২
সারণি ১৫-২: আয়ের উৎস ১৫-২

সারণি ১৫-৩: রাজস্ব আয় (গত তিন বছরের) ১৫-৩
সারণি ১৫-৪: হোল্ডিং ট্যাক্স থেকে আয় ১৫-৩
সারণি ১৫-৫: কনজারভেন্সি থেকে আয় ১৫-৩
সারণি ১৫-৬: স্থাবর সম্পত্তি থেকে আয় ১৫-৪
সারণি ১৫-৭: উন্নয়ন তহবিলের উৎস ১৫-৪
সারণি ১৫-৮: ইউজিপ-৩ এর অধীনস্থ আরবান গভর্নেন্স এবং অবকাঠামো প্রকল্পের বিনিয়োগ খাত ১৫-৫
সারণি ১৫-৯: অবকাঠামো উন্নয়ন এবং সার্ভিস ডেলিভারী ১৫-৫
সারণি ১৫-১০: আর্থ-সামাজিক খাতে বরাদ্দ বিস্তরণ ১৫-৫
সারণি ১৫-১১: নগর ব্যবস্থাপনা এবং দক্ষতা উন্নয়ন ১৫-৫
সারণি ১৫-১২: অগ্রাধিকার প্রকল্প তালিকা ১৫-৬
সারণি ১৫-১৩: অগ্রাধিকার প্রকল্প খাতের ব্যয় হিসাব ১৫-১২
সারণি ১৫-১৪: অগ্রাধিকার প্রকল্প ব্যয় হিসাব ১৫-১২
সারণি ১৫-১৫: লক্ষ্মীপুর পৌরসভার অগ্রাধিকার প্রকল্পগুলোর বাস্তবায়ন ধাপ ১৫-১৬

চিত্রলেখের তালিকা

চিত্রলেখ ১: লক্ষ্মীপুর পৌরসভার ২০১৭ ও ২০৩৭ সালের ওয়ার্ড ভিত্তিক ঘনত্ব v
চিত্রলেখ ২: প্রকল্পে সম্পাদিত জরিপ সমূহ vi
চিত্রলেখ ৩: লক্ষ্মীপুর পৌরসভার বিদ্যমান বিশদ ভূমি ব্যবহার vi
চিত্রলেখ ১-১: মহাপরিকল্পনার উপাদানসমূহ ১-৭
চিত্রলেখ ২-১: লক্ষ্মীপুর পৌরসভায় বসবাসকারীদের জাতিগত বিভাজন ২-৫
চিত্রলেখ ২-২: পরিবারের সদস্যদের লিঙ্গ ও বয়স ২-৬
চিত্রলেখ ২-৩: লক্ষ্মীপুর পৌরসভার পরিবার প্রধানের লিঙ্গ ২-৭
চিত্রলেখ ২-৪: অভিগমন উৎস ২-৮
চিত্রলেখ ২-৫: অভিগমন ধারা ২-৮
চিত্রলেখ ২-৬: অভিগমনের কারণ ২-৯
চিত্রলেখ ২-৭: পরিবারের সদস্যদের শিক্ষার স্তর ২-১০
চিত্রলেখ ২-৮: পরিবারের মাসিক আয় কাঠামো ২-১০
চিত্রলেখ ২-৯: বাড়ির প্রধান ঘরের নির্মাণ ধরণ ২-১১
চিত্র ২-১০: নির্মাণ ধরণ অনুযায়ী ইমারত/কাঠামোর পরিমাণ ২-১২
চিত্রলেখ ২-১১: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান ভূমি ব্যবহারের ধরণ ২-১৪
চিত্রলেখ ৬-১: পারিবারিক আয়ের প্রধান উৎস ৬-১
চিত্রলেখ ৭-১: বস্তিতে বসবাসরত পরিবারের বয়সের বণ্টন ৭-২
চিত্রলেখ ৭-২: বস্তির পরিবারগুলোর সদস্যদের পেশা ৭-৪
চিত্রলেখ ৭-৩: বস্তির পরিবারগুলোর মাসিক আয় ৭-৫
চিত্রলেখ ৭-৪: পানির উৎস ৭-৭
চিত্রলেখ ৭.৫: স্যানিটেশন এর অবস্থা ৭-৭
চিত্রলেখ ৮.১ মতবিনিময় সভায় অংশ গ্রহণকারীদের বর্ণিত সমস্যাগুলো ৮-৩
চিত্রলেখ ৯-১: সরকারি আইনগত অধিকারের অধিক্রমণ ৯-৬
চিত্রলেখ ১০-১: লক্ষ্মীপুর পৌরসভার বিশদ ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস ১০-৩
চিত্রলেখ ১১-১: ভৌত অবস্থা অনুসারে বিদ্যমান সড়ক নেটওয়ার্ক ১১-১
চিত্রলেখ ১১-২: কার্যকারিতা অনুসারে বিদ্যমান রাস্তা ১১-২
চিত্রলেখ ১১-৩: লক্ষ্মীপুর পৌরসভার অটোরিকশা (টমটম) চলার পথ ১১-৭
চিত্রলেখ ১১-৪: বিভিন্ন রাস্তায় সাপ্তাহিক যানবাহন চলাচল ১১-৯
চিত্রলেখ ১১-৫: ছুটির দিনে বিভিন্ন রাস্তায় দিন যানবাহন চলাচলের চিত্র ১১-১০
চিত্রলেখ ১১-৬: স্তর অনুযায়ী রাস্তার পরিমান ১১-২৩
চিত্রলেখ ১১-৭: প্রাইমারি সড়কের নকশা ১১-২৩
চিত্রলেখ ১১-৮: প্রাইমারি সড়কের পরিকল্পনা ১১-২৪
চিত্রলেখ ১১-৯: সেকেন্ডারি সড়কের নকশা ১১-২৪
চিত্রলেখ ১১-১০: সেকেন্ডারি সড়কের পরিকল্পনা ১১-২৪
চিত্রলেখ ১১-১১: কালেক্টর বা টারশিয়ারি সড়কের নকশা ১১-২৫
চিত্রলেখ ১১-১২: কালেক্টর বা টারশিয়ারি সড়কের পরিকল্পনা ১১-২৫
চিত্রলেখ ১১-১৩: অ্যাকসেস সড়কের নকশা ১১-২৬
চিত্রলেখ ১১-১৪: অ্যাকসেস সড়কের পরিকল্পনা ১১-২৬
চিত্রলেখ ১১-১৫: ফুটপাতের প্রস্থচ্ছেদ ১১-২৮
চিত্রলেখ ১১-১৬: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত যানবাহন সুবিধাসমূহ ১১-৩২
চিত্রলেখ ১১-১৭: জনপ্রিয় ট্রাফিক সাইনসমূহ ১১-৩৫
চিত্রলেখ ১২-১: ধরণ অনুসারে লক্ষ্মীপুর পৌরসভার ড্রেন ১২-২
চিত্রলেখ ১২-২: প্রাইমারি ড্রেনের বিস্তরণ ১২-৩
চিত্রলেখ ১২-৩: সেকেন্ডারি ড্রেনের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ ১২-৪

চিত্রলেখ ১২-৪: টারশিয়ারি ড্রেনের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ.....১২-৪
চিত্রলেখ ১২-৫: বক্স কালভার্টের প্ল্যান এবং ইলিভেশন ১২-১৮
চিত্রলেখ ১২-৬: লক্ষ্মীপুর পৌরসভায় পানি সরবরাহের চিত্র ১২-২০
চিত্রলেখ ১২-৭: পানি সরবরাহের সেবা এলাকা.....১২-২১
চিত্রলেখ ১২-৮: ওয়ার্ড ভিত্তিক পানযোগ্য পানির উৎস..... ১২-২৩
চিত্রলেখ ১২-৯: ওয়ার্ড ভিত্তিক টেলিফোন পোস্ট ও মোবাইল টাওয়ারের বণ্টন ১২-৩৪
চিত্রলেখ ১২-১০: লক্ষ্মীপুর পৌরসভার বাসাবাড়ির বিদ্যুৎ সংযোগ..... ১২-৩৪
চিত্রলেখ ১২-১১: ওয়ার্ড ভিত্তিক বিদ্যুৎ খুঁটির বণ্টন..... ১২-৩৫
চিত্রলেখ ১২-১২: ওয়ার্ড ভিত্তিক ইলেকট্রিক ট্রান্সফর্মারের বণ্টন..... ১২-৩৬
চিত্রলেখ ১৩-১: লক্ষ্মীপুর পৌরসভার অভিযোজন সক্ষমতার চিত্র..... ১৩-৫
চিত্রলেখ ১৪.১: প্রস্তাবিত হাই স্কুল ১৪-৬

মানচিত্রের তালিকা

মানচিত্র ১: লক্ষ্মীপুর পৌরসভার কাঠামো পরিকল্পনা ix
মানচিত্র ২: লক্ষ্মীপুর পৌরসভার ভূমি ব্যবহার পরিকল্পনা x
মানচিত্র ৩: লক্ষ্মীপুর পৌরসভার যোগাযোগ ও যাতায়াত ব্যবস্থার পরিকল্পনা xi
মানচিত্র ১-১: লক্ষ্মীপুর পৌরসভা, বাংলাদেশ ১-২
মানচিত্র ১-২: লক্ষ্মীপুর পৌরসভার আঞ্চলিক মানচিত্র ১-৩
মানচিত্র ১-৩: লক্ষ্মীপুর পৌরসভার ওয়ার্ড এবং সীমানা ১-৫
মানচিত্র ২-১: লক্ষ্মীপুর পৌরসভায় ভৌত প্রবৃদ্ধির ধরণ ২-১৩
মানচিত্র ২-২: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান ভূমি ব্যবহারের ধরণ ২-১৫
মানচিত্র ৫-১: প্রকল্প এলাকার কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ ৫-৬
মানচিত্র ৭-১: লক্ষ্মীপুর পৌরসভায় বস্তিগুলোর অবস্থান ৭-৩
মানচিত্র ১০-১: লক্ষ্মীপুর পৌরসভার সাধারণ ভূমি ব্যবহার মানচিত্র ১০-৪
মানচিত্র ১০-২: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত সাধারন ভূমি ব্যবহার ১০-১৫
মানচিত্র ১০-৩: লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহার ১০-১৭
মানচিত্র ১০-৪: লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত মিশ্র (আবাসিক ও বাণিজ্যিক) ভূমি-ব্যবহার ১০-১৮
মানচিত্র ১০-৫: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত শিল্প-কারখানা ভূমি ব্যবহার ১০-১৯
মানচিত্র ১০-৬: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত নাগরিক সুবিধা ভূমি ব্যবহার ১০-২১
মানচিত্র ১০-৭: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত সংরক্ষিত ভূমি ব্যবহার ১০-২২
মানচিত্র ১০-৮: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত বাণিজ্যিক খাত (খুচরা বাজার এলাকা) ১০-৩০
মানচিত্র ১০-৯: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত শিক্ষা খাত ১০-৩৪
মানচিত্র ১০-১০: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত প্রশাসনিক খাত ১০-৩৭
মানচিত্র ১০-১১: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত পরিবহন খাত ১০-৩৯
মানচিত্র ১০-১২: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত অত্যাবশ্যকীয় সেবা খাত ১০-৪১
মানচিত্র ১০-১৩: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত বিনোদন খাত (খেলাধুলা আয়োজন এলাকা) ১০-৪৪
মানচিত্র ১১-১: ধরন অনুসারে লক্ষ্মীপুর পৌরসভার সড়কের বন্টন ১১-৪
মানচিত্র ১১-২: কাজের ভিত্তিতে লক্ষ্মীপুর পৌরসভার সড়কের বন্টন (বিদ্যমান) ১১-৫
মানচিত্র ১১-৩: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক ১১-১৮
মানচিত্র ১১-৪: বিদ্যমান সড়কসমূহ যেগুলো প্রশস্ত করা প্রয়োজন ১১-২১
মানচিত্র ১১-৫: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত নতুন সড়কসমূহ ১১-২২
মানচিত্র ১১-৬: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত ফুটপাত ১১-৩০
মানচিত্র ১২-১: বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক (ধরণ ও ব্যবহার অনুযায়ী) ১২-৫
মানচিত্র ১২-২: ড্রেনেজ আউটফলের অবস্থান ১২-৮
মানচিত্র ১২-৩: লক্ষ্মীপুর পৌরসভা এলাকায় জলাশয় সমূহ ১২-৯
মানচিত্র ১২-৪: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক ১২-১৪
মানচিত্র ১২-৫: লক্ষ্মীপুর পৌরসভার পানি সরবরাহের বর্তমান চিত্র ১২-২২
মানচিত্র ১২-৬: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত পানি সরবরাহ নেটওয়ার্ক ১২-২৭
মানচিত্র ১২-৭: লক্ষ্মীপুর পৌরসভার কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমুহ ১২-৩২
মানচিত্র ১২-৮: লক্ষ্মীপুর পৌরসভায় ইলেকট্রিক পোল, টেলিফোন পোল এবং টাওয়ারের বন্টন ১২-৩৭
মানচিত্র ১২-৯: লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত উপযোগ সেবা এলাকা ১২-৩৮
মানচিত্র ১৩-১: বাংলাদেশের ভূমিকম্প প্রবণ জোনে লক্ষ্মীপুর পৌরসভার অবস্থান ১৩-১৩
মানচিত্র ১৩-২: লক্ষ্মীপুর শহরে জলাবদ্ধ ও বন্যাপ্রবণ এলাকা ১৩-১৫
মানচিত্র ১৪-১: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান শিক্ষা এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ১৪-৩
মানচিত্র ১৪-২: প্রস্তাবিত শিক্ষা এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের অবস্থান ১৪-১২
মানচিত্র ১৪-৩: লক্ষ্মীপুর পৌরসভার বিদ্যমান বিনোদন সুবিধা সমূহ ১৪-১৫
মানচিত্র ১৪-৪: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত বিনোদন সুবিধা ১৪-১৭

মানচিত্র ১৫-১: আবাসিক, বাণিজ্যিক ও শিল্প খাতে অগ্রাধিকার প্রকল্প..... ১৫-৮
মানচিত্র ১৫-২: অগ্রাধিকার ড্রেনেজ প্রকল্প ১৫-৯
মানচিত্র ১৫-৩: অগ্রাধিকার পরিবহন ও যাতায়াত প্রকল্প.....১৫-১০
মানচিত্র ১৫-৪: অগ্রাধিকার নগর সেবা সুবিধা প্রকল্প ১৫-১১

স্থিরচিত্রের তালিকা

স্থিরচিত্র ৮-১: প্রথম মতবিনিময় সভায় উপস্থিত মেয়র সহ অন্যান্য ব্যক্তিবর্গ..... ৮-২
স্থিরচিত্র ৮-২: সভায় উপস্থিত দর্শকবৃন্দ..... ৮-২
স্থিরচিত্র ৮-৩: দ্বিতীয় মতবিনিময় সভা ৮-৪
স্থিরচিত্র ৮-৪: চূড়ান্ত মতবিনিময় সভা ৮-৮
স্থিরচিত্র ৮-৫: সভার উপস্থিতি..... ৮-১০
স্থিরচিত্র ৮-৬: বস্তিবাসীদের খাবার পানির উৎস..... ৮-১৪
স্থিরচিত্র ৮-৭: বস্তির অভ্যন্তরীণ রাস্তার অবস্থা ৮-১৪
স্থিরচিত্র ৮-৮: মহাপরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ..... ৮-৪১
স্থিরচিত্র ১২-১: লক্ষ্মীপুর পৌরসভায় জলাশয় ১২-৬
স্থিরচিত্র ১২-২: বন্ধ খাল এবং জলাবদ্ধতা ১২-৭
স্থিরচিত্র ১২-৩: বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থা.....১২-২১
স্থিরচিত্র ১২-৪: লক্ষ্মীপুর পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার চিত্র..... ১২-২৮
স্থিরচিত্র ১৪-১: লক্ষ্মীপুর পৌরসভার কিছু শিক্ষা প্রতিষ্ঠান ১৪-২
স্থিরচিত্র ১৪-২: লক্ষ্মীপুর সরকারি হাসপাতাল..... ১৪-৮
স্থিরচিত্র ১৪-৩: লক্ষ্মীপুর পৌরসভার বিনোদন সুবিধা ১৪-১৩
স্থিরচিত্র ১৪-৪: লক্ষ্মীপুর পৌরসভার কিছু নাগরিক সুবিধা.....১৪-১৮

সংক্ষিপ্ত শব্দের তালিকা

এডিবি	এশীয় উন্নয়ন ব্যাংক
এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি
এএডিটি	বার্ষিক দৈনিক ট্রাফিক ভলিউম
বার্ড	বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী
বিবিএস	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
বিআইডব্লিউটিএ	বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
বিএম	বেঞ্চমার্ক
বিএনবিসি	বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড
বিআর	বাংলাদেশ রেলওয়ে
বিআরটিএ	বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
বিসিক	বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
সিএএ	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সিবিডি	কেন্দ্রীয় বাণিজ্যিক এলাকা
সিবিও	কমিউনিটি বেজড অর্গানাইজেশন
সিসি	সিটি কর্পোরেশন
সিইও	প্রধান নির্বাহী কর্মকর্তা
সিএনজি	কমপ্রেসড ন্যাচারাল গ্যাস
সিএস	ক্যাডেস্ট্রাল সার্ভে
সিইউপি	প্রধান নগর পরিকল্পনাবিদ
সিডব্লিউজিসি	কমনওয়েলথ ওয়ার গ্রেভ কমিশন
ডিবেজ	ডাটাবেজ (তথ্যভান্ডার)
ডিসি	জেলা প্রশাসক
ডিইএম	ডিজিটাল এলিভেশন মডেল
ড্যাপ	ডিটেইল্ড এরিয়া প্ল্যান
ডিজিপিএস	ডিফারেন্সিয়াল গ্লোবাল পজিশনিং সিস্টেম
ডিএলআরএস	ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
ডিওই	পরিবেশ অধিদপ্তর
ডিপিএইচই	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ডিপিপি	উন্নয়ন প্রকল্প পরিকল্পনা
ডিপিজেড	ডিটেইল্ড প্ল্যানিং জোন
ডিটিআইডিপি	জেলা শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প
ডিটিএম	ডিজিটাল টেরেইন মডেল
ইবিবিসি আইন	দি ইস্ট বেঙ্গল বিল্ডিং কন্সট্রাকশন এ্যাক্ট ১৯৫২
ইসিএ	বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন
ইসিআর	পরিবেশ সংরক্ষণ বিধিমালা
ইআইএ	পরিবেশগত প্রভাব নিরূপণ
ইপিজেড	রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
ফার	ফ্লোর-এরিয়া রেশিও
এফজিডি	ফোকাস গ্রুপ ডিসকাশন
জিসিপি	গ্রাউন্ড কন্ট্রোল পয়েন্ট
জিডিপি	মোট দেশজ উৎপাদন
জিআইএস	জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম
আইইই	প্রাথমিক পরিবেশগত সমীক্ষা
আইসিটি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
সিজিপি	সিটি গভর্নেন্স প্রজেক্ট
আইএলডিআই	অবকাঠামো ভিত্তিক উন্নয়ন কার্যক্রম
এলজিইডি	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
এলজিডি	স্থানীয় সরকার বিভাগ

এলওএস	লেভেল অফ সার্ভিস
এমডিজি	সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা
এমজিএসপি	মিউনিসিপ্যাল গভর্ন্যান্স অ্যান্ড সার্ভিসেস প্রকল্প
এমপিডব্লিউডি	মিটার পিডব্লিউডি (গণপূর্ত বিভাগের হিসেবে অনুসারে সমুদ্রপৃষ্ঠ থেকে উচ্চতা)
এমএফডিএম	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
এমওডব্লিউএ	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এমএসএল	সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা
এমএসপি	পৌরসভা সেবা অগ্রাধিকার প্রকল্প
এমভি	যান্ত্রিক বাহন
এনবিআর	জাতীয় রাজস্ব বোর্ড
এনএইচএ	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
এনজিও	বেসরকারি সংস্থা
এনএমভি	অযান্ত্রিক বাহন
ও-ডি	অরিজিন-ডেস্টিনেশন সার্ভে
পিসিইউ	প্যাসেঞ্জার কার ইউনিট
পিডিবি	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
পিজিসিবি	পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
পিএমও	প্রকল্প ব্যবস্থাপনা কার্যালয়
পিপিএ	প্রতি একরে জনসংখ্যার ঘনত্ব
পিআরএসপি	দারিদ্র বিমোচন কৌশলপত্র
পিডব্লিউডি	গণপূর্ত বিভাগ
আরসিসি	রিইনফোর্সড সিমেন্ট কংক্রিট
আরইবি	পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সওজ	সড়ক ও জনপথ অধিদপ্তর
আরওডব্লিউ	রাইট অফ ওয়ে (রাস্তার জায়গা)
আরটিকে-জিপিএস	রিয়াল টাইম কাইনেম্যাটিক গ্লোবাল পজিশনিং সিস্টেম
এসএফওয়াইপি	ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা
এসওবি	বাংলাদেশ জরিপ অধিদপ্তর
এসপি	স্ট্রাকচার প্ল্যান
এসপিজেড	স্ট্রাটেজিক প্ল্যানিং জোন
এসটিআইডিপি	মাঝারি শহর অবকাঠামো উন্নয়ন প্রকল্প
টিআইএন	ট্রায়াঙ্গুলেটেড ইরেগুলার নেটওয়ার্ক
টিওআর	কার্যাদেশের শর্তাবলী
টিএলসিসি	নগর সমন্বয় কমিটি
টিএস	টোটাল স্টেশন
টিভিএস	ট্রাফিক ভলিউম সার্ভে
ইউডিডি	নগর উন্নয়ন অধিদপ্তর
ইউজিপ-৩	তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (ইউজিপ-৩)
ইউএলসি	স্থানীয় নগরকেন্দ্র
ইউএনডিপি	জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী
ইউএপি	আরবান এরিয়া প্ল্যান
ইউপি	ইউনিয়ন পরিষদ
ইউএসসি	নগর উপকেন্দ্র
ভি/সি	ভলিউম বনাম ক্যাপাসিটি অনুপাত
পাউবো	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ডব্লিউসি	ওয়ার্ড কমিটি

কাঠামো পরিকল্পনা

২০ বছর মেয়াদী পরিকল্পনা

কাঠামো পরিকল্পনা

ভূমিকা
পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ
পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সনাক্তকরণ
সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা
নগরের প্রবৃদ্ধি
অর্থনীতি
নগর দারিদ্র্য
পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ
বাস্তবায়নের বিষয়সমূহ

প্রথম অধ্যায় ভূমিকা

সূচিপত্র

১.১ ভূমিকা ----------১-১
১.২ পটভূমি----------১-১
১.৩ লক্ষ্মীপুর পৌরসভা ----------১-৪
১.৪ রূপকল্প ----------১-৬
১.৫ মহাপরিকল্পনার উদ্দেশ্য ----------১-৬
১.৬ পরিকল্পনার পরিসর ----------১-৬
১.৭ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এলাকা ---------- ১-৮
১.৮ পরিকল্পনার সময়সীমা, পর্যবেক্ষণ এবং হালনাগাদ ---------- ১-৮
১.৯ আইনি বিধান---------- ১-৮
১.১০ কৌশল এবং স্থানিক পরিকল্পনা ----------১-৯
১.১০.১ কৌশল পরিকল্পনা ----------১-৯
১.১০.২ স্থানিক পরিকল্পনা ----------১-৯
১.১১ পরিকল্পনার মূলনীতি----------১-৯
১.১১.১ আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠা----------১-৯
১.১১.২ পর্যটন বিকাশ----------১-১০
১.১১.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান----------১-১০
১.১১.৪ পরিবহন এবং যোগাযোগ----------১-১০
১.১১.৫ উদ্ভাবনী উন্নয়নের উদ্যোগ---------- ১-১১

প্রথম অধ্যায়
ভূমিকা

১.১ ভূমিকা

কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) প্রথম অধ্যায়ে উন্নয়নের রূপকল্প, কৌশল এবং স্থানিক পরিকল্পনা, পরিকল্পনা কর্তৃপক্ষের জন্য গৃহীত পরিকল্পনা নীতিমালা, সময়সীমা, পরিকল্পনা সংশোধন এবং হালনাগাদ এবং পরিকল্পনা তৈরির অংশগ্রহণমূলক প্রক্রিয়া নিয়ে আলোচনা করা হয়েছে।

১.২ পটভূমি

নগরায়ন এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে জটিল এবং পারস্পরিক ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। তবে, এখন পর্যন্ত বাংলাদেশে নগরায়নের অপরিকল্পিত এবং অসংযত স্থানিক প্রবৃদ্ধি জীবনযাপনের উপযুক্ত পরিবেশকে ব্যাহত করছে। নগরায়নের স্থানিক বৃদ্ধি পর্যাপ্ত অবকাঠামো এবং পরিষেবা, প্রয়োজনীয় আবাসন, পরিবহন পরিকল্পনা ও উন্নয়নের তুলনায় দ্রুত হয়েছে। টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং জীবনযাত্রার মান উন্নয়নের জন্য বাংলাদেশের শহর এলাকার উন্নয়ন খুবই জরুরী।

পৌরসভার বর্তমান উন্নয়ন দৃশ্যকল্প একটি বিশৃঙ্খল চিত্র প্রদর্শন করে যেখানে অব্যবস্থাপনাই নিয়ম হয়ে দাঁড়িয়েছে, কারণ প্রধানত এর সংগঠিত উন্নয়নের জন্য কোন মহাপরিকল্পনা নেই। যথাযথ মহাপরিকল্পনার অনুপস্থিতিতে, অবকাঠামো যেমন, আবাসন, সড়ক, নিষ্কাশন ব্যবস্থা, পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা সেবা সহ সমস্ত উন্নয়ন অসঙ্গতিপূর্ণ অবস্থায় রয়েছে। অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো বিচ্ছিন্ন ভাবে নেওয়া হয়। ইউজিপ ১ ও ২, ইউটিআইডিপি এবং ডিটিআইডিপি সফলভাবে সম্পন্ন হওয়ার পর এই উপলব্ধি হয়েছে যে মহাপরিকল্পনা পৌরসভার উন্নয়নকে আরও কার্যকর সমাধান দিতে পারে। সুন্দর আর্থিক ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের সাথে একটি সুসংহত সমন্বিত স্থানিক এবং পর্যায়ক্রমিক পরিকল্পনা নগরের পরিবেশকে সুবিন্যস্ত করতে পারে যা কেবল স্বাস্থ্যকর ও বাসযোগ্যই নয় বরং কার্যকরী ও নিরাপদ হবে। বর্তমান প্রকল্পটি ইউজিপ ৩- এর অধীনে ২০ বছর মেয়াদী '১৬ টি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়ন' প্রকল্পের অংশ। এই মহাপরিকল্পনাটি বর্তমান অবকাঠামোর সাথে প্রস্তাবিত ভবিষ্যতের বিনিয়োগ পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য প্রস্তুত করা হচ্ছে যাতে এই সুবিধার সাথে পৌরসভার ব্যবস্থাপনাগত দক্ষতা বৃদ্ধি পায় এবং তাদের রাজস্ব আয় বর্ধিত হয়ে একটি স্বয়ংসম্পূর্ণ স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে প্রতিষ্ঠিত হয়। মহাপরিকল্পনার অনুশীলন সম্ভাব্য ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের ঘটনাগুলো মোকাবেলা করার জন্য সমন্বিত অবকাঠামো উন্নয়নকেও সুপারিশ করবে।

বর্তমান প্রকল্পের আওতায় ১৬ টি পৌরসভার মহাপরিকল্পনা প্রস্তুতি এবং হালনাগাদ করার জন্য পরামর্শকারী সংস্থাগুলো জড়িত। শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড ও শেল্‌টেক্ (প্রাঃ) লিমিটেড কে যৌথভাবে প্যাকেজ ০১ প্রদান করা হয়েছে যা মহাপরিকল্পনার প্রস্তুতির জন্য ৬টি পৌরসভা যেমন রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, হবিগঞ্জ, লক্ষ্মীপুর এবং মৌলভীবাজার পৌরসভা নিয়ে গঠিত। পৌরসভার প্রকল্প বিবরণী বিস্তারিত ***সারণি ১-১*** এ দেখানো হল।


সারণি ১-১: প্যাকেজ -১, এলজিইডি এর ইউজিপ-৩ এর আওতাধীন পৌরসভা সমূহের নাম

প্যাকেজ নং	বিভাগ	জেলা	উপজেলা	পৌরসভার নাম
০১	চট্টগ্রাম	রাঙ্গামাটি	রাঙ্গামাটি সদর	রাঙ্গামাটি
		খাগড়াছড়ি	খাগড়াছড়ি সদর	খাগড়াছড়ি
		বান্দরবান	বান্দরবান সদর	বান্দরবান

প্যাকেজ নং	বিভাগ	জেলা	উপজেলা	পৌরসভার নাম
		লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সদর	লক্ষ্মীপুর
	সিলেট	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর	হবিগঞ্জ
		মৌলভীবাজার	মৌলভীবাজার সদর	মৌলভীবাজার

এই রিপোর্টটি বাংলাদেশ-এর দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত চট্টগ্রাম বিভাগের লক্ষ্মীপুর জেলার লক্ষ্মীপুর পৌরসভার সাথে সম্পর্কিত। ***মানচিত্র ১-১*** এ বাংলাদেশে লক্ষ্মীপুর পৌরসভার অবস্থানকে দেখায়।


মানচিত্র ১-১: লক্ষ্মীপুর পৌরসভা, বাংলাদেশ



তথ্যসূত্রঃ শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড

লক্ষ্মীপুর জেলার আটটি (০৫) উপজেলা রয়েছে। প্রকল্প এলাকার অবস্থান লক্ষ্মীপুর সদর উপজেলায়। নিম্নলিখিত মানচিত্রে লক্ষ্মীপুর পৌরসভার আঞ্চলিক অবস্থান দেখানো হয়েছে।

মানচিত্র ১-২: লক্ষ্মীপুর পৌরসভার আঞ্চলিক মানচিত্র



তথ্যসূত্রঃ শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিমিটেড

কাঠামো পরিকল্পনা

১.৩ লক্ষ্মীপুর পৌরসভা

লক্ষ্মীপুর জেলা বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত। ভৌগলিকভাবে লক্ষ্মীপুর ২২°৪৯′ থেকে ২২°০৩′ উত্তর অক্ষাংশে এবং ৯০°৪৩′ থেকে ৯২°০০′ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। লক্ষ্মীপুর পৌরসভা রহমতখালী খালের দুইপাড় ধরে বিস্তৃত। খালের দক্ষিণ পাড়ের বাঞ্চানগর মৌজা, শাহপুর, সমশেরবাদ এবং মজুপুর মৌজার কিছু অংশ নিয়ে পৌরসভার বিস্তৃতি। ১লা সেপ্টেম্বর ১৯৭৬ সালে মরহুম নাসির উদ্দিন ভূঁইয়ার প্রস্তাবনা অনুসারে ৫ টা ইউনিয়নকে সংযুক্ত করে পৌরসভা করা হয়।


লক্ষ্মীপুর মূলত পুরাতন নোয়াখালী জেলার উপজেলা ছিল। এটা ১৯৮৩ সালে জেলা হিসেবে উন্নিত হয়। কিসের নাম অনুসারে জেলার নাম রাখা হয়েছে সে ব্যাপারে কিছু জানা যায় নি। ধারণা করা হয় যে রাজা গৌড় কৃষ্ণ রায় এর বংশধর লক্ষ্মী নারায়ণ রায়ের নামানুসারে জেলার নাম করা হয়েছে কারণ এই এলাকায় তার অনেক দাপট ছিল। এটাই এখন বিশ্বাস করা হয় যে লক্ষ্মী নারায়ণ রায়ের নামানুসারেই জেলার নামকরণ করা হয়েছে।

লক্ষ্মীপুর বর্তমানে “ক” শ্রেণির পৌরসভা যা ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয় এবং এর আয়তন প্রায় ২৭ বর্গ কিলোমিটার। লক্ষ্মীপুর পৌরসভা ১৪ টা মৌজার মোট ৩১ টা শিট নিয়ে গঠিত এবং পৌরসভায় মোট ১৫ টি ওয়ার্ড রয়েছে। লক্ষ্মীপুর উপজেলার উত্তরে রয়েছে রামগঞ্জ উপজেলা, রায়পুর উপজেলা এবং নোয়াখালী জেলার সদর উপজেলা, দক্ষিণে রয়েছে রামগতি উপজেলা এবং পশ্চিমে রয়েছে বরিশাল জেলার হিজলা উপজেলা, ভোলা সদর এবং ভোলা জেলার দৌলতখান উপজেলা। এটা বর্তমানে একটা ক্রমবর্ধিত নগর কেন্দ্রে পরিণত হয়েছে। লক্ষ্মীপুরের যোগাযোগ ব্যবস্থা অনেক উন্নত। ২০১১ সালের আদমশুমারি অনুসারে পৌরসভায় জনসংখ্যা প্রায় ৮৩১১২ জন। প্রতি বর্গ কিলোমিটারে ঘনত্ব প্রায় ৪২৬২ জন যা প্রতি একরে ১৭ জন (বিবিএস ২০১১ সালের তথ্য অনুসারে, যখন পৌরসভার আয়তন ছিল ১৯.৫ বর্গ কি.মি.)। পৌরসভায় প্রায় ১৩৪.৮৩ কি.মি. রাস্তা রয়েছে। এখানের বাসিন্দারা পানি সরবরাহের সুবিধা ভোগ করে। ৭ বছর এবং তার উপরে শিক্ষার হার প্রায় ৫১.৯% (২০১১ অনুসারে)।

লক্ষ্মীপুর সদর উপজেলায় লক্ষ্মীপুর পৌরসভার উত্তরে রয়েছে গোপীনাথপুর, মতলবপুর, পার্বতিনগর, অভিরখিল, গৌড়িনগর, হোগলধরি এবং রাজিবপুর মৌজা; দক্ষিণে রয়েছে দহশালা টুমচর, মোজানদী, পিয়ারাপুর এবং টুমচর মৌজা; পূর্বে রয়েছে বঙ্গ খাঁ, জাদিয়া, আবিরনগর, আথিয়াতলী এবং লাহরকান্দি মৌজা; পশ্চিমে রয়েছে চর লামসি, মোজানদী এবং লক্ষ্মীপুর মৌজা।

মানচিত্র ১-৩ : লক্ষ্মীপুর পৌরসভার ওয়ার্ড এবং সীমানা

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:1,000,000 or 1 " = 83,333 ' or 1 cm = 10,000 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Major Road
- National Highway
- Regional Highway
- Zila Road
- Major Waterbody (Canal)

Ward No
- Ward No. 01
- Ward No. 02
- Ward No. 03
- Ward No. 04
- Ward No. 05
- Ward No. 06
- Ward No. 07
- Ward No. 08
- Ward No. 09
- Ward No. 10
- Ward No. 11
- Ward No. 12
- Ward No. 13
- Ward No. 14
- Ward No. 15

১.৪ রূপকল্প

প্রতিটি শহরের পরিকল্পনা শহরে বসবাসকারী মানুষের জন্য তৈরি করা হয়। পরিকল্পনা প্রণয়নের পূর্বেই এটি জানা গুরুত্বপূর্ণ যে ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময়ের পর মানুষ কিভাবে তাদের শহরকে দেখতে চায়। প্রথম ও দ্বিতীয় আলোচনা সভায় অংশগ্রহণকারীরা ভবিষ্যৎ শহর সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গি প্রকাশ করেছিলেন এবং যা সংশোধিত পরিকল্পনায় প্রতিফলনের চেষ্টা করা হয়েছে। একটি অংশীদারী প্রক্রিয়ার মধ্য দিয়ে নির্ধারিত হয়েছে, যার মধ্যে রয়েছে শহরে বসবাসকারী বিভিন্ন শ্রেণিপেশার জনসংখ্যার এবং জনপ্রতিনিধিবৃন্দ, যেমন ওয়ার্ড কাউন্সিলর, দরিদ্র সম্প্রদায়ের সদস্য, ব্যবসায়ী সম্প্রদায়ের প্রতিনিধিবৃন্দ, পেশাদার দল এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠী। পরিকল্পনা চূড়ান্ত করার পূর্বে প্রতিটি গ্রুপের মতামত বিশ্লেষণ করা হয়েছে এবং একত্রিত করা হয়েছে। লক্ষ্মীপুর পৌরসভার টি এল সি সি সভায় এই ২০ বছর মেয়াদী পরিকল্পনা অনুমোদন করা হয়েছে যা ছিল ব্যাপক অংশগ্রহণমূলক। লক্ষ্মীপুর পৌরসভার রূপকল্প হল,

"লক্ষ্মীপুর পৌরসভায় এমন ভাবে উন্নয়ন করতে যেন এটা একটা পরিকল্পিত এবং ডিজিটাল শহরে পরিণত হয়, এবং এখানে সবার জন্য সকল ধরণের মৌলিক সুযোগ-সুবিধা থাকবে।"

১.৫ মহাপরিকল্পনার উদ্দেশ্য

পরামর্শক দল মহাপরিকল্পনার রূপকল্প বাস্তবায়নের জন্য নিম্নোক্ত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে কাজ করেন।

১. শহরটিকে একটি আধুনিক, স্বয়ংসম্পূর্ণ, নিরাপদ, দারিদ্র্য এবং মাদক মুক্ত হিসাবে বিকাশ করা।
২. সড়কপথ ও জলপথের উন্নয়নের মাধ্যমে লক্ষ্মীপুর পৌরসভাকে একটি বাণিজ্যিক এবং অর্থনৈতিক কেন্দ্রে পরিণত করা এবং চাঁদপুর থেকে চৌমোহনা এবং লক্ষ্মীপুর হয়ে ফেনীতে রেলওয়ের ব্যবস্থা করা।
৩. নিষ্কাশন এবং বিনোদন ব্যবস্থা উন্নত করা।
৪. উন্নয়নে সক্রিয়ভাবে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা।
৫. একটি পৌরসভার ব্যবস্থাপনাকে দক্ষ, স্বচ্ছ ও জবাবদিহিতামূলক করে তোলা ।


১.৬ পরিকল্পনার পরিসর

মহাপরিকল্পনা হল একটি উন্মুক্ত দলিল, তাই একে সাধারণ জনগণ এবং এর সমস্ত সুবিধাভোগীদের কাছে পৌঁছাতে হবে। পরিকল্পনাটি সকল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছে পাঠাতে হবে যারা পরিকল্পনার বিধানগুলো বাস্তবায়নের ভূমিকা পালন করবে পৌরসভার মধ্যে তাদের নিজস্ব উন্নয়ন পরিকল্পনা ও কার্যক্রম এবং প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সংস্থার জ্ঞান, নির্দেশিকা ও সম্পর্ক স্থাপনার জন্য এটি খুবই গুরুত্বপূর্ণ। পরিকল্পনা অনুমোদনের সরকারি গেজেট বিজ্ঞপ্তির পরে প্রতিবেদন এবং মানচিত্রগুলোর অনুলিপি আনুষ্ঠানিকভাবে সমস্ত সরকারি উন্নয়ন সংস্থার কাছে পাঠানো উচিৎ।

বর্তমান সমস্যা ও উন্নয়নের সীমাবদ্ধতা এবং জনগণের প্রত্যাশিত আকাঙ্খার বিবেচনায় পরামর্শক দল একটি উদ্ভাবনী, বাস্তবসম্মত এবং জনগণ অংশগ্রহণ কেন্দ্রিক পরিকল্পনা পদ্ধতি অনুসরণ করেছে। এই পরিস্থিতিতে বর্তমান অবস্থার অধীনে বাস্তবায়নের আরও ভাল সম্ভাবনা রয়েছে। এই পরিকল্পনটি শুধুমাত্র ভূমির যথাযথ ব্যবহারের জন্যই তৈরি না বরং এটা উন্নয়নে সহায়তা করবে এবং তা হবে পরিবেশ উপযোগী, প্রবেশযোগ্য, আশ্রয় এবং সেবা প্রদান কেন্দ্রও হবে এবং তা অবশ্যই বর্তমান অনিয়ন্ত্রিত এবং সমন্বয়হীন উন্নয়ন থেকে আরও বেশি যুক্তিযুক্ত হবে।

পরিকল্পনার ফলাফলঃ পরিকল্পনা প্রক্রিয়ার চূড়ান্ত ফলাফল হচ্ছে কিছু স্তরভিত্তিক সমন্বিত পরিকল্পনার ধারা, যার ভিতর আছে ২০ বছর মেয়াদী কাঠামো পরিকল্পনা, ১০ বছর মেয়াদী ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবহন ও যোগাযোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ড্রেনেজ এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা, নগর সেবা পরিকল্পনা এবং ৫ বছর মেয়াদী আর্থিক বিনিয়োগ ও কর্ম পরিকল্পনা।

চিত্রলেখ ১-১: মহাপরিকল্পনার উপাদানসমূহ



কাঠামো পরিকল্পনাঃ কাঠামো পরিকল্পনা, যেকোনো কর্ম পরিকল্পনা বা উন্নয়ন কাজের জন্য নীতির একটা কাঠামো প্রদান করে যা নির্দিষ্ট একটা স্তর পর্যন্ত উন্মুক্ত। এটা বড় বড় উন্নয়ন কর্মকান্ডের জন্য একটা কাঠামো এবং পরবর্তীকালে নিচের স্তরের পরিকল্পনা প্রস্তুত করার জন্য একটা পথ নির্দেশক। পরিকল্পনাটি জনসংখ্যার বিতরণ এবং পুনঃবিতরণ, কার্যক্রম এবং তাদের সম্পর্ক এবং প্যাটার্ন বা ভূমি ব্যবহার নির্দেশ করে যে, যোগাযোগ, প্রচলন এবং উপযোগ সেবা এবং যোগাযোগ নেটওয়ার্কগুলোর সাথে একসাথে বৃদ্ধি পাবে। কাঠামো পরিকল্পনাটি ২০ বছরের জন্য প্রস্তুত করা হয়েছে। কাঠামোগত পরিকল্পনাগুলো জটিল পরিকল্পনা সংক্রান্ত বিষয়গুলো যেমন, জনসংখ্যা বৃদ্ধির প্রবণতা বিশ্লেষণ, জনসংখ্যার প্রক্ষেপণ, বিদ্যমান উন্নয়ন প্যাটার্ন, পৌরসভা শহুরে বৃদ্ধির ক্ষেত্রের উন্নয়ন সমস্যাগুলোর সনাক্তকরণ। এই পরিকল্পনাটি প্রাসঙ্গিক জাতীয় নীতি যেমন পৌরসভা অধ্যাদেশ, শহুরে ব্যবস্থাপনা নীতি, ভূমি ব্যবহার নীতি, হাউজিং পলিসি, পরিবেশ নীতি এবং শহুরে উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন আইন এবং প্রবিধান অন্তর্ভুক্ত করে। বর্তমান নীতি ব্যবহারের সম্ভাব্য সুযোগ বিশ্লেষণ করে এবং বর্তমান নীতির সীমাবদ্ধতা এবং দুর্বলতা খুঁজে বের করে এবং পৌরসভার উন্নয়ন ও ব্যবস্থাপনার যথাযথ ব্যবস্থার পরামর্শ প্রদান করে। এই পরিকল্পনাটি ভবিষ্যতে ভূমি ব্যবহার এবং ক্ষেত্র বিশেষে উন্নয়ন কৌশল, নীতি ও বাস্তবায়ন বিষয়সমূহের প্রস্তাব দেয়।

ভূমি ব্যবহার পরিকল্পনাঃ ভূমি ব্যবহার পরিকল্পনায় বিদ্যমান ভূমি ব্যবহার শ্রেণিবিভাগ, বিদ্যমান জমি ব্যবহারের প্যাটার্নের সংক্ষিপ্ত বিবরণ অন্তর্ভুক্ত আছে; গৃহায়ন এবং আবাসিক ভূমি উন্নয়ন, শিল্প ও বাণিজ্যিক ভূমি, প্রতিষ্ঠান, কমিউনিটি সুবিধা, সরকারি সেবা, ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন), যোগাযোগ এবং পরিবহন (রাস্তা সহ); অন্যান্য ভূমি ব্যবহার যেমন কৃষি, গ্রামীণ বসতবাড়ি, জলাশয়, জলাভূমি, খালি জমি, ইটের ভাটা ইত্যাদি; ভবিষ্যতে ভূমি ব্যবহার, ভূমি উন্নয়ন, ভূমি উন্নয়ন প্রবিধান এবং ভূমি ব্যবস্থাপনা কৌশল ।

পরিবহন এবং যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনাঃ পরিবহন এবং যাতায়াত ব্যবস্থাপনা পরিকল্পনা জরিপ, ভবিষ্যৎ অনুমান, পরিবহন উন্নয়ন পরিকল্পনা, পরিবহন ব্যবস্থার ব্যবস্থাপনা কৌশল (টিএসএম), পরিবহন চাহিদা পরিচালন কৌশল (টিডিএম), যানবাহনের শব্দ দূর করার ব্যবস্থা এবং আগামী ১০ বছরের সময়সীমার জন্য সড়ক পরিবহন সুবিধা নিয়ন্ত্রণ এবং রক্ষণাবেক্ষণ করে।

নিষ্কাশন এবং উপযোগ সেবা পরিকল্পনাঃ নিষ্কাশন এবং উপযোগ সেবা পরিকল্পনা ১০ বছরের সময়-সীমায় অন্তর্ভুক্ত এবং জরিপের প্রধান ফলাফলগুলো সংক্ষিপ্তভাবে আলোচনা করে; বিদ্যমান নিষ্কাশন ব্যবস্থা, জল ও বিদ্যুৎ সরবরাহের শর্ত, বিদ্যমান ক্ষমতা এবং অবকাঠামোগুলোর দুর্বলতা, ও সমন্বয়ের অনুপস্থিত ইত্যাদি। বিদ্যমান এবং নতুন নৌ-যানের উন্নয়ন/উন্নতি; নিষ্কাশন অবকাঠামো; জল সরবরাহ সুবিধা; প্রস্তাবিত বিদ্যুৎ সরবরাহ, বিকল্প উৎস, প্রবিধান ও নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রসারের জন্য প্রস্তাব পেশ করে।

পরিবেশগত ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাঃ পরিবেশগত ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা বর্তমান প্রাকৃতিক সম্পদ, পরিবেশগত অবস্থা, সংবেদনশীল এলাকা, মনুষ্যসৃষ্ট এবং প্রাকৃতিক ঝুঁকির অঞ্চল, দূষণমুক্ত এলাকা, দূষণের কারণ,

বর্তমান প্রশমন ও পৌরসভার দ্বারা গৃহীত ব্যবস্থা সংক্রান্ত মূল বিষয় এবং জরিপের প্রতিবেদন ফলাফলগুলো বর্ণনা করে। পরিকল্পনাটি বিভিন্ন পরিবেশগত উপাদান নিয়ন্ত্রণ এবং নিয়ন্ত্রণ পদ্ধতি প্রস্তাব করে। পৌরসভাবাসীদের জন্য সম্ভাব্য পৌর সম্পত্তি, স্থানান্তর এর পথ, কাঠামোগত এবং অ-কাঠামোগত ব্যবস্থাগুলোর জন্য ঝুঁকি প্রশমন, বন্যা নিয়ন্ত্রণ, নীতি প্রক্রিয়াকরণ এবং বাস্তবায়ন পদ্ধতি ১০ বছর সময়সীমার জন্য ব্যবস্থাপনা পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

নগর সেবা পরিকল্পনাঃ পৌরসভার বর্তমান ও ভবিষ্যতের জনসংখ্যার ভিত্তিতে নগর সেবা পরিকল্পনায় সমস্ত সামাজিক ও নগর সেবা, তাদের অবস্থান, আচ্ছাদিত এলাকা, তাৎপর্য এবং দুর্বলতাগুলো খুঁজে বের করার কথা অন্তর্ভুক্ত রয়েছে। আদর্শ বিধান অনুসারে এই পরিষেবাগুলোর ভবিষ্যৎ চাহিদা বিশ্লেষণ করা হয়েছে। ১০ বছর সময়সীমার জন্য প্রস্তাব, নিয়ন্ত্রণ পদ্ধতি এবং ব্যবস্থাপনা পদ্ধতি মোকাবেলা করতে পরিকল্পনাটি ভবিষ্যৎ নগর পরিষেবা, তাদের বাস্তবায়ন কৌশল এবং প্রবিধান অন্তর্ভুক্ত করেছে ।

কর্ম পরিকল্পনাঃ মহাপরিকল্পনার সাথে পরামর্শক দল পরিকল্পনার প্রথম পাঁচ বছরে সড়ক, নিষ্কাশন এবং অন্যান্য কাঠামোগত ও সামাজিক অবকাঠামো বাস্তবায়নের জন্য অগ্রাধিকার প্রকল্পগুলোর তালিকাসহ একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করেছে। কর্ম পরিকল্পনায় বাস্তবায়ন প্রক্রিয়া এবং আর্থিক বরাদ্দ উল্লেখ করা হয়েছে।

আর্থিক বিনিয়োগ পরিকল্পনাঃ আর্থিক বিনিয়োগ পরিকল্পনা ৫ বছর সময়-সীমায় অন্তর্ভুক্ত । পৌরসভা বাজেটের বরাদ্দ, আর্থিক উৎস, আর্থিক অংশীদারের অন্তর্ভুক্তি, বর্তমান বিনিয়োগ প্রোগ্রাম, ব্যাকলগ ইত্যাদি বিশ্লেষণ এর মাধ্যমে এই পরিকল্পনাটি বিদ্যমান আর্থিক দক্ষতা এবং দুর্বলতাগুলো বিবেচনা করে। পরের পাঁচ বছরের জন্য আর্থিক বিনিয়োগ প্রবর্তনের পর পরামর্শদাতারা খরচ হিসেব, অর্থের উৎস, বিনিয়োগ পরিকল্পনা, এবং অগ্রাধিকার প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া প্রস্তুত করে।

১.৭ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এলাকা

কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) হল লক্ষ্মীপুর মহাপরিকল্পনার তিনটি স্তরের মধ্যে একটি। এটি পুরো পৌরসভা এবং ভবিষ্যতে সম্প্রসারণের উদ্দেশ্যে নির্ধারিত এলাকা জুড়ে প্রণয়ন করা হয়েছে।

১.৮ পরিকল্পনার সময়সীমা, পর্যবেক্ষণ এবং হালনাগাদ

লক্ষ্মীপুর পৌরসভা মহাপরিকল্পনা গেজেট বিজ্ঞপ্তির তারিখ থেকে ২০ বছর মেয়াদ পর্যন্ত বৈধ থাকবে।

মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক হিসাবে লক্ষ্মীপুর পৌরসভা এর নীতিসমূহ, প্রস্তাবনা ও প্রকল্প বাস্তবায়নের জন্য দায়বদ্ধ থাকবে। পৌরসভার পরিকল্পনা বিভাগ নিয়মিত মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য পর্যবেক্ষণ করবে এবং মেয়রকে মাসিক প্রতিবেদন জমা দিবে। প্রকল্প প্রণয়নকালে মহাপরিকল্পনা প্রস্তাবন বাস্তবায়নের নিজস্ব উদ্যোগ ছাড়াও, পৌরসভার অন্যান্য সরকারি সংস্থাগুলোকে লিখিতভাবে এই পরিকল্পনার প্রকল্পগুলো বাস্তবায়ন করতে এবং নীতিমালা অনুসরণ করতে সুপারিশ করবে।

মহাপরিকল্পনা সময়মত হালনাগাদ করা উচিৎ এবং এটি প্রতি ৫ বছর পর পর করতে হবে। পঞ্চম বছরে মহাপরিকল্পনার হালনাগাদ করা হবে তা পরবর্তী বছর থেকে প্রয়োগ করতে হবে।

১.৯ আইনি বিধান

পৌর এলাকার মহাপরিকল্পনা তৈরির জন্য পৌরসভাকে ক্ষমতা দেওয়া হয়। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৮-এর তফসিল -২ এর অনুচ্ছেদ -৩২ অনুযায়ী পৌর এলাকার মহাপরিকল্পনা প্রণয়ন করার জন্য পৌরসভাকে ক্ষমতায়ন করা হয়েছে। এই আইনের মতে, পৌরসভা প্রতিষ্ঠার পাঁচ বছরের মধ্যে অথবা এই আইন প্রয়োগের পর, পৌরসভা তার

এলাকার জন্য একটি মহাপরিকল্পনা প্রস্তুত করবে এবং এটি মহাপরিকল্পনার জন্য প্রযোজ্য নিয়ম এবং প্রবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে। অন্যান্য বিষয়গুলোর সাথে মহাপরিকল্পনা মধ্যে অন্তর্ভুক্ত হবে-

১. পৌরসভার একটি জরিপ যাতে তার ইতিহাস, পরিসংখ্যান, সরকারি সেবা এবং অন্যান্য নির্ধারিত বিষয়ের বর্ণনা থাকবে;

২. পৌরসভার মধ্যে যে কোনো এলাকার উন্নয়ন, সম্প্রসারণ ও উন্নয়ন;

৩. পৌরসভার মধ্যে যে কোন জায়গায় ভূমি উন্নয়ন, নির্মাণ বা পুনঃনির্মাণের জন্য ভবন অপসারণের বিধান, নিয়ন্ত্রণ ও নিষেধাজ্ঞা।

এই আইনে 'সাইট উন্নয়ন প্রকল্প' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৩), 'সাইট উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন (সংশোধিত -২ এর অনুচ্ছেদ -৩৪), 'বিল্ডিং নির্মাণ ও পুনঃনির্মাণ' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৪), বিল্ডিং সমাপ্তি, বিল্ডিং পুনঃনির্মাণ' (তফসিল-২ এর অনুচ্ছেদ-৩৬), 'বিল্ডিং এর প্রবিধান' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৭) এর বিধান রয়েছে।

রাঙ্গামাটি পৌরসভার পক্ষ থেকে এলজিইডির বর্তমান মহাপরিকল্পনার প্রকল্পটি গ্রহণ করা হয়েছে , কারণ এ বিষয়ে পৌরসভার একটি মহাপরিকল্পনা প্রস্তুত করার মত সংশ্লিষ্ট জনবল, দক্ষতা, বাজেট সরবরাহ নেই।

১.১০ কৌশল এবং স্থানিক পরিকল্পনা

১.১০.১ কৌশল পরিকল্পনা

বর্তমানে, বাংলাদেশে পৌরসভা একটি অসংগঠিত পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। উন্নয়নের উদ্যোগগুলো নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন না করেই বিচ্ছিন্ন ভাবে ও খণ্ডে খণ্ডে নেওয়া হয়েছে এবং এগুলো প্রায়ই শহরের সমস্যাগুলোর সমাধান না করে মূল্যবান সম্পদ অপব্যবহার করছে। এই ধরনের চর্চা বন্ধ করার জন্য, সময় এবং লক্ষ্য ভিত্তিক স্থানিক পরিকল্পনার উপর ভিত্তি করে সংগঠিত উন্নয়ন চালু করা প্রয়োজন। স্থানিক পরিকল্পনার কৌশলগত ভূমিকা এমনভাবে বিকাশ করা প্রয়োজন যা অংশগ্রহণমূলক এবং সময় ও লক্ষ্য ভিত্তিক হবে।

১.১০.২ স্থানিক পরিকল্পনা

স্থানিক পরিকল্পনা হল এমন একটি দলিল যা একটি নির্দিষ্ট সময়ের জন্য স্থানীয় জনগণের চাহিদা এবং আকাঙ্খাকে প্রতিফলিত করে এবং যা যথাযথ বাজেট বরাদ্দের মাধ্যমে প্রণয়ন করা হয়। বর্তমান পৌরসভার মহাপরিকল্পনাটি তিনটি উপাদানে বিভক্ত-কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান), অবকাঠামো ও সেবা উন্নয়ন পরিকল্পনা এবং আর্থিক বিনিয়োগ পরিকল্পনা।

১.১১ পরিকল্পনার মূলনীতি

পরিকল্পনা নীতিমালা অনুযায়ী পরিকল্পনা এগিয়ে নিতে হবে, যা পরিকল্পনা তৈরীর ভিত্তি হিসাবে কাজ করবে। এই নীতিগুলো পৌরসভার ভবিষ্যৎ চাহিদা ও আকাঙ্ক্ষা পূরণের জন্য লক্ষ্যে প্রণীত হবে এবং উন্নয়ন কাজগুলো সম্পন্ন করার লক্ষ্যে কিছু নির্বাচিত বিষয় যেমন; প্রাপ্ত সুযোগ এবং সীমাবদ্ধতা বিবেচনা করবে।

১.১১.১ আত্মনির্ভরশীল হয়ে গড়ে ওঠা

যেকোনো টেকসই উন্নয়নের জন্য যথাসম্ভব নিজের সম্পদের উপর নির্ভরশীল হওয়া প্রয়োজন। লক্ষ্মীপুর পৌরসভা এখনও তার উন্নয়ন কর্মকাণ্ড ও তার কর্মীদের প্রতিপালনের জন্য সরকারি খাত এবং বিভিন্ন দাতা তহবিলের উপর

নির্ভরশীল। নিজের উপার্জন ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে টেকসই উন্নয়ন অর্জনের জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- ট্যাক্স পরিধি বৃদ্ধির মাধ্যমে রাজস্ব আয়ের পরিমাণ বৃদ্ধি করা।
- বাণিজ্যিক উদ্যোগে নতুন বিনিয়োগের জন্য নন-ট্যাক্স রাজস্ব আয় বৃদ্ধি করা।
- বাণিজ্যিক ব্যাংকিং ব্যবস্থা থেকে মূলধন ঋণ নেয়া যেতে পারে।
- বাণিজ্যিক উদ্যোগে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব ভিত্তিক উদ্যোগ গ্রহণ করা।

১.১১.২ পর্যটন বিকাশ

পর্যটন স্থানীয় অর্থনীতিকে উন্নিত করার একটি অনন্য সুযোগ প্রদান করতে পারে বিশেষ করে মেঘনার কাছে, পর্যটন স্থানীয় অর্থনীতিকে প্রচার করতে অনন্য সুযোগ প্রদান করে। পর্যটন ভিত্তিক অর্থনৈতিক প্রবৃদ্ধি নতুন অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করবে এবং পৌরসভার অবকাঠামো ও সেবা বিকাশের জন্য রাজস্ব বৃদ্ধি করবে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- পর্যটকদের বাসস্থান, নিরাপত্তা এবং আতিথেয়তা সহ সকল ধরনের পর্যটন অবকাঠামোগুলোর উন্নয়ন করতে হবে, এবং পর্যটন স্থানে যাতায়াতের জন্য রাস্তাঘাট এবং সুযোগসুবিধার উন্নতি করতে হবে।
- উন্নয়নের ক্ষেত্রে ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা প্রদান করা, যাতে তা বিনিয়োগকারীদের কাছে আরও আকর্ষণীয় হয়ে ওঠে।
- পর্যটকদের মনোযোগ আকর্ষণের জন্য শহর পরিষ্কার ও আকর্ষণীয় এবং সাংস্কৃতিকভাবে প্রাণবন্ত রাখা।
- পর্যটক আকর্ষণ প্রচার চালিয়ে যাওয়া।

১.১১.৩ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং কর্মসংস্থান

অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সংশ্লিষ্ট সরকারি খাতের সংস্থাগুলোকে শহরে ব্যক্তিগত বিনিয়োগের সুবিধা প্রদানের উদ্যোগ নিতে হবে। খুচরা ব্যবসায়ের প্রবৃদ্ধি এবং এসএমই বিনিয়োগের মাধ্যমে পর্যটন ও পিছিয়ে পড়া শহরের অগ্রগতি ও চাষীদের কৃষি পণ্য বিপণন সহজতর করতে হবে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- বিভিন্ন স্থানে পরিকল্পিত, গোছানো এবং পরিষ্কার পরিচ্ছন্ন বাজার তৈরি করা যাতে করে তা পর্যটকদের আকর্ষণ করে এবং তা নিকট ভবিষ্যৎ এবং ভবিষ্যতে অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়তা করবে।
- চাষীদের পণ্য বিক্রয়ের সুবিধা প্রদানের জন্য শহরের নিকটবর্তী স্থানে অনানুষ্ঠানিক সাপ্তাহিক বাজার আয়োজন।
- এসএমই খাতে স্থানীয় বিনিয়োগের জন্য ঋণ সুবিধা প্রদান করা।
- স্থানীয় যুবকদের চাকরির সুযোগ বাড়ানোর জন্য দক্ষতার সাথে বিভিন্ন ব্যবসা ও আতিথেয়তা (Hospitality) খাতের উন্নয়ন বজায় রাখা।

১.১১.৪ পরিবহন এবং যোগাযোগ

উন্নয়নের মূলভিত্তি হিসেবে কাজ করে পরিবহন এবং যোগাযোগ ব্যবস্থা । যদি যাত্রী ও পণ্য পরিবহনে গতিশীলতা উন্নত হয়, তবে উন্নয়নও দ্রুত হবে। উন্নত মানের পরিবহনকে উৎসাহিত করার জন্য বহিঃসংযোগকে উন্নত করা উচিৎ। ভাল মানের এবং পরিকল্পিত ও প্রশস্ত রাস্তা শহরের গতিশীলতা বৃদ্ধি ছাড়াও, শহরকে বাসযোগ্য স্থান হিসেবে তৈরি করে। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- জাতীয় মহাসড়কের সাথে শহরের প্রবেশ পথ আরও সুগম করতে হবে।

- পৌর বাস টার্মিনালের উন্নয়ন করতে হবে পাশাপাশি দক্ষিণ তেমোহনী বাস টার্মিনালের উন্নয়ন করতে হবে।
- ট্রাকের পরিমান দিন দিন বাড়ছে তাই ক্রমবর্ধমান বাড়তি ট্রাক রাখার জন্য ট্রাক টার্মিনালের উন্নয়ন করতে হবে।
- সংযোগ সড়ক গুলোর উন্নয়ন করে একটা ভালো নেটওয়ার্ক গড়ে তুলতে হবে। সংযোগ সড়কগুলো সর্বনিম্ন ২০ ফুট প্রস্থের হবে।
- অ্যাকসেস সড়ক গুলোর উন্নয়ন করে একটা ভালো নেটওয়ার্ক গড়ে তুলতে হবে। অ্যাকসেস সড়কগুলো সর্বনিম্ন ১৫-২০ ফুট প্রস্থের হবে।
- যানজট এড়ানোর জন্য টমটমের সংখ্যা সীমিত করতে হবে।
- কেবলমাত্র পথচারীদের জন্য কিছু রাস্তা তৈরি করা সুনিশ্চিত করা।
- সব বয়সের ব্যবহারকারীদের জন্য আরামদায়ক ফুটপাত তৈরি করা।

১.১১.৫ উদ্ভাবনী উন্নয়নের উদ্যোগ

স্থানিক উন্নয়ন কোন স্থান বা ভূমিতে হতে হবে। কিন্তু শহর এলাকায় ভূমি অপ্রতুল এবং মূল্যবানই নয়, বরং তা প্রধানত বেসরকারি খাতের অন্তর্গত। তাই, যখনই সরকার কোন বেসরকারি যায়গায় স্থানিক উন্নয়ন পরিকল্পনা করতে চায় সরকারকে আইনি ক্ষমতা ব্যবহার করে বাধ্যতামূলকভাবে জমি অধিগ্রহণ করতে হয়। কিন্তু শহরের ক্রমবর্ধমান ভূমি মূল্যের জন্য এটি প্রায়ই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার জন্য একটি বাধা হয়। সংশ্লিষ্ট সংস্থাকে উন্নয়নের জন্য ভূমি প্রাপ্তির ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা বিবেচনা করা উচিৎ। এ বিষয়ে নিম্নবর্ণিত নীতিমালাগুলো দেয়া হলোঃ

- উন্নয়ন প্রকল্পে অংশগ্রহণমূলক ভূমি উন্নয়ন কৌশল গ্রহণ করে ভূমি মালিকদের সাথে লভ্যাংশ ভাগ করে নেওয়া।
- পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকা সংরক্ষণের জন্য স্থানীয় জনগণকে অন্তর্ভুক্ত করা।
- অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পগুলোর জন্য পিপিপি স্কিম গ্রহণ করা।
- নতুন পদ্ধতি উদ্ভাবন করে সুবিধাভোগীদের কাছ থেকে সম্পূর্ণ বা আংশিক অবকাঠামো উন্নয়ন খরচ পুনরুদ্ধার করার জন্য উদ্ভাবনী পদ্ধতি নির্ধারণ করা।
- গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের জন্য ভূমি প্রাপ্তি নিশ্চিত করা এবং উন্নয়ন অধিকার হস্তান্তর (টিডিআর) পদ্ধতির ব্যবহার করা।

দ্বিতীয় অধ্যায় পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ

সূচিপত্র

২.১ ভূমিকা ----------২-১
২.২ পৌরসভা এবং এর গঠন ----------২-১
২.২.১ ইতিহাস ---------- ২-৩
২.৩ জনসংখ্যা ---------- ২-৪
২.৩.১ জনসংখ্যা ও জনঘনত্ব ---------- ২-৪
২.৩.২ জাতিতত্ত্ব ---------- ২-৫
২.৩.৩ বয়স এবং লিঙ্গ কাঠামো ---------- ২-৫
২.৩.৪ পরিবার প্রধানের লিঙ্গ ---------- ২-৭
২.৩.৫ পরিবারের সদস্যদের পেশা ---------- ২-৭
২.৩.৬ অভিগমন ---------- ২-৮
২.৩.৭ সাক্ষরতা এবং শিক্ষার হার ---------- ২-৯
২.৩.৮ পরিবারের আয় ----------২-১০
২.৩.৯ আবাসন ----------২-১১
২.৩.১০ ইমারতের নক্সা অনুমোদন ----------২-১১
২.৩.১১ ভৌত প্রবৃদ্ধির ধরণ ----------২-১২
২.৩.১২ ভূমি ব্যবহার ----------২-১৪

দ্বিতীয় অধ্যায়
পটভূমি ও বর্তমান পরিস্থিতি বিশ্লেষণ

২.১ ভূমিকা

মহাপরিকল্পনার দ্বিতীয় অধ্যায়টি পৌরসভাকে উপস্থাপন করে এবং তার পরিকল্পনা প্রণয়নের সাথে সম্পর্কিত বর্তমান বিষয়গুলোর অবস্থা বিশ্লেষণ করে।

২.২ পৌরসভা এবং এর গঠন

লক্ষ্মীপুর পৌরসভার আয়তন ২৭ বর্গ কিলোমিটার। তবে পরামর্শকদের জরিপে আয়তন পাওয়া গেছে ২৬.৯০ বর্গ কি.মি.। এই পৌরসভায় ওয়ার্ড আছে ১৫ টি। বাঞ্ছানগরের কিছু অংশ ও লক্ষ্মীপুর মৌজা অঞ্চল নিয়ে পৌরসভার উত্তরের অংশে অবস্থিত ১৪ নং ওয়ার্ডটি পৌরসভার বৃহত্তম ওয়ার্ড। (***সারণি ২-১***) এ আয়তন দেয়া হলো।

সারণি ২-১: লক্ষ্মীপুর পৌরসভার ওয়ার্ড ভিত্তিক আয়তন

অবস্থান	এলাকা	
	একর	বর্গ কি. মি.
ওয়ার্ড নং ১	৪০৪.৩৬	১.৬৪
ওয়ার্ড নং ২	৩৩২.৪৭	১.৩৫
ওয়ার্ড নং ৩	৫০০.২৩	২.০২
ওয়ার্ড নং ৪	৩৭১.১৩	১.৫০
ওয়ার্ড নং ৫	১৮০.৬৪	০.৭৩
ওয়ার্ড নং ৬	২০০.২৪	০.৮১
ওয়ার্ড নং ৭	২৫৭.৮৪	১.০৪
ওয়ার্ড নং ৮	২৬৫.৭৪	১.০৮
ওয়ার্ড নং ৯	৪৯৫.৮৮	২.০১
ওয়ার্ড নং ১০	৪৫০.৮৭	১.৮২
ওয়ার্ড নং ১১	৬৫১.৮৩	২.৬৪
ওয়ার্ড নং ১২	৬৪১.৮৩	২.৬০
ওয়ার্ড নং ১৩	৩৭৭.৪০	১.৫৩
ওয়ার্ড নং ১৪	৮০১.২৭	৩.২৪
ওয়ার্ড নং ১৫	৭১৬.০৪	২.৯০
মোট	**৬৬৪৭.৭৯**	**২৬.৯০**

তথ্যসূত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

* নোট: ১ বর্গ কিলোমিটার = ২৪৭.১০৫ একর

উপরের টেবিল থেকে এটি স্পষ্ট যে ১৪ নং ওয়ার্ডের আয়তন বৃহত্তম যা ৩.২৪ বর্গকিলোমিটার। ৫ ও ৬ নং ওয়ার্ডের আয়তন ১ বর্গকিলোমিটারের চেয়ে ছোট।

পৌরসভায় মৌজা আছে ১৪ টি; শীট ৩১ টি। ***সারণি-২-২*** এ মৌজা তালিকা দেয়া হলো।

সারণি ২-২: লক্ষ্মীপুর পৌরসভার মৌজা তালিকা

ক্র.নং	মৌজার নাম	জে এল নং	শীট নং
১	আবির নগর	৭৪	১, ২ ও ৩
২	আথিয়াতলী	৮৮	১ ও ২

কাঠামো পরিকল্পনা

ক্র.নং	মৌজার নাম	জে এল নং	শীট নং
৩	অভিরখিল	৮৯	১
৪	বাঞ্ছানগর	৬৩	১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮
৫	গৌরিনগর	২৬৬	১
৬	হোগলদহরি	৯০	১
৭	লাহার কন্দি	৭৭	১, ২ ও ৩
৮	লক্ষ্মীপুর	৬৪	৩, ৪ ও ৬
৯	মজা নদী	২৬৩	১
১০	মজুপুর	৭৬	১ ও ২
১১	পশ্চিম শাহাপুর	৬২	১
১২	রাজিবপুর	২৬৫	১
১৩	শমশেরবাদ	৭৫	১, ২ও ৩
১৪	চর লামসি	২৬৪	১

লক্ষ্মীপুর শহর জেলার প্রধান বাণিজ্য কেন্দ্র। মূলত অবস্থানগত কারণে এই স্থানটি দীর্ঘ দিন ধরে বাণিজ্য কেন্দ্র হিসাবে গড়ে উঠেছে। এখান থেকে সারা দেশে বিভিন্ন ধরণের পন্য আমদানি রপ্তানি হয়ে থাকে। স্বাধীনতা পূর্বকাল থেকে এখানে বাণিজ্য হয়ে আসছে। এখানে কোন নদী নেই, তবে ৩/৪টি খাল আছে। এলাকা নিচু হওয়ায় এখানে বন্যা হয়। এখানে শিশু পার্ক, কবরস্থান, বাস টার্মিনাল, পৌর সুপার মার্কেট এবং পানি শোধনাগার আছে। শহরের বিসিক শিল্প এলাকায় কিছু শিল্প কারখানা আছে। ***সারণি ২-৩*** এ পৌরসভার কিছু মৌলিক তথ্য দেয়া হলো।

সারণি ২-৩ এক নজরে লক্ষ্মীপুর পৌরসভা

বিষয়	তথ্য
পৌরসভা প্রতিষ্ঠাকাল	১ সেপ্টেম্বর, ১৯৭৬
পৌরসভার শ্রেণি	"ক"
জনসংখ্যা	১৫০০০০
সরকারি প্রাইমারি স্কুল	২৬ টি (৭ টি ২ তলা)
বেসরকারি প্রাইমারি স্কুল	৭
কমিউনিটি প্রাইমারি স্কুল	৬
কিন্ডারগার্ডেন	১২
সরকারি হাই স্কুল (সহ-শিক্ষা)	২
বেসরকারি হাই স্কুল (ছেলে)	৫
বেসরকারি হাই স্কুল (মেয়ে)	১
জুনিয়র হাই স্কুল	১
বিশ্ববিদ্যালয় কলেজ	১
সরকারি কলেজ	১
সরকারি মহিলা ডিগ্রি কলেজ	
ল' কলেজ	১
আলীয়া মাদ্রসা	১
মহিলা মাদ্রসা	১
বেসরকারি মাদ্রাসা, কওমি মাদ্রাসা, এতিমখানা	২
বানিজ্যিক ব্যাংক	১৫
বিমা কোম্পানী	১২
পৌর মিলনায়তন	১
সিনেমা হল	২
সদর হাসপাতাল	১
বেসরকারি হাসপাতাল	১২
বেসরকারি চক্ষু হাসপাতাল	৩
প্রাইমারি শিক্ষক প্রশিক্ষণ (পিটিআই)	১
মা ও শিশু সেবা কেন্দ্র	১

বিষয়	তথ্য
টিকা দান কেন্দ্র (স্থায়ী)	১২
টিকা দান কেন্দ্র (অস্থায়ী)	৩২
কেন্দ্রীয় বাস টার্মিনাল	১
বিশুদ্ধ পানি সরবরাহ প্রকল্প	৩
অটো-রিক্সা স্ট্যান্ড	১
আধুনিক বিপণি কেন্দ্র	৪
পাবলিক টয়লেট	৯
সাপ্তাহিক পত্রিকা	৬
দৈনিক পত্রিকা	৫
কারখানা (ছোট)	৭
মসজিদ	১১০
মন্দির	১৯
গির্জা	১
কেন্দ্রীয় গোরস্থান	১
শ্মশান	১
বেসরকারি হোল্ডিং	১১৪
সরকারি হোল্ডিং	১৭০৮২
পাকা রাস্তা (দৈর্ঘ্য)	৫২৫৯ কি.মি.
কাঁচা রাস্তা (দৈর্ঘ্য)	৪৬.৩৫ কি.মি.
পাকা ড্রেন	৭.৬৬ কি.মি.
কাঁচা ড্রেন	২০.৩৩ কি.মি.
ব্রিজ	১০
কালভার্ট	৪৬
বিদ্যৎ লাইন	৭৪ কি.মি.
সঙ্গিত স্কুল	৬
নাট্য সংস্থা	৮
এনজিও	১০
টিউব ওয়েল (গভীর)	৭২
টিউব ওয়েল (অগভীর)	৩০০২
পোস্ট অফিস	১
টেলিফোন এক্সচেঞ্জ	১
পশু হাট	১
শিশু পার্ক	১
বর্জ্য ডাম্পিং সাইট	১
পুরুষ ভোটার	৩০১১০
মহিলা ভোটার	২৮৯৬৪

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৭

২.২.১ ইতিহাস

লক্ষ্মীপুর জেলা চট্টগ্রাম বিভাগের একটি জেলা যার অবস্থান উপকূলীয় এলাকায়। এটি বৃহত্তর নোয়াখালী জেলার একটি অংশ।

লক্ষ্মীপুর নামের উৎপত্তি সম্পর্কে বিস্তারিত জানা যায় না। তবে লক্ষী হচ্ছে হিন্দু ধর্মালম্বিদের সম্পদ এবং সৌভাগ্যের দেবী। সেখান থেকে এই নামের উৎপত্তি হতে পারে। কারণ এ সমস্ত এলাকায় এক সময় হিন্দু জনসংখ্যার আধিক্য ছিল। লক্ষ্মীপুর শহরের পূর্ব দিকে একটি রাস্তা আছে যা এখনো 'সুজা বাদশাহ রোড' নামে পরিচিত। ভারতবর্ষের সম্রাট শাহ

জাহানের পুত্র শাহ সুজা পারিবারিক কলহের জের ধরে জীবন শংকায় এক সময় দিল্লি থেকে পালিয়ে ঢাকায় আসেন। তিনি ১৬২০ সালের ৬ মে আরাকানের পথে ঢাকা ত্যাগ করেন।

সে সময় এ অঞ্চলে লক্ষ্মীদহ পরগনা নামে একটি পরগনা ছিল, অনেকে বলেন সেই লক্ষ্মীদহ থেকে লক্ষ্মীপুর নামের উৎপত্তি হয়েছে। অতীতে এখানে ভূলুয়া, ভবানীগঞ্জ ও ইসলামাবাদ নামে তিনটি শহর ছিল। এক সময় মগ ও ফিরিংগিদের যৌথ বাহিনী শহর তিনটি পুড়িয়ে দেয়। ভূলুয়া বর্তমান লক্ষ্মীপুর শহরের পূর্ব দিকে একটি দূর্গ শহর ছিল। ইতিহাসবিদ বোহরা মনে করেন লক্ষ্মীপুরই হচ্ছে সে সময়ের ভূলুয়া।

সুরেশ চন্দ্র মজুমদার তাঁর 'Raja Purusha Yogivesh' প্রবন্ধে উল্লেখ করেন যে দালাল বাজারের জমিদার গৌর কিশোর রায় চৌধুরী ১৭৬৫ সালে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর কাছ থেকে 'রাজা' উপাধি লাভ করেন। এদের পূর্ব পুরুষ এই অঞ্চলে আসেন ১৬২৯-১৬৫৮ সালের মধ্যে। এদের প্রথম পুরুষের নাম ছিল লক্ষ্মী নারায়ণ রায় এবং গৌর কিশোর রায় চৌধুরীর স্ত্রীর নাম ছিল লক্ষ্মীপ্রিয়া। এমন হতে পারে লক্ষ্মী নারায়ণ রায় এর নাম থেকে লক্ষ্মীপুর নামের উৎপত্তি হয়।

প্রথমদিকে লক্ষ্মীপুর একটি পশ্চিম লক্ষ্মীপুর নামে একটি গ্রাম ছিল। তখন পশ্চিম দিকে ইসলামাবাদ নামে একটি শহর ছিল যার পাশ দিয়ে মেঘনা নদী বয়ে যেতো। এক সময় জনপদগুলো মেঘনা নদীতে হারিয়ে যায়। ১৮৬০ সালের দিকে দালাল বাজারের একজন প্রতিপত্তিশালী জমিদার এই এলাকায় প্রতিষ্ঠিত থানার নাম লক্ষ্মীপুর রাখার জন্য প্রভাব খাটান।

স্বাধীনতা সংগ্রাম ১৯৭১

১৯৭১ সালের ৭ জুন স্থানীয় জনগণ রামগঞ্জ রোডে পাক আর্মির একটি কনভয়ের উপর আক্রমন চালায়। এর আগে ৬ জুন রহমতখালী সেতুর কাছে পাক আর্মির উপর আক্রমন চালানো হয় এতে ৭০ জন সৈন্য নিহত হয়। ২৫ অক্টোবর, ১৯৭১, মিরগঞ্জে এক সম্মুখ যুদ্ধ হয় যেখানে একজন পাক মেজর সহ ৭০ সৈন্য এবং ৪১ রেঞ্জার নিহত হয়। আরেক যুদ্ধে ১৪ জন মুক্তিযোদ্ধা ধরা পড়েন, পরবর্তীতে তাদের নির্যাতন করে মেরে ফেলা হয়। রামগতির আরেক যুদ্ধে কিছু রাজাকার সহ ১৭ জন পাক সেনা নিহত হয়। লক্ষ্মীপুরে ৪ টি গণ কবর ২ বধ্যভূমি এবং ৩টি স্মৃতি সৌধ আছে। লক্ষ্মীপুর শত্রু মুক্ত হয় ৪ ডিসেম্বর ১৯৭১।

২.৩ জনসংখ্যা

২.৩.১ জনসংখ্যা ও জনঘনত্ব

বিবিএস (২০১১) এর তথ্য অনুযায়ী লক্ষ্মীপুর পৌরসভার ওয়ার্ড সংখ্যা ছিলো ১২ এবং জনসংখ্যা ৮৩১১২ জন কিন্তু বর্তমানে পৌরসভায় ১৫ টি ওয়ার্ড রয়েছে। ২০১১ সালের সালের পরে যে মৌজাগুলো ওয়ার্ড নং ১৩, ১৪ ও ১৫ তে পরিবর্তিত হয়েছে তা থেকে যে জনসংখ্যা পাওয়া যায় তা যুক্ত করে মোট জনসংখ্যা দাড়ায় ১১৫৭৯৩ (***সারণি ৩-২*** বিস্তারিত দেখানো হয়েছে)। লক্ষ্মীপুর পৌরসভার[1] তথ্য অনুযায়ী ২০১৭ সালে জনসংখ্যা ১৫০০০০ জন। ২০১১ সালের আদমশুমারি অনুসারে জনঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে ৪২৬২ জন।

সারণি ২-৪: জনসংখ্যা এবং জনঘনত্ব

*ওয়ার্ড নং	আয়তন (ব:কি:)	আয়তন (একর)	জনসংখ্যা			জনসংখ্যা ঘনত্ব		লিঙ্গ অনুপাত
			মোট	পুরুষ	মহিলা	প্রতি বর্গ কি:মি:	একর প্রতি	
১	১.৩৫	৩৩৩.৫৯	৬৭৮৭	৩৩৪৫	৩৪৪২	৫০২৭	২০	৯৭
২	১.৭০	৪২০.০৮	৮২৬৬	৪১২৭	৪১৩৯	৪৮৬২	২০	১০০
৩	২.০০	৪৯৪.২১	৭৪২৩	৩৭৭৬	৩৬৪৭	৩৭১২	১৫	১০৪
৪	১.৩৫	৩৩৩.৫৯	৫৮২০	২৯২৭	২৮৯৩	৪৩১১	১৭	১০১

[1] http://lakshmipurpourashava.gov.bd/?page_id=233

*ওয়ার্ড নং	আয়তন (ব:কি:)	আয়তন (একর)	জনসংখ্যা			জনসংখ্যা ঘনত্ব		লিঙ্গ অনুপাত
			মোট	পুরুষ	মহিলা	প্রতি বর্গ কি:মি:	একর প্রতি	
৫	১.২২	৩০১.৪৭	৫৭১৪	২৯০৯	২৮০৫	৪৬৮৪	১৯	১০৪
৬	১.৩০	৩২১.২৪	৭৯৩২	৪০৪৩	৩৮৮৯	৬১০২	২৫	১০৪
৭	১.২২	৩০১.৪৭	৮৬৯৮	৪৪৬৮	৪২৩০	৭১৩০	২৯	১০৬
৮	১.৩০	৩২১.২৪	৭০৬৯	৩৫২৮	৩৫৪১	৫৪৩৮	২২	১০০
৯	২.০০	৪৯৪.২১	৬৪৭৭	৩৩৩৭	৩১৪০	৩২৩৯	১৩	১০৬
১০	১.৭০	৪২০.০৮	৭৪৯২	৩৮০৫	৩৬৮৭	৪৪০৭	১৮	১০৩
১১	২.০০	৪৯৪.২১	৬২৯৪	৩৪০২	২৮৯২	৩১৪৭	১৩	১১৮
১২	২.৩৬	৫৮৩.১৭	৫১৪০	২৪৯৫	২৬৪৫	২১৭৮	৯	৯৪
মোট	**১৯.৫**	**৪৮১৮.৫৫**	**৮৩১১২**	**৪২১৬২**	**৪০৯৫০**	**৪২৬২**	**১৭**	**১০৩**


তথ্যসূত্রঃ জনসংখ্যা ও খানা জরিপ, ২০১১-কমিউনিটিঃ লক্ষ্মীপুর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

**বিবিএস ২০১১ ১২ টি ওয়ার্ডের তথ্য দেয়া আছে*
***১৩, ১৪ ও ১৫ নং ওয়ার্ডের বিপরীতে যে মৌজা গুলো রয়েছে তার আয়তন ও জনসংখ্যা সারণি ৩-২ তে উপস্থাপন করা হয়েছে*

২.৩.২ জাতিতত্ত্ব

লক্ষ্মীপুরে কিছু ক্ষুদ্র নৃ-গোষ্ঠী রয়েছে। এদের মধ্যে আছে চাকমা এবং অন্যান্য। খানা জরিপ থেকে দেখা যায় যে শুধুমাত্র ওয়ার্ড নং ০১, ০৬, ০৭, ১১ ও ১২ এ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর লোকজন বসবাস করে এর মধ্যে ওয়ার্ড নং ১১ তে সর্বোচ্চ ৪২ জন চাকমা ও ১২ জন অন্যান্য নৃ-গোষ্ঠীর লোক বসবাস করে। বিস্তারিত ***চিত্রলেখ ২-১*** দ্রষ্টব্য।

চিত্রলেখ ২-১: লক্ষ্মীপুর পৌরসভায় বসবাসকারীদের জাতিগত বিভাজন



তথ্যসূত্রঃ জনসংখ্যা ও খানা জরিপ, ২০১১-কমিউনিটিঃ লক্ষ্মীপুর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

২.৩.৩ বয়স এবং লিঙ্গ কাঠামো

নিচের সারণিতে লক্ষ্মীপুর পৌরসভায় বসবাসকারিদের বয়স এবং লিঙ্গ কাঠামো দেখানো হয়েছে।

সারণি ২-৫: ওয়ার্ড ভিত্তিক বয়স সীমা অনুসারে জনসংখ্যার বিস্তরণ

ওয়ার্ড নং	মোট জনসংখ্যা	বয়স সীমা অনুসারে জনসংখ্যার বিস্তরণ									
		০-৪	৫-৯	১০-১৪	১৫-১৯	২০-২৪	২৫-২৯	৩০-৪৯	৫০-৫৯	৬০-৬৪	৬৫+
১	৬৭৮৭	১০.২	১২.৭	১২.৭	১০.৭	৯.৬	৯.৪	২২.৬	৫.৭	২.৪	৪
২	৮২৬৬	১০.৪	১২.৯	১২.৯	১১	৯.২	৯	২২.৫	৫.৪	২.২	৪.৬
৩	৭৪২৩	১০.২	১১.১	১১.৪	১১.৪	৯.৮	৯.২	২২.৩	৬.৩	২.৫	৫.৮
৪	৫৮২০	১১.৭	১২.২	১১.৮	১১.৬	৯.৫	৯.১	২১.৬	৫.৩	২.৩	৪.৯


ওয়ার্ড নং	মোট জনসংখ্যা	বয়স সীমা অনুসারে জনসংখ্যার বিস্তরণ									
		০-৪	৫-৯	১০-১৪	১৫-১৯	২০-২৪	২৫-২৯	৩০-৪৯	৫০-৫৯	৬০-৬৪	৬৫+
৫	৫৭১৪	৯.৫	১০.৯	৯.৭	৯.৯	৯.৬	৯.৬	২৫.৯	৬.৮	৩	৫.১
৬	৭৯৩২	১০	১২.৩	১২.৮	৯.৯	৯.১	১০.১	২৪.৭	৫.৩	২.১	৩.৫
৭	৮৬৯৮	৯.৩	১০.৮	১২	১১.৪	৯.৪	১০.১	২৫.১	৫.৮	২.২	৩.৮
৮	৭০৬৯	১০.৬	১১.৬	১৩.৭	১১.৭	১০.৫	৭.৮	২১.৮	৬.৩	২.৩	৩.৭
৯	৬৪৭৭	৯.৯	১২.৭	১৩	১১.১	৯.৫	৮.৩	২২.৫	৫.৯	২.৫	৪.৬
১০	৭৪৯২	১০	১১.৯	১৩	১২.৫	৯.১	৯.৫	২৩.৩	৫.১	২.৩	৩.৩
১১	৬২৯৪	৯.৫	১১.৩	১০.৭	৯.১	১০.৬	১০.৮	২৪.৭	৬.২	২.৫	৪.৬
১২	৫১৪০	১১.৬	১২.২	১১.৬	১১.৩	৯.৪	৮.৩	২১.৮	৬.৬	২.৭	৪.৬
মোট	**৮৩১১২**	**১০.২৪**	**১১.৮৮**	**১২.১১**	**১০.৯৭**	**৯.৬১**	**৯.২৭**	**২৩.২৩**	**৫.৮৯**	**২.৪২**	**৪.৩৮**

তথ্যসূত্রঃ জনসংখ্যা ও খানা জরিপ, ২০১১-কমিউনিটিঃ লক্ষ্মীপুর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

লক্ষ্মীপুর পৌরসভার সর্বাধিক জনসংখ্যার ২৩.২৩% বয়স ৩০-৪৯ বছরের মধ্যে। এটা হচ্ছে কাজের শ্রেষ্ঠ বয়স। সর্বশেষ জনসংখ্যার আদমশুমারিতে (২০১১) প্রাপ্ত অন্যান্য বয়সের তুলনায় জাতীয়ভাবেও এই বয়সের দলটি সবচেয়ে বড়। এরপর সর্বাধিক জনসংখ্যার বন্টন ১০ থেকে ১৪ বছর, ৫ থেকে ৯ এবং ১৫ থেকে ১৯ বছর বয়সের মধ্যে পাওয়া যায়। তারা এই শহরের ভবিষ্যত জাতি গঠনের বয়সের জনসংখ্যা। বিস্তারিত ***সারণি ২-৫*** এ দেখানো হয়েছে।

চিত্রলেখ ২-২ এ লক্ষ্মীপুর পৌরসভার জনসংখ্যা পিরামিড দেখানো হয়েছে। ৩০-৪৯ বছর বয়সী লোকেরা সর্বাধিক এবং মহিলা ও পুরুষ জনসংখ্যা এই গ্রুপে প্রায় সমান।এখানে দেখা যায় যে ৬০-৬৪ বছরের জনসংখ্যা সর্বনিম্ন।


চিত্রলেখ ২-২: পরিবারের সদস্যদের লিঙ্গ ও বয়স



তথ্যসূত্রঃ জনসংখ্যা ও খানা জরিপ, ২০১১-কমিউনিটিঃ লক্ষ্মীপুর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

২.৩.৪ পরিবার প্রধানের লিঙ্গ

ইউজিপ-৩ প্রকল্প সম্পাদিত বেজ লাইন জরিপ, ২০১৬ থেকে পরিবার প্রধানের লিঙ্গ বিষয়ক তথ্য পাওয়া যায়। তথ্য থেকে দেখা যায় যে ৯৬.৭৫% খানা প্রধান পুরুষ। মাত্র ৩.২৫% খানা প্রধান মহিলা।



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ২-৩: লক্ষ্মীপুর পৌরসভার পরিবার প্রধানের লিঙ্গ

২.৩.৫ পরিবারের সদস্যদের পেশা

বেজ লাইন জরিপ, ২০১৬ থেকে দেখা যায় যে পরিবারের সর্বাধিক সংখ্যক সদস্য ছাত্র। এদের মধ্যে পুরুষ এবং মহিলা প্রায় সমান সংখ্যক। জরিপকৃত ২১৬৪ টি খানা সদস্যদের মধ্যে ৬৪১ জন ছাত্র/ছাত্রী, ৫২৫ জন গৃহিণী, ১৬২ জন ক্ষুদ্র ব্যবসায়ী এবং ১৬১ জন কর্মজীবী। বিস্তারিত ***সারনি ২-৬*** দ্রষ্টব্য।


সারণি ২-৬: পরিবারের সদস্যদের পেশা

ক্রমিক নং.	পেশা	মোট		পুরুষ		মহিলা	
		নং	%	নং	%	নং	%
১	চাকুরি	১৬১	৭.৪৪	১৫০	৯৩.১৭	১১	৬.৮৩
২	মাঝারী ব্যবসা	২৫	১.১৬	২৫	১০০	-	-
৩	ক্ষুদ্র ব্যবসা	১৬২	৭.৪৯	১৬১	৯৯.৩৮	১	০.৬২
৪	কৃষিকাজ	৩৩	১.৫২	৩৩	১০০	-	-
৫	দক্ষ শ্রমিক	১৫০	৬.৯৩	১৩৭	৯১.৩৩	১৩	৮.৬৭
৬	অদক্ষ শ্রমিক	৯৯	৪.৫৭	৯০	৯০.৯১	৯	৯.০৯
৭	নির্ভরশীল	৮৬	৩.৯৭	৫০	৫৮.১৪	৩৬	৪১.৮৬
৮	ছাত্র	৬৪১	২৯.৬২	৩৩১	৫১.৬৪	৩১০	৪৮.৩৬
৯	শিশু/বয়স্ক	২৫৫	১১.৭৮	১২৩	৪৮.২৪	১৩২	৫১.৭৬
১০	রিক্সা/ভ্যান চালক	১১	০.৫১	১১	১০০	-	-
১১	গার্মেন্টস শ্রমিক	৯	০.৪২	-	-	৯	১০০
১২	গৃহিণী	৫২৫	২৪.২৬	০	০	৫২৫	১০০
১৩	অন্যান্য	৭	০.৩২	৭	১০০	০	০
মোট		**২১৬৪**	**১০০**	**১১১৮**	**৯৩২.৮১**	**১০৪৬**	**৩৬৭.১৯**

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.৬ অভিগমন

নগরায়নের মূল উৎস অভিবাসন। বাংলাদেশে শহর এলাকায় অভিবাসন একটি সাধারণ ঘটনা। দারিদ্র্য এবং কর্মসংস্থানের অভাবে গ্রাম এলাকা থেকে মানুষ জীবিকা বা বেশি আয়ের খোঁজে শহর এলাকায় অভিগমন করে। দেশের গ্রামাঞ্চলগুলো শহরের তুলনায় অর্থনৈতিকভাবে পশ্চাদপদ এবং সেখানে বেকারত্বের হার বেশি, যা দারিদ্র্যকে উচ্চ হারের দিকে পরিচালিত করে। দরিদ্র জনগোষ্ঠী গ্রামীণ এলাকা থেকে উন্নত জীবনযাত্রার সুযোগের সন্ধানে শহর এলাকায় অভিগমন করে। লক্ষ্মীপুরের বেসলাইন জরিপে দেখা যায় প্রায় ১৩% জরিপকৃত পরিবার দেশের বিভিন্ন অংশ থেকে অভিবাসিত হয়ে এখানে আসে। স্বাভাবিকভাবে এদের একটা বড় অংশ গ্রাম থেকে আসা। সাধারনত প্রান্তিক এবং ভূমহীন চাষীরাই এই দরিদ্র শ্রেণির মধ্যে পরে। অভিগমনের এই প্রবণতা এখনো অব্যহত আছে। বিস্তারিত ***সারণি ২-৭*** দ্রষ্টব্য।



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ২-৪: অভিগমন উৎস


সারণি ২-৭: অভিগমনের উৎস

উৎস	অভিগমনকারীর সংখ্যা	%
অন্য শহর	৭	১৪.০০%
গ্রাম	৪৩	৮৬.০০%
মোট	৫০	১০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

সারণি ২-৭ থেকে দেখা যায় যে ২০০০ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত অভিগমন হঠাৎ বৃদ্ধি পেয়ে ২৪ শতাংশে উঠে যায়। এরপর ২০০৫ থেকে ২০১০ সালের মধ্যে এই হার ১২% এ নেমে আসে। ১/১১ এর পর যখন রাজনৈতিক অস্থিরতা কমে আসে এবং নতুন সরকার ক্ষমতা গ্রহণ করে, অর্থনৈতিক অগ্রগতি দেখা যার ফলে অভিগ্রমণ আবার বৃদ্ধি পায় এবং ২০১০ থেকে ২০১৫ এর মধ্যে সর্বোচ্চ ৩৪% উঠে যায়।


চিত্রলেখ ২-৫: অভিগমন ধারা



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

পুশ ফ্যাক্টর এবং পুল ফ্যাক্টরকে অভিগমনের দুটি প্রধান কারণ হিসেবে দায়ী করা হয়। গ্রামাঞ্চলে কর্মসংস্থানের অভাব এবং প্রাকৃতিক দুর্যোগ অভিবাসনের জন্য প্রধান ২টি পুশ ফ্যাক্টর হিসাবে কাজ করে। শহর এলাকায় ভাল জীবনযাত্রার সুযোগ যেমন; পেশা, ব্যবসা সুযোগ, শিশুদের ভাল শিক্ষা ব্যবস্থা এবং জীবন ও সম্পত্তির ভাল নিরাপত্তা পুল ফ্যাক্টর হিসেবে কাজ করে। বিস্তারিত ***চিত্রলেখ ২-৬*** এ দেখানো হয়েছে।

চিত্রলেখ ২-৬: অভিগমনের কারণ



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

বেসলাইন জরিপ থেকে দেখা যায়, ১৬% পরিবার কর্মসংস্থানের অভাবে গ্রামাঞ্চল থেকে শহরে আসে; ৫২% পরিবার নতুন চাকুরী অথবা ব্যবসার জন্য লক্ষ্মীপুর শহরে আসে। মাত্র ২% পরিবার প্রাকৃতিক দুর্যোগের কারণে ছিন্নমূল অবস্থায় শহরে আসে।

২.৩.৭ সাক্ষরতা এবং শিক্ষার হার

সার্বিকভাবে ২০১১ সালের **আদমশুমারি** অনুযায়ী লক্ষ্মীপুর শহরে শিক্ষার হার ৬৩.৮৮%। ***সারণি ২-৮*** থেকে দেখা যায় যে ওয়ার্ড নং-৭ এ শিক্ষার হার সর্বোচ্চ ।


সারণি ২-৮: ২০১১ সালে ওয়ার্ড অনুযায়ী শিক্ষার হার

ওয়ার্ড নং	২০১১ সালে ওয়ার্ড অনুযায়ী শিক্ষার হার		
	উভয় লিঙ্গ	পুরুষ	মহিলা
১	৭১.৮	৭৩.৩	৭০.৩
২	৬২.৬	৬৩.৪	৬১.৯
৩	৫১	৫১.১	৫১
৪	৫১.৪	৫০.১	৫২.৬
৫	৭০.৩	৭১.৯	৬৮.৭
৬	৭৪.৭	৭৭.৫	৭১.৯
৭	৭৭.৩	৭৯	৭৫.৫
৮	৫৪.১	৫৬	৫২.২
৯	৫৪.৪	৫৭.৪	৫১.৩
১০	৭০.২	৭৩.১	৬৭.২
১১	৬০.৯	৬২.৬	৫৮.৯
১২	৬০.৯	৬২.৪	৫৯.৪

তথ্যসূত্রঃ জনসংখ্যা ও খানা জরিপ, ২০১১-কমিউনিটিঃ লক্ষ্মীপুর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

পরিবারের শিক্ষিত সদস্যদের মধ্যে ১৭% প্রাইমারী পর্যায়ের শিক্ষত; ১৫% জুনিয়র সেকেন্ডারি; ৩.৫০% এর কোন প্রতিষ্ঠানিক শিক্ষা নেই। ১৭.৫% শুধু স্বাক্ষর করতে পারে। ***চিত্রলেখ ২-৭*** দেখা যেতে পারে।

চিত্রলেখ ২-৭: পরিবারের সদস্যদের শিক্ষার স্তর




তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.৮ পরিবারের আয়

নমুনা জরিপ থেকে দেখা যায় যে, ৬৫.৭৫% জরিপকৃত পরিবারের মাসিক আয় ১৪০০০ টাকা; ৪.৭৫% পরিবারের মাসিক আয় ৮০০০ টাকা যাদের দরিদ্র বলা যায়। তথ্য অনুসারে, লক্ষীপুর পৌরসভার গড় আয় ২১০৪৭.৩৮ টাকা। বিস্তারিত তথ্য ***চিত্রলেখ ২-৮*** এ দেয়া হলো।

চিত্রলেখ ২-৮: পরিবারের মাসিক আয় কাঠামো



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

একই জরিপ থেকে দেখা যায় শহরের ৪৯% পরিবার মাসে প্রায় ১৫০০০ টাকা ব্যয় করে থাকে। ১৬.৭০% পরিবার ৮ থেকে ১০ হাজার টাকা ব্যয় করে থাকে; মাত্র ০.৫০% পরিবার মাসিক ৪ হাজার টাকার কম ব্যয় করে থাকে। বিস্তারিত ***সারণি ২-৯*** দ্রষ্টব্য।


সারণি ২-৯: মাসিক পারিবারিক ব্যয়

ক্রমিক নং	ব্যয় (টাকা)	পরিবারের সংখ্যা	%
১.	≤ ৪,০০০	২	০.৫০
২.	৪,০০০ - ৬,০০০	১১	২.৭৫
৩.	৬,০০০ - ৮,০০০	২৫	৬.২৫
৪.	৮,০০০ - ১০,০০০	৬১	১৫.২৫
৫.	১০,০০০ - ১২,০০০	৬৩	১৫.০০
৬.	১২,০০০ - ১৪,০০০	৪২	১০.৫০
৭.	১৪,০০০ >	১৯৬	৪৯.০০
মোট		**৪০০**	**১০০**
গড় ব্যয়ঃ ১৪৯৫৩.৬৩			

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.৯ আবাসন

জরিপ থেকে দেখা যায় যে, ৫১% পরিবারের বাড়ির প্রধান ঘরের ছাদ টিনের; ২১% এর ঘর সেমি পাকা এবং মাত্র ১৩% শতাংশের প্রধান ঘর পাকা। বিস্তারিত ***চিত্রলেখ ২-৯*** এ দেখা যেতে পারে।



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ২-৯: বাড়ির প্রধান ঘরের নির্মাণ ধরণ

২.৩.১০ ইমারতের নক্সা অনুমোদন

নমুনা জরিপ থেকে দেখা যায় যে, ১০৬ জন বাড়ির মালিকের মধ্যে ৭২.৬৪% জন অবহিত করেন যে তাঁরা বাড়ি নির্মাণের পূর্বে বাড়ির নক্সা পৌরসভা কর্তৃক অনুমোদন করিয়েছেন। ৫.৬৬% এ বিষয়ে নেতিবাচক উত্তর দেন। প্রায় ২২% এ বিষয়ে কোন ধরণের তথ্য প্রদান করেন নাই। বিস্তারিত ***সারণি ২-১০*** দ্রষ্টব্য।

সারণি ২-১০: ইমারতের নক্সা অনুমোদন

ক্র:নং.	ইমারতের নক্সা অনুমোদিত কি না	সংখ্যা	%
১	হ্যাঁ	৭৭	৭২.৬৪
২	না	৬	৫.৬৬
৩	জানা নেই	২৩	২১.৭০
মোট		**১০৬**	**১০০**


তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

২.৩.১১ ভৌত প্রবৃদ্ধির ধরণ

লক্ষ্মীপুর একটি মাঝারী শহর যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। রহমতখালী খাল লক্ষ্মীপুরের প্রধান খাল যা এই শহরকে মজু চৌধুরী ঘাটের মাধ্যমে মেঘনা নদীর সঙ্গে যুক্ত করেছে। খালটি শহরকে উত্তর দক্ষিণে মোটামুটি প্রায় সমান দুটি ভাগে ভাগ করেছে। বহু খাল শহরে মাকড়সার জালের মত বিস্তৃত হয়ে রয়েছে। খালগুলো শহরের প্রধান ড্রেনেজ চ্যানেল হিসাবে কাজ করে। রহমতখালী খাল ছাড়াও এখানে আছে, কোরালিয়া খাল, মিঠানিয়া খাল, গঞ্জখালী খাল, চাগোছেরা খাল, ওয়াপদা বা বেরি বাঁধ খাল, দোয়ানী খাল, জোছনা খাল, রামরোদের খাল এবং জোকসিন-পোদ্দার বাজার খাল। শহরের প্রধাণ বাণিজ্যিক, প্রশাসনিক এবং প্রাতিষ্ঠানিক স্থাপনাগুলোর অবস্থান ঝুমুর-দক্ষিণ তেমুহানী রাস্তার উপর। ঢাকা-রায়পুর রোড একটি আঞ্চলিক মহা সড়ক যা এখন শহরের প্রধান রাস্তায় পরিণত হয়েছে। রাস্তাটি শহরের প্রায় মাঝ দিয়ে পূব থেকে দক্ষিণে চলে গিয়েছে। শহরের প্রধান বাণিজ্যিক, প্রশাসনিক এবং প্রাতিষ্ঠানিক স্থাপনাগুলো এই রাস্তার দুই পাশে গড়ে উঠেছে। লক্ষ্মীপুর পৌরসভার সম্প্রসারণ উত্তরে দালাল বাজারের দিকে হতে পারে। এ ছাড়া পোদ্দার বাজার রোড এবং যুগির হাট টুম চর এলাকার দিকেও সম্প্রসারণের সুযোগ রয়েছে।

চিত্রলেখ ২-১০ থেকে দেখা যায় যে শহরে কাঁচা বাড়ির সংখ্যাধিক্য রয়েছে এবং পাকা বাড়ি অতি স্বল্প সংখ্যক। কাঁচা বাড়ির হার ৫৪.৩৯% বা ১৪৩৬৮ টি অন্যদিকে পাকা বাড়ির সংখ্যা ৫৭১০ টি এবং এর হার ২১.৬২। অবশিষ্ট ২৩.৯৯% সেমি পাকা।


চিত্র ২-১০: নির্মাণ ধরণ অনুযায়ী ইমারত/কাঠামোর পরিমাণ



তথ্যসূত্রঃ ভৌতঅবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ২-১ : লক্ষ্মীপুর পৌরসভায় ভৌত প্রবৃদ্ধির ধরণ

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:1,000,000 or 1 " = 83,333 ' or 1 cm = 10,000 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Road
- Primary Road
- Secondary Road

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Existing Structure
- Katcha
- Pucca
- Semi-pucca

Existing Pourashava
- Existing Pourashava


Possible Extension
- Estension 1
- Estension 2
- Estension 3
- Estension 4

২.৩.১২ ভূমি ব্যবহার

লক্ষ্মীপুর পৌরসভায় বহু ধরণের ভূমি ব্যবহার আছে যা ভূমি ব্যবহার জরিপ থেকে উঠে এসেছে। ***চিত্রলেখ ২-১১*** থেকে দেখা যায় যে, সবচেয়ে বেশি ভূমি আবাসন কাজে ব্যবহার করা হয়। এর পরিমাণ পৌরসভার মোট এলাকার ৪৬.০১% (৩০৫৮.৭৪ একর)। কৃষি জমির পরিমাণ ৩১.১৭% বা ২০৭২.০৬ একর।

প্রায় ১১.৩৯% জমিতে জলাভূমি (খাল,নদী,পুকুর ইত্যাদি) আছে। বাণিজ্যিক ভূমির পরিমাণ মাত্র ১.২৮%, শিল্প ব্যবহার ০.২৬% এবং মিশ্র ব্যবহার ০.৭৮%। বিস্তারিত তথ্য ***সারণি ২-১১*** তে দেয়া আছে।

চিত্রলেখ ২-১১: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান ভূমি ব্যবহারের ধরণ




তথ্যসূত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

কাঠামো পরিকল্পনা

মানচিত্র ২-২ : লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান ভূমি ব্যবহারের ধরণ

1:48,000



বিদ্যমান ভূমি ব্যবহার	আয়তন (একর)	শতকরা
কৃষি এলাকা	২০৭২.০৬	৩১.১৭
পরিবহন ও যাতায়াত	১৯৪.৭২	২.৯৩
বাণিজ্যিক	৮৫.৩৭	১.২৮
নাগরিক সেবা	২৯.৮৭	০.৪৫
শিক্ষা ও গবেষণা	৪৭.৮০	০.৭২
স্বাস্থ্যসেবা	১১.১৩	০.১৭
শিল্প	১৭.৩৪	০.২৬
বিবিধ	০.৩৬	০.০১
মিশ্র এলাকা	৫১.৯০	০.৭৮
উন্মুক্ত এলাকা	১১৫.১০	১.৭৩
প্রশাসনিক	৩৬.৭৪	০.৫৫
বিনোদন এলাকা	৩.৭২	০.০৬
আবাসিক	৩০৫৮.৭৪	৪৬.০১
সীমাবদ্ধ যাতায়াত এলাকা	২৫.৮৮	০.৩৯
যাতায়াত সুবিধা	৪.৯১	০.০৭
অত্যাবশ্যকীয় সেবা	১.৮৯	০.০৩
অব্যবহৃত এবং ফাঁকা ভূমি	১৩৩.১৪	২.০০
জলাধার	৭৫৭.২২	১১.৩৯
সর্বমোট	**৬৬৪৭.৭৯**	**১০০.০০**

MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:1,000,000 or 1 " = 83,333 ' or 1 cm = 10,000 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Existing Road
- <all other values>
- National Highway
- Regional Highway
- Zila Road

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Existing Landuse
- Agriculture
- Circulation Network
- Comercial
- Community Facilities
- Education and Research
- Health Facilities
- Industrial
- Miscellaneous
- Mixed Use
- Open Space
- Public Administration
- Recreation
- Residential
- Restricted
- Transportation Facilities
- Utility Services
- Vacant
- Waterbody

তৃতীয় অধ্যায় পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সনাক্তকরণ

সূচিপত্র

৩.১ ভূমিকা ---------- ৩-১
৩.২ উন্নয়নের সমস্যাসমুহ ---------- ৩-১
৩.২.১ নিষ্কাশন এবং জলাবদ্ধতা সমস্যা ---------- ৩-১
৩.২.২ পরিবহন ও যোগাযোগ ---------- ৩-২
৩.২.২.১ সড়ক বিন্যাস ---------- ৩-২
৩.২.২.২ স্থানীয় যাতায়াতঃ বাহন ও সেবা ---------- ৩-২
৩.২.৩ যানবাহন ও যোগাযোগ সমস্যা ---------- ৩-২
৩.২.৪ অপর্যাপ্ত বিনোদনমূলক খোলা যায়গা ---------- ৩-৩
৩.২.৫ অসন্তোষজনক স্বাস্থসেবা ---------- ৩-৩
৩.২.৬ অপর্যাপ্ত পানি সরবরাহ ব্যবস্থা ---------- ৩-৪
৩.২.৭ বর্জ্য ব্যবস্থাপনা সমস্যা ---------- ৩-৪
৩.২.৮ জলাভূমি হ্রাস ---------- ৩-৫
৩.৩ ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যা প্রবৃদ্ধি ---------- ৩-৫
৩.৩.১ জনসংখ্যা অভিক্ষেপ ---------- ৩-৫

তৃতীয় অধ্যায়
পরিকল্পনার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ

৩.১ ভূমিকা

এই প্রতিবেদনের তৃতীয় অধ্যায়ে পরিকল্পনার সংশ্লিষ্ট বিভিন্ন গুরুতর বিষয় সমূহ সনাক্তকরণ করে সেগুলো নিয়ে আলোচনা করা হয়েছে। এই অধ্যায়ে বেইস লাইন সার্ভে, এফ জি ডি (ফোকাস গ্রুপ আলোচনা) এবং আর্থ-সামাজিক গবেষণার মাধ্যমে সর্বাধিক গুরুতর বিষয়গুলো চিহ্নিত করা হয়েছে।

৩.২ উন্নয়নের সমস্যাসমুহ

প্রকল্প চলাকালীন সময়ে পৌরসভার উন্নয়নে বিভিন্ন ধরণের সমস্যা এবং গুরুত্বপূর্ণ বিষয়সমূহ এবং স্থানগুলো চিহ্নিত করা হয়।

৩.২.১ নিষ্কাশন এবং জলাবদ্ধতা সমস্যা

শহরকে পরিচ্ছন্ন ও জলাবদ্ধতা মুক্ত রাখার জন্য ভালো নিষ্কাশন ব্যবস্থা অতীব প্রয়োজন। জলাবদ্ধতা শহরের বিভিন্ন কার্যক্রম ও মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে বিপর্যস্ত করে। প্রাকৃতিক প্রবাহ বা সংযোগের একটি ছোট বাধা পানির অধিপ্রবাহ তৈরি করে যা জলাবদ্ধতা সৃষ্টির জন্য দায়ী। এই সমস্যা মানুষের স্বাভাবিক জীবনযাত্রা বাধাগ্রস্ত করে। বর্ষাকালে স্বল্প সময়ে প্রচুর পরিমাণে বৃষ্টির পানি প্রবাহের কারণে মূলত এই অবস্থা হয়। কিন্তু দেখা গিয়েছে যে পরিকল্পনা প্রণয়ন বা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সময় এই বিষয়কেই সবচেয়ে কম গুরুত্ব দেওয়া হয়। এর ফলে ভৌত পরিবেশ, জনস্বাস্থ্য এবং জীবনযাত্রা অনেক বেশি ভোগান্তিতে পড়ে। উন্নত নিষ্কাশন ব্যবস্থা প্রনয়ণের ক্ষেত্রে প্রাকৃতিক ব্যবস্থা যেমন নদী, নালা অথবা পুকুর ইত্যাদি অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

খাল, বিল, জলাশয় এগুলো একটি শহরের প্রাকৃতিক সম্পদ যা শহরের ড্রেনেজ ব্যবস্থার জন্য আশীর্বাদ। এই প্রেক্ষাপটে লক্ষ্মীপুর পৌরসভা অনেক বেশি সৌভাগ্যবান। শহরে প্রায় ১৬ টি খাল বা তার শাখা প্রশাখা রয়েছে। লক্ষ্মীপুর পৌরসভায় সব ধরণের মিলিয়ে সর্বমোট প্রায় ৭২.৯৪ কিলোমিটার ড্রেনেজ চ্যানেল আছে। তবে এগুলোর অধিকাংশই কাঁচা। অর্থাৎ ৪৫.৫৪ কিলোমিটার বা ৬২.৪৩% ড্রেনই কাঁচা। অন্যদিকে মাত্র ৩৭.৫৭% ড্রেন পাকা। ড্রেনেজ ব্যবস্থাকে তিন ভাগে ভাগ করা হয়, প্রাইমারি, সেকেন্ডারি এবং টারশিয়ারি। খালগুলো মূলত প্রাইমারি ড্রেন হিসাবে কাজ করে। টারশিয়ারি ড্রেন বাসা বাড়ির বর্জ্য পানি সেকেন্ডারি ড্রেনে এবং সেখান থেকে বর্জ্য প্রাইমারি ড্রেনে যায়। ৫৩.৬৯% ড্রেন প্রাইমারি ধরনের, সেকেন্ডারি ড্রেন ৩২.৭১% এবং ৯.৯২% টারশিয়ারি ড্রেন। সবচেয়ে বেশি জলাবদ্ধতা হয় ৩, ৮, ১০ এবং ১৪ নং ওয়ার্ডে।

সমস্যার কারনঃ

পৌরসভার কাউন্সিলর এবং সাধারণ মানুষের মতে জলাবদ্ধতাই এই শহরের প্রধান সমস্যা। বর্ষাকালে জলাবদ্ধতার কারণে জনগণের স্বাভাবিক জীবন বিপর্যস্ত হয়। ড্রেনগুলোতে পানি উপচে পড়ে ও নিমজ্জিত সড়কের কারণে কখনও কখনও নিম্নাঞ্চলের বাড়ি গুলোতে পানির সঞ্চালন ঘটে। শহরের সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যা হিসাবে অধিকাংশই জলাবদ্ধতাকেই নির্দেশ করে। নিম্নোক্ত কারণ গুলোতে শহরে জলাবদ্ধতা ঘটে।

- শহরের নিষ্কাশন ব্যবস্থা অপর্যাপ্ত এবং নিষ্কাশন ব্যবস্থা সুপরিকল্পিত নয়।
- বেশিরভাগ সময় মানুষের ফেলা আবর্জনার কারণে নর্দমার প্রবাহ বাধাপ্রাপ্ত হয় যেগুলো পৌরসভা কর্তৃপক্ষ অপসারণ করে না।

- খালগুলোর বেশিরভাগ অংশই ভরাট এবং অবৈধভাবে দখল করা হয়েছে যার ফলে এগুলোর পানি ধারণ ক্ষমতা হ্রাস পেয়েছে।
- নিষ্কাশিত বর্জ্য আটকে থাকার কারণেও বেশিরভাগ প্রাইমারি শ্রেণির ড্রেনগুলোর পানি ধারণ ক্ষমতা হ্রাস পেয়েছে।
- প্রাইমারি ড্রেনগুলোর নিয়মিত এবং সঠিক রক্ষণাবেক্ষণ করা হয় না এবং এগুলো নদী পর্যন্ত পানি বহন করার জন্য যথেষ্ট প্রশস্ত নয়।

৩.২.২ পরিবহন ও যোগাযোগ

৩.২.২.১ সড়ক বিন্যাস

ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে শহরের মোট সড়কের দৈর্ঘ্য ৩০১০.৫১ কিলোমিটার। এর মধ্যে ১৪৩.৮০ কিলোমিটার পাকা, প্রায় ১১১.৮৯ কিলোমিটার কাঁচা সড়ক এবং ৪৫.৮২ কি.মি. সড়ক হেরিং বোন বন্ড (HBB) ধরণের।

কাজের ভিত্তিতে শ্রেণি বিভাগ করলে দেখা যায় যে, অধিকাংশ রাস্তাই অ্যাকসেস বা প্রবেশ রাস্তা। এ ধরণের অ্যাকসেস বা প্রবেশ রাস্তার মোট দৈর্ঘ্য ১৯৮.৭০ কি.মি. যা মোট রাস্তার ৬৫.৯০ শতাংশ। প্রধান বা প্রাইমারি রাস্তার পরিমাণ মাত্র ৩.৯৬%। সেকেন্ডারি রাস্তার পরিমাণ ৫.১৩%।

৩.২.২.২ স্থানীয় যাতায়াতঃ বাহন ও সেবা

লক্ষ্মীপুর পৌরসভায় প্রচলিত প্রায় সব ধরণের যানবাহনই চলাচল করে থাকে। তবে নতূন সংযোজিত ব্যাটারী চালিত ইজি বাইক সবচেয়ে জনপ্রিয় এর গতি এবং সাশ্রয়ী ভাড়ার কারণে। স্থানীয়ভাবে এগুলোকে টম টম বলা হয়। টম টমের সংখ্যাধিক্যের কারণে এটি ইতিমধ্যে যানজটের কারণ হিসাবে দেখা দিয়েছে। বিশেষত শহরের ব্যস্ত এলাকায়। এ ছাড়া রিক্সাও একটি জনপ্রিয় বাহন। রিক্সা ভ্যান মালামাল পরিবহণের জন্য বহুল ভাবে ব্যবহার করা হয়। হাইওয়ে শহরের মাঝ দিয়ে গিয়েছে বলে এতে বাস চলাচল করে থাকে। বাসে আলাল বাজার থেকে জকসিন যাওয়া যায়। নিকটবর্তী আশে পাশের শহরগুলোতে যাতায়াতের জন্য টম টম বা সিএনজি চালিত অটো-রিক্সা ব্যবহার করা হয়। তবে দূরবর্তী জেলা বা উপজেলা শহরে যাতায়াতের জন্য সাধারণত বাস ব্যবহার করা হয়। লক্ষ্মীপুর থেকে প্রচুর সংখ্যক বাস ঢাকা, চট্টগ্রাম, ফেনি, কুমিল্লা, সিলেট ইত্যাদি স্থানে চলাচল করে থাকে। লক্ষ্মীপুর থেকে প্রতিদিন ২০০ চেয়ার কোচ এবং ৫০ লোকাল বাস চলাচল করে থাকে।

শহরে একটি বাস টার্মিনাল আছে। এ ছাড়া কয়েকটি অপ্রাতিষ্ঠানিক বাস টার্মিনাল আছে, যেমন, লক্ষ্মীপুর পুরাতন বাস টার্মিনাল, ঝুমুর মোড়, দক্ষিণ তেমুহনি। তবে শহরের একমাত্র বাস টার্মিনালটি যথেষ্ট সুযোগ সুবিধা সমৃদ্ধ নয়। যাত্রী এবং বাস শ্রমিকদের জন্য যথেষ্ট সুযোগ সুবিধা নেই। এছাড়া এখানে বাস রাখার স্থানাভাব রয়েছে।

মালামাল সাধারণত ট্রাকে পরিবহন করা হয়ে থাকে। তবে অনেক মালামাল নৌপথে মজু চৌধুরী ঘাটের মাধ্যমে আনা নেয়া করা হয়। মজু চৌধুরী ঘাটে একটি লঞ্চ টার্মিনাল আছে। এই ঘাটের মাধ্যমে যাত্রীরা বরিশাল, ভোলা, পটুয়াখালী চলাচল করে থাকে। রহমতখালী খালের মাধ্যমে মজু চৌধুরী ঘাট থেকে শহরের মধ্যে যোগাযোগ রক্ষা করা হয়।

৩.২.৩ যানবাহন ও যোগাযোগ সমস্যা

সড়ক যোগাযোগ

সড়ক যোগাযোগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সমস্যা বিদ্যমান আছে।

- স্থানীয় রাস্তাগুলো অধিকাংশেই সংকীর্ণ। জনসংখ্যা এবং যানবাহন বৃদ্ধি পেলে এগুলো সমস্যার কারণ হতে পারে।

- শহরে প্রবেশের দুটি মাত্র পয়েন্ট এবং দুটিই ঢাকা-রায়পুর আঞ্চলিক মহা সড়ক থেকে। যানজটের কারণে এটি ভবিষ্যতে সমস্যার কারণ হতে পারে।
- প্রধান সড়ক ছাড়া শহরে উত্তর-দক্ষিণ বা পূর্ব-পশ্চিম যথেষ্ট রাস্তা নেই।
- প্রধান রাস্তাগুলো ক্রমবর্ধমান যাবাহনের জন্য যাবাহনের চলাচলের জন্য যথেষ্ট প্রশস্ত নয়।
- ক্রমর্ধমান টম টম শহরে যানজটের কারণ হয়ে উঠছে।
- শহরে উপযুক্ত যাবাহন ব্যবস্থাপনার অভাব আছে। চালকরা নিয়মকানুন মানতে চায় না। বিধি লংঘনকারীদের বিরুদ্ধে যথেষ্ট শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয় না, ফলে দূর্ঘটনা কমছে না।
- শহরে দিনের বেলায় ট্রাক প্রবেশ করায় যানজট সৃষ্টি হচ্ছে।
- লক্ষ্মীপুর পূর্ব-পশ্চিমে প্রলম্বিত একটি শহর। বাস টার্মিনালের অবস্থান পশ্চিম প্রান্তে হওয়ায় পূর্ব দিকের অধিবাসীদের সমস্যা হচ্ছে।

৩.২.৪ অপর্যাপ্ত বিনোদনমূলক খোলা যায়গা

পার্ক, মাঠ, গণপরিসর এগুলো হচ্ছে বিনোদনমূলক খোলা জায়গা যা নগর জীবনের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। বিনোদনমূলক খোলা যায়গা মানুষের দৈহিক এবং মানসিক বিকাশ ঘটায়, প্রতিদিনের ক্লান্তিকর জীবনে প্রশান্তি এনে দেয়। সাম্প্রতিক উন্নয়ন এবং নগরায়ণ ধারা, জনঘনত্ব বৃদ্ধির কারণে শহর এলাকায় বিনোদনমূলক খোলা জায়গার প্রয়োজন বৃদ্ধি পাচ্ছে। শহরে বিনোদনের জন্য কিছু জায়গা আছে, যেমন, পৌর মিলনায়তন, পৌর শিশু পার্ক, সিনেমা হল, ছোট বড় অনেক খোলা জায়গা।

সমস্যাঃ

তবে জেলা স্টেডিয়াম ছাড়া কোন খেলার মাঠ নেই। ১,৫০,০০০ জনসংখ্যার একটি শহরের জন্য এটি একটি চরম অভাব। কিছু মাঠ আছে শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে, কিন্তু সেগুলো সবার জন্য উন্মুক্ত নয়। খেলার মাঠ কিশোর এবং যুবকদের জন্য একটি অতি প্রয়োজনীয় চাহিদা যার চরম অভাব রয়েছে লক্ষ্মীপুরে।

৩.২.৫ অসন্তোষজনক স্বাস্থসেবা

স্বাস্থ্য সুবিধা অন্যতম প্রাথমিক নগর পরিষেবা। লক্ষ্মীপুর পৌরসভায় পর্যাপ্ত স্বাস্থ্য সুবিধা সম্পর্কিত সংস্থা নেই। অবকাঠামো জরিপ অনুসারে, ১৫ টি ওয়ার্ডে সেবা দেওয়ার জন্য মোট ৫৪টি সংস্থা রয়েছে। তদুপরি, সমস্ত স্বাস্থ্য সুবিধার অবস্থান কেবল ২, ৫, ৬, ৭, ১০, ১১, ১৩ ও ১৫ নং ওয়ার্ডের মধ্যে সীমাবদ্ধ। ওয়ার্ড নং ১, ৩, ৪, ৮, ৯ এবং ১৪ তে কোনও স্বাস্থ্য সুবিধা সংস্থা নেই। তাই, বাসিন্দাদের প্রায়শই চিকিতসা পরিষেবার প্রয়োজনে কিছুটা সমস্যার মুখোমুখি হতে হয়। অধিকন্তু, ওয়ার্ড নং ২, ৫, ১১, ১৩ এবং ১৫ নং ওয়ার্ডে বিদ্যমান স্বাস্থ্যসেবা সম্পর্কিত সংস্থাগুলি সংশ্লিষ্ট ওয়ার্ডগুলির বাসিন্দাদের জন্য পর্যাপ্ত নয়। জরিপ থেকে দেখা যায়, পৌরসভায় ৩টি সরকারি হাসপাতাল, ১১ টি বেসরকারি চিকিৎসা কেন্দ্র, ১টি ডায়াবেটিক হাসপাতাল, ৭টি ক্লিনিক এবং ২৩ অন্যান্য বিভিন্ন ধরণের স্বাস্থ্য সুবিধা আছে। বিস্তারিত ***সারণি ৩-১*** এ দেখানো হলো।

সারণি ৩-১: লক্ষ্মীপুরে বিদ্যমান স্বাস্থ্য সেবা

অবস্থান	সরকারি হাসপাতাল	বেসরকারি হাসপাতাল	ডায়াবেটিক হাসপাতাল	ক্লিনিক	ডায়াগনস্টিক সেন্টার	অন্যান্য	মোট
ওয়ার্ড নং-১	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-২	-	-	-	১	-	-	১
ওয়ার্ড নং-৩	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-৪	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-৫	-	-	-	-	-	২	২
ওয়ার্ড নং-৬	-	-	১	১	-	৪	৬
ওয়ার্ড নং-৭	২	৫	-	৩	৫	১৫	৩০

অবস্থান	সরকারি হাসপাতাল	বেসরকারি হাসপাতাল	ডায়াবেটিক হাসপাতাল	ক্লিনিক	ডায়াগনস্টিক সেন্টার	অন্যান্য	মোট
ওয়ার্ড নং-৮	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-৯	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-১০	১	৫	-	-	২	১	৯
ওয়ার্ড নং-১১	-	১	-	-	-	-	১
ওয়ার্ড নং-১২	-	-	-	-	-	-	২
ওয়ার্ড নং-১৩	-	-	-	-	-	১	১
ওয়ার্ড নং-১৪	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-১৫	-	-	-	২	-	-	২
মোট	৩	১১	১	৭	৭	২৩	৫৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

সদর হাসপাতালের স্বাস্থ্যসেবার মান ভালো না। অনুমোদিত ২১ টি ডাক্তারের পদের মধ্যে ১৩ জন কর্মরত আছেন। তাদেরও সবসময় পাওয়া যায় না। তাই রোগীরা যথাযথ সেবা পায় না। ৫০ জন নার্সের মধ্যে ৩০ জন নিয়োজিত আছেন। একটিমাত্র এ্যম্বুলেন্স আছে তাও প্রায়ই অকেজো থাকে। ১২টি স্থায়ী টিকা কেন্দ্র এবং ৩২টি অস্থায়ী টিকা কেন্দ্র আছে।

সমস্যাঃ

স্বাস্থ্য সেবার সাধারণ সমস্যাগুলো নিম্নরুপ।

- বিশেষজ্ঞ ডাক্তাররা প্রতি সপ্তাহে এক বা দুই দিনের জন্য জেলার বাইরে থেকে আসেন। সুতরাং, জরুরী পরিস্থিতিতে রোগীরা তাদের পান না।
- স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য অতিরিক্ত অর্থ প্রদান করতে হয়।
- অদক্ষ এবং অনুপযুক্ত টেকনিশিয়ান দিয়ে স্বাস্থ্য সমস্যা নির্ধারণ।
- রোগীদের স্থান সংকুলান পর্যাপ্ত নয়।
- কখনও কখনও তারা ডায়াগনস্টিক পরিষেবাগুলিতে খুব আগ্রহী যদিও এটি গুরুত্বপূর্ণ নাও হতে পারে।।

৩.২.৬ অপর্যাপ্ত পানি সরবরাহ ব্যবস্থা

লক্ষ্মীপুরের ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক, আয়রন এবং ক্যালসিয়াম কার্বোনেটের পরিমাণ বেশি। এ জন্য মানুষ পৌরসভার পানি সরবরাহের উপর বেশি নির্ভরশীল। শহরে পৌরসভার ৬৪০৩ টি পানির সংযোগ আছে। এর মধ্যে ৯৭.২৪% আবাসিক সংযোগ। বাণিজ্যিক সংযোগ আছে ২.৭৬%। তিনটি ওভারহেড ট্যাংক আছে। প্রত্যেকটিতে ১৪৮০ কিউবিক মিটার ধারন ধারণ ক্ষমতা আছে। প্রতি দিন ৬ ঘন্টা পানি সরবরাহ করা হয়। প্রতিদিন ১২০০০ কিউবিক মিটার পানির চাহিদার বিপরিতে সরবরাহ করা হয় ৩৮০০ কিউবিক মিটার।

সমস্যাঃ

বিদ্যমান পানি সরবরাহ মাত্র ৩৩% চাহিদা পূরণ করতে পারে। অবশিষ্ট চাহিদা গভীর নলকূপের সাহায্যে পূরণ করা হয়। গোসল বা ধোয়ার জন্য পুকুরের পানি ব্যবহার করা হয়। দরিদ্র এবং সাধারণ মানুষ রাস্তার পাশের পৌর পানির কল থেকে পানি সংগ্রহ করে থাকে। তবে শুধু ভূগর্ভস্থ পানি ব্যবহার করা হয় বলে এক সময় পানির অভাব দেখা দিতে পারে। কারণ শহরে প্রচুর রাস্তা এবং ভবন নির্মিত হওয়ায় বৃষ্টির পানি ভূ-গর্ভের পানির স্তরে প্রবেশ করতে পারে না।

৩.২.৭ বর্জ্য ব্যবস্থাপনা সমস্যা

প্রতিদিন শহরে প্রায় ২০ টন বর্জ্য উৎপাদিত হয়। পৌরসভার বর্তমান বর্জ্য ব্যবস্থাপনা শহরের মাত্র ৬৩% বর্জ্য সংগ্রহ এবং অপসারণ করতে পারে। এগুলো ভ্যান এবং ট্রাক দিয়ে সংগ্রহ করা হয়। বাড়ি থেকে বর্জ্য সংগ্রহ করার কোন পদ্ধতি

শহরে নেই। শহরের নির্দিষ্ট বিন থেকে ট্রাক এবং ভ্যান দিয়ে বর্জ্য সংগ্রহ করা হয়। বর্জ্য ভোলা-বরিশাল সড়কের পাশে ল্যান্ডফিল সাইটে ফেলা হয়।

বর্জ্য ব্যবস্থাপনার সমস্যাগুলো নিম্নরুপঃ

- যেখানে সেখানে ফেলা বর্জ্য জনস্বাস্থ্যের জন্য হুমকি। এটি শহরের সৌন্দর্য হানি করছে।
- ড্রেনে বর্জ্য ফেলার কারণে ড্রেনে পানি প্রবাহ অচল হয়ে পড়ায় জলাবদ্ধতা হচ্ছে।
- খাল ও জলাভূমিতে বর্জ্য ফেলায় জনস্বাস্থ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে।

৩.২.৮ জলাভূমি হ্রাস

জরিপ থেকে শহরে ৩৯.১৬ কি.মি. খাল পাওয়া গিয়েছে যা প্রাইমারি ড্রেন হিসাবে কাজ করে থাকে। এ ছাড়া শহরে ২৪১৮ টি পুকুর এবং ৫টি ডোবা আছে। কিন্তু এ সমস্ত জলাশয়গুলো হুমকির মুখে। শহরের প্রধান খাল রহমতখালি খাল পলি পড়ে ভরাট হয়ে যাচ্ছে। নৌ চলাচল করতে পারে না। খালের পারে বাড়িঘর তৈরী হচ্ছে। এতে খাল হুমকির মুখে। এখন খালে পানি প্রবাহ খুব কম। মানুষ খালে বর্জ্য ফেলছে। এতে দূষণ তৈরী হচ্ছে এবং পরিবেশ নষ্ট হচ্ছে। অন্যান্য জলাভূমিগুলোও এভাবে নষ্ট হয়ে যাচ্ছে। এতে শহরের পরিবেশ হুমকির মুখে পড়তে যাচ্ছে।

সমস্যা সমূহ

১. রহমতখালী খালের দুই পাড়ে অবৈধ দখলের কারণে স্বাভাবিক পানি প্রবাহ নষ্ট হয়ে নাব্যতা সংকট দেখা দিয়েছে।

২. অবৈধ দখলের কারণে রহমতখালী খালের পানির গুণগত মান নষ্ট হয়ে গিয়েছে। প্রতিনিয়তই এই খালের পানি থেকে চারপাশের এলাকায় দুর্গন্ধ ছড়িয়ে পড়ছে, ফলে এলাকার সামগ্রিক পরিবেশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই খাল এখন মশা জন্মানোর চারণভূমিতে পরিণত হয়েছে। এই খালের পানি ব্যবহারের ফলে এলাকাবাসীর মধ্যে পানিবাহিত রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। কিছু কিছু জায়গায় খালের প্রশস্ততা এতই কম যে খালের অস্তিত্বই খুঁজে পাওয়া দুষ্কর হয়ে পড়েছে।

৩. অন্যান্য জলাশয় সমূহও বৃষ্টির পানি ধারণ করার ক্ষমতা হারিয়ে ফেলেছে যার ফলে এলাকাবাসী বৃষ্টির পানির সুষম ব্যবহার করতে পারছে না।

৩.৩ ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যা প্রবৃদ্ধি

জনসংখ্যা অভিক্ষেপ উন্নয়নের প্রক্রিয়া ও দীর্ঘমেয়াদী উন্নয়নের দিকনির্দেশনা প্রদানে সাহায্য করে। যেহেতু মানুষের জন্য উন্নয়ন তাই ভবিষ্যতের নির্দিষ্ট সময়ে মানুষের সংখ্যা জানা অত্যাবশ্যক।

৩.৩.১ জনসংখ্যা অভিক্ষেপ

জনসংখ্যা অভিক্ষেপের জন্য ব্যবহৃত পদ্ধতি

পরিকল্পনা প্রক্রিয়ার মধ্যে সবচেয়ে কঠিন কাজ হলো একটি এলাকায় ভবিষ্যতের নির্দিষ্ট কোন সময়ের অভিক্ষেপকে জনসংখ্যার পরিমান হিসাব করা। সেকেন্ডারি উৎস থেকে পাওয়া জনসংখ্যার তথ্য বিশেষ করে লক্ষ্মীপুর পৌরসভার জন্য প্রাপ্ত তথ্য খুবই অস্পষ্ট। এজন্য চুড়ান্ত অভিক্ষেপের জন্য বিভিন্ন সময়ে বিশেষজ্ঞ ও বিবিএস কর্মকর্তাদের সাথে আলোচনা করা হয়েছে। কম্পাউন্ড রেট অফ গ্রোথ মেথড (Compound Rate of Growth Method)- এর মাধ্যমে ২০১১ সালের আদমশুমারি থেকে প্রাপ্ত জনসংখ্যার ক্রমবৃদ্ধির হার অনুসারে ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার একটি অভিক্ষেপ করা হয়েছে।

জনসংখ্যা পরিবর্তনের ৪ টি মূল উপাদান হলঃ

- জন্ম
- মৃত্যু
- অভিবাসন
- অভিবাসন/দেশান্তর

মৃত্যুহারের চেয়ে অধিক জন্মহার জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধি ঘটায় এবং জন্মহারের চেয়ে অধিক মৃত্যুহার জনসংখ্যার স্বাভাবিক হ্রাস ঘটায়। অভিবাসন ও প্রবসনের পার্থক্যই হল গড় অভিবাসনের পরিমাণ।

জনসংখ্যার অভিক্ষেপ বিভিন্ন ভাবে হতে পারে। কিছু হল রৈখিক বৃদ্ধি যেখানে জনসংখ্যা অভিক্ষেপে একটি সরলরেখা ব্যবহার করা হয় যেখানে ধরে নেওয়া হয় যে, বৃদ্ধির হার হচ্ছে ধ্রুবক যা একটি নির্দিষ্ট সময়ের পর একইভাবে পরিবর্তিত হয়। সূচকীয় বৃদ্ধির ক্ষেত্রে, বৃদ্ধির হারটি ধ্রুব হলেও চলমান ক্রমবৃদ্ধি ঘটে। কোহর্ট মেথড (cohort component method) – এ জনসংখ্যাকে বয়সের ভিত্তিতে নির্ণয় করা হয়। এই পদ্ধতিগুলোর জন্য সঠিক তথ্য এবং পৌনপুনিক ধ্রুবক প্রয়োজন, যা পাওয়া এই দেশে খুবই কষ্টসাধ্য ব্যাপার। এই কারণে এখানে কম্পাউন্ড গ্রোথ রেট পদ্ধতি ব্যবহার করা হয়েছে।

প্রকল্প এলাকায় ভবিষ্যৎ জনসংখ্যা অভিক্ষেপের জন্য নিম্নোক্ত গাণিতিক সূত্র ব্যবহার করা হয়েছেঃ

$$P_n = P_o (1+ r)^n$$

যেখানে,

P_o= ভিত্তি বছরে জনসংখ্যা,

P_n= অভীষ্ট বছরে প্রাক্কলিত জনসংখ্যা,

n= মধ্যবর্তী বছরসংখ্যা,

r= বার্ষিক ক্রমবৃদ্ধির হার।

পূর্বধারণা

চলমান সমীক্ষার উদ্দেশ্য হল লক্ষ্মীপুর পৌরসভার জন্য ২০৩৭ সাল পর্যন্ত, ২০০১ থেকে ২০১১ সালের জনসংখ্যার ভিত্তিতে, জনসংখ্যার প্রাক্কলন করা। কিছু পূর্বানুমানের ভিত্তিতে প্রথমে ভিত্তি বছরের জনসংখ্যা ব্যবহার করে, ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার অভিক্ষেপ করা হয়েছে। সাধারণভাবে পূর্বের জনসংখ্যার বৃদ্ধির গতিধারার ভিত্তিতে এবং ভবিষ্যতে উন্নয়নের সম্ভাবনাকে বিবেচনা করে প্রাক্কলন করা হয়।

এক্ষেত্রে যেসব গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করা হয় সেগুলো হলোঃ

- স্বাভাবিক বৃদ্ধি;
- জনসংখ্যার বিন্যাস, বিশেষত বিভিন্ন বয়স শ্রেণীর বিন্যাস;
- গড় অভিবাসন;
- বিদ্যমান শহরের সাথে নতুন এলাকার সংযুক্তি;
- থ্রি টায়ার গ্রোথ রেট যেমন নিম্ন, মধ্যম ও উচ্চ স্তরের ক্রমবৃদ্ধির হার নির্ধারণ;
- ৩০% সমন্বয় গুণনীয়ক ব্যবহার করা।

জনসংখ্যা অভিক্ষেপের ফলাফল

উপরোক্ত গাণিতিক সূত্রের ভিত্তিতে ৫ বছর অন্তর অন্তর ২০৩৭ সাল পর্যন্ত প্রকল্প এলাকায় ওয়ার্ড ভিত্তিক জনসংখ্যার অভিক্ষেপ করা হয়েছে। যেহেতু ২০১১ সালের তথ্য খুব সহজেই পাওয়া গেছে তাই ২০১১ সালকে ভিত্তি বছর হিসেবে ধরা হয়েছে।

বিবিএস ২০১১ অনুসারে লক্ষ্মীপুর পৌরসভার ওয়ার্ড সংখ্যা ১২ এবং জনসংখ্যা ৮৩১১২ নতুন যুক্ত হওয়া ওয়ার্ড নং ১৩, ১৪ ও ১৫ সংশ্লিষ্ট মৌজার জনসংখ্যা বিবেচনা করে মোট জনসংখ্যা হয় ১১৫৭৯৩ এবং মোট আয়তন ৬৬৪৭.৭৯ একর।

জনসংখ্যার ক্রমবৃদ্ধির হার ২.৬৫% অনুসারে লক্ষ্মীপুর পৌরসভার জনসংখ্যা ২০১৭ সালে ১৩৫৪৫৪ জন এবং ২০৩৭ সালের প্রাক্কলিত জনসংখ্যা ২২৮৪৬৯ জন হবে। প্রকল্প এলাকাতে ২০৩৭ সালে জনসংখ্যার গড় ঘনত্ব হবে ৩৪ জন/একর (person per acre)। ২০৩৭ সালে ওয়ার্ড নং ৬ এ জনসংখ্যার ঘনত্ব সবচেয়ে বেশি হবে (৭৮ জন/একর) যেখানে ওয়ার্ড নং ১২ এ ২০১৭ সালে ৯ জন/একর এবং ওয়ার্ড নং ১১ এ ১১ জন/একর। বিস্তারিত ***সারণি ৩-২*** দ্রষ্টব্য।

সারণি ৩-২: প্রকল্প এলাকাতে ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যার ঘনত্বের অভিক্ষেপ

*ওয়ার্ড	এলাকা (বর্গ কি.মি.)	জনসংখ্যা ২০১১	গ্রোথ রেট	জনসংখ্যা ২০১৭	জন/একর ২০১৭	জনসংখ্যা ২০২২	জনসংখ্যা ২০২৭	জনসংখ্যা ২০৩২	জনসংখ্যা ২০৩৭	জন/একর ২০৩৭
০১	৪০৪.৩৬	৬৭৮৭		৭৯৩৯	২০	৯০৪৮	১০৩১১	১১৭৫১	১৩৩৯১	৩৩
০২	৩৩২.৪৭	৮২৬৬		৯৬৭০	২৯	১১০২০	১২৫৫৮	১৪৩১১	১৬৩১০	৪৯
০৩	৫০০.২৩	৭৪২৩		৮৬৮৩	১৭	৯৮৯৬	১১২৭৭	১২৮৫২	১৪৬৪৬	২৯
০৪	৩৭১.১৩	৫৮২০		৬৮০৮	১৮	৭৭৫৯	৮৮৪২	১০০৭৭	১১৪৮৩	৩১
০৫	১৮০.৬৪	৫৭১৪		৬৬৮৪	৩৭	৭৬১৭	৮৬৮১	৯৮৯৩	১১২৭৪	৬২
০৬	২০০.২৪	৭৯৩২		৯২৭৯	৪৬	১০৫৭৪	১২০৫১	১৩৭৩৩	১৫৬৫১	৭৮
০৭	২৫৭.৮৪	৮৬৯৮		১০১৭৫	৩৯	১১৫৯৫	১৩২১৪	১৫০৫৯	১৭১৬২	৬৭
০৮	২৬৫.৭৪	৭০৬৯	২.৬৫%	৮২৬৯	৩১	৯৪২৪	১০৭৪০	১২২৩৯	১৩৯৪৮	৫২
০৯	৪৯৫.৮৮	৬৪৭৭		৭৫৭৭	১৫	৮৬৩৫	৯৮৪০	১১২১৪	১২৭৮০	২৬
১০	৪৫০.৮৭	৭৪৯২		৮৭৬৪	১৯	৯৯৮৮	১১৩৮২	১২৯৭১	১৪৭৮২	৩৩
১১	৬৫১.৮৩	৬২৯৪		৭৩৬৩	১১	৮৩৯১	৯৫৬২	১০৮৯৭	১২৪১৯	১৯
১২	৬৪১.৮৩	৫১৪০		৬০১৩	৯	৬৮৫২	৭৮০৯	৮৮৯৯	১০১৪২	১৬
১৩	৩৭৭.৪	৬৫১০		৭৬১৫	২০	৮৬৭৮	৯৮৯০	১১২৭০	১২৮৪৪	৩৪
১৪	৮০১.২৭	১৩৮২১		১৬১৬৭	২০	১৮৪২৪	২০৯৯৭	২৩৯২৮	২৭২৬৯	৩৪
১৫	৭১৬.০৪	১২৩৫০		১৪৪৪৭	২০	১৬৪৬৫	১৮৭৬৩	২১৩৮৩	২৪৩৬৮	৩৪
মোট	৬৬৪৭.৭৯	১১৫৭৯৩		১৩৫৪৫৪	২০	১৫৪৩৬৫	১৭৫৯১৭	২০০৪৭৮	২২৮৪৬৯	৩৪

তথ্যসূত্রঃ বিবিএস ২০০১ ও ২০১১ এবং পরামর্শক কর্তৃক

** বিবিএস ২০১১ তে ১২ টি ওয়ার্ডের তথ্য দেয়া রয়েছে। পরামর্শক ১৫ টি ওয়ার্ডের জনসংখ্যা অভিক্ষেপের জন্য নতুন যুক্ত হওয়া ৩ টি ওয়ার্ডের সংশ্লিষ্ট মৌজা থেকে জনসংখ্যা ও আয়তন সংগ্রহ করেছেন।*

***যেহেতু মৌজার জনসংখ্যা এবং আয়তন এখানে যুক্ত করা হয়েছে তাই তা অধ্যায় ২ থেকে ভিন্ন হবে।*

আগামী ২০ বছরের জন্য জনসংখ্যার পরিকল্পিত বণ্টনকে নিম্নোক্ত ভাবে করা যেতে পারেঃ

১। শহরের কেন্দ্র/মূল বাজার এর নিকটবর্তী সবগুলো ওয়ার্ডের ঘনত্ব বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে (ওয়ার্ড ৬ এবং ৭)।
২। যেসব ওয়ার্ডের রাস্তার সংযোগ খুব ভালো সেগুলোর বৃদ্ধি খুব দ্রুত হবে যেমন ওয়ার্ড ১১ ও ১২।

চতুর্থ অধ্যায় সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা

সূচিপত্র

৪.১ ভূমিকা ---------- ৪-১
৪.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯---------- ৪-১
৪.৩ মহানগর, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০---------- ৪-১
৪.৩.১ মহাপরিকল্পনার প্রচার ----------৪-১
৪.৩.২ মহাপরিকল্পনায় খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধারের শর্তাবলী পরিবর্তন ---------- ৪-২
৪.৩.৩ আইন লংঘনের জন্য শাস্তিমূলক ব্যবস্থা ---------- ৪-২
৪.৩.৪ মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা---------- ৪-২
৪.৪ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১০-২০১৫---------- ৪-২
৪.৫ জাতীয় 3R (REDUCE, RECYCLE & REUSE) বর্জ্য ব্যবস্থাপনা কৌশল, ২০১০ ---------- ৪-৩
৪.৫.১ **3R** প্রচারের কৌশল---------- ৪-৩
৪.৫.২ মহাপরিকল্পনার সাথে এই ব্যবস্থাপনা কৌশল এর প্রাসঙ্গিকতা ---------- ৪-৪
৪.৬. জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯ ---------- ৪-৪
৪.৬.১ কৌশল ও কর্ম পরিকল্পনা ---------- ৪-৪
৪.৬.২ পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তনের প্রতিবন্ধকতা ---------- ৪-৫
৪.৬.৩ মহাপরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতা---------- ৪-৫
৪.৭ বাংলাদেশ পানি আইন, ২০১৩---------- ৪-৬
৪.৭.১ আইনের বিস্তারিত ---------- ৪-৬
৪.৭.২ মহাপরিকল্পনার সাথে আইনের প্রাসঙ্গিকতা ---------- ৪-৭

চতুর্থ অধ্যায়
সংশ্লিষ্ট জাতীয় আইন, নীতি ও পরিকল্পনা পর্যালোচনা

৪.১ ভূমিকা

লক্ষ্মীপুর পৌরসভার মহাপরিকল্পনা প্রতিবেদনের চতুর্থ অধ্যায়ে চলমান পরিকল্পনা সংশ্লিষ্ট কিছু জাতীয় আইন, নীতি ও পরিকল্পনার পর্যালোচনা করা হয়েছে।

৪.২ স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯

স্থানীয় সরকার আইন ২০০৯ পৌরসভার মৌলিক আইন। এই আইনের মধ্যে পৌরসভা গঠন ও পরিচালনা করার জন্য সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা রয়েছে। এই আইনের উপর ভিত্তি করে সরকার পৌরসভা প্রতিষ্ঠা করে থাকে, পৌরসভাকে তার কর বৃদ্ধির ক্ষমতা সহ পৌরসভা পরিচালনার জন্য দায়িত্ব ও ক্ষমতা প্রদান করেছে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর তফসিল -২ এর অনুচ্ছেদ -৩২ এ পৌরসভাকে পৌর এলাকার মহাপরিকল্পনা তৈরির জন্য ক্ষমতা প্রদান করা হয়েছে।

এই আইনে 'সাইট ডেভেলপমেন্ট স্কিম' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৩), 'সাইট ডেভেলপমেন্ট স্কিম এর কার্যবিবরণ' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৪), 'বিল্ডিং নির্মাণ ও পুনঃনির্মাণ' (তফসিল -২ এর অনুচ্ছেদ -৩৫), 'বিল্ডিং সমাপ্তি ও বিল্ডিং এর পরিবর্তন' (তফসিল-২ এর অনুচ্ছেদ -৩৬), 'রেগুলেশন অফ বিল্ডিং' (তফসিল-২ এর অনুচ্ছেদ -৩৭) তৈরির বিধান রয়েছে।

মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

এই আইনটি পৌরসভা এবং মহাপরিকল্পনা এর সাথে সম্পর্কিত। আইনটি পৌরসভা প্রতিষ্ঠাসহ তার সমস্ত দায়িত্ব ও কার্যবিধি পালন এবং মহাপরিকল্পনা প্রস্তুত করার জন্য ক্ষমতা প্রদান করেছে। এই আইন বলে পৌরসভা মহাপরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নের ক্ষমতাপ্রাপ্ত হয়েছে।

৪.৩ মহানগর, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০

এই আইনের প্রধান প্রধান বৈশিষ্ট্য গুলো নিম্নরুপঃ

৪.৩.১ মহাপরিকল্পনার প্রচার

এই আইনে মহাপরিকল্পনা প্রণয়নের পর পৌরসভাকে পরিকল্পনার বিষয়বস্তু সম্পর্কে জনগণকে অবহিত করার জন্য ব্যাপক স্তরে প্রচার চালাতে বলা হয়েছে। এই আইন বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ মূল্যে মহাপরিকল্পনার অনুলিপি বিক্রি করবে। এই আইনে বলা হয়েছে যে, মহাপরিকল্পনা শুধু পরিকল্পনার প্রস্তাবনাকেই বর্ণনা করবে না, সাধারণ জনগণের কাছে উন্নয়নের বিষয়ে তাদের দায়িত্ব সম্পর্কে বার্তাও প্রদান করবে।

৪.৩.২ মহাপরিকল্পনায় খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধারের শর্তাবলী পরিবর্তন

এই আইন মহাপরিকল্পনায় নির্ধারিত খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাধার পরিবর্তনের ক্ষেত্রে শর্ত প্রদান করতে বলেছে। মহাপরিকল্পনায় এ সমস্ত বিষয়ে কোনও পরিবর্তন করার আগে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন নিতে বলা হয়েছে। আইনে উপরের স্থাপনাগুলোর ভাড়া, লিজ দেওয়া ও হস্তান্তর নিষিদ্ধ করা হয়েছে। বলা হয়েছে কোন মূল্যেই মহাপরিকল্পনায় প্রস্তাবিত খেলার মাঠ, উন্মুক্ত উদ্যান এবং প্রাকৃতিক জলাশয় ভাড়া বা লিজ দেওয়া বা হস্তান্তর করা যাবে না।

৪.৩.৩ আইন লংঘনের জন্য শাস্তিমূলক ব্যবস্থা

এই আইনের কোন বিধান লংঘনের জন্য সর্বোচ্চ ৫ বছরের কারাদণ্ড বা ৫০ হাজার টাকা জরিমানা নির্ধারণ করা হয়েছে এবং এই আইনের নিয়ম ভঙ্গ করে উপরোক্ত স্থানগুলোতে অন্য কোন উন্নয়নমূলক কর্মকাণ্ড করা হলে আদালতের রায় অনুযায়ী তা বাজেয়াপ্ত করা হবে। জনস্বার্থে মাঠ, উন্মুক্ত উদ্যান ও প্রাকৃতিক জলাধারের অস্তিত্বকে সুরক্ষিত করার জন্য এই আইন তৈরি করা হয়েছে।

এই আইন নগর উন্নয়ন সংক্রান্ত প্রাসঙ্গিক জাতীয় নীতি ও বিধান বিশ্লেষণ এবং চলমান পরিকল্পনার জন্য সম্ভাব্য সুযোগ খুঁজে বের করে এবং চলমান নীতিমালার সীমাবদ্ধতা ও দুর্বলতা খুঁজে বের করে পৌরসভার উন্নয়ন ও পরিচালনার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেয়।

৪.৩.৪ মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

উপরোক্ত আইনটি বর্তমান মহাপরিকল্পনার জন্য অত্যন্ত প্রাসঙ্গিক। মহাপরিকল্পনায় পৌরসভার রহমতখালি খাল ও সকল গুরুত্বপূর্ণ পুকুর ও দীঘিগুলো সংরক্ষণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এই আইনে যে জলাশয়গুলো ব্যবহারযোগ্যতা ও পরিবেশগত শুদ্ধতার জন্য অপরিহার্য সেগুলো সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদান করবে। এই আইনের বিধি প্রয়োগ করে পৌরসভা এবং প্রাসঙ্গিক সংস্থাগুলো বিশেষ রাষ্ট্রীয় জলাধারগুলোর অবৈধ দখল ও ভরাট করা প্রতিরোধ করতে পারবে।

৪.৪ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১০-২০১৫

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো কর্তৃক ২০১০ সালের এপ্রিলে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০০৮-২০১৫ প্রণীত হয়। জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য দুর্যোগ সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ বিষয় যেমন, ঝুঁকি হ্রাস, ক্ষমতা নির্মাণ, জলবায়ু পরিবর্তন অভিযোজন, জীবনযাত্রার সুরক্ষা, লিঙ্গ, মূলধারা, সম্প্রদায়ের ক্ষমতায়ন ও পুনরুদ্ধার ব্যবস্থাপনার লক্ষ্য অর্জন নিশ্চিত করা। পরিকল্পনাটি দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম সমন্বয় এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকল সংস্থার কাছে একটি মৌলিক নির্দেশিকা হিসেবে কাজ করে।

দেশের বিভিন্ন স্তরে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক দায়বদ্ধতা প্রতিষ্ঠা এই পরিকল্পনার একটি উদ্দেশ্য। এতে দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং নির্দিষ্ট ঝুঁকির বিভিন্ন স্তরের পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে যা পরিকল্পনাটিকে ঝুঁকি হ্রাস ও টেকসই উন্নয়ন অর্জনের জন্য স্বতন্ত্র হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

পরিকল্পনাটি প্রস্তুত করার জন্য একটি অংশগ্রহণমূলক পদ্ধতি গ্রহণ করা হয়। পরিকল্পনার নকশা করার আগে বিভিন্ন শ্রেণির সুবিধাভোগীদের সাথে আলোচনা করা হয়েছিল। একইভাবে এটি স্থানীয়, জাতীয় এবং আঞ্চলিক পর্যায়ের প্রতিষ্ঠানের সাথে কার্যকর অংশীদারিত্বের মাধ্যমে একটি রোড ম্যাপ তৈরি করেছে। আশা করা হচ্ছে যে এই পরিকল্পনাটি দুর্যোগ মোকাবেলায় আঞ্চলিক ও জাতীয় নেটওয়ার্ক এর উন্নয়ন ও শক্তিশালীকরণে অবদান রাখবে।

জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ২০১০ এর মূল বিষয়বস্তু নিচে দেয়া হল,

- দুর্যোগ ব্যবস্থাপনার রূপকল্প;
- পরিকল্পনার উদ্দেশ্য;
- পরিকল্পনার কৌশলগত লক্ষ্য;
- জরুরী অপারেশন ও ঝুঁকি হ্রাসে সংশ্লিষ্ট সংস্থার ভূমিকা এবং দায়িত্ব - দুর্যোগ ব্যবস্থাপনা নিয়ন্ত্রণমূলক কাঠামো।

পরিকল্পনাটি দুর্যোগ ও এর ব্যবস্থাপনায় একটি দীর্ঘমেয়াদী কৌশলগত লক্ষ্য প্রদান করে। পরিবর্তনের জন্য জাতীয় এবং আন্তর্জাতিক চালকের সাথে এটি সরকারের রূপকল্প, মূল ফলাফলের এলাকা এবং শ্রেণিবদ্ধ অগ্রাধিকার ও কৌশল এর সম্পর্ক প্রদর্শন করে। এটি বিভিন্ন সংস্থার দ্বারা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য একটি দিক নির্দেশনাও প্রদান করে। পরিকল্পনাটি অন্যান্য মন্ত্রণালয়, বিভিন্ন প্রশাসনিক স্তরে ব্যবস্থাপনা পরিকল্পনা, যেমন, জেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং পৌরসভা/সিটি কর্পোরেশন এর দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাও প্রকাশ করে। এছাড়াও এই পরিকল্পনা বিভিন্ন মন্ত্রণালয়ের বিভিন্ন পরিকল্পনা ও উন্নয়ন প্রকল্পে দুর্যোগের উপাদান অন্তর্ভুক্ত করার সুপারিশ করে।

এই পরিকল্পনা এনজিও, সুশীল সমাজ এবং বেসরকারি খাতকে দুর্যোগ ব্যবস্থাপনার কৌশলগত লক্ষ্যসমূহ বাস্তবে রূপায়নের জন্য তাদের দায়বদ্ধতা এবং উপায়গুলো নির্ধারণ করে দেয়।

মহাপরিকল্পনার সাথে এই আইনের প্রাসঙ্গিকতা

বাংলাদেশ বিশ্বের অন্যতম দুর্যোগ প্রবণ দেশ। প্রতি বছর এ দেশের গ্রাম ও শহর এলাকায় বিভিন্ন ধরণের দুর্যোগ আঘাত হানে। এই পরিকল্পনা দুর্যোগের ক্ষতিকর প্রভাব কমানোর জন্য প্রাক দুর্যোগ নীতি ও দুর্যোগ পরবর্তী প্রশমনের নকশা তৈরি করতে সাহায্য করবে। এই পরিকল্পনা অনেক বিষয় মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে।

৪.৫ জাতীয় 3R (Reduce, Recycle & Reuse) বর্জ্য ব্যবস্থাপনা কৌশল, ২০১০

জাতীয় 3R বর্জ্য ব্যবস্থাপনা কৌশল, ২০১০ পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত। 3R কৌশল এর উদ্দেশ্য হল ২০১৫ এর মধ্যে উন্মুক্ত আঁস্তাকুড়, নদী ও প্লাবন ভূমিতে বর্জ্য নিস্কাশন পুরোপুরিভাবে বর্জন করা এবং উৎস থেকে বর্জ্য পৃথকীকরণ এর মাধ্যমে পুনঃব্যবহারে উন্নীত করা ও পুনঃব্যবহৃত পণ্যের জন্য বাজার তৈরি করা ও বর্জ্য পুনঃব্যবহারের জন্য উৎসাহ প্রদান করা।

৪.৫.১ 3R প্রচারের কৌশল

জাতীয় 3R প্রচারের কৌশলগুলোর প্রধান বৈশিষ্ট্যঃ

- বর্জ্য পুনর্ব্যবহার এর মাধ্যমে বর্জ্য পরিহার/হ্রাস এবং সব ধরণের পরিবেশগত স্বাস্থ্যকর নিষ্কাশনকে গুরুত্ব দেয়া।
- যতদূর সম্ভব অলাভজনক বর্জ্য পুনঃব্যবহার করা।
- পরিবেশ বান্ধব কাঁচামাল ব্যবহার করা।
- সম্ভাব্য ন্যূনতম স্তরে বিপজ্জনক সামগ্রী বজায় রাখা।
- মনুষ্য অস্তিত্ব রক্ষা করার মৌলিক পূর্বশর্ত হিসেবে পরিবেশ সংরক্ষণ এবং জীব বৈচিত্র্যকে সংরক্ষণ এবং স্বাস্থ্যসম্মত বর্জ্য ব্যবস্থা নিশ্চিত করে একটি পরিবেশগতভাবে স্বাস্থ্যকর অবশিষ্টাংশ বর্জ্যের ব্যবস্থা এবং নিষ্পত্তি নিশ্চিতকরণ।

৪.৫.২ মহাপরিকল্পনার সাথে এই ব্যবস্থাপনা কৌশল এর প্রাসঙ্গিকতা

শহর এলাকায় উৎপাদিত বিশাল পরিমাণ কঠিন বর্জ্যের নিষ্কাশন এবং ডাম্পিং কোন কার্যকর সমাধান নয়। বর্জ্য ব্যবস্থার টেকসই সমাধানের জন্য অবশ্যই বিকল্প উপায় থাকতে হবে। ব্যবস্থাপনা কৌশল বর্জ্য ব্যবস্থাপনার টেকসই সমাধানের উত্তম সুপারিশ প্রদান করা হয়েছে যা মহাপরিকল্পনাকে বর্জ্য সমস্যার সমাধান করতে সাহায্য করবে।

৪.৬. জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা ২০০৯, পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রণয়ন করা হয়। জলবায়ু পরিবর্তনজনিত কারনে বাংলাদেশ বর্তমানে পৃথিবীতে সবচেয়ে ঝুঁকিপূর্ণ এলাকা। জলবায়ু পরিবর্তনের সাথে সাথে সম্ভবত আগামী বছরগুলোতে বন্যা, গ্রীষ্মমন্ডলীয় ঘূর্ণিঝড়, ঝড়বৃষ্টি এবং খরা আরও গভীর ও তীব্র হয়ে উঠবে যার ফলে দেশের গুরুত্বপূর্ণ অর্জন হুমকির সম্মুখীন হতে পারে। এটি এমডিজি সহ ক্রমবর্ধমান আয় ও দারিদ্র্য দূরীকরণ অর্জনকে আরো পিছিয়ে দিতে পারে।

গত ৩৫ বছরে, বন্যা ব্যবস্থার পরিকল্পনা, উপকূলীয় বাঁধা, ঘূর্ণিঝড় ও বন্যা আশ্রয়কেন্দ্র এবং সড়ক ও মহাসড়ক সমূহকে বন্যার পানির স্তর থেকে উচ্চ পর্যায়ে নির্মাণে ১০ বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে। বন্যা, ঘূর্ণিঝড় ও ঝড় বৃষ্টি এবং একটি সমাজ ভিত্তিক দুর্যোগ প্রস্তুতি ব্যবস্থার জন্য সতর্কতা ব্যবস্থা উন্নত করা হয়েছে। দুর্যোগ সহনীয় বিভিন্ন ধান ও অন্যান্য ফসলও উদ্ভাবন করা হয়েছে।

৪.৬.১ কৌশল ও কর্ম পরিকল্পনা

জলবায়ু পরিবর্তন কর্ম পরিকল্পনা ৬ টি স্তম্ভের উপর ভিত্তি করে তৈরিঃ

- খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা এবং স্বাস্থ্য
- সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা
- অবকাঠামো
- গবেষণা এবং জ্ঞান ব্যবস্থাপনা
- কম কার্বন উৎপাদন এবং প্রশমন
- সক্ষমশীলতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালীকরণ

জলবায়ু পরিবর্তন কর্ম পরিকল্পনা ১০ বছর মেয়াদী একটি কার্যক্রম (২০০৯-২০১৮) এবং পূর্বে উল্লিখিত স্তম্ভের ভিতরে, ৪৪টি কার্যক্রম বাস্তবায়ন করার জন্য চিহ্নিত করা হয়েছে।

সারণি ৪-১: জলবায়ু পরিবর্তনের ফলে কর্মপরিকল্পনা

ক্রমিক নং	মূল ভাবনা	কৌশল
১	খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা এবং স্বাস্থ্য	সবচেয়ে গরীব এবং সমাজে নারী ও শিশুদের সহ সর্বাধিক ঝুঁকিপূর্ণ সবাইকে জলবায়ু পরিবর্তনের প্রভাব থেকে নিরাপদ রাখা শুনিশ্চিত করতে হবে এবং সকল কার্যক্রমের উদ্দেশ্য এই গোষ্ঠির সকল ধরনের চাহিদা যেমন, খাদ্য নিরাপত্তা, নিরাপদ বাসস্থান, চাকরি এবং স্বাস্থ্য সহ সকল ধরনের মৌলিক সুবিধার অধিকার।
২	সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা	যেসকল দুর্যোগ ব্যবস্থাপনা কৌশলগুলো ইতিমধ্যে সফল হয়েছে সেগুলো ক্রমবর্ধমান এবং জোরদার করতে হবে।
৩	অবকাঠামো	বর্তমান স্থাপনা (যথা, সমুদ্র তীরবর্তী ও নদীর বাঁধ) সংরক্ষণ ও কাজের উপযোগী হিসেবে নিশ্চিত করতে হবে এবং জরুরী অবকাঠামোগুলোর (সাইক্লোন শেলটার ও ড্রেনেজ ব্যবস্থা) সঠিক অবস্থান নির্ধারণ করা যেন জল বায়ু পরিবর্তনের প্রভাব সামলানো সম্ভব হয়।

৪	গবেষণা এবং জ্ঞান ব্যবস্থাপনা	অর্থনৈতিক ও আর্থসামাজিক সেক্টরে জলবায়ু পরিবর্তনের প্রভাবের ফলে ভবিষ্যতের পরিস্থিতি ও সময় নির্ধারণ, ভবিষ্যতের বিনিয়োগ কৌশল নির্দেশনা,বাংলাদেশের বৈশ্বিক চলমান বৈজ্ঞানিক ধ্যানধারণার সাথে সংযুক্তিকরণ এবং সর্বোৎকৃষ্ট প্রায়োগিক জল বায়ু পরিবর্তন ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।
৫	কার্বন উৎপাদন কমানো এবং প্রশমন	সামনের দশকগুলোতে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে কার্বন উৎপাদন কমানোর পদ্ধতিগুলো এবং তাদের বাস্তবায়ন এবং এনার্জি বৃদ্ধির চাহিদা নির্ধারণ
৬	সক্ষমশীলতা বৃদ্ধি এবং প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালীকরণ	সরকারি মন্ত্রণালয় ও দপ্তর, সামাজিক এবং বেসরকারি সেক্টরগুলোকে জলবায়ু পরিবর্তনের প্রতিবন্ধকতা কাটিয়ে ওঠার জন্য সক্ষমতাবৃদ্ধি নিশ্চিত করতে হবে এবং তাদের প্রধান উন্নয়ন কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে হবে

একটি কর্ম পরিকল্পনায় "নগরের বর্জ্য এবং কার্বন উৎপাদন কমানো এবং প্রশমন" এই মূলভাবের আওতায় ব্যবস্থাপনা করার প্রস্তাব রাখা হয়েছে। কর্ম পরিকল্পনায় প্রস্তাবনাগুলো হলোঃ

- প্রথমত, শহরের বর্জ্য ফেলার জায়গাগুলো এমন ভাবে নকশা করতে হবে যাতে করে সকল নগর এলাকায় ময়লা থেকে উৎপাদিত মিথেন সংরক্ষণ করা যায়।
- দ্বিতীয়ত, ল্যান্ড ফিল সাইট থেকে মিথেন সংগ্রহ করে সিডিএম (CDM) পদ্ধতি ব্যবহার করে ছোট বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা।

৪.৬.২ পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তনের প্রতিবন্ধকতা

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে খাদ্যের চাহিদাও বৃদ্ধি পায় এবং জলবায়ু পরিবর্তনের জন্য সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগ দ্বারা খাদ্য উৎপাদন বিরূপভাবে প্রভাবিত হবে। দারিদ্র্য এবং প্রাকৃতিক সম্পদের সংরক্ষণ দুইটাই খুব কঠিন প্রক্রিয়া। দরিদ্রতা কমাতে এবং পরিবেশ সংরক্ষণ করতে কিছু বিষয়ে আলোকপাত করা দরকার, যেমন, সাধারন সম্পদের উপর সবার অধিকার; শস্য, মৎস্য, বনায়ন এবং গৃহপালিত পশু। পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা এবং সংরক্ষিত এলাকাগুলো সংরক্ষণ; বাস্তুতন্ত্র এবং জীববৈচিত্র্যের ক্ষতি; ভূমিক্ষয় এবং নদীভাঙ্গন; উপকূল এলাকা ব্যবস্থাপনা; বন্যা এবং খরা; এবং ভূগর্ভস্থ পানি হ্রাস। এখানে আরও কিছু বিষয় আছে যেমন, বৃহত্তর চট্টগ্রাম অনুমোদিত ও অবৈধভাবে পাহাড় কাটা বিশেষ করে রাঙামাটি, বান্দরবান এবং খাগড়াছড়ি এলাকায় সাম্প্রতিক ভূমি ধ্বসের প্রধান কারণ।

জীববৈচিত্র্যের রক্ষার জন্য জলাধারগুলো সংরক্ষণ করা খুবই জরুরী। এই জলাধারগুলো বর্ষার সময় শহর এলাকাকে জলাবদ্ধতার বিরূপ প্রভাব থেকে রক্ষা করে। জলাধারগুলোর সংরক্ষণ ড্রেনেজ ব্যবস্থাকে উন্নত করবে, বিশুদ্ধ পানি সরবরাহ করবে, খরা মৌসুমের জন্য পানি ধরে রাখার ক্ষমতা বৃদ্ধি পাবে, যা জীববৈচিত্র্য সংরক্ষণ এবং ভূগর্ভস্থ পানি রিচার্জ করতে সহায়তা করবে।

জলবায়ু পরিবর্তন কৌশল এবং কর্মপরিকল্পনা তৈরি করা হয় যাতে করে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে পারে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য রক্ষাকবচ হিসাবে কাজ করে।

৪.৬.৩ মহাপরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতা

জলবায়ু পরিবর্তনের দৃষ্টিকোণ থেকে কৌশল এবং নীতিমালাগুলো মহাপরিকল্পনার প্রণয়নের সাথে খুবই প্রাসঙ্গিক। দেশের যেকোনো প্রান্তেই উন্নয়নমুলক কর্মকাণ্ড ঘটুক না কেন জলবায়ু পরিবর্তনের বিষয়টি অবশ্যই তার সঙ্গে যুক্ত করতে হবে, যেহেতু পরিবর্তন ইতিমধ্যে শুরু হয়ে গেছে অথবা সমাগত। মহাপরিকল্পনার কৌশল বা নীতিমালায় এই ব্যাপারে দিকনির্দেশনা থাকতে হবে যাতে করে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য যথেষ্ট ব্যবস্থা গ্রহণ করা যায়।

কাঠামো পরিকল্পনা

৪.৭ বাংলাদেশ পানি আইন, ২০১৩

৪.৭.১ আইনের বিস্তারিত

সাম্প্রতিক জাতীয় জলনীতির আয়তায় পানি আইন ২০১৩ পাশ করা হয়েছে। এটা তৈরি করা হয়েছে যাতে বাংলাদেশের পানি সম্পদের সমন্বিত উন্নয়ন, ব্যবস্থাপনা, তোলা, সরবরাহ, ব্যবহার, রক্ষা করা এবং সংরক্ষণ করা যায়। আইনটি একটি সঠিক কাঠামো প্রদান করেছে যাতে করে দেশের পানি সম্পদ ভালোভাবে ব্যবস্থাপনা করা যায়।

প্রধানমন্ত্রী কে প্রধান করে উচ্চ পর্যায়ের জাতীয় পানি সম্পদ পরিষদ গঠনে (এখানে পরিষদ হিসেবে চিহ্নিত করা হয়েছে) করা হয়েছে এবং সরকার পানি সম্পদের মতো একটি গুরুতপূর্ণ বিষয়কে গুরুত্ব প্রদান করেছে। পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্বাহী কমিটি এই পরিষদ থেকে গৃহীত সিদ্ধান্তকে বাস্তবায়ন করবে।

আইনের সংক্ষিপ্ত পর্যালোচনা নিচে দেয়া হলোঃ

ক. এই আইনের আয়তায়, বাংলাদেশের সীমানার ভিতর যতধরণের পানি রয়েছে (যেমন, ভূপৃষ্ঠের পানি, ভূগর্ভস্থ পানি, সাগরের পানি এবং বায়ুমণ্ডলের পানি) রাষ্ট্রের মালিকানাধীন।

খ. ব্যক্তিগত ভূমির মালিকরা তাদের সম্পত্তির ভিতরের ভূপৃষ্টের পানি যে কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে

১. আইন অনুসারে বেশি পরিমানে পানি ব্যবহারের উদ্যোগ নিতে অনুমতি/ লাইসেন্স লাগবে।

২. গৃহস্থালি কাজের বাইরেও কোন সংগঠন বা ব্যক্তির পানি উত্তোলন করতে পারবে।

গ. পানি সম্পদ উত্তোলন, বিতরণ, ব্যবহার, উন্নয়ন, রক্ষা করা এবং সংরক্ষণ করা আইন সিদ্ধ নয়; তারা,

১. পূর্ব অনুমতি ছাড়া কোন খাঁড়ি বা নদীর প্রাকৃতিক গতি প্রকৃতি নষ্ট হয় এমন কোন কাঠামো তৈরি করা যাবে না।

২. একজন বা একটি সংগঠন দ্বারা ভূপৃষ্ঠ বা ভূগর্ভস্থ সর্বোচ্চ কি পরিমান পানি উত্তোলন করা যাবে তা আইনে উল্লেখ করা হয়নি।

ঘ. যেসব এলাকায় পানি সম্পদগুলো সঙ্কটপূর্ণ অবস্থায় রয়েছে সেখানে পানি ব্যবহারের উপর অগ্রাধিকার ক্রম তৈরি করা একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এখানে উল্লেখ করা প্রয়োজন যে শুধুমাত্র খাওয়ার জন্য এবং গৃহস্থালী কাজে পানি ব্যবহার মৌলিক অধিকার হিসেবে বিবেচিত হবে।

ঙ. পানিসম্পদ রক্ষা ও সংরক্ষণের দৃষ্টিকোণ থেকে, ভূপৃষ্ঠের পানি, ভূগর্ভস্থ পানি এবং বৃষ্টির পানির সহজলভ্যতা থাকার ভিত্তিতে সেচ এবং নগর এলাকার পানির চাহিদার জন্য আইন আনুসারে সময়োপযোগী সিদ্ধান্ত নিতে হবে।

চ. রাষ্ট্রের সীমানার ভিতর যত নদী, খাঁড়ি, জলাধার, বন্যা প্রবাহ অঞ্চল এবং জলাভূমি ইত্যাদি ব্যবস্থাপনা করার জন্য পানিসম্পদ মন্ত্রণালয়ের নির্বাহী কমিটি নিকট অর্পণ করা হয়েছে, যা একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

ছ. আইন অনুসারে যেসকল জলাভূমিতে অতিথি পাখি আসে সেসকল এলাকার পানি নিষ্কাশন নিষিদ্ধ। অতএব, নির্বাহী কমিটি থেকে পূর্ব অনুমতি ব্যতিত প্রাকৃতিক জলধারার উপর কোন প্রকার ভবন নির্মাণ করা সম্পূর্ণ নিষিদ্ধ। কিছু কাজ আছে, যেমন, নদীর নব্যতা ধরে রাখার জন্য নদী খনন করা, জলাভূমি ভরাট করে ভূমি উদ্ধার করা প্রকল্প, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন রক্ষা করতে কাঠামো তৈরি করার ক্ষেত্রে পূর্ব অনুমতি মুলতবী থাকবে। এগুলো জলাভূমির উত্তম ব্যবহারের জন্য খুব ভালো পদক্ষেপ।

ঞ. ভূমি দখল এবং অনধিকারপ্রবেশ যা সরাসরিভাবে বন্যা প্রবাহ অঞ্চল, জলাধার এবং নদীর অববাহিকায় বাঁধা প্রদান করে তা সরকার বা কর্তৃপক্ষ কিভাবে সনাক্ত করবে তা আইনে পরিষ্কার ভাবে বলা নাই।

ট. প্রস্তাবিত জাতীয় জল ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য গণশুনানি খুবই ভালো বিধান।

ঠ. আইন লঙ্ঘনকারীদের জন্য কিছু শাস্তি এবং জরিমানার বিধান রাখা হয়েছে, যেমন,

> সরকারি আইন ও নীতির বিষয়ে অনীহা ও অবহেলা; সরকারি কর্মকর্তাদের সাথে অসহযোগিতা; প্রয়োজনীয় তথ্যাদি প্রদান না করা; মিথ্যা তথ্য দেয়া, অসাধু ব্যক্তিদের সাথে যোগসাজোগ এবং পানি সম্পদ ব্যবস্থাপনায় বাঁধা প্রদান করা।

ড. এই আইনের বিধিমালা অনুসারে পানিসম্পদ পরিকল্পনা সংস্থার মহাপরিচালক বা তার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন কোর্ট এই আইনের অধীনে মামলা গ্রহণ করবে না যা এই আইনের একটি ক্ষতিকর দিক।

ঢ. নির্বাহী কমিটি যদি মনে করে তাহলে আইনের অধীনে যেকোনো পদক্ষেপ নিতে পারে এই ধারার তাদের অসীম ক্ষমতা দেয়া হয়েছে।

ণ. কোন সরকারি কর্তৃপক্ষ যদি এই আইনের লঙ্ঘন, অসম্মতি, অবহেলা, কর্তৃপক্ষ বা ব্যক্তি কর্তৃক ভুলবসত কোন আর্থিক ক্ষতি করে থাকে এবং/অথবা ভালো কাজের জন্য যদি আইনের বাস্তবায়ন করতে বিরত থাকে তবে আইন অনুসারে তাদের অব্যাহতি দেয়া হয়েছে।

ত. সকল ধরনের পানি সম্পদ রক্ষা করার জন্য আইনটি খুবই তাৎপর্যপূর্ণ বলে স্বীকৃত। পানি সম্পদের উন্নয়ন, ব্যবস্থাপনা, নিষ্কাশন, উত্তোলন, ব্যবহার, রক্ষা করা এবং সংরক্ষণ করার জন্য এটি একটি আইনি কাঠামো প্রদান করে। যাইহোক, বিভিন্ন ব্যবহারকারীদের জন্য পানির সকল ধরনের গুনাগুণ সুনিশ্চিত করার জন্য সরকার এই আইন অনুসরণে দায়বদ্ধ।

৪.৭.২ মহাপরিকল্পনার সাথে আইনের প্রাসঙ্গিকতা

শহর এলাকা, যেখানে মানুষের ঘনত্বের হার অনেক বেশি, সেখানে তারাই পানির প্রধান ভোক্তা। বাছবিচারহীনভাবে জলাশয় এবং জলাধার ভরাট করার ফলে শহর এলাকায় নানাবিধ সমস্যা হচ্ছে। জলাশয় রক্ষা করার জন্য এই আইন স্থানীয় সরকারকে সহায়তা প্রদান করবে। পানি সরবরাহের জন্য মহাপরিকল্পনায় এই আইন অনুসারে কিছু সুপারিশ করা হয়েছে।

পঞ্চম অধ্যায় নগর প্রবৃদ্ধি

সূচিপত্র

৫.১ ভূমিকা ---------- ৫-১
৫.২ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এর ফোকাস ---------- ৫-১
৫.৩ ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহার কৌশল ---------- ৫-১
৫.৪ শহর সম্প্রসারণ এলাকার উন্নয়ন কৌশল ---------- ৫-২
৫.৫ সংরক্ষিত এবং সুরক্ষিত এলাকা ---------- ৫-৪
৫.৬ কাঠামো পরিকল্পনার (ষ্ট্রাকচার প্ল্যান) সুপারিশকৃত নীতিসমূহ ---------- ৫-৪
৫.৬.১ কাঠামো পরিকল্পনার (ষ্ট্রাকচার প্ল্যান) অধিনস্ত এলাকা ---------- ৫-৫
৫.৬.২ কাঠামো পরিকল্পনার জোনিং ও ভবিষ্যত সম্প্রসারণ ---------- ৫-৫
৫.৬.২.১ জোনিং ---------- ৫-৫
৫.৬.৩ শহরের ভবিষ্যৎ সম্প্রসারণ ---------- ৫-৭
৫.৬.৪ কাঠামো পরিকল্পনার প্রস্তাবিত নীতিমালা ---------- ৫-৭
৫.৬.৪.১ নগর ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহার ---------- ৫-৭
৫.৬.৪.২ খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার ---------- ৫-৮
৫.৬.৪.৩ নগর সম্প্রসারণ এলাকা ---------- ৫-৯
৫.৬.৪.৪ সংরক্ষণ ও সুরক্ষা এলাকা ---------- ৫-১১

পঞ্চম অধ্যায়
নগর প্রবৃদ্ধি

৫.১ ভূমিকা

পঞ্চম অধ্যায়ে কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) এলাকা, ভূমি ব্যবহার, উন্নয়ন নীতি এবং উন্নয়ন কৌশল নিয়ে আলোচনা করা হয়েছে। শহরে ভূমির সর্বোত্তম ব্যবহারের কৌশল, নতুন এলাকার উন্নয়নের পরিকল্পনা এবং ভবিষ্যতের সুরক্ষার জন্য সংরক্ষিত এলাকা এসব কিছু এই অধ্যায়ের অন্তর্ভুক্ত।

৫.২ কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) এর ফোকাস

লক্ষ্মীপুর শহর আঞ্চলিক প্রেক্ষাপটে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি আশেপাশের অন্যান্য জেলা ও উপজেলার সাথে সড়ক পথের মাধ্যমে যুক্ত। এ কারণে লক্ষ্মীপুর শহরের গুরুত্ব অনেক বেশি। ঢাকা-রায়পুর মহাসড়ক লক্ষ্মীপুর শহর চিরে চলে গিয়েছে। এটি শহরকে উত্তর-দক্ষিণে দুইভাগে ভাগ করেছে। ঝুমুর থেকে রামগতি সড়ক তেমুহনি হয়ে চলে গিয়েছে যা উত্তর তেমুহনিতে একটি ত্রিভুজ তৈরী করেছে। শহরের মূল বাণিজ্যিকি প্রাতিষ্ঠানিক এলাকটি এই স্থানে অবস্থিত। এখানে ভবিষ্যতে যানজট হবে নিশ্চিত। এ জন্য শহরে একাধিক বাইপাস প্রয়োজন।

পৌরসভায় বিদ্যমান বিদ্যুৎ, জ্বালানি ও পরিবহনের প্রাপ্যতা, দক্ষ ও অদক্ষ শ্রমিক সরবরাহ শহরের উন্নয়ন সম্ভাবনার ইতিবাচক দিক। কাঠামো পরিকল্পনা বাস্তবায়নের ফলে লক্ষ্মীপুর এবং এর প্রভাব এলাকার পরিকল্পিত বিষয়গুলো বাস্তবে রূপ নিবে। শহরের ভবিষ্যতে উন্নয়নের জন্য ভূমি ব্যবহারের জন্য জোনিং (zoning) নীতি এবং কৌশলসমূহের উপর যথাযথ গুরুত্ব প্রদান করতে হবে।

লক্ষ্মীপুর শহরের ভবিষ্যৎ উন্নয়ন নীতিমালাকে জোরদার করার জন্য যথাযথ কৌশল বিবেচনা করা প্রয়োজন। ব্যাপক উন্নয়নের জন্য কৌশলসমূহ একটি সমন্বিত পদ্ধতির মাধ্যমে পারস্পরিক মিথস্ক্রিয়া দ্বারা বাস্তবায়ন করতে পারলে সার্বিক উন্নয়ন অর্জন করা সম্ভব হবে।

৫.৩ ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহার কৌশল

কৃষি জমিকে শহুরে ব্যবহারে পরিবর্তনের জন্য সবচেয়ে অনুকূল সময় কখন তা নিয়ে ভিন্ন মত আছে। এক এলাকার চাহিদার পরিমান এবং সেই চাহিদাকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত ধারণ করার ক্ষমতা একেক এলাকার একেক রকম হয়। তদুপরি, আবাসন, শিল্প, বানিজ্য বা অন্যান্য কর্মকান্ডে কোন কোন এলাকাকে চিহ্নিত করা হবে তা তাদের বিদ্যমান বিন্যাসের রীতি এবং যোগাযোগ ব্যবস্থার উপর নির্ভরশীল। জমির অবস্থা পরিবর্তন করার ক্রম প্রবনতাকে ভর্তুকি, প্রণোদনা এবং অন্যান্য পদ্ধতি দ্বারা নিয়ন্ত্রণ করা যায়।

বর্তমানে ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ করার কোন কার্যক্রম পৌরসভার নেই। তারা ইমারত নির্মাণের ছাড়পত্র প্রদানেই সীমাবদ্ধ। নগর ব্যবস্থাপনা পরিকল্পনার জন্য ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ খুবই কার্যকরী পদ্ধতি। সমাজের আর্থ-সামাজিক পরিবর্তনের সাথে সাথে পরিকল্পনাও পরিবর্তন করতে হয় এবং এটি একটি চলমান প্রক্রিয়া। যদি পরিবর্তন ব্যতীত সমাজ চলমান থাকে তাহলে যে সমস্ত অবৈধ কাজ হবে তা নিয়ন্ত্রণের অসাধ্য হয়ে যাবে এবং পরিকল্পনা ব্যবস্থাপনা অনেক বেশি পিছিয়ে পড়বে। অতএব, কাঠামো পরিকল্পনার মূল লক্ষ্য হল, শহরে প্রাপ্য ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহার করা। বিদ্যমান ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহারের জন্য নিম্নলিখিত কৌশলসমূহ সুপারিশ করা হলঃ

ক. বিদ্যমান নগর এলাকার জনঘনত্ব বৃদ্ধি

বিকশিত নগর এলাকায় কম ঘনত্বের এলাকার ঘনত্ব বৃদ্ধির কৌশল গ্রহণ করা অপ্রতুল ভূ-সম্পদের যথার্থ ব্যবহারের জন্য বিশেষ প্রয়োজন। বিদ্যমান কম ঘনত্বের এলাকাতে অবকাঠামো ও নগর সেবা সুবিধা প্রসারের মাধ্যমে এটি অর্জন করা সম্ভব। ঘনত্ব বৃদ্ধির ২ টি সুফল রয়েছে। এতে প্রতি ১০০০০ জনে অবকাঠামো স্থাপন এবং পরিচালনা ব্যয় হ্রাস পায় এবং সামাজিক সম্প্রীতি বৃদ্ধি পায়। ঘনত্ব বৃদ্ধি পরিকল্পিত সেবা এবং অপরিবর্তনীয় অবকাঠামো সুবিধার সাথে বিপরীত ভাবে সম্পর্কিত। তবে ঘনত্ব বৃদ্ধির প্রক্রিয়াকে কখনো না কখনো জনসংখ্যার স্বাভাবিক বৃদ্ধি ও অভিবাসিত জনসংখ্যার সাথে সমন্বিত করতে হবে।

খ. প্রান্ত এলাকার বিশৃঙ্খল উন্নয়ন নিয়ন্ত্রণ

শহরের প্রান্ত এলাকাতে সাধারণত স্বতঃস্ফূর্ত উন্নয়ন ঘটে। লক্ষ্মীপুর শহরেও এর কোন ব্যতিক্রম নেই। লক্ষ্মীপুর শহরের সীমানার দিকে ক্রমান্বয়ে অপরিকল্পিত উন্নয়ন ঘটেছে যা ভবিষ্যতে বসবাস করার পরিবেশকে নষ্ট করতে পারে। কোনো নিয়ন্ত্রণ ছাড়াই বসতিগুলো এলোমেলো ভাবে গড়ে উঠছে। বস্তি ও কম আয়ের গোষ্ঠীর অস্বাস্থ্যকর এবং করুণ ভাবে বসবাস শহরের মূল্যবান ভূমিকে পরিবর্তন করে ফেলছে। মহাপরিকল্পনার অনুমোদনক্রমে আইন অনুযায়ী পৌরসভা কর্তৃপক্ষকে অবশ্যই এই এলাকার উন্নয়ন নিয়ন্ত্রণ করতে হবে।

গ. প্রান্ত এলাকার উন্নয়ন

লক্ষ্মীপুর শহরের প্রান্ত এলাকায় ভবিষ্যতে অর্থনৈতিক উন্নয়নের সম্ভাবনায় অনেক মানুষ জমি কিনছে। বেশিরভাগ জমিই পূর্বে কৃষি জমি হিসেবে ব্যবহার করা হতো যেগুলো বর্তমানে অবকাঠামো এবং অন্যান্য সুযোগ সুবিধার অভাবে খালি রয়েছে। যদিও প্রান্ত এলাকায় প্রবৃদ্ধি এখনো ধীর রয়েছে, তবুও এলাকাগুলো যুক্ত হচ্ছে। তবে এগুলো নগরায়ণে তেমন অবদান রাখে না, কারণ এলাকার দরিদ্র জনগোষ্ঠী, অবকাঠামো এবং নাগরিক সেবার সুবিধার অভাব, ভূমির মূল্য বৃদ্ধি, দীর্ঘস্থায়ী ভূমি উন্নয়ন চক্র ইত্যাদি অন্তর্নিহিতভাবে অপ্রাতিষ্ঠানিক খাতের মাধ্যমে পরিচালিত হয়। এই প্রান্ত এলাকার উন্নয়ন গুরুত্ব সহকারে নিয়ন্ত্রণ করা উচিত এবং এই এলাকা গুলোতে কিছু অবকাঠামো যেমন যাতায়াত, বিদ্যুৎ, জ্বালানী ইত্যাদি দৈনন্দিন সেবা সমূহ প্রদান করা উচিত।

প্রান্ত এলাকার গ্রামীণ অর্থনীতির সংরক্ষণ ও বর্ধন এবং জীবিকার ক্রমবর্ধমান বিকাশ এই কাঠামো পরিকল্পনার উন্নয়ন কৌশলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অবৈধভাবে দখল থেকে গ্রামীণ ভূমিকে রক্ষা করার জন্য এই নির্দেশনা গুলো অনেক গুরুত্বপূর্ণ। এই পরিকল্পনা অনুযায়ী গ্রামাঞ্চলে এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকায় এলোমেলো এবং অপরিকল্পিতভাবে চলমান নগরায়ন প্রক্রিয়া রোধ করা প্রয়োজন।

ঘ. টেকসই ভূমি ব্যবহার

বাংলাদেশের একটি অন্যতম দুর্লভ সম্পদ হচ্ছে ভূমি। তাই এই পরিকল্পনাতে এই গুরুত্বপূর্ণ সম্পদের জন্য কৌশল নির্ধারণ করা হয়েছে যেখানে এই সম্পদ এমনভাবে ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে যাতে তা পরিবেশগত এবং সামাজিক ভারসাম্য নিশ্চিত করে। টেকসই ভূমি ব্যবহার বলতে বুঝায়, যে ভূমি ব্যবহার একটি প্রজন্মকে সন্তুষ্টি প্রদান করে ও তার পরবর্তী প্রজন্মও সেখান থেকে একই সন্তুষ্টি লাভ করে। জমিতে বিনিয়োগকৃত পুঁজি ও অন্যান্য উন্নয়ন থেকে মানুষ অনেক দীর্ঘ সময়ের জন্য সুফল পায়। একারণে সম্পদশালী মানুষজন তুলনামূলক বেশি সুবিধা পেয়ে থাকেন। নিম্নবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত শ্রেণির মানুষদের জন্য সরকার বিভিন্ন নীতি ও প্রণোদনার ব্যবস্থা করে। এভাবে এই শ্রেণির মানুষের জন্য ভূ-সম্পদের যোগান দেয়া হয়।

৫.৪ শহর সম্প্রসারণ এলাকার উন্নয়ন কৌশল

পরিকল্পিত উন্নয়ন একটি সুশৃঙ্খল ও পরিবেশবান্ধব শহর গড়ার জন্য অত্যাবশ্যক। এরকম নতুন এলাকার উন্নয়নে সমস্ত ফাঁকা কৃষি জমি অধিগ্রহণ করা অপ্রয়োজনীয়। তবে উন্নয়ন এবং ভূমির মূল্য বৃদ্ধির প্রভাবে সব কৃষি জমি ক্রমান্বয়ে

অকৃষিজ ব্যবহারে চলে যাবে। এ ক্ষেত্রে উন্নয়নকে বিক্ষিপ্তভাবে পরিচালিত না করে একটি সুনিয়ন্ত্রিত এবং সুবিন্যস্ত পদ্ধতিতে পরিচালিত করতে হবে। সরকার একা না করে সরকারি-বেসরকারি অংশগ্রহণের ভিত্তিতে উন্নয়ন কর্মকান্ড গ্রহণ করলে তা অনেক বেশি সফল ও কার্যকর হয়। এ জন্য প্রয়োজন পরিকল্পনার যথাযথ মানদন্ড, বিধি বিধান এবং ভূমি উন্নয়নের নতুন নতুন পদ্ধতির। পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে সুবিন্যস্ত উন্নয়ন ছাড়াও নিম্নলিখিত বিষয়সমূহ অর্জন করা সম্ভবঃ

– জমি ও অবকাঠামো উন্নয়নের সম্পূর্ণ/আংশিক ব্যয় পুনরুদ্ধার;

– বেসরকারি খাত/স্থানীয় জনগণের অংশগ্রহণ ও অংশীদারিত্ব নিশ্চিত হয়;

– সকল শ্রেণির আয়ের মানুষের জন্য জমির মালিকানা নিশ্চিত হয়;

– টেকসই ও উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি।

স্থানীয় সরকার এবং অন্যান্য সংস্থাকে শুধুমাত্র সেবা প্রদানকারী না হয়ে ভূমি উন্নয়ন কর্মকান্ডে সহায়ক ভূমিকা পালন করা উচিত। উন্নয়নকৃত ভূমির সুফল সাধারণত উচ্চশ্রেণির মানুষরাই ভোগ করে থাকে; বঞ্চিতরা বঞ্চিতই থেকে যায়। নতুন নগর এলাকার চাহিদা উন্নয়ন প্রক্রিয়াকে উৎসাহিত করবে। সকল শহর এলাকার জন্য এধরণের উন্নয়ন কোনও পরিকল্পনা বা উন্নয়ন নিয়ন্ত্রণ ছাড়াই সংঘটিত হচ্ছে। দেখা যায় যে, ভূমি উন্নয়নে সাধারণ মানুষজন পরিবেশগত, বাস্তুগত, ভূতাত্ত্বিক বিষয়সমূহ এবং সেগুলো সংশ্লিষ্ট সমস্যাসমূহ উপেক্ষা করে। এই মহাপরিকল্পনা, এসকল বিষয়সমূহে আলোকপাত করে পরিকল্পনা সম্পর্কিত উপযুক্ত নীতিমালা ও মানদন্ড প্রদান করে, বিকশিত এলাকার উন্নয়ন ও বিকাশকে দিকনির্দেশনা প্রদান করবে। দেখা যায় যে সরকারি খাতের ভূমি উন্নয়ন প্রক্রিয়া শেষ হতে অনেক দীর্ঘ সময় প্রয়োজন হয়। এজন্য অগ্রাধিকার এলাকাসমূহে ব্যক্তিখাতের অধীনে পরিকল্পিত উন্নয়ন নিশ্চিত করা প্রয়োজন। তাই অপ্রথাগত ভূমি উন্নয়ন প্রক্রিয়াকে সুনির্দিষ্ট পন্থার অন্তর্ভূক্ত করতে স্থানীয় পর্যায়ে সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে সরকার শুধুমাত্র মৌলিক অবকাঠামো ও সেবা সুবিধা প্রদানের দায়িত্ব পালন করবে। নতুন এলাকার পরিকল্পিত উন্নয়নের পদ্ধতিসমূহ নিচে সংক্ষিপ্তভাবে বর্ণনা করা হল।

ক) আইএলডিআই (Infrastructure Led Development Initiative) নির্ভর অবকাঠামো নির্মাণ

এই পদ্ধতিকে অবকাঠামো নির্ভর উন্নয়ন পদ্ধতি বলা হয়। এতে শুধুমাত্র অবকাঠামো নির্মাণ বা উন্নয়ন করে এলাকার উন্নয়নকে প্রসারিত করা হয়। তবে এই অবকাঠামো উন্নয়ন হবে প্রধানত অংশ ভূমি মালিকদের স্বতস্ফূর্ত অংশ গ্রহণ ভিত্তিক।

সড়ক, পানি, বিদ্যুৎ, ড্রেনেজ প্রভৃতি মৌলিক অবকাঠামোসমূহের উন্নয়ন ভিত্তিক নগরোন্নয়ন আইএলডিআই এর অন্তর্ভূক্ত। ব্যক্তিখাতের উন্নয়নকে উৎসাহিত করতে সরকার এসকল সেবাসমূহ প্রদান করবে। সরকারি-বেসরকারি অংশগ্রহণের ভিত্তিতে ভূমি উন্নয়ন প্রক্রিয়াকে সহায়তা করতে একটি আইএলডিআই কর্মসূচী গ্রহণ করা যেতে পারে। এর ফলে সুবিধাভোগী জমির মালিকদের কাছ থেকে অবকাঠামো উন্নয়নের ব্যয় পুনরুদ্ধার করতে হবে। জমির মালিকানাও সংরক্ষিত থাকবে এবং শুধুমাত্র অবকাঠামো ব্যতীত অন্য কোন কারণে জমি অধিগ্রহণ করা হবে না। পরস্পর সমঝোতা এবং সিদ্ধান্তের ভিত্তিতে কর্তৃপক্ষ ব্যয় পুনরুদ্ধারের পদ্ধতি নির্ধারণ করবে।

অবকাঠামো নির্মাণের সময় লক্ষ্য রাখতে হবে যে, পরিবেশগত বিপর্যয় না ঘটে। তাই, টেকসই পরিবেশবান্ধব পদ্ধতিতে অবকাঠামোর উন্নয়ন করতে হবে। আইএলডিআই এর মাধ্যমে নতুন বিকশিত নগর এলাকার উন্নয়ন নিশ্চিত হবে এবং টেকসই ভাবে পরিবেশ প্রভাব নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। বিদ্যমান নগর এলাকার অভ্যন্তরে অবস্থিত অব্যবহৃত এবং অনুন্নত এলাকাসমূহে উন্নয়ন কর্মকান্ড গ্রহণ করা উচিত। এই পরিকল্পনাতে ভবিষ্যৎ আইএলডিআই প্রকল্পের জন্য জমি চিহ্নিত ও সংরক্ষিত রাখা হয়েছে।

সড়ক, পানি, বিদ্যুৎ প্রভৃতি অবকাঠামোর যোগান অসীম হতে পারে না। তাই, এই সেবাসমূহের ব্যাপারে চাহিদা ও যোগান উভয় দিকেই দৃষ্টি প্রদান করা প্রয়োজন। অবকাঠামোর অসীম যোগান কখনই টেকসই হয় না।

আইএলডিআই এর মাধ্যমে উন্নয়নের জন্য উপযোগী এলাকার দিকে এবং অনুপোযোগী এলাকা এড়িয়ে শহরের বিকাশকে পরিচালিত করতে আর্থিক ও অবকাঠামো নির্ভর পদ্ধতিসমূহ বিবেচনায় নেওয়া প্রয়োজন।

খ) সরকারি খাতে ভূমি উন্নয়ন

সরকারকে (জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, পৌরসভা, পিডব্লিউডি) ভূমি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে। পৌরকেন্দ্র, বাণিজ্যিক এলাকা, দরিদ্র ও বাস্তুচ্যুত মানুষদের জন্য আবাসিক এলাকা, প্রভৃতি এবং সাধারণ জনগণের জন্য আবাসন যেসব ক্ষেত্রে বেসরকারি খাতের উদ্যোক্তারা তেমন একটা এগিয়ে আসেন না; সেসব এলাকার পরিকল্পিত উন্নয়নে সরকারি খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

গ) সরকারি-বেসরকারি অংশিদারিত্ব (পিপিপি)-এর বিভিন্ন পদ্ধতি

দক্ষ ও কার্যকরভাবে অবকাঠামো ও সেবার সময়োচিত স্থাপনা নিশ্চিত করতে সকল ধরণের পিপিপি পদ্ধতির সম্ভাব্যতা পরীক্ষা করা প্রয়োজন। শুধুমাত্র অর্থাভাবের কারণেই পিপিপি পদ্ধতিসমূহ জনপ্রিয়তা লাভ করছেনা। এর মাধ্যমে সম্পদ ও বাস্তবায়নের ব্যবস্থায়নায় দক্ষতা অর্জন সম্ভব হয়। পিপিপি-এর মাধ্যমে সরকারি দায়িত্বসমূহ বেসরকারি খাতে সাধারণ আউটসোর্সিং (Outsourcing) থেকে চুক্তিভিত্তিক বা কিছুটা চুক্তিভিত্তিক সম্পর্ক, যৌথ সামাজিক দায়বদ্ধতা এবং জনসেবা থেকে প্রশাসনের সহযোগী হিসেবে অর্পণ করা হয়। পিপিপি প্রক্রিয়া শুরুর পূর্বে এর বিভিন্ন সমস্যাসমূহ যেমন; নিয়ন্ত্রণের অস্পষ্টতা, আর্থিক সুবিধা গ্রহণ, সরকারি খাতের ক্রমহ্রাসমান সক্ষমতা প্রভৃতির দিকে নজর দেওয়া প্রয়োজন।

৫.৫ সংরক্ষিত এবং সুরক্ষিত এলাকা

পরিবেশগতভাবে সংবেদনশীল, ঐতিহ্য ও সাংস্কৃতিক বিবেচনায় মূল্যবান স্থানসমূহকে আইনের দ্বারা সংরক্ষণ করতে হবে। সংরক্ষণের এই ব্যয় অবশ্যই সরকারি কোষাগার থেকে আসতে হবে। সংরক্ষিত সম্পদসমূহ যদি ব্যক্তি পুঁজিনির্ভর অর্থনীতির হাতে ছেড়ে দেওয়া হয় তাহলে তা দীর্ঘমেয়াদে সমাজের উন্নয়নের কাজে ব্যবহৃত না হয়ে বরং ব্যক্তিগত উন্নয়নের জন্য ব্যবহৃত হবে । তাই, নিম্নলিখিত গুরুত্বপূর্ণ স্থানসমূহ সংরক্ষণ করা প্রয়োজন।

রহমতখালী খাল, খোয়া সাগর দিঘি, অন্যান্য খাল, দিঘি এবং ঐতিহাসিক ও ধর্মীয় স্থাপনা

রহমতখালী খাল, খোয়া সাগর দিঘি, অন্যান্য খাল, দিঘি সমূহের পর্যটন মূল্য রয়েছে। এগুলো পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকা। সুতরাং এগুলো সংরক্ষণ করতে হবে। খাল শুধু পানি প্রবাহই করে না, এগুলোতে বর্ষার পনি সংরক্ষিত থাকে যা বন্যার প্রকোপ থেকে রক্ষা করতে সহায়তা করে। তাপমাত্রা হ্রাস করার ক্ষেত্রে খাল এবং জলাশয়ের ভূমিকা আছে। এগুলোতে মাছ চাষ করা যায়। বিনোদনের কাজেও জলাশয় কাজে লাগে। পানি সংকটেও এ সমস্ত জলাশয় কাজে লাগতে পারে।

এ সমস্ত উপযোগিতা বিবেচনা করে খাল ও জলাশয় সংরক্ষণে পৌরসভার মনযোগী হওয়া উচিত। খালগুলোর ঢাল লাইনিং করে দেয়া উচিত। অবৈধ দখলদারদের ব্যাপারে সজাগ থাকতে হবে। এ কাজে জেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে। খালে বা জলাশয়ে বর্জ্য ফেলার ব্যাপরে সতর্ক থাকতে হবে।

৫.৬ কাঠামো পরিকল্পনার (স্ট্রাকচার প্ল্যান) সুপারিশকৃত নীতিসমূহ

আগামী ২০ বছর অর্থাৎ ২০৩৭ সাল পর্যন্ত এই কাঠামো পরিকল্পনায় প্রস্তাবিত নীতিসমূহ কার্যকর থাকবে। লক্ষ্মীপুর শহরের ভবিষ্যৎ উন্নয়নের উপর নগর সম্পর্কিত প্রধান নীতিমালাগলির প্রভাব থাকবে। এই সকল নীতিতে পরিবহন, যোগাযোগ, নিষ্কাশন,পানি সরবরাহ, বর্জ্য ব্যবস্থাপনা, শিল্প ও বাণিজ্যিক উন্নয়ন, আবাসন, বিনোদনমূলক এলাকা, শিক্ষা ও স্বাস্থ্য এবং শহরের দরিদ্র গোষ্ঠী অন্তর্ভুক্ত করা হয়েছে।

৫.৬.১ কাঠামো পরিকল্পনার (ষ্ট্রাকচার প্ল্যান) অধিনস্ত এলাকা

কাঠামো পরিকল্পনার অধীনে সর্বমোট এলাকা ২৬.৯০ বর্গ কিলোমিটার বা ৬৬৪৭.৭৯ একর। এটি লক্ষ্মীপুর পৌরসভার সমগ্র এলাকা।

৫.৬.২ কাঠামো পরিকল্পনার জোনিং ও ভবিষ্যত সম্প্রসারণ

৫.৬.২.১ জোনিং


শহরের প্রধান উন্নয়ন এলাকা সমূহকে ভবিষ্যৎ উন্নয়নের জন্য চিহ্নিত করার জন্য ৩টি শ্রেণিতে ভাগ করা হয়েছে। ***সারণি ৫-১*** এ কাঠামো পরিকল্পনার জোন সমূহ দেখানো হল।

সারণি ৫-১: কাঠামো পরিকল্পনার জোন সমূহ

জোন	জোনের বিবরণ	আয়তন (বর্গ কি.মি.)	শতকরা হার
বিকশিত নগর এলাকা/প্রধান শহর	উন্নয়নশীল শহর এলাকা /প্রধান শহর উন্নত এলাকা হিসাবে বলা হতে পারে এই এলাকার জনসংখ্যা এবং সেবা কেন্দ্রীকরণের সর্বোচ্চ গুরুত্ব আছে। ভূমি ব্যবহার পরিকল্পনার (২০১৭-২০৩৭) সময়ের মধ্যে অধিকাংশ জনসংখ্যার বৃদ্ধির পরিসংখ্যান অব্যবহৃত থাকবে।	১২.০৬	৪৪.৮৩
বর্ধিষ্ণু নগরায়ন এলাকা	এই এলাকা শহরের মূল এলাকার বাইরে অবস্থিত এবং মহাপরিকল্পনাতে প্রস্তাবিত নতুন ভূমি ব্যবহার সম্পর্কে নির্দেশিত হয়েছে। যেখানে বিভিন্ন ব্যবহারসমূহ ২০৩৭ সাল পর্যন্ত প্রস্তাবিত যা সময়ের সাথে সাথে হবে। তবে এই এলাকায় প্রয়োজনীয় সুবিধাদি উন্নয়নের সঙ্গে তাল মিলিয়ে প্রদান করা উচিত। এই এলাকাগুলো অনুন্নত সেবা ও সুযোগ প্রদান করে এই কারণে নিম্ন আয়ের লোক এই এলাকা গুলোতে বেশি আকৃষ্ট হয়। এই সব এলাকা গুলোর বিশেষ ব্যবস্থাপনা করা প্রয়োজন যাতে ভবিষ্যতে পরিকল্পনা করতে অসুবিধা না হয়।	১২.৬৫	৪৭.০১
সংরক্ষণ ও সুরক্ষা এলাকা	সংরক্ষণ এবং সুরক্ষা এলাকা সংরক্ষণ করবে কৃষি জমি। এই উৎপাদনশীল কৃষি জমি খাদ্য এবং অন্যান্য কৃষি পণ্য উৎপাদন করে শহুরে উন্নয়নকে ত্বরান্বিত করবে। আরও সংরক্ষণ করবে নদী, খাল, জলাশয় যা বৃষ্টি এবং বন্যার পানির প্রবাহ ঠিক রাখবে। জলাশয়ের সংরক্ষণ না করলে বহুলাংশে পরিবেশগত অবনতি সৃষ্টি হবে। মহাসড়ক, রেলপথ এবং শহরাঞ্চলের অন্যান্য সড়কপথের রাইট অফ ওয়ের অবৈধ দখল রোধ করা প্রয়োজন। এই অবৈধ দখল সুষম শহুরে উন্নয়নের জন্য একটি প্রধান সমস্যা। পরিবহন নেটওয়ার্কের রক্ষার জন্য একটি বাফার অঞ্চল তৈরি ও কঠোর পর্যবেক্ষণ ও সুরক্ষা করা উচিত। পাহাড়, ঐতিহাসিক স্থান, ঐতিহ্য এবং জাতীয় গুরুত্বপূর্ণ জায়গার একইভাবে সংরক্ষণ ও সুরক্ষার আওতায় রাখা উচিত।	২.২০	৮.১৬

মানচিত্র ৫-১ : প্রকল্প এলাকার কাঠামো পরিকল্পনার পলিসি অঞ্চলসমূহ

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:1,000,000 or 1 " = 83,333 ' or 1 cm = 10,000 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Policy Zones
- Conservation Area
- Existing Urban Area
- Urban Growth Area

Major Proposal
- Central Graveyard
- C College
- Dumping Ground
- Housing Estate
- Mc Medical College
- Ag Medical College/Agriculture Institute
- Resedence for Poor
- Tc Technological University
- Town Center 1
- Town Center 2
- Truck Terminal
- U University
- Ward Center
- W Water Treatment Plant
- Rail Station

৫.৬.৩ শহরের ভবিষ্যৎ সম্প্রসারণ

বর্তমান নগর এলাকা প্রায় ২৬.৯০ বর্গ কি.মি.। কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) তৈরি করা হয়েছে একই এলাকা নিয়ে। তবে ভবিষ্যতে নগর এলাকা সম্প্রসারণের প্রয়োজন হবে।

নগর সম্প্রসারণের প্রয়োজনে নিম্ন বর্ণিত সুপারিশ অনুসরণ করা যেতে পারেঃ

- ❖ উত্তর দিকে ভবিষ্যতে নগরের সম্প্রসারণের জন্য দালাল বাজার, কিছুটা উত্তরে পোদ্দার বাজার রোড এবং দক্ষিণে জুগির হাট থেকে টুমচর এলাকার বিশাল খালি জায়গায় বিবেচনা করা যেতে পারে।
- ❖ এ সমস্ত এলাকাগুলোতে প্রায় ১২.১৩ বর্গ কি.মি. স্থান পাওয়া যাবে।
- ❖ তবে পরামর্শ হবে বিদ্যমান এলাকায় জনঘনত্ব বৃদ্ধি করে বর্ধিত জনসংখ্যার চাহিদা পূরণ করা।

বিস্তারিত ***মানচিত্র ৫-১*** এ দেখা যেতে পারে।

৫.৬.৪ কাঠামো পরিকল্পনার প্রস্তাবিত নীতিমালা

কাঠামো পরিকল্পনায় প্রস্তাবিত নীতিগুলো প্রকল্প এলাকার সামগ্রিক ভবিষ্যৎ উন্নয়নকে লক্ষ রেখে প্রণয়ন করা হয়েছে। এই নীতিমালার মধ্যে আছে, নগরের ভূ-সম্পদ, খাস জমি, সরকারি জমির সর্বোত্তম ব্যবহার। খালি জমি, ভবিষ্যৎ নগর এলাকার উন্নয়ন, সংরক্ষণ ও সুরক্ষা এলাকা, নগর প্রান্ত এলাকা, সংরক্ষিত নগরায়ন এলাকা এবং পরিবহন ও যোগাযোগ ব্যবস্থা সম্পর্কে নিম্নে আলোকপাত করা হয়েছে।

৫.৬.৪.১ নগর ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহার

নীতি ভূ-সম্পদ /০১: নগরের বিদ্যমান ভূমির সর্বোত্তম ব্যবহার

লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান নগর এলাকা এখনো সুষমভাবে বৃদ্ধিপ্রাপ্ত হয়নি। উচ্চ ঘনত্বের পরিপূরকভাবে শহুরে ভূমি ও পর্যাপ্ত পরিসেবা সুবিধা প্রয়োজন। লক্ষ্মীপুর পৌরসভাতে এখনও অব্যবহৃত জমি বিদ্যমান। এই খালি জমির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শহর এলাকায় ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে।

যৌক্তিকতা

বিদ্যমান খালি জমির সর্বোত্তম ব্যবহার না করে নগর এলাকার সীমানা প্রসারিত করা যৌক্তিক নয়। এই ধরণের প্রবণতা কৃষিজমিকে হ্রাস করবে। দ্রুত জনসংখ্যা বৃদ্ধির জন্য খালি জমির অর্থনৈতিক ব্যবহার এবং এর সাথে পৌরসভার বিদ্যমান ভূমির সমন্বয় সর্বদা প্রয়োজন এবং এ জন্য চেষ্টা করা উচিত।

বাস্তবায়নের পদ্ধতি

জমি খালি ফেলে রাখা নিরুৎসাহিত করার জন্য খালি জমির উপর অতিরিক্ত ট্যাক্স আরোপ করা যেতে পারে, যা ভুমিকে ব্যবহারে আনার জন্য একটি কার্যকর হাতিয়ার। বেসরকারি সংস্থার প্রকল্পের জন্য জমির বৃহৎ পরিমাণ অধিগ্রহণ নিরুৎসাহিত করতে হবে। অন্যান্য পদ্ধতির মধ্যে সুবিধা বঞ্চিত এলাকার আবকাঠামো ও নাগরিক সুযোগসুবিধা বৃদ্ধি করে জমির মালিকদের উন্নয়নমূলক কার্যক্রমে উৎসাহিত করতে হবে। অবকাঠামোগুলোর ধারণ ক্ষমতার উপর ভিত্তি করে ঘনত্ব নিয়ন্ত্রিত রাখা উচিত। সেবার মান ও সুযোগ সুবিধা গুলো বজায় রাখা প্রয়োজন। উন্নয়ননীতি এবং বিধান কার্যকরভাবে প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা কর্তৃপক্ষ
- জেলা প্রশাসন
- পরিবেশ অধিদপ্তর (Department of Environment)
- সংশ্লিষ্ট সরকারি সংস্থাসমূহ

নীতি ভূ-সম্পদ /০২: নগর উন্নয়ন প্রকল্পের প্রসার ঘটানো

শহরের বিশাল অংশই কম বেশি উন্নত। কিন্তু যদি উপযুক্ত নগর উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয় এবং অবকাঠামো উন্নয়ন করা হয় তাহলে এসব এলাকা আরোও উন্নত হবে এবং বেশি সংখ্যক মানুষকে স্থান দেয়া যাবে। উন্নয়ন কর্মকান্ডের দ্বারা উচ্চ আয় ও সামাজিক প্রসার ঘটে। এ ধরণের উন্নয়ন কার্যক্রম, ভবনের স্থানান্তর এবং ভূমি ব্যবহারের পরিবর্তন অত্যন্ত প্রয়োজনীয়।

যৌক্তিকতা

এই নীতি বাস্তবায়নের ফলে নগরের ভৌত সম্প্রসারণ হ্রাস হবে এবং ভূমি সাশ্রয় হবে।

বাস্তবায়নের পদ্ধতি

যে কোন এলাকার উন্নয়ন পদ্ধতিসমূহের মধ্যে রয়েছে; বস্তি উন্নয়ন, নগর সংরক্ষণ, উন্নয়ন, পুনঃগঠন, সংস্কার, আধুনিকীকরণ, নির্দেশিত ভূমি উন্নয়ন, ভূমির পুনর্বিন্যাস, সমাজ/ওয়ার্ড ভিত্তিক পরিকল্পনা প্রভৃতি।

যদিও এধরণের উন্নয়ন কর্মকান্ডে বৃহৎ জনগোষ্ঠী উপকৃত হয় তবে কিছু ব্যক্তি এর সামাজিক ও আর্থিক বোঝা বহন করেন। এধরণের প্রতিকূলতা দূরীকরণে যেসকল ব্যক্তি এধরণের উন্নয়ন ব্যয়ের শিকার হোন তাদেরকে যথাযথভাবে ক্ষতিপূরণ প্রদান করতে হবে। এধরণের কর্মকান্ডে সমাজ, এনজিও এবং সিবিও-এর কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে বিভিন্ন ধরণের অংশগ্রহণভিত্তিক গ্রামীণ মূল্যায়ন (পিআরএ) পদ্ধতি, ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি), গণসচেতনতা মূলক কর্মকান্ড অন্তর্ভূক্ত করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা কর্তৃপক্ষ
- কৃষি মন্ত্রণালয়
- দাতা সংস্থা
- সরকারি-বেসরকারি অংশীদারিত্ব

৫.৬.৪.২ খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার

নীতি ভূ-সম্পদ /০৩: উন্নয়ন কাজে খাস জমি এবং সরকারি মালিকানাধীন জমির ব্যবহার করতে হবে।

পৌর এলাকার মধ্যে বিদ্যমান যথেষ্ট পরিমাণ খাস জমি ব্যবহারের আওতায় আনা যেতে পারে। নগর ভূ-সম্পদের উপযুক্ত ব্যবহার নিশ্চিত করতে এই জমিগুলো ভালোভাবে চিহ্নিত ও নথিভূক্ত করা উচিত। সরকারের অধীন অন্যান্য জমি (যেমন; নদী সংলগ্ন এলাকা, বিল/পুকুর, বিল, পুকুর, ইত্যাদি, যা সাধারণত অরক্ষিত থাকে) থেকে রাজস্ব আদায় ও উন্নয়ন কর্মকান্ড নিশ্চিত করতে সেগুলোর মালিকানা পৌরসভার নিকট হস্তান্তর করাই যুক্তিযুক্ত।

যৌক্তিকতা

খাসজমি হল রাষ্ট্র বা সাধারণ জনগণের জমি যা তাদের সুবিধার্থে ব্যবহার করা উচিত। দেশের সব এলাকায় এই জমি যদি খালি থাকে তবে তা অবৈধ দখল হয়ে যায়। জমির দুষ্প্রাপ্যতার মধ্যে এধরণের জমির সামাজিক ব্যবহার খুবই গুরুত্বপূর্ণ।

বাস্তবায়নের পদ্ধতি

প্রকল্প এলাকার খাসজমির মানচিত্র এবং নথি নিয়মিতভাবে হালনাগাদ করা উচিত। পরিস্থিতি নিয়মিত পর্যালোচনা করা এবং নির্দিষ্ট সময় অন্তর পর্যালোচনা করা উচিত। পৌরসভা এইসব জমিতে উন্নয়ন প্রকল্প নিতে পারে এবং তাদের তথ্য জনপ্রশাসনে অবহিত করে নথি হালনাগাদ কাজে সহায়তা করতে পারে। সরকারি প্রকল্প/পরিকল্পনায় ব্যবহার করার জন্য পৌরসভার অধীনে জমি হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা রাখা উচিত।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা কর্তৃপক্ষ
- ডিসি, লক্ষ্মীপুর
- ভূমি মন্ত্রণালয়
- রেলপথ মন্ত্রণালয়
- পানি সম্পদ মন্ত্রণালয়
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা
- সরকারি-বেসরকারি অংশীদারিত্ব

৫.৬.৪.৩ নগর সম্প্রসারণ এলাকা

নীতি ভূ-সম্পদ /০৪: ভবিষ্যৎ নগর এলাকার উন্নয়ন নীতি

ক্রমবর্ধমান চাহিদার সঙ্গে মানিয়ে নিতে শহরের জমির ভবিষ্যৎ প্রয়োজনীয়তা নির্ধারণ করা প্রয়োজন। এক্ষেত্রে উপযুক্ত নীতিকাঠামো প্রস্তুত করলে সফলতা পাওয়া যাবে।

যৌক্তিকতা

নতুন এলাকাসমূহের বিকাশমান অবস্থায় সুবিন্যস্ত ও পরিকল্পিত উন্নয়নের ক্ষেত্রে ভূমি হুকুম দখলের কারণে কম ক্ষতিপূরণ প্রদান করতে হয়। যা পরিকল্পিত উন্নয়নের জন্য খুবই সুবিধাজনক। পরিকল্পিত উন্নয়নের জন্য স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।

বাস্তবায়নের পদ্ধতি

ভবিষ্যৎ নগরোন্নয়নের জন্য স্থানীয় জনগণ যারা পরিকল্পিত উন্নয়নকে সহায়তা করবেন তাদের অংশগ্রহণ প্রয়োজন। বাস্তবায়নের প্রক্রিয়ায় জনগণের অংশগ্রহণের মূলনীতি আত্মীকরণ করতে হবে এবং ভবিষ্যৎ উন্নয়নের জন্য নতুন নতুন পদ্ধতি চালু করার চেষ্টা করতে হবে। সরকার বেসরকারি খাতকে কারিগরী ও আর্থিক সহায়তা প্রদান করবে এবং সেবা প্রদানকারী সংস্থাগুলো সহায়ক ভূমিকা পালন করবে। এর ফলে উন্নয়ন কর্মকান্ড সহজতর এবং দ্রুত হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা
- এলজিইডি
- পিডব্লিউডি
- বিডব্লিউডিবি
- আর্থিক সংস্থা
- দাতা সংস্থা
- সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাসমূহ

নীতি ভূ-সম্পদ /০৫: জমি অব্যবহৃত অবস্থায় ফেলে রাখা এবং বিক্ষিপ্ত নগরায়ন নিরুৎসাহিত করতে হবে

এই পরিকল্পনাতে গ্রামীণ এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকাসমূহকে বিশৃঙ্খল এবং অপরিকল্পিত নগরায়নের হাত থেকে রক্ষা করার প্রয়োজনীয়তার উপর জোর দিতে হবে। নগর প্রান্ত এলাকায় ভবিষ্যৎ লাভের আশায় জমি খালি ফেলে রাখা এবং ছড়ানো ছিটানো ভাবে নগরায়নকে নিরুৎসাহিত করতে হবে।

যৌক্তিকতা

বর্তমানে বিদ্যমান নগর এলাকাসমূহতে জনঘনত্ব তেমন বেশি নয়; অন্যদিকে নতুন নগর বসতিগুলো গ্রাম এলাকাতে ছড়িয়ে ছিটিয়ে গড়ে উঠছে। বিভিন্ন সরকারি কর্তৃপক্ষ/সংস্থা এই বিস্তৃত বসতিগুলোতে সেবা এবং অবকাঠামো যথাযথভাবে প্রদান করতে পারছে না। যার ফলে দেখা যায় যে, এসকল নাগরিক সেবার মান ভালো হচ্ছেনা এবং ঘনত্ব কম হওয়ার

কারণে সেবা প্রদানের ব্যয় অনেক বেশি হচ্ছে। তাই এই কাঠামো পরিকল্পনার কৌশল হল নগরের সীমান্ত এলাকায় অসংগঠিত উন্নয়ন না করে বিদ্যমান নগর এলাকার মধ্যে অব্যবহৃত এবং অনুন্নত জমিতে উন্নয়ন কর্মকান্ডকে উৎসাহিত করা।

বাস্তবায়নের পদ্ধতি

গ্রামীণ অর্থনীতির সংরক্ষণ ও বিকাশ এবং জীবিকার উন্নয়ন করতে হবে। এই কাঠামো পরিকল্পনা (স্ট্রাকচার প্ল্যান) উন্নয়ন কৌশলে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এ জন্য পল্লী এলাকার জমিকে অনাকাঙ্খিত উন্নয়ন থেকে রক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। উপযুক্ত দিকে নগরের বিকাশকে পরিচালিত করতে হবে। কৃষি জমি ও পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকার দিকে নগর বিকাশকে নিরুৎসাহিত করতে হবে। শহরের অব্যবহৃত ও স্বল্প ব্যবহৃত জমিকে আকাঙ্খিত ঘনত্বে উন্নীত করতে হবে, ভবিষ্যৎ লাভের জন্য জমি খালি রাখা নিরুৎসাহিত করতে হবে; আর্থিক ও অবকাঠামো নির্ভর পদ্ধতিসমূহ কার্যকরভাবে ব্যবহার করা যেতে পারে।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- এলজিইডি
- সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থা সমূহ

নীতি ভূ-সম্পদ /০৬: নগর প্রান্ত এলাকার ভূ-সম্পদের সর্বোত্তম ব্যবহারের নীতি

এই এলাকাসমূহ শহরের প্রান্তদেশে অবস্থিত যেখানে, রাস্তা এবং সেবার অভাবই হল কম বিকাশ ও সুষম উন্নয়নের কারণ। সাধারণভাবেই এখানে সেবার সুবিধা নগর এলাকা থেকে কম হওয়ায় জমি এবং বাড়ির ভাড়া কম। স্বল্প আয়ের মানুষজন এসব এলাকায় আকৃষ্ট হয়ে থাকেন। অনাকাংক্ষিত বিকাশ যা কৃষি জমি ধ্বংস করে তা রোধ করতে এইসব প্রান্ত এলাকার কার্যকর ব্যবহার প্রয়োজন আর এই ব্যবহার শুধুমাত্র পরিকল্পিত উন্নয়নের মাধ্যমেই সম্ভব।

যৌক্তিকতা

নগর প্রান্ত এলাকার পরিধি বৃদ্ধি পেতে থাকবে। নিম্ন আয়ের মানুষে আকাঙ্খিত জায়গা হওয়ায়, তারা আসতে থাকবে যার কারণে এই বৃদ্ধি বন্ধ করা যাবে না। তাই পরিকল্পিত বিকাশ শহরের সার্বিক উন্নয়নের জন্য অপরিহার্য। নগর প্রান্ত এলাকার বৃদ্ধির জন্য যথাযথ কৌশলগত পদ্ধতির অনুপস্থিতি সকল পরিকল্পনার দীর্ঘমেয়াদী বাস্তবায়ন ও ব্যাপকতাকে নষ্ট করবে।

বাস্তবায়নের পদ্ধতিঃ

মহাপরিকল্পনা হল নগরের বিকাশকে সঠিক দিকনির্দেশনা প্রদান করার চূড়ান্ত হাতিয়ার। বর্তমান ও ভবিষ্যৎ চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় অবকাঠামো ও পরিষেবার পরিকল্পনা প্রণয়ন করা উচিত।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা
- এলজিইডি
- পিডব্লিউডি
- ডিসি, লক্ষ্মীপুর
- দাতা সংস্থা
- অন্যান্য

৫.৬.৪.৪ সংরক্ষণ ও সুরক্ষা এলাকা

নীতি ভূ-সম্পদ /০৭: সংরক্ষণ ও সুরক্ষা এলাকার নীতি

মহাপরিকল্পনার আওতাধীন নির্দিষ্ট এলাকা সমূহের সার্বিক উন্নয়ন এবং যথাযথ ব্যবস্থাপনা ভবিষ্যতের টেকসই উন্নয়নের জন্য কিছু ভূমি সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই এলাকা সমূহ যে কোন মূল্যে সংরক্ষণ করা উচিত।

ক) উৎপাদনশীল কৃষি জমি

যৌক্তিকতা

লক্ষ্মীপুর পৌরসভা এলাকার পশ্চিম অংশ সুবিশাল কৃষিজমি নিয়ে গঠিত। নগরজীবনকে চলমান রাখতে এই এলাকার উৎপাদিত খাদ্য ও পানি নিষ্কাশন যথেষ্ট অবদান রাখছে। শহরে স্বাস্থ্যকর বাসযোগ্যতা নিশ্চিত করতে এইসব জমি যথাসম্ভব রক্ষা করা আবশ্যক।

বাস্তবায়নের পদ্ধতিঃ

পরিবেশ অধিদপ্তরের EIA নির্দেশিকায় উৎপাদনশীল জমিতে উন্নয়ন গ্রহণের বিরুদ্ধে সুপারিশ করা হয়েছে। এর মাধ্যমে বিদ্যমান ব্যবহৃত জমিসমূহের অধিক অর্থনৈতিক ব্যবহার অপরিহার্য করে তুলবে। এটি উৎপাদনশীল কৃষিজমির হ্রাস রোধ করবে। ন্যূনতম প্রয়োজনীয়তার ভিত্তিতে শহরের বিকাশ এবং জমি অধিগ্রহণ সতর্কভাবে নির্ধারণ করতে হবে। ২০৩৭ পর্যন্ত পৌরসভার জনসংখ্যাকে বর্তমান আবাসিক জমিতে ঘনত্ব বৃদ্ধির মাধ্যমে আবাসিত করা সম্ভব। এভাবে কৃষি জমির একটি বৃহৎ অংশ অন্তত এই সময়ের জন্য রক্ষা করা যায়।

পৌরসভা সীমানার ভিতরে ভূমি কৃষি জমি হিসাবে বর্তমানে ব্যবহৃত হতে পারে কিন্তু ভবিষ্যতের ব্যবহার অবশ্যই শহুরে হবে। মহাপরিকল্পনায় প্রস্তাবিত কৃষিজমি ভবিষ্যতের নগরায়নের জন্য সংরক্ষিত থাকবে। যখন নগরের জমির চাহিদা বৃদ্ধি পাবে কৃষি জমিগুলো নগরায়নের জন্য ব্যবহার করা যাবে। কৃষি ভূমি ব্যবহার সম্পর্কৃত পরিবেশ অধিদপ্তরের যে নির্দেশনা রয়েছে তা সংশোধন করে নগরায়নের কাজে ব্যবহার করার বিধান রাখা প্রয়োজন।

বাস্তবায়নকারী সংস্থাঃ

- পৌরসভা
- কৃষি মন্ত্রণালয়
- ডিসি, লক্ষ্মীপুর
- পরিবেশ অধিদপ্তর
- বিডব্লিউডিবি
- অন্যান্য

খ) নদী, খাল/নালা, বিল, পুকুর ও নিচুজমির সংরক্ষণ

নদী, খাল, পানির নালা, বিল, পুকুর ও নিচু জমি সমূহের সংরক্ষণ করতে হবে।

যৌক্তিকতা

ড্রেনেজ ব্যবস্থা লক্ষ্মীপুর পৌরসভার জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়। তাই এর সমাধান পরিকল্পিত ও সুবিন্যস্তভাবে করা প্রয়োজন। ড্রেনেজ সংশ্লিষ্ট উপাদানগুলো হচ্ছে বিল, পুকুর এবং নিচু এলাকা। প্রধান প্রধান জলাশয়গুলো পলি দ্বারা ভরাট হয়ে এবং অননুমোদিত দখল হয়। খালগুলো বর্ষাকালে উপচে পড়ে, পুকুরগুলো পানি জমা রাখতে পারছেনা এবং নিচু জমিগুলো অন্যান্য উন্নয়ন কর্মকান্ডের কারণে অবলুপ্ত হচ্ছে। এ জন্য শহরের ঘনবসতিপূর্ণ এলাকাতে জলাবদ্ধতার পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। ফলে অন্যান্য অবকাঠামো ও সেবা ব্যাহত হচ্ছে। এ সমস্ত এলাকা মানুষের অবৈধ দখল থেকে মুক্ত রাখার জন্য পূর্ণ সুরক্ষা প্রয়োজন।

বাস্তবায়নের পদ্ধতি

এই মহাপরিকল্পনায় নির্দেশিত পরিবেশ সংবেদনশীল এলাকগুলো জলাধার সংরক্ষণ আইন, ২০০০ অনুসারে সংরক্ষণ করা প্রয়োজন। জনসংখ্যা অভিক্ষেপ থেকে দেখা যায় যে, ২০৩৭ সাল পর্যন্ত পৌরসভার বর্ধিত জনসংখ্যাকে বর্তমান আবাসিক জমিতে ঘনত্ব বৃদ্ধির মাধ্যমে আবাসিত করা সম্ভব। এভাবে অনেকগুলো জলাশয় সংরক্ষণ করা সম্ভব হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা
- এলজিইডি
- ডিসি, লক্ষ্মীপুর
- বিডব্লিউডিবি
- দাতা সংস্থা
- অন্যান্য

গ) সবুজ বেষ্টনী নির্মাণ

অবৈধ ও অননুমোদিত দখল থেকে অবকাঠামোকে সুরক্ষা প্রদান করা প্রয়োজন। রাস্তার পাশের জায়গা (রাইট অফ ওয়ে) দখল এবং অন্যান্য সরকারি জায়গা অননুমোদিত দখল একটি সাধারণ ব্যাপার এবং এটি জনসাধারণের জন্য বিশাল বিড়ম্বনার সৃষ্টি করছে। এইসব এলাকা সবুজ বেষ্টনী দ্বারা সুরক্ষিত হবে। সবুজ বেষ্টনীভুক্ত এলাকা হচ্ছে মহাসড়ক, রেলপথ, আঞ্চলিক সড়ক, নদী, খাল বিল সংলগ্ন এলাকা এবং জনসাধারণের খোলা জায়গা। পদ্ধতিগতভাবে বৃক্ষরোপণ ও বনায়ন এগুলো দখল থেকে রক্ষা করতে পারে।

বাস্তবায়নের পদ্ধতি

জাতীয় মহাসড়কের উভয় পাশে ১০ মিটার অব্যবহৃত ভূমিতে উপযুক্ত বৃক্ষরোপণের দ্বারা রক্ষা করা উচিত এবং এগুলো সঠিক পর্যবেক্ষণ এবং তত্ত্বাবধানে রাখা উচিত। নদী/খাল/নদীতীর, সরকারি জমি এবং অন্যান্য জনস্বার্থের জন্য নির্দিষ্ট জায়গাগুলোর মত এলাকাসমূহও যথোপযুক্ত বৃক্ষরোপণ দ্বারা রক্ষা করা উচিত।

বাস্তবায়নকারী সংস্থা

- ডিসি, লক্ষ্মীপুর
- পৌরসভা
- আরএইচডি
- রেলপথ মন্ত্রণালয়
- এলজিইডি
- পরিবেশ অধিদপ্তর
- দাতা সংস্থা
- উদ্যান বিভাগ

ষষ্ঠ অধ্যায় অর্থনীতি

সূচিপত্র

৬.১ ভূমিকা ----------৬-১
৬.২ স্থানীয় অর্থনীতি এবং অর্থনীতির চালক ----------৬-১
৬.৩ জীবন জীবিকা ---------- ৬-৩
৬.৪ লক্ষ্মীপুর শহরের সঙ্গে আঞ্চলিক ও জাতীয় বাণিজ্যিক সম্পর্ক ---------- ৬-৩
৬.৫ স্থানীয় অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব ---------- ৬-৪
৬.৬ উন্নয়ন কৌশল ও নীতিমালা ---------- ৬-৪
৬.৭ বাস্তবায়ন ---------- ৬-৪

ষষ্ঠ অধ্যায়
অর্থনীতি


৬.১ ভূমিকা

প্রতিবেদনের ষষ্ঠ অধ্যায়ের আলোচনা করা হয়েছে স্থানীয় অর্থনীতির ভিত্তি নিয়ে। অলোচনার বিষয়বস্তুর মধ্যে আরো আছে স্থানীয় জনগনের জীবন জীবিকা এবং স্থানীয় অর্থনীতির প্রবৃদ্ধির সুপারিশকৃত কৌশল এবং নীতিমালা।

৬.২ স্থানীয় অর্থনীতি এবং অর্থনীতির চালক

যে কোন শহরের অর্থনীতি মূলত তিনটি খাত নিয়ে গঠিত হয়- প্রাইমারি খাত, সেকেন্ডারি খাত এবং টার্শিয়ারি খাত বা সার্ভিস খাত। কৃষি, এবং কৃষি বিষয়ক মৎস, হাঁস-মুরগি এবং গবাদিপশু, খনি এবং কৃষি বিপণন নিয়ে হচ্ছে প্রাইমারি খাত। সেকেন্ডারি খাতে আছে, শিল্প এবং শিল্প পণ্য বিপণন। তৃতীয় খাত হচ্ছে টার্শিয়ারি খাত বা সার্ভিস খাত। এই খাতের কাজ হচ্ছে ব্যবসা বাণিজ্য পরিচালনা করা। এই খাত যে কোন অর্থনীতির সর্ব বৃহৎ খাত। এই খাতের মূল কাজ ভোক্তাদের সেবা প্রদান। এই খাতে আছে বাণিজ্য যেমন, পাইকারী ও খুচরা পন্য বিপণন, অর্থ বিষয়ক সেবা, শিক্ষা এবং স্বাস্থ্য বিষয়ক সেবা, হোটেল রেস্টুরেন্ট, পরিবহন ইত্যাদি। সাম্প্রতিক সময়ে সার্ভিস খাত জোর দিচ্ছে "জ্ঞান ভিত্তিক অর্থনীতি" এর উপর। এর লক্ষ্য হচ্ছে ভবিষ্যতে ভোক্তারা কি ধরণের পন্য চায় তা অনুধাবন করা এবং সল্প ব্যয়ে তা উৎপাদন করে বাজার দখলে সক্ষমতা অর্জন করা।

চিত্রলেখ ৬-১: পারিবারিক আয়ের প্রধান উৎস



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

বেস লাইন জরিপ থেকে দেখা যায় যে জরিপকৃত ৪০০ টি পরিবারের আয়ের প্রধান উৎস ব্যবসা। প্রায় ২৮.৭১ শতাংশ পরিবারের আয়ের প্রধান উৎস ব্যবসা। এর পরবর্তী উৎস হচ্ছে চাকুরী যা প্রায় ২৫.৩৯ শতাংশ পরিবারের আয়ের প্রধান উৎস। বিস্তারিত ***চিত্রলেখ ৬-১*** থেকে দেখা যেতে পারে।

শহরের সার্বিক অর্থনৈতিক কর্মকান্ড মূলত চারটি বাজারের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। এ গুলো হচ্ছে, লক্ষ্মীপুর বাজার, জোকসিন বাজার, উত্তর তেমুহানি বাজার এবং ঝুমুর বাজার। এ ছাড়া বিসিক শিল্প এলাকায় হাতে গোনা কয়েকটি কারখানা আছে। শহরের বিভিন্ন এলাকা পর্যবেক্ষণ এবং স্টেকহোল্ডার সাক্ষাৎকার থেকে দেখা যায় লক্ষ্মীপুর শহরে এই চারটি প্রধান অর্থনৈতিক কেন্দ্র এর মধ্যে মূলত শহরের অর্থনীতি কেন্দ্রীভূত। এর মধ্যে লক্ষ্মীপুর বাজার এবং উত্তর তেমুহনি বাজার বড় শহরের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশের প্রায় সব ব্যাংক এর শাখাই এই শহরে আছে। ব্যাংক এর মোট শাখার সংখ্যা ১৫টি। সব কয়টি রাস্ট্রীয় ব্যাংক এর শাখা এখানে আছে। শহরে ছয়টি ছোঠ আকারের শিল্প কারখানা আছে। ভূমি ব্যবহার জরিপ থেকে দেখা যায় শহরে ব্যবসা বাণিজ্য কাজে ব্যবহার হয় ৭২.৬ একর বা শহরের মাত্র ৮৫.৩৭ একর (১.২৮%) জমি ব্যবসায়িক কাজে ব্যবহার করা হয় এবং ৫১.৯০ একর বা ০.৭৮% জমি মিশ্র কাজে ব্যবহার করা হয়। যদি মিশ্র শ্রেণির ভূমি ব্যবহার এর অর্ধেক জমি ব্যবসায়িক কাজে ব্যবহৃত হয়ে থাকে তবে এই খাতে মোট জমি হবে ১১১.৩২ একর যা শহরের মোট এলাকার অতি সামান্য। এ থেকে শহরের ব্যবসা বাণিজ্যের আয়তন সম্পর্কে একটি ধারণা পাওয়া যায়। শিল্প খাতের অবস্থান আরো খারাপ। শহরের মাত্র ১৭.৩৪ একর (০.২৬%) জমি শিল্প কারখানার জন্য ব্যবহৃত হচ্ছে। শিল্প কারখানার অধিকাংশই হচ্ছে স্থানীয় ভোক্তা পন্য উৎপাদনকারী। বিসিক শিল্প এলাকার অধিকাংশ প্লটই খালি পড়ে আছে। শহরের বাণিজ্যিক স্থাপনাসমূহের একটি তালিকা ***সারণি ৬-১*** এ দেয়া হলো।

সারণি ৬-১: শহরের বাণিজ্যিক স্থপনাসমূহ

ক্রমিক নং	নির্বাচিত অর্থনৈতিক কেন্দ্র	অবস্থান	সংখ্যা
১	পৌর মার্কেট	ওয়ার্ড নং. ০৬	০১
২	বিপণি বিতান (মুক্তিযোদ্ধা শপিং কমপ্লেক্স)	ওয়ার্ড নং. ০৫	০১
৩	সুপার মার্কেট	ওয়ার্ড নং ১০, ১১, ১২ ও ১৩	০৫
৪	হাট/বাজার	ওয়ার্ড নং ২, ৫, ৬ ও ৭	০৪
৫	বাণিজ্যিক ব্যাংক	ওয়ার্ড নং ২, ৫, ৬, ৭, ৮, ১০ ও ১১	১৫
৬	শিল্প-কারখানা (ছোট)	ওয়ার্ড নং ০৩	০৭
৭	পশু বাজার	ওয়ার্ড নং ১৫	০১

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা ও ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

শহরের ক্রেতারা সাধারণত হাট বাজার থেকে তাদের প্রতিদিনের কেনা কাটা করে থাকেন। তবে শহর ছাড়াও শহরের বাইরে থেকে যেমন, রায়পুর, দালাল বাজার, রামগতি, কামাল নগর, দত্তপাড়া, চন্দ্র গঞ্জ, হাজি পাড়া, বটতলি প্রভৃতি এলাকা থেকেও মানূষ এই শহরে কেনাকাটা করতে আসে। খাদ্য ছাড়া অন্যান্য ভোগ্য পণ্য সাধারণত ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য এলাকা থেকে আমদানি করা হয়। খাদ্য সামগ্রী প্রধানত স্থানীয়ভাবে উৎপাদিত। আশেপাশের কৃষকরা তাদের উৎপাদিত পণ্য ভ্যান অথবা রিক্সায় শহরে নিয়ে এসে বাজারে বিক্রয় করে থাকে।

স্থানীয় কিছু মাজারসহ ধর্মীয় এবং ঐতিহাসিক প্রতিষ্ঠান পর্যটন আকর্ষণ হয়ে অর্থনীতিতে অবদান রাখছে। এগুলোর আকর্ষণে অনেক মানুষ বাইরে থেকে এখানে এসে থাকে। তিতা খান জামে মসজিদ, শাহাপুর নীল কুঠি, শাহাপুর শাহেব বাড়ী, খোয়া সাগর দীঘি, হযরত আজিম শাহ মাজার এগুলার মধ্যে অন্যতম। এ ছাড়াও আছে, দালাল বাজার জমিদার বাড়ী, শ্রী গোবিন্দ মহাপ্রভূ জিউ আখড়া, দালাল বাজার মঠ, কমলা সুন্দরী দীঘি, রামগতির রানী ভবানী কামাদা মঠ, রামগঞ্জের শ্রী রামপুর রাজবাড়ী ইত্যাদি। পৌরসভা এলাকায় আছে লক্ষ্মীপুর শিশু পার্ক যা উপভোগ করতে অনেক দূর দূরান্ত থেকে মানুষ আসে।

এলাকার পানি সংকট দূর করতে ব্রজ বল্লভ রায় ১৭৫৫ সালে এখানে ২৫ একরের একটি দীঘি খনন করেন। দীঘিটির এত দৈর্ঘ্য ছিল যে এপার থেকে ওপার দেখা যেতো না। এ জন্য এ দীঘির নাম খোয়া সাগর। এটি এ অঞ্চলের একটি পর্যটন আকর্ষণ।

বিবিএস এর (Population and Housing survey, 2011) সমীক্ষা থেকে শহরের সার্বিক কর্মসংস্থানের একটি চিত্র পাওয়া যায়। প্রাপ্ত তথ্য থেকে দেখা যায় যে শহরের ৩৫.১৯% কর্মসংস্থান কৃষি খাতে, ২.৭% মৎস আহরণ, ১৯.৮৬% দিন মজুরি, ১২.১০% সেবা খাতে বা সার্ভিস খাতে যা মূলত ব্যবসা বাণিজ্য, হোটেল রেস্টুরেন্ট, সরকারি বেসরকারি চাকুরী ইত্যাদি নিয়ে গঠিত। শিল্প খাতের তেমন কোন ভূমিকা নেই স্থানীয় অর্থনীতিতে।

এখানে শিল্প বলতে আছে, একটি কাপড়ের কল, প্রচুর ধান এবং চালের মিল, করাত কল, বরফ কারখানা, বিড়ি কারখানা, তারকাঁটার কারখানা, সাবান কারখানা, তেলের মিল, বেকারী ইত্যাদি। লক্ষ্মীপুরের কৃষি ভিত্তিক শিল্পের সম্ভাবনা রয়েছে। তবে বর্তমানে শিল্পায়ন একেবারেই প্রাথমিক পর্যায়ে।

উপরের তথ্য থেকে বোঝা যায় যে স্থানীয় অর্থনীতির গতি অতি ধীর। এটি মূলত টারশিয়ারি খাতের উপর ভর করে চলছে। তথ্য থেকে দেখ যায় যে অর্থনীতি মূলত কৃষি ভিত্তিক। এই খাত থেকে প্রকৃত শিল্প খাতে উত্তরণ না পেলে স্থানীয় অর্থনীতি উজ্জিবিত হবে না। সম্ভাবনার কথা বেশ কিছু শিল্প ইতিমধ্যে শহরের আশে পাশে গড়ে উঠতে শুরু করেছে। এটি একটি ইতিবাচক দিক।

৬.৩ জীবন জীবিকা

জীবন জীবিকার মাধ্যমে মানুষ প্রতিদিন জীবন ধারণের জন্য আয় রোজগার করে থাকে। শহর হিসাবে লক্ষ্মীপুরের মানুষের জীবনধারণ প্রক্রিয়া গ্রামের তুলনায় ভিন্ন। তবে নগরায়ণ ধারা ধীর গতিতে চলমান থাকায় অনেক গ্রামীণ সংস্কৃতি এখনো রয়ে গিয়েছে। ২০১১ সালের জনসংখ্যা শুমারী থেকে দেখা অনেক পরিবার এখনো কৃষি কাজ থেকে আয় রোজগার করে থাকে। প্রায় ৬৫ শতাংশ পরিবার ব্যবসা এবং চাকুরির আয় রোজগার থাকে জীবন ধারন করে থাকে।

নমুনা জরিপ থেকে দেখা যায় যে ৬৫.৭৫% খানার মাসিক আয় ৳১৪০০০ বা তার বেশি; ৪.৭৫% শতাংশ খানার মাসিক আয় ৳৮০০০ বা তার কম। এটি দারিদ্র্য সীমার আয়ের সামান্য উপরে। অশিকাংশ পরিবারের রোজগারী সদস্যের সংখ্যা একাধিক। প্রায় ২১% পরিবার ঋণগ্রস্থ।

জরিপ থেকে দেখা যায় যে ২১% বাড়ি ঘর সেমি পাকা। এ সমস্ত বাড়ির ছাদ টিনের এবং দেয়াল ইটের তৈরী। প্রায় ৫১ শতাংশ বাড়ি টিন শেডের; ১৩ শতাংশ বাড়ি পাকা বা এপার্টমেন্ট ধরণের। বাড়ি ঘরের অবস্থা থেকে বসবাসকারীদের অর্থনৈতিক অবস্থার চিত্র পাওয়া যায়।

প্রায় ৯০ শতাংশ বাড়িতে বিদ্যুৎ সংযোগ আছে, কিন্তু ৩৬.৫০ শতাংশ বাড়িতে পৌর পানি সংযোগ নেই। নমুনা জরিপ থেকে দেখা যায় যে ৭০.০৬ শতাংশ বাড়ীতে স্যানিটারি ল্যাট্রিন আছে।

পৌরসভা সূত্র থেকে জানা যায় যে শহরে ১৫ টি বস্তি আছে (২০১৬)। এগুলোতে ৯৮৫ টি পরিবারের অধীনে ৪২৯০ জন মানুষ বসবাস করে। বস্তিবাসীরা প্রায় সবাই বাড়ির মালিক। বস্তিতে বসবাসকারী পরিবারগুলোর মধ্যে মাত্র ২.৫০ শতাংশ পরিবার মাসে গড়ে ৳৪০০০ থেকে ৳৬০০০ আয় করে থাকে। তবে ১.২৫% পরিবার ৳৪০০০ এর নিচে আয় করে। এরা সাবাই দরিদ্র পরিবার। তবে ৮.৭৫% পরিবার মাসে ৳১৪০০০ বা তার বেশি আয় করে।

৬.৪ লক্ষ্মীপুর শহরের সঙ্গে আঞ্চলিক ও জাতীয় বাণিজ্যিক সম্পর্ক

লক্ষ্মীপুর শহরের সঙ্গে দেশের প্রায় সকল এলাকার বাণিজ্যিক সম্পর্ক আছে। অনেক ফল (আম, কাঁঠাল, কলা, কালো জাম, পেঁপে, পেয়ারা, লেবু, নারকেল, সুপারি, আপেল, শরিফা, আমড়া), শস্য (ধান, গম, সরিষা, পাট, মরিচ, আলু, ডাল, ভুট্টা, সয়াবিন, বাদাম, আঁখ), মাছ এবং তাঁত পণ্য প্রধান রপ্তানি পণ্য থেকে অনেক আয় হয়। বাশ এবং বেতের তৈরি পণ্য রপ্তানি করা হয়। গুরুত্বপূর্ণ আমদানি জায়গাগুলো হল ঢাকা, চট্টগ্রাম এবং চৌমোহনি। ৮০ শতাংশের ও বেশি পণ্য সড়ক পথে পরিবহন করা হয়। খুব কম পরিমান পণ্য জলপথে পরিবহন করা হয়। বিশাল পরিমান ভোগ্যপণ্য ও নির্মাণ সামগ্রী দেশের বিভিন্ন প্রান্ত থেকে আমদানি করা হয়।

৬.৫ স্থানীয় অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব

জলবায়ু পরিবর্তনের ফলে কিছু গভীর প্রকৃতিক বিপর্যয় তৈরী হবে, যেমন, ট্রপিক্যাল সাইক্লোন যা সম্পদ ও প্রাণহানী ঘটাবে। অতি বৃষ্টি বন্যার প্রকোপ বৃদ্ধি করবে ফলে কৃষি, বাড়ীঘর ও অবকাঠামো ক্ষতিগ্রস্থ হবে। বাণিজ্য ও যাতায়ত ক্ষতিগ্রস্থ হবে। বেকারত্ব ও দারিদ্র বিমোচন ও অবকাঠামো পুনঃনির্মানের জন্য সরকারি বিনিয়োগ বৃদ্ধি করতে হবে।

লক্ষ্মীপুর শহরের জন্য জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকির মধ্যে আছে মৌলিক অবকাঠামো সংকট, পানি সরবরাহ সংকট, ড্রেনেজ সংকট, স্যানিটেশন এবং বর্জ্য ব্যবস্থাপনা সংকট। পরিকল্পিত উন্নয়ন কার্যক্রমকে অবহেলার কারণে ভবিষ্যতে সরকারকে কঠিন মূল্য দিতে হবে।

জলবায়ু পরিবর্তন সহনীয় উন্নয়ন অর্জন করতে হলে অবকাঠামোগুলোকে জলবায়ু পরিবর্তন সহনীয় করে নির্মাণ করার কার্যক্রম গ্রহণ করতে হবে। এটি হতে হবে পৌরসভার অগ্রাধিকার দায়িত্ব।

৬.৬ উন্নয়ন কৌশল ও নীতিমালা

উদ্দেশ্যঃ বিনিয়োগ ও কর্মসংস্থান প্রসার।

কৌশলঃ অবকাঠামো এবং সেবা খাতে বিনিয়োগ বৃদ্ধি করতে হবে যাতে শহরে ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ প্রসার লাভ করে।

নীতি/অর্থ/১: স্থানীয় এবং আঞ্চলিক চাহিদার প্রতি লক্ষ্য রেখে SME খাতের প্রসার ঘটাতে হবে। এই খাতের প্রসারের ফলে নতুন কর্মসংস্থান হবে এবং নতূন উদ্যোক্তারা বিনিয়োগে আকৃষ্ট হবে।

নীতি/অর্থ/২: উন্নত অবকাঠামো এবং সেবা সুবিধা দিয়ে বিসিক শিল্প এলাকাকে পূনরুজ্জিবিত করতে হবে। এর ফলে শিল্প এলাকা পরিপূর্ণভাবে ব্যাবহারের সুযোগ তৈরী হবে, নতুন বিনিয়োগকারীরা শিল্প স্থাপনে এগিয়ে অসবে।

নীতি/অর্থ/৩: নতুন যারা ব্যবসা শুরু করবে তাদের জন্য ক্ষুদ্র ঋণের ব্যবস্থা করা।

নীতি/অর্থ/৪: পৌরসভার উদ্যোগে অধুনিক শপিং মল স্থাপন করতে হবে। এর ফলে শহরের বাইরে থেকে ক্রেতারা এখানে কেনাকাটা করতে আগ্রহী হবে। শহরের অর্থনৈতিক তৎপরতা বৃদ্ধি পাবে, আরো বিপণি কেন্দ্র তৈরী হবে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে।

নীতি/অর্থ/৫: অবকাঠামো উন্নয়ন করতে হবে, যেমন, ড্রেনেজ ব্যবস্থা, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা, পানি সরবরাহ এবং সড়ক যোগাযোগ। ভালো অবকাঠামো শহরের ভালো ইমেজ তৈরী করে। মানুষ সে শহরে বসবাস এবং বিনিয়োগ করতে আগ্রহী হয়।

নীতি/অর্থ/৬: বাইরের সঙ্গে মান সম্পন্ন রাস্তার সাহায্যে নতুন যোগাযোগ তৈরী করতে হবে। ভালো যোগাযোগ ব্যবস্থা আমদানি রপ্তানি সহায়ক এবং সহজ যাতায়াত মানুষের মধ্যে যোগাযোগ এবং মিথষ্ক্রিয়া বৃদ্ধি করে।

নীতি/অর্থ/৭: পর্যাপ্ত সেবা সুবিধা সহ নতুন বাস ও ট্রাক টার্মিনাল স্থাপন করতে হবে। ভালো মানের পরিবহন ব্যবস্থা যাত্রী এবং মালামাল পরিবহন সহায়ক।

৬.৭ বাস্তবায়ন

স্থানীয় অর্থনীতি প্রসারের জন্য নীতিমালা বাস্তবায়নের দায়িত্ব পৌরসভা ছাড়াও এই শহরের উন্নয়ন এবং সেবা প্রদানে নিয়োজিত সকল সরকারি প্রতিষ্ঠানের। এই কাজে তাদের সক্রিয় ভূমিকা পালন করতে হবে। শহরের অর্থনীতিকে সমৃদ্ধ করতে হলে সকলের সম্মিলিত প্রয়াস প্রয়োজন। ব্যক্তি পর্যায়ে ঋণ সুবিধা প্রদান জাতীয় পর্যায়ের সিদ্ধান্ত। এ জন্য নীতিমালা ঘোষণা করে ঋণ প্রদানের ব্যবস্থা নিতে হবে। বিসিক শিল্প এলাকাকে পুনরুজীবিত করা বিসিকের দায়িত্ব। এমনিভাবে উন্নয়নের সঙ্গে জড়িত সকল প্রতিষ্ঠানকে তাদের স্ব স্ব ভূমিকা পালনে এগিয়ে অসতে হবে। ব্যবসা বাণিজ্যে বিনিয়োগ মূলত আসবে বেসরকারি উদ্যোক্তাদের কাছ থেকে।

সপ্তম অধ্যায় নগর দারিদ্র্য

সূচিপত্র

৭.১ ভূমিকা ---------- ৭-১
৭.২ বাংলাদেশে নগর দারিদ্র্য ---------- ৭-১
৭.৩ দারিদ্র্য এবং বস্তির জনসংখ্যা ---------- ৭-১
৭.৪ লক্ষ্মীপুর শহরের বস্তিসমূহ ---------- ৭-১
৭.৪.১ জনসংখ্যা ---------- ৭-২
৭.৪.২ বস্তিবাসীদের বয়স ---------- ৭-২
৭.৪.৩ নারী-পুরুষের অনুপাত ---------- ৭-৪
৭.৪.৪ শিক্ষা ---------- ৭-৪
৭.৪.৫ পেশা ---------- ৭-৪
৭.৪.৬ পরিবারের আয় ---------- ৭-৫
৭.৪.৭ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ---------- ৭-৫
৭.৪.৮ ঋণ গ্রস্ততা ---------- ৭-৫
৭.৪.৯ বিদ্যুৎ সংযোগ ---------- ৭-৬
৭.৪.১০ স্বাস্থ্য সেবা ---------- ৭-৬
৭.৪.১১ পানি সরবরাহ ---------- ৭-৬
৭.৪.১২ স্যানিটেশন ---------- ৭-৭
৭.৪.১৩ বর্জ্য ব্যবস্থাপনা ---------- ৭-৭
৭.৪.১৪ যাতায়াত ব্যবস্থা ---------- ৭-৭
৭.৪.১৪.১ সংযোগ সড়ক ---------- ৭-৭
৭.৪.১৪.২ অভ্যন্তরীণ রাস্তা ---------- ৭-৮
৭.৪.১৫ ড্রেনেজ ব্যবস্থা ---------- ৭-৮
৭.৪.১৬ বস্তি উন্নয়ন কমিটি ---------- ৭-৮
৭.৪.১৭ বস্তিতে পৌরসভার সহায়তা ---------- ৭-৮
৭.৫ বস্তিবাসীদের ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.১ মৌসুমি ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.২ দুর্যোগের ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.৩ উচ্ছেদ ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.৪ কর্মহীনতার ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.৫ অসুস্থতা ঝুঁকি ---------- ৭-৯
৭.৫.৬ জলবায়ু পরিবর্তন ঝুঁকি ---------- ৭-১০
৭.৬ উন্নয়ন কৌশল এবং নীতিমালা ---------- ৭-১০
৭.৭ বাস্তবায়ন ---------- ৭-১০

সপ্তম অধ্যায়
নগর দারিদ্র্য

৭.১ ভূমিকা

সপ্তম অধ্যায়ে লক্ষ্মীপুর শহরের দরিদ্রদের জীবন জীবিকা সম্পর্কে আলোচনা করা হয়েছে। এর মধ্যে আছে প্রতিদিনের জীবন যাপনের সমস্যা ও ঝুঁকি। পরিশেষে সমস্যা থেকে পরিত্রাণ এবং তাদের জীবনমান উন্নয়নের কৌশল এবং নীতিমালা সুপারিশ করা হয়েছে।

৭.২ বাংলাদেশে নগর দারিদ্র্য

স্বাধীনতা উত্তর বাংলাদেশে নগরায়নের সূত্রপাত হয় আশির দশকে। প্রাথমিকভাবে এই ধারা শুরু হয় পল্লী দারিদ্র্য তাড়িত মানুষের শহরে আগমনকে কেন্দ্র করে। গ্রামীণ দারিদ্র্য এবং বেকারত্ব বহু পরিবারকে গ্রাম ছাড়া করে শহরমুখী করে শহরের কর্মসংস্থানের সুযোগ গ্রহণের জন্য (Lewis 2011)। কয়েক দশক ধরে শহুরে জনসংখ্যা প্রবৃদ্ধির হার ক্রমাগতভাবে জাতীয় জনসংখ্যা প্রবৃদ্ধির উপরে অবস্থান করছে। ২০০৪ সালে নগরায়নের হার হয় ২৫% এবং ২০১১ সালে হয় ২৮% (নগর এলাকার সংজ্ঞা অনুযায়ী)। নগরায়ণ শহুরে জীবনের একটি বৈশিষ্ঠ্যপূর্ন এবং অত্যাবশকীয় অংশ। ২০০০ সালের বিবিএস এর খানা আয় এবং ব্যয় জরিপ থেকে প্রাপ্ত তথ্য নিয়ে হেড কাউন্ট পদ্ধতিতে দারিদ্র্য নির্ধারণ করতে গিয়ে দেখা যায় যে শহরে দারিদ্রের হার ৫৩ শতাংশ এবং গ্রামে ৩৬.৬০ শতাংশ। একই তথ্য নিয়ে ডাইরেক্ট কেলরি ইনটেক (DCI) পদ্ধতিতে যাচাই করে দেখা যায় যে শহরে দারিদ্রের হার ৫২.৫ শতাংশ এবং গ্রামে ৪২.৩ শতাংশ (LCG 2010)। দারিদ্র্য সমাবেশ বড় শহরগুলোতে বেশি হয়। তবু মানুষ গ্রাম ছেড়ে শহরে অসছে, কারণ শহরে জীবিকা অর্জন করা যায় যেটা গ্রামে পাওয়া যায় না।

৭.৩ দারিদ্র্য এবং বস্তির জনসংখ্যা

বিবিএস অনুযায়ী বস্তি হচ্ছে, "A cluster of compact settlements of five or more that generally *grow very unsystematically and haphazardly in an unhealthy condition atmosphere on a vacant land*." বস্তি শহরের দরিদ্র জনগোষ্ঠির আবাসস্থল। লক্ষ্মীপুর শহরে পরামর্শক কর্তৃক সম্পাদিত খানা নমুনা জরিপ থেকে দেখা যায় যে, ৪.৭৫% খানার মাসিক আয় গড়ে ৮৮০০০ বা তার নিচে, যা দারিদ্র সীমার কাছাকাছি। শহরের বস্তিগুলো সাধারণত প্রান্ত এলাকায় গড়ে উঠে যেখানে জমি বা বাড়িভাড়া কম থাকে। দাম কম থাকার প্রধান কারণ এলাকাগুলো অনুন্নত এবং মৌলিক নাগরিক সুবিধার অভাব রয়েছে। LGED কর্তৃক UGIIP III প্রকল্পের অধীনে ৮০ টি দরিদ্র পরিবারের উপর একটি জরিপ সম্পাদন করা হয় যা থেকে শহরের দরিদ্র জনগোষ্ঠীর একটি চিত্র পাওয়া যায়।

৭.৪ লক্ষ্মীপুর শহরের বস্তিসমূহ

২০১৬ সালে UGIIP III কর্তৃক সম্পাদিত বেজ লাইন জরিপ থেকে শহরে ১৫ টি বস্তির সন্ধান পাওয়া যায়। এর মধ্যে ৭টি বস্তি পৌরসভা অনুমোদিত। বস্তিগুলোর ৯৮৫ পরিবারের আছে সর্বমোট ৪২৯০ জনসংখ্যা। অধিকাংশ বস্তির বাড়ির মালিক নিজে। তবে খাস বা রাষ্ট্রীয় জমিতে গড়ে ওঠা বস্তিও আছে। প্রত্যেক ওয়ার্ডে ছোট বড় বস্তি আছে।

কাঠামো পরিকল্পনা

৭.৪.১ জনসংখ্যা

সারণি ৭-১ এ লক্ষ্মীপুর শহরে বস্তির অবস্থান দেখানো হয়েছে। বস্তিগুলোর মধ্যে ৭টি পৌরসভা কর্তৃক অনুমোদিত। অনুমোদিত বস্তিগুলো ***মানচিত্র ৭-১*** এ দেখানো হয়েছে। বস্তিগুলোর মোট জনসংখ্যা ৪২৯০ জন । মোট খানার সংখ্যা ৯৮৫ টি। বস্তিগুলোতে ৫৮০ টি মহিলা প্রধান পরিবার পাওয়া যায়। বস্তিগুলো ১০.৪ একর খাস জমি, ৫০.৫ একর বেসরকারি জমি এবং ১৩.১৭ একর অন্যান্য জমির উপর অবস্থিত।

সারণি ৭-১: লক্ষ্মীপুর পৌরসভার বস্তিগুলোর তথ্য


ক্রমিক নং	অবস্থান	বস্তির নাম
১	ওয়ার্ড নং ০১	ছৈয়াল বাড়ি
২	ওয়ার্ড নং ০২	আলাউদ্দিন মুন্সির বাড়ি
৩	ওয়ার্ড নং ০৩	আথিয়া বাড়ি
৪	ওয়ার্ড নং ০৪	বেপারী বাড়ি
৫	ওয়ার্ড নং ০৫	দোঘলা বাড়ি
৬	ওয়ার্ড নং ০৬	আনু বেপারী বাড়ি
৭	ওয়ার্ড নং ০৭	আলিম উদ্দিন বেপারী বাড়ি
৮	ওয়ার্ড নং ০৮	জিতু মাঝির বাড়ি
৯	ওয়ার্ড নং ০৯	কাজিম উদ্দিন হাওলাদার বাড়ি
১০	ওয়ার্ড নং ১০	হেজু হাওলাদার বাড়ি
১১	ওয়ার্ড নং ১১	বস্তি বাড়ি
১২	ওয়ার্ড নং ১২	বদ্দার বাড়ি
১৩	ওয়ার্ড নং ১৩	পাঠান বাড়ি
১৪	ওয়ার্ড নং ১৪	জমা গাজী চৌকিদার বাড়ি
১৫	ওয়ার্ড নং ১৫	আজিজ সদ্দার বাড়ি

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা

৭.৪.২ বস্তিবাসীদের বয়স

প্রায় ১১.১৯ শতাংশ বস্তিবাসীর বয়স ৫ বছর বা তার নিচে; ২৪.৭৬ শতাংশের বয়স ১৬ থেকে ৬০ বছর। এরা কর্মজীবী বয়সের অন্তর্ভূক্ত। মাত্র ৪.০৫ শতাংশ বস্তিবাসী বৃদ্ধ যাদের বয়স ৬০ বছরের বেশি। ***চিত্রলেখ ৭-১*** দেখা যেতে পারে।


চিত্রলেখ ৭-১: বস্তিতে বসবাসরত পরিবারের বয়সের বণ্টন



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

মানচিত্র ৭-১ : লক্ষ্মীপুর পৌরসভায় বস্তিগুলোর অবস্থান

1:48,000



ক্র.নং	অবস্থান	বস্তির নাম
১.	ওয়ার্ড নং ০১	ছৈয়াল বাড়ি
২.	ওয়ার্ড নং ০২	আলাউদ্দিন মুন্সির বাড়ি
৩.	ওয়ার্ড নং ০৩	আখিয়া বাড়ি
৪.	ওয়ার্ড নং ০৪	বেপারী বাড়ি
৫.	ওয়ার্ড নং ০৫	দোঘলা বাড়ি
৬.	ওয়ার্ড নং ০৬	আনু বেপারী বাড়ি
৭.	ওয়ার্ড নং ০৭	আলিম উদ্দিন বেপারী বাড়ি
৮.	ওয়ার্ড নং ০৮	জিতু মাঝির বাড়ি
৯.	ওয়ার্ড নং ০৯	কাজিম উদ্দিন হাওলাদার বাড়ি
১০.	ওয়ার্ড নং ১০	হেজু হাওলাদার বাড়ি
১১.	ওয়ার্ড নং ১১	বস্তি বাড়ি
১২.	ওয়ার্ড নং ১২	বন্দার বাড়ি
১৩.	ওয়ার্ড নং ১৩	পাঠান বাড়ি
১৪.	ওয়ার্ড নং ১৪	জমা গাজী চৌকিদার বাড়ি
১৬.	ওয়ার্ড নং ১৫	আজিজ সদ্দার বাড়ি

MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Slum/Poor Area
- Slum/Poor Area

Important Point
- Deputy Commissioner's Office
- Lakshmipur District Jail
- Lakshmipur Pourashava
- Lakshmipur Sadar Thana
- Lakshmipur Zila Parishad
- Stadium

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Existing Road
- National Highway
- Regional Highway
- Zila Road

৭.৪.৩ নারী-পুরুষের অনুপাত

বস্তিবাসীদের মধ্যে নারী পুরুষের অনুপাত ১:১ অর্থাৎ নারী পুরুষের সংখ্যা সমান।

৭.৪.৪ শিক্ষা

নমুনা জরিপ থেকে দেখা যায় দরিদ্রদের মধ্যে ২৬.৬৭% লোকের প্রাথমিক পর্যন্ত শিক্ষা আছে। আর অশিক্ষিতের হার ৬.৬৭%। বিস্তারিত সারণি ৭.২ দ্রষ্টব্য।বিস্তারিত ***সারণি ৭-২*** দ্রষ্টব্য।

সারণি ৭-২: উত্তরদাতাদের মধ্যে শিক্ষার অবস্থা


ক্রমিক নং	শিক্ষাগত যোগ্যতা	লিঙ্গ				মোট	শতকরা
		পুরুষ		মহিলা			
		সংখ্যা	শতকরা	সংখ্যা	শতকরা		
১	অশিক্ষিত	১৪	৫০.০০	১৪	৫০.০০	২৮	৬.৬৭
২	শুধু স্বাক্ষর করতে পারে	৩৩	৪৬.৪৮	৩৮	৫৩.৫২	৭১	১৬.৯০
৩	স্বশিক্ষিত (শুধু পড়তে ও লিখতে পারে)	১৫	৫৩.৫৭	১৩	৪৬.৪৩	২৮	৬.৬৭
৪	প্রাথমিক পর্যন্ত (সর্বোচ্চ পঞ্চম শ্রেণী পর্যন্ত)	৬১	৫৪.৪৬	৫১	৪৫.৫৪	১১২	২৬.৬৭
৫	জুনিয়র সেকেন্ডারি পর্যন্ত (ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত)	২২	৪৮.৮৯	২৩	৫১.১১	৪৫	১০.৭১
৬	সেকেন্ডারি পর্যন্ত (দশম শ্রেণী পর্যন্ত)	২৯	৫০.৮৮	২৮	৪৯.১২	৫৭	১৩.৫৭
৭	এসএসসি অথবা সমমান	১২	৪৮.০০	১৩	৫২.০০	২৫	৫.৯৫
৮	এইচএসসি অথবা সমমান	৭	৫৩.৮৫	৬	৪৬.১৫	১৩	৩.১০
৯	স্নাতক এবং উপরে	১	১০০.০০	-	-	১	০.২৪
১০	অন্যান্য	১৫	৩৭.৫০	২৫	৬২.৫০	৪০	৯.৫২
মোট		২০৯	৪৯.৭৬	২১১	৫০.২৪	৪২০	১০০.০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৫ পেশা

দরিদ্র পরিবারের সদস্যদের মধ্যে ২৯.০৫% ছাত্র এবং ২৫.৭১% গৃহিণী; ৯.০৫% দক্ষ শ্রমিক এবং মাত্র ২.১৪% চাকুরিজীবী। বিস্তারিত ***চিত্রলেখ ৭-.২*** এ দেখা যেতে পারে।

চিত্রলেখ ৭-২: বস্তির পরিবারগুলোর সদস্যদের পেশা



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬


কাঠামো পরিকল্পনা

জরিপ থেকে দেখা যায় যে দরিদ্র পরিবারের প্রধান সাধারণত একাধিক পেশায় নিয়োজিত থাকেন। প্রায় ৭.৬২% মানুষ অদক্ষ শ্রমিকের কাজ করে। পরিবারের সদস্যদের মধ্যে ১২.৩৮% শিশু অথবা বৃদ্ধ।

৭.৪.৬ পরিবারের আয়

বিশ্ব ব্যাংকের সংজ্ঞা অনুযায়ী কোন ব্যাক্তির আয় দিনে ১.৯ ডলারের কম হয় তবে সে দরিদ্র *(Global Poverty line update, World Bank, 2016; www.worldbank.org/en/topic/poverty/brief/global-poverty-line-faq).* যদি কেউ দিনে এর চেয়ে কম রোজগার করে তবে সে অতি দরিদ্র। জরিপ থেকে দেখা যায় যে দরিদ্র পরিবারগুলোর ২.৫% প্রতিমাসে ৪ হাজার থেকে ৬ হাজার টাকা আয় করে থাকে। তাদের ১.২৫% আয় করে মাসে ৪০০০ টাকার কম। ১০ হাজার থেকে ১৪ হাজার টাকা পর্যন্ত আয় করে ৮.৭৫% পরিবার।

চিত্রলেখ ৭-৩: বস্তির পরিবারগুলোর মাসিক আয়



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৭ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

জরিপ থেকে দেখা যায় যে বিরানব্বই শতাংশ এর বেশি দরিদ্র মানুষ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহনের কোন সুযোগ পায় নাই। মাত্র ৭.৫০% জন এ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করেছে। এই অঞ্চলের দারিদ্র এলাকায় সরকারি বা এনজিও কর্তৃক দক্ষতা উন্নয়ন বিষয়ে কোন প্রশিক্ষণ প্রদান করা হয় নাই।

৭.৪.৮ ঋণ গ্রস্ততা

বস্তিবাসীদের মধ্যে ৪৩.৭৫ শতাংশ ঋণ গ্রস্ত। এরা এনজিও এবং বিভিন্ন আথিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়েছে দৈনন্দিন ব্যয় নির্বাহ, ব্যবসা অথবা গৃহ নির্মানের জন্য। বিস্তারিত ***সারণি ৭-৩*** এ বিগত ৫ বছরে বিভিন্ন কাজে ঋণ নেয়া ঋণ গ্রহীতাদের সংখ্যা দেখানো হয়েছে ।

সারণি ৭.৩ *বিগত ৫ বছরে ঋণ গ্রহণকারী*

ক্রমিক নং	ঋণ গ্রহণকারী	সংখ্যা	%
১	হাঁ	৩৫	৪৩.৭৫
২	না	৪৫	৫৬.২৫
মোট		৮০	১০০.০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

সারণি ৭.৪ এ ঋণ গ্রহনকারীদের ঋণ গ্রহনের কারণ সমূহ এবং সর্বশেষ পাঁচ বছরের ঋণ গ্রহনের সময়কাল দেয়া হয়েছে। সারণি থেকে দেখা যায় যে সর্বাধিক পরিমান ঋণ নেয়া হয়েছে (৩৬.৩৬%) গৃহ নির্মাণ কাজে। বিগত পাঁচ বছরে বস্তিবাসীরা বিভিন্ন কারণে প্রায় ২৮,২৮,০০০ টাকা ঋণ গ্রহণ করেছে।

সারণি ৭-৪: সর্বশেষ পাঁচ বছরের ঋণ গ্রহনের সময়কাল

ক্রমিক নং	ঋণ নেয়ার কারন	ঋণের সময়কাল								মোট	
		২০১৪		২০১৩		২০১২		২০১১			
		টাকা	%	টাকা	%	টাকা	%	টাকা	%	টাকা	%
১	গৃহ নির্মাণ	৩৬০০০০	২৩.৫৩	৩৫০০০	২৮.৫৭	-	-	-	-	৩৯৫০০০	২২.৭৩
২	বাড়ি সংস্কার	১২৬২০০০	৩৫.২৯	৯০০০০	৪২.৮৬	১২০০০	৫০	০	-	১৩৬৪০০০	৩৬.৩৬
৩	পারিবারিক খরচ	১৪৮০০০	১১.৭৬	-	-	-	-	-	-	১৪৮০০০	৯.০৯
৪	শিক্ষা	৭৮০০০	২.৯৪	-	-	-	-	-	-	৭৮০০০	২.২৭
৫	অস্থাবর সম্পত্তি ক্রয়	৫০০০০	৫.৮৮	২০০০০০	১৪.২৯	-	-	-	-	২৫০০০০	৬.৮২
৬	কর্মসংস্থান তৈরি	৮৯০০০০	১৭.৬৫	৪০০০০	১৪.২৯	৩০০০০	৫০	২০০০০	১০০	৯৮০০০০	২০.৪৫
৭	অন্যান্য	৪০০০০	২.৯৪	-	-	-	-	-	-	৪০০০০	২.২৭
মোট		২৮২৮০০০	১০০	৩৬৫০০০	১০০	৪২০০০	১০০	২০০০০	১০০	৩২৫৫০০০	১০০
গড়ে		৮৩১৭৬	-	৫২১৪৩	-	২১০০০	-	২০০০০	-	৭৩৯৭৭	-

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.৯ বিদ্যুৎ সংযোগ

জরিপ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রায় ৮৫ শতাংশ বাড়ীতে বিদ্যুৎ সংযোগ আছে। কিন্তু সরবরাহ অনিয়মিত থাকায় অন্য সবার মত দরিদ্র পরিবারগুলোও বিদ্যৎ সুবিধা থেকে বঞ্চিত। ৮.৭৫% পরিবার জানায় তাদের এলাকায় রাতে আলোর পরিমাণ পর্যাপ্ত নয়।


৭.৪.১০ স্বাস্থ্য সেবা

প্রায় ৯৮.৭৫% দরিদ্র পরিবার জানায় তাদের জন্য বিশেষ কোন স্বাস্থ্য সেবা সুবিধা নেই। মাত্র ১.২৫% তারা এনজিওদের কাছ থেকে স্বাস্থ্য সেবা পেয়ে থাকে। দরিদ্র পরিবার সরকারি স্বাস্থ্য সেবা গ্রহণ করে থাকে। পৌরসভা মাঝে মাঝে শিশুদের টিকা দিয়ে থাকে। এ ছাড়া তারা সরকারি সূর্যের হাসি ক্লিনিক,সরকারি মেটারনিটি ক্লিনিক এবং সরকারি হাসপাতাল থেকেও সেবা নিয়ে থাকে।

৭.৪.১১ পানি সরবরাহ

অধিকাংশ পরিবার চাপ কল থেকে প্রাত্যহিক পানির প্রয়োজন মিটিয়ে থাকে। মাত্র ২৪.১৪% পরিবার পৌর পানি সরবরাহ সুবিধা পেয়ে থাকে। এ ছাড়া নদী,খাল বা পুকুরের পানিও ব্যবহার করা হয়ে থাকে। বিস্তারিত ***চিত্রলেখ ৭-৪*** দ্রষ্টব্য।


চিত্রলেখ ৭-৪: পানির উৎস



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১২ স্যানিটেশন

কাঁচা ল্যাট্রিন আছে ৩৩.৭৫% পরিবারের। রিং ও স্ল্যাব দিয়ে তৈরী ল্যট্রিন আছে ৪৬.২৫% পরিবারে। স্বাস্থ্য সম্মত সেনিটারী ল্যাট্রিন আছে ২০% পরিবারের। বিস্তারিত ***চিত্রলেখ ৭.৫*** এ দেখানো হয়েছে।



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ৭.৫: স্যানিটেশন এর অবস্থা

৭.৪.১৩ বর্জ্য ব্যবস্থাপনা

দরিদ্র পরিবারের ৮১.২৫ শতাংশ বাড়ির আশে পাশে যেখানে সেখানে তাদের বর্জ্য ফেলে থাকে। মাত্র ৭.৫ শতাংশ পৌরসভার ডাস্টবিনে তাদের বর্জ্য ফেলে থাকে বলে জানিয়েছে। আশে পাশের ড্রেনে ময়লা ফেলে থাকে ২.৫ শতাংশ পরিবার।

৭.৪.১৪ যাতায়াত ব্যবস্থা

৭.৪.১৪.১ সংযোগ সড়ক

জরিপকৃত ৫১.২৫ শতাংশ দরিদ্র পরিবার মনে করে যে তাদের এলাকার সংযোগ রাস্তার অবস্থা ভালো নয়; ৩২.৫০ শতাংশ মনে করে ভালো এবং ১৬.২৫ শতাংশ এটিকে মোটামোটি চলনসই বলে উল্লেখ করেন। বিস্তারিত ***সারণি ৭-৪*** দ্রষ্টব্য।

সারণি ৭-৫: সংযোগ সড়ক গুলোর অবস্থা

ক্রমিক নং	বস্তির সংযোগ সড়কগুলোর অবস্থা	সংখ্যা	%
১	ভালো	২৬	৩২.৫০
২	সন্তোষজনক	১৩	১৬.২৫
৩	খারাপ	৪১	৫১.২৫
	মোট	**৮০**	**১০০**

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১৪.২ অভ্যন্তরীণ রাস্তা

বস্তিতে অভ্যন্তরীণ রাস্তা খুবই গুরুত্বপূর্ণ। জরিপকালে ৬০% পরিবার জানায় তাদের অভ্যন্তরীণ রাস্তার অবস্থা খারাপ। ১০% মনে করে চলনসই।

সারণি ৭-৬: বস্তির অভ্যন্তরীণ সড়কগুলোর অবস্থা

ক্রমিক নং	বস্তির সংযোগ সড়কগুলোর অবস্থা	সংখ্যা	%
১	ভালো	২৪	৩০
২	সন্তোষজনক	৮	১০
৩	খারাপ	৪৮	৬০
	মোট	৮০	১০০

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১৫ ড্রেনেজ ব্যবস্থা

পৌরসভার তথ্য অনুযায়ী বস্তিগুলোতে ড্রেন আছে ৮০০০ মিটার। কিন্তু ড্রেনগুলোর অবস্থা ভালো নয়; ৩২.৫০% উত্তরদাতা তাদের এলাকায় ড্রেনেজ ব্যবস্থা খারাপ বলে উল্লেখ করেছেন। ৩৩.৭৫% ড্রেনেজ ব্যবস্থা ভালো বলে উল্লেখ করেছেন।

৭.৪.১৬ বস্তি উন্নয়ন কমিটি

এলজিইডি এর বস্তি উন্নয়ন কার্যক্রমের আওতায় পৌরসভা স্বীকৃত বস্তিগুলোতে একটি করে বস্তি উন্নয়ন কমিটি থাকতে হয় বস্তির মানুষের উন্নয়নের জন্য। জরিপকৃত বস্তির অধিবাসীরা জানায় যে তাদের বস্তিতে কোন বস্তি উন্নয়ন কমিটি নেই *(সারণি ৭-৭)*।

সারণি ৭-৭: এই বস্তিতে বস্তি উন্নয়ন কমিটির উপস্থিতি

ক্রমিক নং	কখনো কি পৌরসভার সহায়তা পেয়েছেন	সংখ্যা	%
১	হ্যাঁ	০	০
২	না	৮০	১০০
	মোট	**৮০**	**১০০**

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৪.১৭ বস্তিতে পৌরসভার সহায়তা

উত্তরদাতাদের ৮১.২৫% জানায় যে তারা পৌরসভার কাছ থেকে বস্তিতে কোন ধরণের সহায়তা পান নাই। বিস্তারিত *সারণি ৭৮-* দ্রষ্টব্য।

সারণি ৭-৮: পৌরসভার সহায়তা

ক্রমিক নং	কখনো কি পৌরসভার সহায়তা পেয়েছেন	সংখ্যা	%
১	হ্যাঁ	১৫	১৮.৭৫
২	না	৬৫	৮৪.২৫
	মোট	**৮০**	**১০০**

তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

৭.৫ বস্তিবাসীদের ঝুঁকি

যেকোনো শহরের বস্তিবাসীরা হল সবচেয়ে বঞ্চিত জনগোষ্ঠী। তারা বিভিন্ন দৃষ্টিকোণ থেকে সামাজিক এবং শারীরিক ভাবে দুর্বল। সকল দুর্বলতাই শেষ পর্যন্ত তাদের জীবিকায় আঘাত হানে। নিচে কিছু প্রধান দুর্বলতাগুলো দেয়া হল যা তারা প্রায়শই সম্মুখীন হয়। এর ভিতর আছে আসন্ন জলবায়ু পরিবর্তন যা তারা নিকট ভবিষ্যতে সম্মুখীন হবে।

৭.৫.১ মৌসুমি ঝুঁকি

বস্তিবাসীরা সাধারণত অনানুষ্ঠানিক পেশার সাথে সংযুক্ত থাকে এবং দিন এনে দিন খায়। বর্ষার মৌসুমে দিনমজুররা প্রায়ই কাজে যেতে পারে না, ফলে তাদের আয় বন্ধ হয়ে যায়। খারাপ আবহাওয়ার কারণে বিক্রেতাদের বিক্রি কমে যায় এবং রোজগার বন্ধ থাকে। গরীব পরিবার গুলো সাধারণত অভাবের সময় কাজের অভাবে ঋণ নিতে বাধ্য হয়। তারা বাকিতে তাদের নিত্যপণ্যগুলো স্থানীয় দোকান থেকে নেয় এবং পরে পরিশোধ করে। মাঝে মাঝে মুনাফা বা সুদ সহ শোধ করতে হয়। ঋণ পরিশোধ করতে তাদের কঠোর পরিশ্রম করতে হয়। বর্ষা মৌসুমে তাদের আর্থিক দৈন্যতা দেখা দেয় যা তাদের উন্নতির প্রধান বাধা হিসেবে কাজ করে। এমনকি বর্ষা মৌসুম শেষ হয়ে যাওয়ার পরেও তাদের অবস্থার বিশেষ কোন পরিবর্তন ঘটে না। খাপ খাইয়ে নেয়ার সক্ষমতা ও কমতে থাকে, যেমন, তাদের খাদ্যে গ্রহন ৫০ শতাংশে নেমে যায় যা পরিবারের সদস্যদের স্বাস্থ্য এবং পুষ্টির সমস্যা হয় এবং তাদের কর্মক্ষমতা হ্রাস পায়।

৭.৫.২ দুর্যোগের ঝুঁকি

দুর্যোগ যেমন, বন্যা অথবা ঘূর্ণিঝড় হলে গরীব বস্তিবাসীদের আয় কমে যায়। ঘূর্ণিঝড় অথবা নদীভাঙ্গনের ফলে তাদের অস্থায়ী ঘরবাড়ি গুলো ধ্বংস হয়ে যায় এবং তাদের জীবনে অনিশ্চিত অবস্থা তৈরি হয়। কখনো তারা আশ্রয়হীন হয়ে পরে। নতুন করে আবাস নির্মাণ করতে তাদের আয়ের অধিকাংশই চলে যায়।

৭.৫.৩ উচ্ছেদ ঝুঁকি

অনেক দরিদ্র পরিবার সরকারি জমিতে ঘর তৈরী করে থাকে। এর ফলে তারা সর্বক্ষণ উচ্ছেদ ঝুঁকিতে থাকে। উচ্ছেদের ফলে তারা তাদের আবাস হারায়। এতে তারা গৃহহীন হয়ে পড়ে।

৭.৫.৪ কর্মহীনতার ঝুঁকি

দরিদ্রদের আয়ের ব্যাপক অনিশ্চিয়তা রয়েছে। অধিকাংশ দরিদ্র অনানুষ্ঠানিক কাজে নিয়োজিত, ফলে তারা দৈনিক আয়ের উপর নির্ভরশীল। রাজনৈতিক, সামাজিক বা প্রাকৃতিক কোন কারণে কাজ করতে না পারলে তারা দৈনিক আয় রোজগার থেকে বঞ্চিত হবে। এ ধরণের অনিশ্চয়তা থেকে পরিত্রাণ পেতে দরিদ্র মানুষরা একাধিক পেশায় দক্ষতা অর্জন করে থাকে, যাতে করে রোজগারের একাধিক দ্বার উন্মুক্ত থাকে। তারা পরিবারের সর্বাধিক সংখ্যক সদস্যকে রোজগারে নিয়োজিত রাখতে চেষ্টা করে যাতে পারিবারিক আয় ঝুঁকিতে না পড়ে। এ জন্য শিশুদেরও কাজে নিয়োগ করা হয়, ফলে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হয় এবং তারা তাদের উন্নত ভবিষ্যৎ থেকে বঞ্চিত হয়।

৭.৫.৫ অসুস্থতা ঝুঁকি

স্বাস্থ্য সচেতনতার অভাব এবং নিম্ন জীবনযাত্রার মান দরিদ্রদের স্বাস্থ্য ঝুঁকিতে ফেলে। অসুস্থ হলে দিন মজুর শ্রেণির মানুষ দৈনিক রোজগার থেকে বঞ্চিত হয় এবং তারা আরো দরিদ্র হয়ে পড়ে। সরকারি স্বাস্থ্য সেবা না পেলে দরিদ্ররা বেসরকারি স্বাস্থ্য সেবার দ্বারস্থ হয় ফলে স্বাস্থ্য ব্যয় বৃদ্ধি পায় এবং তারা আরো দরিদ্র হয়ে পড়ে।

৭.৫.৬ জলবায়ু পরিবর্তন ঝুঁকি

যে কোন জলবায়ু পরিবর্তনের প্রধান ভুক্তভোগী হবে দরিদ্র জনগোষ্ঠী। জলবায়ূ পরিবর্তনের ফলে অধিক বৃষ্টি হবে,বন্যা হবে। দরিদ্রদের বাড়িঘর ক্ষতিগ্রস্ত হবে। বেশি দিন ক্রমাগত বৃষ্টি হলে দরিদ্ররা কাজ থেকে বঞ্চিত হবে। খরা হলে বা উষ্ণতা বৃদ্ধি পেলে পানির চাহিদা বৃদ্ধি পাবে এবং অভাব দেখা দেবে। ভুমিকম্প হলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হবে। দরিদ্ররা দৈনিক কাজ থেকে বঞ্চিত হবে। এভাবে যে কোন নগর বিপর্যয় হলে দরিদ্ররা সর্বাগ্রে ক্ষতিগ্রস্ত হবে।

৭.৬ উন্নয়ন কৌশল এবং নীতিমালা

উদ্দেশ্য: নগর দরিদ্রদের জীবন জীবিকার উন্নয়ন।

কৌশল: দরিদ্রদের কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য সেবা প্রসার এবং এলাকার পরিবেশ উন্নয়ন।

নীতি/দারিদ্র্য-১: প্রচুর কর্মসংস্থানের জন্য শিল্পায়ন। শহরের দরিদ্রদের জন্য প্রচুর কর্মসংস্থানের জন্য শহরে শিল্পায়ন ঘটাতে হবে।

নীতি/দারিদ্র্য -২: মালিকানাসহ দরিদ্রদের জন্য গৃহায়নের ব্যবস্থা করতে হবে। গৃহ মালিকানা দরিদ্রদের মধ্যে সামাজিক নিরাপত্তা তৈরী করবে। গৃহের উত্তম পরিবেশ তাদের স্বাস্থ্য ভালো রাখবে এবং অধিক পরিশ্রম করতে সহায়তা করবে।

নীতি/দারিদ্র্য -৩: দুর্যোগের সময় দরিদ্রদের বিশেষ আর্থিক সহায়তা দিতে হবে। আর্থিক সহায়তা দুর্যোগের সময় দরিদ্রদের আর্থিক সহায়তা তাদের আর্থিক দূরাবস্থা থেকে উত্তরণে সহায়তা করবে।

নীতি/দারিদ্র্য -৪: দরিদ্রদের সহজ শর্তে জামানত বিহীন ঋণের ব্যবস্থা করতে হবে। জামানতের অভাবে আর্থিক প্রতিষ্ঠানগুলো দরিদ্রদের ঋণ প্রদান করতে চায় না। এই ধরণের ঋণ তাদের অপ্রাতিষ্ঠানিক অর্থনৈতিক উদ্যোগ গ্রহণে সহায়তা করবে।

নীতি/দারিদ্র্য -৫: উপযুক্ত বস্তিগুলোকে পৌরসভা কর্তৃক স্বীকৃতি দিতে হবে। স্বীকৃত প্রাপ্ত বস্তি পৌরসভার সহায়তা পাওয়ার জন্য যোগ্যতা অর্জন করবে।

নীতি/দারিদ্র্য -৬: বস্তিগুলোতে ড্রেন, ফুটপাথ, পানি সরবরাহ এবং বিদ্যুতের ব্যবস্থা করতে হবে। বস্তিবাসীদের জীবন যাত্রার মান উন্নয়নের জন্য এ সমস্ত মৌলিক সুবিধা দিতে হবে।

নীতি/দারিদ্র্য -৭: মহিলা এবং পুরুষদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ দিতে হবে। এর ফলে দরিদ্রদের কাজের পরিধি বৃদ্ধি পাবে।

৭.৭ বাস্তবায়ন

দরিদ্রদের জন্য প্রস্তাবিত উন্নয়নর কৌশল এবং নীতিমালা বাস্তবায়নের জন্য নিম্ন বর্ণিত ব্যবস্থা নিতে হবে।

১। শিল্পায়ন করতে হলে যৌথ ব্যবস্থা নিতে হবে। এতে থাকবে পৌরসভা, শিল্প মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়। পৌরসভা যাবতীয় অবকাঠামো এবং সেবা সুবিধা প্রদান করবে।

২। পৌরসভা দুর্যোগকালে পৌরসভা সরকারি সহায়তায় ক্ষতিগ্রস্তদের গৃহ সহায়তা প্রদান করবে।

৩। পৌরসভা বস্তিগুলোকে স্বীকৃতি প্রদান করবে এবং সহ রাস্তাসহ অবকাঠামো সহায়তা প্রদান করবে।

৪। যুব মন্ত্রণালয় পেশাগত দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করবে।

অষ্টম অধ্যায় পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ

সূচিপত্র

৮.১ ভূমিকা ---------- ৮-১
৮.২ জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা ---------- ৮-১
৮.৩ জন অংশগ্রহণের বর্তমান চিত্র ---------- ৮-১
৮.৪ বর্তমান প্রকল্পের অধীনে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা ---------- ৮-২
৮.৪.১ মতবিনিময় সভা---------- ৮-২
৮.৪.১.১ প্রথম মতবিনিময় সভা---------- ৮-২
৮.৪.১.২ দ্বিতীয় মতবিনিময় সভা---------- ৮-৪
৮.৪.১.৩ তৃতীয় মতবিনিময় সভা---------- ৮-৫
৮.৪.১.৪ চতুর্থ মতবিনিময় সভা---------- ৮-৭
৮.৪.১.৫ ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা---------- ৮-৮
৮.৪.২ ফোকাস গ্রুপ আলোচনা (FGD)----------৮-১০
৮.৪.২.১ বস্তিতে সম্পাদিত এফজিডি----------৮-১১
৮.৪.২.২ এফজিডিঃ ব্যবসায়ী সমিতির সাধারন সম্পাদক----------৮-১৫
৮.৪.২.৩ এফজিডিঃ সাংবাদিক, কবি, সাহিত্যিক ও সিভিল সোসাইটি----------৮-১৬
৮.৪.২.৪ এফজিডিঃ কলেজ শিক্ষকবৃন্দ----------৮-১৭
৮.৪.২.৫ এফজিডিঃ মেয়র, কাউন্সিলর, নির্বাহী প্রকৌশলী এবং সচিব।----------৮-১৮
৮.৪.৩ কে আই আই (KII: Key Informative Interview): ---------- ৮-৩৯
৮.৪.৩.১ শিল্প উদ্যোক্তা----------৮-৩৯
৮.৪.৩.২ দিন মজুর-১----------৮-৩৯
৮.৪.৩.৩ দিন মজুর-২----------৮-৪০
৮.৫ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ ---------- ৮-৪০
৮.৫.১ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ---------- ৮-৪০
৮.৫.২ প্রস্তাবনা সমূহ---------- ৮-৪০
৮.৬ এফজিডি থেকে প্রাপ্ত সমস্যাবলী ----------৮-৪১
৮.৭ পরিকল্পনা ও উন্নয়নে জন অংশগ্রহণের প্রতিবন্ধকতা ----------৮-৪২
৮.৮ নীতিমালা সুপারিশ----------৮-৪২
৮.৯ বাস্তবায়ন ---------- ৮-৪৩

অষ্টম অধ্যায়
পরিকল্পনা ও উন্নয়নে জনগণের অংশগ্রহণ

৮.১ ভূমিকা

মহাপরিকল্পনা প্রতিবেদনের অধ্যায় ৮ এ অংশগ্রহণমূলক পরিকল্পনার গুরুত্ব, পৌরসভার সিদ্ধান্ত গ্রহণে জনগণের অংশগ্রহণের বর্তমান অবস্থা, চলতি প্রকল্পে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা, অংশগ্রহণে প্রতিবন্ধকতাসমূহ এবং সবশেষে কার্যকর জন অংশগ্রহণের জন্য কিছু নীতি ও প্রস্তাবনা নিয়ে আলোচনা করা হয়েছে।

৮.২ জনগণের অংশগ্রহণের প্রয়োজনীয়তা

বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ যেখানে একটি রাজনৈতিক দল জনগণের ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে দেশ শাসনের দায়িত্ব নেয়। কিন্তু এখন পর্যন্ত উন্নয়ন পরিকল্পনার সকল সিদ্ধান্ত নিয়েছেন আমলা দ্বারা পরিচালিত রাজনীতিবিদগণ। এখানে উন্নয়ন প্রকল্পের সুবিধা, অসুবিধাভোগী জনগণের ইচ্ছা-অনিচ্ছা খুব কমই গ্রাহ্য করা হয়। অনেকদিন ধরেই উন্নয়ন পরিকল্পনা পদ্ধতিতে এরকম রীতি চলে আসছে। সাম্প্রতিক সরকার, স্থানীয় উন্নয়নে উন্নয়ন প্রকল্পের নীতি নির্ধারণ স্তরে সুবিধাভোগী জনগণের অংশগ্রহণের উপর গুরুত্বারোপ করছে। স্থানীয় উন্নয়ন পরিকল্পনায় কেন জনগণের অংশগ্রহণ প্রয়োজন সে ব্যাপারে যুক্তিসমূহ নিম্নে বর্ণিত হলো-

১। স্থানীয় জনগণকে একটি উন্নয়ন প্রকল্প হতে প্রাপ্ত সুবিধাসমূহ ভোগ করতে হবে। সুতরাং, যুক্তিযুক্তভাবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে মতামত প্রদান তাদের অধিকার।

২। স্থানীয় জনগণ তাদের নিজেদের এলাকা সমন্ধে অধিক জানেন। তাই পরিকল্পনা প্রণয়নে তাদের মতামত অধিক গুরুত্বপূর্ণ।

৩। মাঝেমাঝে যেসব সমস্যাগুলো জনগণের অসুবিধার কারণ হতে পারে সেগুলো নিতান্ত গতানুগতিক পর্যালোচনা ছাড়াই প্রকল্পগুলো হাতে নেয়া হয় যা পরবর্তীতে জনগণের মধ্যে প্রকল্পের বিরুদ্ধে অসন্তোষ তৈরি করে পুরো প্রকল্পকে ঝুঁকির মুখে ঠেলে দিতে পারে।

৪। জনগণের সাথে পূর্ব আলোচনার মাধ্যমে অনেক বিতর্কিত বিষয়ে মধ্যস্ততা করা যেতে পারে যা প্রকল্পকে সহজে এগিয়ে চলতে সাহায্য করে।

৮.৩ জন অংশগ্রহণের বর্তমান চিত্র

স্থানীয় সরকার (পৌরসভা) আইন প্রচলন করার পূর্বে পৌরসভা অধ্যাদেশ, ১৯৭৭ বিদ্যমান ছিল। এই অধ্যাদেশে পৌরসভা উন্নয়নে জনগণের অংশগ্রহণের কোনো বিধান ছিল না। প্রথমবারের মত আইনি বিধানসহ উন্নয়ন সিদ্ধান্ত গ্রহণে স্থানীয় জনগণকে জড়িত করা বাধ্যতামূলক করা হয়েছে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৮, এর অনুচ্ছেদ ৫০ এ বর্ণিত আছে-

"(১) প্রতি পৌরসভায় নির্বাচিত পৌরসভা সেবামূলক ও অন্যান্য কার্যে জনগণের মতামত গ্রহণের উদ্দেশ্যে কমিটি গঠন করিবে যাহার সদস্য সংখ্যা সর্বোচ্চ পঞ্চাশ (৫০) হইতে পারিবে। (২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটির সভায় কর ধার্যকরণ ও আদায়সহ বিভিন্ন সেবা ও উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সদস্যগণের মতামত ব্যক্ত করিবার সুযোগ থাকিবে।"

এখানে বর্ণিত আছে – (১) প্রত্যেক নির্বাচিত পৌরসভায় সেবা এবং অন্যান্য কর্মকান্ডের ব্যাপারে জনগণের মতামত নেয়ার জন্য ৫০ সদস্য (এর বেশি নয়) বিশিষ্ট একটি করে কমিটি গঠন করা হবে। (২) উপধারা (১) এর অধীনে তৈরি

কাঠামো পরিকল্পনা

কমিটির মিটিং এ কর নিরূপণ ও অনুধাবন এবং পৌরসভা প্রদত্ত বিভিন্ন সেবা এবং উন্নয়ন কর্মকান্ডের ব্যাপারে সদস্যদের নিজ নিজ মতামত ব্যক্ত করার সুযোগ থাকবে।

এই নীতির আওতায় প্রত্যেক পৌরসভা নগর পর্যায়ের সমন্বয় কমিটি (টিএলসিসি) এবং প্রত্যেকটা ওয়ার্ডে ওয়ার্ড সমন্বয় কমিটি গঠন করবে, যা স্থানীয় লোকজনদেরকে একটা প্ল্যাটফর্ম প্রদান করবে যাতে করে তারা উন্নয়ন কার্যক্রম এবং সেবা প্রদানে পৌরসভাকে জবাবদিহি করতে পারে।

৮.৪ বর্তমান প্রকল্পের অধীনে গৃহীত জন অংশগ্রহণ প্রচেষ্টা

ইউজিপ-৩ প্রকল্পের অধীনে গৃহীত পৌরসভা মহাপরিকল্পনা প্রকল্পে চার স্তরের জন-পরামর্শের ব্যবস্থা রাখা হয়েছে। এর মধ্যে তিনটি হলো প্রকল্প এলাকার জনগনের সাথে এবং একটি এলজিইডি কর্তৃপক্ষের সাথে। মাঠ পর্যায়ের আলোচনা সভাগুলো জন প্রতিনিধি সহ নাগরিকদের অংশগ্রহণের মাধ্যমে করা হয়। টার্মস অব রেফারেন্স এর শর্তসমূহ পূরণ করে বিভিন্ন শ্রেণির অংশীদারদের সাথে বিস্তারিত নির্ধারিত দলভিত্তিক আলোচনা করা হয়। নিম্নে চলতি প্রকল্পের অধীনে সম্পাদিত জন অংশগ্রহণমূলক কার্যাবলী বর্ণনা করা হলো।

৮.৪.১ মতবিনিময় সভা

টার্মস অব রেফারেন্সের নির্দেশাবলী অনুসারে পরামর্শক দল মাঠ পর্যায়ে তিনটি মতবিনিময় সভা পরিচালনা করেন

৮.৪.১.১ প্রথম মতবিনিময় সভা

লক্ষ্মীপুর পৌরসভায় প্রথম মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় পৌরসভা মুক্তিযোদ্ধা মার্কেট মিলনায়তনে ২১ জুন ২০১৬, সকাল ১১টায়। সভায় সভাপতিত্ব করেন সম্মানিত মেয়র জনাব মোহাম্মদ আবু তাহের। সভা পরিচালনা করেন সচিব জনাব আলাউদ্দিন। সভায় পরামর্শক দলের পক্ষ থেকে উপস্থিত ছিলেন টিম লিডার ড. আখতার হোসেন চৌধুরী, সিনিয়র প্ল্যানার গাজি শাহিন, ইউজিপ-৩ এর আঞ্চলিক সমন্বায়ক জনাব আবুল হোসেন। সভায় উপস্থিত ছিলেন কাউন্সিলরবৃন্দ, পৌরসভার কর্মকর্তা, শহরের বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ, এনজিও প্রতিনিধি, গন্যমান্য নাগরিকগণ এবং সাংবাদিক।



স্থিরচিত্র ৮-১: প্রথম মতবিনিময় সভায় উপস্থিত মেয়র সহ অন্যান্য ব্যক্তিবর্গ




স্থিরচিত্র ৮-২: সভায় উপস্থিত দর্শকবৃন্দ

মেয়র মহোদয়ের উদ্বোধনী ভাষনের পর টিম লিডার ড. আখতার হোসেন চৌধুরী পাওয়ার পয়েন্টের মাধ্যমে মহাপরিকল্পনার প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি মহাপরিকল্পনা তৈরীতে জনগণের অংশ গ্রহণ করার গুরুত্ব তুলে ধরেন এবং তিনি আলোচ্য পরিকল্পনার রূপকল্প বর্ণনা করেন। অতঃপর সিনিয়র পরিকল্পনাবিদ গাজি মোহাম্মদ শাহীন পরিকল্পনার অন্যান্য দিক বিশেষ করে জলবায়ু পরিবর্তন জনিত সমস্যা উল্লেখ করেন। অতঃপর উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয় যেখানে বক্তারা তাদের সমস্যা এবং সুপারিশ তুলে ধরেন। অনেকে লিখিতভাবে তাদের মতামত প্রদান করেন।

সমস্যা তালিকা (প্রথম মতবিনিময় সভা)

মতবিনিময় সভায় অংশ গ্রহণকারীদের বর্ণিত সমস্যাগুলো নিচে তুলে ধরা হলো।

১। বাজে ড্রেনেজ ব্যবস্থাপনা।
২। সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার অভাব।
৩। অপর্যাপ্ত পানি সরবরাহ।
৪। খাল এবং জলাভূমির অবৈধ দখল।
৫। ওয়ার্ড কাউন্সিলরদের আফিস এবং কমিউনিটি সেন্টারের অভাব।
৬। পৌরসভায় দক্ষ জনবলের অভাব।
৭। পৌরসভার মহাপরিকল্পনার অভাব।
৮। অপরিকল্পিত উন্নয়ন।
৯। উন্নয়নের জন্য অর্থাভাব।
১০। পানিতে আয়রন এবং আর্সেনিক সমস্যা।
১১। দূর্যোগের ঝুঁকি।



চিত্রলেখ ৮.১ মতবিনিময় সভায় অংশ গ্রহণকারীদের বর্ণিত সমস্যাগুলো

আকাংখা তালিকা (প্রথম মতবিনিময় সভা)

মতবিনিময় সভায় অংশগ্রহণকারীরা শহর উন্নয়নে তাদের কিছু আকাংখা তুলে ধরেন যা নিচে দেয়া হলো।

১। লক্ষ্মীপুর পৌরসভাকে সিটি কর্পোরেশন হিসাবে দেখতে চাই।
২। পৌরসভার ভেতরে অবস্থিত সকল খাল পৌরসভার কাছে হস্তান্তর করতে হবে।
৩। প্রান্ত এলাকার ওয়ার্ডগুলোর জন্য শিশু হাসপাতাল প্রয়োজন।
৪। প্রতি ওয়ার্ডে শিশু পার্ক এবং খেলার মাঠ প্রয়োজন।
৫। শহর পরিচ্ছন্ন এবং আবর্জনা মুক্ত দেখতে চাই।

৬। পৌরসভায় ভবন নক্সা অনুমোদন শাখা প্রয়োজন।
৭। পরিবেশ বান্ধব এবং দৃষ্টি নন্দন পৌরসভা দেখতে চাই।
৮। রাস্তায় যারা বর্জ্য ফেলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা চাই।
৯। লক্ষ্মীপুরকে বাণিজ্যিক এবং শিল্প শহর হিসাবে দেখতে চাই।
১০। খালের জমি রক্ষার জন্য খালের দু'পাশে পায়ে চলার পথ করে দিতে হবে।
১১। শহরের ড্রেনেজ ব্যবস্থার দিকে নজর দিতে হবে।
১২। স্থানীয় পর্যায়ে শিল্প উৎপাদনের জন্য ব্যবসা বান্ধব পরিবেশ চাই।

৮.৪.১.২ দ্বিতীয় মতবিনিময় সভা

লক্ষ্মীপুর পৌরসভায় দ্বিতীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় ৯ জানুয়ারী, ২০১৭। এই সভাতেও মুক্ত আলোচনায় হয় এবং মেয়র মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিভিন্ন শ্রেণির মানুষ অংশগ্রহণ করেন। সভায় অনেকে লিখিতভাবে তাদের মতামত দেন । বিভিন্ন সমস্যা ও সমাধান নিয়ে অনেক মৌখিক এবং লিখিত মতামত পাওয়া যায়।



স্থিরচিত্র ৮-৩: দ্বিতীয় মতবিনিময় সভা

৮.৪.১.৩ তৃতীয় মতবিনিময় সভা



তৃতীয় মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় ১৭ জুলাই, ২০১৭ পৌরসভা অফিসে। অনুষ্ঠানে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা হয়, যেখানে পরবর্তী ২০ বছরের জন্য প্রধান প্রধান উন্নয়ন প্রস্তাবগুলো তুলে ধরা হয়। উপস্থাপনার পর একটি উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। সেখানে উন্নয়ন প্রস্তাব, রূপকল্প, সমস্যা ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অনুষ্ঠান শুরু হয় সম্মানিত মেয়র মহোদয়ের ভাষণের মধ্য দিয়ে। মেয়র তাঁর ভাষণে শহরের ভবিষ্যৎ উন্নয়নের জন্য মহাপরিকল্পনার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন যে সব কাউন্সিলদের তাদের স্ব স্ব এলাকার সমস্যা তুলে ধরা উচিত। অনেক কাউন্সিলর সভায় উপস্থিত না থাকায় তিনি দুঃখ প্রকাশ করেন। তিনি বলেন যে শহরের সকল শ্রেণির মানুষের সঙ্গে আলোচনা করে মহাপরিকল্পনা তৈরী করতে হবে যাতে এর মধ্যে সবার আকাংখার প্রতিফলন থাকে। তিনি সবাইকে মহাপরিকল্পনা তৈরীতে সর্বাত্বক সহযোগিতা বলেন। এই বলে তিনি তৃতীয় মতবিনিময় সভার উদ্বোধন করেন।

এর পর প্রকল্পের টিম লিডার ড. আখতার হোসেন চৌধুরী তার বক্তব্য রাখেন। তিনি বলেন যে এটি তৃতীয় মতবিনিময় সভা এবং এই ধারাবাহিক সভা আয়োজনের উদ্দেশ্য পরিকল্পনাটিকে একটি অংশগ্রহনমূলক দলিল হিসাবে তৈরী করা যাতে জনগণের প্রকৃত আকাংখার প্রতিফলন এতে থাকে। তিনি বলেন যে মহাপরিকল্পনা হচ্ছে শহরের ভবিষ্যৎ উন্নয়নের নির্দেশনা। ভবিষ্যতে সকল উন্নয়ন কার্যক্রম এই পরিকল্পনা অনুসারে হবে। তাই এটিকে গুরুত্ব সহকারে গ্রহণ করা উচিত। তিনি সকল কাউন্সিলরদের তাদের স্ব স্ব ওয়ার্ডের প্রতিনিধিত্ব করতে বলেন। অতঃপর তিনি সিনিয়র প্ল্যানার জনাব গাজী শাহিনকে মহাপরিকল্পনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করতে অনুরোধ করেন।

উপস্থানায় জনাব শাহিন পৌরসভার বিদ্যমান অবস্থা বর্ননা করেন এবং সেক্টরওয়ারী পরিকল্পনার উন্নয়ন প্রস্তাবগুলো তুলে ধরেন। উপস্থাপার পর এক উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। নিচে আলোচনায় অংশগ্রহণকারীদের বক্তব্য তুলে ধরা হলো।

উন্মুক্ত আলোচনা:

১। জনাব শামসুদ্দিন, সহকারী প্রকৌশলী, লক্ষ্মীপুর পৌরসভা

তিনি বলেন যে পরিকল্পনায় ৭টি ওভার হেড পানির ট্যাংক এর কথা বলা হয়েছে যাতে পানি সংরক্ষণ এবং সরবরাহ করা হবে। কিন্তু একটি মাত্র ট্রিটমেন্ট প্ল্যান্টের কথা বলা হয়েছে। তিনি আরো বলেন যে লক্ষ্মীপুরে বিদ্যুৎ সরবরাহ খুবই কম, কিন্তু পরিকল্পনায় বিদ্যুৎ সাব-স্টেশনের প্রস্তাব নাই।

২। জনাব মইন উদ্দিন পাঠান, প্রিন্সিপাল, লক্ষ্মীপুর পৌরসভা

জনাব পাঠান বলেন যে কলেজ মাঠের পাশে নতুন ড্রেন তৈরী করা হয়েছে, কিন্তু প্রবল বৃষ্টির পর মাঠের পানি ঐ ড্রেন দিয়ে যায় না। মাঠে পানি জমে থাকে কয়েকদিন। তিনি ২০ বছর নয়, একশত বছরের জন্য মহাপরিকল্পনা তৈরী করতে বলেন, যাতে ক্রমে ক্রমে শহরের সমস্যাগুলো সমাধান করা যায়। তিনি বলেন যে পরিকল্পনাটি সমন্বিতভাবে উপস্থাপন করা হয়েছে, এতে বুঝতে অসুবিধা হচ্ছে। এটি ওয়ার্ড বা এলাকা ধরে বিস্তারিতভাবে বর্ণনা করা উচিত ছিল।তিনি বলেন যে তার কলেজে বর্তমানে ছাত্র সংখ্যা ১২০০, ২০ বছর পর এটি হবে ৮০ হাজার। এই ছাত্র/ছাত্রীরা কলেজের আশে পাশের রাস্তায় কিভাবে চলাচল করবে পরিকল্পনায় সেটা থাকতে হবে। তিনি বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাব অসম্পূর্ণ বলে বর্ননা করেন। তিনি শহরের জলাবদ্ধতা এবং ড্রেনেজ ব্যবস্থা সম্পর্কে আরো বিস্তারিত প্রস্তাব দিতে বলেন।

৩। তাহের মোজাম্মদ, হেড মাস্টার, সামাদ সরকারি হাই স্কুল

তিনি বলেন যে শহরের সমস্যা অসংখ্য যার মধ্যে জলাবদ্ধতা সবচেয়ে বড় সমস্যা। এটি অগ্রাধিকার ভিত্তিতে সমাধান করতে হবে। বহু মানুষ তাদের বাড়ির বর্জ্য ড্রেনে বা রাস্তয় ফেলে থাকেন। বর্জ্য ফেলার জন্য একটি ডাম্পিং সাইট থাকা প্রয়োজন। স্কুলে মান সম্পন্ন শিক্ষার অভাব একটি বড় সমস্যা। ভালো ব্যবস্থাপনা একটি স্কুলে মান সম্পন্ন শিক্ষা দিতে পারে। মহাপরিকল্পনায় এই বিষয়গুলো থাকা প্রয়োজন। তিনি আরো বলেন যে সকল নতুন স্কুলে খেলার মাঠ থাকা প্রয়োজন।

৪। মিসেস রুপালী প্রভানাথ, শিক্ষক, গার্লস প্রাইমারি স্কুল

তিনি বলেন যে এটা দুর্ভাগ্যজনক যে মানুষ ড্রেনে বর্জ্য ফেলার ফলে ড্রেন বন্ধ হয়ে যাচ্ছে এবং এ জন্য শহরের বিভিন্ন স্থানে জলাবদ্ধতা হচ্ছে। শহরে এমন অনেক জায়গা আছে যেখানে এখনো বিদ্যুৎ সরবরাহ নাই; কোন পানি সরবরাহ নাই। এ সমস্ত এলাকায় বসবাসকারীরা নিদারুণ কষ্টের মধ্যে জীবন যাপন করে। মহাপরিকল্পনা তৈরীর সময় এ সমস্ত বিষয় দেখা প্রয়োজন।

৫। মিসেস রাইমা বেগম, কাউন্সিলর, ওয়ার্ড নং ১৩, ১৪, ১৫

নতুন যুক্ত ওয়ার্ডগুলোতে পানির সংকট আছে। এগুলোকে এখনো পানির নেটওয়ার্কের আওতায় আনা হয় নাই যা খুবই প্রয়োজন। এই ওয়ার্ডের বাসিন্দাদের অনেক দূর থেকে পানি আনতে হয়। এই ওয়ার্ডের বাসিন্দারা লোড শেডিংয়ের সময় গরমে কষ্ট পায়, তাই এই এলাকার বিদ্যুৎ সমস্যা সমাধান করা প্রয়োজন।

৬। জনাব জহুরুল ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং ১৪

শহরের বিভিন্ন জায়গায় ড্রেনেজ সমস্যা আছে। এই সমস্যা বেড়ে যায় বর্ষায়। শহরে জন্য একটা ড্রেনেজ মহাপরিকল্পনা প্রয়োজন।

৭। জনাব জহুরুল আলম, কাউন্সিলর, ওয়ার্ড নং ১১

ওয়ার্ড ১১ তে পানির সংকট আছে। বর্তমানে ৩০ থেকে ৪০ শতাংশ পরিবার পানি পায়। স্কুলগুলো বিক্ষিপ্ত। সব ওয়ার্ডে সুষমভাবে বিস্তৃত নয়। শিশুদের অনেক দূরে হেঁটে স্কুলে যেত হয়। পরিকল্পনায় নতুন স্কুলের অবস্থান দেখাতে হবে।

৮। সচিব, লক্ষ্মীপুর পৌরসভা

কনসালট্যান্টকে ওয়ার্ডওয়ারী প্ল্যান ম্যাপ সরবরাহ করতে হবে যাতে ওয়ার্ডের বাসিন্দারা তাদের এলাকায় প্রদত্ত সুযোগসুবিধাগুলো সহজে খুঁজে বের করতে পারে।

৯। নির্বাহী প্রকৌশলী, লক্ষ্মীপুর পৌরসভা

সকল ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা একটি দীর্ঘ মেয়াদী পরিকল্পনার অধীনে হওয়া উচিত। এজন্য এই মহাপরিকল্পনা তৈরী করা হচ্ছে। আগে শহরে কোন জলাবদ্ধতা ছিল না। বর্ষার পনি খাল দিয়ে চলে যেতো। এখন শহরে লোক সংখ্যা বেড়েছে, ঘর বাড়ি বেড়েছে; জলধারাগুলো দখল হয়ে যাচ্ছে বা ব্লক হয়ে যাচ্ছে আবর্জনা ফেলার কারণে। পানি প্রবাহের স্থান নেই। সমন্বিতভাবে ড্রেনগুলো তৈরী করা হয় নাই, একটার সঙ্গে আরেকটা যুক্ত নয়। মানুষকে বর্জ্য ফেলার ব্যপারে আরো দায়ীত্বশীল হতে হবে।

পরিকল্পনায় প্রস্তাবিত সকল উন্নয়ন প্রস্তাব এই মুহূর্তে বাস্তবায়ন করা যাবে না। এগুলা পর্যায়ক্রমে বাস্তবায়িত হবে। প্রকল্প তৈরী হবে এবং তার জন্য বাজেট বরাদ্দ হবে।

রাস্তা এবং ড্রেনের জন্য সমন্বিত পরিকল্পনা হওয়া প্রয়োজন। উপযুক্ত বর্জ্য ব্যবস্থাপনা ছাড়া শুধু ড্রেনেজ ব্যবস্থা এককভাবে কাজ করবে না। শহরে রাস্তা বেশি আছে কিন্তু ড্রেন কম। স্তর বিশিষ্ট ড্রেনেজ ব্যবস্থা তৈরী করতে হবে স্তর ভিত্তিতে প্রাইমারি, সেকেন্ডারি এবং টার্শীয়ারি। এতে পানি ছোট ড্রেন থেকে মাঝারী ড্রেন তারপর বড় ড্রেন এবং সব শেষে আউটফল দিয়ে নদীতে পড়বে।

মানুষ মহাপরিকল্পনার সুবিধা তখনই পাবে যখন এর সঠিক বাস্তবায়ন হবে। অভিযোগ আছে যে অতি বৃষ্টির সময় মানুষের ঘরে পানি প্রবেশ করে। এর কারণ বাড়ি ঘরের প্লিন্থ লেভেল রাস্তার তুলনায় নিচু। ভবিষ্যতে প্লিন্থ লেভেল দেখে বাড়ি ঘরের নক্সা অনুমোদন করা হবে। সব বাড়ি ঘরের নক্সা BC এবং BNBC বিধি অনুযায়ী তৈরী করতে হবে।

মতবিনিময় সভার সমাপ্তিতে টিম লিডার বলেন যে উন্মুক্ত আলোচনা থেকে পাওয়া পরামর্শ চূড়ান্ত পরিকল্পনা প্রণয়নে কাজে লাগানো হবে। তিনি বলেন যে পরিকল্পনা প্রতি ৫ বছর অন্তর সংশোধনের বিধান আছে, সুতরাং পরিকল্পনায় যে কোন সংশোধন ও পরিমার্জন করার সুযোগ আছে। সবশেষে তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে পরামর্শ সভার সমাপ্তি ঘোষণা করেন।

৮.৪.১.৪ চতুর্থ মতবিনিময় সভা

মহাপরিকল্পনা প্রণয়নের চতুর্থ ও চূড়ান্ত মতবিনিময় সভা ২৬ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি. এলজিইডির আরডিইসি ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়, সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব খন্দকার আলী নূর, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এলজিইডি, আইসিটি বিভাগের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আহসান হাবিব, সভাপতির ভূমিকা পালন করেন ইউজিপ-৩ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব এ.কে.এম. রেজাউল ইসলাম এবং সভায় উপস্থাপকের ভূমিকা পালন করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ শামসুল ইসলাম, সাবেক প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ নাজমুল হাসান চৌধুরী সভায় আরো উপস্থিত ছিলেন ইউজিপ-৩ ডিপিএইচই এর প্রকল্প ব্যবস্থাপক জনাব খাঁন মোঃ গোলাম রাব্বানী। লক্ষ্মীপুর পৌরসভার পক্ষ থেকে উপস্থিত ছিলেন পৌরসভার মেয়র জনাব আবু তাহের, নির্বাহী প্রকৌশলী আবুল বাশার, সচিব আলাউদ্দিন, টাউন প্ল্যানিং ইনচার্জ একেএম মুস্তাফিজুর রহমান, বস্তি উন্নয়ন কর্মকর্তা মোঃ মোজাম্মেল হোসেন।

মহাপরিকল্পনা প্রণয়নের নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান শেলটেক কনসালন্ট্যান্টস (প্রাঃ) লিঃ এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন টিম লিডার ড. আখতার হোসেন চৌধুরী, ডেপুটি টিমলিডার ও নির্বাহী পরিচালক জীনাত নাহরিন, শেলটেক কনসালন্ট্যান্টস (প্রাঃ) লিঃ এর ব্যবস্থাপক আনিসুর রহমান, পরিকল্পনাবিদ গাজী মোঃ শাহিনুর, পরিকল্পনাবিদ আব্দুল্লাহ আল মাসুদ, পরিকল্পনাবিদ সুদীপ্ত চৌধুরী, পরিকল্পনাবিদ তৌহিদুল ইসলাম এবং পরিকল্পনাবিদ সুজানা হক।

সভার বিস্তারিত কার্যবিবরণী রিপোর্টের পিছনে পরিশিষ্টে দেয়া হয়েছে।

কাঠামো পরিকল্পনা



স্থিরচিত্র ৮-৪: চূড়ান্ত মতবিনিময় সভা

৮.৪.১.৫ ইউজিপ প্রকল্পের ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনা উপস্থাপন ও পর্যালোচনা সভা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীন তৃতীয় নগর পরিচলন ও অবকাঠামো উন্নয়ন (সেক্টর) প্রকল্প (ইউজিপ-৩) এর আওতায় ১৬ টি পৌরসভার প্রস্তুতকৃত মহাপরিকল্পনার উপস্থাপন ও পর্যালোচনা সভা বিগত ১৫ এপ্রিল, ২০১৯ ইং তারিখ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের লেভেল ৪ এর সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। ডেভেলপমেন্ট ডিজাইন কনসালটেন্টস লিঃ ও শেল্‌টেক্ কনসালটেন্টস (প্রাঃ) লিঃ পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে উপস্থিত ছিলেন। সভার প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী জনাব মোঃ আবুল কালাম আজাদ। সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), প্রকল্প প্ররিচালক, ইউজিপ-৩, প্রকল্প প্ররিচালক, সিটিইআইপি, প্রকল্প প্ররিচালক, সিআরডিপিএল, প্রকল্প প্ররিচালক, ইউটিএমআইডিপি, প্রকল্প প্ররিচালক, ১৯ পৌরসভা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, চাঁপাইনবাবগঞ্জ, শেরপুর, মেহেরপুর, মৌলভীবাজার পৌরসভার মাননীয় মেয়র মহোদয়বৃন্দ ও তাদের প্রতিনিধি, নির্বাহী প্রকৌশলী বৃন্দ, শহর পরিকল্পনাবিদগণ, প্রফেসর, আইডব্লিউএফএম, বুয়েট, প্রফেসর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বুয়েট ও প্রফেসর, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, পরিচালক, সিজিআইএস মহাকরিকল্পনা প্রণয়নে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ, আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তাবৃন্দ, সিজিআইএস এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং মহাপরিকল্পনা প্রকল্পের বিশেষজ্ঞ ব্যক্তিবর্গ সভায় উপস্থিত ছিলেন। সভার উল্লেখযোগ্য বিষয়গুলো নিচে তুলে ধরা হলো,

- সড়কের মানদন্ডের ক্ষেত্রে যেসব সড়কের প্রস্থ বাড়াতে অনেক কাঠামো ভাঙ্গতে হবে সেখানে মানদন্ড না মেনে নতুন মান নেয়া হয়েছে।
- ভবিষ্যৎ মহাপরিকল্পনা প্রণয়নে ডিজিটাল এলিভেশন মডেল (ড্যাম) অন্তর্ভুক্ত করার ব্যপারটি বিবেচনা করা হয়।
- আলোচনার মূল বিষয় হল আগের মহাপরিকল্পনায় যা বলা নাই ভবিষ্যৎ মহাপরিকল্পনা প্রণয়নে তা অন্তর্ভুক্ত করা।
- ভবিষ্যতে জলবায়ু পরিবর্তনের কথা বিবেচনা করে পরিকল্পনা করতে হবে।
- ড্রেনেজ পরিকল্পনায় সাব ক্যাচমেন্ট এর কথা না থাকলে তা বলতে হবে এবং গতিপথ গুলো চিহ্নিত করে দিতে হবে।
- সুয়ারেজ এর বর্জ্য এবং ড্রেনেজ লাইন একই হওয়া যাবেনা।
- ইউজিপ-১ এ ড্রেনেজ মহাপরিকল্পনা করা হয়েছিল যা বর্তমানে কিছুটা পরিবর্তন করে কাজ করা লাগছে।
- এক্ষেত্রে বেজলাইন ডাটা যদি তৈরি করা যায় তাহলে পরিকল্পনা কিছুটা পরিবর্তনের সময় যেই বিষয় নিয়ে কাজ করা হয় শুধু তার জন্য জরিপ করলেই হবে। এ বিষয়ে নীতি প্রণয়ন করা যায়।
- এলজিইডির কাছে যে ডাটাগুলো রয়েছে তা কেনো সবার ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেয়া হচ্ছে না। তা উন্মুক্ত করে দিলে যারা গবেষণা করেন তারা তা ব্যবহার করতে পারে এবং তা আপডেট করতে পারে তাতে করে এলজিইডি আরো উপকৃত হবে।
- অনেক পৌরসভায় ইউজিপ-১ এ ড্রেনেজ মাস্টার প্ল্যান করা হয়েছে কিন্তু পরিবর্তিতে প্ল্যান করার সময় ড্রেনের আউটফলগুলো চিহ্নিত করে রাখা হয় নাই ফলে লোকজন আউটফলের জায়গায় বাড়িঘর বা অন্যান্য কাজ করছে যা পানি প্রবাহে বাধা প্রদান করে। প্ল্যানের এই সংঘর্ষিকতার জন্য অনেক জায়গায় সমস্যা হচ্ছে। মানে আগের প্ল্যানের অনুসরণ করা হয় না।
- ডাটা শেয়ারিং- একাডেমীয়ান ও পেশাদার ব্যক্তির মধ্যে তথ্য শেয়ার করা গেলে পরিকল্পনা প্রণয়নের ভুল ত্রুটি সমাধান করা যায়। এক্ষেত্রে তথ্য ব্যাংক তৈরি করতে হবে।
- পরিকল্পনাটিকে আরো ভালো ভাবে করার জন্য আমাদের সবার সাথে ডাটার শেয়ারিং করতে হবে এবং সরকারি কাজে প্রয়োজনে ডাটা সংগ্রহ করতে ভর্তুকি দিতে হবে।
- প্রয়োজনে সিজিআইএস, সার্ভে অফ বাংলাদেশ, অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক যেকোন সংস্থা থেকে থেকে ডাটা সংগ্রহ করা যেতে পারে।
- এই সকল ডাটা সংগ্রহ করতে কোন আইনি জটিলতা বা আর্থিক বিষয়গুলো ও দেখতে হবে।
- ডাটা সংগ্রহ থাকলে যেসকল প্রতিষ্ঠান পরিকল্পনা প্রণয়ন করে তারা এলজিইডির কাছ থেকে ডাটা সংগ্রহ করে ড্যাম তৈরি করতে পারবে যা তাদের ড্রেনেজ নেটওয়ার্ক তৈরিতে অনেক সহায়ক হবে পাশাপাশি তা বাস্তবায়ন করা ও সহজ হবে।
- মহাপরিকল্পনা প্রণয়নের পরবর্তী ধাপ হল তা বাস্তবায়ন। এক্ষেত্রে কোন কাজগুলো অগ্রাধিকার পাবে এবং তার প্রেক্ষিতে যেসব জমি অধিগ্রহণ করতে হবে তা এখনিই সিদ্ধান্ত নিতে হবে।
- প্রাথমিক ড্রেন এর ক্ষেত্রে খোলা ড্রেন ও পাইপ ড্রেনের বিষয়টি নিয়ে আরও চিন্তা করতে হবে। প্রকৌশলীদের ড্রেনের গুণগত মান সঠিক রাখা নিশ্চিত করতে হবে।
- পেশাদার ব্যক্তিদের নিয়ে পিয়ার রিভিউ গ্রুপ করতে হবে।
- বিভিন্ন কাজের জন্য বাস্তবায়ন সংস্থা আলাদা করে দিতে হবে, সব দায়িত্ব পৌরসভার না।
- ১০/১৫/২০ বছরে পৌরসভার সম্ভাবনা চিন্তা করে পরিকল্পনা করতে হবে।
- সরকার মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আইন করেছে। কিন্তু ব্যবস্থাপনা কীভাবে হবে সেটা মহাপরিকল্পনায় থাকতে হবে।
- সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, লিকুইড স্লাজ ম্যানেজমেন্ট এই বিষয়গুলো TOR এ থাকা উচিত এবং সেই অনুযায়ী বাজেট করা উচিত।

- ড্রেনেজ মাস্টার প্ল্যান করতে গেলে ডিটেইল ক্যাচমেন্ট এরিয়া দেখানো উচিত।
- ড্রেনেজ নেটওয়ার্ক করতে গেলে রিজিওনাল কানেক্টিভিটি দেখানো প্রয়োজন।
- পরিকল্পনা বাস্তবায়ন করতে হলে পৌরসভার আর্থিক ও দক্ষ লোকবল বৃদ্ধি করতে হবে।
- পৌরসভায় নগর পরিকল্পনাবিদ থাকা আবশ্যক।

সভার বিস্তারিত এই প্রতিবেদনের পরিশিষ্ট অধ্যায়ে সংযুক্ত করা হয়েছে।



স্থিরচিত্র ৮-৫: সভার উপস্থিতি

৮.৪.২ ফোকাস গ্রুপ আলোচনা (FGD)

বিভিন্ন শ্রেণির নগরবাসীদের সাথে ফোকাস গ্রুপ আলোচনা অনুষ্ঠিত হয়। লক্ষ্মীপুরে ২৬ ফেব্রুয়ারী ২০১৭ থেকে ৪ মার্চ পর্যন্ত ফোকাস গ্রুপ আলোচনা অনুষ্ঠিত হয়। অংশ গ্রহণকারীদের মধ্যে ছিলেন সাংবাদিক, শিক্ষক, ব্যবসায়ী, সাধারণ মানুষ, বস্তিবাসী, কাউন্সিলর। নিচে এফজিডি থেকে প্রাপ্ত ফলাফল দেয়া হলো।

৮.৪.২.১ বস্তিতে সম্পাদিত এফজিডি

আতিয়াবাড়ি বস্তি

তারিখঃ ২০/০৫/২০১৭

সময়: বিকাল ৪.১৫

বস্তিবাসীদের জীবনধারা

আতিয়াবাড়ি বস্তির অবস্থান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তরের বিপরিতে। এলাকার আয়তন ১.৫ একর। এখানে বাস করে ১০৫ টি পরিবার। বাড়িগুলো ব্যক্তি মালিকানধীন বস্তিবাসীরা ভাড়া দিয়ে বাস করেন। অধিকাংশ পরিবার দিন মজুর। মাসিক আয় গড়ে ৪০০০ থেকে ১০০০০ টাকা। বাড়িগুলোর বেশির ভাগ টিনের। কিছু সেমি পাকা ঘর আছে। বস্তির বেশিরভাগ শিশু স্কুলে যায়। আবার দারিদ্র্যের কারণে বেশিরভাগ ছাত্র/ছাত্রী স্কুল ত্যাগ করে। পরিবারকে সহায়তা করতে গিয়ে শিশুরা শিক্ষা থেকে বঞ্চিত হয়।




এফজিডিতে ১৫ থেকে ২০ জন উপস্থিত ছিলেন। এদের কয়েকজন তাদের অবস্থা তুলে ধরেন।

১। পারুল বেগম

বয়সঃ ৫০ বছর
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ৮ জন,৫ ছেলে ১ মেয়ে
শিক্ষাঃ শুধু ছোট ছেলে প্রাইমারি স্কুলে যায়
রোজগারী সদস্যঃ ৩ জন
পরিবার প্রধানের পেশাঃ দিন মজুরি
মাসিক গড় পারিবারিক আয়ঃ ১০,০০০ টাকা



২। নাহার আক্তার

বয়সঃ ৫৫ বছর
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ স্বামী এবং ৩ ছেলে
শিক্ষাঃ অক্ষরজ্ঞানহীন
রোজগারী সদস্যঃ ৪ জন, বর্তমানে স্বামী দুর্ঘটনায় আক্রান্ত হয়ে
রোজগার করতে পারে না।
পরিবার প্রধানের পেশাঃ দিন মজুরি
মাসিক গড় পারিবারিক আয়ঃ ১০,০০০ টাকা



৩। বানুজা বেগম
বয়সঃ ৪৬ বছর
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ৫ জন, ৩ মেয়ে
শিক্ষাঃ সবাই প্রাইমারি পাশ
পরিবার প্রধানের পেশাঃ দিন মজুরি
রোজগারী সদস্যঃ ২ জন
মাসিক গড় পারিবারিক আয়ঃ ৫ থেকে ৭ হাজার টাকা



৪। লিলি বেগম
বয়সঃ ৩৪ বছর
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ৫ জন, ৩ মেয়ে
শিক্ষাঃ উচ্চ মাধ্যমিক, নবম শ্রেণি এবং চতুর্থ শ্রেণি
রোজগারী সদস্যঃ ১ জন
পেশাঃ দিন মজুরি
মাসিক গড় পারিবারিক আয়ঃ ৮ থেকে ১০ হাজার টাকা

৫। পারভিন আখতার
বয়সঃ ৪০ বছর
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ৬ জন, ২ মেয়ে ও ২ ছেলে
শিক্ষাঃ ২ ছেলে প্রাইমারিতে
রোজগারী সদস্যঃ ১ জন, পেশাঃ দিন মজুরি
মাসিক গড় পারিবারিক আয়ঃ ৮ থেকে ১০ হাজার টাকা



৬। মেরিনা আফরোজ
বয়সঃ ২৫ বছর
পেশাঃ ছাত্রী, এনজিও মাঠ কর্মী
পরিবারের সদস্যঃ ৩ জন, ১ মেয়ে
রোজগারী সদস্যঃ ২ জন, স্বামী বিদেশে
মাসিক গড় পারিবারিক আয়ঃ ১০ হাজার টাকা।

৭। বকুল বেগম

বয়সঃ ৩৭
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ৪ কন্যা, ১ ছেলে,২ মেয়ে বিবাহিত।
শিক্ষাঃ ১ মেয়ে স্কুলে যায়।
রোজগারীঃ ১ জন, পেশাঃ দিন মজুরী
মাসিক গড় আয়ঃ ৬-৭ হাজার টাকা।





৮। আমেনা বেগম

বয়সঃ ৪৫
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ৪ ছেলে
শিক্ষাঃ ১ ছেলে স্কুলগামী ছিল।
রোজগারীঃ ৩ জন,
পেশাঃ দিন মজুরী, বৈদেশিক মূদ্রা
মাসিক গড় আয়ঃ ৮-৯ হাজার টাকা।

৯। গুন নাহার বেগম

বয়সঃ ৩৫
পেশাঃ গৃহিনী
পরিবারের সদস্যঃ ১ ছেলে
শিক্ষাঃ নাই।
রোজগারীঃ ১ জন,
পেশাঃ দিন মজুরী
মাসিক গড় আয়ঃ ৬-৭ হাজার টাকা।





১০। আঁখি আখতার

বয়সঃ ২৮
পেশাঃ এনজিও কর্মী।
পরিবারের সদস্যঃ ১ ছেলে
শিক্ষাঃ নাই।
রোজগারীঃ ২ জন,
পেশাঃ দিন মজুরী
মাসিক গড় আয়ঃ ১০ হাজার টাকা।

বস্তিবাসীদের সমস্যা

বস্তিবাসীদের সাথে তাদের প্রাত্যহিক সমস্যা নিয়ে আলোচনা হয়। তারা জানান যে পানি সংগ্রহ এলাকার প্রধান সমস্যা। বস্তিতে একটি মাত্র কমিউনিটি পানির ট্যাপ আছে যা ১০৫টি পরিবার ব্যবহার করে। এতে পানি আসে সকাল বিকাল দু'বার, চার ঘন্টার জন্য। লাইনে ঘন্টা খানেক দাঁড়িয়ে পানি নিতে হয়। একটি কমিউনিটি চাপ কল আছে, কিন্তু তাতে আয়রন বেশি তাই পৌরসভার কলই ভরসা যা থেকে মূলত খাবার পানি নেয়া হয়। ধোয়া মোছা পুকুরের পানিতে হয়।




স্থিরচিত্র ৮-৬: বস্তিবাসীদের খাবার পানির উৎস

দ্বিতীয় প্রধান সমস্যা, স্যানিটেশন সমস্যা। এই বস্তিতে কোন কমিউনিটি টয়লেট নেই। অধিকাংশ বাড়িতে স্যানিটারি ল্যাট্রিন আছে কিন্তু বেশির ভাগ ওয়াটার সিল্ড নয়। তার রিং টয়লেট ব্যবহার করে কিন্তু তার অবস্থা ভালো নয়। বর্ষায় অনেক ল্যাট্রিন উপচে পড়ে এবং দুর্গন্ধ ছড়ায়। পৌরসভাকে এ বিষয়ে বলা হয়েছে, কিন্তু কোন ফল হয় নাই।

রাস্তা এবং ড্রেনের অভাব এখানে আরো দুটি বড় সমস্যা। বিদ্যমান রাস্তাটি কাঁচা। আধা ঘন্টা বৃষ্টি হলে রাস্তা পানিতে ডুবে যায়। ভারী বর্ষায় রাস্তাটি কয়েকদিন পানির নিচে থাকে। তখন মানুষের দুর্দশার অন্ত থাকে না।




স্থিরচিত্র ৮-৭: বস্তির অভ্যন্তরীণ রাস্তার অবস্থা

মানুষ খাওয়া ছাড়া দৈনন্দিন সব ধরণের ধোয়ার কাজের জন্য কাছের পুকুরের পানি ব্যবহার করে। বর্ষায় পুকুরের পাড় পিচ্ছিল থাকে। মাঝে মাঝে পানি সংগ্রহের সময় দুর্ঘটনা ঘটে থাকে। বস্তিবাসীরা পুকুরে পাকা ঘাট চায়।

অধিকাংশ বস্তিবাসীরা তাদের চিকিৎসা ব্যয় মিটাতে হিমশিম খায়। চিকিৎসার জন্য তারা প্রথমে ফার্মেসিতে যায়। এর পর সরকারি হাসপাতালে যায়। কিন্তু সরকারি হাসপাতালের চিকিৎসায় এরা সন্তুষ্ট না। বেসরকারি চিকিৎসা সেবা নিতে পারে না উচ্চ মূল্যের কারণে।

বস্তিতে বিদ্যুৎ লাইন আছে এবং অধিকাংশ ঘরে বিদ্যুৎ সংযোগ আছে। কিন্তু বস্তিতে কোন বিদ্যুৎের খুটি নাই। বাঁশ দিয়ে খুটি বানিয়ে সংযোগ নেয়া হয়েছে, যা বিপদজনক।

ভালো রাস্তা না থাকায় জরুরী অবস্থায় এ্যাম্বুলেন্স বা অগ্নি নির্বাপক গাড়ি ভেতরে ঢুকতে পারে না।

পর্যবেক্ষণ

বর্তমানে বস্তির প্রধান সমস্যা সুপেয় পানির অভাব, চলাচলের পথ, ড্রেন, বর্জ্য ব্যবস্থাপনা এবং স্বাস্থ্য সেবা। বস্তিতে অন্তত পক্ষে দুটি কমিউনিটি ট্যাপ প্রয়োজন যাতে তারা সহজেই খাবার পানি সংগ্রহ করতে পারে। বিদ্যমান চলার পথ পাকা করা প্রয়োজন যাতে জরুরী যানবাহন বস্তিতে প্রবেশ করতে পারে। বিদ্যুৎ সরবরাহের জন্য অবিলম্বে খুটি বসাতে হবে যাতে কোন ধরণের দুর্ঘটনার ঝুঁকি না থাকে। মহিলারা রোজগারে আগ্রহী, কিন্তু তাদের কোন প্রশিক্ষণ নেই। তাদের বিভিন্ন পেশায় প্রশিক্ষণ দিতে হবে যাতে তারা ঘরে বসে আয় রোজগার করে পরিবারে স্বচ্ছলতা আনতে পারে। ধারে কাছে একটি গার্মেন্টস কারখানা প্রতিষ্ঠা করলে এই সমস্যার সমাধান হতে পারে।

৮.৪.২.২ এফজিডিঃ ব্যবসায়ী সমিতির সাধারন সম্পাদক

জনাব এ কে আজাদ, সাধারণ সম্পাদক, লক্ষ্মীপুর ব্যবসায়ী সমিতি

স্থানঃ ব্যক্তিগত অফিস

তারিখঃ ২০ মে, ২০১৭



লক্ষ্মীপুর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জনাব একে আজাদের সাথে এফজিডি করা হয় ২০ মে, ২০১৭ তারিখ বিকালে তার অফিসে। তার সঙ্গে নিম্ন বর্ণিত বিষয় নিয়ে আলোচনা হয়।

- স্থানীয় অর্থনীতি প্রত্যাশা অনুযায়ী গতি পাচ্ছে না। এর প্রধান কারণ পর্যাপ্ত অবকাঠামোর অভাব। অবকাঠামো এবং সেবা সুবিধার অভাবে বিনিয়োগকারীরা এই শহরে বিনিয়োগ করতে আগ্রহী নয়। তারা সুযোগ সুবিধা যুক্ত শহরে বিনিয়োগ করে থাকে। পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহের অভাব একটি বড় সমস্যা এখানে।
- ফেনী শহরের অর্থনীতি লক্ষ্মীপুরের তুলনায় অনেক বেশি সক্রিয়। সেখানে অনেক বেশি ব্যবসা বাণিজ্য, কলকারখানা আছে। এখানে বিসিক শিল্প এলাকা আছে, সেখানে হাতে গোনা কিছু কারখানা অছে। এর মধ্যে আছে কিছু কৃষি ভিত্তিক শিল্প, বেকারি ও মবিল তৈরীর কারখানা।
- বড় গাড়ি চলাচলের মত রাস্তার অভাব আছে শহরে। মেয়র মহোদয় রাস্তা প্রশস্ত করার পদক্ষেপ নিয়েছেন।
- সরকার এখানে ২৭টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। সদর হাসপাতালকে ২৫০ শয্যায় উন্নীত করা হবে। একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হবে রামগতি সড়কে ৪০০ একর এলাকার উপর।
- শহরের জন্য একটি ট্রাক টার্মিনাল প্রয়োজন। এটি শহর থেকে কিছু দূরে রামগতি সড়কে হতে পারে। তাই মহাসড়কের যানবাহন সুষ্ঠূভাবে চলাচলের জন্য একটি শহর বাইপাস প্রয়োজন।
- শহরে ভোগ্যপণ্য আসে মূলত ঢাকা এবং চট্টগ্রাম থেকে। ঢাকার মাল চাঁদপুর হয়ে আসে। আংশিক জল পথে। এত পরিবহণ খরচ বাঁচে।
- স্থানীয়রা এই শহরে বিনিয়োগে আগ্রহী নয়। তবে এটা সত্য যে শিল্প কারখানা না করলে শহরের অর্থনীতি সমৃদ্ধ হবে না। শুধু শিল্প স্থাপন ব্যাপকভাবে বেকারত্ব হ্রাস করতে পারে।

৮.৪.২.৩ এফজিডিঃ সাংবাদিক, কবি, সাহিত্যিক ও সিভিল সোসাইটি

স্থানঃ লক্ষ্মীপুর প্রেসক্লাব

তারিখঃ ২০ মে, ২০১৭



পরামর্শকরা স্থানীয় সাংবাদিক, কবি এবং সাহিত্যিকদের সাথে আলোচনা করেন। আলোচনা অনুষ্ঠিত হয় ২০ মে, ২০১৭ তারিখ সন্ধ্যায় স্থানীয় প্রেসক্লাবে। আলোচনার মূল বিষয় ছিল প্রণয়নাধীন শহরের মহাপরিকল্পনা। আলোচনায় অংশ নেন, কবি এবং সাংবাদিক ড. আবু হেনা আব্দুল আওয়াল, হাবিবুর রহমান সবুজ, ভাইস প্রিন্সিপাল, ন্যাশনাল আইডিয়াল স্কুল এবং কলেজ, ড. সালাহউদ্দিন, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ, লক্ষ্মীপুর সরকারি কলেজ, অধ্যাপক সাইফুল ইসলাম তপন, লক্ষ্মীপুর সরকারি কলেজ, সাংবাদিক গিয়াসউদ্দিন, মিয়া মাহবুব, জনাব বাশার, জনাব মোশাররফ এবং আরো অনেকে। আলোচনা সভায় নিম্ন বার্ণিত বিষয়ে কথা হয়।

১। অধিকাংশ অংশগ্রহণকারী শহরের অপরিকল্পিত উন্নয়নের জন্য অসন্তোষ প্রকাশ করেন। অবশ্য তাদের আশা যে বর্তমান পরিকল্পনা প্রণীত হলে শহরের সুবিন্যস্ত উন্নয়ন হবে।

২। সাংবাদিক কামাল হোসেন বলেন, মহাপরিকল্পনার প্রধান উদ্দেশ্য হওয়া উচিত শহরের অবকাঠামো উন্নয়ন। পরিকল্পিতভাবে বিদ্যমান সংকীর্ণ রাস্তা প্রশস্ত করতে হবে এবং নতুন রাস্তা নির্মাণ করতে হবে। রাস্তা তৈরী হলে স্বতস্ফূর্তভাবে শহর গড়ে উঠবে।

৩। অংশগ্রহণকারীরা প্রশস্ত নতুন রাস্তা তৈরীর প্রস্তাব করেন। রাস্তায় পথচারীদের নিরাপদে চলাচলের জন্য ফুটপাত রাখতে হবে। বর্তমানে খুব কম রাস্তায় ফুটপাত আছে। যা আছে তার মধ্যে অনেক জায়গায় ভাঙ্গা, চলাচল অনুপযোগী। তারা ফুটপাত হকার মুক্ত করতে বলেন।

৪। তারা বলেন সকল বাড়িঘর নির্মাণ বিধি অনুসরণ করে পরিকল্পিতভাবে তৈরী করা উচিত।

৫। শহরের জন্য একটি কার্যকর ভুমি ব্যবহার পরিকল্পনা থাকা প্রয়োজন। এটি প্রয়োজন শহরের পরিকল্পিত উন্নয়নের জন্য। আবাসন শুধু আবাসিক এলাকায় এবং শুধু বসবাসের জন্য হতে হবে। শিল্প শুধু শিল্প এলাকায় হবে, বাণিজ্যিক প্রতিষ্ঠান শুধু বাণিজ্যিক এলাকায় হবে।

৬। শহরে যথেষ্ট পরিমান বিনোদন সুবিধা থাকতে হবে যা সবাই উপভোগ করতে পারে।

৭। জবাবদিহিতা এবং স্বচ্ছতার সাথে পৌরসভা পরিচালনা করতে হবে।

৮। শিল্প সংস্কৃতি চর্চার জন্য যথেষ্ট সুযোগ সুবিধা নাই। একটি মিলনায়তন আছে, কিন্ত তার উপযুক্ত ব্যবহার হয় না। বাজারের কাছে একটি হল আছে কিন্তু তা অত্যন্ত ব্যয়বহুল।

৯। শহরে একটি লাইব্রেরী আছে, কিন্তু সেখানে খুব কম মানুষই যায়। মানুষকে পড়ার উৎসাহ দেয়ার কোন কার্যকর উদ্যোগ নাই।

১০। তারা শহরের অনেক রাস্তার নাম স্থানীয় গণ্যমান্য এবং স্বনামধন্য ব্যক্তিদের নামে রাখতে বলেন। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সঙ্গে লক্ষ্মীপুরের গভীর সম্পর্ক ছিল। তিনি একাধিকবার লক্ষ্মীপুর সফর করেন। তিনি তাঁর বিভিন্ন লেখায় তিনি লক্ষ্মীপুরের নাম ব্যবহার করেছেন। শহরের একটি রাস্তার নাম কাজী নজরুল ইসলামের নামে করা উচিত।

১১। শিল্পকলা একাডেমির সামনের রাস্তা প্রশস্ত করার সুপারিশ করা হয়। বিভিন্ন রাস্তার মোড়ে বিখ্যাত ব্যক্তিদের (যেমন, কাজী নজরুল ইসলাম) ভাস্কর্য নির্মাণ করার সুপারিশ করা হয়। এগুলো বিখ্যাত ব্যক্তিদের সম্মান জানানো এবং শহরের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য প্রয়োজন বলে মত প্রকাশ করা হয়।

৮.৪.২.৪ এফজিডিঃ কলেজ শিক্ষকবৃন্দ



স্থানঃ প্রিন্সিপালের দপ্তর, লক্ষ্মীপুর সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ

তারিখঃ ২১ মে, ২০১৭; সকাল ১১.০০

এই এফজিডি অনুষ্ঠিত হয় লক্ষ্মীপুর সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে, প্রিন্সিপালের দপ্তরে। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রিন্সিপাল স্বয়ং। উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক মোঃ ইউসূফ, সহকারী অধ্যাপক সাইফুল ইসলাম ভূইয়া এবং অন্যান্যরা।

সভায় নিম্ন বার্ণিত বিষয়ে আলোচনা হয়ঃ

- শহরের উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা প্রয়োজন।
  পরিকল্পনায় ভূমি ব্যবহার ভবিষ্যতের গাড়ির সংখ্যা বিবেচনা করে প্রশস্ত রাখতে হবে। বাণিজ্যিক স্থাপনা এবং আবাসন পৃথক করতে হবে।
- সমস্ত খাল সংরক্ষণ করতে হবে এবং ভালোভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। প্রয়োজনে ভরাট হয়ে যাওয়া খাল খনন করতে হবে। দু'পাশে পায়ে চলার পথ তৈরী করে খাল দখল ঠেকাতে হবে।
- নদী বা খালের দু'পাশে গাছ রোপণ করতে হবে।
- সব বয়সি মানুষের জন্য বড় ধরণের পার্ক প্রয়োজন। এটি শহরের প্রান্ত এলাকায় করা যেতে পারে যেখানে এখনো প্রচুর জায়গা খালি আছে।
- শহরের জন্য বড় একটি মিলনায়তন তৈরী করতে হবে।
- ওয়ার্ড ৯ এর পূর্ব দিকে এবং ওয়ার্ড ৯ এর মাঝামাঝি মাদ্রাসার কাছে পার্ক তৈরী করা যেতে পারে। এ ছাড়া পৌরসভার প্রান্ত এলাকায় এবং নতুন ওয়ার্ডেও পার্ক রাখতে হবে।
- পুরো লক্ষ্মীপুর পৌরসভা শিক্ষায় পিছিয়ে আছে। এ জন্য মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজন। লক্ষ রাখতে হবে শিক্ষা যেন বাণিজ্যে পরিণত না হয়।
- শিক্ষকদের নিয়মিত আধুনিক শিক্ষা ব্যবস্থায় প্রশিক্ষণ দিতে হবে যাতে তারা ছাত্রদের যথাযথ শিক্ষা দিতে পরে। স্কুলে শিক্ষা সুবিধা বৃদ্ধি করতে হবে।
- শিক্ষা হতে হবে আধুনিক এবং বিশ্ব পর্যায়ের। বিজ্ঞান শিক্ষার প্রসার ঘটাতে হবে।
- সুন্দর পরিবেশে প্রশিক্ষিত শিক্ষকদের দিয়ে শিক্ষা দিতে হবে।
- দালাল বাজারে একটি অন্ধ স্কুল আছে, মানসিক এবং দৈহিক প্রতিবন্ধিদের জন্য, এ ধরণের আরো উদ্যোগ নিতে হবে।
- ইংরেজি শিক্ষার প্রসার না ঘটিয়ে স্থানীয় শিক্ষাকে আধুনিকায়ন করতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানে আরো পরীক্ষার হল, হোস্টেল, মিলনায়তন তৈরী করতে হবে।
- শিক্ষা দানে মাল্টিমিডিয়া পদ্ধতি চালু করতে হবে।
- শিক্ষকদের আবাসন সুবিধা দিতে হবে।
- মণিষীদের নামে রাস্তার নামকরণ করতে হবে।
- শহরকে দৃষ্টি নন্দন রাখতে হবে।

৮.৪.২.৫ এফজিডিঃ মেয়র, কাউন্সিলর, নির্বাহী প্রকৌশলী এবং সচিব।

৮.৪.২.৫.১ মেয়রঃ লক্ষ্মীপুর পৌরসভা



তারিখঃ ১৮ জুলাই, ২০১৭

স্থানঃ মেয়রের দপ্তর

আলোচনা

পরামর্শক দল আলহাজ্ব মোহাম্মদ আবু তাহের, মেয়র, লক্ষ্মীপুর পৌরসভা এর সঙ্গে বিশেষ তথ্য সরবরাহকারী (Key Informant) হিসাবে সক্ষাৎকার গ্রহণ করা হয়। এটি ছিল একটি একক সাক্ষাৎকার। আলোচনার বিষয়বস্তু ছিল শহরের উন্নয়ন। নিচে তাঁর বিস্তারিত বক্তব্য দেয়া হলো।

১। বিদ্যমান ১৫টি ওয়ার্ডকে সম্প্রসারণ করে লক্ষ্মীপুরকে সিটি কর্পোরেশন ঘোষণা করতে হবে।

২। মেঘনা রোডকে বিকল্প বাইপাস হিসাবে নির্মাণ করা যায়।

৩। পোদ্দার বাজার, ভবানীগঞ্জ এবং রামগতি সড়ককে সম্প্রসারণ করা যেতে পারে। এতে যানজট কমবে এবং যানবাহন চলাচল সহজ হবে।

৪। নোয়াখালী সদর এবং চাঁদপুরকে রেলপথের মাধ্যমে যুক্ত করার জন্য লক্ষ্মীপুরের মধ্য দিয়ে রেলপথ নির্মাণ করা যেতে পারে।

৫। রহমতখালী খাল ড্রেজিং করে নৌ চলাচল উপযোগী করে মজু চৌধুরী ঘাটের সঙ্গে যুক্ত করা যায়। এতে নৌ-পথে মালামাল পরিবহণ সহজ হবে।

৬। এখানে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং একটি মেডিক্যাল কলেজ স্থাপন করতে হবে।

৭। শহরে বিনোদনের জন্য আরো পার্ক প্রয়োজন।

৮। শহরের ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন করা প্রয়োজন, যার কাজ এখন চলছে।

৯। কমিউনিটি ভিত্তিক স্যানিটেশন স্বাস্থ্য সম্মত স্যানিটেশনের সমাধান দিতে পারে।

১০। প্রধান প্রধান খালের দু'পাশে পায়ে চলার পথ এবং বসার ব্যবস্থা করে নাগরিকদের বিনোদনের ব্যবস্থা করা যেতে পারে। এগুলো বৃহৎ জলাশয়, পুকুর/দীঘি (যেমন খোয়া সাগর দীঘি, জোড়া দীঘি) পাড়ে এ ধরণের সুবিধা তৈরী করা যেতে পারে।

৮.৪.২.৫.২ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১



তারিখঃ ১৭ জুলাই, ২০১৭

স্থানঃ পোরসভা অফিস

পরামর্শক দল ১ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ গোলাম মোস্তফার সঙ্গে এফজিডি ভিত্তিক আলোচনা করা হয় পৌরসভা দপ্তরে। তাঁর সঙ্গে আলোচনা হয় তাঁর ওয়ার্ডের সুযোগ সুবিধা এবং সমস্যা নিয়ে। নিচে আলোচনার ফলাফল দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৬০%
২।	স্কুলে যায়	৯৫%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	১০%

৪।	প্রাইমারি স্কুল	৩টি
৫।	হাই স্কুল	২টি
৬।	পৌর পানি পায়	৩০%
৭।	বিদ্যুৎ আছে	৬০% বাড়িতে
৮।	দরিদ্র	৪৫%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

১। এই ওয়ার্ডে প্রায় ৮০০ জন মৎসজীবী আছেন।

২। প্রায় ২% মানুষ বিদেশে কর্মরত।

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।

২। রাস্তার রক্ষণাবেক্ষণ হয় না।

৩। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।

৪। বিনোদন সুবিধার অভাব আছে।

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তাঃ ধুম চর
   ক। জামিনি মোহন থেকে ঠাকুর বাড়ি
   খ। পশ্চিম শিশু পরিবার থেকে শহীদ স্মৃতি একাডেমি
   গ। অডিটোরিয়াম রোড থেকে গছি বাড়ি মসজিদ

২। পুলিশ বক্স: শাহপুর এবং মজুপুরের মাঝামাঝি

৩। কাঁচা বাজার: শিশু পরিবার, গোফরানের দোকান এবং মাদাম বাজার

৪। খেলার মাঠ

৫। কাউন্সিলর অফিস

৬। বর্জ্য ট্রান্সফার স্টেশন: শাহপুর (শিশু পরিবারের উত্তরে)

৭। কমিউনিটি ক্লিনিক (শিশু পরিবার)

৮। কলেজ: কাউন্সিলরের বাড়ির পূর্বে

৯। গার্লস হাই স্কুল

১০। পার্ক

১১। পানির ট্যাংক

১২। ডাস্টবিন

১৩। লাইট

১৪। বিদ্যুৎ খাম

১৫। মাস্টার ড্রেনঃ মাদাম থেকে মজুপুর প্রাইমারি স্কুল

১৬। ড্রেনঃ সাধু বাড়ির পশ্চিমে

কাঠামো পরিকল্পনা

৮.৪.২.৫.৩ এফজিডিঃ কাউন্সিলর (অনুপুস্থিতিতে প্রশাসনিক কর্মকর্তা), ওয়ার্ড-২



তারিখঃ ১৮ জুলাই, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৮ মে, ২০১৭ তারিখে ২ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ জিয়াউর রহমান সিপন, পৌরসভা প্রশাসনিক কর্মকর্তা জনাব আনোয়ার হেসেন এবং লক্ষ্মীপুর পৌর আওয়ামী লীগ ভাইস প্রেসিডেন্ট মাহবুবুর রহমান মোহন (ওয়ার্ড নং-২) এর সঙ্গে যোগাযোগ করেন। কিন্তু ২ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ জিয়াউর রহমান শিপন ব্যক্তিগত কারণে সভায় উপস্থিত হতে পারেন নাই। সভায় ওয়ার্ডের সুযোগ সুবিধা এবং সমস্যা এবং উন্নয়ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। নিচে বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৯০%
২।	স্কুলে যায়	৯০%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	৫০%
৪।	প্রাইমারি স্কুল	৩টি (সরকারি)
৫।	হাই স্কুল	১টি
৬।	পৌর পানি পায়	৫০%
৭।	বিদ্যুৎ আছে	১০০% বাড়িতে
৮।	গ্যাস	৩০-৪০%
৯।	দরিদ্র	৫০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

১। এই ওয়ার্ডে প্রায় ৮০০ জন মৎসজীবী আছেন।
২। প্রায় ১০% মানুষ বিদেশে কর্মরত।
৩। প্রধান পেশাঃ ব্যবসা, চাকুরি, শ্রমিক

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। রাস্তার রক্ষণাবেক্ষণ হয় না।
৩। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।
৪। বিনোদন সুবিধার অভাব আছে।
৫। স্বাস্থ্য সেবার অভাব আছে।
৬। শিক্ষা সুবিধার অভাব আছে।

উন্নয়ন প্রস্তাবঃ

১। খেলার মাঠ
২। পার্ক
৩। কমিউনিটি ক্লিনিক

৪। মাস্টার ড্রেন
৫। ওভারহেড ট্যাংক

৮.৪.২.৫.৪ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৩



তারিখঃ ১৭ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৭ মে, ২০১৭ তারিখে ৩ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ রিয়াজুল হাসান টিপুর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৬০%
২।	স্কুলে যায়	৯৫%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	২০%
৪।	প্রাইমারি স্কুল	৩টি (সরকারি)
৫।	হাই স্কুল	২টি
৬।	পৌর পানি পায়	৩০%
৭।	গ্যাস	৩৫%
৮।	বিদ্যুৎ আছে	৭০% বাড়িতে
৯।	দরিদ্র	৬০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ ব্যবসা, চাকুরি, শ্রমিক, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। রাস্তার রক্ষণাবেক্ষণ হয় না।
৩। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।
৪। বিনোদন সুবিধার অভাব আছে।
৫। স্বাস্থ্য সেবার অভাব আছে।
৬। শিক্ষা সুবিধার অভাব আছে।
৭। পর্যাপ্ত গ্যাস লাইন নাই।
৮। দরিদ্র বেশি।

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। ব্রিজ চাই
৩। কমিউনিটি ক্লিনিক

৪। ড্রেন
৫। মাঠ, পার্ক
৬। কাউন্সিলর অফিস,
৭। পুলিশ বক্স
৮। বাজার
৯। ট্রান্সফার স্টেশন
১০। কমিউনিটি সেন্টার
১১। মসজিদ
১২। হাই স্কুল
১৩। বাণিজ্যিক জোন

৮.৪.২.৫.৫ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৪

তারিখঃ ১৭ মে, ২০১৭
স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৭ মে, ২০১৭ তারিখে ৮ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ রিয়াজুল হাসান টিপুর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ



১। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৮০%
২। স্কুলে যায়	৯০%
৩। স্কুল থেকে ঝরে পড়ে	১০%
৪। প্রাইমারি স্কুল	১টি
৫। হাই স্কুল	২টি
৬। কলেজ	১টি
৭। পৌর পানি পায়	সরবরাহ অসন্তোষজনক
৮। গ্যাস	২০%
৯। বিদ্যুৎ আছে	৬০% বাড়িতে
১০। দরিদ্র	৪০%
১১। যুব উন্নয়ন	১
১২। ফিশারিজ	১
১৩। বাস টার্মিনাল	১
১৪। পি পি অফিস	১
১৫। ডাম্পিং সাইট	১

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ ব্যবসা, চাকুরি, শ্রমিক, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।

২। রাস্তার রক্ষণাবেক্ষণ হয় না।
৩। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।
৪। পর্যাপ্ত গ্যাস লাইন নাই।
৫। পর্যাপ্ত বিদ্যুৎ নাই।
৬। দরিদ্র বেশি।

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। কেন্দ্রীয় কবরস্থান
৩। মাঠ, পার্ক
৪। কাউন্সিলর অফিস,
৫। পুলিশ বক্স
৬। বাজার
৭। কমিউনিটি সেন্টার
৮। মসজিদ
৯। বাণিজ্যিক জোন

৮.৪.২.৫.৬ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৫



তারিখঃ ১৭ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৭ মে, ২০১৭ এ ৫ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব উত্তম দত্ত এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৬০%
২।	স্কুলে যায়	১০০%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	১০%
৪।	প্রাইমারি স্কুল	২টি
৫।	হাই স্কুল	১টি
৬।	পৌর পানি পায়	৫০%
৭।	গ্যাস	অসন্তোষজনক
৮।	বিদ্যুৎ আছে	অসন্তোষজনক

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ ব্যবসা, চাকুরি,

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।

উন্নয়ন প্রস্তাবঃ

১। মাঠ, পার্ক
২। কাউন্সিলর অফিস
৩। ড্রেন



৮.৪.২.৫.৭ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৬

তারিখঃ ১৭ মে, ২০১৭
স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৭ মে, ২০১৭ এ ৬ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব আবুল খায়ের স্বপন এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৮০%
২। স্কুলে যায়	১০০%
৩। স্কুল থেকে ঝরে পড়ে	২%
৪। পৌর পানি পায়	সরবরাহ অসন্তোষজনক
৫। গ্যাস	সরবরাহ অসন্তোষজনক
৬। বিদ্যুৎ আছে	সরবরাহ অসন্তোষজনক
৭। দরিদ্র	১০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ ব্যবসা, চাকুরি, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।
৩। জলাবদ্ধতা
৪। রাস্তার সমস্যা

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। কেন্দ্রীয় কবরস্থান
৩। মাঠ, পার্ক
৪। কাউন্সিলর অফিস,
৫। বাজার
৬। কমিউনিটি ক্লিনিক
৭। ড্রেন
৮। ট্রান্সফার স্টেশন
৯। প্রাইমারি স্কুল
১০। কমিউনিটি হল

৮.৪.২.৫.৮ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৭



তারিখঃ ১৮ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৮ মে, ২০১৭, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ কামাল উদ্দিন (খোকন) এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৮০%
২।	স্কুলে যায়	১০০%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	৫%
৪।	প্রাইমারি স্কুল	২টি
৫।	হাই স্কুল	২টি
৬।	মাদ্রাসা	১টি
৭।	কলেজ	১টি
৮।	পৌর পানি পায়	৬০%
৯।	গ্যাস	৬০%
১০।	বিদ্যুৎ আছে	১০০%
১১।	দরিদ্র	১০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, ব্যবসা, চাকুরি

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।
৩। রাস্তার সমস্যা
৪। বিদ্যুৎ খাম্বা নেই।
৫। কর্মসংস্থানের অভাব

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। ড্রেন চাই
৩। স্বাস্থ্য সম্মত বর্জ্য ব্যবস্থাপনা
৪। কেন্দ্রীয় কবরস্থান
৫। মাঠ, পার্ক
৬। কাউন্সিলর অফিস,
৭। বাজার
৮। ট্রান্সফার স্টেশন

৯। কমিউনিটি হল

১০। নতুন শিক্ষা প্রতিষ্ঠান, মান সম্পন্ন শিক্ষা, একাধিক শিফট

১১। শিক্ষা প্রতিষ্ঠানে ভালো পরিচালন ব্যবস্থা।

১২। নতুন কর্মসংস্থান

- সরকারি প্রতিষ্ঠানে খালি পদ পূরণ করে
- নতুন পদ সৃষ্টি করে
- বিসিক এলাকায় শিল্প স্থাপন করে, সম্প্রসারণ করে
- শিল্প সহায়ক পরিবেশ তৈরী করে
- স্থানীয় কাঁচামাল ব্যবহার দ্বারা শিল্প স্থাপন করে
- ইলিশ মাছ প্রক্রিয়াকরণ করে
- চামড়া/জুতা শিল্প স্থাপন করে।

৮.৪.২.৫.৯ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৮

তারিখঃ ১৭ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস



পরামর্শক দল ১৭ মে, ২০১৭, ৮ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ জাহিদুজ্জামান চৌধুরী এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৫০%
২।	স্কুলে যায়	১০০%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	১০%
৪।	প্রাইমারি স্কুল	২টি
৫।	গ্যাস	৪০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি শ্রমিক, ব্যবসা, চাকুরি, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।

২। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।

৩। রাস্তার সমস্যা

৪। বিদ্যুৎ খুটি নেই।

৫। জলাবদ্ধতা

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই

২। ওভারহেড ট্যাংক

৩। মাঠ, পার্ক

৪। কাউন্সিলর অফিস,

৫। বাজার
৬। ট্রান্সফার স্টেশন
৭। কমিউনিটি হল
৮। পুলিশ বক্স
৯। শিশু পার্ক

৮.৪.২.৫.১০ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-৯

তারিখঃ ১৭ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৭ মে, ২০১৭, ৯ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোহাম্মদ আলী এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৪০%
২।	স্কুলে যায়	৯৫%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	১০%
৪।	প্রাইমারি স্কুল	২টি
৫।	মাদ্রাসা	১টি
৬।	পৌর পানি পায়	৫৫%
৭।	গ্যাস	৩০%
৮।	বিদ্যুৎ আছে	৫০%
৯।	দরিদ্র	৮০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, শ্রমিক, ব্যবসা, চাকুরি, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। পৌর পানি সরবরাহ যথেষ্ট নয়।
৩। রাস্তার সমস্যা
৪। বিদ্যুৎ খাম্বা নেই।
৫। জলাবদ্ধতা
৬। স্যানিটেশন সমস্যা
৭। বেকার সমস্যা

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। মাঠ, পার্ক
৩। কাউন্সিলর অফিস,
৪। বাজার

কাঠামো পরিকল্পনা

৫। ট্রান্সফার স্টেশন
৬। কমিউনিটি হল
৭। শিশু পার্ক
৮। ব্রিজ
৯। হাই স্কুল, প্রাইমারি স্কুল
১০। ড্রেন
১১। পায়ে চলার পথ/রিটেনশন ওয়াল

৮.৪.২.৫.১১ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১০

তারিখঃ ১৭ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস



পরামর্শক দল ১৭ মে, ২০১৭, ১০ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব রায়হান এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৭০%
২।	স্কুলে যায়	৯০%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	১৫%
৪।	প্রাইমারি স্কুল	৩টি
৫।	কলেজ	১টি
৬।	পলিটেকনিক ইন্সটিটিউট	১টি
৭।	মাদ্রাসা	১টি
৮।	পৌর পানি পায়	৫০%
৯।	গ্যাস	অসন্তোষজনক
১০।	বিদ্যুৎ আছে	অসন্তোষজনক
১১।	কমিউনিটি ক্লিনিক	৭টি
১২।	দরিদ্র	৩০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ শ্রমিক, ব্যবসা, চাকুরি, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। বিদ্যুৎ খাম্বা নেই, লাইন নেই।
৩। জলাবদ্ধতা

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। মাঠ, পার্ক
৩। কাউন্সিলর অফিস,
৪। বাজার
৫। ট্রান্সফার স্টেশন
৬। কমিউনিটি হল
৭। শিশু পার্ক
৮। ব্রিজ
৯। হাই স্কুল
১০। বাস্তুহারা আশ্রয় কেন্দ্র

৮.৪.২.৫.১২ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১১



তারিখঃ ১৮ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৮ মে, ২০১৭, ১১ নং ওয়ার্ড কাউন্সিলর, জনাব মোঃ জহিরুল আলম এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৬০%
২। স্কুলে যায়	৯৫%
৩। স্কুল থেকে ঝরে পড়ে	৫%
৪। কেজি স্কুল	১ টি
৫। প্রাইমারি স্কুল	২টি
৬। হাই স্কুল	১ টি
৭। পলিটেকনিক ইন্সটিটিউট	১টি
৮। পৌর পানি পায়	নাই
৯। গ্যাস	৫০%
১০। কমিউনিটি ক্লিনিক	নাই
১১। বিদ্যুৎ	৭৫%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, শ্রমিক, ব্যবসা, চাকুরি, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। বিদ্যুৎ খাম্বা নেই, লাইন নেই।
৩। নতুন রাস্তা চাই

৪। কাউন্সিলর অফিস,
৫। শিক্ষা প্রতিষ্ঠানের অভাব
৬। স্বাস্থ্য সম্মত স্যানিটেশনের অভাব
৭। পানি সরবরাহের অভাব

উন্নয়ন প্রস্তাবঃ

১। নতুন রাস্তা চাই
২। ড্রেন
৩। মাঠ, পার্ক
৪। কাউন্সিলর অফিস,
৫। বাজার
৬। ট্রান্সফার স্টেশন
৭। কমিউনিটি হল
৮। স্বাস্থ্য সেবা সুবিধা
৯। শিশু পার্ক
১০। প্রাইমারি এবং হাই স্কুল
১১। বাস্তুহারা আশ্রয় কেন্দ্র

৮.৪.২.৫.১৩ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১২



তারিখঃ ১৮ মে, ২০১৭
স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৮ মে, ২০১৭, কাউন্সিলর, ১২ নং ওয়ার্ড, জনাব মীর শাহাদাৎ হোসেন রুবেলে এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৯০%
২। স্কুলে যায়	৭০%
৩। স্কুল থেকে ঝরে পড়ে	২০%
৪। প্রাইমারি স্কুল	৩টি
৫। হাই স্কুল	১ টি
৬। হাই স্কুল ও কলেজ	৩ টি
৭। মাদ্রসা	৫টি
৮। পৌর পানি পায়	২০%
৯। বিদ্যুৎ	৭৫%
১০। গ্যাস	৫০%
১১। কমিউনিটি ক্লিনিক	নাই

১২। দরিদ্র	৪০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, শ্রমিক, ব্যবসা, চাকুরি, মৎসজীবী, রেমিটেন্স

সমস্যাঃ

১। পর্যাপ্ত ড্রেন নেই।
২। নতুন রাস্তা চাই
৩। পানি সরবরাহের অভাব
৪। জলাবদ্ধতা
৫। নদী ভাঙ্গন
৬। স্বাস্থ্য সম্মত স্যানিটেশনের অভাব
৭। গ্যাসের অভাব

উন্নয়ন প্রস্তাবঃ

১। কর্ম সংস্থানের জন্য শিল্পায়ন চাই
২। ড্রেন
৩। মাঠ, পার্ক
৪। কাউন্সিলর অফিস,
৫। বাজার
৬। ট্রান্সফার স্টেশন
৭। কমিউনিটি হল
৮। শিশু পার্ক
৯। বাস্তুহারা আশ্রয় কেন্দ্র
১০। রহমতখালী খালের দু'পাশে পায়ে চলার রাস্তা-টেকনিক্যাল স্কুল থেকে টুমচর পর্যন্ত
১১। শিক্ষা ব্যবস্থার উন্নয়ন
১২। নতুন লিংক রোড

৮.৪.২.৫.১৪ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১৩

তারিখঃ ১৮ মে, ২০১৭
স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ১৮ মে, ২০১৭, কাউন্সিলর, ১৩ নং ওয়ার্ড, জনাব আহসানুল করিম শিপন এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।



ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৯০%
২। স্কুলে যায়	৮০%
৩। স্কুল থেকে ঝরে পড়ে	৩৫%
৪। প্রাইমারি স্কুল	৩টি

৫। হাই স্কুল	নাই
৬। কলেজ	নাই
৭। মাদ্রাসা	১টি
৮। পৌর পানি পায়	সরবরাহ নাই
৯। বিদ্যুৎ	৪৫%
১০। গ্যাস	নাই
১১। কমিউনিটি ক্লিনিক	নাই
১২। দরিদ্র	৮০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, শ্রমিক, ব্যবসা, চাকুরি, মৎসজীবী,রেমিটেন্স

সমস্যাঃ

১। দরিদ্র
২। অপর্যাপ্ত রাস্তা
৩। পানি সরবরাহের অভাব
৪। স্বাস্থ্য সম্মত স্যানিটেশনের অভাব
৫। গ্যাসের অভাব
৬। পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নাই।

উন্নয়ন প্রস্তাবঃ

১। গার্লস স্কুল
২। ড্রেন
৩। মাঠ, পার্ক
৪। কাউন্সিলর অফিস,
৫। বাজার
৬। ট্রান্সফার স্টেশন
৭। কমিউনিটি হল
৮। শিশু পার্ক
৯। নতুন রোড ও ব্রিজ

৮.৪.২.৫.১৫ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১৪

তারিখঃ ২২ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল ২২ মে, ২০১৭, কাউন্সিলর, ১৪ নং ওয়ার্ড, জনাব জহিরুল ইসলাম এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।

ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১। স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৯৫%

২। স্কুলে যায়	৯৯%
৩। স্কুল থেকে ঝরে পড়ে	২৫%
৪। প্রাইমারি স্কুল	২টি
৫। হাই স্কুল	নাই
৬। কলেজ	নাই
৭। মাদ্রাসা	১টি
৮। পৌর পানি পায়	সরবরাহ নাই
৯। বিদ্যুৎ	১০০%
১০। গ্যাস	নাই
১১। কমিউনিটি ক্লিনিক	নাই
১২। দরিদ্র	৫০%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, ব্যবসা, চাকুরি, মৎসজীবী, রেমিটেন্স

সমস্যাঃ

১। ভাঙ্গা রাস্তা
২। পানি সরবরাহের অভাব
৩। পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নাই
৪। যথেষ্ট ড্রেন নাই
৫। জলাবদ্ধতা
৬। ভালো স্বাস্থ্য সেবা নাই
৭। ভালো শিক্ষা ব্যবস্থা নাই
৮। বিনোদনের অভাব

উন্নয়ন প্রস্তাবঃ

১। প্রাইমারি স্কুল, মাদ্রাসা ও হাই স্কুল
২। মেডিক্যাল কলেজ চাই
৩। মাঠ, পার্ক
৪। খোয়া সাগর দীঘির পাড়ে বিনোদন সুবিধা
৫। কাউন্সিলর অফিস,
৬। বাজার
৭। ট্রান্সফার স্টেশন
৮। কমিউনিটি হল
৯। নতুন রাস্তা ও বিদ্যমান রাস্তার মেরামত
১০। ব্রিজ

৮.৪.২.৫.১৬ এফজিডিঃ কাউন্সিলর, ওয়ার্ড-১৫

তারিখঃ ২০ মে, ২০১৭

স্থানঃ পৌরসভা অফিস

কাঠামো পরিকল্পনা

পরামর্শক দল ২০ মে, ২০১৭, কাউন্সিলর, ১৫ নং ওয়ার্ড, জনাব আনোয়ার হোসেন (শাহি) এর সঙ্গে, লক্ষ্মীপুর পৌরসভা দপ্তরে মিলিত হন। সেখানে ওয়ার্ডের সমস্যা ও সমাধান নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে আলোচনার বিস্তারিত দেয়া হলো।



ওয়ার্ডে বিদ্যমান সুযোগ সুবিধাঃ

১।	স্বাস্থ্যসম্মত স্যানিটেশন	৫০%
২।	স্কুলে যায়	৯৫%
৩।	স্কুল থেকে ঝরে পড়ে	১০%
৪।	প্রাইমারি স্কুল	২টি
৫।	হাই স্কুল	নাই
৬।	কলেজ	নাই
৭।	মাদ্রাসা	১টি
৮।	পৌর পানি পায়	সরবরাহ নাই
৯।	বিদ্যুৎ	৬০%
১০।	গ্যাস	নাই
১১।	কমিউনিটি ক্লিনিক	১ টি
১২।	দরিদ্র	৭৫%

প্রধান প্রধান অর্থনৈতিক কর্মকান্ডঃ

পেশাঃ কৃষি, ব্যবসা, চাকুরি, রেমিটেন্স

সমস্যাঃ

১। প্রশস্ত রাস্তার অভাব
২। পানি সরবরাহের অভাব
৩। দারিদ্র
৪। পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নাই

উন্নয়ন প্রস্তাবঃ

১। কেন্দ্রীয় কবরস্থান
২। চর লুমনিতে মাঠ
৩। পার্ক
৪। ডাম্পিং গ্রাউন্ড
৫। কাউন্সিলর অফিস
৬। বাজার
৭। ট্রান্সফার স্টেশন
৮। কমিউনিটি হল
৯। নতুন রাস্তা ও বিদ্যমান রাস্তার মেরামত
১০। বাস্তুহারা আশ্রয় কেন্দ্র
১১। লেংটা শাহের মাজারের পূর্বে এতিমখানা স্থাপন
১২। হাই স্কুল স্থাপন
১৩। নতুন রাস্তা নির্মাণঃ

- রায়পুর রোড থেকে চৌকিদার পাড়া
- হাজিবাড়ি বাইপুর রোড থেকে তিরা কাজি মসজিদ
- কুশরাজি বাড়ি থেকে গ্রিতন বাড়ি
- বকুল গাছ তলা থেকে হাসান উকিলের বাড়ি
- ওয়াপদা ঢাকা থেকে বাইপুর রোড হয়ে ভেন্দর বাড়ি
- হাজি বাড়ি থেকে আব্দুল কারিম ভূইয়ার বাড়ি
- বেরি থেকে মনু হাজি বাড়ি

১৪। নতুন কর্মসংস্থান

- শূন্য অথবা স্বল্প সুদে ঋণ দিয়ে
- পোল্ট্রি বা ডেইরি ফার্ম স্থাপনে সহায়তা দিয়ে
- হস্ত শিল্প স্থাপন করার কাজে সহায়তা করে
- মৎস্য চাষে সহায়তা করে
- নারিকেলের ছোবড়া প্রক্রিয়াকরণ করে
- শিল্প বান্ধব পরিবেশ তৈরী করে
- মাছ প্রক্রিয়াকরণ করে
- সয়াবিন কারখানা স্থাপন করে।

৮.৪.২.৫.১৭ এফজিডিঃ মহিলা প্রতিনিধি, লক্ষ্মীপুর পৌরসভা



তারিখঃ ২১ মে, ২০১৭: সকাল ১০.০০ টা
স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল লক্ষ্মীপুর পৌরসভার কিছু মহিলা প্রতিনিধির এফজিডি ভিত্তিক সাক্ষাতকার গ্রহণ করেন। এটি ২১ মে পৌরসভায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন প্যানেল মেয়র জেসমিন আখতার। উপস্থিত ছিলেন কাউন্সিলর শাহিনা আখতার, হাসিনা আখতার, UGIIP Project এর LCD আয়শা আখতার। সেখানে মহিলাদের সমস্যা ছাড়াও পৌরসভার সমস্যা, সমাধান ও উন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। নিচে তাদের বক্তব্য বিস্তারিতভাবে দেয়া হলো।

১। লক্ষ্মীপুরের মহিলাদের ব্যাপক কর্মসংস্থান প্রয়োজন। এ জন্য এখানে গার্মেন্টস কারখানা, জুতা কারখানা, সয়াবিন কারখানা এবং অন্যান্য শিল্প স্থাপন আবশ্যক।

২। মহিলাদের এগিয়ে নেয়ার জন্য তাদের কর্মমূখী প্রশিক্ষণ দিতে হবে। কাজের জন্য তাদের দক্ষতা বৃদ্ধি প্রয়োজন, এ ছাড়া নিজস্ব উদ্যোগ গ্রহনের জন্যও প্রশিক্ষণ প্রয়োজন আছে। এর পর তাদের ঋণ দিতে হবে এবং তা সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করতে হবে।

৩। দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ হতে পারে হাঁস মুরগি এবং গবাদি পশু পালনের উপর, সমন্বিত মাছ চাষের উপর, বেতের কাজের উপর বা ক্যাটারিং বিষয়ে। এছাড়া আধুনিক প্রযুক্তির, যেমন, কম্পিউটার অপারেশন বা বিভিন্ন যন্ত্রপাতি পরিচালনার উপর। প্রশিক্ষণ হতে হবে মান সম্পন্ন এবং কার্যকর। মহিলাদের এ ধরণের প্রশিক্ষণের জন্য একটি প্রতিষ্ঠান প্রয়োজন।

৪। মহিলাদের পক্ষে স্বাস্থ্য সেবা পাওয়া বর্তমানে অনেক কঠিন হয়ে গিয়েছে। সরকারি হাসপাতালে পর্যাপ্ত জনবলের অভাব এর একটি কারণ। প্রতিদিন অনেক মহিলাকে স্বাস্থ্য সেবার জন্য অপেক্ষা করতে হয়। এতে বয়স্ক মহিলাদের দুরাবস্থা বাড়ে। এই সমস্যার সমাধান করতে হবে।

৫। দূর দূরান্ত থেকে মহিলারা হাসপাতালে সেবা নিতে আসেন। দীর্ঘ অপেক্ষা তাদের জন্য শারীরিক পরিশ্রম ছাড়াও সময় এবং অর্থ নষ্ট করে। এজন্য প্রতি ওয়ার্ডে স্বাস্থ্য সেবার ব্যবস্থা থাকা প্রয়োজন।

৬। প্রতিদিনের চাহিদার তুলনায় শহরে পানি সরবরাহ কম। পানি সরবরাহ বৃদ্ধি করতে হবে। রাস্তার পাশে পানির

কলে নিয়মিত যথেষ্ট পরিমানে পানি সরবরাহ করতে হবে। প্রয়োজনে বিভিন্ন মহল্লায় আরো ডিপ টিউব ওয়েল স্থাপন করতে হবে। শহরে বিদ্যুৎ চাহিদা অনেক বেশি। কিন্তু খুটির অভাবে সরবরাহ করা যাচ্ছে না। স্থানীয় মানুষ কাঠ বা বাঁশের খুটি দিয়ে লাইন নিয়ে থাকে। আবার বিদ্যুৎ সরবরাহ বিধি লংঘনের জন্য তাদের জরিমানা দিতে হয়। এতে ঝুঁকিও আছে। এই সমস্যা ওয়ার্ড ১, ২, ৩, ৪, ৫, ১০, ১১ এবং ১২ তে বেশি।

৭। জলাবদ্ধতা শহরের একটি গুরুতর সমস্যা। প্রতি ওয়ার্ডে যথেষ্ট সংখ্যক ড্রেন প্রয়োজন।

৮। শহরের সব রাস্তা পরস্পর যুক্ত নয়। বিশেষত মহল্লার রাস্তাগুলো পরস্পরের যুক্ত করতে হবে।

৯। শহরে অনেক ডাস্টবিন প্রয়োজন। যেখানে সেখানে আবর্জনা ফেলার কারণে পরিবেশ নষ্ট হচ্ছে এবং রোগ বিস্তারের আশংকা বাড়ছে। কখনো কখনো মানুষ তাদের বাড়ির সামনে ডাস্টবিন বসাতে বাধা দেন। তাদের এর প্রয়োজন বুঝাতে হবে।

১০। স্বাস্থ্যসম্মত টয়লেট প্রয়োজন। দরিদ্রদের বিনা মূল্যে স্যানিটেশন সামগ্রী সরবরাহ করা প্রয়োজন। পৌরসভার উচিত সেপটিক ট্যাংক বিনামূল্যে পরিষ্কার করা ।

১১। শহরে আরো কালভার্ট প্রয়োজন, যেমন, গাজি বাড়ি রোড, ভূইয়া বাড়ি রোড, ওয়ার্ড ১১ এর হাওলাদার বাড়ি রোড।

১২। ওয়ার্ড ১ এর মুন্সী বাড়ি রোড এবং ওয়ার্ড ১১ এর গাজি বাড়ি রোড, ভূইয়া বাড়ি রোড মেরামত প্রয়োজন।

১৩। ওয়ার্ড ৪ এ প্যালাসাইটিং করতে হবে নওয়াজ উদ্দিন বাড়ি পুকুরের এবং অন্যান্য পুকুরের। এ ছাড়া ঐ সমস্ত পুকুরের ঘাট প্রয়োজন।

১৪। মহিলাদের মটিভেশনের জন্য আরো উঠান বৈঠক করা প্রয়োজন। এ জন্য বাজেট সংস্থান রাখতে হবে।

৮.৪.২.৫.১৮ এফজিডিঃ পৌরসভা প্রকৌশল বিভাগের প্রকৌশলীবৃন্দ



তারিখঃ ২২ মে, ২০১৭, বিকাল ৫.০০ টা

স্থানঃ পৌরসভা অফিস

পরামর্শক দল পৌরসভা অফিসে প্রকৌশল বিভাগের প্রকৌশলীবৃন্দকে নিয়ে সভা করেন। সভায় পৌরসভার সমস্যা, উন্নয়ন এবং প্রণয়নাধীন মহাপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী একেএম মুস্তাফিজুর রহমান, উপ সহকারী প্রকৌশলী মোঃ শামসুল আলম এবং মোহাম্মদ ইসহাক, সার্ভেয়র মোঃ আবু তাহের সাগর, পৌরসভা UGIIP-3 Project প্রকৌশলী মোঃ ইয়াসিনুর রহমান, বস্তি উন্নয়ন অফিসার মোঃ মোজাম্মেল হোসেন কামরুল, UGIIP-3 Project LCDA আয়শা হক এবং সহকারী সার্ভেয়র। নিচে আলোচনার সারাংশ তুলে ধরা হলো।

১। লক্ষ্মীপুর শহরের জীবন হচ্ছে ঢাকা- রায়পুর মহা সড়ক। এই রাস্তার সীমানা ১৮ থেকে ১৩০ ফিট। রাস্তার কিছু অবৈধ দখলে আছে, কিছু অংশ লিজ দেয়া। এই রাস্তা আরো প্রশস্ত করার পদক্ষেপ নিতে হবে, যাতে হাইওয়ের যানবাহন সহজে চলাচল করতে পারে।

২। ঢাকা-রায়পুর হাইওয়ে লক্ষ্মীপুরকে দু'ভাগে ভাগ করেছে-উত্তর ও দক্ষিণ। যেহেতু এই রাস্তার পাশে সব ধরণের প্রশাসনিক ভবন তৈরী হয়ে গিয়েছে, তাই এই সড়ক এখন শহরের সড়ক নেটওয়ার্কের অংশ। হাইওয়ে ট্রাফিককে সুষ্ঠুভাবে চলাচলের জন্য একটি বাইপাস তৈরী করতে হবে। এই বাইপাস মেঘনা এবং জ্যাকসন উলিয়াম রোড ধরে হতে পারে। যদি পৌরসভা উত্তর-পূর্ব দিকে সম্প্রসারিত হয় তবে বাইপাস পোদ্দার বাজার পর্যন্ত সম্প্রসারিত করে আরেকটি বাইপাস তৈরী করা যেতে পারে।

৩। আরেকটি বাইপাস ওয়াপদা বাজার এলাকায় জ্যাকসন-জুগির হাট রোডে রামগতির পিয়ারপুর পয়েন্ট এবং টুমচর থেকে ভোলা-লক্ষ্মীপুর রোডের শাহ চর হাজির হাট পর্যন্ত। এর ফলে আন্তঃ জেলা যানবাহন লক্ষ্মীপুর শহর এড়িয়ে চলাচল করতে পারবে।

৪। ভোলা-বরিশাল রোডের সীমানা ৮০ ফিট, রাস্তাকে ক্রমে ক্রমে ঐ পর্যন্ত সম্প্রসারণ করতে হবে।

৫। কালির বাজার রোড ক্রমে ৪০-৫০ ফিট প্রশস্ত করতে হবে।
৬। উত্তর তেমুহানি-লক্ষ্মীপুর বাজার-দক্ষিণ তেমুহানি রোড ৪০-৪৫ ফিট চওড়া করতে হবে।
৭। ঝুমুর- তেমুহানি রোড ৩৫-৪০ ফিট প্রশস্ত করতে হবে।
৮। দক্ষিণ তেমুহানি–রামগতি রোড ৮০ ফিট প্রশস্ত করতে হবে।
৯। ফরিদিয়া-ক্যাপটেন রোড ৪০ ফিট প্রশস্ত করতে হবে।
১০। লক্ষ্মীপুর-রামগঞ্জ-হাজিগঞ্জ রোড ৬০ ফিট প্রশস্ত করতে হবে।
১১। লক্ষ্মীপুর-দত্তপাড়া-চাটখিল রোড ৬০ ফিট প্রশস্ত করতে হবে।
১২। পুলিশ লইনের দক্ষিণে জক্সিন বাজারের কাছে একটি পাইকারী বাজার তৈরী করা প্রয়োজন।
১৩। আধুনিক সুযোগ সুবিধা সহ একটি কশাইখানা তৈরী করতে হবে জক্সিন বাজারের উত্তরে। আরেকাটি কশাইখানা হবে পশু হাটের কাছে। বর্তমান কশাইখানা আধুনিকায়ন করতে হবে।
১৪। শহরের জন্য একটি ট্রাক টার্মিনাল অতি জরুরী। এটি রামগতি বাস স্ট্যান্ডের দক্ষিণে অথবা পশু হাটের কাছে কোথাও নির্মাণ করা যেতে পারে।
১৫। উত্তর তেমুহানিতে একটি অটো-রিক্সা স্ট্যান্ড নির্মাণ করতে হবে।
১৬। শহরের সকল রাস্তা ২০ থেকে ৩০ ফিট প্রশস্ত করতে হবে।
১৭। সকল বিদ্যমান এবং প্রস্তাবিত রাস্তার পাশে আধুনিক ও স্ট্যান্ডার্ড ড্রেন তৈরী করতে হবে।

৮.৪.২.৫.১৯ এফজিডিঃ সভাপতি, যানবাহন মালিক সমিতি



তারিখঃ ২০ মে ২০১৭, বিকাল ৩.০০ টা

স্থানঃ সভাপতির দপ্তর

সভাপতির সঙ্গে স্থানীয় যানবাহন, চলাচল এবং সুবিধা অসুবিধা নিয়ে আলোচনা হয়। বিস্তারিত নিচে দেয়া হলো।

- শহরের বিদ্যমান বাস টার্মিনাল চাহিদার তুলনায় যথেষ্ট নয়।
- এ ছাড়া এখানে সুযোগ সুবিধার অভাব রয়েছে।
- ব্যবহারযোগ্য করার জন্য এটির আরো উন্নয়ন প্রয়োজন।
- টার্মিনালের ভেতরে একটি পানির ট্যাংক প্রয়োজন।
- রাস্তায় চলাচলের বড় অসুবিধা হচ্ছে রাস্তার পাশের বাজার। এর ফলে গাড়ি উচ্চ গতিতে চলতে পারে না। এছাড়া দুর্ঘটনার সম্ভাবনাও বাড়ে।
- বর্তমান অবস্থায় হাইওয়ে শুধু নামে মাত্র। এখানে সব ধরণের যানবাহন চলাচল করে। এতে হাইওয়ের মান ক্ষুন্ন হয়।
- রাস্তা তৈরীর সময় সেখানে সব ধরনের সুযোগ সুবিধা দেয়া প্রয়োজন, যেমন, ড্রেন, ফুটপাত।
- লক্ষ্মীপুর এখনো অনেকটাই গ্রাম রয়ে গিয়েছে। এখানে শিল্প কারখানার যথেষ্ট অভাব আছে।
- এই শহরকে এক রাস্তার শহর বলা যেতে পারে। সব কিছুই রায়পুর-লক্ষ্মীপুর সড়ক ঘিরে। শহরে কোন বড় রাস্তা তৈরী হয় নাই। তাই সব প্রতিষ্ঠান হাইওয়ে ঘিরে। এটি শহরের জন্য ভবিষ্যতে জটিল সমস্যা তৈরী করবে।
- কাছেই একটি নদী বন্দর তৈরী হচ্ছে। এটি শহরের গুরুত্ব বৃদ্ধি করবে।
- রাস্তায় ট্রাক রেখে সমস্যা তৈরী করা হচ্ছে। এ জন্য একটি ট্রাক টার্মিনাল অতি প্রয়োজন।
- মেইন রোডকে চার লেনে উন্নিত করতে হবে। এতে যানবাহন চলাচল সহজ হবে।
- যান চলাচল সুবিধাজনক করার জন্য বাজার রোডকে প্রশস্ত করতে হবে।
- অভ্যন্তরীণ সকল রাস্তা কমপক্ষে ৩০ ফিট প্রশস্ত করতে হবে।

কাঠামো পরিকল্পনা

- যেখানে সেখানে বর্জ্য ফেলা বন্ধ করার জন্য শহরে অনেক ডাস্টবিন প্রয়োজন।
- অনেক জলাবদ্ধতা এলাকা আছে যা জীবনযাত্রাকে ব্যহত করে। এ সমস্যা সমাধানের জন্য ব্যবস্থা নিতে হবে।

৮.৪.২.৫.২০ এফজিডিঃ যানবাহন শ্রমিক সমিতি



তারিখঃ ২০ মে ২০১৭, সকাল ১১.০০ টা

স্থানঃ পৌর বাস টার্মিনাল

যানবাহন শ্রমিক সমিতির সঙ্গে এই এফজিডি অনুষ্ঠিত হয় ২০ মে পৌরসভা বাস টার্মিণালে। সভাপততিত্ব করেন সমিতির সাংগঠনিক সম্পাদক (সভাপতি ও সম্পাদকের অনুপস্থিতিতে)। উপস্থিত ছিলেন মোঃ আলমগীর হোসেন বাচ্চু, সমিতির সদস্য, জোনাকী পরিবহনের ঢাকা, চট্টগ্রাম এবং রায়পুর জোনের ম্যানেজার; বাবুল ড্রাইভার, খোরশেদ আলম ড্রাইভার এবং আরো অনেকে। আলোচনার বিস্তারিত নিচে দেয়া হলো।

- বাস টার্মিনালে স্থানাভাব আছে। যানবাহন শ্রমিকদের থাকা খাওয়ার কোন ব্যবস্থা নাই। টার্মিনাল এলাকার ভিতরে একটি পানির ট্যাংক থাকায় জায়গা আরো কমে গিয়েছে।
- শহরে কোন ট্রাক টার্মিনাল নাই। যেখানে সেখানে ট্রাক রাখা হয়। যার কারনে ট্রাফিক জ্যাম হচ্ছে। ঝুমুর এলাকার উত্তর-পূর্ব দিকে অথবা পশু হাটের উত্তর বা দক্ষিণে একটি ট্রাক টার্মিনাল নির্মাণ করা যায়।
- প্রতিদিন ১০/১৫ হাজার অটো-রিক্সা এবং ১০০০/১২০০ ব্যটারী চালিত ইজি বাইক শহরে চলাচল করে। এর ফলে হাইওয়েতে দ্রুতগামি যানবহন চলাচল বাধাগ্রস্ত হয়। ধীর গতির বাহন এবং দুত গতির বাহন একই রাস্তায় চলাচলের কারনে দুর্ঘটনার আশংকা বৃদ্ধি পাচ্ছে।
- রায়পুর থেকে লক্ষ্মীপুর হয়ে ঢাকা চলাচলকারী প্রায় ২০০ শত চেয়ারকোচ আছ। আর আছে ৫০টি স্থানীয়ভাবে চলাচলকারী বাস। এ ছাড়া লক্ষ্মীপুর চৌমুহানি রুটে আনন্দ পরিবহনের ৭০ টি বাস চলাচল করে। আবার একই রুটে ১৫০০ টি অটো-রিক্সা এবং ইজি বাইক চলাচল করে। এ ছাড়া আছে রিক্সা। রায়পুর-ঢাকা হাইওয়েতে এত সংখক বিভিন্ন ধরনের যানবাহন চলাচল করা উচিত নয়। রাস্তাটি আরো প্রশস্ত করা প্রয়োজন।
- ঝুমুর, উত্তর তেমুহানি, দক্ষিণ তেমুহানি সংলগ্ন ফুটপাত হয় দখল হয়ে আছে অথবা হাঁটার উপযোগি নয়। এই ফুটপাতগুলো উদ্ধার করতে হবে এবং ব্যবহার করতে হবে।
- পৌর বাস টার্মিনাল পুনঃনির্মাণ আবশ্যক হয়ে পড়েছে। টার্মিনালের ভেতরের রাস্তা ১৫ ইঞ্চি গভীর করে বিটুমিনাস করতে হবে। টার্মিনাল ভবন বহুতল করতে হবে। পরিবহন কর্মী এবং যাত্রীদের থাকা এবং খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- মাদকের বিরুদ্ধে জনমত তৈরী করতে হবে।
- কর্মহীনতার সময় পরিবহন কর্মীদের জন্য বিকল্প আয়ের ব্যবস্থা করতে হবে।
- স্থানীয় রাস্তাগুলো প্রশস্ত করতে হবে। বর্তমান ১৮-২০ ফিট প্রস্থতা চার লেনে রুপান্তর করতে হবে।
- নির্দ্দিষ্ট স্থানে বাস বে তৈরী করতে হবে যাতে যাত্রীরা নিরাপদে বাসে ওঠানামা করতে পারে।
- রাস্তায় যেখানে যেটা প্রয়োজন সেভাবে সাইন এবং মার্কিং, সাইন বোর্ড, জেব্রা ক্রসিং, স্পীড ব্রেকার এবং রোড ডিভাইডার দিতে হবে।
- যানবাহন চলাচল নিয়ন্ত্রণের জন্য আরো ট্রাফিক পুলশের ব্যবস্থা করতে হবে রাস্তায় নিচু হওয়া গাছর ডাল কাটতে হবে (বেড়িবাঁধের শেষে এক মাইল)। হাইওয়েতে বিপদজনকভবে ঝুলে থাকা বড় গাছ কাটতে হবে যাতে রাস্তা পরিষ্কারভাবে দেখা যায়। প্রয়োজনে নতুন গাছ পরিকল্পিতভাবে লাগাতে হবে।
- দুর্ঘটনার ঝুকি হ্রাসের জন্য কিছু কিছু স্থানে রায়পুর-ঢাকা হাইওয়ে সোজা করতে হবে, যেমন, দালাল বাজারের

কাছে আবু বেপারি পুল এলাকায়।

- বাস চলাচল বন্ধ থাকার সময় বাসের হেল্পাররা বেতন পায় কিন্তু ড্রাইভাররা পায় না। এই বৈষম্য দূর করতে হবে।
- পরিবহন কর্মীদের কাজের সময় তাদের বেতনের তুলনায় বেশি। এক সপ্তাহ কাজের পর ড্রাইভারদের বিশ্রাম দেয়া উচিত, অন্যথায় অতি পরিশ্রম দুর্ঘটনার কারণ হতে পারে।
- পরিবহন কর্মীদের নিয়োগ পত্র দিতে হবে। এটা প্রয়োজন তাদের চাকুরীর নিরাপত্তার জন্য।
- **বিশেষ প্রস্তাবঃ** রায়পুরে একটি বাস টার্মিনাল না থাকায় পরিবহন কর্মীদের অনেক অসুবিধা হচ্ছে। সেখানে অবিলম্বে একটি বাস টার্মিনাল স্থাপন করা উচিত।

৮.৪.৩ কে আই আই (KII: Key Informative Interview):

৮.৪.৩.১ শিল্প উদ্যোক্তা



তারিখঃ ২১ মে, ২০১৭
স্থানঃ উদ্যোক্তার দপ্তর, বিসিক শিল্প এলাকা

এই সাক্ষাৎকার নিতে বিসিক শিল্প এলাকায় যাওয়া হয়। প্রথম দৃশ্যেই বিসিক শিল্প এলাকার অব্যবস্থাপনা চোখে পড়ে। এই শিল্প এলাকায় এখনো অনেক প্লট খালি আছে। যারা বরাদ্দ পেয়েছেন তারা সবাই এখনো শিল্প স্থাপন করেন নাই। এলাকার অভ্যন্তরীণ রাস্তা এখনো মাটির, কর্দমাক্ত কোন ধরণের রক্ষণাবেক্ষণ নাই। কোন ড্রেনেজ ব্যবস্থা নাই, বর্ষার পানি সরতে পারে না। এখানে প্রধানত বেকারী আছে। এছাড়া জুতার কারখানা এবং লুব ওয়েল কারখানা আছে।

পরামর্শক দল স্থানীয় শিল্প উদ্যাক্তা জনাব এমএ রহমান ভূঁইয়ার সঙ্গে তার অফিসে ২১ মে, ২০১৭ তারিখ কথা বলেন। তার বাড়ি রামগতি, তিনি অনেক বছর ধরে ব্যবসা করছেন। তাঁর একটি পোল্ট্রি ফিড ফার্ম আছে নাম 'Quality Agro Industry'। সেখানে মুরগি এবং হাঁসের খাদ্য উৎপাদন করা হয়। তাঁর পন্য ঢাকা, চট্টগ্রাম এবং খুলনায় বিক্রয় হয়। এ ধরণের আরো কারখানা এখানে আছে। জনাব ভূঁইয়ার সঙ্গে আলোচনায় লক্ষ্মীপুরে শিল্পায়নের সম্ভাবনা, সমস্যা এবং সুবিধা নিয়ে আলোচনা হয়।

তিনি বলেন, শিল্প স্থাপনের জন্য শিল্প বান্ধব পরিবেশ ছাড়াও শিল্প উদ্যোক্তা প্রয়োজন। অনেক মানুষের টাকা ব্যাংকে অলসভাবে পড়ে আছে, এটাকে তারা নিরাপদ বিনিয়োগ ভাবেন। কারন কোন পরিশ্রম না করে ঐ অর্থ থেকে তারা নিয়মিত মুনাফা পাচ্ছেন। কিন্তু ব্যবসায় লাভ এবং ক্ষতি উভয় আছে। ব্যবসা করলে ক্ষতি হতে পারে এই ভয়ে তারা ব্যবসা বা শিল্পে বিনিয়োগ করতে আগ্রহী হন না।

৮.৪.৩.২ দিন মজুর-১

নামঃ জমির উদ্দিন শেখ

বয়সঃ ৪৫

বসবাসঃ পশ্চিম বাঞ্চা নগর

জমির উদ্দিন বলেন তাদের অর্থনৈতিক অবস্থা এক সময় খুব ভালো ছিল। তারা থাকতেন চর এলাকায়। ১৯৮২ তার বাবা দাদার জমি বিক্রয় করে চলে আসেন। তার বাবা ঝুমুর সিনেমার কাছে একটি দোকান কিনে রেস্টুরেন্ট ব্যবসা শুরু করেন। জমির উদ্দিন তাঁকে সাহায্য করতেন। সব ভালই চলছিল, কিন্তু ১৯৯৩ সালে তার বাবা ক্যান্সারে মৃত্যু বরণ করেন। চিকিৎসার জন্য দোকান বিক্রি করে দেয়া হয়। সব সঞ্চয় খরচ হয়ে যায়। তারা নিঃস্ব হয়ে পড়েন। জমির উদ্দিন এখন পশ্চিম বাঞ্চা নগর বাবার বাড়িতে বসবাস করছেন।

কাঠামো পরিকল্পনা

অধিকাংশ সময় তিনি নির্মাণ শ্রমিক হিসাবে কাজ করেন। তার দুই ছেলে, এক মেয়ে। তার কন্যা বিবাহিতা। বড় ছেলে পরিবহণ কর্মী, কিন্তু মাদকসেবী। ছোট ছেলে প্রাইমারি স্কুলে পড়ে। জমির তার ছেলের পড়াশোনা চালিয়ে যেতে চান। তার স্ত্রী গৃহিণী। জমির উদ্দিন মাসে ৫ থেকে ৭ হাজার টাকা আয় করেন। তার আশা পৌরসভা একদিন দরিদ্রদের জন্য কিছু করবে। তিনি মনে করেন নির্মাণ শ্রমিক হিসাবে কাজ করা খুব ঝুঁকিপূর্ণ। নিরাপত্তার যথেষ্ট কোন ব্যবস্থা নাই। তার কিছু হয়ে গেলে তার পরিবার গুরুতর বিপদে পড়বে। স্থানীয় সরকার দরিদ্রদের সহজ শর্তে ঋণ দিচ্ছে। জমিরের আশা তিনি আবার তাঁর রেস্টুরেন্ট ব্যবসা শুরু করতে পারবেন। তিনি মনে করেন পৌরসভার উচিত দরিদ্রদের স্বল্প মূল্যে বা বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান করা।

৮.৪.৩.৩ দিন মজুর-২

নামঃ হাফিজ মিয়া

বয়সঃ ২৭

বসবাসঃ আতিয়াতলী

হাফিজ মিয়া আতিয়াতলীতে বসবাস করেন। আগে এলাকাটি ইউনিয়ন পরিষদের অধীনে থাকলেও একটি এটি পৌরসভার অংশ। হাফিজ মিয়ার সংসারে আছেন তার মা, স্ত্রী এবং দুই মেয়ে। বড় মেয়ে প্রাইমারি স্কুলে পড়ে। হাফিজ মিয়া কখনো কখনো নির্মাণ শ্রমিক আবার কখনো অটো চালকের কাজ করেন। তাঁর আয় মাসে ৭ থেকে ৮ হাজার টাকা। যদিও তার এলাকা পৌরসভার ভিতরে কিন্তু তারা এখনো কোন পৌর সুযোগ সুবিধা পান না। পানি সরবরাহ নাই, রাস্তা কাঁচা, স্থানে স্থানে জলাবদ্ধতা হয়; খালগুলো দখল হয়ে যাচ্ছে ক্ষমতাশীলদেরা দ্বারা। কোন বিদ্যুৎ সরবরাহ খুঁটি নাই। বর্ষায় বিদ্যুৎ লাইনগুলো ঝুকিপূর্ণ হয়ে ওঠে। হাফিজ মিয়া আশা করেন পৌরসভা এই সেবাগুলো এই এলাকায় প্রদান করবে। তিনি মনে করেন যদি যুবকদের আধুনিক প্রযুক্তিতে (যেমন, মোবাইল মেরামত বা কম্পিউটার) প্রশিক্ষণ দেয়া হয় তবে তারা আরো ভালো আয় রোজগার করতে পারবে।

৮.৫ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ ও সুপারিশ সমূহ

৮.৫.১ পরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

- বস্তিগুলোতে মহিলাদের সাথে গুরুত্ব দিয়ে পৃথক পৃথক উঠান বৈঠক করা হয়।
- বিভিন্ন নাগরিক সেবা যেমন, পার্ক, বাজার, পাবলিক টয়লেট, বাসস্ট্যান্ড, যাত্রী ছাউনি, ফুটপাত ইত্যাদি প্রস্তাবনা প্রণয়ণের জন্য বিভিন্ন শ্রেণির মহিলাদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়েছে।
- বিভিন্ন **FGD** তে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।
- আর্থ-সামাজিক জরিপে মহিলাদের অংশগ্রহণ ছিল প্রায় ৩০ শতাংশ।

৮.৫.২ প্রস্তাবনা সমূহ

- ✓ মহিলাদের জন্য পৃথক পাবলিক টয়লেট স্থাপন।
- ✓ কর্মসংস্থানের জন্য দরিদ্র মহিলাদের জন্য পৃথক দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ
- ✓ ওয়ার্ড সেন্টারে ম্যাটারনিটি ক্লিনিক এবং শিশু স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন।
- ✓ পৌরসভার কর্মকাণ্ডে মহিলাদের আরো বেশি অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি।
- ✓ ক্ষুদ্র ব্যবসাতে মহিলাদের অংশগ্রহণে উৎসাহিত করার জন্য সুযোগ সুবিধা প্রদান।
- ✓ বিভিন্ন নাগরিক সেবা যেমন, পার্ক, বাজার, পাবলিক টয়লেট, বাসস্ট্যান্ড, যাত্রী ছাউনি, ফুটপাত ইত্যাদি সেবাসমূহ নারীবান্ধব করা।



প্রথম মতবিনিময় সভা



দ্বিতীয় মতবিনিময় সভা





আতিয়াবাড়ি বস্তি

স্থিরচিত্র ৮-৮: মহাপরিকল্পনা প্রণয়নে মহিলাদের অংশগ্রহণ

৮.৬ এফজিডি থেকে প্রাপ্ত সমস্যাবলী

এফজিডি থেকে নিম্ন বর্ণিত সমস্যা উদঘাটন করা হয়েছে।

- সংকীর্ণ/ভাঙ্গা লিংক রোড
- রাস্তার পাশে বাজার যানবাহন চলাচলে বাধা সৃষ্টি করে।
- হাইওয়েতে সবধরণের গাড়ি চলাচলের ফলে দ্রুতগামী গাড়ি চলাচলে বাধা প্রাপ্ত হয়। এজন্য একটি বাইপাস প্রয়োজন।
- ট্রাক টার্মিনাল নাই। অবিলম্বে একটি ট্রাক টার্মিনাল প্রয়োজন।
- বাস টার্মিনালে স্থানাভাব রয়েছ। বাস টার্মিনালে যাত্রী এবং পরিবহন কর্মীদের পর্যাপ্ত সুযোগ সুবিধা দিতে হবে। বাস টার্মিনাল রক্ষণাবেক্ষণ প্রয়োজন। এটিকে বহুতল বিশেষায়িত ভবন হিসাবে তৈরী করা প্রয়োজন।
- শহরে অটোরিক্সা স্ট্যান্ড প্রয়োজন।
- রাস্তায় সাইন, জেব্রা ক্রসিং, স্পিড ব্রেকার, ডিভাইডার দিতে হবে।
- যাত্রী ওঠানামা করারর জন্য বাস বে দিতে হবে নির্দ্দিষ্ট জায়গায়।
- সকল শ্রেণির মানুষের জন্য ফুটপাত দিতে হবে; রাস্তায় লাইট দিতে হবে। ঝুমুর, উত্তর তেমুহানি, দক্ষিণ দেমুহানি এলাকায় ফুটপাত হয় দখল অথবা ভাঙ্গা। এগুলোর উপযুক্ত ব্যবহারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- ড্রেনেজ ব্যবস্থায় নেটওয়ার্কের অভাব।
- শহরের খাল ব্যবস্থাপনার অভাব আছে।
- শহরে জলাবদ্ধতা আছে, বিশেষত দরিদ্র এলাকায়। বর্ষায় রাস্তা ডুবে থাকে, চলাচল অসম্ভব হয়ে পড়ে।

- শহরে পনির সমস্যা আছে। যথেষ্ট নলকূপ নেই; পানিতে উচ্চ মাত্রায় আয়রন আছে।
- শিক্ষা বিষয়ক সমস্যা আছে; প্রাইমারি স্কুল দূরে; শিক্ষা বিস্তারের জন্য আরো শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজন।
- নদী ভাঙ্গন একটি সমস্যা।
- মানুষ নদী এবং পুকরের পানি ব্যবহার করে। কিন্তু পুকুরের পাড় পিছল, যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে।
- বর্জ্য ব্যবস্থাপনার অভাব আছে, পর্যাপ্ত ডাস্টবিন নাই।
- গ্যাসের অভাব আছে।
- স্যানিটেশন সমস্যা আছে; বস্তিগুলোতে কমিউনিটি টয়লেট নাই; অস্বাস্থ্যকর টয়লেট।
- হাসপাতালে জনবলের অভাব।
- জলবায়ূ পরিবর্তন জনিত সমস্যা।
- বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় সমস্যা আছে। টেকসই পোল প্রয়োজন; সরবরাহ অনিয়মিত।
- পার্ক, মাঠ এবং বিনোদনের অভাব।
- সাংস্কৃতিক বিকাশে সুযোগ সুবিধার অভাব।
- উচ্চ বেকারত্বের হার।
- অর্থনৈতিক বিকাশের জন্য অবকাঠামোর অভাব।
- বিসিক শিল্প এলাকার করুণ অবস্থা; অবকাঠামোর অভাব আছে; রক্ষণাবেক্ষণ ভালো না; রাস্তা, ড্রেন এবং বিদ্যুৎ সরবরাহ অসন্তোষজনক।
- নারীদের কর্মসংস্থানের জন্য শিল্প স্থাপন প্রয়োজন।
- দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রয়োজন।

৮.৭ পরিকল্পনা ও উন্নয়নে জন অংশগ্রহণের প্রতিবন্ধকতা

বর্তমানে TLCC এবং WC হচ্ছে পৌরসভার কাজে জন অংশগ্রহণের একমাত্র প্ল্যাটফরম। এগুলোর মাধ্যমে পৌরসভার কর্মতৎপরতা সম্পর্কে জনগণ জানতে পারে এবং তাদের প্রতিনিধিদের মাধ্যমে তাদের আশা আকাংখা এবং স্থানীয় সমস্যা প্রকাশ করতে পারে। কিন্তু জানা যায় যে এ দুটি সংগঠনের সভা নিয়মিত হয় না। কমিটির কিছু সদস্যের সঙ্গে আলোচনা করলে তারা বলেন যে, তারা এই কমিটি দুটির সভায় আনতে আগ্রহী নন, কারণ তাদের দাবী দাওয়া কখনোই পূরণ হয় না। এতে সন্দেহ নেই যে পৌরসভার পক্ষে সব নাগরিকদের দাবী পূরণ করা সম্ভব নয়, কারণ অর্থাভাব। তবে এই কমিটিগুলো মতামত প্রকাশের প্ল্যাটফর্ম হিসাবে কাজ করছে, যেখানে মানুষ তাদের সমস্যাগুলো নিয়ে খোলাখুলি আলোচনা করতে পারে এবং সম্ভাব্য সমাধান অনুসন্ধান করতে পারে।তাই TLCC এবং WC কে সবসময় কার্যকর এবং সক্রিয় থাকতে হবে। এতে স্থানীয় সরকারের জবাবদিহিতা এবং স্বচ্ছতা সুনিশ্চিত হবে।

৮.৮ নীতিমালা সুপারিশ

জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার উদ্দেশ্যে TLCC এবং WC কে সবসময় কার্যকর এবং সক্রিয় রাখার জন্য নিম্নবর্ণিত সুপারিশমালা প্রস্তাব করা হলোঃ

উদ্দেশ্যঃ পৌরসভা কার্যক্রমে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ

কৌশলঃ TLCC এবং WC কে কার্যকর রাখতে হবে এবং LGED কে নিয়মিত মনিটরিং করতে হবে।

নীতি/অংশগ্রহণ ১: নিয়মিত টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি এর আলোচনাসভা নিশ্চিত করা।

নিয়মিত আলোচনাসভা অনুষ্ঠিত হলে বোঝা যাবে যে সংস্থাগুলো অন্তত কার্যকর আছে।

নীতি/অংশগ্রহণ ২: সদস্যদের আলোচনাসভায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করা।
সদস্যরা এই সংস্থাগুলোর প্রধান অংশ। তাদের অবশ্যই নিয়মিত আলোচনাসভায় অংশগ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করা উচিত।

নীতি/অংশগ্রহণ ৩: পরিকল্পনা তৈরির সময়, অবকাঠামোগত অবস্থান নির্বাচন এবং অবকাঠামো নকশা তৈরি করতে মহিলা, শিশু এবং প্রতিবন্ধি ব্যক্তিদের প্রয়োজন নিশ্চিত করা

মাস্টার প্ল্যান বাস্তবায়নের সময় এই পরিকল্পনা, অবস্থান এবং নকশা কঠোরভাবে অনুসরণ করা উচিত।

নীতি/অংশগ্রহণ ৪: বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করতে হবে, যেমন রাস্তা প্রশস্ত করার সুবিধাসমূহ, কীভাবে প্রশস্তকরণ অর্জন করা যেতে পারে, ড্রেন পরিষ্কার রাখতে কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে, মানুষের ভূমিকা ইত্যাদি।

এধরণের মতবিনিময় আলোচনাসভাগুলোকে প্রাঞ্জল করবে এবং ধীরে ধীরে কার্যকর প্রস্তাব উপস্থাপিত হবে আশা করা যায় ।

নীতি/অংশগ্রহণ ৫: এলজিইডি কে নিয়মিত আলোচনা সভার কার্য বিবরনী পাঠানো।

আলোচনাসভার এই কার্য বিবরনী দেখে এলজিইডি বুঝতে পারবে যে পর্ষদগুলো আসলেই কাজ করছে কিনা।

নীতি/অংশগ্রহণ ৬: সফল টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি মিটিং এর জন্য প্রণোদনা বাজেট তৈরি করা।

এর ফলে পৌরসভা নিয়মিত আলোচনাসভা আয়োজন করতে উৎসাহিত হবে এবং টি.এল.সি.সি ও ডব্লিউ.এল.সি.সি সক্রিয় হবে।

৮.৯ বাস্তবায়ন

উপরের নীতিমালা বাস্তবায়ন পৌরসভা এবং LGED উভয়ের দায়িত্ব। পৌরসভা TLCC এবং WC এর সভা কার্যকর করার জন্য সরাসরি পদক্ষেপ নেবে এবং LGED এর দায়িত্ব হবে নির্দেশনা এবং পর্যবেক্ষণ।

নবম অধ্যায় বাস্তবায়নের বিষয়সমূহ

সূচিপত্র

৯.১ ভূমিকা ----------৯-১
৯.২ মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক ----------৯-১
৯.৩ মহাপরিকল্পনা পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা----------৯-১
৯.৪ মহাপরিকল্পনা বাস্তবায়ন---------- ৯-২
৯.৫ বাস্তবায়ন প্রকারতা ---------- ৯-২
৯.৬ উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম---------- ৯-৫
৯.৬.১ ব্যয় কার্যক্রম ---------- ৯-৫
৯.৬.২ উন্নয়ন সমন্বয় ---------- ৯-৫
৯.৬.৩ প্রয়োজনীয় জনশক্তি ---------- ৯-৮
৯.৬.৪ দক্ষতা উন্নয়ন ---------- ৯-৮
৯.৬.৫ পৌরসভা প্রভাব এলাকায় উন্নয়ন নিয়ন্ত্রণ ---------- ৯-৮
৯.৬.৬ উন্নয়ন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ---------- ৯-৮
৯.৭ মহাপরিকল্পনা ভূমি ব্যবহার বিধিনিষেধ---------- ৯-৯
৯.৭.১ ইমারত নির্মাণ---------- ৯-৯
৯.৭.২ স্বতঃস্ফূর্ত (Spontaneous) এলাকায় উন্নয়ন ব্যবস্থাপনা ---------- ৯-৯
৯.৭.৩ মহা পরিকল্পনা অনুসারে যেসব এলাকায় উন্নয়ন করা হবে সেসব এলাকায় ইমারতের নক্সা অনুমোদন---৯-১০
৯.৭.৪ বাণিজ্যিক এবং মিশ্র ভূমি ব্যবহার এলাকায় যানবাহন পার্কিং ----------৯-১০
৯.৭.৫ উন্নয়ন বিধিনিষেধ----------৯-১০
৯.৮ লক্ষ্মীপুর পৌরসভার সক্ষমতা তৈরী----------৯-১১
৯.৯ পরিকল্পনা বাস্তবায়নের জন্য শাসন নীতি ----------৯-১২
৯.১০ আইনগত ব্যবস্থা----------৯-১৩
৯.১১ সম্পদ আহরণ ----------৯-১৪
৯.১২ বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা ----------৯-১৬
৯.১৩ উপসংহার ----------৯-২০

নবম অধ্যায়
বাস্তবায়নের বিষয়সমূহ

৯.১ ভূমিকা

মহাপরিকল্পনাকে বাস্তবে রূপ দেওয়া একটি বৃহৎ চ্যালেঞ্জ, এবং এ জন্য এদিকে নজর দেয়া সবচেয়ে বেশি প্রয়োজন। বাস্তবায়নের বিষয়সমূহ গতানুগতিক প্রকৃতির, কিন্তু বিশেষ বিষয়ে দক্ষতা প্রয়োজন, পরিস্থিতির পরিবর্তনে নতুন বিষয়ে সঠিক সিদ্ধান্ত নিতে হবে।

বাস্তবায়নের বিষয়সমূহ মহাপরিকল্পনা প্রণয়নের মূল কাঠামো ও দর্শনের সাথে সম্পর্কিত হওয়া উচিত। প্রতিটি বিষয়ের পৃথক মাত্রা এবং তীব্রতা রয়েছে। তাই বিষয়গুলোতে পৃথক পৃথক মনোযোগ প্রয়োজন। একই সময়ে তার আইনি, আর্থিক, ব্যবস্থাপনাগত সহায়তা এবং বাস্তবায়নকৃত প্রকল্প/পরিকল্পনা/কার্যক্রমের রক্ষণাবেক্ষণের প্রতিশ্রুতি সহ সুবিধাভোগীদের অংশগ্রহণ প্রয়োজন।

স্বচ্ছতা তথা সুশাসন, বাস্তবায়নের জন্য আরেকটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান। তা যদি সঠিকভাবে পরিচালিত হয় তবে তা পরিকল্পনা বাস্তবায়নকে সফল এবং প্রশংসা যোগ্য করে তুলতে পারে।

৯.২ মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক

উন্নয়নের প্রায় সব দিক (অবকাঠামো, সামাজিক ইত্যাদি) বিভিন্ন সময়ের মধ্যে বিভিন্ন গোষ্ঠীর কল্যাণের জন্য মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করা হয়েছে। লক্ষ্মীপুর পৌরসভা এই মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক। পরিকল্পনা প্রস্তাবের উল্লেখযোগ্য অংশ বাস্তবায়নের দায়িত্বও পৌরসভার উপর। পৌরসভা পরিকল্পনা সংশোধনের জন্য দায়বদ্ধ থাকবে। বর্তমান পরিকল্পনা মেয়াদোত্তীর্ণ হয়ে যাওয়ার পর পৌরসভা নতুন পরিকল্পনা প্রস্তুত করবে। পরিকল্পনার প্রস্তাবসমূহ বাস্তবায়নে অনেক সময় প্রয়োজন। একারণে সরকারের আনুষ্ঠানিক অনুমোদন পাওয়ার সাথে সাথেই প্রস্তাবসমূহের বাস্তবায়নে উদ্যোগি হতে হবে। মহাপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত হওয়ার কারণে পৌরসভা মহাপরিকল্পনার বাস্তবায়ন প্রক্রিয়া পর্যালোচনা করবে এবং সে অনুসারে পরবর্তী কর্ম সম্পাদন করবে। পরিকল্পনার প্রস্তাবসমূহ কার্যকরভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে, স্থানীয় সরকার, কেন্দ্রীয় সরকারের শীর্ষস্থানীয় বাস্তবায়নকারী সংস্থা, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে মহাপরিকল্পনার বিরুদ্ধে যায় এমন কোনো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যাবে না। যেকোনো নতুন প্রকল্প সংশোধিত মহাপরিকল্পনায় অন্তর্ভূক্ত করতে হবে।

৯.৩ মহাপরিকল্পনা পর্যালোচনা, সংশোধন এবং হালনাগাদ করা

জনগণের স্বার্থে ভবিষ্যতের সুষম উন্নয়নের কথা চিন্তা করে মহাপরিকল্পনায় (কাঠামো পরিকল্পনা/ ভূমি ব্যবহার পরিকল্পনা/ পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা/ নিষ্কাশন ও উপযোগ সেবা পরিকল্পনা/ পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা/ নাগরিক সেবা পরিকল্পনা/ আর্থিক বিনিয়োগ পরিকল্পনা) সংশোধন প্রয়োজন হলে তা স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে তা করা যেতে পারে।

আর্থিক বিনিয়োগ পরিকল্পনাটি পরিকল্পনার সময় কালের প্রত্যেক পঞ্চম বছরে পরিকল্পনা পর্যালোচনা করা উচিত যার বাস্তবায়ন শুরু হবে ষষ্ঠ বছরে। পর্যালোচনার উদ্দেশ্য হবে পরিকল্পনা বাস্তবায়ন, ভৌত বিকাশের ছাঁচ, অবকাঠামো উন্নয়ন এবং বিকাশের অভিমুখসহ সরকারি ও বেসরকারি ভৌত উন্নয়নের ধারা বিশ্লেষণ করা।

৯.৪ মহাপরিকল্পনা বাস্তবায়ন

পুরো মহাপরিকল্পনার প্যাকেজটি বেশ কয়েকটি অংশ নিয়ে গঠিত; যেমন- কাঠামো পরিকল্পনা, ভূমি ব্যবহার পরিকল্পনা, পরিবহন ও যানবাহন ব্যবস্থাপনা পরিকল্পনা, নিষ্কাশন ও অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা, নাগরিক সেবা পরিকল্পনা, এবং আর্থিক বিনিয়োগ পরিকল্পনা। সহজে বাস্তবায়নের জন্য এই সব উন্নয়ন প্রস্তাবনাগুলোর কর্মপরিকল্পনা তৈরি করতে হবে।

পৌরসভা মহাপরিকল্পনার প্রধান তত্ত্বাবধায়ক। পৌরসভা মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য দায়বদ্ধ। খেয়াল করলে দেখা যায় যে ধারাবাহিকভাবে ৫ বছরের জন্য ধাপে ধাপে মহাপরিকল্পনা শুরু করা কঠিন হতো, কিন্তু সময়ের সাথে সাথে তা সহজতর হবে।

পুরো দর্শনটি বুঝতে হবে এবং বিভিন্ন সময়ে একীভূত করতে হবে। বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সময়মত কাজ পর্যালোচনা ও পর্যবেক্ষণ করার প্রয়োজন হবে।

জনগণ তাদের ভূমিকা সম্পর্কে সচেতন হয়ে উন্নয়ন প্রক্রিয়ায় অবদান রাখা উচিত। অগ্রাধিকার তালিকায় থাকা ব্যাপারগুলো বাস্তবায়নের জন্য অগ্রাধিকার পাওয়া উচিত। যদি কোনো ক্ষেত্রে অগ্রাধিকারে কোনো পরিবর্তন আসে, তবে এর পেছন কারণসমূহ লিপিবদ্ধ করে জনসম্মুখে আনা উচিত। দায়বদ্ধতা নিশ্চিত করতে, কোনো প্রকল্পের প্রধান বৈশিষ্ট্যগুলো বিল বোর্ডে রাখতে হবে যেন জনগণ অগ্রগতি অনুসরণ করতে পারে এবং তাদের কোনো পরামর্শ থাকলে তা দিতে পারে।

৯.৫ বাস্তবায়ন প্রকারতা

বিভিন্ন খাতের এই প্রস্তাবিত ভূমি ব্যবহার পরিকল্পনার বাস্তবায়নের প্রক্রিয়ার জনগণের জীবনের সম্পৃক্ততা রয়েছে। খাতভিত্তিক পরিকল্পনাগুলোর কিছু অভিন্ন উপাদান থাকলেও, প্রতিটি খাতকে এক একটি স্বাধীন স্বত্বা হিসেবে বিবেচনা করতে হবে। সে জন্যই প্রতিটি খাতের প্রস্তাবনাগুলোকে বাস্তবায়ন কিভাবে করা হবে, কৌশলগুলো কি এবং কিভাবে জনগণের অংশগ্রহণ নিশ্চিত হবে তা নির্ধারণ করে দেয়া জরুরী। নিচে বিষয়গুলো সারণি আকারে উপস্থাপিত হল।

সারণি ৯-১: সেক্টর ভিত্তিক বাস্তবায়ন কৌশল, বাস্তবায়নের মাধ্যম এবং স্থানীয় জনগণের অংশগ্রহণ পদ্ধতি

ভূমি ব্যবহার খাত	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
আবাসন	• সম্ভাব্যতা যাচাই • সরকারি এবং আবাসন পরিকল্পনায় সহায়তা • কাঙ্ক্ষিত জনসংখ্যার জন্যে সাশ্রয়ী মূল্যে আবাসন • অবকাঠামো সুযোগ-সুবিধা প্রদান • যত্রতত্র আবাসন উন্নয়নে হস্তক্ষেপ • বস্তি উন্নয়ন • অননুমোদিত স্থাপনা অপসারন করা • বিনিয়োগের পরিবেশ তৈরি • স্বচ্ছতা এবং দ্বায়বদ্ধতা সহজতর করা • মহাপরিকল্পনার কাগজপত্রের	• পৌরসভার জনবল এবং পৌর বহির্ভূত সহযোগিতা • বাস্তবায়নযোগ্য কার্যক্রম প্রস্তুতকরণ এবং তাদের বিতরণ • ব্যবহারকারীদের শ্রেণি চিহ্নিতকরণ • সড়ক, এলাকার জনগণের জন্য সুযোগ-সুবিধা এবং অন্যান্য প্রয়োজনীয় উপাদান প্রদান • সীমানাবর্তী এলাকার উন্নয়ন তদারক করা • বসবাসযোগ্য এলাকার উন্নয়ন • অবৈধ দখল উচ্ছেদ করা • ব্যাংক ঋণ সুবিধা, ঋণপত্র বিতরণ করা ইত্যাদি	• খবরের কাগজ, টেলিভিশন, রেডিও এর মাধ্যমে • প্রচারপত্র বিতরণ • নিয়মিত সভা এবং অন্যান্য ফোরামে আলোচনা • স্থানীয় জনগণের আস্থা অর্জন • আবাসনের মাধ্যমে বিভিন্ন সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা • অবকাঠামো উন্নয়ন বনাম আবাসন উন্নয়ন ব্যাখ্যা করা

ভূমি ব্যবহার খাত	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
	সাথে বিভিন্ন উপায়ে যাচাই বাছাইয়ের মাধ্যমে শুদ্ধতা পরীক্ষা • স্থানীয় এলাকা ভিত্তিক কর্ম পরিকল্পনা তৈরির জন্য এলাকা ভিত্তিক কর্মকান্ড • স্থানীয় জনগণকে ভূমির আচ্ছাদন অনুপাত মেনে চলার জন্য অনুপ্রাণিত করা	• দলিলপত্র জনগণের সামনে প্রকাশ করা • মহাপরিকল্পনা অনুসারে বাস্তবায়ন	• স্থানীয় জনগণ সাথে নিয়ে সচেতনতা প্রোগ্রাম শুরু করা
যানবাহন	• বিদ্যমান সড়ক তালিকা প্রস্তুতকরণ • রাস্তার অনুক্রম রক্ষা করা • রাস্তার সরু অংশ প্রশস্ত করা • রাস্তার আয়তন বনাম গাড়ির ঘনত্ব • পরিবহনের উন্নয়ন করা • রাস্তার অবস্থা ও রক্ষণাবেক্ষণ পরিস্থিতি • বিভিন্ন ধরনের যানবাহন ও তাদের গুরুত্ব • অবকাঠামোর বন্দোবস্ত • সড়ক স্থাপনা • অবকাঠামো পরিকল্পনা তৈরির জন্য বিভিন্ন সরকারি সংস্থাকে সমন্বিত পশ্চাদনুসরণ করা।	• সামগ্রিক জরিপ বা সমীক্ষা • বিদ্যমান উপাত্ত সংগ্রহ • সড়ক প্রশস্তকরণ • বেসরকারি খাতকে সংযুক্ত করা • জংশনগুলো চিহ্নিতকরণ • ব্রিজ, কালভার্ট ইত্যাদি নির্মাণ • সড়ক বাতি, বাস বে, বিশ্রাম স্থান, রাস্তার পাশে বাগান তৈরি করা	• চাহিদা এবং অন্যান্য বিষয়াদি নির্ণয় করতে স্থানীয় জনগণ/ সুবিধাভোগীদের অংশগ্রহণ বৃদ্ধি করা • প্রশস্ততা এর সুবিধার ব্যাখ্যা করে বোঝানো • জরিপ পরিচালনা করা এবং স্থানীয় জনগণকে অংশীদার করা • বেসরকারি খাতকে প্রণোদনা প্রদানের ব্যাপারে উৎসাহিত করা • স্থানীয় জনগণ সহায়তা প্রদান করতে পারে • হালনাগাদকৃত মানচিত্র এবং স্থানীয় জনগণ থেকে তথ্য নেয়া • স্থানীয় জনগণের সহায়তায় উপযুক্ত অবস্থান নির্বাচন • প্রস্তাবিত রাস্তার ও ড্রেনের অবস্থান চিহ্নিত করা
বাণিজ্যিক	• মুক্ত অর্থনীতিতে উৎসাহ প্রদান • সহজাত পরিবেশ তৈরি করা • পাইকারি ও খুচরা এলাকা চিহ্নিতকরণ • সরকারি স্থল বন্দর উন্নয়ন নীতি • প্রধান কেনাকাটা এলাকার তালিকা করা • শপিং মল নির্মাণের সম্ভাব্যতা • বহু-মাত্রিক ব্যাঙ্কিংকে উৎসাহ প্রদান • সড়ক ও অন্যান্য অবকাঠামো নির্মাণ	• ৫ বছর মেয়াদি পরিকল্পনা এবং এর মুক্ত বাজার নীতির সাথে সমন্বয় সাধন • এলাকাভিত্তিক, পরিদর্শকের সংখ্যা, তথ্য এবং গুদাম সম্পর্কিত উপাত্ত • শপিং মলে বিভিন্ন প্রকৃতির আরও সুযোগ সুবিধা থাকবে • প্রয়োজনীয় বিনিয়োগ করা বা করতে উৎসাহিত করা • নিরাপত্তার ভাল ব্যবস্থা করা	• এলাকার লোকজনের জাতীয় পরিকল্পনা সম্পর্কে সচেতন হওয়া উচিত • স্থানীয় উৎস এবং জরিপ থেকে সংগৃহীত তথ্য • স্থল বন্দরের সম্ভাব্যতা, চাহিদা যাচাই করার জন্য স্টেকহোল্ডারের পরামর্শ নেওয়া • জনমত খোঁজা এবং স্থানীয় চাহিদাগুলো পরীক্ষা করা

ভূমি ব্যবহার খাত	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
	• বাস/ট্রাক টার্মিনাল প্রদান • বাণিজ্যিক এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি	উচিত • প্রস্তাবিত বাজার এলাকা সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে করা যেতে পারে। • অঞ্চলটির বিদ্যমান চরিত্র বজায় রাখা	• ব্যাংকিং সেক্টরে সহায়তা প্রদান • পুলিশ বিভাগকে অংশীদার করতে হবে • যারা বান্দরবানে ঘুরতে আসে তাদের কাছে শহরটি এমনভাবে প্রচার করতে হবে যেন শহরের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন চিত্র প্রকাশ পায়।
প্রশাসনিক	• জনবল বিশেষভাবে প্রযুক্তিগত দক্ষ জনবল • পৌরসভা কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি • ওয়ার্ড কমিটি শক্তিশালীকরণ	• ওয়ার্ড কমিটি শক্তিশালী করতে সহায়তা • আরও লোকবল সরবরাহ করা • আরও কার্যক্রম হাতে নেওয়া	• স্থানীয় জনগণের সাথে আলোচনা • অন্তঃ এবং আন্তঃ সভায় আলোচনা
শিল্প	• মহাপরিকল্পনায় প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল বাস্তবায়ন করা • দুর্বল শিল্পগুলোকে পুনরুজ্জীবিত করা • ছোট ছোট শিল্পকারখানাগুলোকে সহায়তা প্রদান • খোলা জমিতে শিল্প স্থাপনা স্থাপন করা • পরিবেশবান্ধব শিল্পাঞ্চল	• সরকারিভাবে বেসরকারি বিনিয়োগকারীদের সহায়তা প্রদান • চাহিদা যাচাই করা • অনুমতি প্রদানের মাধ্যমে উৎসাহিত করা এবং প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করা • ভূমি উন্নয়ন • প্রস্তাবিত মার্কেট সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে করা যেতে পারে।	• জনগণের জন্য মহাপরিকল্পনাটি সহজলভ্য করা • জনগণ এবং অন্যান্যদের সাথে পরামর্শ করা • জনগণকে অবহিত করা • স্থানীয় জনগণের সাথে পরামর্শ করা • স্থানীয় এলাকা ভিত্তিক কর্ম ও সচেতনতামূলক কার্যক্রম
শিক্ষা	• জাতীয় শিক্ষা নীতি অনুসরণ • প্রয়োজন মূল্যায়ন করা • অবকাঠামোর তালিকা • শিক্ষক-ছাত্র অনুপাত	• নীতি ঠিক করা • জরিপ এবং স্থানীয় জনগণের সাথে অবকাঠামো উন্নয়নের ব্যাপারে পরামর্শ করা	• জনগণের মধ্যে বিতরণ • অভ্যন্তরীণ জরিপ ও তথ্য • অভ্যন্তরীণ এবং স্থানীয় জনগণ
স্বাস্থ্য	• হাসপাতাল, ক্লিনিক ও নার্সিং হোমের সংখ্যার একটি তালিকা তৈরি • বর্তমান মেডিকেল কলেজ এবং নার্সিং স্কুলের সংখ্যার একটি তালিকা তৈরি • প্রতি ১০,০০০ জনসংখ্যার জন্য ডাক্তারের সংখ্যা • দরিদ্র এলাকায় স্বাস্থ্য অবস্থা	• জরিপ এবং স্থানীয়দের সাথে পরামর্শ করা • জরিপ এবং স্থানীয় পরামর্শ করা • তালিকা প্রস্তুতকরণ ও জরিপ • এই এলাকাগুলোতে নমুনা স্বাস্থ্য পরীক্ষা	• জনগণের সাথে যোগাযোগ করা • ডাক্তারের কাছে যাওয়া এবং জনগণের সাথে পরামর্শ করা • অভ্যন্তরীণ জরিপ এবং স্থানীয় জনগণের কাছ থেকে পরামর্শ গ্রহণ • পরিবেশগত অবস্থা সম্পর্কে পরামর্শ করা

ভূমি ব্যবহার খাত	বাস্তবায়ন কৌশল	বাস্তবায়নের মাধ্যম	স্থানীয় জনগণের অংশগ্রহণ
উপযোগ	• ভূগর্ভস্থ জলের প্রাপ্যতা • ভূ-উপরিভাগের জলের প্রাপ্যতা • এধরনের পানির গুণগত মান • বর্জ্য জলের শোধন • শোধনাগারের প্রাপ্যতা	• জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাছ থেকে তথ্য সংগ্রহ • জরিপ • সংগ্রহ এবং পরীক্ষণ • মহাপরিকল্পনার প্রস্তাবনা • বাস্তবায়নের জন্য প্রস্তাবিত পরিকল্পনাসমূহ • সামগ্রিক সমীক্ষা পরিচালনা এবং বিনিয়োগ পরিকল্পনা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট সংস্থার অংশগ্রহণ	• স্থানীয় জনগণের সাথে আলোচনা • অভ্যন্তরীণ আলোচনা • মহাপরিকল্পনার প্রস্তাবনার ব্যাখ্যা
খোলা জায়গা ও বিনোদন এলাকা	• আশেপাশের এলাকার একটি তালিকা তৈরি • বিনোদনমূলক এলাকায় রূপান্তর করার জন্য সাঙ্গু নদীর পাশ দিয়ে জরিপ • জল ভিত্তিক বিনোদন দর্শকদের আকর্ষণ করবে • অতিথিদের জন্য আবাসন	• জরিপ • স্থানীয় জনগণকে সচেতন করা • কর্ম পরিকল্পনা প্রস্তুতকরণ • বিভিন্ন দেশ থেকে বিরল প্রজাতির পশুদের আনা যেতে পারে • প্রয়োজনীয় বাসস্থান নির্মাণ করা হবে	• স্থানীয় জনগণকে সচেতন করা • স্থানীয় জনগণকে মহাপরিকল্পনার বিস্তারিত দিক সম্পর্কে জানাতে হবে • স্থানীয় এলাকাকে বন্ধুত্বপূর্ণ পরিবেশ সম্পর্কে সচেতন করে তুলতে হবে

৯.৬ উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম

উন্নয়ন প্রস্তাবনার বাস্তবায়ন কার্যক্রম দুটি নির্ণায়কের উপর ভিত্তি করে উত্থাপিত হতে পারে; যেমন- সমস্যার গুরুত্বের উপর ভিত্তি করে অগ্রাধিকার নির্ধারণ করা এবং নগরায়নের সম্ভাবনা বিবেচনা করে স্থান নির্বাচন। কিছু উন্নয়ন শহর পর্যায়ে হবে যা ওয়ার্ড পর্যায়ে নামানো যাবে না। কিন্তু একদম স্থানীয় স্তরের (ওয়ার্ড) কিছু প্রকট সমস্যা সামগ্রিক পদ্ধতিতে সমাধান করতে হবে। এর কোনো অগোছালো সমাধান নেই বরং এটি সামগ্রিকভাবে বিবেচনা করত হবে।

একইভাবে, সমস্যার প্রখরতা ও প্রয়োজনের অগ্রাধিকার বিবেচনা করে বাস্তবায়নের পর্যায়ক্রম নির্ধারণ করা উচিত। স্বচ্ছতার জন্য উন্নয়ন প্রস্তাবনাগুলো পৌরসভার বৈঠকে আলোচনা করা উচিত এবং প্রখরতা এবং অগ্রাধিকারের নির্ণায়কের মাধ্যমে যে সিদ্ধান্ত নেয়া হবে তা জনগণের সামনে প্রকাশ করা উচিত।


৯.৬.১ ব্যয় কার্যক্রম

বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সম্ভাব্য ব্যয়ের সর্বোচ্চ সীমা দিয়ে দেওয়ার জন্য একটি সুনির্দিষ্ট ব্যয় কার্যক্রম দরকার। এটি কর্তৃপক্ষকে বাস্তবায়নের সময়কালে তহবিল যোগানে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সহায়তা করবে। বাস্তবায়নকারী কর্তৃপক্ষের খরচের বিভিন্ন উপাদানের উপর ভিত্তি করে বিস্তারিত খরচ বের করে হালনাগাদ করতে হবে। প্রথম পাঁচ বছরে যে সমস্ত প্রকল্প বাস্তবায়ন করা হবে সেগুলোর ব্যয় কার্যক্রমের কাজ হাতে নিতে হবে।

৯.৬.২ উন্নয়ন সমন্বয়

পৌরসভার প্রভাব এলাকার একটি বড় অংশ উপজেলা প্রশাসনের মধ্যে পড়ে যা আবার নিয়ন্ত্রিত হয় জেলা প্রশাসনের মাধ্যমে। জেলা/উপজেলা প্রশাসনকে পৌরসভার ভেতর ও বাইরে মহাপরিকল্পনায় বিভিন্ন উন্নয়ন প্রস্তাবনা হাতে নিতে হবে। যেহেতু পৌরসভা মহাপরিকল্পনার তত্ত্বাবধায়ক, সুতরাং পৌরসভাকে মহাপরিকল্পনার ভিত্তিতে সব উন্নয়ন কার্যক্রম

হাতে নিতে হবে এবং অন্যন্যদের তাদের কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে। পৌরসভা এবং এর প্রভাব অঞ্চল স্থানীয় থেকে জাতীয় পর্যায়ে একাধিক প্রশাসনের অধীনে আছে। (***চিত্রলেখ ৯-১***)



চিত্রলেখ ৯-১: সরকারি আইনগত অধিকারের অধিক্রমণ

নিম্নলিখিত প্রশাসনের বিভিন্ন স্তরগুলো পরিকল্পনা এবং উন্নয়ন কার্যক্রম হাতে নেয়ার জন্য আইনগতভাবে ক্ষমতায়নপ্রাপ্ত।

ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ এ কিছু পরিকল্পনা কার্যক্রম আছে। এগুলো নিম্নরূপঃ

ক) ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতির জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ

খ) ওয়ার্ড স্তরে প্রকল্প/পরিকল্পনা প্রস্তুতি এবং বাস্তবায়নযোগ্য পরিকল্পনা ও উন্নয়ন কর্মকান্ডগুলোর অগ্রাধিকারকরণ।

গ) পূর্ব নির্ধারিত মানদন্ডের ভিত্তিতে চূড়ান্ত অগ্রাধিকার তালিকাসহ সরকারি কার্যক্রমে সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত করা।

ঘ) উন্নয়ন পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়নের জন্য সকল প্রকার সহায়তা প্রদান করা।

ঙ) স্থানীয় স্বেচ্ছাসেবী কার্যক্রম বাস্তবায়নে সহায়তা ও উৎসাহ প্রদান।

চ) সড়ক বাতি, নিরাপদ খাওয়ার পানির উৎস, অন্যান্য জনস্বাস্থ্য ইউনিট, সেচ সুবিধাগুলো এবং অত্যাবশকীয় সেবা সুবিধার জন্য স্থান নির্ণয় ইত্যাদি।

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২য় তফসিল) উপজেলা পরিষদের কার্যক্রম বিশেষ করে পরিকল্পনা বিষয়ক কার্যক্রম বর্ণনা করে। এ কার্যক্রমগুলো নিম্নরূপঃ

ক) ৫ বছরের জন্য এবং বিভিন্ন স্থিতিকালের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা।

খ) স্থানান্তরিত সরকারি প্রকল্প বাস্তবায়ন এবং সেই বিভাগের তত্বাবধান ও সমন্বয়করণ।

গ) ইউনিয়নের ভেতরকার সংযোগকারী রাস্তা তৈরি, মেরামত এবং রক্ষণাবেক্ষণ

ঘ) ভূগর্ভস্থ পানি সম্পদ সর্বাধিক কার্যকরী করার লক্ষ্যে সরকারি নির্দেশাবলী অনুসারে, ছোট ছোট সেচ প্রকল্পগুলোর দ্বায়িত্ব গ্রহণ এবং বাস্তবায়ন করা

ঙ) স্যানিটেশন, ড্রেনেজ ব্যবস্থা এবং খাওয়ার পানি সরবরাহের উন্নয়ন।

চ) ইউনিয়ন পরিষদের কাজে সমন্বয়করণ, মনিটর এবং সহায়তা করা ।

ছ) স্বাস্থ্যকর অবস্থা, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষরোপণ, পরিবেশের সুরক্ষা - সামাজিক অসদাচরণ এবং দুর্নীতির বিরুদ্ধে জনমত তৈরি করে।

জেলা পরিষদ আইন, ২০০০ নিম্নলিখিত গুরুত্বপূর্ণ পরিকল্পনা কর্মকান্ড বিহিত করেঃ

ক) বাজেটের উপর নির্ভর করে এর এক্তিয়ারের অধীনে পরিষদের কার্যক্রম গ্রহণ এবং ৫-বছর মেয়াদি পরিকল্পনা অথবা বিভিন্ন মেয়াদি অন্যান্য উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা যেতে পারে। এ ধরনের ক্ষেত্রে, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ অথবা কোনো বিশিষ্ট বিশেষজ্ঞ থেকে ধারণা নেওয়া যেতে পারে।

নিম্নলিখিত অংশগুলো উপরে উল্লেখিত পরিকল্পনায় নির্দেশ করা উচিত-

- পরিকল্পনাটির জন্য অর্থ কীভাবে উপলব্ধ করা হবে এবং কিভাবে তা তত্ত্বাবধান ও বাস্তবায়ন করা হবে
- পরিকল্পনাটি কারা বাস্তবায়ন করবে
- পরিকল্পনা সম্পর্কিত অন্যান্য তথ্য

খ) বাস্তবায়নের পূর্বে প্রত্যেক উন্নয়ন পরিকল্পনার একটি প্রতিলিপি সরকারের কাছে পাঠাতে হবে এবং সর্বসাধারণের অবগতির জন্য এটি প্রকাশিত হবে যখন পরিষদ উপযুক্ত মনে করবে ও প্রয়োজন হলে জন মতামত বিবেচনা করবে ও সেগুলো অন্তর্ভুক্ত করবে।

বিভাগীয় পর্যায়

একটি বিভাগ কয়েকটি জেলা নিয়ে গঠিত যেগুলো বিভাগীয় কমিশনার দ্বারা পরিচালিত। এর প্রধান কাজ হচ্ছে সমন্বয়করণ, সহায়তা করা এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসনকে পরামর্শ দেওয়া। প্রতিষ্ঠানটির উদ্দেশ্য পরিকল্পনার চেয়ে বেশি প্রশাসনিক।

জাতীয় পর্যায়

জাতীয় পর্যায়ের সংস্থাগুলো তাদের জাতীয় দ্বায়িত্বের একটি অংশ হিসেবে পৌরসভা এবং অন্যান্য কেন্দ্রসহ বিভিন্ন নগর এলাকায় সেবা প্রদান করে। কিছু গুরুত্বপূর্ণ জাতীয় সংস্থাগুলোর মধ্যে আছে নগর উন্নয়ন অধিদপ্তর, জাতীয় আবাসন কর্তৃপক্ষ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে গণপূর্ত বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকারের অধীনে স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায়, যোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে সড়ক ও জনপদ অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীনে পরিবেশ অধিদপ্তর এবং শক্তি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। অন্যান্য মন্ত্রণালয়ের মধ্যে বাণিজ্য, শিক্ষা, অর্থ, কৃষি, যুব ও ক্রীড়া এবং পানি সম্পদ উন্নয়ন মন্ত্রণালয় মূলত তাদের আঞ্চলিক ও স্থানীয় পর্যায়ের সংস্থাগুলোর মাধ্যমে নগর উন্নয়ন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে জড়িত আছে।

উপরে বর্ণিত আলোচনা স্পষ্টভাবে নির্দেশ করে যে নিজ নিজ কর্তব্যের দিকে মনোনিবেশ করে বাংলাদেশে কর্মকান্ডের বিশাল অধিক্রমণ আছে যার মধ্যে লক্ষ্মীপুর পৌরসভা এবং এর প্রভাব এলাকা; যেমন- আশেপাশের ইউনিয়ন পরিষদ আছে।

লক্ষ্মীপুর পৌরসভার প্রভাব বলয়ের মধ্যে ইউনিয়ন পরিষদের পরিকল্পনা বাস্তবায়নের কর্তব্য রয়েছে, কিন্তু পর্যাপ্ত তহবিল এবং যথেষ্ট লোকবল নেই। এক্ষেত্রে আরেকটি ব্যাপার হচ্ছে যে ইউনিয়ন পরিষদের ক্রম শ্রেণিবিভাগের মধ্যে সবচেয়ে নিচে থাকায় এটি তার উন্নয়ন ও উন্নয়ন নিয়ন্ত্রণের ক্ষেত্রে তেমন প্রভাব রাখতে পারে না।

কাঠামো পরিকল্পনা

৯.৬.৩ প্রয়োজনীয় জনশক্তি

এটি প্রমাণিত যে স্থানীয় সংস্থায় লোকবলের ঘাটতি রয়েছে, বিশেষ করে প্রযুক্তিগত পেশাজীবিদের। লক্ষ্মীপুর পৌরসভা তাদের লোকবলের প্রয়োজনীয়তার ব্যাপারটি মন্ত্রণালয়কে জানিয়েছে। এটি অনুমোদন পেলে পরিস্থিতির উন্নতি হবে।

সার্বিক অবস্থা বিবেচনা করে দেখো যায় যে উপজেলা পরিষদে অতি সত্বর পরিকল্পনাবিদদের পদ সৃষ্টি করে তাদের নিযুক্ত করা উচিত। এটি শুধুমাত্র উপজেলা পরিষদ নয়, ইউনিয়ন পরিষদ ও এর বিভিন্ন কমিটির জন্যও উপকারি হবে।

৯.৬.৪ দক্ষতা উন্নয়ন

লক্ষ্মীপুর পৌরসভা এবং উপজেলা পরিষদের পরিকল্পনাবিদগণ এবং এর সাথে অন্যান্য প্রযুক্তিগত পেশাজীবিদের নিয়ে ধারাবাহিকভাবে প্রশিক্ষণ কার্যক্রম আয়োজন করা উচিত। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় তাদের প্রশিক্ষণে যথাযথ মডিউল প্রবর্তন করতে পারে যেন মহাপরিকল্পনাকে সঠিকভাবে অনুধাবন করা যায় যা এর বাস্তবায়নে সহায়ক হবে।

৯.৬.৫ পৌরসভা প্রভাব এলাকায় উন্নয়ন নিয়ন্ত্রণ

অভিজ্ঞতা থেকে অনুধাবন করা যা যে সাথে সাথে পুরাতন রীতি ধরে লক্ষ্মীপুর পৌরসভা এলোমেলোভাবে গড়ে ওঠা শহর হতে যাচ্ছে। নগর হবে নিয়ন্ত্রণহীন যা নগর ব্যবস্থাপনার জন্য সমস্যা হয়ে দেখা দিবে। একই ঘটনা পৌরসভার প্রভাব এলাকায়ও ঘটবে। তাই পৌরসভা মহাপরিকল্পনা এলাকার সাথে পৌরসভা সংলগ্ন প্রভাব বলয় এলাকায় অবস্থিত ইউনিয়ন পরিষদ এলাকায় নিয়ন্ত্রণ থাকা উচিত।

উপজেলা পরিষদে এক বা একাধিক নগর পরিকল্পনাবিদ নিয়োগের মাধ্যমে (উদাহরনস্বরূপ, ৩টি ইউনিয়নের জন্য একজন পরিকল্পনাবিদ) এই নিয়ন্ত্রণ কার্যকর করা যেতে পারে। পরিকল্পনাবিদকে নিয়মিত কর্মী হিসেবে হেড কোয়ার্টারে প্রেরণ করা হবে, যিনি পরিকল্পনা পরিচালনার ব্যাপারে তিনটি নির্ধারিত ইউনিয়নকে সহায়তা করবেন। এভাবে প্রভাব এলাকা তাদের আকাঙ্ক্ষিত পদমর্যাদায় পৌছাতে সমর্থ হবে। পরিকল্পনাবিদ ইউনিয়ন পরিষদের ‘পল্লী উন্নয়ন, রক্ষণাবেক্ষণ কমিটি’ এবং ‘নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি’ দ্বারা নির্বাচিত হতে পারে।

৯.৬.৬ উন্নয়ন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

আইনানুসারে, লক্ষ্মীপুর পৌরসভার নির্মাণ নিয়ন্ত্রণের সকল কাজ এবং পৌরসভা ও তার প্রভাব এলাকার মহাপরিকল্পনার রক্ষণাবেক্ষণের দ্বায়িত্ব পৌরসভার হাতে হস্তান্তর করা প্রয়োজন, যেহেতু পৌরসভা ভবিষ্যতে এই এলাকায় সম্প্রসারিত হবে। সকল উন্নয়ন নিয়ন্ত্রণ কর্ম পরিকল্পনা মেয়রের সম্মতিতে, নগর পরিকল্পনবিদ দ্বারা পরিচালিত হওয়া উচিত। নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি (স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯) উন্নয়ন নিয়ন্ত্রণ কার্যক্রম তত্ত্বাবধান করবে এবং কোনো অনিয়ম দেখা গেলে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।

নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি

নগর পরিকল্পনা, নাগরিক সেবা এবং উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি গঠিত হবে ৫ জন সদস্য নিয়ে কমিটির সদস্য মেয়র সহ ২ জন পুরুষ এবং ২ জন মহিলা কাউন্সিলর নিয়ে, মেয়র যদি মহিলা হয় তবে ৩ জন পুরুষ কাউন্সিলর ও ১ জন মহিলা কাউন্সিলর নিয়ে কমিটি গঠন হবে। নির্বাচিত কাউন্সিলরদের মধ্য থেকে একজন মেয়র হিসেবে নির্বাচিত হন। স্থায়ী কমিটির পাশাপাশি একটি নাগরিক কমিটি (পৌরসভার সাথে) গঠিত হতে পারে পৌরসভার কারিগরি পেশাদার, সরকারি সংস্থার প্রতিনিধিদের সদস্যসহ, উপজেলা পরিকল্পনাবিদ, বেসরকারি শাখা, পেশাজীবী সংগঠন, সুশীল সমাজ, বেসরকারি উন্নয়ন সংস্থা, সম্প্রদায় ভিত্তিক সংস্থা, নারী গোষ্ঠী এবং দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি নিয়ে। এভাবে পরিকল্পনা কার্যক্রমে বিভিন্ন শ্রেণীর মানুষকে একত্রিত করা সম্ভব।

এছাড়াও, পৌরসভার প্রতিটি বিভাগ/অংশে বিভিন্ন কমিটি গঠন করে পৌরসভার কার্যক্রম বিকেন্দ্রীকরণ করা উচিত। এভাবে বিভিন্ন শ্রেনীর সক্রিয় অংশগ্রহনের মাধমে পৌরসভা তার কাজ আরো ভালভাবে সম্পন্ন করতে পারবে।

ওয়ার্ড কমিটি

পৌরসভার প্রতিটি ওয়ার্ড এই একটি করে ওয়ার্ড কমিটি আছে। ওয়ার্ড কাউন্সিলর হবে এই কমিটির প্রেসিডেন্ট এবং নির্ধারিত মহিলা কাউন্সিলর হবে ভাইস-প্রেসিডেন্ট। ওয়ার্ড এর বাসিন্দাদের মধ্য থেকে মেয়র এবং কাউন্সিলর এর সাথে পরামর্শের মাধ্যমে ওয়ার্ড কমিটি এর সদস্য নির্বাচিত হয়। একজন পৌরসভা অফিসিয়াল সদস্য সচিব এর দায়িত্ব পালন করবেন এবং তিনি কাগজপত্র হালনাগাদ করণে সহায়তা করবেন। কমিটি সগঠনের সময়ই বেসরকারি শাখা, সুশীল সমাজ, বেসরকারি উন্নয়ন সংস্থা, দরিদ্র জনগোষ্ঠী, নারী গোষ্ঠী, প্রভৃতির অংশগ্রহন নিশ্চিত করতে হবে। মহাপরিকল্পনার পাশাপাশি ওয়ার্ড অ্যাকশন প্ল্যান (WAP) তৈরী এবং সমাধানমূলক সমস্যাগুলো চিহ্নিতকরণে এই কমিটি নিবিড়ভাবে জড়িত থাকবে।

ওয়ার্ড কমিটির বিকেন্দ্রীকরণের মাধমে স্বচ্ছতা এবং জবাবদিহিতা সৃষ্টি হবে এবং পৌরসভার উন্নয়ন নিয়ন্ত্রনে সহায়তা করবে। কন্সালন্ট্যান্স এর সহায়তা নিয়ে পৌরসভার প্রজেক্ট ইমপ্লিমেন্টশন ইউনিট (PIU) সব ভৌত কাজ বাস্তবায়ন, নির্মাণকাজ দেখাশোনা, প্রশাসন, ব্যবস্থাপনা এবং সক্ষমতা তৈরী কার্যক্রম সম্পন্ন করবে।

ওয়ার্ড কমিটি তাদের বিষয়গুলো শহর পর্যায়ের সমন্নয় কমিটিকে এবং সর্বশেষে বাস্তবায়ন এর জন্য পৌর-পরিষদকে জানায়। পৌর-পরিষদ সেটিকে পৌর প্রেক্ষাপটে বিবেচনা করে এবং বাস্তবায়িত করে। কাউন্সিলের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন, উন্নয়ন নিয়ন্ত্রণ পদক্ষেপ এবং উন্নত সেবা প্রদান এর কাজ কার্যকর ওয়ার্ড কমিটি সহজতর করে।

৯.৭ মহাপরিকল্পনা ভূমি ব্যবহার বিধিনিষেধ

কোনো ব্যক্তি অনুমোদিত মহাপরিকল্পনায় প্রদত্ত ভূমি ব্যবহারের বাইরে কোনো ভূমি অন্য উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না। সরকারি অথবা বেসরকারি খাতের সকল ভবিষ্যৎ উন্নয়ন এবং নির্মাণকার্য অনুমোদিত পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ্য হবে। ভূমি ব্যবহার অঞ্চল/পরিকল্পনা লঙ্ঘিত কোনো দালান ভেঙ্গে ফেলার ক্ষেত্রে কোনো ব্যক্তিকে কোনো ক্ষতিপূরণ দেওয়া হবে না। সরকার অথবা জাতীয় স্বার্থের কোনো প্রকল্পের ক্ষেত্রে মহপরিকল্পনার ভূমি ব্যবহার বিধানে পরিবর্তন আসতে পারে।

এই বিধি লংঘনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ইস্ট বেঙ্গল বিল্ডিং কনষ্ট্রাকশন এক্ট ১৯৫২ অনুসারে গ্রহণ করা হবে।

৯.৭.১ ইমারত নির্মাণ

নির্মাণ নিয়ন্ত্রণ পরিচালনা করা হবে পূর্ববঙ্গ ইমারত নির্মাণ আইন ১৯৫২ এর ধারা- ১৮ এর অধীনে ইমারত নির্মাণ বিধিমালা এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৮ এর প্রয়োজনীয় বিধানের মাধ্যমে। ইমারতের নক্সা অনুমোদনের জন্য দরখাস্ত জমা দেওয়া থেকে শুরু করে ইমারত নির্মাণের প্রতিবেদন সম্পন্ন হবে পৌরসভার নির্ধারিত নিয়ম ও বিধান অনুসারে।

৯.৭.২ স্বতঃস্ফূর্ত (Spontaneous) এলাকায় উন্নয়ন ব্যবস্থাপনা

মহাপরিকল্পনার অধীন বিশাল এলাকা অপরিকল্পিত এবং এলোমেলোভাবে বৃদ্ধি পাচ্ছে। এটি অপরিকল্পিত এলাকার সাধারন ঘটনা ।

কার্যকর ভূমি ব্যবস্থাপনা হচ্ছে মহাপরিকল্পনা বাস্তবায়নের অন্যতম প্রধান হাতিয়ার। বর্তমান মধ্যম ও উচ্চ ঘনত্বের শহর এলাকায় সবচেয়ে কার্যকর পদ্ধতি হচ্ছে নগর পুনর্বাসন/ উন্নয়ন এবং সম্প্রদায় ভিত্তিক উন্নয়ন কৌশল (যার জন্য সঠিক প্রাতিষ্ঠানিক ও আর্থিক প্রক্রিয়া প্রতিষ্ঠা করতে হবে) জড়িত করে অথবা না করে ভূমি ভাগ করে নেওয়া।

বিদ্যমান অপেক্ষাকৃত কম ঘনত্বের নগর এলাকায়, সরকারি সংস্থাগুলো নির্মাণ অথবা উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য এবং নাগরিক সুবিধা প্রদানের জন্য জমি অধিগ্রহণ করতে পারে। এছাড়া, স্থান ও সেবা পরিকল্পনা বাস্তবায়নের জন্যও সরকারি সংস্থাগুলো জমি অধিগ্রহণ করতে পারে।

দুস্থঃ পরিবারের জন্য প্রাতিষ্ঠানিক এবং আর্থিক সহায়তার কৌশল নেয়া যেতে পারে। সম্ভাবনাময় নগর এলাকার জন্য ল্যান্ড পুলিং, ভূমি পুনর্বিন্যাস, ভূমি পুনঃউন্নয়ন, স্থান ও সেবার মত ভূমি উন্নয়ন কৌশল প্রয়োগ করা যেতে পারে। এ ক্ষেত্রে সরকারি খাত শুধু সহায়তাকারীর ভূমিকা পালন করবে।

৯.৭.৩ মহা পরিকল্পনা অনুসারে যেসব এলাকায় উন্নয়ন করা হবে সেসব এলাকায় ইমারতের নক্সা অনুমোদন

পৌরসভা এলাকার মহাপরিকল্পনার অধীনে অনেক উন্নয়ন প্রস্তাবনা দেয়া হয়েছে। এ সমস্ত এলাকায় বেশিরভাগ জমি ব্যক্তিগত মালিকানাধীন। এই ভূমিগুলি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অধিগ্রহণ না করলে মহাপরিকল্পনা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যাবে না। মহাপরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, এমন কোনো উন্নয়নকে লক্ষ্মীপুর পৌরসভা অনুমতি দিবে না।

৯.৭.৪ বাণিজ্যিক এবং মিশ্র ভূমি ব্যবহার এলাকায় যানবাহন পার্কিং

বাংলাদেশ জাতীয় ইমারত আইন ২০০৮ এর অধীনে পার্কিং এর জন্য নির্দিষ্ট বিধান প্রয়োগ করা হবে। আবাসন এবং বাণিজ্যিক ভূমি ব্যবহার এলাকার জন্য বিধান বিদ্যমান আছে, কিন্তু মিশ্র ভূমি ব্যবহার এলাকাগুলোর জন্য সেরকম কিছু নেই। বিধান অনুসারে, প্রতি ২০০ বর্গ মিটার বাণিজ্যিক জায়গার জন্য ২৩ বর্গ মিটার জায়গা সংরক্ষিত রাখতে হবে। মিশ্র ব্যবহার এলাকার জন্য পরামর্শকের পরামর্শ হবে বাংলাদেশ জাতীয় ইমারত আইনগ্রন্থ ২০০৮ এর সেই বিধান যা মিশ্র ভূমি ব্যবহারের ক্ষেত্রে প্রয়োগ করা হবে।

৯.৭.৫ উন্নয়ন বিধিনিষেধ

ক) পুকুর, নিচু জমি ও নিষ্কাশন নির্গমন পথ

অনুমতি ছাড়া কোনো নিচু জমি ভরাট করা যাবে না এবং নিষ্কাশন ব্যবস্থায় কোনো বাধা গ্রহনযোগ্য হবে না। নিচু জমি ভরাট করার জন্য পৌরসভার কাছ থেকে পূর্ব অনুমতি নিতে হবে। প্রচলিত আইনগুলির উপর ভিত্তি করে পৌরসভা এই ধরণের অনুমতি প্রদান করবে। শহরটিতে অনেকগুলো পুকুর আছে। সব পুকুর ভরাট করা গ্রহনযোগ্য হবে না যেহেতু তারা নগরে পানি সরবরাহ এবং এর সাথে খোলা জায়গা ও পানি ধরে রাখতে কাজ করে। সহাপরিকল্পনায় সুপারিশ করা হয়েছে যে ০.৫০ একর এবং এর অধিক ক্ষেত্রফলের পুকুর রক্ষা করতে হবে। এসব পুকুর ভরাট নিষিদ্ধ। সুষ্ঠু নিয়ন্ত্রণের জন্য পৌরসভার উচিত এগুলো অধিগ্রহণ করা।

খ) নিরাপত্তা অঞ্চল

নিরাপত্তা অঞ্চলসমূহ; যেমন- ক্যান্টনমেন্ট, বি.জি.বি, পুলিশ, ক্যান্টনমেন্ট বোর্ড ইত্যাদি এলাকা তাদের নিজস্ব বিধিমালা মেনে চলে। তাদের এলাকা মাঝেমাঝে পৌরসভা এলাকা এবং তার বাইরে ছড়িয়ে ছিটিয়ে পড়ে। এই এলাকাগুলো বেসামরিক উন্নয়নের জন্য ব্যবহার করা যাবে না।

গ) রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন এবং পাওয়ার স্টেশন

তারবিহীন স্টেশন, রেডিও, টেলিভিশন, পানি শোধনাগার, পাম্প স্টেশন এবং পাওয়ার স্টেশন হলো মূল নিরাপত্তা অঞ্চল যেগুলো সচরাচর চিহ্নিত সীমানার মধ্যে থাকে। ঐতিহাসিক স্থানসমূহ, গুরুত্বপূর্ণ সরকারি স্থাপনাসমূহ যদি নিয়মিত

তত্ত্বাবধান করা না হয় তবে তা অননুমোদিত অনধিকারপ্রবেশের মাধ্যমে গড়ে উঠতে পারে পুরো নিরাপত্তাকে ধ্বংস করবে। এমনকি এসব এলাকার আশেপাশে পর্যবেক্ষণবিহীন উন্নয়নও নিরাপত্তা সমস্যা তৈরি করতে পারে।

৯.৮ লক্ষ্মীপুর পৌরসভার সক্ষমতা তৈরী

পৌরসভাটি তার এক্তিয়ারের অধীনে একটি বিশাল এলাকার নিয়ন্ত্রণ পওয়ার ফলে এর দায়িত্ব বৃদ্ধি পেয়েছে, কিন্তু এ দায়িত্ব পালনের মত সামর্থ্য তার নাই। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ পৌরসভার সামর্থ্য বাড়াবে।

কিন্তু বর্তমান পরিকল্পনা প্যাকেজটি পৌরসভার বাস্তবায়নের জন্য বেশ কয়েকটি উন্নয়ন প্রকল্প ধার্য করে। শুধুমাত্র পৌরসভা এই পরিকল্পনার তত্ত্বাবধায়ক হবে না, বরং পৌরসভা অনেক উন্নয়ন প্রকল্পও বাস্তবায়ন করবে। এছাড়াও, অন্যান্য নগর উন্নয়ন ও সেবাপ্রদানকারী সংস্থার উন্নয়ন প্রকল্প পর্যবেক্ষণ ও বাস্তবায়নের জন্য দায়বদ্ধ থাকবে। এই পরিস্থিতি পৌরসভার বর্তমান সক্ষমতা শক্তিশালী করা অতি জরুরী।

উন্নয়ন নিয়ন্ত্রণের জন্য প্রকৌশল পরিকল্পনা বিভাগ এবং অ্যাকাউন্টস সহ অন্যান্য বিভাগকে ভবিষ্যৎ কাজের পরিমাণ সামলানোর জন্য উল্লেখযোগ্যভাবে উন্নীত করা উচিত। কার্য সামর্থ্য বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করা উচিত। এছাড়াও, এখানে আধুনিক অফিস এবং সাজ সরঞ্জাম স্থাপন করা উচিত।

নিম্নলিখিত সমস্যাগুলো এবং কৌশলগত বিষয়সমূহ লক্ষ্মীপুর পৌরসভার শাসনে বিবেচনা করা উচিত।

সারণি ৯-২: সমস্যা ও কৌশলগত বিষয়সমূহ যা শাসনের ক্ষেত্রে বিবেচনা করা উচিত

ক্ষেত্র	কার্যক্রম	লক্ষ্য	সমস্যাসমূহ	কৌশলগত বিষয়সমূহ
স্বচ্ছতা	উন্মুক্ততা এবং তথ্য প্রচারের উন্নতি	পৌরসভার সেবায় স্বচ্ছতা বাড়ানো এবং পৌরসভা ও নাগরিকদের মধ্যে ঐক্যমত্য তৈরি করা।	পৌরসভা কর্তৃক প্রদত্ত সেবা সম্পর্কে নাগরিকরা সচেতন নয়	গণ যোগাযোগ সরঞ্জাম দ্বারা তথ্য প্রচার
			নগর শাসনের অজ্ঞতা	নাগরিক দলিলের সংশোধন
দায়বদ্ধতা	প্রশাসনিক সংস্কার	নির্ধারিত বাজেট পরিকল্পনার উপর ভিত্তি করে অবকাঠামো উন্নয়নে কার্যকর এবং কার্যকর জনসাধারণের সেবা নিশ্চিত করা	অপরিকল্পিত নগর উন্নয়ন কার্যক্রম	পৌরসভা ও সংশ্লিষ্ট সংস্থার মধ্যে অবকাঠামো উন্নয়নে সমন্বয় সাধন
			কাজকর্ম চালানোর দুর্বল সামর্থ্য	সামর্থ্য উন্নয়ন (কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ, সাংগঠনিক এবং প্রাতিষ্ঠানিক সংস্কার)
	কর সংস্কার		অদক্ষ জনসেবা	বিকেন্দ্রীকরণের সাথে প্রশাসনিক সংস্কার
			কোনো বিস্তৃত দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা নেই	মহাপরিকল্পনা বাস্তবায়ন
	আর্থিক সংস্কার		দুর্বল কর সংগ্রহ ও ব্যবস্থাপনা	কর সংস্কার এবং ক্র সংগ্রহ বৃদ্ধি
অংশগ্রহণ	নাগরিক সচেতনতা এবং অংশগ্রহণ	নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন, নিরীক্ষণ ও মূল্যায়নের ক্ষেত্রে নাগরিকের অংশগ্রহণকে উন্নীত করা।	জনগণের অভিযোগ/অনুরোধ জানানোর সামান্য সুযোগ	নাগরিক সমন্বয় কমিটি গঠন
			নীতি এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য স্থানীয় মানব সম্পদের সীমিত ব্যবহার।	অংশীদারদের সমন্বয় কমিটি গঠন এবং পৌরসভার সেবা প্রদানে সামাজিক প্রতিষ্ঠানকে একীভূত করা।
ভবিষ্যতবানী	নগর পরিকল্পনা এবং	আইন জারি এবং সামঞ্জস্যপূর্ণ	আইন, নিয়ম এবং প্রবিধান প্রবর্তনে দুর্বল প্রতিষ্ঠানগত বা সাংগঠনিক সামর্থ্য	আইন জারির জন্য সমন্বয়

ক্ষেত্র	কার্যক্রম	লক্ষ্য	সমস্যাসমূহ	কৌশলগত বিষয়সমূহ
	পরিবেশগত উন্নতি	বাজেট পরিকল্পনা নিশ্চিত করা।		
	আইন জারির জন্য সমন্বয় ব্যবস্থা		বেসরকারি খাতের কার্যক্রমের জন্য দুর্বল প্রবিধান এবং এর প্রয়োগ	আইন জারি এবং আইন তৈরির জন্য সামর্থ্য উন্নয়ন
			নির্ধারিত বাজেট পরিকল্পনা ছাড়া নগর পরিকল্পনা	অবকাঠামো উন্নয়ন জন্য বাজেট পরিকল্পনা

তথ্যসূত্রঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উভয় পদ্ধতিতেই আদেশ উপদেশ এবং প্রশিক্ষণের মাধ্যমে পৌরসভার কর্মকাণ্ডে গতি আনা শুরু করতে হবে। ধীরে ধীরে লোকবল এমনভাবে বাড়ানো উচিৎ যেন পরিকল্পনা এবং প্রশাসনিক কার্যক্রমগুলো সহজে ও স্বাচ্ছন্দ্যে সম্পন্ন করা যায়। সময়ের সাথে সাথে এ প্রক্রিয়ার আরো গতি আনা যেতে পারে।

পৌরসভার কম্পিউটার গুরুত্বপূর্ণ তথ্যের জন্য, যেমন হোল্ডিংস বিবরণ, কর প্রদান, অন্যান্য দায়, প্রকল্প ইত্যাদি। স্থানীয় নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকা উচিত। এর ফলে মেয়র যথাযথ কর্তৃপক্ষকে না ডেকেই, তাৎক্ষণিক অবস্থা সম্পর্কে জানতে পারবে এবং এর সাথে তার সময় বাঁচাবে। ধীরে ধীরে বৃদ্ধি পাওয়া সকল উন্নয়ন কর্মকান্ডের তথ্য ভাগ করা যাতে পারে।

৯.৯ পরিকল্পনা বাস্তবায়নের জন্য শাসন নীতি

নীতিশাসন - ০১: সক্ষমতা তৈরী

আধুনিক প্রশাসন চালানোর জন্য এবং জনসাধারণের চাহিদা পূরণের জন্য পৌরসভাকে তার ক্ষমতা বৃদ্ধি করতে হবে।

যৌক্তিকতা

শুধু মহাপরিকল্পনা বজায় রাখার জন্য নয়, বরং শহরের সামগ্রিক ব্যবস্থাপনার জন্য সামর্থ্য গড়ে তোলা, যথাযথ লোকবল নিয়োগ, বিদ্যমান খালি পদগুলো পূরণ করার জন্য অপরিহার্য। বিশেষ করে একজন নগর পরিকল্পনাবিদ নিয়োগ করা উচিত। বিভিন্ন রকম প্রশিক্ষণ হতে পারে সকল সামর্থ্য গড়ে তোলার ভিত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতিশাসন – ০২: একটি ব্যবস্থাপনা উন্নয়ন পদ্ধতি গড়ে তোলা

পৌরসভার যথাযথ তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information System – MIS) গড়ে তোলা উচিত।

যৌক্তিকতা

তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি ছাড়া মহাপরিকল্পনা বাস্তবায়ন এবং পরিকল্পনা নিয়ন্ত্রণ, উন্নয়ন, পর্যালোচনা, বাস্তবায়ন এবং নিয়ন্ত্রণ করা কঠিন।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতিশাসন – ০৩: অংশীদারিত্ব উন্নয়ন

পৌরসভা হচ্ছে মহাপরিকল্পনা বাস্তবায়নের নেতৃস্থানীয় সংস্থা। পরিকল্পনাটি নগর ব্যবস্থাপনার একটি অন্যতম উপাদান। অন্যান্য সম্মিলিত সংস্থাগুলোর সহায়তায় এবং অংশগ্রহণের মাধ্যমে পৌরসভা এই পরিকল্পনা অন্যান্য অনুরূপ সংস্থাগুলোর সাথে অংশীদারিত্বের জন্য যেকোনো উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন খুব সুন্দর হওয়া উচিত।

যৌক্তিকতা

অংশীদারিত্ব অভিজ্ঞতা, দক্ষতা এবং সমর্থন নিয়ে আসে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

৯.১০ আইনগত ব্যবস্থা

উন্নয়ন পরিকল্পনার জন্য আইনি উপকরণ স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এবং অন্যান্য নিয়ম এবং প্রবিধান, নির্দেশাবলী এবং নোটে দেওয়া আছে। উন্নয়নের স্বার্থে আইনি ব্যবস্থা সংশোধন / পরিবর্তন করা প্রয়োজন হতে পারে। এই বিষয়ে কিছু নীতি এখানে প্রস্তাব করা হয়েছে:

নীতি/আইন- ০১: পৌরসভা আইন সংশোধন

সময়ের সাথে সাথে স্থানীয় সরকার (পৌরসভা) আইনের সংশোধন প্রয়োজন হতে পারে। উন্নয়নের জন্য কিছু ধারা পরিবর্তন/প্রতিস্থাপনের পরিস্থিতি আসতে পারে। জনগণের সুবিধার হন্য এটা করতে হবে।

যৌক্তিকতা

এতে কাজের দক্ষতা বাড়বে যা সুবিধাভোগীদের জন্য ভালো হবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/আইন- ০২: সমন্বয় শক্তিশালীকরণ

উন্নয়ন কর্মের সফল বাস্তবায়নের জন্য আন্তঃ-সংস্থা সমন্বয় শক্তিশালীকরণ খুবই অপরিহার্য।

যৌক্তিকতা

উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আন্ত সংস্থা সমন্বয় অপরিহার্য। এটি পরিকল্পনা এবং উন্নয়ন কাজকে সহজ করে দেবে। উদাহরণস্বরূপ, বিদ্যুৎ ছাড়া একটি ইমারত অকার্যকর।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা
- সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহ

নীতি/আইন- ০৩: সম্পদে উন্নয়ন শুল্ক আরোপ

অনেক উন্নত/উন্নয়নশীল দেশে এ ধরণের করারোপের বিধান আছে।

যৌক্তিকতা

একটি এলাকায় উন্নয়ন প্রকল্প বাস্তায়নের সাথে সাথে ঐ এলাকার জমি এবং বাড়ির মূল্য বৃদ্ধি পয়, যার সুবিধা পুরোটাই জমি/বাড়ীর মালিক ভোগ করে থাকেন। কিন্তু উন্নয়ন করা হয় রাষ্ট্রীয় আর্থে। সুতরাং জনগণের স্বার্থে এই ধরণের করারোপ যথেষ্ট যুক্তিসঙ্গত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/আইন- ০৪: স্থানীয় সরকার (পৌরসভা) আইন লঙ্ঘনের জন্য জরিমানা আরোপ

অনেক সময়ে পৌরসভার নিয়ম ও বিধিগুলো ইচ্ছাকৃত/অনিচ্ছাকৃতভাবে লঙ্ঘিত হয়।

যৌক্তিকতা

যদি আইন ও বিধি লংঘন এভাবে চলতে দেওয়া হয়, তবে এটি একটি সাধারন অভ্যাস হয়ে দাঁড়াবে। অধিকন্তু, বিধি ও প্রবিধানগুলো হচ্ছে বৃহত্তর সমাজের কল্যাণের জন্য। সুতরাং অপরাধের জন্য শাস্তি প্রদান করা ন্যয়সংগত।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/আইন-০৫: আর্থিক বিষয়সমূহ

বাংলাদেশের শহরগুলিতে সবসময় অর্থের অভাব রয়েছে। জানা গেছে পৌরসভার আয় নগণ্য। এর স্বায়ত্তশাসনও সীমাবদ্ধ।

যৌক্তিকতা

যথোপযুক্ত আর্থিক সংস্থান ছাড়া উন্নয়ন কাজ বাধাগ্রস্ত হয়, ফলে জনসাধারণ ভোগান্তির শিকার হয়।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

৯.১১ সম্পদ আহরণ

মহাপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হলো সম্পদ আহরণ। যদিও পরিকল্পনার বিভিন্ন অংশ বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থা দায়িত্বপ্রাপ্ত, কিন্তু পৌরসভা হবে বাস্তবায়নের একমাত্র দায়বদ্ধ সংস্থা। এটা স্পষ্ট যে, বর্তমান পরিকল্পনার অধীনে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন, পর্যাপ্ত তহবিল সরবরাহে সরকারের ভূমিকার উপর নির্ভর করবে। এই পরিস্থিতি রাজস্ব উৎসগুলো বাড়ানো প্রয়োজন হবে। সম্পদ আহরণের জন্য নিম্নোক্ত বিকল্পগুলো পেশ করা হয়।

বিকল্প ১: বর্তমান রাজস্ব ব্যবস্থাপনা উন্নত করা।

বিকল্প ২: সেবা বিতরণ উন্নত করা।

বিকল্প ৩: কর খেলাপিদের জন্য আইনি ব্যবস্থাগ প্রয়োগ করা।

বিকল্প ৪: বেসরকারি খাতের অংশগ্রহণ ও বিনিয়োগ।

বিকল্প ৫: রাজস্ব আয় প্রকল্প হাতে নেওয়া।

বিকল্প ৬: আরও আবাসন ও বাণিজ্যিক উন্নয়ন প্রকল্প।

বিকল্প ৭: অংশগ্রহণমূলক কাজ অবলম্বন করা।

যেকোনটি অথবা সবগুলো বিকল্পের পছন্দ পৌরসভার মধ্যে থাকবে। উন্নত বাস্তবায়নের জন্য সম্পদ সংগ্রহ করা বাড়াতে কোন উপায় নেই।

নীতি/ সম্পদ - ০১: কর/রাজস্ব আদায়

জনসাধারণের আস্থা ফিরিয়ে আনার জন্য পৌরসভার বিভিন্ন কাজে জনসম্পৃক্ততা বাড়ানোর প্রচেষ্টা গ্রহণ করা উচিৎ। সম্পদ আহরণের জন্য কর / রাজস্ব আদায়ের ক্ষেত্রে পৌরসভার আইনি বাধ্যবাধকতা আছে।

যৌক্তিকতা

মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য লক্ষ্মীপুর পৌরসভার অবশ্যই কর আদায়ের মাধ্যমে সম্পদ আহরণ করা প্রয়োজন। এদিকসেদিক সম্পদের জন্য ঘুরে বেরানোর চেয়ে পৌরসভার অভ্যন্তর থেকে সম্পদ আসা উচিত। সম্পদ আহরণের অনেক মাধ্যম আছে।

- পৌরসভা উন্নত জমি বিক্রির জন্য দিতে পারে না
- উন্নয়ন শুল্ক ধার্য করতে পারে
- সম্পদের তালিকা এবং দায়বদ্ধতার ধারাবাহিক প্রস্তুতি
- হিসাবরক্ষণের আধুনিক ব্যবস্থা অবলম্বন করা
- জড়িত অন্যান্য সংস্থা তাদের নিজ নিজ সম্পদ উৎপাদন করবে

নীতি/ সম্পদ - ০২: কর সংগ্রহ বৃদ্ধি

কর সংগ্রহ পৌরসভার প্রধান কাজ। কর সংগ্রহ দক্ষতাও গুরুত্বপূর্ণ। যথা সময়ে কর বৃদ্ধি করা খুবই অপরিহার্য।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/ সম্পদ - ০৩: নিয়মমাফিক মূল্যায়ন

পৌরসভার সম্পত্তি মূল্যায়ন রাজস্ব আয়ের স্তরের ব্যাপারে একটি ধারণা দেয়।

যৌক্তিকতা

সম্পদ আহরণ বৃদ্ধির জন্য মূল্যায়নে নিয়মানুবর্তিতা গুরুত্বপূর্ণ। এটি অব্যবহৃত সম্পদগুলো চিহ্নিত করবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/ সম্পদ - ০৪: কর নির্ধারনকারীদের প্রশিক্ষণ

প্রত্যেক পাঁচ বছরে কর নির্ধারণ করা হয়। নির্ধারকদের তাদের কাজ যথাসম্ভব দক্ষতার সাথে করার জন্য প্রশিক্ষণ প্রয়োজন।

কাঠামো পরিকল্পনা

যৌক্তিকতা

নির্ধারনের সময় বাদ দিয়ে কর নির্ধারণকারীরা অন্যান্য কাজে ব্যস্ত থাকে। নির্ধারণের নিয়মনীতিও পরিবর্তন হয়। তাদের পদ্ধতি ও কৌশল সম্পর্কেও জানতে হবে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/ সম্পদ - ০৫: করের হার সংশোধন

সরকার নির্দিষ্ট সময় পর পর করের হার নির্ধারণ করে। পৌরসভা পছন্দসই স্তরের কর সুপারিশ করতে পারে এবং সে অনুযায়ী মূল্যায়ন করতে পারে।

যৌক্তিকতা

মাঝে মাঝে নির্ধারিত কর অত্যন্ত নিম্ন হয় অথবা পৌরসভা নির্ধারিত কর কমিয়ে দেয়। এর ফলে পৌরসভার রাজস্ব আয় বাধাগ্রস্থ হয়।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

নীতি/ সম্পদ - ০৬: সরকারি অনুদান

সরকারি অনুদান পৌরসভার প্রধান অর্থ উৎস। প্রত্যেক পৌরসভার তহবিলের ক্রমান্বয় বৃদ্ধি, পৌরসভার নিম্ন রাজস্ব আয় নির্দেশ করে।

ন্যায্যতা প্রতিপাদন

এই ধরণের বরাদ্দকরণ সংস্থাটির নৈতিকতা নিচে নামানোর সাথে সাথে একধরণের নির্ভরশীলতা সৃষ্টি করে।

বাস্তবায়ন সংস্থাসমূহ

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
- পৌরসভা

৯.১২ বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা

মহাপরিকল্পনা বাস্তবায়ন করা পৌরসভার একমাত্র দায়িত্ব নয়। পৌরসভার সাথে ৩০ টির অধিক অংশীদার আছে, যেখানে সহযোগিতা এবং মিথস্ক্রিয়া প্রয়োজন। পৌরসভার দায়িত্ব হচ্ছে বাস্তবায়ন তত্ত্বাবধান করা। মহাপরিকল্পনা হল একটি বিধিবদ্ধ দলিল যাতে অংশীদারদের স্বীকৃতি দেওয়া এবং মনিটারিং করা উচিত। ***সারণি ৯-৩*** এ মহাপরিকল্পনায় প্রস্তাবিত মূল কার্যক্রমগুলো এবং অংশীদারদের দায়িত্ব তুলে ধরা হয়েছে।

সারণি ৯-৩: মহাপরিকল্পনার অধীনে বৃহত্তর উন্নয়ন কর্মকান্ডের জন্য বাস্তবায়ন সংস্থাগুলোর তালিকা

উন্নয়ন ক্ষেত্র	প্রধান কার্যক্রম	বাস্তবায়নকারী সংস্থা
আবাসিক	আবাসন সুবিধা প্রদান	পৌরসভা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, বেসরকারি আবাসন কোম্পানি

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়নকারী সংস্থা
		আবাসন পরিকল্পনা গড়ে তোলার ক্ষেত্রে সরকারকে সহায়তা প্রদান।	পৌরসভা, বেসরকারি খাতের অন্যান্য উন্নয়ন সংস্থা
		আবাসন পরিকল্পনা তৈরির ক্ষেত্রে বেসরকারি খাতকে সহায়তা প্রদান	পৌরসভা
		নিম্ন আয়ের জনগণকে সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান	বেসরকারি আবাসন কোম্পানি, পৌরসভা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দাতা সংস্থাসমূহ
		অবকাঠামো সুবিধা প্রদান	পৌরসভা
		যত্রতত্র উন্নয়ন বন্ধের জন্য পরিকল্পনা হস্তক্ষেপ করা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		বস্তি উন্নয়ন	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, দাতা সংস্থাসমূহ, বেসরকারি সংস্থাসমূহ , সহকারী কমিশনার (ভূমি)
		ভূমি বিক্রয় এবং আবাসন খাতে নজরদারি	পৌরসভা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সহকারী কমিশনার (ভূমি)
		আবাসন খাতে বিনিয়োগকে সহজতর করা	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রাইভেট সেক্টর হাউজিং ফাইন্যান্সিং এজেন্সি
		গৃহায়ন খাতে জনগণের অংশগ্রহণ	পৌরসভা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, বেসরকারি আবাসন কোম্পানি
		নিম্ন আয়ের লোকজনের জন্য উপযুক্ত যথাযথ প্রযুক্তি গ্রহন করা	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, বেসরকারি সংস্থা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, পৌরসভা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
যানবাহন ও যোগাযোগ		ক্রমবর্ধমান সড়ক নেটওয়ার্ক উন্নয়ন	পৌরসভা, সড়ক ও জনপথ অধিদপ্তর
		বাস টার্মিনাল তৈরি	পৌরসভা, বাস মালিক সমিতি , স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		ট্রাক টার্মিনাল তৈরি	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, ট্রাক মালিক/চালক সমিতি
		রাস্তাঘাটের আদর্শ মান	পৌরসভা, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		মহল্লা পর্যায়ে উচ্চক্রম ভিত্তিক সড়ক ব্যবস্থা নির্মাণ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর
		বিদ্যমান সড়ক প্রসস্তকরণ	পৌরসভা, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
		বাসস্ট্যান্ড নির্মাণ	পৌরসভা, বেবি ট্যাক্সি, টেম্পো, অটো রিক্সা ও রিক্সা মালিক সমিতি, বেসরকারি সংস্থা
		গণপরিবহন চালু করা	পৌরসভা, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
		ধীর গতির যানবাহন চালু করা	পৌরসভা, পরিবহন পুলিশ
		বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় করা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এনজিও সমূহ
উপযোগ	**ড্রেনেজ**	বর্ষার পানির ড্রেনেজ উন্নয়ন পরিকল্পনা তৈরি	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পৌরসভা
		বাস্তবায়ন পর্যায় ভিত্তিতে ড্রেনেজ উন্নয়ন পরিকল্পনা গড়ে তোলা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
		উন্নত ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পরিবেশগত অবস্থা উন্নত করা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পরিবেশ অধিদপ্তর
		যথাযথ ড্রেনেজ ব্যবস্থা রক্ষণাবেক্ষণ	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, পৌরসভা, সড়ক ও জনপথ অধিদপ্তর
		ড্রেনেজ ব্যবস্থার সক্ষমতা এবং ব্যবস্থাপনা উন্নত করা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থাসমূহ, জেলা প্রশাসন

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়নকারী সংস্থা
		বিভিন্ন সংস্থার অংশগ্রহণ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থাসমূহ, জেলা প্রশাসন
	পানি সরবরাহ	বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন	পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		• ভূগর্ভস্থ পানির নতুন উৎস আবিষ্কার • ভূগর্ভস্থ পানির উপর নির্ভরতা কমাতে ভূ-পৃষ্ঠের নতুন উৎস আবিষ্কার	পৌরসভা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক, আয়রন, লবণাক্ততার যথাযথ জরিপ করা	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	স্যানিটেশন	একক এবং টুইন পিট ল্যাট্রিনগুলোর উপাদান পর্যাপ্ত পরিমাণে উৎপাদন এবং সরবরাহ	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		পুরো শহর পাবলিক টয়লেট সুবিধার আওতায় আনা	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		স্কুল পর্যায়ে স্বাস্থ্যকর স্যানিটেশন জন্য সচেতনতা তৈরি	পৌরসভা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , বাংলাদেশ পাঠ্যপুস্তক বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		শোধনাগারসহ একটি সমন্বিত স্যানিটারি সুয়ারেজ নেটওয়ার্ক তৈরি	পৌরসভা, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	কঠিন বর্জ্য ব্যবস্থাপনা	বর্জ্য সংগ্রহে দক্ষতা বৃদ্ধি	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		হাসপাতাল, ক্লিনিক, শিল্পকারখানার দূষিত বর্জ্য ব্যবস্থাপনা	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর , স্বাস্থ্য অধিদপ্তর
		কঠিন বর্জ্য পুনর্ব্যবহার করা	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , সরকারের দারিদ্র্য বিমোচন কার্যক্রম, সরকারের পরিবেশ উন্নয়ন কার্যক্রম
		বাড়ির বর্জ্য সংগ্রহে এনজিওর ভূমিকা বৃদ্ধি	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ
		নদীতে বর্জ্য অপসারণ আগে শিল্পকারখানার তরল বর্জ্য শোধন	পরিবেশ অধিদপ্তর, শিল্প অধিদপ্তর, জাতীয় বিনিয়োগ বোর্ড, সংশ্লিষ্ট কারখানাসমূহ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
		নিয়ন্ত্রিত ডাম্পিং/ স্যানিটারি ল্যান্ডফিল সাইটের প্রবর্তন	পৌরসভা
		কঠিন বর্জ্য ব্যবস্থাপনা রক্ষণাবেক্ষণ	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় নাগরিক কমিটি
সামাজিক সেবাসমূহ	**স্বাস্থ্য**	সাধারন স্বাস্থ্য অবকাঠামোর উন্নতি	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা, পৌরসভা
		দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে স্বাস্থ্যসেবা পৌছে দেওয়ার হার বাড়ানো	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা
		পাড়ায় পাড়ায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা, পৌরসভা
		পরিবেশের উন্নয়ন এবং সচেতনতা তৈরির মাধ্যমে প্রতিরোধক স্বাস্থ্যসেবা শক্তিশালীকরণ	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারগণ, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা

উন্নয়ন ক্ষেত্র		প্রধান কার্যক্রম	বাস্তবায়নকারী সংস্থা
		সাধারন জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা তৈরি করা	স্বাস্থ্য অধিদপ্তর, আন্তর্জাতিক উন্নয়ন অংশীদার, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ, স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা পৌরসভা
		সরকারি খাতের স্বাস্থ্য সুবিধাসমূহ প্রদান	স্বাস্থ্য অধিদপ্তর , পৌরসভা
	শিক্ষা	পর্যাপ্ত পরিমাণে উন্নত মানের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক বিদ্যালয় স্থাপন	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , পৌরসভা
		প্রত্যেক বিদ্যালয়ে পর্যাপ্ত পরিমাণে জায়গা বরাদ্দ	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , পৌরসভা
		প্রাথমিক, মাধ্যমিক, তৃতীয় স্তরসমূহ এবং ভোকেশনাল ইনস্টিটিউটে শিক্ষা অবকাঠামো নির্মাণ	বিভিন্ন শিক্ষা অধিদপ্তর, পৌরসভা
	আইন কানুনের পরিস্থিতি	সকল নাগরিকের জন্য আইনশৃঙ্খলা সেবাসমূহের উন্নতি	জেলা প্রশাসক, লক্ষ্মীপুর ; স্থানীয় জনসমাজ
উন্মুক্ত জায়গা ও বিনোদন		সবুজায়ন ও জল বিনোদন	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর , সড়ক ও জনপথ অধিদপ্তর , বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা , স্থানীয় জনগণ
		মহাসড়কস্থ বন তৈরি	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর , সড়ক ও জনপথ অধিদপ্তর , বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা
		পার্ক তৈরি	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , স্থানীয় এলাকা ভিত্তিক সংস্থা , স্থানীয় জনগণ
		খেলার মাঠ/ইনডোর স্টেডিয়াম নির্মাণ	পৌরসভা, ক্রীড়া ও সংস্কৃতি অধিদপ্তর
		সরকারি আবাসন ভূমিতে খোলা জায়গা রাখা	পৌরসভা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, বেসরকারি বাণিজ্যিক ও সমবায় আবাসন কোম্পানি এবং সমিতি
		অন্যান্য বিনোদন সেবা প্রদান	পৌরসভা, ধর্ম এবং সংস্কৃতি মন্ত্রণালয়
শিল্প		শিল্প উদ্দীপক অঞ্চল তৈরি	পৌরসভা, অর্থ মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়, বিনিয়োগ বোর্ড, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
		পরিবেশগতভাবে ক্ষতিকর শিল্প কারখানার ক্রমান্বয়ে স্থানান্তরকরণ	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর
		ক্ষুদ্র আকারের শিল্পকে উৎসাহ প্রদান	বিনিয়োগ বোর্ড বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
		বড় বড় শিল্পের পুনর্গঠন	শিল্প মন্ত্রণালয়
		শিল্পকারখানার অবস্থান এবং মান নিয়ন্ত্রণ	পৌরসভা , পরিবেশ অধিদপ্তর
নগর ঐতিহ্যের সংরক্ষণ		পুরাতন ঐতিহ্যবাহী এলাকার সংরক্ষণ	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
		সকল ঐতিহ্যবাহী এলাকা এবং পুরাতন ঐতিহাসিক দালান তালিকাবদ্ধ করা	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর
		পুরনো ঐতিহাসিক ভবনগুলোর অসঙ্গতি ও রুপান্তর সম্পর্কিত বিধিনিষেধ	পৌরসভা
		ঐতিহাসিক/ ঐতিহ্যবাহী ভবনগুলোর অননুমোদিত এবং অসঙ্গত ব্যবহার নিয়ন্ত্রণ	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর, জেলা প্রশাসন

উন্নয়ন ক্ষেত্র	প্রধান কার্যক্রম	বাস্তবায়নকারী সংস্থা
	পর্যটকদের জন্য পুরাতন ঐতিহাসিক দালান এবং স্থান সংরক্ষণ	পৌরসভা, প্রত্নতত্ব অধিদপ্তর, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন
	মুক্তিযুদ্ধের সকল স্থান উন্নয়ন	পৌরসভা, ধর্ম ও সংস্কৃতি মন্ত্রণালয়
পরিবেশ ব্যবস্থাপনা	কঠিন বর্জ্যের যথাযথ ব্যবস্থাপনা	পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ , বেসরকারি খাত
	জলাবদ্ধ এলাকার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ	পৌরসভা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ
	বর্জ্য পানি ফেলে দেওয়ার পূর্বে তা শোধন করার ব্যাপারে আইন প্রয়োগ	পৌরসভা, পরিবেশ অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
	ভূ-উপরিভাগের জলাশয়ের সুরক্ষা এবং রক্ষণাবেক্ষণ	পৌরসভা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড , পরিবেশ অধিদপ্তর
	দূষিত এবং লাল শ্রেণির শিল্পকারখানার ক্রমানয়ে স্থানান্তরের জন্য আইনি ব্যবস্থা গ্রহণ	পৌরসভা
	শহরে একটি কার্যকরী এবং সমন্বয়পূর্ণ ভূমি ব্যবহারের প্রচার এবং উন্নয়ন	পৌরসভা
	পরিবেশগত আইনের কঠোর বাস্তবায়ন ও প্রয়োগ নিশ্চিতকরণ	পরিবেশ অধিদপ্তর, অন্যান্য সংস্থার সাথে সহযোগিতায়
উন্নয়ন খাত	সরকারি অফিস নির্মাণ	গণপূর্ত বিভাগ

৯.১৩ উপসংহার

দেখা গেছে যে উন্নয়ন এবং নিয়ন্ত্রণের জন্য প্রস্তুতকৃত পরিকল্পনা আসছে বছরগুলোতে উপেক্ষিত থাকে। এটি অনস্বীকার্য যে কর আদায়ের নিম্ন হারের জন্য পৌরসভাগুলো উন্নয়নের জন্য সরকারি তহবিলের আশায় থাকে। সম্পদ তৈরী এবং তা ব্যবহার করে প্রকল্প বাস্তবায়ন গুরুত্বপূর্ণ। এই হাজে লক্ষ্মীপুর পৌরসভার উচ্চ সম্ভাবনা রয়েছে। এই পৌরসভা সম্পদ তৈরী করে সম্পদ সংগ্রহ করতে সমর্থ হবে। এ জন্য নীতিমালা ও অগ্রগতি যথাযথ হওয়া উচিত এবং সে অনুযায়ীই অগ্রসর হতে হবে।

১০ বছর মেয়াদী পরিকল্পনা

ভূমি ব্যবহার, পরিবেশ এবং অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা

ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা
নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা
পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা
জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা
মৌলিক নাগরিক সেবা পরিকল্পনা

১০ বছর মেয়াদী ভূমি ব্যবহার, পরিবেশ এবং অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা

দশম অধ্যায় ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা

সূচিপত্র

১০.১ ভূমিকা---------- ১০-১
১০.২ ভূমি ব্যবহার জোনিং---------- ১০-১
১০.৩ কেন ভূমি ব্যবহার জোনিং ---------- ১০-১
১০.৪ বিদ্যমান ভূমি ব্যবহারের পর্যালোচনা ---------- ১০-১
১০.৫ লক্ষ্মীপুর পৌরসভার ভূমি ব্যবহারের বিশদ শ্রেণিবিন্যাস---------- ১০-২
১০.৬ ভূমি ব্যবহার জোনিং এর উদ্দেশ্য ---------- ১০-৫
১০.৭ ভূমি ব্যবহার জোনিং এর কৌশল ও নীতি ---------- ১০-৫
১০.৭.১ কৌশল ---------- ১০-৫
১০.৭.২ নীতি বাস্তবায়ন ---------- ১০-৫
১০.৮ বিভিন্ন ভূমি ব্যবহারের জন্য ভূমির চাহিদার আনুমানিক হিসাব ---------- ১০-৬
১০.৯ নির্মাণ নিয়ন্ত্রণ এবং ভূমি ব্যবহার প্রস্তাবনা---------- ১০-১২
১০.৯.১ ভবিষ্যৎ ভূমি ব্যবহার শ্রেণি বিভাজন---------- ১০-১৩
১০.৯.২ প্রস্তাবিত ভূমি ব্যবহার---------- ১০-১৪
১০.৯.৩ ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়নে নীতি ---------- ১০-২৩
১০.৯.৩.১ বিভিন্ন ব্যবহার অঞ্চলের জন্য ভূমি ব্যবহার নীতিমালা ---------- ১০-২৩
১০.১০ ভূমি ব্যবহারের খাতভিত্তিক উন্নয়ন প্রস্তাবনা ---------- ১০-২৫
১০.১০.১ আবাসন খাত ---------- ১০-২৬
১০.১০.২ বাণিজ্যিক খাত---------- ১০-২৮
১০.১০.৩ শিল্প খাত ---------- ১০-৩১
১০.১০.৪ শিক্ষা খাত ---------- ১০-৩২
১০.১০.৫ স্বাস্থ্য সেবা ---------- ১০-৩৩
১০.১০.৬ প্রশাসনিক খাত ---------- ১০-৩৫
১০.১০.৭ যাতায়াত এবং পরিবহন খাত ---------- ১০-৩৮
১০.১০.৮ অত্যাবশ্যকীয় সেবা (Utility Setvices) খাত ---------- ১০-৪০
১০.১০.৯ উন্মুক্ত স্থান ও বিনোদন ---------- ১০-৪২

দশম অধ্যায়
ভূমি ব্যবহার জোনিং পরিকল্পনা

১০.১ ভূমিকা

মহাপরিকল্পনার দশম অধ্যায়ে ভূমি ব্যবহার জোনিং, বিদ্যমান ভূমি ব্যবহার পর্যালোচনা, কৌশল এবং প্রস্তাবিত ভূমি ব্যবহার জোনিং এর নীতিমালা এবং ভূমি ব্যবহার অনুযায়ী উন্নয়ন প্রস্তাব নিয়ে কাজ করা হয়েছে।

১০.২ ভূমি ব্যবহার জোনিং

ভূমি ব্যবহার জোনিং ভূমির ব্যবহার সম্পর্কিত নিয়মনীতি ব্যাখ্যা করে। যা ভূমি ব্যবহার নিয়ন্ত্রণের সবচেয়ে কার্যকর পদ্ধতি, এর নিয়মকানুন এবং বিধিনিষেধগুলো পৌরসভা কর্তৃক নির্মাণ নিয়ন্ত্রণ ও পরিচালনা করার জন্য ব্যবহৃত হয়। ভূমি ব্যবহার পরিকল্পনা পৌরসভার মহাপরিকল্পনার একটি অংশ। ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ আরো কার্যকর করার জন্য অন্যান্য দেশে ভূমি ব্যবহার আইন আছে যা আমাদের দেশে নেই।

ভূমি ব্যবহার পরিকল্পনার আওতায় সমগ্র পৌরসভাকে কয়েকটি এলাকায় বা জোনে ভাগ করা হয়েছে যেমন, আবাসিক এলাকা, বাণিজ্যিক এলাকা, শিল্প এলাকা, সংরক্ষিত এলাকা, মিশ্র ব্যবহার এলাকা। এক ভূমি ব্যবহার থেকে অন্য ভূমি ব্যবহার আলাদা করার উদ্দেশ্য হচ্ছে প্রত্যেকটা ভূমি ব্যবহারের নিজস্বতা এবং একটার উপর অন্যটার নেতিবাচক প্রভাব থেকে মুক্ত রাখা। প্রতিটি ভূমি ব্যবহারের ক্ষেত্রে ভূমি উন্নয়ন ছাড়াও অন্যান্য বিধিনিষেধগুলো নিম্নরূপ হতে পারে:

- ধরণ অনুসারে প্রত্যেক ভূমি ব্যবহারে ভবন নির্মাণে সুনির্দিষ্ট শর্ত থাকবে।
- ইউটিলিটি লাইনের অবস্থান থাকবে।
- ভবন থেকে অন্য ভবনের সীমানা, রাস্তা থেকে ভবনের নির্দিষ্ট দূরত্ব এবং ভবনের আনুষঙ্গিক জায়গা রাখার ক্ষেত্রে নিয়মনীতি থাকবে।
- ভবনের আকার এবং উচ্চতা নির্দ্দিষ্ট করে দেয়া হবে।
- ভবনের ইউনিট/কক্ষ সংখ্যা বলা থাকবে।

বিধি নিষেধের আওতায় পড়তে পারে, প্লটের সম্মুখ ভাগ; জমির ন্যূনতম পরিমান; বাড়ির সামনে, পেছনে এবং পাশে জায়গা খালি রাখা; একটি প্লটে ভবন সংখ্যা; ঐতিহাসিক এবং সংস্কৃতিক গুরুত্বপূর্ণ স্থান ইত্যাদি।

১০.৩ কেন ভূমি ব্যবহার জোনিং

ভূমি ব্যবহার জোনিং এর মূল উদ্দেশ্য হল নির্দিষ্ট এলাকার পরিবেশগত মান বজায় রাখা যা সার্বিকভাবে সম্পত্তির মূল্য বৃদ্ধি করে, এবং বিশেষত, আবাসিক এলাকায় জীবনযাপনের মান বজায় রাখা। এটি অর্থনৈতিক এবং পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকার সংরক্ষণ এবং উন্নয়নে সহায়তা করে। কিছু কিছু জোন এলাকার নিরাপত্তার জন্য করা হয়। উন্নয়নে নমনীয়তা বজায় রাখার জন্য, কিছু কিছু ব্যবহারের জন্য ভিন্ন ভূমি ব্যবহার জোনে শর্তাধীন অনুমতি দেওয়া হয়।

১০.৪ বিদ্যমান ভূমি ব্যবহারের পর্যালোচনা

পৌরসভা এলাকায় বর্তমান ভূমি ব্যবহার এবং উন্নত ও অনুন্নত এলাকা খুঁজে বের করার জন্য পরামর্শকরা ভূমি ব্যবহার জরিপ পরিচালনা করেন। ভূমি ব্যবহার পরিকল্পনা বর্তমান ভূমি ব্যবহারের ধারা, যেসব এলাকার উন্নয়ন করা যায় অথবা

যেসকল এলাকা সংরক্ষণ করা প্রয়োজন এবং শহরের পরিবেশের উন্নয়নের জন্য যে সকল এলাকা সুসংগঠিত করা প্রয়োজন তা নির্ধারণ করা হয়ে থাকে ভূমি ব্যবহার জরিপের মাধ্যমে।

১০.৫ লক্ষ্মীপুর পৌরসভার ভূমি ব্যবহারের বিশদ শ্রেণিবিন্যাস


পরামর্শকরা পৌরসভার বর্তমান ভূমি ব্যবহারকে প্রধানত ১৩ টি শ্রেণিতে ভাগ করেছেন যা ***সারণি ১০-১*** দেখানো হয়েছে।

সারণি ১০-১: বর্তমান ভূমি ব্যবহার প্রকারভেদ

ক্রমিক নং	বর্তমান ভূমি ব্যবহার	শ্রেণিভুক্ত এলাকা
০১	আবাসিক	গ্রামীণ বাসস্থান সহ মানব বসতি
০২	বাণিজ্যিক	বাণিজ্যিক উদ্দেশে ব্যবহৃত ভূমি যেমন ব্যবসা, বাণিজ্য
০৩	মিশ্র এলাকা	আবাসিক এবং বাণিজ্যিক উভয়ের জন্য ব্যবহৃত ভূমি
০৪	শিক্ষা ও গবেষণা	শিক্ষা ও গবেষণায় ভূমি ব্যবহার যেমন স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং মাদ্রাসা ইত্যাদি।
০৫	শিল্প	যেসকল ভূমি কারখানা, উৎপাদন এবং মেরামত ইত্যাদি কাজে ব্যবহৃত হয়।
০৬	পরিবহন ও যাতায়াত/ রাস্তাঘাট	রাস্তাঘাট, রেল এবং এই সম্পর্কিত অবকাঠামোর জন্য ব্যবহৃত ভূমি।
০৭	জলাধার	নদী, খাল, লেক, ডোবা এবং পুকুর এই শ্রেণিভুক্ত।
০৮	নাগরিক সেবা	যেসকল ভূমি ধর্মীয় কাজে ব্যবহৃত হয় যেমন মসজিদ, মন্দির, গির্জা, কবরস্থান, শ্মশানঘাট, মাজার ও ইদগাহ, পরিশোধনাগার, পানি সরবরাহ এবং স্বাস্থ্যসেবা সুবিধা এই শ্রেণিভুক্ত।
০৯	উন্মুক্ত এলাকা	খেলারমাঠ, পার্ক, স্টেডিয়াম, নদীর পাড়ের ফাঁকা জায়গা এবং ঐতিহাসিক স্থান এই শ্রেণিভুক্ত
১০	প্রশাসনিক	সরকারি অফিস যেমন জনপ্রশাসন, পানিউন্নয়ন বোর্ড, সড়ক ও জনপথ ইত্যাদি এই শ্রেণিভুক্ত
১১	সীমাবদ্ধ যাতায়াত এলাকা	যে সকল এলাকা নিরাপত্তা এবং সুরক্ষার জন্য ব্যবহৃত হয় যেমন ক্যান্টনমেন্ট এলাকা, পুলিশ লাইন, সাব-স্টেশন, রাডার স্টেশন, কেপিআই এলাকা ইত্যাদি এই শ্রেণিভুক্ত।
১২	কৃষি এলাকা	সকল ধরণের কৃষিকাজ যেমন ক্ষেত, উন্মুক্ত জায়গা, অনুর্বর জমি এবং যেসকল ভূমি খামার বাড়ি ইত্যাদির জন্য ব্যবহৃত হয় তা এই শ্রেণিভুক্ত।
১৩	অব্যবহৃত এবং ফাঁকা ভূমি	ফাঁকা জায়গা, পরিত্যক্ত ভবনের আশেপাশের জায়গা এই শ্রেণিভুক্ত।

আবাসিক কাজে যা পৌরসভার মোট এলাকার ৪৬.০১% । এটাই নির্দিষ্ট কোন ভূমি ব্যবহারের মধ্যে সর্বোচ্চ পরিমান। কৃষি হচ্ছে দ্বিতীয় সর্বোচ্চ ভূমি ব্যবহার যা সম্পূর্ণ ভূমির ৩১.১৭%। জলাধার হিসাবে আছে প্রায় ১১.৩৯%। সারকুলার নেটওয়ার্ক, পতিত জমি, খোলা জায়গা এবং বাণিজ্যিক এলাকা যথাক্রমে ২.৯৩%, ২%, ১.৭৩% এবং ১.২৮%। অন্যান্য ৩.৪৮% এর মধ্যে রয়েছে মিশ্র (০.৭৮%), শিক্ষা ও গবেষণা (০.৭২%), জনপ্রশাসন (০.৫৫%), শিল্প (০.২৬%, নাগরিক সুবিধা (০.৪৫%), সীমাবদ্ধ যাতায়াত এলাকা (০.৩৯%), স্বাস্থ্যসেবা (০.১৭%), বিনোদন সুবিধা (০.০৬%), পরিবহন সুবিধা (০.০৭%), উপযোগ সুবিধা (০.০৩%) এবং বিবিধ (০.০১%)। ***মানচিত্র ১০-১*** এ এলাকা ভিত্তিক বিস্তারিত ভূমি ব্যবহার দেখানো হয়েছে।

চিত্রলেখ ১০-১: লক্ষ্মীপুর পৌরসভার বিশদ ভূমি ব্যবহার শ্রেণিবিন্যাস




তথ্যসূত্রঃ ভূমি ব্যবহার জরিপ, ২০১৬

সারণি ১০-২: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান ভূমি ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ

ভূমি ব্যবহার	আয়তন (একর)	শতকরা
কৃষি এলাকা	২০৭২.০৬	৩১.১৭
পরিবহন ও যাতায়াত/ রাস্তাঘাট	১৯৪.৭২	২.৯৩
বাণিজ্যিক	৮৫.৩৭	১.২৮
নাগরিক সেবা	২৯.৭৭	০.৪৫
শিক্ষা ও গবেষণা	৪৭.৮০	০.৭২
স্বাস্থ্যসেবা	১১.১৩	০.১৭
শিল্প	১৭.৩৪	০.২৬
বিবিধ	০.৩৬	০.০১
মিশ্র এলাকা	৫১.৯০	০.৭৮
উন্মুক্ত এলাকা	১১৫.১০	১.৭৩
প্রশাসনিক	৩৬.৭৪	০.৫৫
বিনোদন এলাকা	৩.৭২	০.০৬
আবাসিক	৩০৫৮.৭৪	৪৬.০১
সীমাবদ্ধ যাতায়াত এলাকা	২৫.৮৮	০.৩৯
যাতায়াত সুবিধা	৪.৯১	০.০৭
অত্যাবশ্যকীয় সেবা	১.৮৯	০.০৩
অব্যবহৃত এবং ফাঁকা ভূমি	১৩৩.১৪	২.০০
জলাধার	৭৫৭.২২	১১.৩৯
সর্বমোট	৬৬৪৭.৭৯	১০০.০০

মানচিত্র ১০-১ : লক্ষ্মীপুর পৌরসভার সাধারণ ভূমি ব্যবহার মানচিত্র

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- Deputy Commissioner's Office
- Lakshmipur District Jail
- Lakshmipur Pourashava
- Lakshmipur Sadar Thana
- Lakshmipur Zila Parishad
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Existing Road
- National Highway
- Regional Highway
- Zila Road

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Existing Landuse
- Agriculture
- Circulation Network
- Comercial
- Community Facilities
- Education and Research
- Health Facilities
- Industrial
- Mixed Use
- Open Space
- Public Administration
- Recreation
- Residential
- Restricted
- Transportation Facilities
- Utility Services
- Vacant
- Waterbody
- Miscellaneous

১০.৬ ভূমি ব্যবহার জোনিং এর উদ্দেশ্য

নিচে ভূমি ব্যবহার জোনিং এর উদ্দেশ্যগুলো দেয়া হলোঃ

১. ভূমি ব্যবহারকে এমন ভাবে বণ্টন করতে হবে যাতে করে ভবিষ্যতে শহরের পরিবেশ ভালো থাকে।
২. স্থানীয় অর্থনীতি বিকাশে বাধা না হয়।
৩. পরিবেশগত ভাবে সংবেদনশীল এলাকা সংরক্ষণ করতে হবে।
৪. ভূমি ব্যবহার অনুমোদনের ক্ষেত্রে নমনীয় হতে হবে।

১০.৭ ভূমি ব্যবহার জোনিং এর কৌশল ও নীতি

লক্ষ্মীপুর পৌরসভার মহাপরিকল্পনার ভূমি ব্যবহার জোনিং প্রণয়নের জন্য প্রস্তাবিত কৌশল, নীতিমালা এবং প্রস্তাবনা নিম্নে দেয়া হলোঃ

১০.৭.১ কৌশল

ভূমির স্বাতন্ত্র্য রক্ষা করার জন্য এবং ভবিষ্যতে ভূমিকে পরিবেশের বিরূপ প্রভাব থেকে রক্ষা করার জন্য নিম্নের নীতিগুলো গ্রহণ করা হয়েছেঃ

নীতি-১: ভূমি ব্যবহার/০১: পরিবেশগত ভাবে সংবদেনশীল এলাকাগুলো আলাদা করতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে।

নীতি-২: ভূমি ব্যবহার/০২: ভূমি ব্যবহার জোন পৃথক করার জন্য ভৌত অবকাঠামো নির্মাণ করতে হবে।

নীতি-৩: ভূমি ব্যবহার/০৩: ভূমি ব্যবহার জোনিং এর শ্রেণিবিন্যাস সীমিত করতে হবে।

নীতি-৪: ভূমি ব্যবহার/০৪: আবাসিক জোনের বাসযোগ্যতা নিশ্চিত করতে হবে।

নীতি-৫: ভূমি ব্যবহার/০৫: জোনিং নীতিমালা যেন ভবন নির্মাণে বড় কোন বাধা তৈরি না করে তা নিশ্চিত করতে হবে।

নীতি-৬: ভূমি ব্যবহার/০৬: জোনিং নীতিমালা যেন অর্থনৈতিক উন্নয়নে বাধা তৈরি না করে।

নীতি-৭: ভূমি ব্যবহার/০৭: প্রাকৃতিক ভাবে সঙ্কটর্পূণ এলাকাগুলো সংরক্ষণের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা সুনিশ্চিত করতে হবে।

নীতি-৮: ভূমি ব্যবহার/০৮: কৌশল ও নীতির উপর ভিত্তি করে জোনিং নীতিমালা (আইন) তৈরি করতে হবে।

১০.৭.২ নীতি বাস্তবায়ন

উপরের নীতিমালাগুলো পৌরসভার মহাপরিকল্পনার মূলনীতির অন্তর্ভুক্ত হবে, নিচে আরো কিছু উদ্যোগের পরামর্শ দেয়া হলোঃ

১। কিছু নিয়মনীতি অন্তর্ভুক্ত করা হচ্ছে, যা তৈরি করা হয়েছে, বাংলাদেশ ইমারত নির্মাণ আইন ১৯৫২ এর অনুচ্ছেদ ১৮ এর অধীনে ইমারত নির্মাণ বিধিমালা অনুসারে।
২। নিয়মনীতি গুলো নির্দিষ্ট সময় পর পর হালনাগাদ করতে হবে ও নতুন করে নীতি, বিধিনিষেধ এবং ভূমি ব্যবহার জোনিং তৈরি করতে হবে

১০.৮ বিভিন্ন ভূমি ব্যবহারের জন্য ভূমির চাহিদার আনুমানিক হিসাব

এলজিইডি DTIDP (District Town Infrastructure Development Project) প্রকল্পের জন্য পরিকল্পনার কিছু অবকাঠামো মান নির্ধারণ করে দিয়েছে, যেখানে বলা আছে নির্দিষ্ট একটি সেবার জন্য সর্বনিম্ন কি পরিমান ভূমির প্রয়োজন। পরামর্শকরা DTIDP র মানকে কিছুটা পরিবর্তনের প্রস্তাবনা দেয় এবং তা বিভিন্ন পরিকল্পনা প্রকল্পে ব্যবহার করে। পরিকল্পনার মান গুলোর পরিবর্তনের কারণগুলো নিচে দেয়া হলোঃ

- অনুমোদিত পরিকল্পনার মান গুলো প্রত্যেকটা সেবা দেয়ার জন্য সর্বনিম্ন কি পরিমান ভূমি প্রয়োজন শুধুমাত্র তা বলা হয়েছে।
- পরিকল্পনার বিভিন্ন উপাদান এখানে অনুপুস্থিত।
- ভৌগলিক অবস্থা বিবেচনা করে অনেক উপাদান দরকার।

পরিকল্পনার মান গুলো ***সারণি ১০-৩*** এ দেয়া আছে যা পরিকল্পনা এলাকার জন্য ব্যবহার করা হয়েছে এবং বিভিন্ন সেক্টরে কি পরিমান ভূমি লাগবে তা সেই অনুসারে হিসাব করা হয়েছে।

সারণি ১০-৩: লক্ষ্মীপুর পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়নে নির্ধারিত মানদন্ড

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
১.	**আবাসিক**							
	সাধারণ আবাসিক	গড় জনঘনত্ব প্রতি একরে ১৫০-২০০ জন	৫৩১	৫৯৪	৬৬৫	৭৪৪	৮৩৩	একর
	রিয়াল এস্টেট/সরকারি/ব্যক্তিগত	সর্বোচ্চ ৩০ একর/ প্রতি ১৫০-২০০ জনের জন্য ১ একর/ বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা ২০০৪ অনুসারে হবে						
২.	**শিক্ষা**							
	নার্সারি	প্রতি ৫,০০০ জনে ০.৪ একর; বিদ্যালয়প্রতি আসনসংখ্যা ১৬০; হাঁটা দূরত্ব তথা ৫০০ মিটারের মধ্যে অবস্থান হতে হবে	১৫	১৬	১৯	২১	২৪	সংখ্যা
			৬	৬	৮	৮	১০	একর
	প্রাথমিক বিদ্যালয়	১.৬ একর/৫,০০০ জন (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১ একর); বিদ্যালয়প্রতি আসনসংখ্য ২০০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ১.৫ কিমি	১৫	১৬	১৯	২১	২৪	সংখ্যা
			২৪	২৫.৬০	৩০.৪০	৩৩.৬০	৩৮.৪০	একর
	উচ্চ বিদ্যালয়	প্রতি ১০,০০০ জনে ২-২.৫ একর (ভবন ০.৬ একর এবং খেলার মাঠ ১.৪ একর); বিদ্যালয়প্রতি আসনসংখ্যা ৭২০ (২ শিফট); সর্বোচ্চ দূরত্ব ২ কিমি	৮	৮	৯	১০	১১	সংখ্যা
			২২.০০	২০.০০	২২.৫০	২৫.০০	২৭.৫০	একর
	ইন্টারমেডিয়েট/ডিগ্রী কলেজ	প্রতি ২০,০০০ জনে ৪-৬ একর; কলেজপ্রতি আসনসংখ্যা ১৫০০ (২ শিফট)	৪	৪	৪	৪	৫	সংখ্যা
			২৪.০০	২৪.০০	২৪.০০	২৪.০০	৩০.০০	একর

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
	কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান	- প্রকৌশল মহাবিদ্যালয় স্থাপনের জন্য সর্বনিম্ন ৮ একর - পলিটেকনিক ইন্সটিটিউট এর জন্য সর্বনিম্ন ৫ একর - টেকনিক্যাল স্কুল ও কলেজের জন্য সর্বনিম্ন ২ একর	১৫					একর
	বৃত্তিমূলক শিক্ষা কেন্দ্র	প্রতি পৌরসভায় ১টি; প্রতিটিতে ২.৫ একর	২.৫					একর
	বিশ্ববিদ্যালয়	প্রাইভেট বিশ্ববিদ্যালয় স্থাপনে সর্বনিম্ন ২.৫ একর						
	অন্যান্য (মাদ্রাসা)	১.৫ – ২.৫ একর/ ১০০০০ জন; আসন সংখ্যা ১০০০	৯	৯	৯	৯	১০	সংখ্যা
			২৩	২৩	২৩	২৩	২৫	একর
৩.	**উন্মুক্ত স্থান ও বিনোদন এলাকা**							
	খেলার মাঠ	প্রতি ২৫,০০০ জনে ২ একর; সর্বনিম্ন দূরত্ব ১.৫ কিমি	৩	৩	৪	৪	৫	সংখ্যা
			৬	৬	৮	৮	১০	একর
	উদ্যান/স্থানীয় উদ্যান	প্রতি ১০,০০০ জনে ২ একর	৮	৮	৯	১০	১১	সংখ্যা
			১৬	১৬	১৮	২০	২২	একর
	উন্মুক্ত এলাকা	প্রতি ১,০০০ জনে ১.৭৫ একর	১৩৩	১৪৭	১৬২.৭৫	১৮০.২৫	১৯৯.৫০	একর
	স্টেডিয়াম/স্পোর্টস কমপ্লেক্স	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	২					সংখ্যা
			১০					একর
	প্রেক্ষাগৃহ / নাট্যশালা/ অডিটোরিয়াম	প্রতি ২৫,০০০ জনে ০.৫ একর	৩	৩	৪	৪	৫	সংখ্যা
			১.৫	১.৫	২	২	২.৫	একর
৪.	**স্বাস্থ্য**							
	নগর স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতাল	প্রতি ৫০,০০০ জনে ৪ একর	২	২	২	২	২	সংখ্যা
			৮	৮	৮	৮	৮	একর

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
		সর্বোচ্চ ৫০০ জনে ১ টি শয্যা						
	ক্লিনিক/স্বাস্থ্যকেন্দ্র/মাতৃসেবা কেন্দ্র	প্রতি ৫,০০০ পরিবারের জন্য ০.৬ একর; মৌলিক স্বাস্থ্য ও পরিবার সেবাকেন্দ্র বসতবাড়ির ১-২ কিমির মধ্যে হতে হবে	৩	৪	৪	৫	৫	সংখ্যা
			১.৮	২.৪	২.৪	৩	৩	একর
৫.	**সামাজিক সেবা**							
	মসজিদ	প্রতি ১০,০০০ জনে ০.২ একর	৮	৮	৯	১০	১১	সংখ্যা
			১.৬	১.৬	১.৮	২	২.২	একর
	গির্জা/মন্দির	প্রয়োজনীয়তা অনুসারে						
	ঈদগাহ	প্রতি ২০,০০০ জনে ০.৫ একর	৪	৪	৫	৫	৬	সংখ্যা
			২	২	২.৫	২.৫	৩	একর
	কবরস্থান	প্রতি ৫০,০০০ জনে ৫ একর	১০					একর
	কমিউনিটি সেন্টার	প্রতি ১০,০০০ জনে ০.৫ একর	২	২	৩	৩	৩	সংখ্যা
			১	১	১.৫	১.৫	১.৫	একর
	পুলিশ স্টেশন	পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ						
	পুলিশ বক্স/আউটপোস্ট	পুলিশের বিধিমালা অনুসারে প্রয়োজনীয় পরিমাণ						
৬.	**বাণিজ্যিক**							
	পাইকারী বাজার	বিভিন্ন সেবা/মেরামত প্রভৃতির সুবিধা সহ শহরের প্রতি কেন্দ্রে ৬ একর	৬					একর
	খুচরা বাজার	সরবরাহ ব্যবস্থা, দোকান, বাজার সহ সর্বমোট ৫ একর						
	মুদি দোকান	প্রতি ২৫০০ জনের জন্য ০.২ একর	৩১	৩৪	৩৭	৪১	৪৫	সংখ্যা
			৬.২	৬.৮	৭.৪	৮.২	৯	একর
	কাঁচাবাজার	প্রতি ওয়ার্ডে এবং প্রতি ২০,০০০ জনের জন্য ১ টি;	১৩	১৩	১৪	১৪	১৫	সংখ্যা
			৩.৯	৩.৯	৪.২	৪.২	৪.৫	একর

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
		সর্বনিম্ন প্রযোজ্য এলাকা ০.৩ একর						
	মহল্লার বিপণিবিতান	প্রতি ১০,০০০ জনের জন্য ০.৫ একর	৮	৮	৯	১০	১১	সংখ্যা
			৪	৪	৪.৫	৫	৫.৫	একর
৭.	**নাগরিক সেবা**							
	বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন	- সিএনজি স্টেশনের জন্য রাস্তার ধারে ১২০*১২০ ফুট (১৪০০ বর্গফুট বা ০.৩৩ একর) - দুটি স্টেশনের মধ্যবর্তী দূরত্বঃ ৩ কিমি (রাস্তার এক পাশে) অথবা ২ কিমি (রাস্তার দুই পাশে) - কর্পোরেশনের অন্যান্য নীতিমালা মান্য করতে হবে।						
	বিদ্যুৎ উন্নয়ন বোর্ড	- ৩৩/১১ কেভি (২*১০ এমভিএ) সাবস্টেশনঃ ০.০৭ একর - জিআইএস সাবস্টেশনঃ অনূর্ধ্ব ০.০৭ একর - ৩৩ কেভি, ১১ কেভি এবং ০.৪ কেভি লাইন স্থাপনের সর্বনিম্ন দূরত্বঃ ৩০-৪০ মিটার - খুঁটির উচ্চতা ৩৩ কেভিঃ ১৫ মিটার; ১১ কেভিঃ ১১/১২ মিটার; ০.৪ কেভিঃ ৯ মিটার						
	স্যানিটারি ল্যান্ডফিল সাইট	প্রতি ৫০০,০০০ জনের জন্য ৫ একর	৫					একর
	ওয়েস্ট ট্রান্সফার স্টেশন (Waste Transfer Station)	প্রতি ওয়ার্ডে ০.২ একর	১.৮					একর
	অগ্নিনির্বাপণ	সিটি কর্পোরেশনে ২টি, ‘এ’ শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৫০ একর; ‘বি’ শ্রেণির জন্য সর্বনিম্ন ০.৩০ একর	০.৩					একর
	ডাকঘর	প্রতি ২০,০০০ জনে ০.৫ একর	০.৩					একর
৮.	**শিল্প**							
	ক্ষুদ্রশিল্প	বিসিক এলাকার জন্য সর্বনিম্ন ১৫ একর						
৯.	**পরিবহন**							
	বাস টার্মিনাল	- প্রতি টার্মিনালে ৩ একর - প্রতি ১,০০,০০০ জনের জন্য ৩ একর						
	ট্রাক টার্মিনাল	প্রতি টার্মিনালে সর্বনিম্ন ৩ একর						
	জলপথ ও ল্যান্ডিং স্টেশন	ল্যান্ডিং স্টেশন ও অফিসের জন্য সর্বনিম্ন ২ একর						
		অতীরবর্তি ঘাটের জন্য উভয়পাশে ৫০০ মিটার						

ক্রমিক নং	ভূমি ব্যবহারের শ্রেণিসমূহ	সামাজিক সেবাসমূহের জন্য প্রযোজ্য ভূমির পরিমাণের মানদন্ড	বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা					একক
			২০১৭	২০২২	২০২৭	২০৩২	২০৩৭	
	রেলওয়ে এবং রেলওয়ে স্টেশন	- একটি হোম সিগনাল হতে আরেকটি হোম সিগনালঃ দৈর্ঘ্য ৩০০০ ফুট এবং প্রস্থ ৫০০ ফুট (ব্রড গেজ) - মিটার গেজের জন্য ৯০ ফুট (বাঁধের গড় উচ্চতা ১০ ফুট) - দ্বৈত রেলপথের জন্য সর্বনিম্ন প্রস্থ ১২৫ ফুট (ব্রড গেজ) এবং ১১৫ ফুট (মিটার গেজ) যেখানে বাঁধের গড় উচ্চতা ১০ ফুট						
	সড়ক ও জনপথ বিভাগ	প্রকল্প এলাকার অভ্যন্তরের সড়ক ও জনপথ বিভাগ (সওজ)-এর সড়কসমূহ সওজ এর নীতিমালা অনুসরণ করে নির্মিত হবে।						
১০.	**প্রশাসনিক**							
	জেলা প্রশাসকের (ডিসি) কার্যালয় এবং বাসস্থান	অফিস ৪ একর; বাসস্থান ০.৫ একর						
	যুব উন্নয়ন কেন্দ্র	যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং আঞ্চলিক মানবসম্পদ উন্নয়ন কেন্দ্রের জন্য সর্বনিম্ন ২-৩ একর						
	জেলখানা	সর্বনিম্ন ৫ একর						
	জজ কোর্ট	জেলা জজ কোর্ট ১ একর; বাসস্থান ০.৩৩ একর						
	এসপি অফিস	এসপি অফিস ১ একর; বাসস্থান ০.৩৩ একর						
	পুলিশ সদরদপ্তর	১০ একর						
	থানা	১.০ একর						
	পুলিশ ফাঁড়ি	০.৩৩ একর						
	সার্কিট হাউজ	১.৫ একর						
	সিভিল সার্জন অফিস	অফিস ০.২৫ একর; বাসস্থান ০.৩৩ একর						
	ইসলামিক ফাউন্ডেশন অফিস	সর্বনিম্ন ০.১০ একর						
	নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত বিভাগ)	অফিস ০.২৫ একর; বাসা ০.৩৩ একর						
	অন্যান্য	সংশ্লিষ্ট বিভাগের নীতিমালা অনুসারে						

তথ্যসূত্রঃ ডিটিআইডিপি, এলজিইডি এর পরিকল্পনা মানদন্ড; এছাড়াও ব্যক্তিগত আবাসন প্রকল্পের ভূমি উন্নয়ন নীতিমালা, ২০০৪; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড; বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ চলাচল কর্তৃপক্ষ; যুব উন্নয়ন অধিদপ্তর; বাংলাদেশ পর্যটন কর্পোরেশন; বাংলাদেশ রেলওয়ে; বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন; বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন; নগর উন্নয়ন অধিদপ্তর; সড়ক ও জনপথ অধিদপ্তর; ঢাকা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান; ডিটেইলড এরিয়া প্ল্যান; খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের মহাপরিকল্পনা ইত্যাদি।

**সম্পূর্ণ প্রজেক্ট এলাকা বিবেচনা করে বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা নির্ধারণ করা হয়েছে যেটি ওয়ার্ড ভিত্তিক বিবেচনায় সম্পূর্ণ পৌরসভার জন্য ভিন্ন হতে পারে। এই কারনে ১৪ নং অধ্যায় এর বছর ভিত্তিক ক্রমবর্ধমান চাহিদা এই সারণি হতে ভিন্ন হতে পারে।*

১০.৯ নির্মাণ নিয়ন্ত্রণ এবং ভূমি ব্যবহার প্রস্তাবনা

নির্মান নিয়ন্ত্রণ নগর পরিকল্পনার একটু গুরুত্বপূর্ণ কার্যক্রম। নির্মান নিয়ন্ত্রণ করতে ভূমি ব্যবহার অনুমোদনের জন্য সুনির্দিষ্ট পন্থা অবলম্বন করতে হয়। এক্ষেত্রে প্রথম শর্ত হলো অনুমোদিত ভূমি ব্যবহার পরিকল্পনা অনুসারে ভূমির ব্যবহারের ছাড়পত্র গ্রহণ এবং পরবর্তীতে ভবনের নকশার অনুমোদন। নক্সা অনুমোদনের জন্য নির্দিষ্ট কিছু বিধি বিধান রয়েছে।

ভূমি ব্যবহার জোনিং এর মাধ্যমে মহাপরিকল্পনা এলাকাকে বিভিন্ন জোনে বিভক্ত করা হয় উপযুক্ত পরিবেশ তৈরি করার মাধ্যমে। বাংলাদেশে ভূমির এরকম জোনিং মহাপরিকল্পনা/ভূমি ব্যবহার পরিকল্পনা/আরবান এরিয়া প্ল্যান প্রভৃতির সাথে অন্তর্ভূক্ত করে করা হয়ে থাকে। ভবনের নকশা অনুমোদনের জন্য পৌরসভায় দাখিলের পূর্বে একজন আবেদনকারীকে তার প্রস্তাবিত ভবনটির প্রত্যাশিত ভূমি ব্যবহারের অনুমোদন করতে হবে। ভূমি ব্যবহার ছাড়পত্রের জন্য আবেদনকারীর ভবনের সম্ভাব্য ব্যবহার অবশ্যই অনুমোদিত ভূমি ব্যবহার পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ভূমি ব্যবহার জোনিং ভূমির বিভিন্ন অংশে অনুমোদিত এবং অননুমোদিত কর্মকান্ডের সীমা নির্ধারণ করে দেয়। ভূমির জোনিং একটি আইনসিদ্ধ পন্থা যার মাধ্যমে পৌরসভা নিম্নলিখিত বিষয়গুলো নিয়ন্ত্রণ করতে পারেঃ

১। ভবনের উচ্চতা
২। ভূমির কতটুকু অংশ খালি থাকবে
৩। ভবনের ব্যবহার এবং পরিব্যাপন

জোনিং তিন ধরণের হয়ে থাকেঃ

এলাকার জোনিং (Area Zoning)

এর মাধ্যমে একটি এলাকাকে সুবিধাজনক ভূমি ব্যবহারে বিভক্ত করা হয়। যার ফলে বিভিন্ন পরিবেশগত এবং সামাজিক সুবিধা পাওয়া যায়।

জন ঘনত্বের জোনিং (Density Zoning)

এর মূল লক্ষ্য হচ্ছে কোন এলাকার জনঘনত্ব নিয়ন্ত্রণ করা। সুবিধাজনক জনঘনত্ব নির্ণয় করার সময় বিভিন্ন নাগরিক সেবার সীমাবদ্ধতা, যানবাহনের ঘনত্ব প্রভৃতি বিবেচনায় আনা হয়। এরকম জোনিং সাধারণত স্বাস্থ্যকর আবাসন নিশ্চিত করার উদ্দেশ্যে করা হয়ে থাকে। উন্নয়নের বর্তমান এবং ভবিষ্যৎ গতিধারা বিবেচনা করে পরামর্শকগণ পৌরসভার জন্য সমন্বিত ভূমি এলাকার জোনিং এর প্রস্তাব প্রদান করেছেন। প্রস্তাবিত নতুন আবাসিক এলাকাগুলো উচ্চ, মধ্যম ও নিম্ন ঘনত্বের মধ্যে বিভক্ত করা হয়। এর উদ্দেশ্যে বিদ্যমান অবকাঠামোর উপর চাপ হ্রাস করা।

উচ্চতার জোনিং (Height Zoning)

এই জোনিং এর মাধ্যমে একটি নির্দিষ্ট এলাকায় ভবনের উচ্চতা সীমাবদ্ধ করা হয়। কোনও এলাকার সুষ্ঠ বিকাশ নিশ্চিতকরণই এর লক্ষ্য। বিমানবন্দরের আশেপাশের এলাকায় বিমানের উড্ডয়ন ও অবতরণের পথে এই উচ্চতার জোনিং বিশেষভাবে গুরুত্ব বহন করে।

জোনিং উন্নয়ন নিয়ন্ত্রণের একটি অংশমাত্র। একজন নাগরিক, উন্নয়ন কর্মকান্ডে পৌরসভা অন্যান্য আইনকানুন যথা; ইস্ট বেঙ্গল বিল্ডিং কন্সট্রাকশন অ্যাক্ট ১৯৫২ এর অধীন ভবন নির্মাণ বিধিমালা, ১৯৯৬, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ১৯৯৩ এবং নির্মাণের সঠিক পদ্ধতিসমূহ, ভবনের নিরাপত্তা ও অন্যান্য বিষয়সমূহের প্রতি দৃষ্টি দিতে বাধ্য থাকবেন।

তবে, পৌরসভার জন্য ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর পরিবর্তে ঢাকা ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮ অনুসরণ করা উচিত।

১০.৯.১ ভবিষ্যৎ ভূমি ব্যবহার শ্রেণি বিভাজন

অনুমোদিত TOC এর প্রয়োজনীয়তাগুলো পূরণের জন্য ভবিষ্যতে ভূমি ব্যবহার (ল্যান্ড ইউজ জোনিং) এর পদবী প্রয়োজন। এই (ক) সেক্টরাল প্রকল্পসমূহ, (খ) বাস্তবায়নের অর্থ এবং তথ্যের জন্য কল করে (গ) দায়িত্বশীল কর্তৃপক্ষ, এটি স্থায়ী কমিটির সিদ্ধান্তের সাথে সঙ্গতিপূর্ণ (পৌরসভা আইন ২০০৯) শহুরে ব্যবস্থাপনা ও পরিসেবার দায়িত্বগুলো নিম্নরূপঃ

সারণি ১০-৪: নগর পরিচালনা এবং সেবা প্রদানের দায়িত্ব অনুসারে স্ট্যান্ডিং কমিটির মতামতসমূহ

ক্রমিক নং	খাত	কার্যক্রম	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ
১.	পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রণ	- কৌশলগত কাঠামো পরিকল্পনা - আঞ্চলিক এবং স্থানীয় পরিকল্পনা - বিভিন্ন খাতের ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা/মহাপরিকল্পনা ইত্যাদি	- পৌরসভা - পৌরসভা - পৌরসভা
২.	পানি, পয়ঃনিষ্কাশন ও ড্রেনেজ	- পানি সরবরাহ - ড্রেনেজ - বন্যা নিয়ন্ত্রণ	- পৌরসভা - পৌরসভা - পাউবো/পৌরসভা
৩.	অন্যান্য নাগরিক সেবাসমূহ	- বিদ্যুৎ - গ্যাস - টেলিকম	- বিপিডিবি, আরইবি, ডেসকো - বিটিসিএল
৪.	সড়ক ও যোগাযোগ	- প্রধান সড়ক - অন্যান্য সড়ক - সড়কবাতি - যানবাহন ব্যবস্থাপনা - যানবাহন নিয়ন্ত্রণ - বাস টার্মিনাল, রেল, জল/ আকাশপথ	- পৌরসভা/সওজ -পৌরসভা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর - পৌরসভা - পৌরসভা/পুলিশ - পুলিশ - বিআরটিসি/রেলওয়ে কর্তৃপক্ষ/ বিআইডব্লিউটিএ/বেসামরিক বিমান চলাচল/অন্যান্য
৫.	পৌর সেবাসমূহ	- বর্জ্য ব্যবস্থাপনা - সড়ক পরিষ্কারকরণ - বাজার - কসাইখানা - উদ্যান	- পৌরসভা - পৌরসভা - পৌরসভা - পৌরসভা - পৌরসভা
৬.	প্রতিরক্ষা সেবাসমূহ	- পুলিশ - অগ্নিনির্বাপণ	- পুলিশ/পৌরসভা - বেসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা
৭.	আবাসন ও ভূমি উন্নয়ন পরিকল্পনা	- সরকারি স্থাপনা - উচ্চবিত্তের আবাসন ও ভূমি উন্নয়ন - নিম্নবিত্তের আবাসন ও ভূমি উন্নয়ন/ বস্তি উন্নয়ন - শিল্প ও বাণিজ্যিক এলাকা স্থাপন/ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন	- গণপূর্ত অধিদপ্তর - ব্যক্তিগত উদ্যোগ - পৌরসভা/এনজিও/অন্যান্য পৌরসভা/ ব্যক্তিগত উদ্যোগ - বিসিক/বেপজা - পৌরসভা/ ব্যক্তিগত উদ্যোগ/ অন্যান্য - এডিসি (ভূমি অধিগ্রহণ)/সিএলএসি
৮.	সামাজিক সেবা, শিক্ষা ও সংস্কৃতি	- প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরী শিক্ষা - পাঠাগার - প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র - হাসপাতাল - সমাজকল্যাণ - জনশিক্ষা/পয়ঃনিষ্কাশন - স্বাস্থ্যকেন্দ্র	- শিক্ষা অধিদপ্তর - পৌরসভা - কারিগরী শিক্ষা অধিদপ্তর - পৌরসভা - পৌরসভা - জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ পৌরসভা - ডিএসডব্লিউ/ পৌরসভা - পৌরসভা - পৌরসভা

১০.৯.২ প্রস্তাবিত ভূমি ব্যবহার

নিম্নলিখিত বৃহত্তর জমি ব্যবহারের শ্রেণিবিন্যাস বর্তমান মাস্টার প্ল্যানের অধীনে প্রস্তাবিত।

ক) আবাসিক
খ) মিশ্র এবং বাণিজ্যিক ব্যবহার
গ) শিল্প
ঘ) জনসাধারণের ব্যবহার (প্রশাসনিক, শিক্ষামূলক, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, উপযোগ পরিষেবা, প্রতিরক্ষা ও সুরক্ষা, নাগরিক সুবিধা, উন্মুক্ত স্থান)
ঙ) সংরক্ষণ (জলাশয়, ঐতিহাসিক ও পর্যটন স্থান, কৃষিজমি)

রিপোর্টের পরবর্তী অংশে, প্রস্তাবিত ভূমি ব্যবহারসমূহে অনুমোদিত এবং শর্তসাপেক্ষে ব্যবহার অনুমোদন বর্ণিত হয়েছে। এই তালিকায় কোন ভূমি ব্যবহার জোনিং এর অধীনে কোন নির্দিষ্ট ভূমি ব্যবহার অন্তর্ভূক্ত না থাকলে তা ঐ ব্যবহার অঞ্চলের ক্ষেত্রে নিষিদ্ধ বলে ধরা হবে এবং এক্ষেত্রে সেই ব্যবহারটি কেবলমাত্র যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্মাণ করা যাবে। এক্ষেত্রে এই ব্যবহারসমূহ নতুন ব্যবহাররূপে পরিগণিত হবে।


সারণি ১০-৫: প্রস্তাবিত ভূমি ব্যবহার

ভূমি ব্যবহার	আয়তন (একর)	আয়তন (বর্গ কি.মি.)	শতকরা
রাস্তাঘাট	৬৯৯.৫৯	২.৮৩	১০.৫২
বাণিজ্যিক	৫৯.০৩	০.২৪	০.৮৯
নাগরিক সেবা	২৮.০৫	০.১১	০.৪২
শিক্ষা ও গবেষণা	১৩৯.৯৩	০.৫৭	২.১০
সরকারি অফিস	১৩০.৩৩	০.৫৩	১.৯৬
স্বাস্থ্য সেবা	১২.৮৫	০.০৫	০.১৯
শিল্প	৫২.৭২	০.২১	০.৭৯
মিশ্র ব্যবহার	৩৮২.৭২	১.৫৫	৫.৭৬
উন্মুক্ত এবং বিনোদন এলাকা	১৮৯.৪৬	০.৭৭	২.৮৫
আবাসিক	৩৬৩০.৭৮	১৪.৬৯	৫৪.৬২
সীমাবদ্ধ যাতায়াত এলাকা	৩০.৫২	০.১২	০.৪৬
যোগাযোগ এবং যানবাহন	১৩.১৪	০.০৫	০.২০
ভবিষ্যৎ নগরায়ন এলাকা	৮০১.৯৯	৩.২৫	১২.০৬
অত্যাবশ্যকীয় সেবা	৭.৬২	০.০৩	০.১১
জলাধার	৪৬৯.০৭	১.৯০	৭.০৬
সর্বমোট	**৬৬৪৭.৭৯**	**২৬.৯০**	**১০০.০০**

মানচিত্র ১০-২ তে প্রস্তাবিত ভূমি ব্যবহার দেখানো হয়েছে।

মানচিত্র ১০-২ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত সাধারন ভূমি ব্যবহার

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Proposed Landuse
- Commercial
- Community Facilities
- Education and Research
- Government Office
- Health Facilities
- Industrial
- Mixed Use
- Open Space & Recreation
- Residential
- Restricted
- Transport & Communication
- Urban Deferred
- Utility Services
- Waterbody
- Circulation Network

ক. আবাসন

সমস্ত আরবান এরিয়া প্ল্যান এলাকার ৩৬৩০.৭৮ তথা (১৪৬৯.৩৩ হেক্টর) ৫৪.৬২% এলাকা আবাসিক হিসেবে প্রস্তাবিত হয়েছে। উচ্চবিত্ত, নিম্নবিত্ত ও মধ্যবিত্তের আবাসন এবং পুনর্বাসন এলাকা এই ভূমি ব্যবহারের অধীনে উন্নয়ন প্রস্তাব হিসেবে প্রস্তাব করা হয়েছে। সরকারি ও বেসরকারি খাতের মাধ্যমে আবাসন ব্যবস্থা গড়ে তোলার জন্য সুপারিশ করা হয়েছে। এই আবাসিক এলাকায় সকল ভবিষ্যৎ আবাসন, সরকারি আবাসন, হোটেল এবং বর্তমান আবাসন অন্তর্ভূক্ত হবে।

বর্তমানে বিভিন্ন সরকারি কর্মচারী নিবাসগুলো এখানে সরকারি আবাসনরূপে পরিগণিত হয়েছে। ইবিবিসি আইন ১৯৫২ অনুসারে এধরণের আবাসন স্থাপনকালে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। সুতরাং, সরকারি আবাসন স্থাপনকালেও পৌরসভার অনুমোদন নিতে হবে। আবাসন এলাকাসমূহে প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য অন্যান্য কিছু ভূমি ব্যবহার সামান্য পরিমাণে অনুমোদিত হবে।

এই ভূমি ব্যবহার এলাকায় ***সারণি ১০-৬*** অনুসারে আবাসিক ব্যবহারসমূহ অনুমোদিত হবে।

খ. মিশ্র ও বাণিজ্যিক ব্যবহার

মিশ্র এলাকা দু'ধরণের; অফিস ও ব্যবসা। বাণিজ্যিক অফিস এলাকা এমন ধরণের বাণিজ্যিক এলাকা যেখানে মূলত বাণিজ্যিক অফিসের কার্যক্রম প্রাধান্য পাবে। এখানে অন্যান্য প্রয়োজনীয় বাণিজ্যিক ব্যবহার সমূহও থাকতে পারে। এধরণের এলাকায় বৃহদাকার ভবন থাকে এবং তাই এখানে অভিগম্যতা নিশ্চিত করার পাশাপাশি পার্কিং-এর ব্যবস্থা থাকতে হবে। বর্তমান এবং ভবিষ্যতের সম্ভাব্য বাণিজ্যিক এলাকায় বাণিজ্যিক ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে। অন্য বাণিজ্যিক ভূমি ব্যবহারটিতে পাইকারি, খুচরা এবং স্থলবন্দর প্রভৃতি অন্তর্ভূক্ত। মূলত বর্তমান বাজার এলাকা এবং ভবিষ্যতের বাণিজ্যিক ব্যবহারের জন্য উপযুক্ত এলাকাই এই ভূমি ব্যবহারের অধীনে রাখা হয়েছে। এই ভূমি ব্যবহারে ২০৩৭ সাল পর্যন্ত ৪৪১.৭৫ একর (মিশ্র ৩৮২.৭২ একর এবং বাণিজ্যিক৫৯.০৩ একর) এলাকা রাখা হয়েছে। বাণিজ্যিক এলাকায় সাধারণত পাইকারী এবং খুচরা বিক্রয় হয়ে থাকে। এই ভূমি ব্যবহারের অধীনে আছে প্রধানত বাজার এবং, দোকানপাট। এই জোনের মোট আয়তন ৫৯.০৩ একর(০.৮৯%)। এই জোনে ***সারণি ১০-৬*** তে বর্ণিত ভূমি ব্যবহার বিশিষ্ট ইমারত অনুমোদন করা যাবে।


ঘ. শিল্প এলাকা

এই এলাকায় আশেপাশের ভূমি ব্যবহারের উপর খারাপ প্রভাব না ফেলে ভারি ও হালকা শিল্প স্থাপনের জন্য ভূমি প্রস্তাব করা হয়েছে। শিল্প এলাকা কমলা এবং লাল এই দুই শ্রেণিতে বিভক্ত করা হয়েছে।

বর্তমান শিল্প এলাকা যেমন ইপিজেড, বিসিক শিল্প এলাকা এবং ভবিষ্যৎ সম্ভাব্য শিল্প এলাকাতে এই ভূমি ব্যবহার প্রস্তাব করা হয়েছে। এই ভূমি ব্যবহারের অধীনে ভবিষ্যতের জন্য বর্তমান শিল্প এলাকার চারদিকে প্রস্তাবিত অর্থনৈতিক এলাকা, হাই-টেক পার্ক, সোলার পার্ক প্রভৃতি প্রস্তাব রাখা হয়েছে। মহাপরিকল্পনা এলাকার ০.৭৯% তথা ৫২.৭২ একর এলাকা জুড়ে শিল্প এলাকার প্রস্তাবনা দেয়া হয়েছে। বিধি অনুসারে সবুজ শ্রেণির শিল্প কারখানা আবাসিক যেকোন এলাকাতে অবস্থিত হতে পারে। কমলা এবং লাল শ্রেণির শিল্পাঞ্চলের জন্য বিভিন্ন সহায়ক শিল্প এবং অ-শিল্প ভূমি ব্যবহার স্থাপনের অনুমোদন এখানে দেওয়া হবে। একইসাথে এখানে শর্তসাপেক্ষে কিছু অন্যান্য ভূমি ব্যবহারকে অনুমোদন দেওয়া হবে যা ***সারণি ১০-৬*** এ দেওয়া আছে।

মানচিত্র ১০-৩ : লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহার

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Major Proposal
- Housing Estate
- Orphanage
- Resedence for Poor
- Sweeper's Colony

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium


Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Specific Landuse
- Housing for Poor
- Housing for Poor/Orphanage
- Sweeper's Colony

Proposed Landuse
- Residential

মানচিত্র ১০-৪ : লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত মিশ্র (আবাসিক ও বাণিজ্যিক) ভূমি-ব্যবহার

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND


Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Landuse
- Mixed Use

মানচিত্র ১০-৫ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত শিল্প-কারখানা ভূমি ব্যবহার

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Specific Landuse
- BISCIC
- BSCIC Extension
- Industry

Proposed Landuse
- Industrial

ঙ. সরকারি ভূমি ব্যবহার


এই ভুমি ব্যবহারের মধ্যে সরকারি পর্যায়ে প্রদত্ত সকল প্রকার শিক্ষা, স্বাস্থ্য সুবিধা, রাস্তা সহ যাবতীয় যাতায়াত সুবিধা, অত্যবশকীয় সেবা সুবিধা রয়েছে। এই খাতে সর্বমোট ভূমি ধরা হয়েছে ১২২০.৯৭ একর যা মোট এলাকার ১৮.৩৭%। এই জোনে ***সারণি ১০-৬*** এর তালিকা অনুযায়ী শর্ত ছাড়া এবং শর্ত সম্বলিত ইমারত অনুমাদন দেয়া যাবে।

চ. সংরক্ষণ এলাকা

সংরক্ষণ এলাকার মধ্যে আছে, মাঠ, পার্ক, জলাশয়, কৃষি ভূমি, ঐতিহাসিক স্থান, নিরাপত্তা এলাকা প্রভৃতি। রহমতখালী খাল সহ জল ভিত্তিক বিনোদন এলাকা এই জোনের আওতায় রাখা হয়েছে। জাতীয় এবং আঞ্চলিক মহাসড়কের উভয় পাশে ২০০ মিটার স্থান সংরক্ষণ করতে বলা হয়েছে। এই স্থানগুলো বৃক্ষ দ্বারা আচ্ছাদিত করে রাখতে হবে। সংরক্ষণ এলাকার মোট আয়তন নির্ধারণ করা হয়েছে ১৩০১.৫৮ একর বা ১৯.৫৮%। বিদ্যমান ৪৬৯.০৭ একর জলাশয় সংরক্ষণের প্রস্তাব করা হচ্ছে। এটি জরুরী অবস্থায় পানি সরবরাহের উৎস হিসাবে কাজ করবে, অন্যদিকে বর্ষায় পানি ধরে রেখে বন্যার প্রকোপ থেকে রক্ষা করবে।

মানচিত্র ১০-৬ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত নাগরিক সুবিধা ভূমি ব্যবহার

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND


Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Landuse
- Circulation Network
- Community Facilities
- Education and Research
- Government Office
- Health Facilities
- Transport & Communication
- Utility Services

মানচিত্র ১০-৭ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত সংরক্ষিত ভূমি ব্যবহার

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Landuse
- Open Space & Recreation
- Restricted
- Urban Deferred
- Waterbody

১০.৯.৩ ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়নে নীতি

বাংলাদেশে ভূমি ব্যবহার জোনিং এর জন্য আলাদা কোন নীতিমালা নাই। ভূমি ব্যবহার জোনিং মহাপরিকলনার একটা অংশ। মহাপরিকল্পনায় পরিকল্পিত এলাকার জন্য ভূমি ব্যবহার জোনিং এর আলাদা একটা অধ্যায় থাকে যা মহাপরিকল্পনার অংশ। অতএব, মহাপরিকল্পনার মতো ভূমি ব্যবহার পরিকল্পনা একটি আইনি দলিল যা ব্যবহৃত হয় ভবন নির্মাণে আনুমোদনের জন্য।

বাংলাদেশ ইমারত নির্মাণ বিধিমালা ১৯৫২ এর ধারা ৩ক(১) এবং (২) "জমির অনুপযোগী ব্যবহার বা ভবন নির্মাণ নিষিদ্ধ" অনুসারে,

(১) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার পূর্ববর্তী অনুমতি ব্যতিত কোন ভবনের মালিক বা ভবনের দখলকারী ভবনটির ব্যবহারের যে অনুমোদন দেয়া আছে তা পরিবর্তন করতে পারবে না।

(২) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যদি এই ব্যপারে সন্তুষ্ট হয় যে ভবনটির/ জমিটির বর্তমান যে ব্যবহার রয়েছে তা মহাপরিকল্পায় নির্ধারিত ভূমি ব্যবহারের অনুরূপ নয় সেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সরাসরি ভূমির মালিক, দখলকারী অথবা যিনি ভবন/জমিটির দায়িত্বে আছেন তাকে লিখিত পত্র দিবেন যে জমি/ ভবনটির বর্তমান ব্যবহার যেন আর না বাড়ানো হয়, এইক্ষেত্রে ভবন ভাঙ্গার জন্য ও বলতে পারেন।

উপরের দুই ধারার ভিত্তিতে পৌরসভার মহাপরিকল্পনায় ভূমি ব্যবহার পরিকল্পনা একটি আইনি এবং প্রয়োগযোগ্য নথি। গেজেট নোটিফিকেশনের মাধ্যমে সরকারি অনুমোদন পাওয়ার পরে মহাপরিকল্পনাটি আইনসিদ্ধ হয়ে যাবে এবং তা প্রয়োগ করবে পৌরসভা।

১০.৯.৩.১ বিভিন্ন ব্যবহার অঞ্চলের জন্য ভূমি ব্যবহার নীতিমালা

ভূমি ব্যবহার পরিকল্পনা করা হয় যাতে করে ভূমি ব্যবহারটাকে নিয়ন্ত্রণ করা যায়। অর্থাৎ, যত্রতত্র সব জায়গায় সব কিছুর জন্য অনুমোদন দেয়া যাবে না। ভূমি ব্যবহার নীতিমালায় কিছু নিয়ম ঠিক করে দেয়া আছে যাতে বলা আছে কোন ভূমি ব্যবহারকে নির্দিষ্ট কোন ভূমি ব্যবহারে অনুমোদন দেয়া যাবে কিছু শর্ত সাপেক্ষে, কিছু ভূমি ব্যবহারের ক্ষেত্রে পর্যালোচনা করা জরুরী, আর কোন ভূমি ব্যবহারের ক্ষেত্রে বিনা শর্তে অনুমোদন দেয়া যাবে।

লক্ষ্মীপুর পৌরসভার জন্য বিভিন্ন ভূমি ব্যবহার শ্রেণির অধীনে অনুমোদিত এবং শর্তসাপেক্ষে অনুমোদিত ভূমি ব্যবহারসমূহ নিম্নে সংক্ষিপ্ত আকারে দেওয়া হল।

সারণি ১০-৬: বিভিন্ন ভূমি ব্যবহারের অনুমোদিত এবং শর্ত সাপেক্ষে অনুমোদিত ব্যবহার

ভূমি ব্যবহার	আবাসিক	বাণিজ্যিক	শিল্প (কমলা শ্রেণি)	শিল্প (লাল শ্রেণি)	সংরক্ষণ এলাকা	নাগরিক সেবা
কৃষি ও গো-চারণ ভূমি	অ	অ	অ	অ	অ	অ
মৎস্য চাষ	অ	অ	অ	অ	অ	অ
ইটভাটা	ন	ন	ন	ন	শ	ন
গোরস্থান	শ	ন	শ	শ	অ	ন
সিনেমা হল	ন	অ	ন	ন	ন	শ
ক্লিনিক	শ	অ	অ	শ	ন	শ
ক্লাব	শ	অ	শ	ন	ন	শ
কলেজ ও বিশ্ববিদ্যালয়	শ	শ	ন	ন	শ	শ
বসতবাড়ি (খামার)	অ	ন	ন	ন	অ	ন
বসতবাড়ি (ক্ষুদ্র আবাসন)	অ	ন	শ	ন	অ	ন
বসতবাড়ি (একক ও যৌথ পরিবার)	অ	ন	ন	ন	ন	শ

ভূমি ব্যবহার	আবাসিক	বাণিজ্যিক	শিল্প (কমলা শ্রেণি)	শিল্প (লাল শ্রেণি)	সংরক্ষণ এলাকা	নাগরিক সেবা
বন্যা নিয়ন্ত্রণ অবকাঠামো	অ	অ	অ	অ	অ	অ
হাসপাতাল (লাশকাটা ঘর সহ)	ন	শ	ন	ন	শ	ন
গেস্ট হাউজ ও হোটেল	ন	অ	ন	ন	ন	শ
হোটেল (আন্তর্জাতিক মানের)	ন	অ	ন	ন	ন	শ
শিল্প (কমলা 'ক' শ্রেণি)	ন	শ	অ	শ	ন	শ
শিল্প (কমলা 'খ' শ্রেণি)	ন	ন	অ	শ	ন	ন
শিল্প (লাল শ্রেণি)	ন	ন	ন	অ	ন	ন
প্রতিষ্ঠান	শ	অ	অ	ন	ন	অ
বৃহৎ উন্নয়ন কর্মকান্ড	শ	শ	শ	শ	শ	অ
অফিস	শ	অ	শ	শ	ন	অ
পার্কিং (বাণিজ্যিক)	শ	অ	অ	অ	ন	অ
পেট্রল স্টেশন	ন	অ	অ	অ	ন	অ
নাগরিক সেবা ভবনসমূহ	শ	অ	অ	অ	ন	অ
উন্মুক্ত বিনোদন এলাকা	অ	অ	অ	ন	অ	শ
ধর্মীয় উপাসনালয়	অ	অ	অ	শ	অ	অ
বৃহৎ মেরামতকারী প্রতিষ্ঠান	ন	অ	অ	অ	ন	ন
ক্ষুদ্র মেরামতকারী প্রতিষ্ঠান	শ	অ	অ	অ	ন	শ
খুচরা দোকান ও রেস্টুরেন্ট	শ	অ	শ	শ	ন	অ
ব্যক্তিগত বিদ্যালয়	অ	শ	ন	ন	ন	শ
সরকারি ও ধর্মীয় বিদ্যালয়	অ	শ	ন	ন	ন	শ
বিপনীবিতান/বৃহৎ বাজার	ন	অ	ন	ন	ন	ন
স্টেডিয়াম	ন	শ	ন	ন	ন	ন
বাস টার্মিনাল/রেল স্টেশন	ন	অ	ন	ন	ন	ন
বাণিজ্যিক কেন্দ্র	ন	অ	ন	ন	ন	ন
নাগরিক সেবা ভবন	শ	শ	শ	শ	শ	শ
গুদাম ও বিতরণ এলাকা	ন	অ	অ	অ	ন	ন
স্যানিটারি ল্যান্ডফিল সাইট	ন	ন	শ	অ	শ	শ

**** অ= অনুমোদিত ব্যবহার; শ= শর্তসাপেক্ষ ব্যবহার; প= পরিকল্পনা বিবেচনা প্রয়োজন; ন= অননুমোদিত*

পরিবেশ অধিদপ্তরের নিয়মানুসারে, শিল্প কারখানাকে সবুজ, কমলা 'ক', কমলা 'খ' এবং লাল শ্রেণিতে বিভক্ত করা হয়েছে।

যেকোন বড় প্রকল্প/ পরিকল্পনার ক্ষেত্রে পরিবেশগত বিষয় খুবই গুরুত্বপূর্ণ যেহেতু তা পরিবেশের উপর প্রভাব ফেলতে পারে। আইন মতে ১০ তলার চেয়ে উচ্চ ভবনের জন্য পরিবেশগত ছাড়পত্র লাগবে।

ইন্ডাস্ট্রির ধরণ, প্রকল্প এলাকা এবং পরিবেশের উপর তার প্রভাবের ভিত্তিতে পরিবেশ অধিদপ্তর নিম্নের কয়েকটি ভাগে বিভক্ত করেছেঃ

১. সবুজ
২. কমলা ক
৩. কমলা খ
৪. লাল

পরিবেশগত ছাড়পত্রের জন্য নিম্নের কাগজপত্র গুলো প্রয়োজনঃ

সবুজ শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;
- কাঁচামালসহ উৎপন্ন দ্রব্যের প্রকৃত বিবরণ;
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;

কমলা 'ক' শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;
- কাঁচামালসহ উৎপন্ন দ্রব্যের প্রকৃত বিবরণ;
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
- প্রসেস ফ্লো ডায়াগ্রাম;
- লেআউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত) এবং বর্জ্য নির্গমন ব্যবস্থা;
- পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে);
- প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে);

কমলা 'খ' শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন;
- পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan-EMP) প্রতিবেদন, যার সাথে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রসেস ফ্লো ডায়াগ্রাম, লেআউট প্ল্যান (বর্জ্য পরিশোধনাগারের অবস্থান নির্দেশিত), বর্জ্য পরিশোধনাগার (Effluent Treatment Plant-ETP) এর নকশাসহ এর কার্যকারিতা সম্পর্কিত তথ্যাদি সংযুক্ত থাকবে (কেবল বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য);
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
- পরিবেশগত বিরূপ প্রতিক্রিয়া সংক্রান্ত জরুরী পরিকল্পনাসহ দূষণের প্রকোপ হ্রাসকরণ পরিকল্পনা;

লাল শ্রেণি

- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন;
- প্রাথমিক পরিবেশগত সমীক্ষা প্রতিবেদন (Initial Environmental Examination)
- স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
- পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan-EMP) প্রতিবেদন;
- জরুরী অবস্থার পরিকল্পনা;
- লেআউট প্ল্যান;
- পুনঃস্থাপন, পুনর্বাসন পরিকল্পনার রূপরেখা (প্রযোজ্য ক্ষেত্রে);
- প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে);

১০.১০ ভূমি ব্যবহারের খাতভিত্তিক উন্নয়ন প্রস্তাবনা

রিপোর্টের এই অংশে ভবিষ্যৎ ও উন্নয়ন ভূমি ব্যবহার হবে। বিভিন্ন ভূমি ব্যবহার খাতের মাধ্যমে উন্নয়ন উভয়কেই পরিপূর্ণতা প্রদান করে। নিম্নবর্ণিত ১৫ টি ভূমি ব্যবহার খাতে মূলত উন্নয়ন হবে।

১। আবাসিক
২। বাণিজ্যিক
৩। মিশ্র ব্যবহার
৪। শিল্প

৫। শিক্ষা
৬। স্বাস্থ্য
৭। প্রশাসনিক
৮। যাতায়াত ও পরিবহন
৯। নাগরিক সেবা
১০। অত্যাবশকীয় সার্ভিস
১১। উন্মুক্ত স্থান ও চিত্তবিনোদন
১২। জলাশয়
১৩। আরবান ডেফার্ড

পৌরসভার জনসাধারণের মধ্যে ভূমি ব্যবহারের শ্রেণি বিন্যাস নিয়ে একটি সাধারণ ধারণা বিদ্যমান। কিন্তু ভূমি ব্যবহার সম্পর্কিত এই ধারণা এর গুরুত্ব এবং পরিণতি সম্পর্কে সম্পূর্ণ ধারণা প্রদান করে না। বেশিরভাগ সময়েই মানুষজন একটি নির্দিষ্ট ভূমি ব্যবহার এবং এর সীমানা সম্পর্কে বিভ্রান্ত থাকে। সাধারণত ভূমি ব্যবহার একটি স্থানের ভৌগলিক ব্যবহারকে সুরক্ষা প্রদান করে যাতে তা একে অপরের সাথে সুসংগত হয় এবং অর্থনৈতিক সমৃদ্ধিকে এগিয়ে নিয়ে যায়।

বিভিন্ন খাতের ভূমি ব্যবহারের অবস্থান নির্বাচনের যৌক্তিকতা সাধারণভাবে নিম্নরূপঃ

- ব্যবহার অনুসারে ভৌগলিকে এলাকা নির্ধারণ, যাতে একটি অন্যটির সাথে অধিক্রমণ (Overlap) করতে না পারে;
- একটি ব্যবহারের অন্তর্ভূক্ত সেবা আরেকটি ব্যবহারের উপর প্রভাব বিস্তার করতে পারে যার ফলস্বরূপ অন্যান্য সুবিধাদির চাহিদা তৈরি হবে;
- পরিবেশগত বৈশিষ্টের পার্থক্য অনুসারে মানুষের স্বস্তি, পছন্দ এবং অপছন্দের বৈচিত্র্য সৃষ্টি হয়;
- প্রকৃতিগতভাবে ভূমি ব্যবহার কার্যসমূহ আলাদাভাবে নির্দেশিত হতে চায়;
- একটি নির্দিষ্ট সময়সীমায় একটি এলাকার ও তার প্রভাব এলাকার নির্দিষ্ট কাজ সহজেই পর্যবেক্ষণ করা যায়;
- বিভিন্ন ভূমি ব্যবহারের বৈশিষ্ট্য অনুসারে এর সক্ষমতা বিচার করা সুবিধাজনক হয়;
- এর ফলে একটি নির্দিষ্ট ভূমি ব্যবহারকে এর নিজের এবং আশেপাশের অবস্থা অনুসারে সমন্বিত করা সহায়ক হয়;
- ভিন্ন ভিন্ন বৈশিষ্টের কারণে ভূমি ব্যবহার সমূহের ভিন্ন ভিন্ন ফলাফলের উপর ভিত্তি করে প্রকল্প গ্রহণ সহজতর হয়;
- মতবিনিময় সভা, জনসাধারণের মতামত, পাবলিক হিয়ারিং প্রভৃতির মাধ্যমে গৃহীত মানুষের চাহিদা সমূহ অন্তর্ভুক্ত করা সহজতর হয়। সুতরাং বলা যায় যে; ভূমি ব্যবহারের প্রতি তাদের মানসিক প্রবৃত্তি অনুসারে বিভিন্ন ভূমি ব্যবহারের অবস্থান যথা আবাসিক, বাণিজ্যিক, পরিবহন প্রভৃতি নির্ণয়ের পন্থা মহাপরিকল্পনার একটি প্রয়োজনীয় উপাদান।
- ভূমি ব্যবহারের আকার এবং বিন্যাস মানুষের ইচ্ছার উপর গভীরভাবে নির্ভরশীল। কৌশলগতভাবে যেকোন প্রস্তাবনা এর গুরুত্ব ও ফলাফলের উপর ভিত্তি করে আলোচনা ও মিথস্ক্রিয়ার মাধ্যমে নির্ধারিত হয়।

রিপোর্টের পরবর্তী অংশে বিভিন্ন খাতে বরাদ্দকৃত ভূমি মৌজা, ওয়ার্ড এবং ভূমির পরিমাণের সাথে বর্ণিত হয়েছে।

১০.১০.১ আবাসন খাত

আবাসিক ভূমি ব্যবহার পৌরসভার একটি গুরুত্বপূর্ণ ব্যবহার যা বিশেষ নজরদারির দাবি রাখে। পরিকল্পনাবিহীন আবাসিক উন্নয়ন ভূমি ব্যবহারের বৈশিষ্ট্য নষ্ট করে এবং ভবিষ্যতে এর শুদ্ধি প্রায় অসম্ভব করে তোলে।

লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত আবাসিক ভূমি ব্যবহারের মধ্যে রয়েছেঃ

ক. কম জনঘনত্বসম্পন্ন উচ্চবিত্তের আবাসিক এলাকা

খ. মধ্যম জনঘনত্বসম্পন্ন মধ্যবিত্তের আবাসিক এলাকা

গ. উচ্চ জনঘনত্বসম্পন্ন নিম্নবিত্তের আবাসিক এলাকা

ঘ. পুনর্বাসন এলাকা

ঘনত্বের ধারনা নেয়া হয় যেন মানুষ তাদের বাসস্থান সীমিত এবং নিয়ন্ত্রণে রাখে। বাসযোগ্য বাসস্থানের জন্য এটা নিয়ন্ত্রণ করা খুবই জরুরী।

ক. কম জনঘনত্বসম্পন্ন উচ্চবিত্তের আবাসিক এলাকা

কম জনঘনত্বসম্পন্ন এলাকা পরিবেশগত ভাবে নিরাপদ কিন্তু ব্যয়বহুল। এখানে এলাকা সীমিত জনঘনত্বসম্পন্ন হবে এবং প্রতি একরে ৫০-১০০ মানুষ বাস করবে। আসলে পৌরসভার উচ্চবিত্তের লোকজন এখানে বসবাস করবে। এটা ধারনা করা যায় যে এই এলাকায় বসবাসের জন্য সকল ধরণের সুযোগসুবিধা দেয়া হবে। অবশ্যই এলাকা হবে কম ঘনত্ব সম্পন্ন।

খ. মধ্যম জনঘনত্বসম্পন্ন মধ্যবিত্তের আবাসিক এলাকা

একই ভাবে মধ্যম জনঘনত্বসম্পন্ন এলাকা হবে যেখানে প্রতি একরে ১০০-১৫০ জন লোক বসবাস করবে। পৌরসভায় কিছু মধ্যম আয়ের লোকজনের বসতি স্বতঃস্ফূর্ত ভাবে গড়ে উঠেছে, কিন্তু যখন উন্নয়ন বাড়বে তখন এই এলাকা যথেষ্ট হবে না তাছাড়া লোকজনের ভালভাবে বসবাস করার জন্য ও এলাকা বৃদ্ধি করা প্রয়োজন।

গ. উচ্চ জনঘনত্বসম্পন্ন নিম্নবিত্তের আবাসিক এলাকা

যে এলাকায় নিম্ন আয়ের লোকজন বসবাস করে এবং এখানে আল্প জায়গায় অনেক বেশি লোক বসবাস করে। উচ্চ ঘনত্বের পরিসর হল ১৫০ জন/একর এর বেশি।

মূলত নিম্নবিত্তের আবাসনের জন্য এই এলাকা নির্দিষ্ট করা হয়েছে; যেখানে জনঘনত্ব অনেক বেশি হবে। যদিও শহরে ভূমির তীব্র অভাব রয়েছে তথাপি এটা অনেক কঠিন হবে। অবস্থা অনুসারে এলাকার সীমানা এবং ঘনত্ব পরিবর্তন হতে পারে।

ঘ. পুনর্বাসন এলাকা

উন্নয়ন কর্মকান্ডের জন্য জমি প্রয়োজন যার জন্য কিছু পরিবারকে হয়ত উচ্ছেদ করার প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। মহাপরিকল্পনায় তাদেরকে পুনর্বাসনের ব্যবস্থা করা আবশ্যক। এজন্য ৫০ একর এলাকা পুনর্বাসনের জন্য হিসাব করা হয়েছে, কিন্তু আপাতত ৩০ একর জায়গা নির্ধারণ করা হয়েছে।

সারণি ১০-৭: আবাসিক খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান

খাতভিত্তিক প্রস্তাবনা	অবস্থান	আয়তন (একর)
আবাসিক	সব ওয়ার্ড	৩৫৯২.৭৮
দরিদ্রদের জন্য আবাসন	ওয়ার্ড নং ১১	১৯.২০
দরিদ্র/ইয়াতিমদের জন্য আবাসন	ওয়ার্ড নং ১৫	৪.২৭
পুনর্বাসন/আবাসিক কলোনি	ওয়ার্ড নং ১৫, লাহরকান্দি	১২.৮৪
সুইপার কলোনি	ওয়ার্ড নং ১৫	১.৬৮
মোট		**৩৬৩০.৭৮**

১০.১০.২ বাণিজ্যিক খাত

ব্যবসা-বাণিজ্য একটি শহরের বিকাশের জন্য খুবই গুরুত্বপূর্ণ। বাণিজ্যিক ভূমি ব্যবহার নিম্নোক্ত চার ভাগে বিভক্ত করা হয়েছেঃ

১। খুচরা বাণিজ্য এলাকা
২। পাইকারী বাণিজ্য এলাকা
৩। পশু বাজার
৪। বিপণি বিতান

যদিও প্রত্যেকটা স্থানীয় নগরকেন্দ্রে একটা করে কাঁচা বাজার থাকবে। কেন্দ্রগুলোর অবস্থান প্রশাসন খাতে দেখানো হয়েছে।

ক) খুচরা বাণিজ্য এলাকা

খুচরা এবং পাইকারি বাজারের জন্য লক্ষ্মীপুর বিখ্যাত। এই এলাকার প্রধান বাজারগুলোর মধ্যে আছে, পৌর মার্কেট, লক্ষ্মীপুর বাজার, জকসিন বাজার, ঝুমুর বাজার, উত্তর তেমুহনি বাজার।

প্রত্যেকটা স্থানীয় নগরকেন্দ্রে একটা করে কাঁচা বাজার রাখার প্রস্তাবনা দেয়া হয়েছে যা ঐ এলাকার কাঁচা বাজারের চাহিদা মিটাবে।

খ) পাইকারী বাণিজ্য এলাকা

লক্ষ্মীপুর পাইকারী বাণিজ্যের জন্য বিখ্যাত নয় যদিও এর যথেষ্ট সম্ভাবনা রয়েছে। এই এলাকা দিয়ে চলে যাওয়া হাইওয়ে এই সম্ভাবনা তৈরী করেছে। যোগাযোগ ব্যবস্থা ও রাস্তাঘাটের উন্নয়ন করলে এই সম্ভাবনা আরো বাড়বে।

পরামর্শক ওয়ার্ড নং-১১ এবং ওয়ার্ড নং-১৫ তে দুটি পাইকারী বাজারের প্রস্তাব করেছে। এ জন্য সর্বমোট ৭.৩৯ একর জমি প্রয়োজন হবে। এগুলোতে গুদাম এবং মাল ওঠা নামার ব্যবস্থা থাকবে।

গ) পশু বাজার

বর্তমান গরুর হাট যেখানে রয়েছে সেখানেই গরুর বাজারের প্রস্তাবনা দেয়া হচ্ছে। তবে এখানে কশাইখানা সহ প্রয়োজনীয় সুযোগ সুবিধার ব্যবস্থা রাখতে হবে।

ঘ) বিপণি বিতান

লক্ষ্মীপুর পৌরসভায় আধুনিক সুযোগসুবিধা সমৃদ্ধ কোন বিপণি কেন্দ্র নাই। পৌরসভার এবং আশেপাশের বাসিন্দাদের ছোট দোকান এবং রাস্তার পাশের মার্কেট উপর নির্ভর করতে হয়। পরামর্শক 'Land Readjustment' পদ্ধতির মাধ্যমে পরিকল্পিত বিপণি কেন্দ্র তৈরীর প্রস্তাব করছে।

দুটি বিপণি বিতানের প্রস্তাব করা হয়েছে, একটি পৌরসভা অফিসের জায়গায় এবং অন্যটি হকার্স মার্কেটে। এজন্য মোট ৫৯.০৩ একর জায়গা প্রয়োজন হবে।


সারণি ১০-৮: বাণিজ্যিক খাতের প্রস্তাবনা সমূহের অবস্থান

খাতভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড/ ইউনিয়ন	প্রস্তাবিত ভূমির পরিমান	মন্তব্য
খুচরা দোকান	সব ওয়ার্ড	৪৮.৬০	
খুচরা বাজার	ওয়ার্ড নং ১১	০.০৮	
	সব ওয়ার্ড		প্রস্তাবিত ওয়ার্ড কেন্দ্রের মধ্যে
শপিং কমপ্লেক্স	ওয়ার্ড নং ০৫	০.৪৯	
গরুর বাজার	ওয়ার্ড নং ১৫	২.৪৮	

খাতভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড/ ইউনিয়ন	প্রস্তাবিত ভূমির পরিমান	মন্তব্য
পাইকারি বাজার	ওয়ার্ড নং ১১	৪.৮৬	
	ওয়ার্ড নং ১৫	২.৫২	
কশাইখানা	ওয়ার্ড নং. ০৭, ১১ এবং ১৫		
মোট		**৫৯.০৩**	

মানচিত্র ১০-৮ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত বাণিজ্যিক খাত (খুচরা বাজার এলাকা)

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Landuse
- Commercial

Major Proposal
- Commercial Zone
- Slaughter House
- Town Center 2
- Kitchen Market
- Wholesale Market

১০.১০.৩ শিল্প খাত

বর্তমান সময়ে শিল্প খাতের উন্নয়ন ছাড়া অর্থনীতি কল্পনা করা যায় না। লক্ষ্মীপুরে বর্তমানে সামান্য কিছু মাঝারি এবং ক্ষুদ্র শিল্প আছে, যেমন, রাইস মিল, মৎস্য শিল্প এবং কিছু মাঝারি শিল্প রয়েছে বিসিক শিল্প এলাকায়। শিল্প বিকাশে পরামর্শকরা নিম্ন বর্ণিত প্রস্তাবনা দিচ্ছেন:

১। বিসিক শিল্প এলাকা সমস্প্রসারণ(গার্মেন্টস, সয়াবিন, চমড়া এবং অন্যান্য)
২। বাণিজ্যিক/শিল্প জোন তৈরী(চাল কল, মাছ প্রক্রিয়াকরণ, কৃষি ভিত্তিক পণ্য উৎপাদন)
৩। আই টি পার্ক ও সোলার পার্ক নির্মাণ
৪। ক্ষুদ্র/হস্ত শিল্প স্থাপন (গৃহ ভিত্তিক খাদ্য সরবরাহ, হস্ত শিল্প)

শিল্প কারখানা তৈরি করতে অনুকূল নীতিমালা তৈরি করা জরুরী যার ভিতর যেসব সুযোগসুবিধা গুলো থাকবে তা হলো সহজে প্রবেশযোগ্য, মাল বোঝাই এবং মাল খালাস করার জায়গা, মজুদ করার সুবিধা, বিদ্যুৎ সরবরাহ, বর্জ্য নিয়ন্ত্রণ ইত্যাদি।

ক) বিসিক শিল্প এলাকা সম্প্রসারণ

পরামর্শক বর্তমান বিসিক শিল্প এলাকা সম্প্রসারণের প্রস্তাব করছে। এখানে চাল কল, মাছ প্রক্রিয়াকরণ, জুতা শিল্প, সয়াবিন প্রক্রিয়াকরণ এবং স্থানীয় কাঁচামাল দিয়ে কৃষি ভিত্তিক পণ্য উৎপাদন করা যেতে পারে। বিসিক শিল্প এলাকাকে আরো ১৬.৫৩ একর নিয়ে সম্প্রসারণ করা যায়।

খ) বাণিজ্যিক/শিল্প জোন তৈরী

পরামর্শক ওয়ার্ড নং-১৩ তে ১০ একর এলাকা নিয়ে একটি বাণিজ্যিক/শিল্প জোন তৈরীর প্রস্তাব করছে। এখানে কৃষি ভিত্তিক পন্য যেমন, চাল কল, মাছ প্রক্রিয়াকরণ, কৃষি ভিত্তিক পণ্য উৎপাদন বিক্রয় করা যেতে পারে। এই জোন এলাকায় প্রচুর কর্মসংস্থান করতে পারবে।

গ) আই টি ও সোলার পার্ক

আই টি পার্কের উদ্দেশ্য দুটিঃ

১। দেশীয় প্রযুক্তিগত জ্ঞানের প্রয়োগ করে স্থানীয় আই টি শিল্পের প্রসার
২। সর্বোৎকৃষ্ট মানের প্রযুক্তিপণ্য উৎপাদন করে বিদেশে বিনিয়োগ করা

এ ছাড়া এখানে প্রশিক্ষণ প্রতিষ্ঠান তৈরী করে দক্ষ আই টি জনবল তৈরী করা যাবে।

ওয়ার্ড নং-০৩ এ একটি যৌথ আই টি ও সোলার পার্ক তৈরীর প্রস্তাব করা হচ্ছে। এর ফলে সস্তায় জ্বালনী সরবরাহ করা যা দরিদ্র শ্রেণির জন্য।

ঘ) ক্ষুদ্র/হস্ত শিল্প এলাকা স্থাপন

এর দুটি প্রধান লক্ষ্য আছে,

১। ঐতিহ্য মন্ডিত হস্ত শিল্প স্থাপন করে সস্তায় পণ্য সরবরাহ করে যেতে পারে। এতে স্থানীয় অর্থনীতি সমৃদ্ধ হবে;
২। কর্মসংস্থান হবে, বিশেষত দরিদ্য শ্রেণি কাজ পাবে এবং দারিদ্র্য মোচন ত্বরান্বিত হবে।

ক্ষুদ্র/হস্ত শিল্প এলাকা স্থাপনের জন্য ওয়ার্ড-১২ তে ৫২.৭২ একর ধরে রাখা হয়েছে।

সারণি ১০-৯: শিল্প খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান

খাতভিত্তিক প্রস্তাব	ওয়ার্ড/ ইউনিয়ন	আয়তন (একর)
বিসিক শিল্প এলাকা (বিদ্যমান)	ওয়ার্ড নং ০৩	১৩.৬০
বিসিক শিল্প এলাকা (সম্প্রসারণ)	ওয়ার্ড নং ০৩	১৬.৫৩
শিল্প/বাণিজ্য	ওয়ার্ড নং ১৩	৯.৯৪
শিল্প	ওয়ার্ড নং ১২	৬.২৮
আই টি ও সোলার পার্ক	ওয়ার্ড নং ০৩	৪.৪৮
ক্ষুদ্র/হস্ত শিল্প এলাকা	ওয়ার্ড নং ০৮	১.৮৯
মোট		৫২.৭২

১০.১০.৪ শিক্ষা খাত

লক্ষ্মীপুরে কিছু ঐতিহ্য মন্ডিত শিক্ষা প্রতিষ্ঠান আছে, যেমন, সুপরিচিত পুরাতন স্কুল এবং কলেজ, যেগুলো তাদের শিক্ষাসেবার জন্য সুপরিচিত। লক্ষ্মীপুর সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ এ অঞ্চলে সুপরিচিত। এ ছাড়া ছাত্র এবং ছাত্রীদের জন্য পৃথক যথাক্রমে 'লক্ষ্মীপুর কলেজ' এবং 'লক্ষ্মীপুর মহিলা কলেজ' আছে। পরামর্শকরা শিক্ষাখাতে সুযোগসুবিধা বাড়ানোর জন্য নিম্নোক্ত প্রস্তাবনা গুলো দিয়েছেন।

ক) কলেজ

ভবিষ্যৎ চাহিদার উপর ভিত্তি করে একটি কলেজের প্রস্তাব করা হয়েছে ওয়ার্ড নং-১ এ, মজুপুর বাজারের কাছে।

খ) কৃষি বিশ্ববিদ্যালয়/কলেজ/ইন্সটিটিউট

যেহেতু লক্ষ্মীপুর এবং তার আশেপাশের অঞ্চলে প্রচুর পরিমানে কৃষি জমি আছে এবং লোকদের মূল পেশা কৃষিকাজ। একটি কৃষি বিশ্ববিদ্যালয় এই শহরের জন্য খুবই উপযুক্ত। এটা আশেপাশের অঞ্চলগুলোর ছাত্রছাত্রীরা এখানে পড়তে আসবে এবং তা স্থানীয় কৃষি প্রযুক্তির উন্নয়ন করবে একই সাথে তা কৃষির উৎপাদন বৃদ্ধি করবে।

গ) সাধারণ বিশ্ববিদ্যালয়

নোয়াখালী, চাঁদপুর অঞ্চলে কোন সাধারণ বিশ্ববিদ্যালয় নাই। এটি স্থাপনের জন্য লক্ষ্মীপুর আদর্শ স্থান। এই বিশ্ববিদ্যালয়ে এই অঞ্চলের ছাত্র/ছাত্রীরা পড়াশোনা করতে পারবে, ফলে আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে শিক্ষার উন্নয়ন ঘটবে। সাধারণ বিশ্ববিদ্যালয় ওয়ার্ড নং-৪ এ যুব উন্নয়ন কেন্দ্রের পাশে স্থাপন করা যেতে পারে।

ঘ) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

লক্ষ্মীপুর অঞ্চলে প্রযুক্তিগত জ্ঞান বিকাশের জন্য একটি প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন অতি প্রয়োজন। এটি ওয়ার্ড নং-১৪ এ তাহের মার্কেটের পাশে স্থাপন করা যেতে পারে।

ঙ) মেডিক্যাল কলেজ

একটি মেডিক্যাল কলেজ স্থাপন এই অঞ্চলের একটি দীর্ঘ দিনের দাবী। এটি স্থাপন করলে শুধু স্বাস্থ্য সেবার জন্য ডাক্তারই তৈরী হবে না, এই অঞ্চলে স্বাস্থ্য সেবারও বিকাশ ঘটবে। মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য সদর হাসপাতাল সংলগ্ন এলাকা নির্বাচন করা হয়েছে। এটি খোয়া সাগর দীঘির পাশেও প্রতিষ্ঠা করা যেতে পারে।

চ) স্কুল এবং কলেজ

একটি স্কুল কাম কলেজ স্থাপন করা যেতে পারে ওয়ার্ড নং-২ এ মেয়র এর বাড়ির কাছে। বর্তমানে এখানে পুলিশ লাইন স্কুল এবং কলেজ আছে।

ছ) অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান

এছাড়াও পরামর্শক ৬টি প্রাইমারি স্কুল এবং ২টি বহুমুখী (প্রাইমারি এবং হাই উভয়) স্কুল স্থাপনের প্রস্তাব করছে। দুটি স্কুলের একটি হবে ওয়ার্ড নং-৬ এবং ওয়ার্ড নং-১ এ। আটটি নতুন হাই স্কুল প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে দুটি হবে বহুমুখী। স্কুলগুলো হবে ওয়ার্ড নং ১, ৩, ১০, ১১, ১৪, ১৫ এবং টুমচর এলাকায়। বর্তমান স্কুলগুলোতে শিক্ষা ব্যবস্থা উন্নয়নের সুপারিশ করা হচ্ছে।

লক্ষ্মীপুর পৌরসভার জন্য একটি মাদ্রাসা এবং এতিমখানা প্রস্তাব করা হচ্ছে। এগুলো হবে যথাক্রমে ওয়ার্ড নং-১৪ এবং ১৫ তে। এই ভূমি ব্যবহারের আওতায় প্রায় ১৩৯.৯৩ একর ভূমি প্রস্তাব করা হয়েছে।

সারণি ১০-১০: শিক্ষা খাতের প্রস্তাবনাসমূহের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ ও অবস্থান


প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	প্রস্তাবিত ভূমির পরিমান (একর)
কলেজ	০১	৬.৫৮
	১৩	১.৮৭
বালিকা হাই স্কুল	১৩	১.৯৬
	০১	৫.৭৪
	০৩	৩.৬৩
বালক হাই স্কুল	১০	২.৩০
	১৩	০.৭৫
	১৪	৫.০৪
	১৫	৬.১০
প্রাইমারি কাম হাই স্কুল	১১	৫.৭১
মাদ্রাসা	১৪	৩.৬৫
মেডিক্যাল কলেজ	১৪	৮.৬৪
কৃষি কলেজ	০৯	১০.১৩
প্রাইমারি স্কুল	১৫	০.৪৩
প্রাইমারি স্কুল ও মাঠ	০৬	০.৬৭
	১৪	২.৫৬
স্কুল ও কলেজ	০২	২.৫১
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	১৪	১৪.৬৬
সাধারণ বিশ্ববিদ্যালয়	০৪	৬.৯০
মোট		৮৯.৮৩

১০.১০.৫ স্বাস্থ্য সেবা

প্রকল্প এলাকার বর্তমান এবং ভবিষ্যৎ অবস্থা বিশ্লেষণ করে দুইটা নগর স্বাস্থ্য কেন্দ্র/ কমিউনিটি ক্লিনিক প্রস্তাবনা করা হয়েছে ওয়ার্ড নং-১ এবং ওয়ার্ড নং-১১ তে। এলাকা দুটি প্রধান নগর এলাকা থেকে দূরে এবং বঞ্চিত । প্রতিটির জন্য কম পক্ষে ১ একর জমি প্রয়োজন হবে। প্রতিটি ওয়ার্ডে একটি করে নগরকেন্দ্র প্রতিষ্ঠা করে প্রতিটাতেই মা স্বাস্থ্য এবং প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা দেয়া যেতে পারে। এ ছাড়া প্রতিটি বস্তিতে স্বাস্থ্য সেবা প্রদানের সুপারিশ করা হচ্ছে। এগুলোর সার্বিক তত্ত্বাবধানে থাকবে ওয়ার্ডের কাউন্সিলর। স্বাস্থ্য বোর জন্য মোট ১২.৮৫ একর ভূমি প্রস্তাব করা হয়েছে।

মানচিত্র ১০-৯ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত শিক্ষা খাত

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Landuse
- Education and Research

Proposed Education
- C College
- H High School
- X High School & Primary School
- M Madrasa
- Md Medical College
- Md Medical College/ Agriculture Institute
- B Orphanage
- P Primary School
- Sc School & College
- T Technological University
- U University

১০.১০.৬ প্রশাসনিক খাত

পরিকল্পনায় প্রশাসনিক ভূমি ব্যবহারে প্রত্যেক ওয়ার্ডে একটা করে স্থানীয় নগর কেন্দ্র তৈরি করার চিন্তা করা হয়েছে যেখানে সব ধরনের স্থানীয় সুবিধাগুলো থাকবে এবং পৌরসভার বিকেন্দ্রীকরণ হবে।

(i) স্থানীয় নগর কেন্দ্র

স্থানীয় নিত্যদিনের প্রয়োজনীয় এবং কিছু উচ্চ পর্যায়ের সুযোগ সুবিধা এখানে দেয়া হবে। সর্বমোট ১৬টি নগর কেন্দ্র হবে। ১৪টি হবে ১৪ টি ওয়ার্ডে এবং দুটি হবে ১৫ নং ওয়ার্ডে। প্রতিটির আয়তন হবে ১ একর করে। এগুলো স্থানীয় প্রয়োজন মেটাবে, প্রত্যহিক প্রয়োজনে দুরে যেতে হবে না।

(ii) টাউন সেন্টার

বর্তমান পৌরসভা অফিস ওয়ার্ড নং-৬ এ অবস্থিত। এটি শহরের টাউন সেন্টার হিসাবে কাজ করবে।

(iii) পুলিশ বক্স

পরামর্শক পৌরসভার জনগণের নিরাপত্তার জন্য ওয়ার্ড নং- ১ এ একটি পুলিশ বক্স স্থাপনের প্রস্তাব করছে। তবে প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ড সেন্টারের অংশ হিসাবে একটি করে পুলিশ বক্স স্থাপনের প্রস্তাব করা হয়েছে।

স্থানীয় নগর কেন্দ্র থেকে নিম্নোক্ত সেবাগুলো দেয়া হবে

- কাউন্সিলর অফিস
- পরিবার কল্যাণ কেন্দ্র (শিশু চিকিৎসাকেন্দ্র, বার্ধক্যজনিত রোগের চিকিৎসাকেন্দ্র, রোগনির্ণয় কেন্দ্র)
- নার্সিং হোম এবং ঔষধালয়
- মানসিক প্রতিবন্ধীদের বিদ্যালয়
- পুলিশ চৌকি
- সামাজিক বিনোদন ক্লাব,
- সামাজিক সাংস্কৃতিক কেন্দ্র (মিলনায়তন, গানবাজনা, উপাসনার স্থান)
- বিদ্যুৎ উপকেন্দ্র (সৌর বা নবায়নযোগ্য শক্তি থেকে বিদ্যুৎ সরবরাহ)
- কাঁচা বাজার
- সামাজিক উদ্যান ও খেলার মাঠ
- খেলাধুলা সম্পর্কিত সামাজিক ক্লাব
- কেন্দ্রের দৈনন্দিন কাজের তদারকির জন্য এর প্রতিনিধিদের কর্মকান্ড পরিচালনার জন্য অফিস।

প্রশাসনিক খাতে সর্বমোট ১৩০.৩৩ একর ভূমি প্রস্তাব করা হয়েছে


সারণি ১০-১১: প্রকল্প এলাকার স্থানীয় নগরকেন্দ্র সমূহের অবস্থান

স্থাপনা	আয়তন(একর)	ওয়ার্ড নং	অবস্থান
পুলিশ বক্স	০০.৪৫	০১	হেফজখানা ও মসজিদের কাছে
		সব ওয়ার্ড	প্রস্তাবিত ওয়ার্ড সেন্টার
টাউন সেন্টার-১	১.০৫	০১	বিদ্যমান পৌর ভবন
টাউন সেন্টার-২	১.০৫	০১	সরকারি শিশু সদনের পশ্চিমে
ওয়ার্ড সেন্টার	০.১৩	০১	সরকারি শিশু সদনের পশ্চিমে , টাউন সেন্টার-২
	২.১৭	০২	হাফিজ মুজিবুল হক রোডের পশ্চিমে
	৮.৯৩	০৩	আইডিয়াল কলেজ রোড এবং মুক্তিযোদ্ধা তাহের সংযোগ সড়কের কাছে
	১.০৬	০৪	লক্ষ্মীপুর মহিলা কলেজের পশিাচসে এবং লক্ষ্মীপুর – ভোলা রোডের কাছে

স্থাপনা	আয়তন(একর)	ওয়ার্ড নং	অবস্থান
	০.৪২	০৫	রহমতখালী খাল এবং শাখারী পাড়া রোডের মাঝখানে
	০.৬৮	০৬	খাদেমুল কুরআন হাফিজিয়া মাদ্রাসার কাছে
	২.০৯	০৭	সরকারি সামাদ হাই স্কুলের দক্ষিণে
	৯.৮৭	০৮	মুজিবুল্লা রোডের উত্তর-পূর্বে
	০.৬৫	০৯	রজনিগন্ধা মহিলা উন্নয়ন সংস্থার দক্ষিণে
	৪.৬৫	১০	মটকা মসজিদের প্রায় ২৫০ মিটার দক্ষিণ-পূর্বে
	৫.৫২	১১	গ্রীন লিফ ফিলিং স্টেশনের প্রায় ২৫০ মিটার দক্ষিণে
	২১.১৭	১২	চেহাল বাড়ী রোডের দক্ষিণে
	১১.১৯	১৩	রাজিবপুর ইসলামিয়া মাদ্রসার প্রায় ২০০ মিটার দক্ষিণে
	৪.৬৮	১৪	ওয়াপদা খালের পুর্বে
	৯.৯৯	১৪	ওয়াপদা খালের পশ্চিমে
	২.৪০	১৫	লেংটা শাহ দরগার প্রায় ২০০ মিটার দক্ষিণে
	৫.৯৬	১৫	রায়পুর রোডের পশ্চিমে, গরু হাটের কাছে
মোট	৯২.৮৩		

মানচিত্র ১০-১০ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত প্রশাসনিক খাত

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Landuse
- Government Office

Proposed Administration
- Police Box
- Town Center 1
- Town Center 2
- Ward Center

১০.১০.৭ যাতায়াত এবং পরিবহন খাত

নগর এলাকার জন্য যাতায়াত এবং পরিবহন খাত খুবই গুরুত্বপূর্ণ। লক্ষ্মীপুর পৌরসভার সঙ্গে ঢাকা সহ আশেপাশের সকল অঞ্চলের সাথে যোগাযোগ ব্যবস্থা খুব ভালো। বন্দর নগরী চট্টগ্রামের সঙ্গে ভালো সংযোগ রয়েছে। মহাপরিকল্পনায় পরিবহন ভূমি ব্যবহার সুবিধাগুলোর মধ্যে বর্তমান বাস টার্মিনালের উন্নয়ন এবং নতুন বাস টার্মিনাল নির্মাণ, ট্রাক টার্মিনাল, নৌকা ঘাট ইত্যাদি করার প্রস্তাবনা দেয়া হয়েছে।

i) ***বাস টার্মিনাল***

লক্ষ্মীপুরে একটি আন্তঃনগর বাস টার্মিনাল আছে যা ওয়ার্ড নং ০৪ এ এই টার্মিনালটি ছোট এবং যথাযথ সুযোগসুবিধা নেই। এটার উন্নয়ন করা প্রয়োজন। রামগতি রোডে একটি নতুন বাস টার্মিনালের প্রস্তাব করা হয়েছে। এটি হবে ওয়ার্ড নং- ১২ তে মজিদ মাস্টার রোডের কাছে।

ii) ***ট্রাক টার্মিনাল ও মালামাল পরিবহন এলাকাঃ***

দেখা যায় যে ট্রাকগুলো রাস্তার পাশের পার্ক করা হয়। এতে রাস্তার কার্যকর প্রশস্থতা হ্রাস পায় এবং ট্রাফিক জ্যাম তৈরি করে। রাস্তার কার্যকর প্রশস্থতা যাতে যথাযথভাবে ব্যবহার করার জন্য মহাপরিকল্পনায় একটি ট্রাক টার্মিনাল ও মালামাল বোঝাই ও খালা এবং গুদামজাত করার জন্য ব্যবস্থার প্রস্তাবনা দেয়া হয়েছে। একটি মালামাল পরিবহন এলাকা তৈরি করা হবে যেখানে থাকবে মালামাল বোঝাই ও খালাস করার জায়গা, গুদাম, প্রশাসনিক ভবন এবং কন্টেইনার সুবিধা ইত্যাদি। ট্রাক টার্মিনাল ও মালামাল লোডিং আনলোডিং এর জন্য রামগতি রোডে নুরি গাছতলা এলাকায় স্থান নির্ধারণ করা হয়েছে।

iii) ***নৌকা ঘাট***

জলযান মালামাল পরিবহন করার জন্য নিরাপদ এবং সস্তা। লক্ষ্মীপুরে জল নির্ভর পরিবহন ব্যবস্থা করার যথেষ্ট সুযোগ রয়েছে। এখানে টুমচর/পিয়ারাপুর এলাকায় একটা নৌকাঘাট তৈরীর প্রস্তাব করা হচ্ছে।

iv) ***রেল স্টেশন***

যাত্রী বা মলামাল পরিবহনে রেল একটি সাশ্রয়ী মাধ্যম। পরামর্শক লক্ষ্মীপুরকে জাতীয় রেল ব্যবস্থার সঙ্গে যুক্ত করার প্রস্তাব করছে এবং একই সঙ্গে গরুর হাটের কাছে একটি রেল স্টেশন স্থাপনের প্রস্তাব করছে।

v) ***হেলি প্যাড***

জরুরী পরিস্থিতিতে অবতরণের জন্য ওয়ার্ড নং-১০ এ জিলা স্টেডিয়ামের পাশে একটি হেলি প্যাড স্থাপনের প্রস্তাব করা হচ্ছে।

vi) ***সিএনজি অটো টম টম স্ট্যান্ড***


উত্তর টুম চর এলাকায় সিএনজি/অটো/টম টম স্ট্যান্ড স্থাপনের প্রস্তাব করা হচ্ছে।

vii) ***রাস্তাঘাট***

রাস্তাঘাটের জন্য পরামর্শক সর্বমোট ৬৯৯.৫৯ একর প্রস্তাব করা হচ্ছে। বর্তমানে ১৯৪.৭২ একর রাস্তার জন্য ১৯৪.৭২ একর স্থান আছে।

মানচিত্র ১০-১১ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত পরিবহন খাত

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Transportation
- Bus/Auto Terminal
- CNG/Rickshaw Stand
- Helipad
- Passenger Shed
- Rail Station
- Rickshaw Stand
- Truck Terminal

Proposed Landuse
- Transport & Communication

১০.১০.৮ অত্যাবশ্যকীয় সেবা (Utility Services) খাত

অত্যাবশ্যকীয় সেবা খাত দৈনন্দিন জীবনযাত্রাকে সচল রাখতে সহায়তা করে। লক্ষ্মীপুরে উপযোগ সেবা এবং অন্যান্য সুযোগসুবিধার যথেষ্ট সীমাবদ্ধতা রয়েছে। এখানে ময়লা ফেলার জায়গা, বর্জ্য পানি শোধনাগার অনুপস্থিত। স্থানীয়দের কথা চিন্তা করে মহাপরিকল্পনায় অত্যাবশ্যকীয় সেবা সুবিধার জন্য ভূমির প্রস্তাবনা দেয়া হয়েছে।

(i) পানি শোধনাগার

এই শহরে ভূ-পৃষ্ঠস্থ পানি শোধনের জন্য কোন শোধনাগার নাই। তিনটি পানি সরবরাহ প্রকল্প আছে যা পানি শোধন করে শহরে সরবরাহ করে। কিন্তু সরবরাহকৃত পানি যথেষ্ট নয়। তাই রহমতখালী খালের পানি শোধন করে তা সরকরাহ করা যেতে পারে। এ জন্য একটি শোধনাগার প্রস্তাব করা হচ্ছে দক্ষিণে রামগতি রোডের পাশে। রহমতখালী খালের সঙ্গে মেঘনা নদীর সংযোগ রয়েছে।

(ii) বর্জ্য ডাম্পিং ও পুন:ব্যবহার

বর্তমানে লক্ষ্মীপুরে কোন স্যানিটারি ল্যান্ডফিল সাইট নাই। কিছু বর্জ্য ডোবায় ফেলা হয়, কিছু সাময়িক ভাবে নির্ধারিত স্থানে, যার অবস্থান ওয়ার্ড নং-১৫ এর দক্ষিণে। সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা শহরে নাই। ফলে অস্বাস্থ্যকর পরিবেশ তৈরী হচ্ছে। স্যানিটারি ল্যান্ডফিল সাইট এবং বর্জ্য এর পুনঃ ব্যবহার এই সমস্যার সমাধান করতে পারে।

(iii) বর্জ্য ট্রান্সফার স্টেশন


পরামর্শক শহরের প্রতি ওয়ার্ডে একটা করে বর্জ্য ট্রান্সফার স্টেশনের প্রস্তাব করছেন। এখান থেকে বর্জ্য সংগ্রহ করে চূড়ান্তভাবে স্যানিটারি ল্যান্ডফিল সাইটে ফেলা হবে।

(iv) ওভার হেড ট্যাংক

সর্বমোট ৭টি ওভারে হেড ট্যাংকের প্রস্তাব করা হয়েছে ওয়ার্ড নং ০২, ০৮, ১০, ১১, ১৩, ১৪ ও ১৫ তে। অত্যাবশকীয় সেবা সুবিধা হিসাবে সর্বমোট ৭.৬২ একর জমি প্রস্তাব করা হয়েছে। বিস্তারিত অধ্যায় ১২ তে বর্ণনা করা হয়েছে।

মানচিত্র ১০-১২ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত অত্যাবশ্যকীয় সেবা খাত

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Utility
- Dumping Ground
- Overhead Tank
- Public Toilet
- Shelter (Disaster)
- Waste Transfer Station
- Water Treatment Plant

Proposed Landuse
- Utility Services

১০.১০.৯ উন্মুক্ত স্থান ও বিনোদন

শহরের নাগরিকদের জন্য এগুলো হল বিশুদ্ধ বায়ু গ্রহণের স্থান। পর্যাপ্ত পরিমাণ উন্মুক্ত স্থান একটি শহরকে আরোও স্বাস্থ্যকর ও বিনোদনমূলক করে তোলে। মহাপরিকল্পনায় নগরের বাসিন্দাদের জন্য কিছু উন্মুক্ত স্থান এবং বিনোদন সুবিধাদি প্রস্তাব করা হয়েছে। এজন্য সর্বমোট ১৮৯.৪৮ একর ভূমি বরাদ্দ রাখা হয়েছে।

(i) রহমতখালী খাল এবং অন্যান্য খাল পাড় উন্নয়ন

অবসর সময়ে হাঁটা এবং বসার জন্য রহমতখালী খাল এলাকাকে সাজানো যেতে পারে। এটি আকর্ষণীয় জায়গা হতে পারে, যদি ফুটপাথ এবং খাল পাড়ে বসার ব্যবস্থা করা যায়। খালের উভয় পাশে ৫ ফুট প্রশস্ত হাঁটার পথ তৈরী, বসার বেঞ্চ এবং ফুল গাছ দিয়ে সাজানোর জন্য প্রস্তাব করা হচ্ছে।

(ii) ওয়াটার পার্ক

অনেক শহরেই বিনোদনের জন্য ব্যবস্থা আছে। এ ধরণের বিনোদন লক্ষ্মীপুরেও তৈরী করা যেতে পারে। শিশু, কিশোর, যুবক এবং বৃদ্ধদের জন্য বিভিন্ন ধরণের রাইডের ব্যবস্থা করা যেতে পারে। মহাপরিকল্পনায় ওয়ার্ড নং-১৫ তে ওয়াপদা খালের পাশে একটি বিনোদনমূলক ওয়াটার পার্ক তৈরীর প্রস্তাব করা হচ্ছে।

(iii) খেলার মাঠ

এগারটি নতুন খেলার মাঠের প্রস্তাব করা হয়েছে শহরের সকল শ্রেণির মানুষের বিনোদনের জন্য। এগুলো হবে ওয়ার্ড নং ০১, ০২, ০৪, ০৫, ০৮, ০৯, ১০, ১২, ১৩ ও ১৫ তে। পরামর্শক প্রতি ওয়ার্ডে অন্তত একটি খেলার মাঠের প্রস্তাব করছে।

(iv) পার্ক

এগারটি নতূন পার্কের প্রস্তাব করা হয়েছে শহরে। এগুলো হবে ওয়ার্ড নং ০১, ০২, ০৪, ০৫, ০৮, ০৯, ১০, ১২, ১৩, ১৪ ও ১৫ তে। পরামর্শক প্রতি ওয়ার্ডে অন্তত একটি পার্ক তৈরীর প্রস্তাব করছে।

(v) মুক্তমঞ্চ

জেলা স্টেডিয়ামের পাশে ওয়ার্ড নং ১০ এ একটি মুক্তমঞ্চ স্থাপনের প্রস্তাব করা হচ্ছে।

(vi) অন্যান্য

পর্যটক আকর্ষণের জন্য শহরে আকর্ষণীয় রেস্টুরেন্ট, নিয়মিত সংস্কৃতিক ও ধর্মীয় অনুষ্ঠান আয়োজন, সিনেপ্লেক্স ও থিয়েটার হল স্থাপন করা যেতে পারে।


সারণি ১০-১২: উনমুক্ত এলাকা এবং বিনোদন সুবিধার প্রস্তাব

প্রস্তাবিত সুবিধা	ওয়ার্ড নং	আয়তন (একর)
পার্ক	০১	০.৮৩
	০২	৩.১০
	০৩	৪.২৩
	০৪	৪.৬৮
	০৫	৩.৪৭
	০৯	৮.০৪
	১০	৫.০৩
	১১	৪.০৭
	১২	২.৯৭
	১৩	৮.৪৯
	১৫	১৩.০৭
খেলার মাঠ	০১	৩.২৭
	০৪	৫.১১
	০৫	১.৮১
	০৮	১.৬৪
	০৯	১.১২

প্রস্তাবিত সুবিধা	ওয়ার্ড নং	আয়তন (একর)
	১০	২.২৭
	১২	৪.০৩
	১৩	৪.৮৩
	১৪	৫.৯৪
	১৫	১.৭৪
	০২	২.৮২
মুক্তমঞ্চ	১০	০.৯৭

মানচিত্র ১০-১৩ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত বিনোদন খাত (খেলাধুলা আয়োজন এলাকা)

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Utility
- Amphetheater
- Park
- Playground
- Walkway

Proposed Landuse
- Utility Services

একাদশ অধ্যায় নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা

সূচিপত্র

১১.১ ভূমিকা---------- ১১-১
১১.২ লক্ষ্য ও উদ্দেশ্য---------- ১১-১
১১.৩ বিদ্যমান যোগাযোগ অবকাঠামো এবং সুযোগ-সুবিধা ---------- ১১-১
১১.৩.১ বিদ্যমান সড়ক ব্যবস্থার পর্যালোচনা এবং সড়কের শ্রেণি বিভাগ ---------- ১১-১
১১.৩.১.১ বিদ্যমান সড়ক ব্যবস্থা---------- ১১-১
১১.৩.১.২ সড়কের শ্রেণি বিভাগ---------- ১১-২
১১.৩.১.৩ আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়ক ---------- ১১-৩
১১.৪ স্থানীয় যাতায়াত ---------- ১১-৬
১১.৪.১ অযান্ত্রিক বাহন ---------- ১১-৬
১১.৪.২ সিএনজি চালিত অটো- রিকশা ও ইজি বাইক---------- ১১-৬
১১.৪.৩ পথচারী চলাচল---------- ১১-৮
১১.৪.৪ মালামাল পরিবহন ---------- ১১-৮
১১.৪.৫ নৌ পরিবহন ---------- ১১-৮
১১.৪.৬ বাস সার্ভিস ---------- ১১-৮
১১.৫ যানবাহনের ব্যাপকতা জরিপ ---------- ১১-৮
১১.৬ যানজট এবং যাতায়াতে বিলম্ব ---------- ১১-১০
১১.৭ সমস্যা---------- ১১-১২
১১.৮ ভবিষ্যৎ যানবাহন অভিক্ষেপ---------- ১১-১২
১১.৯ নীতি ও কৌশল---------- ১১-১২
১১.১০ যাতায়াত ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা ---------- ১১-১৪
১১.১০.১ সড়ক ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা---------- ১১-১৪
১১.১০.২ গুরুত্বপূর্ণ রাস্তা উন্নয়ন প্রস্তাব ---------- ১১-১৬
১১.১০.৩ বিদ্যমান রাস্তা উন্নয়ন ---------- ১১-১৯
১১.১০.৩.১ রাস্তা প্রশস্তকরণ----------১১-১৯
১১.১০.৩.২ নতুন রাস্তার প্রস্তাবনা ----------১১-১৯
১১.১০.৪ পরিবহন সেবা সুবিধা ---------- ১১-২৩
১১.১০.৪.১ প্রাইমারি সড়ক ---------- ১১-২৩
১১.১০.৪.২ সেকেন্ডারি সড়ক---------- ১১-২৪
১১.১০.৪.৩ কালেক্টর সড়ক বা টারশিয়ারি সড়ক---------- ১১-২৪

১১.১০.৪.৪ অ্যাকসেস সড়ক---------- ১১-২৫
১১.১০.৫ সড়ক সংশ্লিষ্ট অন্যান্য অবকাঠামো সুবিধা---------- ১১-২৬
১১.১০.৫.১ পার্কিং সুবিধা ---------- ১১-২৭
১১.১০.৫.২ যাত্রী ছাউনি---------- ১১-২৮
১১.১০.৫.৩ বাস ও ট্রাক টার্মিনাল---------- ১১-২৮
১১.১০.৫.৪ স্ট্যান্ড/বাস বে ---------- ১১-২৮
১১.১০.৫.৫ পথচারী চলাচল সুবিধা---------- ১১-২৮
১১.১০.৫.৬ নৌ ঘাট---------- ১১-২৯
১১.১০.৫.৭ বাইসাইকেল রুট---------- ১১-৩১
১১.১১ পরিবহন ব্যবস্থার ব্যবস্থাপনা কৌশল (TSM)---------- ১১-৩৩
১১.১১.১ সুবিধাদি ক্রিয়াকলাপের কৌশল ---------- ১১-৩৩
১১.১১.২ সুপারিশ ---------- ১১-৩৩
১১.১১.৩ ট্রাফিক ব্যবস্থাপনা কৌশল---------- ১১-৩৩
১১.১১.৩.১ টমটমের ব্যবস্থাপনা---------- ১১-৩৩
১১.১১.৩.২ নির্ধারিত কিছু এলাকায় ট্রাফিক ব্যবস্থাপনার প্রস্তাবনা---------- ১১-৩৩
১১.১১.৩.৩ নিরাপত্তা, সংকেত এবং পরিচালনাগত ঘাটতির সমাধান ---------- ১১-৩৪
১১.১১.৩.৪ যানবাহন নিয়ন্ত্রণ কৌশল – ট্রাফিক চিহ্নসমূহ---------- ১১-৩৪
১১.১১.৩.৫ ট্রাফিক সংকেতসমূহ---------- ১১-৩৪
১১.১১.৪ পরিবহন চাহিদার জন্য ব্যবস্থা---------- ১১-৩৫
১১.১১.৫ রাস্তার ধারণক্ষমতা কমানোর ঘাটতি---------- ১১-৩৫
১১.১২ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল ---------- ১১-৩৬
১১.১২.১ যানবাহন পরিকল্পনা বাস্তবায়ন বিধি ---------- ১১-৩৬
১১.১২.১.১ রাস্তা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ আইন---------- ১১-৩৬
১১.১২.২ প্রশিক্ষণ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার---------- ১১-৩৬
১১.১২.৩ পরিকল্পনা বাস্তবায়ন, মনিটরিং, মূল্যায়ন এবং সমন্বয় ---------- ১১-৩৭
১১.১২.৩.১ মূল্যায়ন---------- ১১-৩৭
১১.১২.৩.২ বাস্তবায়ন ---------- ১১-৩৭
১১.১২.৩.৩ সমন্বয় ---------- ১১-৩৭
১১.১২.৩.৪ মনিটরিং---------- ১১-৩৭
১১.১৩ যানবাহনের গতি হ্রাস ---------- ১১-৩৭
১১.১৩.১ গতি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ কৌশল---------- ১১-৩৭
১১.১৩.২ যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ করার পদক্ষেপসমূহ---------- ১১-৩৭
১১.১৩.২.১ উল্লম্ব প্রান্তিককরণ---------- ১১-৩৮
১১.১৩.২.২ অনুভূমিক স্থান পরিবর্তন---------- ১১-৩৮
১১.১৩.২.৩ রাস্তা সংকীর্ণকরণ---------- ১১-৩৮
১১.১৩.২.৪ রাস্তা বন্ধ করা ---------- ১১-৩৮
১১.১৩.৩ গ্রহণযোগ্য মাত্রায় যানবাহনের আয়তন ---------- ১১-৩৮
১১.১৪ উপসংহার---------- ১১-৩৮

একাদশ অধ্যায়
নগর পরিবহন উন্নয়ন পরিকল্পনা

১১.১ ভূমিকা


একাদশ অধ্যায়ে শহরের বিদ্যমান যাতায়াত সুবিধা এবং অবকাঠামো সম্পর্কে আলোচনা করা হয়েছে। লক্ষ্মীপুর পৌরসভা বিদ্যমান যাতায়াত সুবিধাদির বিশ্লেষণের পর ভবিষ্যৎ যাতায়াত সুবিধা, নিরাপত্তা এবং রাস্তার নকশা মানদণ্ড নিয়ে আলোচনা ও সুপারিশ প্রদান করা হয়েছে।

১১.২ লক্ষ্য ও উদ্দেশ্য

বর্তমান মহাপরিকল্পনার অন্যতম উদ্দেশ্য লক্ষ্মীপুর শহর এবং এর সংলগ্ন এলাকায় দক্ষ যাতায়াত ব্যবস্থা গড়ে তোলা। আরেকটি উদ্দেশ্য মহাসড়কে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করা এবং চলাচল দক্ষতা বৃদ্ধি করা। সব ধরণের রাস্তার কার্যকারিতা বৃদ্ধির জন্য বিদ্যমান রাস্তা মেরামত ও উন্নয়ন এবং প্রয়োজন অনুযায়ী নতুন রাস্তা নির্মাণের প্রস্তাব করা হয়েছে। যাতায়াত ও পরিবহন পরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্য ছয়টিঃ

১। রাস্তাকে যানজট মুক্ত করা।
২। বিভিন্ন ধরনের যানবাহন পৃথকীকরণ।
৩। পরিবহন ব্যবস্থায় সামাজিক ব্যয় হ্রাস করা।
৪। যথেষ্ট পার্কিং এর স্থান তৈরী করা।
৫। উপযুক্ত পরিবহন ব্যবস্থাপনা তৈরী করা।
৬। পথচারী এবং যানবাহন কর্মীদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি করা।
৭। যাতায়াতে নিরাপত্তা বৃদ্ধি করা।

বিদ্যমান রাস্তা সম্পর্কিত তথ্য



চিত্রলেখ ১১-১: ভৌত অবস্থা অনুসারে বিদ্যমান সড়ক নেটওয়ার্ক

- মোট সড়কের দৈর্ঘ্যঃ ৩০১.৫১ কি.মি.
- প্রাইমারি সড়ক ১১.৯৩ কি.মি. (৩.৯৬%)
- সেকেন্ডারি সড়ক ১৫.৪৮ কি.মি. (৫.১৩%)
- টারশিয়ারি/কালেক্টর সড়ক ৭৫.৪০ কি.মি. (২৫.০১%)

১১.৩ বিদ্যমান যোগাযোগ অবকাঠামো এবং সুযোগ-সুবিধা

১১.৩.১ বিদ্যমান সড়ক ব্যবস্থার পর্যালোচনা এবং সড়কের শ্রেণি বিভাগ

১১.৩.১.১ বিদ্যমান সড়ক ব্যবস্থা


পরিকল্পনা এলাকায় সম্পাদিত ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে, লক্ষ্মীপুর পৌরসভায় পাকা সড়কের পরিমান অন্যান্য সড়কের চেয়ে বেশি। এই পৌরসভায় মোট সড়ক আছে ৩০১.৫১ কি.মি. এর মধ্যে পাকা সড়ক আছে ১৪৩.৮০ কি.মি. (৪৭.৬৯%)। কাঁচা সড়কের পরিমান ১১১.৮৯ কি.মি. (৩৭.১১%) এবং সেমি পাকা সড়ক ৪৫.৮১ কি.মি.। অর্থাৎ মোট সড়কের প্রায় অর্ধেক পাকা। সবচেয়ে বেশি রাস্তা আছে ওয়ার্ড ১৫ তে যা প্রায় ৩৮ কি.মি.। সবচেয়ে কম রাস্তা আছে ওয়ার্ড ৬ এ।

১১.৩.১.২ সড়কের শ্রেণি বিভাগ

কাজের ভিত্তিতে সড়ককে সাধারণত চার ভাগে ভাগ করা হয়।

১। প্রাইমারি সড়ক (জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং চক্রাকার সড়ক)
২। সেকেন্ডারি সড়ক (জেলা সড়ক, উপজেলা সড়ক ও পৌরসভা মেইন সড়ক)
৩। কালেক্টর/টারশিয়ারি সড়ক
৪। প্রবেশ সড়ক বা স্থানীয় সড়ক।

প্রাইমারি সড়কের কাজ বিপুল যানবাহনকে দূরের গন্তব্যে পৌছে দেয়া। আবার একই ভাবে অন্য এলাকার বাহনকে অন্য কোন জায়গায় নিয়ে আসা। সেকেন্ডারি সড়ক প্রাইমারি সড়কের বাহন নিচের স্তরে পৌছে দেয় এবং নিচ থেকে যানবাহন প্রাইমারি সড়কে পৌছে দেয়। কালেক্টর/টারশিয়ারি সড়ক অ্যাকসেস সড়ক থেকে যানবাহন সেকেন্ডারি সড়কে এবং একইভাবে সেকেন্ডারি সড়ক থেকে যানবাহন অ্যাকসেস সড়কে পৌছে দেয়। অ্যাকসেস সড়কের কাজ ভবন থেকে যানবাহন সংগ্রহ করা এবং টারশিয়ারি সড়কে পৌছে দেয়া ।



চিত্রলেখ ১১-২: কার্যকারিতা অনুসারে বিদ্যমান রাস্তা

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

জরিপ থেকে দেখা যায় যে, লক্ষ্মীপুর পৌরসভায় অ্যাকসেস সড়কের পরিমান সবচেয়ে বেশি। এটি মোট সড়ক ব্যবস্থার ১৯৮.৭০ কি.মি. বা প্রায় ৬৬%। সেকেন্ডারি সড়ক আছে ৫.১৩%, প্রাইমারি সড়ক ৯.১২ % এবং টারশিয়ারি সড়ক আছে প্রায় ২৫.০০%।

সারণি ১১-১: কাজ অনুযায়ী ওয়ার্ড ভিত্তিক রাস্তার বিস্তরণ

ওয়ার্ড নং	সড়কের শ্রেণি বিভাগ				মোট
	অ্যাকসেস সড়ক	কালেক্টর/টারশিয়ারি সড়ক	সেকেন্ডারি সড়ক	প্রাইমারি সড়ক	
ওয়ার্ড নং-১	১২.৯৪	৪.২৭	২.৫৬	০.২১	১৯.৯৮
ওয়ার্ড নং-২	১০.৫০	৪.৮১	২.৩১	০.০০	১৭.৬১
ওয়ার্ড নং-৩	১২.০০	৭.০৫	০.৯৬	০.০০	২০.০১
ওয়ার্ড নং-৪.	১০.০২	৬.৩৯	০.০০	১.৯৮	১৮.৩৯
ওয়ার্ড নং-৫	৭.৫৬	৩.৪৭	০.৮৪	০.৮৫	১২.৭২
ওয়ার্ড নং-৬	১০.১৯	২.৩৭	১.১৩	১.৩৫	১৫.০৪
ওয়ার্ড নং-৭	১৩.৯২	৩.৪৪	২.৪১	০.০০	১৯.৭৬
ওয়ার্ড নং-৮	১১.০৪	২.৬৫	১.৮২	০.০০	১৫.৫১
ওয়ার্ড নং-৯	১৩.৫৭	৫.০৮	১.১২	০.০০	১৯.৭৮
ওয়ার্ড নং-১০	১৬.০১	৫.২৪	১.৪৬	০.৯১	২৩.৬২
ওয়ার্ড নং-১১	১৭.৯৯	৭.২৯	০.০০	২.৫৪	২৭.৮১
ওয়ার্ড নং-১২	১৮.৮৭	৬.৫৩	২.১৪	০.০০	২৭.৫৩
ওয়ার্ড নং-১৩	১০.৮৫	২.২৩	০.৩৯	০.০০	১৩.৪৭
ওয়ার্ড নং-১৪	১৩.৬৪	১০.০০	২.০০	০.৩২	২৫.৯৬
ওয়ার্ড নং-১৫	১৭.০৬	৩.৭১	১.১৯	৩.৪৫	২৫.৪১
মোট	**১৯৮.৭০**	**৭৫.৪০**	**১৫.৪৮**	**১১.৯৩**	**৩০১.৫১**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১১.৩.১.৩ আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়ক

লক্ষ্মীপুর পৌরসভার মধ্য দিয়ে চলে যাওয়া জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের মোট দৈর্ঘ্য ২৪.১৫ কি.মি। এর মধ্যে জাতীয় মহাসড়কের দৈর্ঘ্য ১.৫৯ কি.মি., আঞ্চলিক মহাসড়কের দৈর্ঘ্য ১৩.২৪ কি.মি. এবং জেলা সড়কের মোট দৈর্ঘ্য ৯.৩২ কি.মি.। আঞ্চলিক মহাসড়কের আইডি R140, R145 এবং R147। এগুলো হচ্ছে কুমিল্লা-লালমাই-চাঁদপুর-লক্ষ্মীপুর -বেগমগঞ্জ সড়ক, লক্ষ্মীপুর টাউন পুরাতন সড়ক, লক্ষ্মীপুর টাউন ব্রিজ-তেরোবাকি সড়ক। প্রায় ৯.৩২ কি.মি. জেলা সড়ক আছে। এগুলোর আইডি হচ্ছে, Z1405, Z1422, Z1463 এবং Z1510। বিস্তারিত ***সারণি ১১-২*** দ্রষ্টব্য।

সারণি ১১-২: লক্ষ্মীপুর পৌরসভায় জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের তালিকা

সড়কের ধরন	RHD ID	RHD নাম	দৈর্ঘ্য (কি.মি.)	ROW (মি.)	মোট দৈর্ঘ্য (কি.মি.)
জাতীয় মহাসড়ক	N809	বরিশাল-লাহেরহাট-ভেদুরিয়া-ভোলা-ইলিশা-মজু চৌধুরিহাট-লক্ষ্মীপুর সড়ক	১.৫৯	৬	১.৫৯
আঞ্চলিক মহাসড়ক	R140	কুমিল্লা-লালমাই-চাঁদপুর-লক্ষ্মীপুর-বেগমগঞ্জ সড়ক	৯.৫২	৫-১০	১৩.২৪
	R145	লক্ষ্মীপুর শহর পুরাতন অংশ	১.৫৪	৫-১০	
	R147	লক্ষ্মীপুর শহর সেতু-তেরোবাকি সড়ক	২.১৮	৩-৫	
জেলা সড়ক	Z1405	লক্ষ্মীপুর-চর অ্যালেক্সজেন্ডার-সোনাপুর সড়ক	৪.৩২	৫.৫-১০	৯.৩২
	Z1422	হাজীগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর সড়ক	২.১৫	৩-৬.৫	
	Z1463	ইটেরপুল-হাজীমারা-হায়দারগঞ্জ সড়ক	১.৩৩	৩.৫-৫.৫	
	Z1510	লক্ষ্মীপুর-দত্তপাড়া-চাটখিল সড়ক	১.৫১	২.৫-৫	

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

সারণি ১১-৩: লক্ষ্মীপুর পৌরসভায় জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের বন্টন

ওয়ার্ড নং	দৈর্ঘ্য (কি.মি.)			মোট
	জাতীয় মহাসড়ক	আঞ্চলিক মহাসড়ক	জেলা সড়ক	
ওয়ার্ড নং-১	-	০.০৯	২.২৫	২.৩৪
ওয়ার্ড নং-২	-	-	০.৬৯	০.৬৯
ওয়ার্ড নং-৩	-	-	-	-
ওয়ার্ড নং-৪	১.৪৯	০.৯১	-	২.৪০
ওয়ার্ড নং-৫	-	১.৬৩	-	১.৬৩
ওয়ার্ড নং-৬	-	১.০৫	০.০২	১.০৭
ওয়ার্ড নং-৭	-	০.৮৬	১.১৮	২.০৪
ওয়ার্ড নং-৮	-	১.৭৪	-	১.৭৪
ওয়ার্ড নং-৯	-	-	১.৬১	১.৬১
ওয়ার্ড নং-১০	-	১.৫৭	০.৯৩	২.৫০
ওয়ার্ড নং-১১	-	২.২১	-	২.২১
ওয়ার্ড নং-১২	-	-	০.৫৯	০.৫৯
ওয়ার্ড নং-১৩	-	-	০.৭১	০.৭১
ওয়ার্ড নং-১৪	-	০.৩৩	-	০.৩৩
ওয়ার্ড নং-১৫	০.১০	২.৮৬	১.৩৩	৪.২৯
মোট	**১.৫৯**	**১৩.২৪**	**৯.৩২**	**২৪.১৫**

মানচিত্র ১১-১ : ধরন অনুসারে লক্ষ্মীপুর পৌরসভার সড়কের বন্টন

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium


Existing Road
- HBB
- Katcha
- Pucca

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

মানচিত্র ১১-২ : কাজের ভিত্তিতে লক্ষ্মীপুর পৌরসভার সড়কের বন্টন (বিদ্যমান)

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Existing Road
- Primary
- Secondary
- Collector
- Access

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

১১.৪ স্থানীয় যাতায়াত

দেশের নগর এলাকায় প্রচলিত প্রায় সব ধরণের যানবাহন লক্ষ্মীপুর শহরে চলাচল করে। এর মধ্যে ব্যাটারি চালিত টম টম এবং রিকশা সবচেয়ে জনপ্রিয়। এ ছাড়া সিএনজি চালিত অটো-রিকশাও আছে। এগুলো সাধারণত কাছাকাছি শহর বা গ্রামে শেয়ারে চলাচল করে থাকে। পরিবহন বিষয়ক বিস্তারিত তথ্য নিচের অংশে দেয়া হলো।


১১.৪.১ অযান্ত্রিক বাহন

অযান্ত্রিক বাহন হিসাবে শহরে আছে রিকশা, রিকশা-ভ্যান এবং ঠেলাগাড়ি। রিকশা মূলত যাত্রী পরিবহন করে, অন্যদিকে রিকশা ভ্যান এবং ঠেলাগাড়ি মালামাল পরিবহন করে থাকে। মালামাল পরিবহনের মধ্যে আছে গৃহস্থালীর মালামাল, নির্মাণ সামগ্রী, বাজারে বিক্রয়যোগ্য মাল। আগে রিকশা খুবই জনপ্রিয় ছিল, কিন্তু সাশ্রয়ী এবং দ্রুতগতির টম টম চালু হওয়ার পর রিকশার কদর ক্রমশ হ্রাস পাচ্ছে। রিকশা বেশি দেখা যায় উত্তর টুমচর, দক্ষিণ টুমচর, বাস স্ট্যান্ড, বাঞ্চানগর, দালাল বাজার, ঝুমুর এলাকায়।

১১.৪.২ সিএনজি চালিত অটো- রিকশা ও ইজি বাইক

অটো-রিকশা সাধারণত শহরের ভেতরে চলাচল করে না। তবে দূরের যাত্রী শহরের বিভিন্ন স্থানে নামিয়ে থাকে। ব্যাটারি চালিত ইজি বাইক স্থানীয়ভাবে টম টম নামে পরিচিত। এটি এই এলাকায় খুবই জনপ্রিয় এবং প্রায় সব জায়গায় পাওয়া যায়। তবে এগুলো সাধারণত শহরের নির্ধারিত কিছু রুট ধরে চলাচল করে থাকে। এগুলো ভাড়ার দিক দিয়ে রিকশার চেয়ে সাশ্রয়ী। এর কারণ এরা শেয়ারে যাত্রী নিয়ে থাকে। আরেকটি সুবিধা হচ্ছে, এগুলো ব্যাটারি চালিত বলে রিকশার চেয়ে দ্রুতগামী হয়। যে কোন জায়গা থেকে এতে ওঠা যায়। টমটমের রুট ***চিত্রলেখ ১১-৩*** এ দেখানো হয়েছে।

চিত্রলেখ ১১-৩: লক্ষ্মীপুর পৌরসভার অটোরিকশা (টমটম) চলার পথ



১১.৪.৩ পথচারী চলাচল

পথচারী চলাচলের জন্য লক্ষ্মীপুর পৌরসভায় সত্যিকার অর্থে কোন ফুটপাত নেই। তবে রাস্তার পাশের ড্রেন কভারগুলোকে অনেক জায়গায় ফুটপাত হিসাবে ব্যবহার করা হয়। এগুলো অনেক জায়গায় ভালোভাবে রক্ষণাবেক্ষণ কর হয়। প্রায় ৯.১১ কি.মি. এ ধরণের ফুটপাত আছে শহরে। এগুলোর সব জায়গায় পথচারীদের চলাচল উপযোগী নয়। তবে এ সমস্ত ড্রেন কভার অনেক জায়গায় রাস্তা থেকে অনেক উঁচু যার ফলে পথচারীদের রাস্তা থেকে কথিত ফুটপাথে উঠতে (বিশেষত বৃদ্ধ এবং শিশু) অসুবিধা হয়।

১১.৪.৪ মালামাল পরিবহন

আন্তঃজেলা মালামাল সাধারণত ট্রাক, লরি এবং কভার্ড ভ্যানে পরিবহন করা হয়ে থাকে। তবে দিনের বেলায় শহরে ট্রাক চলাচল করতে দেয়া হয় না। স্থানীয়ভাবে রিক্সা, ভ্যান বা ঠেলা গাড়িতে মালামাল পরিবহন করা হয়। এ ছাড়া শহরের বাজারগুলোতে অনেক নিত্য পণ্য বাইরে থেকে আমদানি করা হয়। এ সব পরিবহন করতে সাধারণত ট্রাক ব্যবহার করা হয়।

১১.৪.৫ নৌ পরিবহন

পৌরসভার সীমানার কাছে মজু চৌধুরী লঞ্চ ঘাট আছে। সেখান থেকে নৌ পথে বরিশাল, ভোলা প্রভৃতি এলাকায় যাওয়া যায়।

১১.৪.৬ বাস সার্ভিস

শহরে স্থানীয় কোন বাস সার্ভিস নাই। তবে ভালো আন্তঃজেলা বাস বাস সার্ভিস আছে। বিরাট সংখ্যক বাস লক্ষ্মীপুর–ঢাকা, লক্ষ্মীপুর -চট্টগ্রাম রুটে চলাচল করে। এসি বা নন এসি উভয় ধরনের বাস সার্ভিস আছে। এ ছাড়া আশে পাশের নগর এলাকাগুলোর সঙ্গেও ভালো বাস যোগাযোগ আছে। দুটি বাস স্ট্যান্ড আছে, একটি পুরাতন বাস স্ট্যান্ড, অন্যটি পৌর বাস স্ট্যন্ড। প্রধান প্রধান পরিবহন কোম্পানী এবং তাদের সার্ভিস ***সারণি ১১-৪*** এ দেখানো হয়েছে।

সারণি ১১-৪: প্রধান প্রধান পরিবহন কোম্পানী এবং তাদের সার্ভিস

বাসের নাম	রুট	যাত্রা সংখ্যা	গড় আসন	গড় যাত্রী	ভাড়া
রয়েল	লক্ষ্মীপুর –ঢাকা	৬	৩৮	৩০	৫০০
যমুনা	লক্ষ্মীপুর –ফেনী	৮	৩০	২৭	১০০
ইকোনো	লক্ষ্মীপুর - ঢাকা	৬	৪২	৩৭	৩৫০
সামি জানি	লক্ষ্মীপুর - ঢাকা	৪	৩৮	৩২	৩৫০
সৌখিন	লক্ষ্মীপুর –রংপুর	২	৪৬	৩৫	৭০০
উপকূল	লক্ষ্মীপুর-কুমিল্লা	৪	৪২	৩৫	১৫০
জোনাকি	লক্ষ্মীপুর-চট্টগ্রাম	৪	৪২	৩৬	৩০০
মজু চৌধুরি	লক্ষ্মীপুর- চট্টগ্রাম	৪	৪৬	৩৭	৩০০
মিশু এক্সপ্রেস	লক্ষ্মীপুর- চট্টগ্রাম	১০	৩০	২৩	৮৫
আনন্দ সুপার	রায়পুর-চৌমুহনী	১০	২৫	২০	৪৫

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১১.৫ যানবাহনের ব্যাপকতা জরিপ

শহরের ছয়টি রাস্তার অংশ বিশেষে চলাচলকারী যানবাহনের সংখ্যা নিয়ে জরিপ করা হয়। এই অংশগুলোতে দিনের বিভিন্ন সময়ে কি পরিমান যানবাহন চলাচল করে তা জরিপ কর হয়। চলাচলকারী যানবাহনের পরিমান PCU (Passenger Car Unit) তে রুপান্তর করা হয় যাতে সব ধরণের যানবাহনকে একই স্ট্যান্ডার্ডে আনা যায়। জরিপের উদ্দেশ্য ছিল বিভিন্ন


রাস্তায় যান চলাচলের কি প্রভাব (গাড়ির সংখ্যা,গতি এবং ঘনত্ব) পড়ে তা মূল্যায়ন করা। জরিপ থেকে যানবাহনের প্রতি ঘণ্টায় সর্বোচ্চ ঘনত্ব পাওয়া গিয়েছে (৯০০৮ PCU) দক্ষিণ তেমোহনি-উত্তর তেমোহনি সড়কে এবং সর্বনিম্ন (২১৬৭ PCU) বাস স্ট্যান্ড-মহিলা কলেজ সড়কে। AADT হচ্ছে নির্দ্দিষ্ট স্থানের এক বছরের এক দিনের গড় যানবাহনের পরিমান অন্যদিকে AAWT হচ্ছে নির্দ্দিষ্ট স্থানের এক বছরের এক সপ্তাহের গড় যানবাহনের পরিমান। AADT ও PCU একই বিষয়। তবে AADT এর তুলনায় AAWT এর পরিমান বেশি। এই পার্থক্য বাগবাড়ি-জকসিন বাজার সড়কে যা ৩৯৯৫ PCU এবং পৌর বাস স্ট্যান্ড- মহিলা কলেজ সড়কে যা ২১৬৭ PCU।

সারণি ১১-৫: লক্ষ্মীপুর পৌরসভায় যানবাহন চলাচলের বিস্তারিত তথ্য


রাস্তার নাম	PCU	AADT	AADT যান্ত্রিক বাহন	AADT অযান্ত্রিক বাহন	AAWT	PCU/ তুঙ্গ ঘন্টায়
বাগবাড়ী-কালি বাজার	৪২১৫	৭৩৮৫	৫২৬০	২১২৬	৭৬৬৭	৫৩৮
বাগবাড়ী-জকসিন বাজার	৬৬১৭	৯৩০২	৬৯৪৯	২৩৫৪	১৩২৯৭	৯৯৬
দক্ষিণ তেমোহনি-রামগতি সড়ক	৫১০৫	৭৪১১	৫৯৮১	১৪৩১	৮০৭৭	৬০৯
উত্তর তেমোহনি-দক্ষিণ তেমোহনি	৯০০৮	১৭৩৪৩	৭২৫৭	১০০৮৬	১৭৩৪৫	১২২০
পৌর বাস স্ট্যান্ড-মহিলা কলেজ	২১৬৭	২৯১৯	২২৬০	৬৫৯	২৯৭৭	২৬০
পৌর বাস স্ট্যান্ড-উত্তর তেমোহনি	৫৩৭৮	৭৬৭৬	৬১৭৫	১৫০১	৮১২৫	৭২০

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ,২০১৬

চিত্রলেখ ১১-৪ ও ***চিত্রলেখ ১১-৫*** এ সাপ্তহিক কর্ম দিবসে এবং সাপ্তাহিক ছুটির বিভিন্ন দিন যানবাহন চলাচলের গতিধারা দেখানো হয়েছে। সকল সড়কে ঘন্টা প্রতি PCU দেখানো হয়েছে যা খুবই বৈচিত্রময়। তথ্য থেকে দেখা যায় যে যানবাহন চলাচলের সকালের তুঙ্গ মুহূর্ত হচ্ছে ৯ টা থেকে ১০ টা, আর বিকালের তুঙ্গ মুহূর্ত ৪ টা থেকে ৫ টা। এই সময় দুটিতে রাস্তায় সর্বোচ্চ সংখ্যায় যানবাহন চলাচল করে থাকে, কিন্তু গতি হয় ধীর। আবার সন্ধ্যা ৮ টার পর গাড়ির সংখ্যা কমতে থাকে যা এক সময় ২০০ PCU তে নেমে আসে। সকাল ৭ টার পর আবার গাড়ির সংখ্যা বাড়তে থাকে। এটা হচ্ছে কর্ম দিবসের চিত্র। আবার ছুটির দিন বিভিন্ন রাস্তায় সকালের তুঙ্গ মুহূর্ত ৯ টা থেকে ১১ টা এবং বিকালে ৩ টা থেকে ৬ টা।



চিত্রলেখ ১১-৪: বিভিন্ন রাস্তায় সাপ্তাহিক যানবাহন চলাচল



চিত্রলেখ ১১-৫: ছুটির দিনে বিভিন্ন রাস্তায় দিন যানবাহন চলাচলের চিত্র

১১.৬ যানজট এবং যাতায়াতে বিলম্ব

বিভিন্ন শ্রেণির এবং পরিমানের যানবাহন রাস্তায় থাকার প্রেক্ষিতে যানবাহনের চলাচলের গতির তারতম্য হতে পারে। বিভিন্ন পরিমানের গাড়ি রাস্তায় থাকার প্রেক্ষিতে রাস্তায় গাড়ি চলাচলের যে অবস্থার সৃষ্টি হয় তাকে The Highway capacity Manual এ "Level of Service" বলে থাকে।

ম্যানুয়েল অনুসারে সর্বোচ্চ 'A' থেকে সর্বনিম্ন 'F' পর্যন্ত ছয় ধরণের সার্ভিস পাওয়া যেতে পারে।

সার্ভিস লেভেল-A

এই লেভেলের সার্ভিস পাওয়া যাবে যখন গাড়ি রাস্তায় বাধাহীনভাবে চলবে। এর মানে রাস্তায় গাড়ির সংখ্যা থাকবে কম এবং গতি হবে বেশি। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৩৩ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-B

এটি একটি স্থিতিশীল অবস্থা। রাস্তায় গাড়ি থাকায় গতি থাকবে নিয়ন্ত্রিত। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৫০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-C

এটিও একটি স্থিতিশীল অবস্থা। তবে এ ক্ষেত্রে গাড়ির গতি নিয়ন্ত্রিত হবে মূলত রাস্তায় গাড়ির অতি বেশি সংখ্যা দ্বারা। এখানে V/C এর অনুপাত ০.৬৫ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল- D

এই পর্যায়ের সার্ভিস রাস্তার একটি অস্থিতিশীল চিত্র। গতি হবে মোটামুটি যা ঘন ঘন বদলাবে। এ ক্ষেত্রে V/C এর অনুপাত ০.৮০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-E

এটি একটি অস্থিতিশীল সার্ভিস যেখানে গাড়ির সংখ্যা প্রায় রাস্তার সীমানার সমকক্ষ এবং V/C এর অনুপাত ১.০০ এর বেশি হবে না।

সার্ভিস লেভেল-F

এই পর্যায়ে অনিচ্ছা সত্ত্বেও গাড়ি নিম্নগতিতে চালাতে হবে, কারণ রাস্তা হবে গাড়িতে পরিপূর্ণ। গাড়ির গতি হবে শ্লথ এবং ঘন ঘন বা দীর্ঘ মেয়াদে থামতে হবে।

এখানে সক্ষমতা নির্ণয়ের জন্য রাস্তার প্রস্থচ্ছেদ বিশ্লেষণ করা হয়েছে সড়ক ও জনপথের মানদণ্ড অনুসরণ করে।

যানবাহন জরিপের সময় লক্ষ্মীপুর পৌরসভার প্রধান কিছু রস্তার যানবাহনের পরিমান-সক্ষমতা অনুপাত নির্ধারণ করা হয়। ছয়টি রাস্তা বা রাস্তার অংশের মধ্যে একটির (দক্ষিণ তেমোহনি-উত্তর তেমোহনি) অবস্থা সবচেয়ে খারাপ। এই রাস্তায় যাবাহনের গতি সর্বনিম্ন (F)। মোটামুটি স্থিতিশীল অবস্থায় আছে দক্ষিণ তেমোহনি-রামগতি সড়ক। এখানে যাবাহন চলাচল সবচেয়ে ভালো। বাগবাড়ী-কালি বাজার এবং বাগবাড়ী-জকসিন বাজার রাস্তার অবস্থা অনেক খারাপ। এখানে গতি (E) পর্যায়ের। পৌর বাস স্ট্যান্ড-মহিলা কলেজ এবং পৌর বাসস্ট্যান্ড-উত্তর তেমোহনি রাস্তার অবস্থা যথেষ্ট স্থিতিশীল (C)। এখানে গাড়ির গতি অনেক ভালো।

ডিজাইন মানদণ্ড ও ফ্যাক্টর

সারণি ১১-৬ লেভেল অফ সার্ভিসের মানদণ্ড

লেভেল অফ সার্ভিস		V/C অনুপাত*
A	বাধাহীন চলাচল এলাকা	≤ ০.৩৩
B	স্থিতিশীল এলাকা	≤ ০.৫০
C	স্থিতিশীল এলাকা	≤ ০.৬৫
D	অস্থিতিশীল এলাকা	≤ ০.৮০
E	অস্থিতিশীল এলাকা	≤ ১.০
F	জোরপূর্বক নিম্নগতিতে চলাচল এলাকা	> ১

তথ্যসূত্রঃ Traffic and Transportation Engineering by L.R. Kadiyali

*V/C = Volume Capacity Ratio

$$Road\ Capacity = \frac{Hourly\ Cpacity}{Capacity\ Factor\ \%}$$

সারণি ১১-৭: রাস্তার ধরন ও তুঙ্গ সময়ে তার ধারন ক্ষমতা

রাস্তার ধরন	ধারন ক্ষমতা
জাতীয় মহাসড়ক	১০
নগর এলাকার এক লেনের রাস্তা	১০
নগর এলাকার দুই লেনের রাস্তা	১২.৫
গ্রাম এলাকার এক লেনের রাস্তা	৮.৩৩
গ্রাম এলাকার দুই লেনের রাস্তা	১০

সারণি ১১-৮: রাস্তা অনুযায়ী সার্ভিস লেভেল

রাস্তার নাম	তুঙ্গ ঘন্টায় PCU	রাস্তার প্রস্থ(মি.)	রাস্তার ধারণ ক্ষমতা	V/C অনুপাত	সার্ভিস লেভেল	
বাগবাড়ী-কালি বাজার	৫৩৮	৫.০	৬০০	০.৯০	E	অস্থিতিশীল গতি জোন
বাগবাড়ী-জকসিন বাজার	৯৯৬	৬.৭	১০০০	১.০০	E	অস্থিতিশীল গতি জোন
দক্ষিণ তেমোহনি-রামগতি সড়ক	৬০৯	৮.৫	১৩০০	০.৪৭	B	স্থিতিশীল গতি জোন
দক্ষিণ তেমোহনি-উত্তর তেমোহনি	১২২০	৭.০	১১০০	১.১১	F	বাধতামূলক ধীর গতি জোন
পৌর বাস স্ট্যান্ড-মহিলা কলেজ	২৬০	৬.০	৯০০	০.২৯	C	স্থিতিশীল গতি জোন
পৌর বাস স্ট্যান্ড- উত্তর তেমোহনি	৭২০	৭.৫	১২০০	০.৬০	C	স্থিতিশীল গতি জোন

তথ্যসূত্রঃ যোগাযোগ ও যানবাহন জরিপ,২০১৬

১১.৭ সমস্যা

নিচে যানবাহন খাতের সমস্যা তুলে ধরা হলো।

- স্থানীয় পর্যায়ের গলিরাস্তা আঁকা বাকা যা ভবিষ্যতে সমস্যার কারণ হতে পারে।
- পূর্ব-পশ্চিম সংযোগ কম।
- শহরের একটি মাত্র প্রবেশ পথ।
- বর্তমান বাস টার্মিনাল প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়, অনেক সুবিধা থেকে বঞ্চিত।
- পথচারীরা ফুটপাত সুবিধা থেকে বঞ্চিত।
- রাস্তার পাশের ড্রেন পানি নিষ্কাশনের জন্য যথেষ্ট নয়।
- অনিয়ন্ত্রিত টম টমের সংখ্যা যানজটের অন্যতম কারণ।
- শহরে যথেষ্ট গাড়ি পার্কিং সুবিধা নাই।
- যানবাহন ব্যবস্থাপনা দূর্বল, চালকরা নিয়ম বিধি মানতে চায় না।
- শহরে একটি ট্রাক টার্মিনাল প্রয়োজন।

১১.৮ ভবিষ্যৎ যানবাহন অভিক্ষেপ

শহরের বিদ্যমান রাস্তাগুলোর প্রশস্ততার উপর ভিত্তি করে এগুলোর ধারণ ক্ষমতা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক হিসাব করা হয়েছে। বিভিন্ন রাস্তায় তুঙ্গ মুহূর্তে যানবাহনের পরিমান হিসাব করে আগামি ২০ তম বৎসরে রাস্তায় গাড়ির সংখ্যা অভিক্ষেপ করা হয়েছে। তবে গাড়ির সংখ্যা বিশেষজ্ঞ প্যানেল কর্তৃক হিসাবের উপর আরো ৫% বেশি ধরা হয়েছে। ***সারণি ১১-৯*** তে দেখানো হয়েছে কিভাবে ভবিষ্যতে রাস্তাগুলোকে প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে। শহরের প্রায় সব রাস্তাই প্রশস্ত করা প্রয়োজন। কারণ রাস্তায় ভবিষ্যতে কি পরিমান গাড়ি তার প্রেক্ষিতে বিদ্যমান রাস্তার সক্ষমতা কম।

দক্ষিণ তেমোহনি-উত্তর তেমোহনি এবং বাগবাড়ী-জকসিন বাজার রাস্তা দুটি প্রশস্তকরণ সবচেয়ে বেশি প্রয়োজন। রাস্তা দু'টিকে যথাক্রমে ৭ মিটার এবং ৬ মিটার প্রশস্ত করতে হবে। বাগবাড়ী-কালি বাজার রাস্তাকে বেশি প্রশস্ত করার প্রয়োজন হবে না। দক্ষিণ তেমোহনি-রামগতি সড়ক, পৌর বাস স্ট্যান্ড-মহিলা কলেজ সড়ক, পৌর বাস স্ট্যান্ড- উত্তর তেমোহনি সড়ক ৬.৫ মিটার প্রশস্ত করতে হবে।

সারণি ১১-৯: লক্ষ্মীপুর পৌরসভার রাস্তা বা রাস্তার অংশের প্রক্ষেপিত চিত্র

	বিদ্যমান চিত্র		ধারন ক্ষমতা	প্রবৃদ্ধির হার	প্রস্তাবনা বছর	উন্নয়ন প্রস্তাবনা		Gap (m.)
	PCU/ প্রতি ঘন্টা	প্রস্থ (মিটার)				PCU/ তুঙ্গ ঘন্টা	প্রস্তাবিত প্রস্থ	
বাগবাড়ী-কালি বাজার	৫৩৮	৫.০	৬০০	৫	২০	১৫৯২	৭.৫	২.৫
বাগবাড়ী-জকসিন বাজার	৯৯৬	৬.৭	১০০০			২৬৫৩	১৩.৫	৬.৮
দক্ষিণ তেমোহনি-রামগতি সড়ক	৬০৯	৮.৫	১৩০০			৩৪৪৯	১৫.০	৬.৫
দক্ষিণ তেমোহনি-উত্তর তেমোহনি	১২২০	৭.০	১১০০			২৯১৯	১৪.০	৭.০
পৌর বাস স্ট্যান্ড-মহিলা কলেজ	২৬০	৬.০	৯০০			২৩৮৮	১২.৫	৬.৫
পৌর বাস স্ট্যান্ড- উত্তর তেমোহনি	৭২০	৭.৫	১২০০			৩১৮৪	১৪.০	৬.৫

তথ্যসূত্রঃ যোগাযোগ ওযানবাহন জরিপ,২০১৬

১১.৯ নীতি ও কৌশল

নগর উন্নয়নের অপরিহার্য অংশ হচ্ছে যাতায়াত ব্যবস্থা। যাতায়াতের মাধ্যমে যোগাযোগ এবং আদান প্রদান হয় যা উন্নয়নকে এগিয়ে নিয়ে যায়। যাতায়াত ব্যবস্থার উন্নয়নের জন্য নিম্নে বর্ণিত উদ্দেশ্য, নীতি ও কৌশল সুপারিশ করা হলো।

উদ্দেশ্য: সেবা সুবিধা এবং সুযোগ সুবিধা বৃদ্ধি করে এবং কার্যকর যানবাহন ব্যাবস্থাপনার মাধ্যমে শহর এবং আন্তঃশহর যাত্রী, মালামাল এবং যানবাহন চলাচল সহজ, আরামদায়ক এবং দ্রুততর করা।

কৌশলঃ সুষ্ঠু যানবাহন পরিকল্পনা প্রণয়ন এবং পর্যাপ্ত বাজেট সংস্থানের মাধ্যমে তা বাস্তবায়ন।

নীতি-যাতায়াত/১: বিদ্যমান আন্ত-আঞ্চলিক যোগাযোগ আরো প্রসারিত করা

যৌক্তিকতা

আঞ্চলিক প্রেক্ষাপটে লক্ষ্মীপুর শহর একটি গুরুত্বপূর্ণ স্থান। এই শহরের উপর দিয়ে কুমিল্লা-চাঁদপুর-বেগমগঞ্জ মহাসড়ক চলে গিয়েছে। এখান থেকে ভোলা, বরিশাল যাওয়া যায়; রামগতি, রায়পুর, নোয়াখালী যাওয়া যায়। সুষ্ঠ যানবাহন চলাচল এবং আশে পাশের উপজেলা শহর এবং বাজারগুলোর সঙ্গে ভালো যোগাযোগের জন্য আরো রাস্তা প্রয়োজন ।

বাস্তবায়ন পদ্ধতি

জাতীয় সড়ক মহাপরিকল্পনা নিয়মিত পর্যালোচনা করতে হবে এবং আশেপাশের অঞ্চলের সঙ্গে যোগাযোগের উপর জোর দিতে হবে। ভবিষ্যৎ রাস্তার চাহিদা নির্ধারণ করতে হবে। মহাসড়ক যানবাহন চলাচল উপযোগী রাখতে হবে। রাস্তার প্রশস্তার ব্যাপারে কোন ধরণের সমঝোতা অনুচিত হবে। শহরে পার্কিং, বাস বে, ফুট ওভার ব্রিজ, টার্মিনাল, সড়ক সাইন ইত্যাদি নির্মাণ এবং যথাযথভাবে প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- RHD
- LGED
- পৌরসভা
- জেলা প্রশাসক, লক্ষ্মীপুর
- দাতা সংস্থা
- অন্যান্য

নীতি-যাতায়াত /২: শহর ভিত্তিক যানবাহন নেটওয়ার্ক তৈরী করা।

যৌক্তিকতা

শহর কেন্দ্রিক যোগাযোগ ব্যবস্থা একটি শহরের অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এ জন্য প্রয়োজন ভালো পরিকল্পনা এবং তা বাস্তবায়নের জন্য উপযুক্ত পদক্ষেপ।

বাস্তবায়ন পদ্ধতি

বাস সার্ভিস চালু করার সম্ভাব্যতা যাচাই করে দেখতে হবে। টম টমের সংখ্যা সীমিত করে যানজট রোধ করা যায় কি না তা যাচাই করে দেখতে হবে। এ বিষয়ে বিভিন্ন সরকারি সংস্থা এবং বিষেজ্ঞদের মতামত নিতে হবে। নতুন রাস্তা তৈরীর সময় এগুলোর মান ধরে রাখতে হবে। পরামর্শক শহরে চার ধরণের রাস্তার প্রস্তাব করেছে যার বিস্তারিত নিচে দেয়া হলো।

মহাপরিকল্পনার কাজ হচ্ছে সমস্যা উদঘাটন এবং সমাধান প্রদান। প্রস্তাবিত সড়ক মহাপরিকল্পনায় সড়ক ও জনপদ বিভাগের পরিকল্পনায় অন্তর্ভুক্ত অনেক রাস্তা বিবেচনায় নেয়া হয়েছে। বর্তমান পরিকল্পনায় ভবিষ্যৎ রাস্তার সুপারিশ এবং তার শ্রেণি বিভাজন করা হয়েছে। এগুলো ভবিষ্যৎ যাতায়াত ব্যবস্থায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে। পৌরসভার উচিত হবে রাস্তা নির্মাণের সময় এই শ্রেণি বিভাজন বজায় রাখা। পার্কিং, বাস বে, ফ্লাই ওভার, টার্মিনাল, সড়ক সাইন, ইত্যাদি বিষয়গুলো বাস্তবায়ন করলে শহরে যাতায়াত আরামদায়ক, সুশৃংখল এবং কার্যকর হবে। তবে যাতায়াত ব্যবস্থার চাহিদা সবসময় পরিবর্তনশীল। তাই পরিকল্পনাকে নিয়মিত মনিটরিং এবং মূল্যায়ন করতে হবে।

বাস্তবায়নকারী সংস্থা

- পৌরসভা
- LGED
- ট্রাফিক পুলিশ
- জেলা পরিষদ
- দাতা সংস্থা
- অন্যান্য

নীতি-যাতায়াত/৩: নৌ পরিবহন ব্যবস্থা উন্নয়ন করতে হবে।

নৌ যোগাযোগ সব সময়ই সাশ্রয়ী, কর্মসংস্থান তৈরী করে। যদিও নৌ পরিবহনে সময় বেশি লাগে। তবে অধিক মালামাল সস্তায় পরিবহনে নৌ পরিবহনের কোন বিকল্প নাই। তাই যেখানে নৌ পরিবহনের সুযোগ আছে সেখানেই নৌ পরিবহন ব্যবস্থার প্রসার ঘটানো উচিত।

যৌক্তিকতা

লক্ষ্মীপুরে রহমতখালী খাল হচ্ছে প্রধান খাল। এটি শহরের উত্তর-পূর্ব দিক থেকে দক্ষিণ-পশ্চিম দিকে চলে গিয়েছে এবং মজু চৌধুরী এলাকায় মেঘনাতে গিয়ে পড়েছে। রহমতখালী খাল ও অন্যান্য খাল শীতে প্রায় শুকিয়ে যায়। যদি এই খালে সারা বছর নাব্যতা বজায় রাখা যায় তবে উপকূলীয় জেলাগুলোর সাথে লক্ষ্মীপুরের নৌ যোগাযোগ স্থাপিত হতে পারে। এতে সড়ক যোগাযোগের উপর চাপ কমে যাবে এবং কর্মসংস্থান তৈরী হবে।

বাস্তবায়ন পদ্ধতি

মজু চৌধুরী ঘাটে বর্তমানে একটি লঞ্চ ঘাট আছে। ঘাটটি লক্ষ্মীপুর থেকে প্রায় ১০ কিলোমিটার দূরে। রহমতখালী খালকে নাব্য করে এবং ঘাট টুমচর/পিয়ারাপুর এলাকায় এনে এই দূরত্ব হ্রাস করা যেতে পারে। এত পরিবহন ব্যয় হ্রাস পাবে এবং ব্যবসা বণিজ্য প্রসার লাভ করবে। বর্তমানে নৌকায় মজু চৌধুরী ঘাট পর্যন্ত মালামাল নিয়ে বড় জাহাজে উঠাতে হয়।

BIWTA এর উচিত হবে সারা বছর নাব্য রাখার জন্য চ্যানেলটি নিয়মিত ড্রেজিং করা। এই নৌ পথ স্থানীয় অর্থনীতির জন্য ভালো অবদান রাখতে পারে।

বাস্তবায়ন সংস্থা

- BIWTA
- BWDB
- লক্ষ্মীপুর জেলা পরিষদ
- নৌ-পরিবহন মন্ত্রণালয়

১১.১০ যাতায়াত ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা

১১.১০.১ সড়ক ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা

যাতায়াত ব্যবস্থা পরিকল্পনায় রাস্তার কয়েকটি স্তর ভিত্তিক শ্রেণি সুপারিশ করা হয়েছে:

১। প্রাইমারি সড়ক (জাতীয় মহা সড়ক, আঞ্চলিক মহা সড়ক এবং সার্কুলার সড়ক)
২। সেকেন্ডারি সড়ক (জেলা সড়ক, উপজেলা সড়ক, পৌরসভা মেইন সড়ক)
৩। কালেক্টর/টারশিয়ারি সড়ক
৪। প্রবেশ সড়ক বা স্থানীয় সড়ক

সারণি ১১-১০: প্রস্তাবিত রাস্তার ধরণ, বিবরণ এবং সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সংস্থার নাম

ক্রমিক নং	রাস্তার স্তর	পরিকল্পনা কমিশনের শ্রেণি বিভাজন	বিবরণ	প্রস্থ (ROW) (মি.)	ব্যবস্থাপনা সংস্থা
১	প্রাইমারি সড়ক	জাতীয় মহা সড়ক/আঞ্চলিক মহা সার্কুলার সড়ক	মহাসড়কের কাজ জেলাকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং আঞ্চলিক-মহা সড়কের কাজ আন্ত-জেলা ও অন্ত-উপজেলা সংযোগ সাধন।	৩৬-৪৫ মিটার	সওজ
২	সেকেন্ডারি সড়ক	জেলা সড়ক,উপজেলা সড়ক এবং পৌরসভা এ শ্রেণির সড়ক	জেলা সদরকে উপজেলা সদরের সঙ্গে যুক্ত করা, এক উপজেলাকে অন্য উপজেলার সঙ্গে যুক্ত করা অথবা গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা অথবা উচ্চ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা অথবা এ শ্রেণির পৌরসভা রাস্তার সঙ্গে যুক্ত করা।	১৮-২০ মিটার	সওজ/ এলজিইডি/ পৌরসভা
৩	টারশিয়ারি/কালেক্টর সড়ক	ইউনিয়ন সড়ক এবং পৌরসভা ক্লাস টু (২) সড়ক	ইউনিয়ন সদরকে জেলা সদরের সঙ্গে যুক্ত করা,গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা, পৌরসভা ২ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা।	১২-১৫ মিটার	এলজিইডি/ পৌরসভা
৪	অ্যাকসেস সড়ক	গ্রাম সড়ক এবং পৌরসভা ক্লাস ৩ সড়ক	গ্রামকে ইউনিয়ন সদরের সঙ্গে যুক্ত করা, স্থানীয় বাজারের সঙ্গে যুক্ত করা, রাস্তাকে প্রতিটি বাড়ীকে বাইরের সঙ্গে যুক্ত করা।	৬-৮ মিটার	এলজিইডি/ পৌরসভা

** পৌরসভার রাস্তার উন্নত কার্যকারীতার জন্য কনসালটেন্ট কর্তৃক শ্রেণিবিভাগকৃত*

আলোচ্য পরিকল্পনার মূল উদ্দেশ্য নির্দ্দিষ্ট কাজ ভিত্তিক রাস্তার শ্রেণি বিভাজনের উপর ভিত্তি করে একটি সড়ক পরিকল্পনা তৈরী করা।

প্রাইমারি বা মহাসড়কের কাজ জেলাকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং আঞ্চলিক-মহাসড়কের কাজ আন্তঃজেলা ও অন্তঃউপজেলা সংযোগ সাধন। সেকেন্ডারি সড়কের কাজ জেলা সদরকে উপজেলা সদরের সঙ্গে যুক্ত করা, এক উপজেলাকে অন্য উপজেলার সঙ্গে যুক্ত করা অথবা গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করা অথবা উচ্চ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা অথবা পৌরসভার "এ" শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করা। কালেক্টর/টারশিয়ারি সড়ক ইউনিয়ন সদরকে জেলা সদরের সঙ্গে যুক্ত করে, গ্রোথ সেন্টারের সঙ্গে যুক্ত করে এবং পৌরসভার ২ শ্রেণির রাস্তার সঙ্গে যুক্ত করে। প্রবেশ বা স্থানীয় সড়ক গ্রামকে ইউনিয়ন সদরের সঙ্গে যুক্ত করে, স্থানীয় বাজারের সঙ্গে যুক্ত করে এবং প্রতিটি বাড়িকে বাইরের সঙ্গে যুক্ত করে।

সড়ক নেটওয়ার্ক তৈরীর সময় নিম্নে বর্ণিত নির্দেশনাগুলো বিবেচনায় নিতে হবে।

- নতুন রাস্তা নির্মাণের সময় রাস্তার স্তর বিন্যাস বজায় রাখতে হবে;
- প্রতিটি শ্রেণির রাস্তা শুধু একই স্তরের রাস্তাকে অতিক্রম করবে, উপরের বা নিচের শ্রেণির রাস্তাকে নয়;
- কালেকটর সড়ককে সরাসরি প্রাইমারি সড়কের সঙ্গে যুক্ত করা যাবে না;
- প্রাইমারি সড়ক থেকে সরাসরি বাসাবাড়ি বা প্রতিষ্ঠানে সংযোগ দেয়া যাবে না;
- প্রতিটি শ্রেণির রাস্তার মানদণ্ড, তার কাজ এবং তার গতি সক্ষমতা নির্ধারিত হতে হবে;
- প্রবেশ বা স্থানীয় রাস্তায় গাড়ির গতি সীমিত হতে হবে;
- দুটি প্রাইমারি সড়ককে কালেক্টর সড়ক দিয়ে যুক্ত করা যাবে না;
- দুটি প্রবেশ রাস্তার সংযোগ বা দুটি কালেক্টর রাস্তার সংযোগের মাধ্যমে হতে হবে;
- যে কোন সংযোগে যথেষ্ট জায়গা দিতে হবে যাতে আশে পাশের গাড়ি দৃষ্টিগোচর হয়;
- রাস্তার ডিজাইনে পথচারী চলাচল এবং সাইকেল চালকদের বিষয় বিবেচনায় রাখতে হবে।

সুপারিশকৃত রাস্তার পরিকল্পনার মানদন্ড ***সারণি ১১-১১*** এ দেয়া হলো। এগুলো DTIDP, LGED তাদের রাস্তা ডিজাইনের সময় ব্যবহার করতে পারে। বর্তমান পরিকল্পনায় এই মানদণ্ডগুলো ব্যবহার করা হয়ে।

সারণি ১১-১১: রাস্তার প্ল্যানিং মানদণ্ড

রাস্তার শ্রেণি বিভাজন	রাস্তা প্রশস্তকরণ সীমানা (ROW)	নতুন রাস্তার প্রস্থ (ROW)
প্রাইমারি সড়ক	১৮-২৪ মিটার	৩৬-৪৫ মিটার
সেকেন্ডারি সড়ক	১৩-১৬ মিটার	১৮-২০ মিটার
কালেক্টর/টারশিয়ারি সড়ক	৯-১২ মিটার	১২-১৫ মিটার
প্রবেশ/স্থানীয় সড়ক	৬-৮ মিটার	৬-৮ মিটার
ফুপপাথ	২-৩ মিটার	
বাস টার্মিনাল	-ন্যূনতম ৩ একর -৩ একর প্রতি এক লক্ষ জনসংখ্যার জন্য	
ট্রাক টার্মিনাল	ন্যূনতম ৩ একর	
বেবি টেক্সি/টেম্পো স্ট্যান্ড	০.৫০ একর প্রতি স্ট্যন্ড	
রিক্সা স্ট্যন্ড	০.৩০ একর প্রতি স্ট্যন্ড	
জলপথ এবং ঘাট	ঘাট এবং সংশ্লিষ্ট অফিসের জন্য ন্যূনতম ২ একর	
	পাড়ে ঘাটের উভয়দিকে ৫০০ মিটার	
সড়ক ও জনপথ (RHD)	আরএইচডি এর নিয়ম অনুসারে	

প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক ***মানচিত্র ১১-২*** এ প্রদর্শিত হলো। রাস্তার প্রস্তাব এমনভাবে করা হয়েছে যে দূর গন্তব্যের গাড়ি, যার লক্ষ্মীপুরে শহরে কোন কাজ নাই এমন সব ভারী যানবাহন সহজেই লক্ষ্মীপুর শহরকে পাশ কাটিয়ে সার্কুলার সড়ক দিয়ে চলে যেতে পারবে। এতে শহরে যানজট এড়ানো সম্ভব হবে। টমটম, অটোরিক্সার মত বাহনগুলোকে মহা সড়কের মূল অংশে চলতে দেয়া যাবে না। তারা মহা সড়কের পাশে সার্ভিস সড়ক দিয়ে চলবে। প্রস্তাবিত মানদণ্ড এর সঙ্গে সঙ্গতি রাখার জন্য অনেক রাস্তা প্রশস্ত করতে হবে।

১১.১০.২ গুরুত্বপূর্ণ রাস্তা উন্নয়ন প্রস্তাব

- ঢাকা-রায়পুর সড়ককে লক্ষ্মীপুর পৌরসভার প্রধান রাস্তা হিসাবে ঘোষণা করতে হবে। এর সীমানা ১২০ করতে হবে। দু'পাশে দুটি লেন স্থানীয় এবং অযান্ত্রিক যানবাহনের জন্য রাখতে হবে। মাঝখানের চারটি লেন উঁচু করে দিতে হবে যাতে সার্ভিস লেনের যানবাহন প্রধান লেনে প্রবেশ করতে না পারে।
- ৮০ ফুট সীমানা নিয়ে জকসিন-পোদ্দার বাজার এবং জকসিন-যুগির হাট সড়ক দুটি অবিলম্বে প্রধান রাস্তা হিসাবে তৈরী করতে হবে।
- ৬০ ফুট রাইট অব ওয়ে নিয়ে হাজিগঞ্জ-রামগঞ্জ-লাকসাম সড়ক প্রাইমারি সড়ক হিসাবে উন্নয়ন করতে হবে।
- লাকসাম- দত্তপাড়া-চাটখিল সড়ককে প্রাইমারি সড়ক হিসাবে উন্নয়ন করতে হবে। এর রাইট অফ ওয়ে হবে ৬০ ফুট।
- মেঘনা সড়ক থেকে ঢাকা-রায়পুর সড়ক সেখান থেকে লক্ষ্মীপুর নুরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতাল পর্যন্ত রাস্তা ৬০ ফুট রাইট অব ওয়ে নিয়ে উন্নয়ন করতে হবে।
- ৬০ ফুট রাইট অব ওয়ে রাস্তা দিয়ে পৌরসভাকে হাজিগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর সড়কের সঙ্গে যুক্ত করতে হবে।
- শাহ সুজা বাদশাহ সড়ক যা জামে মসজিদের কাছে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অফিস থেকে জুগির হাট পর্যন্ত গিয়েছে, তা ৬০ ফুট রাইট অব ওয়ে নিয়ে উন্নয়ন করতে হবে।
- লক্ষ্মীপুর-পুরাতন স্টেশন সড়ক এবং ঝুমুর-তেমোহনি সড়ক যা দক্ষিণ তেমোহনি গিয়েছে তা তা ৬০ ফুট রাইট অফ ওয়ে নিয়ে উন্নয়ন করতে হবে। রামগতি সড়কের বাকী অংশ ৮০ ফুট রাইট অফ ওয়ে ধরে প্রাইমারি সড়ক হিসবে উন্নয়ন করতে হবে।
- ৮০ ফুট রাইট অফ ওয়ে ধরে বরিশাল-লোহার হাট-ভেদুরিয়া-মজু চৌধুরী হাট সড়ককে প্রাইমারি সড়ক হিসেবে উন্নয়ন করতে হবে।
- বেশ কিছু বাইপাস সড়ক তৈরী করতে হবে যাতে আন্তঃজেলা যানবাহন লক্ষ্মীপুর শহর এড়িয়ে চলাচল করতে পারে। প্রস্তাবিত বাইপাসগুলোর তালিকা নিচে দেয়া হলো।

    ১। বাইপাস-১: উইলিয়াম সড়ককে প্রথম বাইপাস হিসাবে উন্নয়ন করতে হবে। এটি জকসিন-পোদ্দার


বাজার সড়ক ও নুরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতালের কাছে মেঘনা সড়ককে যুক্ত করবে।

২। বাইপাস-২: এই বাইপাস জকসিন-পোদ্দার বাজার সড়ক ও উইলিয়াম সড়ককে যুক্ত করবে (বর্তমান জকসিন-উইলিয়াম সড়কের ১.৫ কি.মি. দূরে) ।

৩। বাইপাস-৩: জকসিন-যুগির হাটকে (ওয়াপদা বাজারের কাছে) বরিশাল-লোহার হাট-ভেদুরিয়া-মজু চৌধুরী হাট সড়কের সঙ্গে যুক্ত করবে (শাকচর-হাজির হাটের কাছে)। এটি পিয়ারপুর-টুমচর পয়েন্টে রামগতি সড়কের সঙ্গে যুক্ত হবে।

মানচিত্র ১১-৩ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত সড়ক নেটওয়ার্ক

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary
- Major Waterbody (Canal)

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road

১১.১০.৩ বিদ্যমান রাস্তা উন্নয়ন

১১.১০.৩.১ রাস্তা প্রশস্তকরণ

বিদ্যমান রাস্তাগুলোকে মানদণ্ড অনুসরণ করে প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে। ***সারণি ১১-১২*** এ ওয়ার্ড অনুযায়ী সংস্কার এবং প্রশস্ত করার জন্য প্রস্তাবিত রাস্তাগুলোর দৈর্ঘ্য দেখানো হয়েছে।

সারণি ১১-১২: রাস্তার সংস্কার এবং প্রশস্তকরণের প্রস্তাব

ওয়ার্ড	অ্যাকসেস (কি.মি.)	টারশিয়ারি (কি.মি.)	সেকেন্ডারি (কি.মি.)	প্রাইমারি (কি.মি.)	মোট (কি.মি.)
০১	১.৬৪	৫.২৮	০.৭৮	২.৭৫	১০.৪৫
০২	২.০০	৬.৩৬	১.৪০	১.৮৩	১১.৫৯
০৩	১.৯৭	৭.৫৩	২.৫৭		১২.০৭
০৪	১.৬৫	৭.০৩	১.৬৭	১.৯৮	১২.৩২
০৫	৩.২৯	৩.৬৩	১.১৯	১.৬৬	৯.৭৬
০৬	১.৭০	২.১৬	২.৫৭	২.৪৩	৮.৮৫
০৭	১.৯৩	৪.৭৯	১.৭৬	১.৯৯	১০.৪৮
০৮	১.৯৩	৪.৯৭	২.৪৭		৯.৩৬
০৯	৫.৭২	৫.২৪	২.১৩	১.২১	১৪.৩১
১০	২.৬৮	৬.৭৯	১.৪২	২.৩১	১৩.২০
১১	২.৪৪	৯.৮০	০.৪২	৩.৯৯	১৬.৬৫
১২	৬.৯৮	৬.৭০	০.৮৩	২.৮৪	১৭.৩৬
১৩	২.৪৪	৩.৬৬	০.২৫	১.৫৯	৭.৯৪
১৪	৪.২১	৭.৬৭	১.৮৮	০.৪০	১৪.১৬
১৫	৩.৯২	৪.৯৪	৩.৮৯	৩.৬৩	১৬.৩৯
মোট	৪৪.৪৯	৮৬.৫৪	২৫.২৩	২৮.৬১	১৮৪.৮৭

শহরের প্রায় ২৮.৬১ কি.মি. সরু প্রাইমারি সড়ক প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে ***(সারণি ১১-১৪)***। উপরের ***সারণি ১১-৩*** এ দেওয়া মান অনুসরণ করে চিহ্নিত রাস্তাগুলো প্রশস্ত করা উচিত। রাস্তাগুলোর প্রতিটি বিভাগের জন্য মানদণ্ডগুলো সংজ্ঞায়িত করা হয়। উদাহরণস্বরূপ, একটি বিদ্যমান সেকেন্ডারি সড়কটি ১৩-১৬ মিটার প্রশস্ত করার প্রস্তাব দেওয়া হয়েছে, যেখানে নতুন নির্মিত প্রাইমারি সড়কটি ১৮-২০ মিটার থাকার প্রস্তাব দেওয়া হয়েছে। বিদ্যমান তৃতীয় স্তরের রাস্তাগুলো প্রশস্ত করে ৯-১২ মিটার করা হবে এবং অ্যাকসেস সড়কটি প্রশস্ত করে ৬-৮ মিটার করার প্রস্তাব করা হচ্ছে।

১১.১০.৩.২ নতুন রাস্তার প্রস্তাবনা

লক্ষ্মীপুর পৌরসভায় মোট ১১৭.৪৩ কিলোমিটার নতুন সড়ক প্রস্তাব করা হয়েছে। এর মধ্যে প্রাইমারি মাত্র ৭.৫৩ কিলোমিটার, সেকেন্ডারি ২৫.৬৩ কিলোমিটার, কালেক্টর/টারশিয়ারি সড়ক ৪৫.৭২ কিলোমিটার এবং অ্যাকসেস সড়ক ৩৮.৫৪ কিলোমিটার । এই পৌরসভার বেশিরভাগ সড়ক ওয়ার্ড নং ১৪, ওয়ার্ড নং ১৩, ওয়ার্ড নং ১১, ওয়ার্ড নং ০১ এবং ১৫ নং ওয়ার্ডে প্রস্তাব করা হয়েছে। মসৃণ ও নির্বিঘ্ন যাতায়াতের স্বার্থে লক্ষ্মীপুর পৌরসভার আশেপাশের এলাকায় ৮২.৪৬ কিলোমিটার নতুন রাস্তা প্রস্তাব করা হয়েছে। ***সারণি ১১-১৫*** অনুসারে পৌরসভার প্রতিটি ওয়ার্ডে টারশিয়ারি সড়ক প্রস্তাব করা হয়েছে। ***মানচিত্র ১১-৫*** তে লক্ষ্মীপুর পৌরসভা প্রস্তাবিত নতুন সড়কের অবস্থান দেখানো হয়েছে। উপরের ***সারণি ১১-১৩*** এ বর্ণিত মানদণ্ডগুলো অনুসরণ করার জন্য নতুন নির্মিত সড়কগুলোর প্রস্তাব দেওয়া হচ্ছে। নতুন প্রাথমিক সড়কগুলো ৩৬-৪৫ মিটার প্রস্থ হওয়া উচিত, সেকেন্ডারি সড়কগুলো ১৮-২০ মিটার প্রস্থে নির্মিত হবে বলে প্রস্তাব করা হয়েছে। অন্যদিকে, টারশিয়ারি এবং অ্যাকসেস সড়কগুলোর প্রস্থ যথাক্রমে ১২-১৫ মিটার এবং ৬-৮ মিটার হওয়ার প্রস্তাব দেওয়া হচ্ছে।


সারণি ১১-১৫ থেকে দেখানো হয়েছে, ২৫.৫৯ কি.মি. সেকেন্ডারি সড়ক প্রস্তাব করা হয়েছে।

সারণি ১১-১৩: নতুন রাস্তার প্রস্তাবনা

ওয়ার্ড	অ্যাকসেস (কি.মি.)	টারশিয়ারি (কি.মি.)	সেকেন্ডারি (কি.মি.)	প্রাইমারি (কি.মি.)	মোট (কি.মি.)
০১	৪.২৮	৪.৩৪	০.৬৮	০.৮৩	১০.১৩
০২	১.২৬	০.৯৯	০.২৮	০.৮৮	৩.৪১
০৩	১.৯৭	২.১৫	৩.৪৬	০.৯১	৮.৪৯
০৪	২.৯৯	৪.৩৪	০.১৮	০.০৮	৭.৫৯
০৫	১.৪০	১.৯৮	০.৮২	-	৪.২০
০৬	১.০৫	১.০৫	-	-	২.০৯
০৭	১.২৯	০.৭৩	-	-	২.০২
০৮	১.১৮	১.৮৬	০.৮১	-	৩.৮৫
০৯	২.৪৪	২.২২	৩.৬৪	-	৮.৩০
১০	২.৩৫	২.২৬	১.১৭	-	৫.৭৯
১১	৩.৭১	৩.৫০	৩.৫২	-	১০.৭৩
১২	১.৫৪	১.৬৯	৪.১৪	০.৪০	৭.৭৭
১৩	৩.০২	৫.৯২	১.১১	০.২৬	১০.৩২
১৪	৬.১৩	৬.১৮	৩.৯৮	২.৭১	১৯.০০
১৫	৩.৯২	৬.৫০	১.৮৪	১.৪৭	১৩.৭৩
মোট	৩৮.৫৪	৪৫.৭২	২৫.৬৩	৭.৫৩	১১৭.৪৩

মানচিত্র ১১-৪: বিদ্যমান সড়কসমূহ যেগুলো প্রশস্ত করা প্রয়োজন

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point

- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line


- Pourashava Boundary
- Ward Boundary
- Major Waterbody (Canal)

Road Proposal

- Widening

মানচিত্র ১১-৫: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত নতুন সড়কসমূহ

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point

- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line

- Pourashava Boundary
- Ward Boundary
- Major Waterbody (Canal)


Road Proposal

- New Construction

১১.১০.৪ পরিবহন সেবা সুবিধা

পরিবহন খাতকে কার্যকর এবং এই খাতের ভোক্তাদের কল্যাণ নিশ্চিত করতে যাতায়াত নেটওয়ার্ক ছাড়াও আরো অনেক সেবা সুবিধা প্রয়োজন। সেবা সুবিধাগুলো এমন হওয়া প্রয়োজন যাতে সেগুলো ভোক্তাদের সন্তুষ্টি অর্জন করতে পারে। সেবা সুবিধাগুলো যথাস্থানে হতে হবে এবং সেবা গ্রহণকারীদের সুবিধা অনুযায়ী হতে হবে। নির্দ্দিষ্ট রাস্তায় ফুটপাত দিতে হবে। একইভাবে সব রাস্তায় বাইসাইকেল লেন রাখা যাবে না। টেম্পু বা টমটম স্ট্যান্ড বাস টার্মিনাল বা বাণিজ্যিক এলাকার কাছাকাছি হতে হবে। আন্ডারপাস, ওভারপাস বা গ্রেড সেপারেশ প্রয়োজন অনুযায়ী দিতে হবে। তবে অনেক সেবা সুবিধার জায়গা আগে থেকে ধরে রাখতে না পারলে পরে জমি পাওয়া যাবেনা বা এর জন্য প্রচুর মূল্য দিতে হবে। গাড়ি পার্কিং এর স্থান এখনই অধিগ্রহণ করতে হবে। ***চিত্রলেখ ১১-৬*** থেকে দেখা যায় যে, প্রস্তাবিত সড়ক উন্নয়নের মধ্যে ১২% প্রাইমারি সড়ক যার সর্বমোট দৈর্ঘ্য ৩৬.১৪ কি.মি.। সেকেন্ডারি সড়কের দৈর্ঘ্য ৫৩.৫ কি.মি. (১৮%) এবং টারশিয়ারি রাস্তার দৈর্ঘ্য ২১৩.৭৯ কি.মি. (৭০%) ।


চিত্রলেখ ১১-৬: স্তর অনুযায়ী রাস্তার পরিমান




১১.১০.৪.১ প্রাইমারি সড়ক

জাতীয় পর্যায়ে প্রাইমারি সড়কের কাজ বিভাগীয় শহরকে রাজধানীর সঙ্গে যুক্ত করা এবং জেলা শহরকে বিভাগীয় শহরের সঙ্গে যুক্ত করা প্রাইমারি সড়কের কাজ। শহরে প্রাইমারি সড়ক প্রধান রাস্তা হিসাবে কাজ করে যা সেকেন্ডারি সড়ককে জাতীয় মহাসড়কের সঙ্গে যুক্ত করে।

এর নকশা রাখা হয়েছে ৫.৫০ মিটার প্রস্থের দুই লেন বিশিষ্ট সিঙ্গল ক্যারেজওয়ে। এর দুপাশে ১.২০ মি. শোল্ডার থাকবে। ***চিত্রলেখ ১১-৭*** ও ***চিত্রলেখ ১১-৮*** দেখা যেতে পারে।




চিত্রলেখ ১১-৭: প্রাইমারি সড়কের নকশা




চিত্রলেখ ১১-৮: প্রাইমারি সড়কের পরিকল্পনা

১১.১০.৪.২ সেকেন্ডারি সড়ক

সেকেন্ডারি সড়ক পৌরসভার দ্বিতীয় পর্যায়ের সড়ক। এটি প্রাইমারি সড়ককে টারশিয়ারি সড়কের সঙ্গে যুক্ত করে। এই রাস্তায় ফুটপাত, জেব্রা ক্রসিং, মার্কিং, সাইন, সিগনাল থাকা জরুরী। এই রাস্তায় প্রচুর ধীর গতির যানবাহন চলাচল করে। এর ডিজাইনে প্রস্থ রাখা হয়েছে ৫.৫০ মি. এবং উভয় পাশে শোল্ডার ১.১০ মি. (***চিত্রলেখ ১১-৯*** ও ***চিত্রলেখ ১১-১০***) । তাবে প্রাইমারি সড়কের তুলনায় এই সড়কের AADT কম।




চিত্রলেখ ১১-৯: সেকেন্ডারি সড়কের নকশা




চিত্রলেখ ১১-১০: সেকেন্ডারি সড়কের পরিকল্পনা

১১.১০.৪.৩ কালেক্টর সড়ক বা টারশিয়ারি সড়ক

কালেক্টর সড়ক অ্যাকসেস সড়ককে সেকেন্ডারি সড়কের সঙ্গে যুক্ত করে। এই রাস্তায় পথচারী, ধীর গতির যানবাহন এবং হালকা যানবাহন চলাচল করে। এর নকশা রাখা হয়েছে ৩.৭০ মি; চওড়া, দুপাশে ০.৯০ মি. শোল্ডার। ***চিত্রলেখ ১১-১১*** ও ***চিত্রলেখ ১১-১২*** বিস্তারিত নকশা দেখানো হলো।



চিত্রলেখ ১১-১১: কালেক্টর বা টারশিয়ারি সড়কের নকশা



চিত্রলেখ ১১-১২: কালেক্টর বা টারশিয়ারি সড়কের পরিকল্পনা

১১.১০.৪.৪ অ্যাকসেস সড়ক

অ্যাকসেস সড়ক হচ্ছে প্রতি বাড়ি থেকে যে রাস্তা বের হয়ে শহরের সঙ্গে যুক্ত হয়েছে সেই রাস্তা। এই রাস্তাগুলো প্রস্থ সাধারণত কম হয়। তবে পরিকল্পনায় এই রাস্তা ৩.২৫ মি. রাখার সুপারিশ করা হচ্ছে।

- নতুন সড়ক নির্মাণের জন্য নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করতে হবে:
- যানবাহন চলাচলের পথ এবং সংলগ্ন এলাকাসমূহ পরিষ্কার ও সজ্জিত উপস্থিতিতে রাখতে হবে।
- RoW এ অথবা এর সংলগ্ন এলাকায় কোনো প্রকার দাহ্য পদার্থ জমা রাখা যাবে না।
- কৃষি এলাকায় যেখানে মাটি শৈলশিরায় পরিণত হয়েছে, সেখানে বাঁধের ভিত্তির জন্য উপযুক্ত মাটি মোটামুটিভাবে সমতল করা হবে।
- খননকৃত উপকরণগুলো জমা করা হবে যাতে সেগুলো সেবা বা সম্পত্তিকে ক্ষতিগ্রস্ত না করে এবং ঐ এলাকা বা এর পার্শ্ববর্তী এলাকার ড্রেনেজ ব্যবস্থায় কোনো বাধা সৃষ্টি করতে না পারে।
- নির্মাণের সময়, বোরো পিটগুলো যতদূর সম্ভব নিষ্কাশিত করতে হবে এবং কাজটি একটি পরিষ্কার ও সুনিপুণ পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।
- পূর্ণ প্রস্থের ভরাট ধারাবাহিক স্তরে সম্পন্ন করা হবে।
- প্রতিটি স্তর ১৫০ মি.মি. বেধের বেশি অতিক্রম করবে না।
- নির্দিষ্ট স্তরের থেকে ±২৫ মি. মি. পৃষ্ঠতলের সহনশীলতা গৃহীত হয়।
- সন্নিবেশকরণের আগে ভরাট উপকরণের আর্দ্রতা উপাদান OMC এর ±২% এর মধ্যে থাকা উচিৎ।
- সন্নিবেশকরণের পরে বাঁধের শুষ্ক ঘনত্ব সর্বাধিক শুষ্ক ঘনত্বের ৯৫% এর কম হবে না।
- প্রত্যেক ১০০০ বর্গ মিটারের জন্য একটি ঘনত্ব পরীক্ষা করা হবে।
- সাব-গ্রেড যে কোনো এক সময়ে ১০০ মিটারের কম না হওয়া পর্যন্ত প্রস্তুত করা হবে।
- মৃত্তিকা সম্পূর্ণরূপে আলগা হওয়া পর্যন্ত সাব-গ্রেড উপাদানটি ১৫০ মি. মি. গভীরতা পর্যন্ত খোড়া হবে।
- সাব-গ্রেডের ক্ষেত্রে ৯৮% শুষ্ক ঘনত্ব অর্জন করা হবে।
- ২০০ মি.মি. বেধ পর্যন্ত উন্নত সাব-গ্রেড ছড়িয়ে দেওয়া হবে প্রতি স্তরে।
- CBR পরীক্ষা সম্পন্ন করা হবে; নির্দিষ্ট সন্নিবেশকরণে প্রাপ্ত এবং ৪ দিন ভিজিয়ে রাখার পর প্রাপ্ত পরীক্ষাগার মান


৮% অতিক্রম করবে।

- স্থাপনের সময় ভিত্তি হবে OMC এ অথবা এর কাছাকাছি এবং প্রায় সমান বেধে স্তরে স্তরে ছড়িয়ে দিতে হবে।
- উপযুক্ত ও পর্যাপ্ত সন্নিবেশকরণ উপকরণসহ প্রত্যেক স্তর পুঙ্খানুপুঙ্খভাবে সন্নিবিষ্ট করতে হবে।
- প্রত্যেক স্তর সর্বোচ্চ শুষ্ক ঘনত্বের অন্ততপক্ষে ৯৮% পর্যন্ত সন্নিবিষ্ট করা হবে।
- রোলিং অপারেশন প্রান্তে শুরু হবে এবং কমপক্ষে ৭৫০ মি. মি. পর্যন্ত শোল্ডারের উপর সমাপতিত হবে।
- যখন আসন্ন বৃষ্টি দেখা দেয় না, প্রস্তুতকৃত রাস্তা সন্তোষজনক অবস্থায় থাকে এবং পৃষ্ঠতল শুষ্ক থাকে, শুধুমাত্র তখন বিটুমিনাস মিশ্রণ রাখা উচিৎ।
- প্রধান কোট স্প্রেটিংয়ের ক্ষেত্রে পরিবেশকের বায়ুসংক্রান্ত টায়ার থাকতে হবে এবং এমনভাবে নকশা করতে হ বে যেন ধ্রুবক তাপমাত্রায় বিটুমিনাস উপাদানটি এককভাবে পরিবর্তনশীল প্রস্থে এবং ০.২০ থেকে ২.০০ লি টার/বর্গ মিটারের নিয়ন্ত্রিত হারে প্রয়োগ করা যেতে পারে।
- রোলারগুলো সদ্য সজ্জিত উপাদানগুলোতে দাঁড়ানোর অনুমতি দেওয়া যাবে না যা দ্বারা বিকৃত হতে পারে।
- মিশ্র বিটমুনাস সীল আবরণ স্থাপন করা হবে এবং দানাদার (granular) ভিত্তির উপর ছড়িয়ে পড়বে যা একটি নির্দিষ্ট ঘনত্বের জন্য প্রাথমিক বা বিটুমিনাস কার্পেটিং তৈরি করা হয়েছে যা নির্দিষ্ট সন্নিবিষ্ট বেধের চেয়ে কম ২৫% এর বেশি হবে এবং অবিলম্বে একটি বিদ্যুৎ চালিত সড়ক রোলারের সাথে সন্নিবিষ্ট হবে।
- রাস্তা চিহ্নিতকরণের জন্য রং ব্রাশ বা যান্ত্রিক উপায়ে প্রয়োগ করার উপযুক্ত হবে।
- ঘাসের চাপড়া ও তৃণাচ্ছাদিত জমির মাধ্যমে তৃণাচ্ছাদন করতে হবে।

চিত্রলেখ ১১-১৩ এবং *চিত্রলেখ ১১-১৪* তে অ্যাকসেস সড়কের বিস্তারিত নকশা এবং প্রস্থচ্ছেদ দেখানো হলো।



চিত্রলেখ ১১-১৩: অ্যাকসেস সড়কের নকশা



চিত্রলেখ ১১-১৪: অ্যাকসেস সড়কের পরিকল্পনা

১১.১০.৫ সড়ক সংশ্লিষ্ট অন্যান্য অবকাঠামো সুবিধা

লক্ষ্মীপুর শহরে সড়ক সংশ্লিষ্ট অবকাঠামো সুবিধা অনেক কম। অধিকাংশ রাস্তা সরু এবং কোন পার্কিং সুবিধা নাই। ঢাকা-রায়পুর রাস্তাই শহরের প্রধান রাস্তা। এই আঞ্চলিক মহা সড়কটি শহরের মধ্য দিয়ে চলে গিয়েছে। এ ছাড়া বরিশাল-ভাদুরিয়া-ভোলা-ইলিশা- লক্ষ্মীপুর জাতীয় সড়ক বাস টার্মিনাল থেকে শুরু হয়েছে। এ সমস্ত রাস্তায় প্রায় সব ধরণের যানবাহন চলাচল করে, ফলে এর বিভিন্ন অংশে প্রায়ই যানজট হয়। বিশেষত দিনের তুঙ্গ সময়ে যানজট যানবাহন চলাচলে

জটিল অবস্থা সৃস্টি করে। প্রধান যানজটের স্থানগুলো হলো, বাজার সড়ক, উত্তর তেমোহনি, দক্ষিণ তেমোহনি, পুরাতন আদালত সড়ক, ঝুমুর মোড়, জকসিন বাজার ইত্যাদি। অবকাঠামো সুবিধা হিসেবে পরিকল্পনায় পার্কিং সুবিধা, স্ট্যান্ড/টার্মিনাল, ফুটপাত, বাইসাইকেল রুট, ইত্যাদি প্রস্তাব করা হয়েছে।

সারণি ১১-১৪: পরিবহন খাতের সুবিধাদির জন্য প্রস্তাবিত স্থান

প্রস্তাবিত সুবিধা	ওয়ার্ড নং	স্থান	মন্তব্য
বর্তমান বাস টার্মিনালের উন্নয়ন	০৪	লক্ষ্মীপুর পৌর বাস টার্মিনাল	স্বয়ংসম্পূর্ণ বাস টার্মিনাল কমপ্লেক্স হিসাবে উন্নয়ন। উর্ধমূখী সম্প্রসারণ
বাস/অটে টার্মিনাল	১২	মজিদ মাস্টার সড়কের কাছে	মাল্টি মোডাল বাস টার্মিনাল হিসাবে উন্নয়ন।
ট্রাক টার্মিনাল	১২	নূরি গাছ তলা জামে মসজিদের কাছে রামগতি সড়ক	মাল ওঠা নামার ব্যবস্থা সহ ট্রাক টার্মিনাল স্থাপন
বোট ল্যান্ডিং স্টেশন /লঞ্চ ঘাট	টুমচর/পিয়ারপুর	লক্ষ্মীপুর পৌরসভার দক্ষিণ প্রান্তে রামগতি সড়কের পাশে	যাত্রী বসার ব্যবস্থা এবং মাল রাখার ব্যবস্থা সহ ঘাট তৈরি
হেলিপ্যাড	১০	লক্ষ্মীপুর জেলা স্টেডিয়ামের পাশে	
রেল স্টেশন	১৫	গরুর হাটের কাছে	
যাত্রী শেড	০৪ (২), ০৫, ০৭, ১১, ১২ (২), ১৫	বিভিন্ন স্থানে	
রিক্সা স্ট্যান্ড	০৪ (২), ০৫ (২), ০৭, ১০ ১১ (৩), ১২ (৩), ১৫	বিভিন্ন স্থানে	
সিএনজি/ রিক্সা স্ট্যান্ড	০৫	উত্তর টুমচর	
ব্রিজ	ওয়ার্ড ০২, ০৬, ০৭ এবং ১০ ছাড়া সকল ওয়ার্ড এবং আশে পাশের কিছু অবস্থান		আশে পাশের কিছু অবস্থান গুলো হতে পারে, গোপিনাথপুর, গৌরি নগর, মতলবপুর, মজানদী, পিয়ারপুর, রাজিবপুর এবং টুমচর

১১.১০.৫.১ পার্কিং সুবিধা

রাস্তার পাশে পার্কিং সাধারণত দেখা যায় না। কারণ রাস্তাগুলো এত সরু যে সেখানে গাড়ি পার্কিং সম্ভব না। রাস্তা প্রশস্ত করার প্রস্তাব করা হয়েছে। তা করা হলে পার্কিং সুবিধা পাওয়া যাবে। ইমারত নির্মাণ বিধি অনুযায়ী প্রতিটি বাণিজ্যিক ভবনে পার্কিং থাকা প্রয়োজন। পার্কিং সুবিধার জন্য নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হলো।

১। আবাসিক এলাকায় অবাধ পার্কিং এর সুবিধা দিতে হবে। কারণ আবাসিক এলাকায় পার্কিং এর চাহিদা এখনো কম।

২। যে সমস্ত এলাকায় পার্কিং এর সরবরাহ চাহিদা অতিক্রম করে গিয়েছে, সেখানে নিয়ন্ত্রণ অরোপ করতে হবে। পার্কিং এর উঁপর চার্জ বসানো যায়। দুভাবে এই পার্কিং চার্জ অরোপ করা যায়। একটি চার্জ হবে সাধারণ পার্কিং এর ব্যবস্থাপনা ব্যয় উদ্ধারের জন্য। অন্যটি হবে ঐ সমস্ত এলাকায় যেখানে পার্কিং চাহিদা বেশি কিন্তু পর্যাপ্ত স্থান নাই। এ সমস্ত এলাকায় অতিরিক্ত হারে চার্জ আরোপ করতে হবে পার্কিং নিরুৎসাহিত করার জন্য। এ সমস্ত রাস্তায় পার্কিং যানবাহন চলাচলে সমস্যা তৈরী করে।

৩। কোন কোন এলাকায় নির্দ্দিষ্ট সময়ের জন্য অথবা নির্দ্দিষ্ট প্রকৃতির গাড়ির জন্য পার্কিং নিষেধ আরোপ করা যায়।

৪। শহরের নির্দ্দিষ্ট এলাকায় অটোরিক্সা, টমটম এবং রিক্সার জন্য পার্কিং রাখা যেতে পারে। এটি কার্যকর করতে হলে বিধি প্রয়োগের উপর যথেষ্ট জোর দিতে হবে।

৫। যদিও পার্কিং ব্যবস্থা কার্যকর করা মূলত পৌরসভার দায়িত্ব, তবে কাজ সহজ এবং কার্যকর করার জন্য বেসরকারি খাতকে সংযুক্ত করা যেতে পারে।

৬। ট্রাফিক পুলিশকে পার্কিং ব্যবস্থা কার্যকর করার জন্য আরো দক্ষতার সঙ্গে ব্যবহার করতে হবে।

১১.১০.৫.২ যাত্রী ছাউনি

লক্ষ্মীপুর পৌরসভায় যাত্রী ছাউনি প্রায় নাই বললেই চলে, যদিও এটি যাত্রীদের জন্য খুবই প্রয়োজনীয় একটি সেবা সুবিধা। যাত্রী ছাউনি শুধু বিশ্রামের জায়গা নয়, দীর্ঘ পথের যাত্রীদের জন্য এটি অপেক্ষা স্থল এবং বর্ষায় বা গ্রীষ্মে আশ্রয়স্থল। পৌরসভার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় আরো যাত্রী ছাউনি তৈরী করা প্রয়োজন।

১১.১০.৫.৩ বাস ও ট্রাক টার্মিনাল

লক্ষ্মীপুরে একটি আন্তঃনগর বাস টর্মিনাল আছে। এর অবস্থান ওয়ার্ড নং-৪ এ, যার নাম পৌর বাস টার্মিনাল। কিন্তু টার্মিনালটি অত্যন্ত ছোট এবং মান সম্পন্ন নয়। এর আরো উন্নয়ন এবং সম্প্রসারণ প্রয়োজন। এ ছাড়াও টার্মিনালে মৌলিক সেবামূলক সুবিধা, যেমন, পানি, টয়লেট, রেস্ট রুম, বেঞ্চ ইত্যাদির ব্যবস্থা করতে হবে।

বাস টার্মিনাল ছাড়াও শহরে লোডিং আন-লোডিং এবং গুদাম সুবিধা সহ একটি ট্রাক টার্মিনাল প্রয়োজন। এটি ওয়ার্ড নং-১২ তে রামগতি সড়কে নুরি গাছতলা জামে মসজিদের কাছে স্থাপন করা যেতে পারে। এখন রাস্তায় ট্রাক রাখা হয়। এতে রাস্তার প্রশস্ততা কমে যায় যে কারণে ট্রাফিক জ্যাম হয়।

১১.১০.৫.৪ স্ট্যান্ড/বাস বে


শহরের রিক্সা, ভ্যান, টমটম এবং অটোরিক্সার জন্য নির্দ্দিষ্ট স্থান থাকা প্রয়োজন। এ সমস্ত স্ট্যান্ডে যাত্রী এবং চালকদের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা থাকতে হবে। স্ট্যান্ডের স্থানে যথেষ্ট জায়গা থাকতে হবে গাড়ি রাখা এবং ঘোরানোর জন্য, যাতে রাস্তায় যানবাহন চলাচল বাধাগ্রস্ত না হয়।

শহরে বাস বে তৈরী করা যেতে পারে। এতে রাস্তায় যানবাহন চলাচলে বাধা সৃষ্টি না করে বাসে যাত্রী ওঠা নামা করতে পারবে। এখানে বাস বে এর অবস্থান সম্পর্কে কিছু নির্দেশনা দেয়া হলো।

- কোন রাস্তার সংযোগ স্থলের কাছে বাস বে স্থাপন করা উচিত নয়।
- কমপক্ষে ৭৫ মিটার দূরত্বে বাস বে নির্মাণ করা উচিত। গ্রাম এলাকায় এই দূরত্ব ৩০০ মিটার হওয়া উচিত।
- বাস স্টপ নিরাপদ স্থানে হতে হবে, যাতে যাত্রীরা নিরাপদে ওঠা-নামা করতে পারে।
- ডান দিকে মোড় নেয়া বাস মোড় থেকে বেশ দূরে থামতে হবে যাতে সহজেই মোড় ঘুরতে পারে।

১১.১০.৫.৫ পথচারী চলাচল সুবিধা

লক্ষ্মীপুরে প্রকৃত অর্থে ফুটপাত খুব সামান্যই আছে। অধিকাংশ স্থানে রাস্তার পাশের ড্রেন কভারকে ফুটপাত হিসাবে ব্যবহার করা হয়। শহরে উন্নত মানের ফুটপাত তৈরী করতে হবে যাতে পথচারীরা নিরাপদে এবং আরামদায়কভাবে চলাচল করতে পারে। এজন্য ফুটপাথে টাইলস লাগানো উচিত। পাশে বৃক্ষরোপণ করা যেতে পারে যাতে পথচারীরা ছায়ায় হাঁটতে পারে।



চিত্রলেখ ১১-১৫: ফুটপাতের প্রস্থচ্ছেদ

সেকেন্ডারি এবং টারশিয়ারি সড়কে হয়েছে। বিশেষতঃ যে সমস্ত এলাকায় কভারড ড্রেন আছে। শহরে সর্বমোট ১২.২২ কি.মি. কভার্ড ড্রেন আছে এবং এগুলো গুরুত্বপূর্ণ এলাকায় অবস্থিত। ড্রেনের স্ল্যাবগুলো অনেক জায়গায় ভাঙ্গা থাকায় পথচারীদের চলতে অসুবিধা হয়। ফুটপাতের পাশে ছায়া দানকারী মাঝারি উচ্চতার গাছ রোপণ করতে হবে।

পরিকল্পনায় সর্বমোট ২০১.৫৩ কি.মি. ফুটপাত প্রস্তাব করা হয়েছে। যে সমস্ত জায়গায় মানুষের চলাচল বেশি সে সমস্ত জায়গায় ফুটপাত প্রস্তাব করা হয়েছে। ***মানচিত্র ১১-৬*** এ প্রস্তাবিত ফুটপাত দেখানো হলো। পৌরসভা ছাড়াও শহরের বাইরেও ফুটপাত প্রস্তাব করা হয়েছে। ***সারণি ১১-১৫*** তে ওয়ার্ড অনুসারে প্রস্তাবিত ফুটপাত দেখানো হলো।

সারণি ১১-১৫: প্রস্তাবিত ফুটপাতের ওয়ার্ড অনুসারে বিস্তরণ

ওয়ার্ড নং	দৈর্ঘ্য (কি.মি.)	%
ওয়ার্ড নং-১	১২.৬১	৬.২৬
ওয়ার্ড নং-২	৮.১৫	৪.০৫
ওয়ার্ড নং-৩	১৩.৭২	৬.৮১
ওয়ার্ড নং-৪	৭.৪২	৩.৬৮
ওয়ার্ড নং-৫	৫.৫৩	২.৭৪
ওয়ার্ড নং-৬	৭.৭১	৩.৮৩
ওয়ার্ড নং-৭	৬.৬৪	৩.৩০
ওয়ার্ড নং-৮	৮.৬৪	৪.২৯
ওয়ার্ড নং-৯	১৫.০৪	৭.৪৬
ওয়ার্ড নং-১০	৮.৯০	৪.৪১
ওয়ার্ড নং-১১	২২.৬১	১১.২২
ওয়ার্ড নং-১২	২১.৯৭	১০.৯০
ওয়ার্ড নং-১৩	১১.৯৬	৫.৯৩
ওয়ার্ড নং-১৪	২৪.৪৯	১২.১৫
ওয়ার্ড নং-১৫	২৬.১৩	১২.৯৭
মোট	**২০১.৫৩**	**১০০.০০**


খালের পাশ দিয়েও ফুটপাত প্রস্তাব করা হয়েছে। এই ফুটপাতগুলো বিনোদনমূলক হাঁটাচলায় ব্যবহার করা যাবে। এ সমস্ত এলাকায় ফুটপাতের পাশে বসার ব্যবস্থা রাখা হয়েছে যাতে বয়স্করা বসে বিশ্রাম নিতে পারেন। এ ছাড়া পানির ব্যবস্থাও করা যেতে পারে।

১১.১০.৫.৬ নৌ ঘাট

নৌ-পরিবহন সাশ্রয়ী এবং আরামদায়ক। লক্ষ্মীপুরে নৌ চলাচল সুবিধা তৈরীর সুযোগ আছে। টুমচর/পিয়ারাপুর এলাকায় একটি ঘাট তৈরী করা যেতে পারে যেখানে নৌকা এবং লঞ্চ থামবে। প্রয়োজনীয় টার্মিনাল সুবিধা দিয়ে এখান থেকে যাত্রী এবং মালামাল পরিবহন করা যেতে পারে।

মানচিত্র ১১-৬ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত ফুটপাত

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point

- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line

- Pourashava Boundary
- Ward Boundary
- Major Waterbody (Canal)

Footpath Proposal

- Proposed Footpath

১১.১০.৫.৭ বাইসাইকেল রুট

বাইসাইকেল গমনপথ ইদানিং সময়কালে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে; বিশেষ করে উন্নত দেশগুলোর মধ্যে যেখানে পরিবেশ-বান্ধব চলাচল উৎসাহিত করার জন্য বেশিরভাগ অভ্যন্তরীণ রাস্তাগুলোর সাথে সংলগ্ন বাইসাইকেল পথ আছে। যদি প্রধান অভ্যন্তরীণ রাস্তাগুলোর সাথে বিশেষ বাইসাইকেল পথ স্থাপন করা যায়, তবে আরও বেশি বেশি মানুষ বাইসাইকেল চালাতে উৎসাহী হবে যেহেতু এটি যাত্রা সময় কমায় এবং একই সাথে ভ্রমণকারীকে পরিবহনের জন্য কোনো অর্থও ব্যয় করতে হয়না।

বাইসাইকেল লেন হলো সাইকেল ব্যবহারকারীদের ব্যবহারের জন্য একটি অংশ। সাধারণত এর প্রস্থ ১.২-১.৫ মিটার (৪-৫ ফুট) হয়ে থাকে। বাইসাইকেল লেনগুলো রাস্তার পৃষ্ঠে তাদের নিজস্ব ভ্রমণের লেন সরবরাহের মাধ্যমে মূল ও প্রান্ত এলাকাসমূহের বাইসাইকেল ব্যবহারকারীদের সকল ধরনেধরণের প্রয়োজন মেটায়। এই বাইসাইকেল লেনগুলোতে বাইসাইকেল চালকদের সতর্কতা ও দৃষ্টি আকর্ষণের জন্য বিভিন্ন সংকেত, রাস্তায় বাইসাইকেলের জন্য রাস্তা চিহ্নিত করা, বাইসাইকেলের আইকন ব্যবহার করা হয়।


একমুখী বা দ্বিমুখী সড়কের উভয় পার্শ্বেই বাইসাইকেল লেন তৈরি করা প্রয়োজন। একমুখী অথবা দ্বিমুখী সড়কের এর পার্শ্বে দ্বিমুখী বাইসাইকেল লেন বাইসাইকেল চালকদের জন্যও একটি বিপজ্জনক অবস্থার সৃষ্টি করে। একারণে এটি সুপারিশ করা হয় না। যে ক্ষেত্রে ১.৫ মিটার (৫ ফুট) বাইসাইকেল লেন প্রদান করা সম্ভব হয় না, সেক্ষেত্রে সাময়িক ব্যবস্থা হিসেবে অপেক্ষাকৃত কম প্রস্থের অচিহ্নিত লেন প্রদান করা হয়।

বাইসাইকেল লেনের সাফল্যের ক্ষেত্রে নিয়মিত তত্ত্বাবধান খুবই গুরুত্বপূর্ণ। বাইসাইকেলে লেনের জন্য একটি নিয়মিত সময়সূচি তৈরি করা উচিত।

বর্তমান নগর সড়কগুলোতে বাইসাইকেল লেন সংযোজন করার মাধ্যমে বাইসাইকেল চালকদের চাহিদা মেটানো সম্ভব।অনেক ক্ষেত্রেই সড়কের প্রস্থ না বাড়ানোর পরিবর্তে বর্তমান প্রস্থচ্ছেদ পুনরায় বিচ্যুত করার মাধ্যমে বাইসাইকেল লেন সংযোজন করা যায়। প্রকল্প এলাকার বিভিন্ন অংশে উল্লেখযোগ্য সুযোগ বিদ্যমান আছে।

চিত্রলেখ ১১-১৬ তে পরিবহন সেবা সুবিধার প্রস্তাব দেখানো হয়েছে।

চিত্রলেখ ১১-১৬: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত যানবাহন সুবিধাসমূহ



LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Transportation
- Bus/Auto Terminal
- CNG/Rickshaw Stand
- Helipad
- Passenger Shed
- Rail Station
- Rickshaw Stand
- Truck Terminal

১১.১১ পরিবহন ব্যবস্থার ব্যবস্থাপনা কৌশল (TSM)

১১.১১.১ সুবিধাদি ক্রিয়াকলাপের কৌশল

১. অটোরিকশা ও মোটরসাইকেল ব্যতীত সকল ধরনের মোটরচালিত যানবাহনগুলোকে বহুতল পার্কিং ভবনে পার্ক করতে হবে এবং এলাকায় পৌঁছাতে অটোরিকশা অথবা অযান্ত্রিক যানবাহন ব্যবহার করতে হবে।

২. এই কৌশল অবলম্বনের সময়সূচি সকাল ৮টা থেকে রাত ১০টা।

৩. মোটরচালিত যানবাহনগুলোকে রাস্তাগুলোর ছেদ স্থান এড়িয়ে চলতে হবে এবং বিকল্প রাস্তা ব্যবহার করতে হবে।

৪. রিকশা, অটোরিকশা, ভ্যান, মোটরসাইকেল এবং সাইকেল এই রাস্তাগুলোর ছেদ স্থান দিয়ে যেতে পারবে।

৫. রাস্তার প্রধান ছেদস্থানগুলোতে আধুনিক সিগন্যাল ব্যবস্থা প্রবর্তন করা উচিৎ।

১১.১১.২ সুপারিশ

নিম্নলিখিত সুপারিশগুলো পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য বিবেচনা করা যেতে পারে,

১. পার্কিংয়ের সুবিধা/স্থানটি অবিলম্বে চিহ্নিত করা উচিত। বিভিন্ন শ্রেণির যানের জন্য আলাদা পার্কিং এর জায়গা। প্রয়োজনে বহুতল পার্কিংয়ের ব্যবস্থা করা যেতে পারে।
২. প্রধান চৌরাস্তাগুলোতে যানজট এড়াতে বাইপাস রাস্তা ব্যবহার করতে হবে।
৩. রিকশা এবং টম টমের সংখ্যা সীমিত করতে হবে যেন তারা যানজটের কারণ হয়ে না দাঁড়ায়।।
৪. বাসগুলোকে শহরে প্রবেশ করতে বাধা দিতে হবে, পরিবর্তে বৃত্তাকার রাস্তাটি ব্যবহার করতে হবে (প্রস্তাবিত) ।
৫. ট্রাকের যাত্রা শুরু বা ট্রাক টার্মিনালে যাতায়াতের জন্য বিকল্প রাস্তা প্রস্তাব করা হয়েছে। ট্রাক চলাচলের জন্য অনুমতিত রাস্তা দিয়ে সকাল ৮ টা থেকে রাত ১০.৩০ পর্যন্ত বাস ব্যতিত সকল ধরণের যানবাহন চলাচল করতে পারবে।
৬. সড়ক নিরাপত্তা – চালক, হেলপার এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত যানবাহন ক্রিয়াকলাপ এবং রক্ষণাবেক্ষণের সাথে জড়িত ব্যক্তিবর্গ; যেমন- যানবাহন মালিক সমিতি, চালক সমিতি ও অন্যান্য অনুরূপ সংগঠনের মধ্যে সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে।

১১.১১.৩ ট্রাফিক ব্যবস্থাপনা কৌশল

এটি শহরে যানজটের অন্যতম কারণ। সব সময় রাস্তা প্রশস্ত করে যানজট হ্রাস করা যায় না। এ জন্য কার্যকর ট্রাফিক ব্যবস্থাপনা প্রয়োজন। রাস্তা প্রশস্ত করার প্রস্তাব রাখা হয়েছে, পাশাপাশি ট্রাফিক ব্যবস্থাপনার উপরও জোর দিতে হবে। ভারী গাড়িকে জায়গা করে দেয়ার জন্য নির্দিষ্ট সময় অযান্ত্রিক ও ছোট গাড়ি প্রধান রাস্তায় চলাচল বন্ধ করা যেতে পারে। বাইরের গাড়ি শহরের ভেতরে ঢোকা নিয়ন্ত্রণ করতে হবে। এ ছাড়া ব্যক্তিগত গাড়ি ব্যবহারের উপরও নিয়ন্ত্রণ আনতে হবে।

১১.১১.৩.১ টমটমের ব্যবস্থাপনা

বান্দরবানের প্রত্যেক রাস্তায় সারাদিন প্রচুর টম টম চলাচল করে করে। এটি শহরে যানজটের অন্যতম কারণ। সব সময় রাস্তা প্রশস্ত করে যান জট হ্রাস করা যায় না। এ জন্য কার্যকর ট্রাফিক ব্যবস্থাপনা প্রয়োজন।

১১.১১.৩.২ নির্ধারিত কিছু এলাকায় ট্রাফিক ব্যবস্থাপনার প্রস্তাবনা

শহরে প্রচুর সংখ্যায় টম টম চলাচল করে, যা ট্রাফিক জ্যামের একটি বড় কারণ। দিনের তুঙ্গ মুহূর্তে এই জ্যাম বহুগুণ বৃদ্ধি পায়। শহরের রাস্তা চওড়া করার প্রস্তাব আছে, কিন্তু কার্যকর ট্রাফিক ব্যবস্থাপনা যানজট নিরসনে বিশেষ ভূমিকা রাখতে পারে। বিশেষত ভারী গাড়ি, টম টম, অটো-রিক্সার। ট্রাফিক ব্যবস্থাপনার অংশ হিসাবে বাজার এলাকায় হকার নিয়ন্ত্রণ করতে হবে। লক্ষ্মীপুর বাজার এলাকার রাস্তাকে যান্ত্রিক যানবাহন মুক্ত করতে হবে। রাত ১১ টার পর মাল ওঠা নামার কাজ হবে। অটোরিক্সা, টম টম, রিক্সা রাস্তার প্রবেশ মুখে যাত্রী নামিয়ে দেবে। এভাবে বাজার এলাকায় যানজট হ্রাস করা সম্ভব।

১১.১১.৩.৩ নিরাপত্তা, সংকেত এবং পরিচালনাগত ঘাটতির সমাধান

ট্র্যাফিক প্রকৌশল কখনো কখনো জ্যামিতিক হাইওয়ে ডিজাইনের সম্পূর্ণ ক্ষেত্রকে বোঝায় বলে ধারণা করা হয় যেহেতু এটি মহাসড়ক এবং রাস্তার নিরাপদ ও কার্যকরী পরিচালনাকে প্রভাবিত করে। এটি সমস্ত ডিভাইসের পরিকল্পনা, নকশা এবং পরিচালনা করে যা যানবাহনের প্রবাহকে সহায়তা করে। এর মধ্যে আছে ফুটপাত চিহ্নিতকরণ, যানবাহন চিহ্নিতকরণ, সড়ক চিহ্নসমূহ, রাম্বল স্ট্রিপ এবং ট্রাফিক সংকেতসমূহ।

এটি আর্টেরিয়াল রুটগুলো এবং একমুখী রাস্তা এবং অন্যান্য সংশ্লিষ্ট সুবিধার ব্যবহার নিয়ন্ত্রণ করার মাধ্যমে বিদ্যমান ব্যবস্থার দক্ষতা উন্নত করার উপায়গুলোর সাথে এটি কাজ করে। রাস্তাঘাটে দুর্ঘটনা দূর করার জন্য মহাসড়কটির এই অংশে পথচারী আশ্রয় এবং অন্যান্য সংশ্লিষ্ট আধুনিক ট্রাফিক সংকেত প্রদানের জন্য এটি দৃঢ়ভাবে সুপারিশ করা হয়।

রাস্তাঘাটে দুর্ঘটনা দূর করার জন্য মহাসড়কটির এই অংশে পথচারী আশ্রয় এবং অন্যান্য সংশ্লিষ্ট আধুনিক ট্রাফিক সংকেত প্রদানের জন্য দৃঢ় সুপারিশ করা হয়।

১১.১১.৩.৪ যানবাহন নিয়ন্ত্রণ কৌশল – ট্রাফিক চিহ্নসমূহ

গাড়ির ড্রাইভারকে সতর্কীকরণ, নিয়ন্ত্রণ এবং তথ্য সরবরাহের জন্য সবচেয়ে সাধারণ কৌশল হল ট্রাফিক চিহ্ন। চিহ্নসমূহ স্থাপন করার দ্বায়িত্ব মহাসড়কসহ আইন বা পুলিশ কর্মকর্তাদের উপর। অন্য কোন ব্যক্তি বা সংস্থা দ্বারা স্থাপনকৃত চিহ্নগুলো করা খুব কমই অনুমোদিত কারণ এই স্থাপনের কোনো বৈধ তাৎপর্য নেই বরং এর ফলে অনুমোদিত চিহ্নগুলোর কার্যকারিতা হ্রাস পায়। কোন পরিস্থিতিতে কোন চিহ্ন বা তার সহায়ক বাণিজ্যিক বিজ্ঞাপন বহন করা উচিৎ। গোলাকার রেল ক্রসিং চিহ্ন ব্যতীত সতর্কতা চিহ্নগুলো হীরক আকৃতির।

১১.১১.৩.৫ ট্রাফিক সংকেতসমূহ

ট্রাফিক সাইন যানবাহন পরিকল্পনার অংশ। রাস্তার মার্কিং, ট্রাফিক মার্কার, রাস্তার সাইন এবং ট্রফিক সিগনাল চলাচলের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যবহার করা হয়। এগুলো যান চলাচলে দক্ষতা বৃদ্ধি করে। শহরের রাস্তায় গুরুত্বপূর্ণ ট্রাফিক সাইনগুলো ব্যবহার করা অত্যন্ত জরুরী। এতে দূর্ঘটনা হ্রাস পাবে। তবে এ জন্য এগুলো অনুসরণের নিশ্চয়তা বিধান করতে হবে।

সাইন এবং মার্কিং ছাড়া, সকল ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থাকে ট্রাফিক সিগনাল বলে। এগুলো নিম্নবর্ণিত কাজ করে থাকে।

১। যানবাহন চলাচল নিয়ন্ত্রণের মধ্যে নিয়ে আসে।
২। নির্দিষ্ট ধরণের দূর্ঘটনার পরিমান হ্রাস করে।
৩। গাড়ি এ ধরণের নিয়ন্ত্রণের মধ্যে নির্দ্দিষ্ট গতিতে ধারাবাহিকভাবে চলতে পারে।
৪। চলাচলকারী ব্যাপক সংখ্যক গাড়ি থামিয়ে অন্যান্য যানবাহন এবং পথচারী পারাপার করে থাকে।
৫। স্বয়ংক্রিয় নিয়ন্ত্রণ ব্যবস্থা মনুষ্য নিয়ন্ত্রণ ব্যবস্থা অপেক্ষা অনেক বেশি সাশ্রয়ী।

৬। সংকেতগুলো আইনী কর্তৃপক্ষের অধীনে হবে এবং প্রত্যেকের সম্পৃক্ততা অবশ্যই আইন ও অধ্যাদেশের বিবরণে বর্ণিত হবে।

প্রতিটি ট্রাফিক সিগনাল অত্যন্ত দক্ষতার সঙ্গে উপযুক্ত স্থানে স্থাপন করতে হবে, যাতে এগুলো কার্যকরভাবে ব্যবহার করা যায়। বিভিন্ন দিকে মোড় নেয়া অত্যন্ত দক্ষতার সঙ্গে করতে হবে যাতে দূর্ঘটনার পরিমাণ হ্রাস করা যায়।

চিত্রলেখ ১১-১৮ এ পরিবহন চলাচল নিয়ন্ত্রণ এবং নিরাপদ করার জন্য বিভিন্ন ধরনের সাংকেতিক চিহ্ন দেখানো হলো।



চিত্রলেখ ১১-১৭: জনপ্রিয় ট্রাফিক সাইনসমূহ

১১.১১.৪ পরিবহন চাহিদার জন্য ব্যবস্থা

বেশ কয়েকটি সমকেন্দ্রিক কারণে ভ্রমণ চাহিদা পরিচালনার প্রয়োজন জরুরী হয়ে পড়েছে। এখন জ্বালানি তেলের দাম ১৯৯০ সালের সর্বোচ্চ দামের উপরে পৌঁছেছে এবং সব শক্তির ৯৫% শক্তি পরিবহণের জন্য জ্বালানী হিসেবে ব্যবহৃত হয়।

দেশ এবং শহরসমূহ যেখানে গাড়ি অনেক ভ্রমণ মাধ্যমের মধ্যে অন্যতম পছন্দের মাধ্যম, সেগুলো সফল হওয়ার সম্ভাবনা বেশি থাকে কারণ মানুষ কম চালানোর জন্য বেছে নিতে পারেন কিন্তু তারপর পরিবহন মাধ্যম দ্বারা ভ্রমণ করতে পারবেন, নিরাপদভাবে সাইকেল চালাতে পারবেন, স্থানীয় দোকান এবং সুবিধাগুলোতে যেতে পারবেন বা বাড়ি থেকে কাজ করতে যেতে পারবেন।

পরিবহন ব্যবস্থা গ্রিনহাউস গ্যাস নির্গমনের জন্য ২৩% দায়ী এবং এগুলো অন্যান্য শক্তি ব্যবহারকারী সেক্টরের চেয়ে দ্রুততর হারে বৃদ্ধি পাচ্ছে। শহুরে পরিবহন থেকে গ্রীনহাউজ গ্যাস নির্গমন কমাতে চাহিদা ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ একটি ভালো প্রচেষ্টা।

আমরা পরিবহণের বর্তমান ধাঁচ নিয়ে উদ্বিগ্ন যা মোটরচালিত সড়ক পরিবহন দ্বারা প্রভাবিত হয় স্বাস্থ্যের উপর অত্যন্ত প্রতিকূল প্রভাব আছে। ট্রাফিক জ্যাম ব্যবস্থাপনায় বিস্তৃত উপায়গুলোর কার্যকারিতা ক্রমবর্ধমান চ্যালেঞ্জের মধ্যে রয়েছে। মোটরগাড়ি সড়ক পরিবহন দ্বারা প্রভাবিত হয় যা স্বাস্থ্যের উপর গুরুতর প্রতিকূল প্রভাব আছে। ট্রাফিক জ্যাম ব্যবস্থাপনায় বিস্তৃত উপায়গুলোর কার্যকারিতা ক্রমবর্ধমান চ্যালেঞ্জের মধ্যে রয়েছে। মোটরগাড়ি সড়ক পরিবহনের স্বাস্থ্যের উপর গুরুতর প্রতিকূল প্রভাব আছে।

১১.১১.৫ রাস্তার ধারণক্ষমতা কমানোর ঘাটতি

রাস্তাগুলোর ধারণক্ষমতার অভাব তীব্র, বিদ্যমান যে সকল রাস্তাগুলোর ধারণক্ষমতা কমে গেছে সেগুলো চিহ্নিত করে ক্রেস্টের প্রস্থ ও ক্যারিয়েজের আদর্শ মানদণ্ড অনুসারে প্রশস্তকরণের মাধ্যমে সমাধান করা আবশ্যক।

বর্ধিত ক্যারিয়েজ ওয়ে কেবলমাত্র প্রতি ঘন্টায় PCU বাড়াবে না, বরং নকশা AADT প্রস্থের মানদণ্ড অনুসারে নেয়া উচিৎ এবং এর ফলে নিরবচ্ছিন্ন যানবাহন প্রবাহ নিশ্চিত হবে এবং রাস্তার ছেদস্থানে যানজট নিরসিত হবে।

দুর্ঘটনা দূর করার জন্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করে শহরের সড়ক নেটওয়ার্ককে চ্যানেলাইজেশন এবং ট্রাফিক নিরাপত্তা সংকেত এবং সিগন্যাল ব্যবস্থা প্রদানসহ জাতীয় মহাসড়কের সাথে যুক্ত করা উচিৎ। এটিও সুপারিশ করা হয় যে, চলাচলের নিরবচ্ছিন্ন প্রবাহ নিশ্চিত করার জন্য নেটওয়ার্ক পরিকল্পনা করা উচিৎ এবং চ্যানেল ডিভাইডার চালু করা উচিৎ।

১১.১২ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল

১১.১২.১ যানবাহন পরিকল্পনা বাস্তবায়ন বিধি

যানবাহন পরিকল্পনা বাস্তবায়নের জন্য এতদসংশ্লিষ্ট বিধি বিধান মানা অত্যবশ্যক। 1996 এর ইমারত নির্মাণ বিধি, Bangladesh National Building Code, 1993, National Land Transport Policy, 2004 যানবাহন সংশ্লিষ্ট বিধি বিধান। এগুলো মেনে চলা যানবাহন সমস্যা থেকে উত্তরণের অন্যতম উপায়।

১১.১২.১.১ রাস্তা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ আইন

নতুন রাস্তা নির্মাণের জন্য অধিকাংশ ক্ষেত্রে ব্যক্তিগত মালিকানাধীন ভূমি অধিগ্রহণ প্রয়োজন হয়। শুধু রাস্তা নয় প্রায় সব ধরণের সরকারি প্রতিষ্ঠান স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ প্রয়োজন। এটা করা হয় ১৯৮২ সালের ভূমি অধিগ্রহণ আইন অনুযায়ী যা Land Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982।

সারণি ১১-১৬: যানবাহন পরিকল্পনা বাস্তবায়নের জন্য বিধি বিধান

উন্নয়নের ধরণ	পরিকল্পনার প্রকৃতি	উন্নয়ন নিয়ন্ত্রণ বিষয়ক নীতি	
প্রকল্প বাস্তবায়নের জন্য জমি সংগ্রহ	রাস্তার পাশে অনুমোদন বহির্ভূত নির্মাণ প্রতিরোধ	১৯৯৬ সালের ইমারত নির্মাণ বিধি অনুসরণ	
		বাস্তবায়ন প্রতিষ্ঠানঃ পৌরসভা, এসি ল্যান্ড	
অনুন্নত এলাকার জন্য পরিকল্পিত উন্নয়ন	নতুন রাস্তা ও ফুটপাত নির্মাণ	বাধ্যতামূলক ভূমি অধিগ্রহণ	বাস্তবায়ন প্রতিষ্ঠানঃ জাতীয় এবং আঞ্চলিক মহা সড়ক নির্মাণের জন্য RHD
ইতোমধ্যে উন্নয়নকৃত এলাকার পুনঃ উন্নয়ন	রাস্তা প্রশস্তকরণ	অংশগ্রহণ মূলক ভুমি উন্নয়ন	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানঃ RHD, LGED, BWDB (embankment road) ও Pourashava
অন্যান্য ব্যবস্থা	পার্কিং, বাসস্টপ, রাস্তার আলো, বৃক্ষরোপণ, যানবাহন নিয়ন্ত্রণ, চ্যানেলাইজেশন, অবকাঠামো নির্মাণ, যেমন ব্রিজ।	বৃক্ষরোপণঃ পৌরসভা ব্রিজ নির্মাণ ও চ্যানেলোইজেশনঃ RHD ও LGED যানবাহন নিয়ন্ত্রনঃ ট্রাফিক পুলিশ	

১১.১২.২ প্রশিক্ষণ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার

অনেক সময় ট্রাফিক পুলিশদেরকে কর্মস্থলে নিষ্ক্রিয় অবস্থায় দেখা যায়। সংযোগ স্থল গুলোতে জ্যাম হয় অনেক সময় ট্রাফিক পুলিশের গাফিলতির কারণে। যানবাহন সমস্যা থেকে উত্তরণের জন্য এই বিষয়টির প্রতি সর্বোচ্চ দৃষ্টি দিতে হবে। এ সমস্ত ট্রাফিক পুলিশ সরিয়ে আধুনিক, প্রশিক্ষণপ্রাপ্ত ট্রাফিকপুলিশ নিয়োগ দিতে হবে যারা আধুনিক প্রযুক্তি জ্ঞান সম্পন্ন। যারা পথচারী পারাপারে সহায়তায় প্রশিক্ষণ প্রাপ্ত, যারা গাড়ির চালক কর্তৃক সময় নষ্ট করা সম্পর্কে ওয়াকিবহাল, যাওয়া ও থামা সিগন্যাল সম্পর্কে অবহিত এবং আধুনিক ট্রাফিক যন্ত্রপাতি পরিচালনায় দক্ষ।

১১.১২.৩ পরিকল্পনা বাস্তবায়ন, মনিটরিং, মূল্যায়ন এবং সমন্বয়

১১.১২.৩.১ মূল্যায়ন

প্রকল্প বাস্তবায়ন মূল্যায়ন এমনভাবে করতে হবে যাতে প্রকৃত কনট্রাক্টর নির্বাচনে কোন ফাঁকফোকর না থাকে। LGED, PWD, DPHE, RHD, Education Engineering Department (EED) থেকে প্রতিনিধি নিয়ে একটি টেকনিক্যাল কমিটি করতে হবে যাদের কাজ হবে দরপত্রগুলো যথাযথভাবে মূল্যায়ন করা। নির্মাণের সকল দরপত্রগুলো দরের বিশ্লেষণের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে যাতে করে উপযুক্ত ঠিকাদার নিয়োগ করা যায়।

১১.১২.৩.২ বাস্তবায়ন

যানবাহন পরিকল্পনা বাস্তবায়নের জন্য পৌরসভার প্রকৌশল শাখাকে যথাযথভাবে কাজে লাগাতে হবে। এই সংস্থার যন্ত্রপাতি এবং জনবল আছে। প্রয়োজনে অতিরিক্ত জনবল নিয়োগ দিতে হবে।

১১.১২.৩.৩ সমন্বয়

একজন প্রকল্প ম্যানেজার/পরিচালক নিয়োগ দিতে হবে বিভিন্ন সংস্থার মধ্যে (LGED, PWD, DPHE, RHD, EED) সমন্বয়ের জন্য। তিনি সকল যানবাহন বিষয়ক প্রকল্প বাস্তবায়ন সমন্বয় করবেন।

১১.১২.৩.৪ মনিটরিং

জনস্বার্থ জড়িত আছে এ ধরনের প্রকল্প মনিটরিং করা অত্যাবশ্যক। শহরের সড়ক নেটওয়ার্ক দেখাশোনার দায়িত্ব পৌরসভার আবার যানবাহন ব্যবস্থাপনার দায়িত্ব ট্রাফিক পুলিশ বিভাগের। পৌরসভায় একটি সমন্বয় কমিটি থাকা প্রয়োজন। যারা প্রতি মাসে অন্তত একবার বসবে, যাদের কাজ হবে যাতায়াত এবং যানবাহন সমস্যা প্রতিবেদনের উপর আলোচনা করে বিভিন্ন সরকারি সংস্থার মাধ্যমে সমাধানের যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করা।

১১.১৩ যানবাহনের গতি হ্রাস

১১.১৩.১ গতি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ কৌশল

ঐতিহ্যগতভাবে সংবিধিবদ্ধ গতি সীমা প্রবর্তনের মাধ্যমে গতি হ্রাসের উদ্যোগ নেওয়া হয়। মিশ্র ট্রাফিক জোনসহ নগর সড়কে ৩০ কি.মি./ ঘন্টা (২০ মাইল/ ঘন্টা) ও নিম্নতর যানবাহনের গতি আকাঙ্ক্ষিত। যেসব জায়গায় গতি ৩০ কি.মি./ ঘন্টা (২০ মাইল/ ঘন্টা) সেসব জায়গা অধিক জনপ্রিয়তা পাচ্ছে কারণ দেখা গেছে সংঘর্ষ কমাতে এবং সংহতি বৃদ্ধিতে এটি কার্যকর। গতি সীমা রক্ষণাবেক্ষণ উন্নত করার প্রচেষ্টা সাধারণত শিক্ষার প্রয়োগ বা সড়ক প্রকৌশল দ্বারা হয়। শিক্ষা বলতে এখানে প্রচার প্রচারণা অথবা সড়ক ব্যবহারকারীদের প্রশিক্ষণ হতে পারে। গতিসীমা প্রবর্তন কৌশলের মধ্যে আছে সরাসরি স্বয়ংক্রিয় ট্রাফিক ব্যবস্থা সিস্টেম। মোটরযানের গতি হ্রাসের জন্য রাস্তায় গতিরোধক দেওয়া এবং এর মাধ্যমে বাসিন্দাদের জীবনযাপনের অবস্থা উন্নত করা এবং এর সাথে পথচারীদের ও সাইকেল আরোহীদের নিরাপত্তা ব্যবস্থা উন্নত করা। যানবাহন শান্ত করার জন্য নগর পরিকল্পনাবিদ এবং ট্রাফিক প্রকৌশলীদের অনেক কৌশল আছে। এর মূখ্য বিষয় হল পথচারীর নিরাপত্তা এবং যানবাহন থেকে আগত শব্দ ও স্থানীয় বায়ু দূষন কমানো।

১১.১৩.২ যানবাহন চলাচলে স্থিরতা নিশ্চিতকরণ করার পদক্ষেপসমূহ

চার প্রকারের পদক্ষেপ গ্রহণ করা হবে-

১) উল্লম্ব প্রান্তিককরণ
২) অনুভূমিক স্থান পরিবর্তন
৩) রাস্তা সংকীর্ণকরণ
৪) রাস্তা বন্ধ করা

১১.১৩.২.১ উল্লম্ব প্রান্তিককরণ

উল্লম্ব প্রান্তিককরণ এর মাধ্যমে গাড়ির গতি নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি আছে। এর মধ্যে একটি হচ্ছে Speed Hump বা স্পীড ব্রেকার। এগুলো বিভিন্ন ধরণের হয়ে থাকে। এগুলো গাড়ির গতি ১০ থেকে ১৫ কিলোমিটারে নামিয়ে আনে।

১১.১৩.২.২ আনুভূমিক স্থান পরিবর্তন

রাস্তায় স্থাপিত আনুভূমিক শিফট হালকাভাবে গাড়ির গতি নিয়ন্ত্রণ করে, ফলে গাড়ির গতি কমে আসে। বিভিন্ন ধরণের আনুভূমিক শিফট আছে।

১১.১৩.২.৩ রাস্তা সংকীর্ণকরণ

বড় রাস্তাকে নির্দ্দিষ্ট স্থানে সংকীর্ণ করে গাড়ির গতি হ্রাস করা যায়। ফুটপাত বা মিডিয়ান চওড়া করে রাস্তাকে সংকীর্ণ করা যায়। রাস্তায় পার্কিং এর জন্য জায়গা করে রাস্তার লেন কমিয়ে আনা যায়। এতে রাস্তায় চলমান গাড়ি বেশি গতি দিতে পারে না।

১১.১৩.২.৪ রাস্তা বন্ধ করা

হাসপাতাল বা শিক্ষা প্রতিষ্ঠানের কাছে গাড়ির গতি হ্রাস করার নির্দেশ কার্যকরার মধ্য দিয়ে গতি নিয়ন্ত্রণ করা যেতে পারে। এ ছাড়া স্পিডো মিটার দিয়ে গতি নির্ধারণ করে জরিমানা ধার্য করে গতি নিয়ন্ত্রণ বিধি কার্যকর করা যেতে পারে।

১১.১৩.৩ গ্রহণযোগ্য মাত্রায় যানবাহনের আয়তন

যানবাহনের আয়তন ইতিমধ্যে গ্রহণযোগ্য পর্যায়কে অনেক আগেই অতিক্রম করেছে। এই রিপোর্টে দেখানো হয়েছে যে, বিদ্যমান আন্তঃসীমা রাস্তাগুলো অত্যন্ত সরু এবং তাদের অধিকাংশই ক্ষতিগ্রস্ত। পরিকল্পনা কমিশনের হিসাব অনুসারে, যানবাহনের পরিমাণের সাথে রাস্তার মানদন্ডের জন্য আবশ্যিক জ্যামিতিক শর্ত নীচে দেওয়া হলো-

সারণি ১১-১৭: রাস্তার মানদণ্ডের জন্য জ্যামিতিক আবশ্যিক শর্ত

নকশার ধরন	নকশা বছরের যানবাহনের আয়তন PCU / তুঙ্গ ঘন্টা (AADT)	শীর্ষস্থানের প্রস্থ (মি.)	যানবাহন চলাচলের পথ (লেনের সংখ্যা)	বাঁধানো শোল্ডার
১.	৪৫০০-৮৫০০ (১৯০০-৩৬০০)	৩৬.৮	২×১১ (৬)	১.৮ (জাতীয়)
২.	২১০০-৪৫০০ (৭০০০-১৯০০০)	২১.৬	২×৭.৩ (৪)	১.৮ (জাতীয়)
৩.	১৬০০-২১০০ (৫০০০-৭০০০)	১৬.৩	৭.৩(২)	১.৫ (আঞ্চলিক)
৪.	৮০০-১৬০০ (১০০০-৫০০০)	১২.১	৬.২(২)	১.৫ (আঞ্চলিক)
৫.	৪০০-৮০০ (৫০০-১০০০)	৯.৮	৫.৫	১.২ (আঞ্চলিক)
৬.	< ৪০০	৭.৩	৩.৭ (১)	০.৯ (উপজেলা)

১১.১৪ উপসংহার

ভবিষ্যৎ যাতায়াত সমস্যা মোকাবেলা করার জন্য নির্ধারিত মানদণ্ড অনুযায়ী রাস্তা সম্প্রসারণ করতে হবে। এই অধ্যায়ে কোন কোন রাস্তা প্রশস্ত করতে হবে তার ইঙ্গিত দেয়া হয়েছে। এ ছাড়া, পৌরসভা ও তার আশে পাশে চলাচল সহজ করার জন্য নতুন রাস্তার প্রস্তাব দেয়া হয়েছে। এ সমস্ত রাস্তা নির্মাণে নির্ধারিত মানদণ্ড অনুসরণ করতে হবে।

দ্বাদশ অধ্যায়

পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা

সূচিপত্র

১২.১ ভূমিকা---------- ১২-১
১২.২ লক্ষ্য ও উদ্দেশ্য---------- ১২-১
১২.৩ ভূমির বন্ধুরতা ---------- ১২-১
১২.৪ বর্তমান ড্রেনেজ ব্যবস্থা---------- ১২-২
১২.৪.১ প্রাইমারি ড্রেন---------- ১২-৩
১২.৪.২ সেকেন্ডারি ড্রেন ---------- ১২-৩
১২.৪.৩ টারশিয়ারি ড্রেন---------- ১২-৪
১২.৪.৪ লক্ষ্মীপুর পৌরসভায় জলাশয় ---------- ১২-৬
১২.৫. ড্রেনেজ এবং জলাবদ্ধতা বিষয়ক সমস্যা ---------- ১২-৬
১২.৫.১ ড্রেনেজ ব্যবস্থায় খাল এবং জলাশয় দখল প্রবণতার প্রভাব---------- ১২-১০
১২.৫.২ সুপারিশ ---------- ১২-১০
১২.৬ প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক---------- ১২-১১
১২.৭ ড্রেনেজ ব্যবস্থাপনা এবং বন্যা নিয়ন্ত্রণ---------- ১২-১২
১২.৭.১ সার্ভিস এলাকা---------- ১২-১২
১২.৭.২ অভ্যন্তরীণ ড্রেনেজ ব্যবস্থা---------- ১২-১২
১২.৭.৩ ড্রেন ডিজাইনঃ বিকল্প প্রস্তাব---------- ১২-১৫
১২.৭.৪ ড্রেনেজ ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের পর্যায়ক্রমিক পরিকল্পনা---------- ১২-১৭
১২.৭.৪.১ ড্রেনেজ অবকাঠামো নির্মাণের নকশা---------- ১২-১৮
১২.৭.৪.২ ড্রেনেজ ম্যানেজমেন্ট প্ল্যান বাস্তবায়ন, মনিটরিং, মূল্যায়ন---------- ১২-১৯
১২.৮ পানি সরবরাহ ---------- ১২-২০
১২.৮.১ বিদ্যমান চিত্র ---------- ১২-২০
১২.৮.২ পানি সরবরাহের চাহিদার অভিক্ষেপন ---------- ১২-২৩
১২.৮.২.১ অভিক্ষেপনের ভিত্তি ---------- ১২-২৩
১২.৮.৩ পানি সরবরাহ বিষয়ক সুপারিশ ---------- ১২-২৬

১২.৮.৪ পানি সরবরাহ উন্নয়ন প্রস্তাব ---------- ১২-২৬
১২.৯ বর্জ্য ব্যবস্থাপনা---------- ১২-২৮
১২.৯.১ বিদ্যমান চিত্র ---------- ১২-২৮
১২.৯.২ প্রক্ষেপিত ভবিষ্যৎ পরিমান ---------- ১২-২৮
১২.৯.৩ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সুপারিশসমূহ ---------- ১২-৩১
১২.৯.৪ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ---------- ১২-৩১
১২.১০ স্যুয়ারেজ সিস্টেম---------- ১২-৩৩
১২.১০.১ বিদ্যমান চিত্র---------- ১২-৩৩
১২.১০.২ স্যুয়ারেজ সিস্টেমের প্রস্তাবনাসমূহ ---------- ১২-৩৩
১২.১১ টেলিফোন সেবাসমূহ---------- ১২-৩৩
১২.১১.১ বিদ্যমান চিত্র---------- ১২-৩৩
১২.১১.১.১ উন্নয়ন প্রস্তাব---------- ১২-৩৪
১২.১২ বিদ্যুৎ সরবরাহ এবং সড়ক বাতি---------- ১২-৩৪
১২.১২.১ বিদ্যমান অবস্থা---------- ১২-৩৪
১২.১২.২ বিদ্যুৎ সরসরাহ বিষয়ক প্রস্তাব ---------- ১২-৩৯
১২.১২.৩ সড়ক বাতি বিষয়ক প্রস্তাব ----------১২-৩৯

দ্বাদশ অধ্যায়
পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সেবা পরিকল্পনা

১২.১ ভূমিকা

পরিকল্পনা প্রতিবেদনের এই অংশে লক্ষ্মীপুর পৌরসভার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ পানি নিষ্কাশন এবং অত্যাবশ্যকীয় সার্ভিস বিষয়ক প্রস্তাব উপস্থাপন করা হয়েছে। পরামর্শকগণ নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বিদ্যমান অবস্থার মূল্যায়ন করে উন্নয়ন প্রস্তাবনা প্রদান করেছেন।

১২.২ লক্ষ্য ও উদ্দেশ্য

প্রাকৃতিক নিষ্কাশন ব্যবস্থার মূল মাধ্যম হচ্ছে প্রাকৃতিক খাল/নালাসমূহ। এছাড়া আছে পৌরসভা নির্মিত ড্রেন; এগুলোর খনন/পুনঃখনন নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন ঘটায়। নিচে লক্ষ্মীপুর পৌরসভার ড্রেনেজ পরিকল্পনার উদ্দেশ্য বর্ণিত হলঃ

- বিদ্যমান প্রাকৃতিক ও নির্মিত ড্রেন চিহ্নিত করে এগুলোর ড্রেনেজ কৌশল অনুসন্ধান করা। স্থানীয় নদীর বর্তমান অবস্থা পর্যালোচনা করে বন্যার চিত্র অনুধাবন করা। একইসাথে দুর্বল ড্রেনেজ ব্যবস্থার কারণে যেসব এলাকায় পানি জমে যায় সেসব এলাকা চিহ্নিত করা;
- বর্তমান জলাবদ্ধতা সমস্যা সমাধানে বিভিন্ন বিকল্প সমাধান পর্যালোচনা করে সবচেয়ে সুলভ এবং কার্যকরী সমাধানটি চিহ্নিত করা;
- ড্রেনেজ ও পয়ঃনিষ্কাশন (শোধনাগার সহ) ব্যবস্থার জন্য একটি মহাপরিকল্পনা প্রণয়ন যাতে শহরের সম্পূর্ণ এলাকা অন্তর্ভূক্ত থাকবে। এতে প্রস্তাবিত ড্রেনের ক্যাচমেন্ট এলাকা (Catchment Area)-তে নিষ্কাশনের পরিমাণ, প্রধান ও সেকেন্ডারি ড্রেন/পয়ঃনিষ্কাশন লাইনের আকার, প্রকার ও নতিমাত্রা নকশা এবং জলধারণ এলাকার অবস্থান ইত্যাদি;
- কয়েকটি ধাপের একটি ধারণাগত পরিকল্পনা তৈরি করে পরিকল্পনা বাস্তবায়নের সময়কাল বর্ণনা করা। এক্ষেত্রে পারিপার্শ্বিক বিষয়সমূহ যথা; কারিগরি, পরিবেশগত, প্রাতিষ্ঠানিক, অর্থনৈতিক ও সামাজিক সম্ভাব্যতা বিবেচনা করা;
- অগ্রাধিকার এলাকাসমূহের জন্য হাইড্রোলিক ও কাঠামোগত নকশা প্রণয়ন করে প্রথম ধাপের বাস্তবায়ন কর্মসূচি তৈরি;
- ড্রেনেজ ব্যবস্থার বর্তমান রক্ষণাবেক্ষণ ব্যবস্থা
- ও ব্যয় পর্যালোচনা করে পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থার জন্য রক্ষণাবেক্ষণ ও ব্যয় নির্ধারণ করা;
- ড্রেনেজ ও পয়ঃনিষ্কাশন মহাপরিকল্পনার পরবর্তী ধাপসমূহ বাস্তবায়নে অর্থায়নের সম্ভাব্য পন্থাসমূহ নির্ধারণ করা।

১২.৩ ভূমির বন্ধুরতা

প্রকল্প এলাকার সর্বোচ্চ ৫.২৭২ মি.। ভূমির গড় উচ্চতা ২.২২১ মি.। গড় উচ্চতার সীমা ২.০১ থেকে ৩.০১ মিটার পর্যন্ত, যা মোট স্পট হাইটের ৫৯.১৬৭% । লক্ষ্মীপুর পৌরসভার ভূমি কিছুটা উঁচু।


এখানে সেকেন্ডারি এবং টারশিয়ারি ড্রেনের অভাব রয়েছে। পর্যাপ্ত নিষ্কাশন ব্যবস্থার অভাবে বর্ষাকালে শহরের অনেক অংশই ডুবে যায়। শহরের সব পানি মেঘনা নদীতে গিয়ে পড়ে।

১২.৪ বর্তমান ড্রেনেজ ব্যবস্থা

লক্ষ্মীপুর পৌরসভায় বর্তমানে ৭২.৯৪ কি.মি. ড্রেন আছে। এর মধ্যে ৩৯.১৬ কি.মি. প্রাইমারি ড্রেন অর্থাৎ খাল। এই খালগুলো বাড়ির বর্জ্য পানি এবং বর্ষার পনি অপসারণ করে। খালগুলোতে সারা বছর প্রবাহ থাকে। বর্ষায় জোর প্রবাহ থাকে। নিচে বিস্তারিত ড্রেনেজ ব্যবস্থা বর্ণনা করা হলো। ড্রেনগুলোকে তিন ভাগে ভাগ করা হয়েছে, প্রাইমারি, সেকেন্ডারি এবং টারশিয়ারি । খালগুলো মূলত প্রাইমারি ড্রেনের কাজ করে।

বৈশিষ্ট্যের দিক থেকে ড্রেনেজ ব্যবস্থাকে তিনটি স্তরে ভাগ করা হয়েছে যা হলো, প্রাইমারি, সেকেন্ডারি এবং টারশিয়ারি। খালগুলোকে প্রাইমারি ড্রেন হিসাবে বিবেচনা করা হয়। মাস্টার ড্রেন এবং অন্য প্রধান সংযোগকারী ড্রেনগুলোকে সেকেন্ডারি ড্রেন হিসাবে ধরা হয়। তৃতীয় স্তরের ড্রেন বা টারশিয়ারি ড্রেন হচ্ছে সেইগুলো যেগুলো বাসাবাড়ি বা মহল্লা থেকে নির্গত হয়েছে। লক্ষ্মীপুরের সমস্ত পানি সাতটি খালের মাধ্যমে সঞ্চালিত হয়। এগুলো হচ্ছে, রহমতখালী খাল, জোসনা-করালিয়া খাল, মিঠানিয়া খাল, গুঞ্জখালী খাল, চাগোচেরা খাল, ভেরির খাল এবং রামরোদের খাল। এ ছাড়া আরো খাল আছে, যেমন, জকসিন-পোদ্দার বাজার খাল। রহমতখালী খালের উৎস পৌরসভার ১০ কিলোমিটার উত্তর-পূর্ব দিকে। এটি পৌরসভার কিছু এলাকা দিয়ে প্রবাহিত হয়ে শহরের প্রায় ২৫/৩০ কিলোমিটার দূরে মেঘনা নদীতে পড়েছে।

***চিত্রলেখ* ১২-১** থেকে দেখা যায় যে মোট ড্রেনের ৫৩.৬৯% প্রাইমারি ড্রেন এর দৈর্ঘ্য ৩৯.১৬ কিলোমিটার।



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

চিত্রলেখ ১২-১: ধরণ অনুসারে লক্ষ্মীপুর পৌরসভার ড্রেন

সেকেন্ডারি ড্রেনের দৈর্ঘ্য ২৩.৮৬ কিলোমিটার যা মোট ড্রেনের ৩২.৭১%। টারশিয়ারি ড্রেনের দৈর্ঘ্য ১৩.৬০ কিলোমিটার যা মোট ড্রেনের মাত্র ৩২.৭১%। ***মানচিত্র ১২-১*** এ ড্রেনের শ্রেণি বিভাগ দেখানো হয়েছে। ***সারণি-১২-১*** এ ওয়ার্ড অনুযায়ী ড্রেনেজ নেটওয়ার্কের বিস্তরণ দেখানো হয়েছে। সারণি থেকে দেখা যায় যে সর্বাধিক দৈর্ঘ্যের ড্রেন রয়েছে ওয়ার্ড নং-১৫ তে এবং সর্বনিম্ন ওয়ার্ড নং-১২ তে। সর্বাধিক দৈর্ঘ্যের প্রাইমারি ড্রেন রয়েছে ওয়ার্ড নং-১৫ তে। সেকেন্ডারি ড্রেন সবচেয়ে বেশি ওয়ার্ড নং-১০ এ এবং টারশিয়ারি ড্রেন সর্বাধিক ওয়ার্ড নং- ১৫ তে।

সারণি ১২-১: শ্রেণি এবং ওয়ার্ড অনুযায়ী ড্রেনের বিস্তরণ

ওয়ার্ড নং	দৈর্ঘ্য (কি.মি.)			
	কাঁচা/প্রাকৃতিক ড্রেন	পাকা ড্রেন		মোট
		কভার্ড ড্রেন	খোলা ড্রেন	
ওয়ার্ড নং-১	৩.১৮	০.৮৭	২.৩৭	৬.৪৩
ওয়ার্ড নং-২	০.৭৮	০.৫৩	১.৭৮	৩.০৯
ওয়ার্ড নং-৩	১.৮৫	০.০৯	-	১.৯৪
ওয়ার্ড নং-৪	১.৩৯	-	০.৪৩	১.৮২
ওয়ার্ড নং-৫	১.৯০	২.০২	১.৪২	৫.৩৫
ওয়ার্ড নং-৬	০.২৭	২.২৬	০.৭৮	৩.৩১
ওয়ার্ড নং-৭	১.৭৯	২.৭৭	২.৪৫	৭.০১
ওয়ার্ড নং-৮	৩.৭০	০.৮২	১.১৫	৫.৬৭
ওয়ার্ড নং-৯	৬.৪৩	-	০.৪৪	৬.৮৭
ওয়ার্ড নং-১০	৪.৮০	১.৬৭	২.৩৭	৮.৮৪
ওয়ার্ড নং-১১	৩.৫৭	০.০০	০.১২	৩.৬৯
ওয়ার্ড নং-১২	০.৭২	-	০.৯৬	১.৬৮


ওয়ার্ড নং	দৈর্ঘ্য (কি.মি.)			
	কাঁচা/প্রাকৃতিক ড্রেন	পাকা ড্রেন		মোট
		কভার্ড ড্রেন	খোলা ড্রেন	
ওয়ার্ড নং-১৩	১.০৭	০.০৬	০.৬১	১.৭৪
ওয়ার্ড নং-১৪	৫.৪১	-	-	৫.৪১
ওয়ার্ড নং-১৫	৮.৬৬		১.৪৪	১০.১১
মোট	৪৫.৫৪	১১.০৯	১৬.৩২	৭২.৯৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৪.১ প্রাইমারি ড্রেন

ড্রেনেজ নেটওয়ার্কে খালগুলোকে প্রাইমারি ড্রেন হিসাবে বিবেচনা করা হয়। লক্ষ্মীপুর শহরের কাছাকাছি কোন নদী নাই। তবে শহরে অনেকগুলো খাল আছে।

চিত্রলেখ ১২-২: প্রাইমারি ড্রেনের বিস্তরণ




তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৪.২ সেকেন্ডারি ড্রেন

মোট ৭২.৯৪ কিলোমিটার ড্রেনেজ নেটওয়ার্কের মধ্যে ২৩.৮৬ কিলোমিটার সেকেন্ডারি ড্রেন। ওয়ার্ড নং-১৪ তে কোন সেকেন্ডারি ড্রেন নাই। ওয়ার্ড নং-০৩ এবং ০৪ এ খুব কম পরিমান সেকেন্ডারি ড্রেন আছে, যথাক্রমে ০.০৯ কি.মি. এবং ০.১৩ কি.মি.। বিস্তারিত ***চিত্রলেখ ১২-৩*** দ্রষ্টব্য।

চিত্রলেখ ১২-৩: সেকেন্ডারি ড্রেনের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ




তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.৪.৩ টারশিয়ারি ড্রেন

লক্ষ্মীপুর পৌরসভায় টারশিয়ারি ড্রেনের দৈর্ঘ্য ৯.৯৪ কি.মি.। সর্বোচ্চ পরিমান টারশিয়ারি ড্রেন আছে ওয়ার্ড নং- ৭ এ যা ২.০৫ কি.মি.। ওয়ার্ড নং- ৩ এ কোন টারশিয়ারি ড্রেন নাই। টারশিয়ারি ড্রেনের বিস্তারিত ***চিত্রলেখ ১২-৪*** এ দেখানো হলো।

চিত্রলেখ ১২-৪: টারশিয়ারি ড্রেনের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ




তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১২-১ তে পরিকল্পনা এলাকার ড্রেনেজ নেটওয়ার্ক দেখানো হয়েছে। সার্ভে রিপোর্টে বিদ্যমান খাল এবং রাস্তার পাশের ড্রেনের বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

মানচিত্র ১২-১: বিদ্যমান ড্রেনেজ নেটওয়ার্ক (ধরণ ও ব্যবহার অনুযায়ী)

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Road Proposal
- Road Proposal

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Existing Drain
- Access, Katcha/Natural Drain
- Access, Pucca Drain
- Secondary, Katcha/Natural Drain
- Secondary, Pucca Drain

১২.৪.৪ লক্ষ্মীপুর পৌরসভায় জলাশয়

পরামর্শক কর্তৃক জরিপকৃত তথ্য অনুযায়ী লক্ষ্মীপুরে খালের মোট দৈর্ঘ্য ৩৯.১২ কি.মি.। কিন্তু পৌরসভার সীমানা সংলগ্ন খাল ধরলে দৈর্ঘ্য আরো বেশি হয়। ওয়ার্ড অনুযায়ী খালের দৈর্ঘ্য ***সারণি ১২-২*** তে দেখানো হয়েছে। সারণি থেকে দেখা যায় যে সর্বাধিক দৈর্ঘ্যের খাল রয়েছে ওয়ার্ড নং- ১৫ তে এবং সবচেয়ে কম ওয়ার্ড নং- ০৬ এ। মোট কথা যে পৌরসভার প্রতি ওয়ার্ডে খাল রয়েছে। এর মানে পৌরসভায় যথেষ্ট পরিমানে জলাশয় আছে। খালগুলোর মোট দৈর্ঘ্য ৪৮.১৩ কি.মি., যার কিছু পৌরসভার সীমানার বাইরে পড়েছে। জলাশয়ের বিস্তারিত তথ্য পঞ্চম অধ্যায়ে দেয়া হয়েছে।

সারণি ১২-২: ওয়ার্ড অনুযায়ী পৌরসভায় খালের বিস্তরণ

অবস্থান	খালের দৈর্ঘ্য (কি.মি.)
ওয়ার্ড নং-১	৩.১৮
ওয়ার্ড নং-২	০.৫৯
ওয়ার্ড নং-৩	১.৮৫
ওয়ার্ড নং-৪	১.৩৯
ওয়ার্ড নং-৫	১.২২
ওয়ার্ড নং-৬	০.০৯
ওয়ার্ড নং-৭	০.৯৯
ওয়ার্ড নং-৮	৩.৭
ওয়ার্ড নং-৯	৫.০৪
ওয়ার্ড নং-১০	৩.৮২
ওয়ার্ড নং-১১	২.৭৯
ওয়ার্ড নং-১২	০.৩৫
ওয়ার্ড নং-১৩	০.৬৯
ওয়ার্ড নং-১৪	৫.৪
ওয়ার্ড নং-১৫	৮.০২
মোট	**৩৯.১২**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬



স্থিরচিত্র ১২-১: লক্ষ্মীপুর পৌরসভায় জলাশয়

১২.৫. ড্রেনেজ এবং জলাবদ্ধতা বিষয়ক সমস্যা

লক্ষ্মীপুর পৌরসভায় জলাবদ্ধতা একটি সাধারণ ঘটনায় পরিণত হয়েছে। মূলত দুটি কারণে জলাবদ্ধতা হয়, এক, স্বল্প সময়ে প্রচুর বৃষ্টিপাত, এবং দুই, শহরে উপযুক্ত ড্রেনেজ ব্যবস্থার অভাব। এটি পৌরসভার জন্য একটি বড় চ্যালেঞ্জ হয়ে দেখা দিয়েছে। শহরে জনসংখ্যা বৃদ্ধি এবং সেই তুলনায় পর্যাপ্ত ড্রেনের অভাব এই সমস্যাকে আরো জটিল করেছে। বর্ষায়

শহরের অনেক রাস্তা এবং নিচু এলাকা পানিতে তলিয়ে যা ঐ সমস্ত এলাকার মানুষের জীবনযাত্রা সমস্যা বহুল করে তোলে। শহরে আবর্জনা ব্যবস্থাপনা ভালো নয়। বর্জ্য রাস্তার আশে পাশে ফেলা হয়। এগুলো বর্ষায় পানি বাহিত হয়ে ড্রেনে পড়ে এবং ড্রেন বন্ধ হয়ে অনেক স্থানে জলাবদ্ধতার সৃষ্টি করে। অনেক জায়গায় এই জলাবদ্ধতা কয়েকদিন থাকে। ফলে রাস্তা এবং ফসল ক্ষতিগ্রস্ত হয়। অবির নগর, দক্ষিণ-পশ্চিম বাঞ্ছানগর এবং দক্ষিণ মজুপুর এলাকার কিছু অংশে গৃহ প্রবেশের রাস্তা নাই। পৌরসভায় পাঁচটি নিচু এলাকা আছে। এগুলো হচ্ছে, রেহান উদ্দিন রোড এলাকা, উপজেলা রোড, হসপিটাল রোড, আবু তাহের রোড এবং গোডাউন রোড এলাকা। এ সমস্ত এলাকায় মানুষ বনাঞ্চল এবং খেত খামারের মধ্য দিয়ে তাদের গৃহে প্রবেশ করে থাকে। বর্ষায় যখন এ সমস্ত এলাকা ডুবে যায় তখন এই সমস্ত এলাকায় বসবাসকারী মানুষের চলাচলে অনেক দুর্ভোগ পোহাতে হয়। পৌরসভার প্রায় ৩৪% এলাকায় জলাবদ্ধতা সমস্যা আছে। পৌরসভার ১৫ ওয়ার্ডের মধ্যে ওয়ার্ড নং-১৪, ১৫, ১০, ৬ এবং ৫ এর অবস্থা সবচেয়ে খারাপ। এখানে অন্যান্য ওয়ার্ডের তুলনায় সবচেয়ে বেশি জলাবদ্ধতা হয়। কোন কোন সময় বর্ষায় বেশি বৃষ্টিপাত হলে পানি এক মাসেরও বেশি সময় পর্যন্ত অবস্থান করে। ওয়ার্ড নং-৪, ৫, ৬ এবং ৭ সবচেয়ে বেশি জনঘনত্ব আছে। বর্ষায় রাস্তা ডুবে গেলে মানুষ চরম দুর্ভোগে পড়ে। পর্যবেক্ষণ থেকে দেখা যায় প্রধানত নিম্ন বর্ণিত কারণে শহরে জলাবদ্ধতা হয়।

- শহরে নেটওয়ার্ক ভিত্তিক ড্রেনেজ ব্যবস্থা নাই;
- ড্রেন নিয়মিত পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করা হয় না;
- ড্রেনে আবর্জনা ফেলার ফলে ড্রেনে পানি চলাচল বন্ধ হয়ে যাওয়া;
- বিভিন্ন স্থানে সেকেন্ডারি এবং টারশিয়ারি ড্রেনের মধ্যে সংযোগ নাই;
- ড্রেনের সীমানা সংরক্ষণে পৌরসভার অপারগতা;
- ড্রেনের জায়গা দখল করে স্থাপনা নির্মাণ;
- শহরের সমস্ত প্রকৃতিক খাল এলাকা দখলের ফলে ধীরে ধীরে সংকীর্ণ হয়ে যাওয়া।

শহরে সেকেন্ডারি ড্রেনের পরিমান কম। সার্বিকভাবে ড্রেনেজ সমস্যা সমাধান করতে হলে প্রথমেই শহরের জন্যএকটি সর্বাঙ্গীণ ড্রেনেজ মাষ্টার প্ল্যান তৈরী করে তা পুরোপুরিভাবে বাস্তবায়ন করতে হবে। বিদ্যমান পুকুর এবং জলাভূমিগুলো সংরক্ষণ করতে হবে। অবৈধ খাল দখল অবিলম্বে বন্ধ করতে হবে এবং দখলকৃত খালের জমি পুনরুদ্ধার করতে হবে। খালগুলো ভালোভাবে সংরক্ষণ করতে হবে যাতে বর্ষায় যথেষ্ট পরিমানে পানি খালগুলোতে ধরে রাখা যায়। কোন কোন এলাকায় আটকে যাওয়া পানি অপসারণের জন্য পানি পাম্প করার প্রয়োজন হবে।



আবর্জনা ফেলার ফলে বন্ধ হয়ে যাওয়া খাল




বর্ষায় জলাবদ্ধতা

স্থিরচিত্র ১২-২: বন্ধ খাল এবং জলাবদ্ধতা

মানচিত্র ১২-২: ড্রেনেজ আউটফলের অবস্থান

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary


Road Proposal
- Road Proposal

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Existing Drain
- Access, Katcha/Natural Drain
- Access, Pucca Drain
- Secondary, Katcha/Natural Drain
- Secondary, Pucca Drain

মানচিত্র ১২-৩: লক্ষ্মীপুর পৌরসভা এলাকায় জলাশয় সমূহ

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Existing Road
- Existing Road

Existing Waterbody
- Dighi
- Ditch
- Khal
- Pond

১২.৫.১ ড্রেনেজ ব্যবস্থায় খাল এবং জলাশয় দখল প্রবণতার প্রভাব

দেশের অন্যান্য শহরের মত লক্ষ্মীপুরেও রাষ্ট্রীয় সম্পদ খাল এবং জলাশয় দখল চলমান আছে। অধিকাংশ প্রকৃতিক খাল বা জলাশয় দখল হয়ে গিয়েছে অবৈধ দখলের কারণে। এই দখল প্রক্রিয়া প্রধান প্রধান খালগুলো উভয় পাড়ে চলমান আছে।

দখলের কারণ

রাষ্ট্রীয় খাল এবং জলাশয় এলাকা দখলের মূল কারণ এলাকায় জনসংখ্যা বৃদ্ধি, নগরায়ণ, জমির চাহিদা এবং মূল্য বৃদ্ধি। সংরক্ষণের অভাবে রাষ্ট্রীয় খাল এবং জলাশয় এলাকা করা হচ্ছে ব্যক্তিগত লাভের জন্য।

অবৈধ দখলের পরিণতি

নগরায়নের ফলে শহরে স্থাপনা বৃদ্ধি পাচ্ছে এবং খোলা জায়গা ক্রমশ হ্রাস পাচ্ছে। ফলে এক দিকে বর্ষার পানি ভূগর্ভে প্রবেশ করতে পারছে না, অন্য দিকে জলাশয় এবং নিচুজমি হ্রাস পাওয়ায় বৃষ্টিপাতের পানি জমা রাখা যাচ্ছে না। ফলে বর্ষায় অনেক এলাকায় সাময়িক জলাবদ্ধতা হচ্ছে। যেখান ন্যূনতম ২৫% জলাভূমি থাকা প্রয়োজন ইকোলজিক্যাল ভারসাম্যের জন্য, কিন্তু লক্ষ্মীপুরে তা নেই। এই পরিস্থিতি শহরের মানুষের জীবনযাপনের জন্য ঝুকিপূর্ণ বিশেষত নিচু এলাকায় বসবাসকারী দরিদ্র মানুষদের জীবনযাত্র ক্ষতিগ্রস্ত হওয়ার ব্যাপক আশংকা রয়েছে। পরিবেশ সংবেদনশীল এলাকার বৈশিষ্ট পরিবর্তন, ব্যক্তি উদ্যোগে যেখানে সেখানে আবাসন ও স্থাপনা নির্মাণ, প্রবাহমান জলধারায় বর্জ্য এবং দূষিত পানি ফেলে প্রতিবেশ ব্যবস্থা এবং জীব বৈচিত্র নষ্ট করা হচ্ছে। এর ফলে ভূমি দূষিত হচ্ছে, প্রাণীর বাসস্থান হারিয়ে যাচ্ছে, বৃক্ষ বিলীন হচ্ছে; কৃষি, মৎস সম্পদ ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং স্বাস্থ্য ঝুঁকি বাড়ছে।

অবৈধ দখলে ভূমি

লক্ষ্মীপুর পৌরসভায় নিম্নবর্ণিত ভূমি অবৈধ দখল প্রবণতার শিকারঃ

১। প্রধান প্রধান খালের সীমানাধীন এলাকা
২। প্রতিরক্ষা বাঁধের সীমানাধীন এলাকা
৩। প্রধান প্রধান রাস্তার সীমানাধীন এলাকা।

১২.৫.২ সুপারিশ

অব্যাহত অবৈধ দখলের কারণ সংশ্লিষ্ট আইন প্রয়োগে ব্যার্থতা এবং শহরের ভূমি ব্যবহার পরিকল্পনার অভাব। জলাভূমি কোন পরিত্যাক্ত ভূমি নয়। এর গুরুত্ব বিবেচনা করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমূহের উচিত জলাভূমি, প্রাকৃতিক খাল এবং নিম্নাঞ্চলগুলো রক্ষার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা। এ বিষয়ে পরামর্শক নিম্নবর্ণিত সুপারিশ পেশ করছেন।

ক। খাস জমির জন্য ভূমি তথ্য (LIS) ব্যবস্থা তৈরী

এই ব্যবস্থার আওতায় পৌরসভার সীমানার মধ্যে অবস্থিত সকল খাস জলাশয়, খাল, নিম্নাঞ্চল নির্দিষ্ট করতে হবে, ম্যাপ তৈরী করতে হবে, আয়তন নির্ধারণ করতে হবে এবং এতদ সংক্রান্ত সকল তথ্য সংরক্ষণ করতে হবে।

খ। অবৈধ দখল উৎখাত এবং জমি উদ্ধার

খাস জলাশয়, খাল, নিম্নাঞ্চল সহ সকল খাস জমি থেকে অবৈধ দখল উৎখাত করতে হবে এবং উদ্ধারকৃত জমি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে নিতে হবে।

গ। বাফার জোন তৈরী

খালের পাশে রাস্তা দিয়ে একটি বাফার জোন তৈরী করা যেতে পারে। এতে খাল এবং পাশের ব্যক্তি মালিকানাধীন জমির মধ্যে দূরত্ব তৈরী হবে এবং অবৈধ দখল বন্ধ হবে। রাস্তা ছাড়াও গাছ বা পায়ে চলার পথ তৈরী করেও এই বাফার জোন তৈরী করা যেতে পারে।

ঘ। জলাভূমির একটি যথাযথ সংজ্ঞা তৈরী করতে হবে

আইনী ব্যবস্থা গ্রহণের জন্য জলাভূমির একটি যথাযথ সংজ্ঞা তৈরী করতে হবে। খাস জলাভূমি সুনির্দিষ্ট করতে হবে। নির্দিষ্ট জলাভূমি যাতে ভরাট না করা হয় সে জন্য আইনের অধীনে প্রশাসনিক নির্দেশ জারি করতে হবে। জলাভূমি ও উন্মুক্ত অঞ্চল আইন ২০০০ এ বিষয়ে সহায়তা করতে পারে। উল্লেখিত আইনের সংরক্ষিত জলাভূমির সংজ্ঞা তৈরী করে বিধি জারি করা যেতে পারে।

ঙ। প্লাবন ভূমি

কিছু এলাকা প্লাবন এলাকা হিসাবে সংরক্ষণ করা উচিত, যাতে এলাকা দিয়ে বর্ষার পানি প্রবাহিত হতে পারে।

চ। নির্মাণ নিয়ন্ত্রণ

পৌরসভার উচিত নির্মাণ নিয়ন্ত্রণ বিধি কঠোরভাবে প্রয়োগ করা। বিশেষত জলাভূমিতে নির্মান অনুমোদন না দেয়া। এ ক্ষেত্রে শহরের মহাপরিকল্পনা অনুসরণ করা উচিত।

ছ। আইনের প্রয়োগ

জলাভূমি সংরক্ষণের জন্য জলাভূমি ও উন্মুক্তাঞ্চল আইন ২০০০ এবং ওয়াটার পলিসি ১৯৯৯ কঠোরভাবে প্রয়োগ করা উচিত।

জ। পূনর্বাসন

যে সমস্ত খাল বা জলাশয় দখল হয়ে গিয়েছে তা পুনরুদ্ধার করে পূনর্বাসন করতে হবে। খালগুলোর গভীরতা বৃদ্ধি করে সক্ষমতা বৃদ্ধি করতে হবে। নিয়মিত খাল বা নিম্নাঞ্চল দখল করে বসবাস করছিল তাদের পূনর্বাসন করতে হবে যাতে তারা আবার ঐ সমস্ত স্থানে পুনরায় বসতি গড়ে না উঠে।

ঝ। রহমতখালি খাল উন্নয়ন

রহমতখালী খাল উন্নয়ন করে একে একটি পর্যটন স্পট হিসাবে তৈরী করা যেতে পারে। এ জন্য খালের দু'ধারে পায়ে চলার পথ তৈরী করতে হবে এবং বসার ব্যবস্থা করতে হবে। এ ছাড়া মানুষকে আকৃষ্ট করার জন্য আরো বিনোদনমূলক সুযোগ সুবিধা তৈরী করতে হবে।

ঞ। বড় দীঘি সংরক্ষণ

লক্ষ্মীপুর শহরে অনেক বড় দীঘি আছে, যেমন, খোয়া সাগর, জোড়া দীঘি, জিয়ার দীঘি, দম দম দীঘি এবং ভেরি। এ গুলোর যথেষ্ট পর্যটন মূল্য আছে। যদি এগুলো উন্নয়র করা যায় পর্যটকরা আকৃষ্ট হবে এবং সারা বছর পর্যটকদের আনাগোনা থাকবে। এগুলোকে দর্শনীয়ভাবে সাজাতে হবে এবং বিনোদনের ব্যবস্থা করতে হবে, বিশেষত জল ভিত্তিক বিনোদন থাকা প্রয়োজন।

১২.৬ প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক

জরিপ থেকে দেখা যায় যে লক্ষ্মীপুর পৌরসভায় ২৩.৮৬ কি.মি. সেকেন্ডারি এবং ৯.৯২ কি.মি. টারশিয়ারি ড্রেন আছ। জরিপ রিপোর্টের অধ্যায় ৯ এর ***চিত্রলেখ ৯-৩*** এ পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে সেকেন্ডারি ড্রেনের বিস্তরণ দেখানো হয়েছে। পরামর্শক অতিরিক্ত আরো ৯৬ কি.মি. ড্রেনের প্রস্তাব করেছে। এর মধ্যে আছে ১৫ কি.মি. প্রাইমারি ড্রেন ড্রেজিং; ৬২ কি.মি. সেকেন্ডারি ড্রেন নতুন নির্মাণ, উন্নয়ন বা পুনঃনির্মান। প্রস্তাবিত ড্রেন সমূহের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ ***সারণি ১২-৩*** এ দেখানো হয়েছে। প্রস্তাবনায় শুধু প্রাইমারি এবং সেকেন্ডারি ড্রেনের কথা বলা হয়েছে। টারশিয়ারি ও অন্য ড্রেন পৌরসভা তার নিজের প্রয়োজন অনুযায়ী নির্মাণ করবে।

সারণি- ১২-৩: প্রস্তাবিত ড্রেন সমূহের ওয়ার্ড অনুযায়ী বিস্তরণ

ওয়ার্ড নং	প্রস্তাবিত প্রাইমারি ড্রেন/খাল (কি.মি.)	প্রস্তাবিত সেকেন্ডারী ড্রেন (কি.মি.)		প্রস্তাবিত মোট ড্রেনের দৈর্ঘ্য (কি.মি.)
	ড্রেজিং	নতুন নির্মাণ	উন্নয়ন/পুনঃ নির্মাণ	
ওয়ার্ড নং-১	-	৫.৪১	২.০৩	৭.৪৪
ওয়ার্ড নং-২	-	৪.৪৪	১.৭৯	৬.২৩
ওয়ার্ড নং-৩	০.৩৭	৫.০৩	০.০৩	৫.৪২
ওয়ার্ড নং-৪	২.০৭	৩.৫৫	০.১৪	৫.৭৬
ওয়ার্ড নং-৫	-	১.০৪	২.৭৬	৩.৮০
ওয়ার্ড নং-৬	-	৪.৮৬	৩.২৪	৮.১০
ওয়ার্ড নং-৭	০.৭৫	২.৮১	২.২৬	৫.৮২
ওয়ার্ড নং-৮	০.২৯	৩.০০	১.০৭	৪.৩৭
ওয়ার্ড নং-৯	২.৮০	৪.৪৮	০.৯৬	৮.২৪
ওয়ার্ড নং-১০	১.৬০	৩.০৬	২.০৬	৬.৭২
ওয়ার্ড নং-১১	০.১৩	৯.০২	০.৬৯	৯.৮৪
ওয়ার্ড নং-১২	১.৭৭	৫.০৭	১.০৪	৭.৮৮
ওয়ার্ড নং-১৩	০.৩৬	২.৯৬	০.১৯	৩.৫০
ওয়ার্ড নং-১৪	০.৪৮	৪.৪৫	-	৪.৯৪
ওয়ার্ড নং-১৫	৪.৮৪	৩.১৪	-	৭.৯৮
মোট	১৫.৪৬	৬২.৩২	১৮.২৫	৯৬.০৪

১২.৭ ড্রেনেজ ব্যবস্থাপনা এবং বন্যা নিয়ন্ত্রণ

১২.৭.১ সার্ভিস এলাকা

ড্রেনেজ প্ল্যান তৈরী করা হয়েছে ২০৩৭ সালের চাহিদার প্রতি লক্ষ্য রেখে। এটি তিন বা চার পর্যায়ে বাস্তবায়ন করা যেতে পারে। প্রথম পর্যায় শুরু হবে ২০১৭ সালে এবং শেষ পর্যায় শেষ হবে ২০৩৭ সালে। পর্যায়গুলো নির্ধারণ করা হয়েছে বাস্তবায়ন সময়, অর্থ প্রাপ্তি ইত্যাদি বিষয় বিবেচনায় রেখে। বাস্তবায়ন প্রক্রিয়ায় মহাপরিকল্পনা পর্যালোচনার বিষয় অন্তর্ভূক্ত রাখা হয়েছে। একইভাবে ২০২২, ২০২৭, ২০৩২ এবং ২০৩৭ সালের জন্য সার্ভিস এলাকা নির্ধারণ করা হয়েছে।

১২.৭.২ অভ্যন্তরীণ ড্রেনেজ ব্যবস্থা

লক্ষ্মীপুর পৌরসভায় হঠাৎ বন্য হয়, তবে এখানে জলাবদ্ধতা একটি নিয়মিত বিষয়। এটি সুষ্ঠ ড্রেনেজ ব্যবস্থা না থাকার করণে। এ বিষয়ে মহাপরিকল্পনার সুপারিশ নিম্নরুপঃ


- ড্রেনেজ নেটওয়ার্কের উন্নয়ন করতে হবে এবং এর বিভিন্ন অংশ সার্বিক ড্রেনেজ ব্যবস্থার সঙ্গে যুক্ত করতে হবে। খাল এবং কাঁচা ড্রেনের সমন্বয়ে গঠিত ড্রেনেজ ব্যবস্থা এবটি অসম্পূর্ণ ব্যবস্থা। এটি হয়েছে দীর্ঘ অবহেলার কারণে। প্রাইমারি ড্রেনকে উন্নয়ন করতে হবে এবং কাঁচা ড্রেন পাকা করতে হবে। পুরো ড্রেনেজ ব্যবস্থা হবে একটি সমন্বিত ব্যবস্থা।
- শহরের পূর্ব দিক তুলনামূলকভাবে উঁচু। এই এলাকার সেকেন্ডারি এবং টারশিয়ারি ড্রেন ব্যবস্থা উন্নত করতে হবে। ড্রেনগুলো পরিষ্কার করতে হবে, পূনর্বাসন করতে হবে, পুনঃনির্মাণ করতে হবে এবং অন্য ড্রেন বা আউটফলের সঙ্গে যুক্ত করতে হবে।
- নিচু এলাকা, যেখান পানি জমে থাকে সেখানে জল ভিত্তিক বিনোদন সুবিধা তৈরী করতে হবে।
- টুমচর/পিয়ারপুর এলাকায় একটি বর্জ্য পানি শোধনাগার স্থাপন করতে হবে।
- পৌরসভার কাঁচা ড্রেনগুলো ক্রমান্বয়ে পাকা করতে হবে। পাকা ড্রেন দিয়ে পানি দ্রুত প্রবাহিত হতে পারে।

- ভবিষ্যতে নগরায়িত হবে এমন এলাকাগুলোতে এখনই ড্রেনেজ ব্যবস্থার প্রস্তুতি নিতে হবে। এই ড্রেনেজ ব্যবস্থা পৌরসভার মূল অংশের সঙ্গে যুক্ত করতে হবে। নতুন রাস্তা তৈরীর সময় পাশে ড্রেনের ব্যবস্থা রাখতে হবে।

মানচিত্র ১২-৪ এ বিস্তারিত।

মানচিত্র ১২-৪: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত ড্রেনেজ নেটওয়ার্ক

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Road Proposal
- Road Proposal

Major Waterbody (Canal)
- Major Waterbody (Canal)

Proposed Drain
- Primary (Dredging Required)
- Secondary (New Construction)
- Secondary Upgradation/ Reconstruction

১২.৭.৩ ড্রেন ডিজাইনঃ বিকল্প প্রস্তাব

ড্রেনেজ ডিজাইন নির্ধারণ করতে যে বিষয়গুলো বিবেচনায় নেয়া হয়েছে তা হলো, ব্যয়, দক্ষতা, টেকসই এবং রক্ষণাবেক্ষণ। সবচেয়ে বড় সুবিধা যা বিবেচনায় নেয়া হয়েছে তা হলো, বন্যা বা জলাবদ্ধতা থেকে মুক্তির ফলে স্থায়ী অর্থনৈতিক সাশ্রয়। এর ফলে আরো বড় প্রাপ্তি যা ঘটবে তা হলো, রোগ বলাই হ্রাস, শিশু মৃত্যু হ্রাস এবং মানুষের আয়ু বৃদ্ধি। নির্মাণ এমন হওয়া উচিত যাতে তা দীর্ঘ দিন স্থায়ী হয় এবং রক্ষণাবেক্ষণ ব্যয় কম হয়।

উপরে উল্লেখিত বিষয়গুলো বিবেচনা করে নিম্ন বর্ণিত ড্রেনেজ প্রস্তাবনা নেয়া হয়েছে।

ক। চ্যানেল উন্নয়ন

রহমতখালী খালের উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়েছে। এর আওতায় খাল ড্রেজিং করা হবে এবং অন্যান্য সেকেন্ডারি ড্রেন উন্নয়ন নতুনভাবে তৈরী করা হবে যাতে একটি সমন্বিত ড্রেনেজ ব্যবস্থা তৈরী করা যায়। উন্নয়ন কাজের মধ্যে আছে, ড্রেনের প্রতিবন্ধকতাগুলো অপসারণ, ড্রেন পরিষ্কার করা, ড্রেনের গভীরতা বৃদ্ধি করা, সেকশন এবং ঢাল ঠিক করা। কাঁচা বা পাকা উভয় ধরণের ড্রেনই এই উন্নয়নের আওতায় আসবে। তবে এ ক্ষেত্রে পাইপ ড্রেন বিবেচনায় নেয়া হয় নাই। তবে এ বিষয়ে একটি পাইলট প্রকল্প হাতে নেয়া যেতে পারে।

খ। ভূমি অধিগ্রহণ

ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের জন্য অতিরিক্ত ভূমি প্রয়োজন হতে পারে। এ ক্ষেত্রে ভূমির পরিমাণ যথা সম্ভব কম রাখতে হবে।

গ। জলাধার সংরক্ষণ

শহরে বিদ্যমান দীঘি, নিচু ভূমি, বিল ইত্যাদি সংরক্ষণ করতে হবে যাতে হঠাৎ প্রবল বৃষ্টিতে জমা পানি সংরক্ষণ করা যায়। এতে হঠাৎ প্রবল বৃষ্টি জনিত বন্যার প্রবণতা হ্রাস পাবে। জেলা প্রশাসকের সহায়তায় এ সমস্ত জলাধার ধরে রাখতে হবে। উচ্চ মূল্যের জন্য ব্যক্তি মালিকানাধীন জলাধার অধিগ্রহণ না করার সুপারিশ করা হলো। উন্নত ড্রেনেজ ব্যবস্থার মাধ্যমে পানি নিষ্কাশন সংক্রান্ত সমস্যা সমাধানের চেষ্টা করা হবে।

ঘ। ড্রেনেজ ব্যবস্থার সক্ষমতা

ড্রেনেজ ব্যবস্থা এমনভাবে তৈরী করতে হবে যাতে সর্বোচ্চ বৃষ্টির সময় বার্ষিক গড় পানি প্রবাহ বহন করতে সক্ষম হয় (যেমন, ২ বছর প্রত্যাবর্তন সময় ধরা হবে সেকেন্ডারি এবং টারশিয়ারি ড্রেনের ক্ষেত্রে এবং ৫ বছর প্রত্যাবর্তন সময় ধরা হবে প্রাইমারি ড্রেনের ক্ষেত্রে)। এই হিসাব ধরা হয়েছে ২০৩৭ সাল পর্যন্ত। এ ক্ষেত্রে বাস্তবতার নিরীখে পৃথক ডিজাইন হবে সম্পূর্ণ উন্নত এলাকার জন্য এবং উন্নয়নশীল এলাকার জন্য।

ঙ। নিয়ন্ত্রণ এবং স্লুইস গেট

স্বয়ংক্রিয় বা হস্ত চালিত স্লুইস গেট স্থাপন করা হবে যাতে বাইরের পানির উচ্চতা ভেতরের পানির উচ্চতা বেশি হলে গেট বন্ধ করে দেয়া যায়। এটি সাময়িক ব্যবস্থা। বিদ্যমান স্লুইস গেটগুলো রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

চ। পাম্পিং স্টেশন

পাম্পিং তখনই প্রয়োজন হয় যখন স্বাভাবিকভাবে পানি অপসারিত হয় না এবং বন্য হলে মূল্যবান সম্পদ বিনষ্ট হওয়ার আশংকা থাকে। তবে পাম্প ব্যবস্থা অত্যন্ত ব্যয়বহুল একটি সমাধান। এটি পরিচালন এবং এর রক্ষণাবেক্ষণ ব্যয় অত্যন্ত বেশি। এর প্রয়োজন হয় মূলত নিচু এলাকা অবস্থিত আবাসন রক্ষার জন্য।

ছ। ট্রিটমেন্ট প্ল্যান্ট

টুমচর/পিয়ারাপুর এলাকায় একটি বর্জ্য পানি পরিশোধনের ট্রিটমেন্ট প্ল্যান্ট প্রস্তাব করা হয়েছে। এটি ড্রেন দিয়ে প্রবাহিত বর্জ্য পানি পরিশোধন করে নদীতে ফেলবে। আরেকটি ট্রিটমেন্ট প্ল্যান্ট প্রস্তাব করা হয়েছে শিল্প জোনে। শিল্পাঞ্চল

স্থাপনের পাশা পাশি ট্রিটমেন্ট প্ল্যান্টও তৈরী করতে হবে। এ জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ এবং অবকাঠামো তৈরী করতে হবে।

জ। বর্জ্য রেক এবং চালুনি

এগুলো ব্যবহার করা হয় যাতে ড্রেনের বর্জ্য পানি প্রবাহে বাধা সৃষ্টি করতে না পারে। বর্জ্য রেক ও চালুনি দিয়ে বর্জ্যগুলো ধরা হয় এবং অপসারণ করে বর্জ্য পানি প্রবাহ সচল রাখা হয়। এখানেও ড্রেনের বিভিন্ন স্থানে রেক ও চালুনি স্থাপন করতে হবে এবং ড্রেন থেকে বর্জ্য অপসারণ করতে হবে।

ঝ। খাল / উপচে পড়া পানি

প্রকল্প এলাকার অভ্যন্তরে অবস্থিত খাল, নিচু এলাকা/ বিল প্রভৃতি বন্যার কারণে ভরে গেলে তা এই ড্রেনেজ মহাপরিকল্পনার আওতার মধ্যে পড়বে না। যার জন্য এক্ষেত্রে এই রিপোর্টে কোনও বিশদ প্রস্তাবনা নেই। শুধুমাত্র ফ্ল্যাপ গেট তৈরি করে এক্ষেত্রে পানি নিয়ন্ত্রণ করাই হবে যথোপযুক্ত। পৌরসভার উচিত হবে তারা ভবিষ্যতে এই নিচু জমিসমূহ ভরাট হওয়া থেকে রক্ষা করা।

ঞ। রক্ষণাবেক্ষণ কার্যক্রম

ড্রেনেজ ব্যবস্থার সঠিক কার্যকারিতার জন্য একটি যথাযথ রক্ষণাবেক্ষণ কার্যক্রম থাকা অপরিহার্য। এই কার্যক্রমের ভেতর পরিদর্শন, নীতিমালার প্রয়োগ, পরিষ্করণ এবং মেরামত থাকা আবশ্যক। পরিদর্শন ও পরিষ্করণের পুনরাবৃত্তি নির্ভর করবে বছরের বিভিন্ন ঋতুর উপর। বর্ষাকাল শুরু হয়ার সাথে সাথে পরিদর্শন ও পরিষ্করণের পুনরাবৃত্তির হার বাড়তে থাকবে। রক্ষণাবেক্ষণ কার্যক্রমের মধ্যে আছেঃ

১. পরিদর্শন

- পাকা খোলা ড্রেন - সবগুলো মাসে একবার; বাজার এলাকায় প্রতি সাপ্তাহান্তে একবার
- পাকা আবদ্ধ ড্রেন - মাসিক একবার; ফেব্রুয়ারি মাসে ড্রেন উন্মুক্ত করে
- কাঁচা ড্রেন - মাসিক
- সকল ড্রেন - মৌসুমের প্রথম ভারী বর্ষণের পর

২. পরিষ্করণ

- পাকা খোলা ড্রেন - যখন প্রয়োজন
- পাকা আবদ্ধ ড্রেন - ফেব্রুয়ারি মাসে যখন উন্মুক্ত করা হয়
- কাঁচা ড্রেন এবং কালভার্ট/ ব্রিজ - জানুয়ারি অথাবা ফেব্রুয়ারি মাসে বৃষ্টির পূর্বে
- সকল ড্রেন - পরিদর্শনে প্রয়োজন বোধ হলে

পরিদর্শনের ফলে ড্রেনের কোথায় মেরামত প্রয়োজন এবং কোথায় তা অবৈধ দখলের শিকার তা চিহ্নিত করা সম্ভব হয়। এসব ক্ষেত্রে দ্রুত সঠিক পদক্ষেপ নেওয়া জরুরী। সম্পূর্ণভাবে আবদ্ধ পাকা ড্রেন ও ছোট কালভার্ট পরিষ্কার করা অনেক জটিল ও সময়সাপেক্ষ। পরিচ্ছন্নতা কার্যক্রম সহজে করার জন্য নতুন ড্রেনসমূহ স্থানান্তরযোগ্য ঢাকনা সহকারে নির্মাণ করতে হবে। খাল/ড্রেন প্রভৃতির নির্মাণ কাজ করে থাকে প্রকৌশল শাখা কিন্তু এগুলোর পরিচ্ছন্নতার কাজটি করে পরিচ্ছন্নতা শাখা। ড্রেনের রক্ষণাবেক্ষণ কার্যক্রম নিম্নলিখিত কাজের সাথে সম্পর্কিতঃ

- ড্রেনের পরিচ্ছন্নতা
- মশক নিধন
- বর্জ্য ব্যবস্থাপনা
- ড্রেনের কাঠামোগত রক্ষণাবেক্ষণ

পৌরসভা কর্তৃপক্ষকে ড্রেনের জন্য একটি নিয়মিত প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ কার্যক্রম হাতে নিতে হবে। এই প্রকল্পের অধীনে নেওয়া কাঠামোগত উন্নয়ন এক্ষেত্রে একটি টেকসই ব্যবস্থা প্রদান করবে। যদি রক্ষণাবেক্ষণ কার্যক্রম সঠিকভাবে পালন না করা হয় তাহলে তা ভবিষ্যতে অনেক খারাপ ফল বয়ে নিয়ে আসবে। যদিও ড্রেনের রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরবর্তিতে বাস্তবায়নের সময় নির্ধারিত হবে; তবুও এই পরিকল্পনার অধীনে এর জন্য একটি দিকনির্দেশনা দেওয়া হল।

- ড্রেনসমূহ প্রতি মাসে একবার পরিষ্কার করা উচিত। এটা কখনই প্রতি তিন মাসে একবারের কম হওয়া উচিত নয়।
- একজন পরিচ্ছন্নতা কর্মীর জন্য প্রতিদিনের নির্ধারিত প্রাইমারি/ সেকেন্ডারি ড্রেন ৫০ মিটার।
- প্রতি ১০ জন পরিচ্ছন্নতা কর্মীর জন্য একজন জমাদার নিয়োজিত থাকবে এবং প্রতি ৪ জন জমাদারের জন্য ১ জন স্যানিটারি ইন্সপেক্টর থাকবে।
- পর্যাপ্ত পরিমাণ যন্ত্রপাতির ব্যবস্থা রাখা। প্রতি পরিচ্ছন্নতা কর্মীর জন্য হুইল ব্যারো এবং অন্যান্য হস্তচালিত যন্ত্রপাতি এবং বর্জ্য পরিবহনের জন্য ৩ টন ধারণক্ষমতার ট্রাকের ব্যবস্থা রাখা।

১২.৭.৪ ড্রেনেজ ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের পর্যায়ক্রমিক পরিকল্পনা

কোন কোন এলাকায় অগ্রাধিকার প্রকল্প গ্রহণ করা হবে তা ভৌত জরিপের সময় নির্ধারণ কর হয়েছে। এ জন্য স্থান পরিদর্শণ করা হয়েছে, এ নিয়ে স্থানীয়দের সঙ্গে আলোচনা করা হয়েছে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমূহের সাথে মতবিনিময় করা হয়েছে। বিশেষ নজর দেয়া হয়েছে শহরের কেন্দ্র স্থলে, ঘনবসতিপূর্ণ এলাকায়, আবাসিক এবং বাণিজ্যিক এলাকাগুলোতে।

ড্রেনেজ উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন অগ্রাধিকার ভিত্তিতে কয়েকটি পর্যায়ে ভাগ করা হয়েছে। প্রথম অগ্রাধিকার কার্যক্রম বাস্তবায়িত হবে ২০১৮- ২০২২ মেয়াদে। যে কাজ বাকী থাকবে তা বাস্তবায়িত হবে দ্বিতীয় পর্যায়ে (২০২২-২০২৭), তৃতীয় পর্যায়ে (২০২৮-২০৩২) এবং চতুর্থ পর্যায়ে (২০৩৩-২০৩৭)।

পর্যায়-১ (২০১৮-২০২২): কার্যক্রম

- খাল এবং ড্রেন থেকে বর্জ্য অপসারণ
- প্রাইমারি ড্রেনের (রহমতখালী খাল এবং অন্যান্য খাল) সেকশন পুনর্গঠন
- নতুন সেকেন্ডারি এবং টারশিয়ারি নির্মাণ এবং বিদ্যমান ড্রেনের উন্নয়ন
- নতুন ব্রিজ-কালভার্ট নির্মাণ এবং বিদ্যমানগুলোর মেরামত
- ভূমি অধিগ্রহন (যদি প্রয়োজন হয়)

পর্যায়-২ (২০২৩-২০২৭): কার্যক্রম

- অন্যান্য বিদ্যমান খাল এবং প্রাইমারি ড্রেনের সেকশন পুনর্গঠন
- অন্যান্য নতুন সেকেন্ডারি এবং টারশিয়ারি নির্মাণ এবং বিদ্যমান ড্রেনের উন্নয়ন
- অন্যান্য নতুন ব্রিজ-কালভার্ট নির্মাণ এবং বিদ্যমানগুলোর মেরামত
- পাম্প স্টেশন (১টি) নির্মাণ (যদি প্রয়োজন হয়)

পর্যায়-৩ (২০২৮-২০৩২): কার্যক্রম

- নতুন সেকেন্ডারি এবং টারশিয়ারি নির্মাণ এবং বিদ্যমান ড্রেনের উন্নয়ন
- অন্যান্য নতুন ব্রিজ-কালভার্ট নির্মাণ এবং বিদ্যমানগুলোর মেরামত
- ট্রিটমেন্ট প্ল্যান্ট (১টি) নির্মাণ।

পর্যায়-৪ (২০৩৩-২০৩৭): কার্যক্রম


- নতুন সেকেন্ডারি এবং টারশিয়ারি নির্মাণ এবং বিদ্যমান ড্রেনের উন্নয়ন
- অন্যান্য নতুন ব্রিজ-কালভার্ট নির্মাণ এবং বিদ্যমানগুলোর মেরামত

এই পর্যায়ক্রমিক অবকাঠামো নির্মাণে উন্নয়ন কর্মকান্ডে ওয়ার্ড ভিত্তিক চাহিদা নির্ধারণ করা হবে যার বিস্তারিত নিচে দেয়া হলো।

১২.৭.৪.১ ড্রেনেজ অবকাঠামো নির্মাণের ডিজাইন

সুষ্ঠু ড্রেনেজ ব্যবস্থার জন্য প্রয়োজন উপযুক্ত ড্রেন যা দিয়ে সহজেই পানি প্রবাহিত হতে পারে। এ জন্য ***চিত্রলেখ ১২-৫*** এ কিছু ড্রেনের ডিজাইন উপস্থাপন করা হলো।

চিত্রলেখ ১২-৫: বক্স কালভার্টের প্ল্যান এবং ইলিভেশন



<u>ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে পরিবেশ উন্নয়ন করা যেতে পারে।</u>

ড্রেনেজ ব্যবস্থা উন্নত হলে জলাবদ্ধ এলাকার আবদ্ধ পানি অপসারিত হবে এবং ঐ এলাকার পরিবেশগত উন্নয়ন ঘটবে। বদ্ধ পানি অপসারিত হলে দুর্গন্ধ দূর হবে, পোকামাকড়ের বিশেষত মশার প্রজনন বন্ধ হবে, এতে অস্বাস্থ্যকর পরিবেশ থেকে স্বাস্থকর পরিবেশের উত্তরণ হবে। অতি বৃষ্টিতে বন্যার সম্ভাবনা হ্রাস পাবে। যতিও ড্রেন নির্মাণ করা হয় বর্জ্য পানি অপসারণের জন্য কিন্তু অনেকসময় দেখা যায় যে ড্রেনে মনুষ্য বর্জ্য বা সেপটিক ট্যাংক এর বর্জ্য বা অন্যান্য দূষিত বস্তু ফেলা হয়। এ জন্য নিম্ন বর্ণিত ব্যবস্থা নেয়া যেতে পারে।

১। পৌরসভা এ বিষয়ে মানূষকে সচেতন করতে পারে এবং দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারে।

২। দরিদ্র মানুষদের জন্য পিট ল্যাট্রিন এবং পাবলিক টয়লেট তৈরী করে উন্নত সেনিটেশন ব্যবস্থা নির্মাণ করতে পারে।

৩। তেল জাতীয় পদার্থ এবং বর্জ্য ধরে রাখার জন্য ড্রেনে ছাকুনি বসানো যেতে পারে। এতে নিয়মিত ড্রেন পরিষ্কারের ব্যয় হ্রাস পাবে।

ড্রেনেজ ব্যবস্থা সচল রাখার জন্য অ-কাঠামোগত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

উপরে উল্লেখিত ব্যবস্থা ছাড়াও, কিছু অকাঠামোগত ব্যবস্থা গ্রহণ করে ড্রেনেজ ব্যবস্থা কার্যকর রাখার ক্ষেত্রে ভূমিকা রাখা যেতে পরে। নিম্ন বর্ণিত অ-কাঠামোগত ব্যবস্থা গ্রহণ করা যেতে পরে।

ক। নিয়মিত রক্ষণাবেক্ষনের জন্য বাজেটে পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে।

খ। বিদ্যমান এবং ভবিষ্যৎ ড্রেনের সীমানা রক্ষার জন্য বিদ্যমান আইন প্রয়োগ করতে হবে।

গ। নিচু এলাকায় যেখানে বর্ষায় পানি জমে এবং যা অপসারণ করা কঠিন, সে সমস্ত এলাকায় নির্মাণ কাজে ভিটার উচ্চতা বেশি রাখা যাতে পানির স্তর উচু হলে সম্পদ ক্ষতিগ্রস্ত না হয়।

ঘ। নিম্ন বর্ণিত নির্মাণ বিধিগুলো প্রয়োগ করতে হবেঃ

- বাড়ির ভিত্তির ন্যূনতম উচ্চতা রাখতে হবে ২ বছর রেকারেন্স স্তর প্রাস ০.৫০মি. অথবা ৫ বছর রেকারেন্স স্তর প্লাস ০.২৫ মি. যেটি বেশি হয়।
- বড় বাণিজ্যিক স্থাপনা এবং শিল্প স্থাপনার ক্ষেত্রে রাখতে হবে ১০ বছর রেকারেন্স স্তর প্লাস ০.৫০ মি. অথবা ২৫ বছর রেকারেন্স স্তর প্লাস ০.২৫ মি. যেটি বেশি হয়।

ঙ। দীর্ঘ মেয়াদী কার্যক্রম হাতে নিতে হবে যার মাধ্যমে স্লাজ, পলি, বর্জ্য এবং দূষিত পদার্থ ড্রেনে প্রবেশ হ্রাস করতে হবে এবং এভাবে ড্রেনের রক্ষণাবেক্ষণ ব্যয় কমিয়ে আনতে হবে। এজন্য যে নিম্ন বর্ণিত ব্যবস্থা নিতে হবেঃ

- বিধি প্রয়োগ করে ড্রেনে বর্জ্য ফেলা বন্ধ করতে হবে;
- বর্জ্য সংগ্রহ এবং এর চূড়ান্ত ব্যবস্থাপনার জন্য সুবিধাজনক সেবা সুবিধা তৈরী করতে হবে;
- ড্রেনে মনুষ্য বর্জ্য ডাম্পিং বন্ধ করতে হবে। এ জন্য বিদ্যমান বিধি প্রয়োগ করতে হবে, পাশাপাশি বর্জ্য অপসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে।
- কঠিন পদার্থ এবং বর্জ্য ধরার জন্য ড্রেনে ছাকুনি বসাতে হবে।

চ। জনমানুষের মধ্যে বর্তমান অভ্যাসের সমস্যা এবং বিপদ সম্পর্কে প্রচার চালাতে হবে।

ছ। জলাধারকে ব্যক্তি মালিকানাধীন জমি থেকে পৃথক করতে হবে যাতে অবৈধ দখল মুক্ত রাখা যায়।

১২.৭.৪.২ ড্রেনেজ ম্যানেজমেন্ট প্ল্যান বাস্তবায়ন, মনিটরিং, মূল্যায়ন

ড্রেনেজ ব্যবস্থা অকার্যকর থাকার কারণে পৌরসভার বিক্ষিপ্ত কিছু এলাকায় জলাবদ্ধতা হয় যখন প্রচুর বৃষ্টিপাত হয়, বিশেষত, জুলাই- আগষ্ট মাসে। জলাবদ্ধ পানির উচ্চতা ০.৩ মিটার থেকে ১.০ মিটার পর্যন্ত হয়। পানি ৩ দিন পর্যন্ত থাকে। ক্রমাগত নগরায়নের ফলে ভবিষ্যতে এই সমস্যা আরো বৃদ্ধির সমস্তাবনা রয়েছে। সমস্যার মূল কারণগুলো নিম্নরুপ।

- খাল/ড্রেনগুলো নিয়মিত পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করা হয় না।
- বিদ্যমান ড্রেনগুলো অপরিকল্পিত এবং ত্রুটিপূর্ণ ডিজাইনে নির্মিত।
- খাল/ড্রেনে পানি প্রবাহে প্রতিবন্ধকতা।
- কচুরিপানা, বর্জ্য এবং শিল্প বর্জ্য দিয়ে ভরাট থাকায় ড্রেনগুলো পানি প্রবাহে সক্ষম নয়।
- ড্রেন ব্যবস্থা প্রাইমারি, সেকেন্ডারি এবং টারশিয়ারি ড্রেন দ্বারা সমন্বিতভাবে গঠিত নয়।
- কোথাও কোথাও আদৌ কোন ড্রেনেজ ব্যবস্থা নাই।

উপরে উল্লেখিত সমস্যা থেকে উত্তরণের জন্য নিম্ন বর্ণিত প্রস্তাব পেশ করা হলো।


- প্রধান খাল সংলগ্ন রাস্তাগুলো সব সময় পরিষ্কার বা বর্জ্য মুক্ত রাখতে হবে।
- রাস্তার পাশে পাইপ ড্রেন তৈরী করতে হবে এবং প্রধান খালের উপর চাপ কমাতে হবে।

- শহরব্যাপি অবিলম্বে একটি ড্রেনেজ মাস্টার প্ল্যান তৈরী করতে হবে।
- পরিকল্পনায় প্রস্তাবিত ড্রেনেজ উন্নয়ন বিষয়ক সুপারিশগুলো বাস্তবায়নের জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে।
- ড্রেনেজ ব্যবস্থা উন্নয়নে সংশ্লিষ্ট অন্যান্য সংস্থাগুলোর সাথে সমন্বয় করতে হবে যাতে কোন ধরনের একই কাজের পুনরাবৃত্তি না হয়। এতে অর্থের অপচয় হবে।
- LGED সহ বিভিন্ন সংস্থার সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে যাতে প্রকল্প বাস্তবায়ন কাজের ব্যাঘাত না ঘটে।
- যেহেতু পৌরসভার নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন কঠিন হবে তাই প্রথম পর্যায়ে সরকারি বা দাতা সংস্থার অনুদানের ব্যবস্থা করতে হবে।
- লক্ষ্মীপুর পৌরসভার আর্থিক সংগতি ভালো না। ড্রেনেজ সহ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করতে হলে নিজেদের আর্থিক সক্ষমতা বৃদ্ধি করতে হবে। করের আওতা এবং কর সংগ্রহ বৃদ্ধি করতে হবে। নিজস্ব আয় বৃদ্ধি করতে হবে।

১২.৮ পানি সরবরাহ

১২.৮.১ বিদ্যমান চিত্র

DANIDA ডিপ টিউবওয়েল ভিত্তিক পানি সরবরাহ ব্যবস্থা নির্মাণ করেছিল। মানুষ পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থার উপর খুবই নির্ভরশীল। প্রতিটি প্রোডাকশন টিউব ওয়েলের ক্ষমতা ঘন্টায় ৮০ কিউবিক মিটার। ওভারহেড ট্যাংক এর ধারণ ক্ষমতা ৪০০ কিউবিক মিটার (ন্যূনতম ১৫% তুঙ্গ মূহূর্ত প্রবাহ ধরে)। লক্ষ্মীপুরে ভূগর্ভস্থ পানিতে আয়রণ এবং ক্যালসিয়াম কার্বনেটের পরিমান বেশি। এ জন্য পৌরবাসী টিউবওয়েলের পানির চেয়ে পৌরসভার সরবরাহ করা পানির প্রতি আগ্রহ বেশি। কারণ এই পানি পরিশোধিত। পৌরসভার দেয়া তথ্যমতে পৌরসভায় সর্বমোট ৬৪০৩ টি পানির সংযোগ রয়েছে যার মধ্যে অধিকাংশ (৯৭.২৪%) সংযোগই আবাসিক। অনাবাসিক সংযোগ মাত্র ২.৭৬%। আবাসিক এলাকায় পানি সরবরাহ করার জন্য পাঁচ ধরণের পাইপ ব্যবহার করা হয়, যেমন, ০.৫ ইঞ্চির নিচে, ০.৫ ইঞ্চি, ০.৭৫ ইঞ্চি, ১ ইঞ্চি এবং ১.৫ ইঞ্চি। বাণিজ্যিক সংযোগের জন্য ৫ ধরণের পাইপ ব্যবহার করা হয়, যেমন, ০.৫ ইঞ্চির নিচে, ০.৭৫ ইঞ্চি, ১ ইঞ্চি, ১.৫ ইঞ্চি এবং ২ ইঞ্চি । বিস্তারিত ***সারণি ১২-৪*** এ দেখানো হয়েছে।



তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

চিত্রলেখ ১২-৬: লক্ষ্মীপুর পৌরসভায় পানি সরবরাহের চিত্র

সারণি ১২-৪: ডায়ামিটার অনুযায়ী পানির সংযোগ লাইন

সংযোগ ধরণ	ডায়ামিটার	সংযোগ সংখ্যা
আবাসিক	০.৫ ইঞ্চির নিচে	৪১০৬
	০.৫ ইঞ্চি	৪২৪
	০.৭৫ ইঞ্চি	১৪১
	১ ইঞ্চি	৫
	১.৫ ইঞ্চি	১৫৫০
বাণিজ্যিক	০.৫ ইঞ্চি	১০৭
	০.৭৫ ইঞ্চি	৩৪
	১ ইঞ্চি	৩২
	১.৫ ইঞ্চি	৩
	২ ইঞ্চি	১

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (২০১৪) অনুযায়ী, পৌরসভায় সর্বমোট ২৮০৫টি টিউবওয়েল আছে। কিন্তু পৌরসভার তথ্য অনুযায়ী টিউবওয়েলের সংখ্যা ৩১২২। এ ছাড়া প্রোডাকশন টিউবওয়েল আছে নয়টি। ***সারণি ১২-৫*** এ প্রোডাকশন টিউবওয়েলের অবস্থান দেখানো হয়েছে।

সারণি ১২-৫: প্রোডাকশন টিউব ওয়েলের অবস্থান

অবস্থান	সংখ্যা	সাইজ (সে.মি.)	স্থাপনের সাল	উৎপাদন ক্ষমতা (এমএলডি)
গৌরহাটা	০১	১৫০*৩৫০	২০১৩	৮০
লামচারী	০১	১৫০*৩৫০	২০১৩	৮০
ভোলা-বরিশাল রোড	০১	১৫০*৩৫০	২০১৫	১২০
বাস টার্মিনাল	০১	১৫০*৩৫০	২০১৫	১২০
দক্ষিণ তেমুহানী	০৫	১৫০*৩৫০	২০১৩	৬০


তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

শহরে সর্বমোট তিনটি ওভারহেড পানির ট্যাংক আছে, যার সর্বমোট ধারণ ক্ষমতা ১৪৮০ কিউবিক মিটার। তিনটি সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট আছে যা প্রতিদিন মোট ৪০০০ কিউবিক মিটার পানি পরিশোধন করতে পারে। প্রতি ৬ ঘন্টা পানি সরবরাহ করা হয়। পৌরসভার তথ্য অনুযায়ী শহরে প্রতিদিন ১২০০০ কিউবিক মিটার পানির চাহিদা আছে। কিন্তু সরবরাহ মাত্র ৩৮০০ কিউবিক মিটার।



স্থিরচিত্র ১২-৩: বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থা

লক্ষ্মীপুর পৌরসভায় জরিপকৃত খানাগুলোর মধ্যে, ৩৬.৫০% খানা এখনো পানি সংযোগ থেকে বঞ্চিত। ***চিত্রলেখ ১২-৭*** দ্রষ্টব্য। সংযোগ বহির্ভূত জনগণ বিভিন্ন উৎস থেকে পানি সংগ্রহ করে থাকে। এর মধ্যে আছে, খাল, পুকুর, কুয়া, টিউবওয়েল ইত্যাদি।




তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ১২-৭: পানি সরবরাহের সেবা এলাকা

মানচিত্র ১২-৫: লক্ষ্মীপুর পৌরসভার পানি সরবরাহের বর্তমান চিত্র

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Existing Water Suply
- Overhead Tank
- Pump House
- Water Tank
- Water Treatment Plant


Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Existing Road
- Existing Road

Water Supply Line
- Existing

চিত্রলেখ ১২-৮ এ বিভিন্ন ওয়ার্ডে পানযোগ্য পানির উৎসের তুলনামূলক চিত্র দেখানো হয়েছে। ওয়ার্ড নং- ৫ এবং ৭ এর প্রায় ৯০% মানুষ পৌর পানি ব্যবহার করে থাকে, অন্য দিকে ওয়ার্ড নং- ১১ তে দেখা যায় মাত্র ৫.৬% মানুষ টেপের পানি ব্যবহারের সুযোগ পায়। তবে খাবার পানির জন্য অধিকাংশ মানুষই টিউবওয়েল ব্যবহার করে থাকে।

চিত্রলেখ ১২-৮: ওয়ার্ড ভিত্তিক পানযোগ্য পানির উৎস



তথ্যসূত্রঃ জনসংখ্যা ও গৃহায়ন গণনা, ২০০১- কমিউনিটি টেবিলঃ লক্ষ্মীপুর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

কিন্তু এই উৎসটি সম্পূর্ণ নিরাপদ নয় কারণ পানিতে অর্সেনিক আছে। এ ছাড়া স্থানীয় ভূগর্ভস্থ পানিতে আয়রন এবং কেলসিয়াম কার্বোনেট বেশি। বিকল্প হিসাবে ভূ-পৃষ্ঠস্থ পানি ব্যবহারের প্রশ্ন আসে। কিন্তু এটিও নিরাপদ নয় পানি দূষিত হওয়ার কারণে। বর্তমান ধারায় পয়ঃবর্জ্য এবং বর্জ্য পানি জলাশয়ে ফেলতে থাকলে ভবিষ্যতে এই দূষণ আরো বাড়তে পারে।

১২.৮.২ পানি সরবরাহের চাহিদার অভিক্ষেপন

১২.৮.২.১ অভিক্ষেপনের ভিত্তি

ভবিষ্যৎ প্রয়োজনের মূল ভিত্তি হবে পৌরসভা এলাকার জনসংখ্যা। বিদ্যমান সেবাগুলো এ প্রক্ষেপনে বিবেচনা করতে হবে।

ভবিষ্যতে কি পরিমান পানি সরবরাহ লাগবে তা নিম্নোক্ত পদ্ধতি অনুসরন করে করা হয়েছেঃ

$Q_r = P_r \times q$

এখানে,

Q_r= একদিনে কি পরিমান পানি লাগবে

P_r= ডিজাইন কাল শেষে জনসংখ্যার পরিমান

q= একদিনে কি পরিমান পানি খরচ হয়

মনেকরি,

- প্রতিদিন একজন লোকের জন্য পানি লাগে ১২০ লিটার
- যান্ত্রিক ত্রুটির জন্য নষ্ট হয় ২০%
- শিল্প/ বাণিজ্যের চাহিদা ২০%

সারণি ১২-৬: বাংলাদেশের গ্রাম এবং শহর এলাকায় পানির চাহিদা

এলাকা	পানি খরচ (lpcd)
গ্রাম এলাকা	৫০
উপজেলা শহর	১০০
জেলা শহর	১২০
সিটি কর্পোরেশন	১৮০

তথ্যসূত্রঃ সারণি ১৭.৩, পৃষ্ঠা,-৩২৮; এম। ফিরোজ আহমেদ এবং মোহাম্মদ মুজিবুর রহমান, পানিও সরবরাহ এবং পয়নিষ্কাশন (গ্রাম এবং দরিদ্র শহুরে কমিউনিটি))

এইসকল সমীকরণ এবং অনুমানের উপর ভিত্তি করে বিভিন্ন বছরে পানির চাহিদা হিসাব করা হয়েছে। নিচের সারণিতে তথ্যগুলো উপস্থাপন করা হলো।

সারণি-১২-৭: ২০৩৭ সাল পর্যন্ত পৌরসভায় পানির চাহিদা (হাজার লিটার) অভিক্ষেপ

অবস্থান	২০১৭		২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
	জনসংখ্যা	পানির চাহিদা (লিটার/দিন)	জনসংখ্যা	পানির চাহিদা (লিটার/দিন)	জনসংখ্যা	পানির চাহিদা (লিটার/দিন)	জনসংখ্যা	পানির চাহিদা (লিটার/দিন)	জনসংখ্যা	পানির চাহিদা (লিটার/দিন)
ওয়ার্ড নং-১	৭৯৩৯	১৩৩৩৮২২	৯০৪৮	১৫২০.০৫	১০৩১১	১৭৩২.২৭	১১৭৫১	১৯৭৪.১২	১৩৩৯১	২২৪৯.৭৪
ওয়ার্ড নং-২	৯৬৭০	১৬২৪৪৮৩	১১০২০	১৮৫১.২৯	১২৫৫৮	২১০৯.৭৬	১৪৩১১	২৪০৪.৩২	১৬৩১০	২৭৪০.০০
ওয়ার্ড নং-৩	৮৬৮৩	১৪৫৮৮১২	৯৮৯৬	১৬৬২.৪৯	১১২৭৭	১৮৯৪.৬০	১২৮৫২	২১৫৯.১২	১৪৬৪৬	২৪৬০.৫৬
ওয়ার্ড নং-৪	৬৮০৮	১১৪৩৭৮১	৭৭৫৯	১৩০৩.৪৭	৮৮৪২	১৪৮৫.৪৬	১০০৭৭	১৬৯২.৮৫	১১৪৮৩	১৯২৯.২০
ওয়ার্ড নং-৫	৬৬৮৪	১১২২৯৪৯	৭৬১৭	১২৭৯.৭৩	৮৬৮১	১৪৫৮.৪০	৯৮৯৩	১৬৬২.০২	১১২৭৪	১৮৯৪.০৭
ওয়ার্ড নং-৬	৯২৭৯	১৫৫৮৮৪৪	১০৫৭৪	১৭৭৬.৪৮	১২০৫১	২০২৪.৫১	১৩৭৩৩	২৩০৭.১৭	১৫৬৫১	২৬২৯.২৯
ওয়ার্ড নং-৭	১০১৭৫	১৭০৯৩৮৩	১১৫৯৫	১৯৪৮.০৪	১৩২১৪	২২২০.০২	১৫০৫৯	২৫২৯.৯৭	১৭১৬২	২৮৮৩.২০
ওয়ার্ড নং-৮	৮২৬৯	১৩৮৯২৪২	৯৪২৪	১৫৮৩.২০	১০৭৪০	১৮০৪.২৫	১২২৩৯	২০৫৬.১৫	১৩৯৪৮	২৩৪৩.২২
ওয়ার্ড নং-৯	৭৫৭৭	১২৭২৮৯৯	৮৬৩৫	১৪৫০.৬২	৯৮৪০	১৬৫৩.১৫	১১২১৪	১৮৮৩.৯৫	১২৭৮০	২১৪৬.৯৯
ওয়ার্ড নং-১০	৮৭৬৪	১৪৭২৩৭২	৯৯৮৮	১৬৭৭.৯৪	১১৩৮২	১৯১২.২১	১২৯৭১	২১৭৯.১৯	১৪৭৮২	২৪৮৩.৪৪
ওয়ার্ড নং-১১	৭৩৬৩	১২৩৬৯৩৪	৮৩৯১	১৪০৯.৬৩	৯৫৬২	১৬০৬.৪৪	১০৮৯৭	১৮৩০.৭৩	১২৪১৯	২০৮৬.৩৩
ওয়ার্ড নং-১২	৬০১৩	১০১০১৪৩	৬৮৫২	১১৫১.১৮	৭৮০৯	১৩১১.৯০	৮৮৯৯	১৪৯৫.০৬	১০১৪২	১৭০৩.৮০
ওয়ার্ড নং-১৩	৭৬১৫	১২৭৯৩০৩	৮৬৭৮	১৪৫৭.৯২	৯৮৯০	১৬৬১.৪৬	১১২৭০	১৮৯৩.৪৩	১২৮৪৪	২১৫৭.৭৯
ওয়ার্ড নং-১৪	১৬১৬৭	২৭১৬০৯১	১৮৪২৪	৩০৯৫.৩০	২০৯৯৭	৩৫২৭.৪৬	২৩৯২৮	৪০১৯.৯৫	২৭২৬৯	৪৫৮১.২১
ওয়ার্ড নং-১৫	১৪৪৪৭	২৪২৭১৭৮	১৬৪৬৫	২৭৬৬.০৫	১৮৭৬৩	৩১৫২.২৪	২১৩৮৩	৩৫৯২.৩৫	২৪৩৬৮	৪০৯৩.৯০
সর্বমোট	**১৩৫৪৫৪**	**২২৭৫৬২৩৭**	**১৫৪৩৬৫**	**২৫৯৩৩.৩৯**	**১৭৫৯১৭**	**২৯৫৫৪.১৩**	**২০০৪৭৮**	**৩৩৬৮০.৩৮**	**২২৮৪৬৯**	**৩৮৩৮২.৭৩**

তথ্যসূত্রঃ পরামর্শক কর্তৃক হিসাবকৃত

১২.৮.৩ পানি সরবরাহ বিষয়ক সুপারিশ

১। যেহেতু ভূ-গর্ভস্থ পানির সরবরাহ সীমিত, তাই বিকল্প হিসাবে বৃষ্টির ভু-পৃষ্ঠস্থ পানি এবং বৃষ্টির পানি সংগ্রহ ও ব্যবহারের দিকে নজর দিতে হবে;

২। খাল এবং ড্রেনে হাসপাতাল বর্জ্য এবং অন্যন্য বর্জ্য ফেলা বন্ধ করতে হবে;

৩। শহরের দূষিত পানি সরাসরি খাল বা নিম্নাঞ্চলে ফেলা নিষিদ্ধ করতে হবে।

৪। ভূগর্ভস্থ পানি সরবরাহের বিকল্প সমাধান হিসেবে ভূ-পৃষ্ঠের পানি পরিশোধন এবং পানি সরবরাহ সংকট সমাধান। এটি পরিবেশের জন্যও সহায়ক হবে।

১২.৮.৪ পানি সরবরাহ উন্নয়ন প্রস্তাব


পানি ব্যবস্থা উন্নয়নের অনেক প্রস্তাব আছে। প্রধান প্রস্তাবগুলো ***সারণি-১২-৮*** এ দেয়া হলো।

সারণি-১২-৮: পানি সরবরাহ অবকাঠামো প্রস্তাব

প্রস্তাব	ওয়ার্ড	অবস্থান	আয়তন	মন্তব্য
ভু-পৃষ্ঠস্থ পানি শোধনাগার	পিয়ারাপুর	পৌরসভার দক্ষিণ প্রান্তে, রামগতি রাস্তার পাশে	৫ একর হলে ভালো হয় তবে, ন্যূনতম ২ একর	রহমতখালী খালের মাধ্যমে মেঘনা নদী থেকে সংগ্রহ করা পানি এখানে শোধন করা যেতে পারে। এ জন্য রহমতখালী খাল ড্রেজিং করে এর গভীরতা তথা পনি ধারণ ক্ষমতা বৃদ্ধি করতে হবে।
খাল সংরক্ষণ	বিভিন্ন স্থানে			খালের অবৈধ দখল বন্ধ করতে হবে। খালে বিষুদ্ধ পানি সংরক্ষণ করা যেতে পারে ব্যবহারের জন্য।
ওভারহেড ট্যাংক	ওয়ার্ড নং-০২, ০৮, ১০, ১১, ১৩, ১৪ এবং ১৫			নতুন ওয়ার্ড গুলোকে অগ্রাধিকার দিতে হবে।

মানচিত্র ১২-৬: লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত পানি সরবরাহ নেটওয়ার্ক

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Road
- Proposed Road

Proposed Water Supply
- Overhead Tank
- Water Treatment Plant

Water Supply Line
- Existing
- Proposed

১২.৯ বর্জ্য ব্যবস্থাপনা

১২.৯.১ বিদ্যমান চিত্র

পৌরসভার তথ্যমতে, পৌরসভার সম্পূর্ণ এলাকাটিতে বর্জ্য ব্যবস্থাপনা করতে পারে না, বর্তমানে তাদের যে জনশক্তি এবং ব্যবস্থা রয়েছে তাতে তারা পৌরসভার ৪২ শতাংশ এলাকায় সেবা প্রদান করতে পারে। প্রকল্প এলাকায় প্রতিদিন প্রায় ২০ টন বর্জ্য উৎপাদিত হয় এবং তার ৬৩ শতাংশ সংগ্রহ করা হয় পৌরসভার কন্সারভেন্সি ডিভিশনের ট্রাক এবং ভ্যান গাড়ি দিয়ে। লক্ষ্মীপুর পৌরসভার উন্নয়ন পরিকল্পনা, ২০১৪ অনুসারে, বর্তমানে বাসাবাড়ি থেকে ময়লা সংগ্রহ করার কোন ব্যবস্থা নেই তবে কমিউনিটি ভিত্তিক বর্জ্য সংগ্রহ করার ব্যবস্থা রয়েছে। কমিউনিটি ডাস্টবিন এবং নির্দিষ্ট জায়গা বর্জ্য সংগ্রহ করার জন্য পৌরসভার ৫ টি ট্রাক এবং ৬ টি ভ্যান রয়েছে। তারা বর্জ্যগুলো বর্তমান ডাম্পিং সাইটে বহন করে নিয়ে যায় যা ভোলা-বরিশাল সড়কের কাছে অবস্থিত। পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত তথ্যগুলো নিচে দেয়া হল।

- ডাস্টবিনঃ ৪০ টি
- বর্জ্য বহন করার ট্রাকঃ ০৩ টি
- রিকসা-ভ্যানঃ ১২ টি
- কন্সারভেন্সি ইন্সপেক্টরঃ ০১ জন
- কন্সারভেন্সি সুপারভাইজার ০২ জন




স্থিরচিত্র-১২-৪: লক্ষ্মীপুর পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার চিত্র

১২.৯.২ প্রক্ষেপিত ভবিষ্যৎ পরিমান

অভিক্ষেপনের ভিত্তি

ভবিষ্যতে কি পরিমান বর্জ্য উৎপাদন হবে তা মূলত পৌরসভার জনসংখ্যার উপর নির্ভর করে। বর্তমানে যে সেবাগুলো রয়েছে তা অভিক্ষেপ করে ভবিষ্যতের জন্য চিন্তা করতে হবে। পৌরসভার উপযোগ সেবা প্রদানের যে আদর্শ মান পরামর্শকদের দ্বারা নির্ধারণ করা হয়েছে তা নিম্নে দেয়া হলো।

সারণি ১২-৯: কঠিন বর্জ্যের পরিকল্পনার জন্য যে আদর্শ মান চিন্তা করা হয়

উপযোগ সেবা	
কঠিন বর্জ্য ফেলার জায়গা (স্যানিটারি ল্যান্ডফিল সাইট)	লক্ষ্মীপুর পৌরসভার জন্য সর্বনিম্ন ৫ একর

কঠিন বর্জ্য ট্রান্সফার স্টেশন	প্রত্যেক ওয়ার্ডে সর্বনিম্ন ২০ শতাংশ

বর্তমানে পৌরসভার যে বর্জ্য সংগ্রহ করার পদ্ধতি আছে তা সম্পূর্ণ পৌরসভায় সেবা প্রদান করতে পারে না। পৌরসভার বর্তমান বর্জ্য সংগ্রহ করার পদ্ধতিটিকে আরো উৎসাহ দেয়া উচিত কারণ এই পদ্ধতিতে যার বর্জ্য যত বেশি তার খরচ ও তত বেশি ফলে এখানে বৈষম্য থাকে না। বর্জ্য পুনঃব্যবহার করার জন্য ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন।

লক্ষ্মীপুর পৌরসভা এবং বিবিএস এর তথ্য অনুসারে পৌরসভার প্রত্যেক ব্যক্তি গড়ে প্রতিদিন ০.২৩ কেজি বর্জ্য উৎপাদন করে এবং বাসাবাড়ি থেকে পৌরসভার বর্জ্য সংগ্রহ করার সক্ষমতা প্রায় ৬৫ শতাংশ এবং বাণিজ্যিক প্রতিষ্ঠান থেকে ১০০ শতাংশ। সমীকরণ অনুসারে বর্তমান এবং ভবিষ্যতের বর্জ্যের পরিমান হিসাব করা হয়েছে। ***সারণি ১২-১০*** এ হিসাব দেয়া হয়েছে।

সারণি ১২-১০: প্রকল্প এলাকায় ২০৩৭ সাল পর্যন্ত উৎপাদিত প্রক্ষেপিত বর্জ্য (কেজি/দিন)

অবস্থান	২০১৭		২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন	জনসংখ্যা	বর্জ্য উৎপাদন
ওয়ার্ড নং-১	৭৯৩৯	১৮২৬	৯০৪৮	২০৮১	১০৩১১	২৩৭২	১১৭৫১	২৭০৩	১৩৩৯১	৩০৮০
ওয়ার্ড নং-২	৯৬৭০	২২২৪	১১০২০	২৫৩৫	১২৫৫৮	২৮৮৮	১৪৩১১	৩২৯২	১৬৩১০	৩৭৫১
ওয়ার্ড নং-৩	৮৬৮৩	১৯৯৭	৯৮৯৬	২২৭৬	১১২৭৭	২৫৯৪	১২৮৫২	২৯৫৬	১৪৬৪৬	৩৩৬৯
ওয়ার্ড নং-৪	৬৮০৮	১৫৬৬	৭৭৫৯	১৭৮৫	৮৮৪২	২০৩৪	১০০৭৭	২৩১৮	১১৪৮৩	২৬৪১
ওয়ার্ড নং-৫	৬৬৮৪	১৫৩৭	৭৬১৭	১৭৫২	৮৬৮১	১৯৯৭	৯৮৯৩	২২৭৫	১১২৭৪	২৫৯৩
ওয়ার্ড নং-৬	৯২৭৯	২১৩৪	১০৫৭৪	২৪৩২	১২০৫১	২৭৭২	১৩৭৩৩	৩১৫৯	১৫৬৫১	৩৬০০
ওয়ার্ড নং-৭	১০১৭৫	২৩৪০	১১৫৯৫	২৬৬৭	১৩২১৪	৩০৩৯	১৫০৫৯	৩৪৬৪	১৭১৬২	৩৯৪৭
ওয়ার্ড নং-৮	৮২৬৯	১৯০২	৯৪২৪	২১৬৭	১০৭৪০	২৪৭০	১২২৩৯	২৮১৫	১৩৯৪৮	৩২০৮
ওয়ার্ড নং-৯	৭৫৭৭	১৭৪৩	৮৬৩৫	১৯৮৬	৯৮৪০	২২৬৩	১১২১৪	২৫৭৯	১২৭৮০	২৯৩৯
ওয়ার্ড নং-১০	৮৭৬৪	২০১৬	৯৯৮৮	২২৯৭	১১৩৮২	২৬১৮	১২৯৭১	২৯৮৩	১৪৭৮২	৩৪০০
ওয়ার্ড নং-১১	৭৩৬৩	১৬৯৩	৮৩৯১	১৯৩০	৯৫৬২	২১৯৯	১০৮৯৭	২৫০৬	১২৪১৯	২৮৫৬
ওয়ার্ড নং-১২	৬০১৩	১৩৮৩	৬৮৫২	১৫৭৬	৭৮০৯	১৭৯৬	৮৮৯৯	২০৪৭	১০১৪২	২৩৩৩
ওয়ার্ড নং-১৩	৭৬১৫	১৭৫১	৮৬৭৮	১৯৯৬	৯৮৯০	২২৭৫	১১২৭০	২৫৯২	১২৮৪৪	২৯৫৪
ওয়ার্ড নং-১৪	১৬১৬৭	৩৭১৮	১৮৪২৪	৪২৩৮	২০৯৯৭	৪৮২৯	২৩৯২৮	৫৫০৪	২৭২৬৯	৬২৭২
ওয়ার্ড নং-১৫	১৪৪৪৭	৩৩২৩	১৬৪৬৫	৩৭৮৭	১৮৭৬৩	৪৩১৬	২১৩৮৩	৪৯১৮	২৪৩৬৮	৫৬০৫
সর্বমোট	**১৩৫৪৫৪**	**৩১১৫৪**	**১৫৪৩৬৫**	**৩৫৫০৪**	**১৭৫৯১৭**	**৪০৪৬১**	**২০০৪৭৮**	**৪৬১১০**	**২২৮৪৬৯**	**৫২৫৪৮**

তথ্যসূত্রঃ পরামর্শক কর্তৃক হিসাবকৃত

*১ কেজি= ০.০০০৯৮৪২ টন

উপরের সারণি থেকে দেখা যাচ্ছে যে, বর্তমানে পৌরসভায় প্রায় ৩১১৫৪ কেজি/ দিন (৩০.৬৬ টন/দিন) বর্জ্য উৎপাদন হয়। বর্তমানে ওয়ার্ড নং ১৪ এ সবচেয়ে বেশি (৩.৬৬ টন/ দিন) এবং ওয়ার্ড নং ১৫ এ (৩.২৭ টন/ দিন) বর্জ্য উৎপাদন হয়। জনসংখ্যা অভিক্ষেপ থেকে হিসাব করে দেখা যায় যে, ২০৩৭ সালে লক্ষ্মীপুর পৌরসভায় বর্জ্য উৎপাদন হবে প্রায় ৫২৫৪৮ কেজি/দিন (৫১.৭২ টন/ দিন) এবং সবচেয়ে বেশি উৎপাদন হবে ওয়ার্ড নং ১৪ তে (৬.১৭ টন/দিন)।

লক্ষ্মীপুর পৌরসভা কর্তৃপক্ষের তথ্য অনুসারে বর্তমানে ভোলা-বরিশাল সড়কের পশ্চিম পাশে ওয়ার্ড নং ১৫ তে পৌরসভার একটি ডাম্পিং সাইট রয়েছে যার আয়তন ৫ একর কিন্তু তা প্রকল্প এলাকার চাহিদার তুলনায় অপ্রতুল। সুতরাং এর আয়তন বৃদ্ধি করতে হবে। পরামর্শকরা দ্বিতীয় আরো একটি ডাম্পিং সাইটের প্রস্তাবনা দিয়েছেন যা প্রথমটি ভরে গেলে ব্যবহার করা যাবে। সাইটটি এমন জায়গায় করতে হবে যাতে করে তা আবাসিক এলাকায় দুর্গন্ধ ছড়াতে না পারে এবং প্রধান সড়কের সাথে সংযোগ থাকতে হবে যাতে করে ময়লাবাহী ট্রাক চলাচল করাতে পারে এবং সংযোগ সড়কটিও যথেষ্ট প্রশস্ত হতে হবে।

বর্তমান ল্যান্ডফিল সাইটটি ভরে যাওয়ার পরে এই জায়গাটি বিভিন্ন কাজে ব্যবহার করা যায় যেমন, খেলার মাঠ, মার্কেট, শপিং সেন্টার, পার্ক, বিনোদন এলাকা, কার পার্কিং এলাকা, বাস/ট্রাক টার্মিনাল, অথবা অন্যান্য নাগরিক সুবিধার জন্য।

১২.৯.৩ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সুপারিশসমূহ


- কঠিন বর্জ্যকে রি-সাইকেল করে তার থেকে অনেক ব্যবহারযোগ্য সামগ্রী বের করা যায়। সুতরাং বর্জ্য কমানো, রি-সাইকেল, পুনঃ ব্যবহার ধারণা কে পারিবারিক পর্যায়ে স্থাপন করতে হবে।
- বাসা থেকে বর্জ্য সংগ্রহে ব্যবস্থা কে আরও বৃদ্ধি করতে হবে।

১২.৯.৪ কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ

পরিবেশগত ক্ষয়ক্ষতি এবং ভূগর্ভস্থ পানি দূষণ কমাতে পরামর্শক যথাযথ প্রযুক্তিসহ বর্জ্য ফেলার জন্য উপযুক্ত একটি আবর্জনার ভাগাড় প্রস্তাব করেছেন।

মানচিত্র ১২-৭ : লক্ষ্মীপুর পৌরসভার কঠিন বর্জ্য ব্যবস্থাপনার প্রস্তাবনাসমূহ

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary
- Khal

Proposed SWM
- Dumping Ground
- Waste Transfer Station
- Proposed Road

১২.১০ স্যুয়ারেজ সিস্টেম

১২.১০.১ বিদ্যমান চিত্র

শহরের পরিবেশকে বাসযোগ্য রাখতে পয়ঃবর্জ্য শোধন করাকে ১ম অগ্রাধিকারে রাখা হয়েছে। দুর্ভাগ্যজনক ভাবে, বর্তমানে লক্ষ্মীপুর পৌরসভায় পয়ঃবর্জ্য নিষ্কাশন/ শোধন করার জন্য কোন ব্যবস্থা নাই। লোকজন তাদের নিজেদের বাড়িতেই স্যানিটেশনের ব্যবস্থা করে।

১২.১০.২ স্যুয়ারেজ সিস্টেমের প্রস্তাবনাসমূহ

মহাপরিকল্পনায় একটি পয়ঃবর্জ্য এবং বর্জ্য পানি শোধনাগারের প্রস্তাবনা দেয়া হয়েছে টুমচর/পিয়ারাপুরের কাছে রামগতি রাস্তার পাশে। পরামর্শক স্যানিটেশন এবং স্যুয়ারেজ সিস্টেমের জন্য নিচের সুপারিশগুলো প্রস্তাব করেনঃ

- সব বাড়ির ল্যাট্রিন পৌরসভা থেকে সরবরাহকৃত স্বাস্থ্যকর স্যানিটেশনের জন্য কার্যকর ঢাকনা নিয়ে ঢেকে রাখতে হবে।
- বর্তমান স্যানিটেশন এবং স্যুয়ারেজ সিস্টেম কার্যকর নয়, এটাকে আরো উন্নত করতে হবে।
- গরীব মানুষজনের স্যানিটারি ল্যাট্রিন বানানোর টাকা নেই তাই তাদেরকে ফ্রি ল্যাট্রিন দিতে হবে।
- ড্রেনের সাথে ল্যাট্রিনের সংযোগের ফলে তা গন্ধ ছড়ায় এবং পরিবেশের জন্য বিপদজনক তাই এই পদ্ধতি বন্ধ করতে হবে।
- পৌরসভা থেকে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।
- স্যানিটারি প্রোগ্রামকে কার্যকর করার জন্য লক্ষ্মীপুর পৌরসভার জনশক্তি বৃদ্ধি করতে হবে।


১২.১১ টেলিফোন সেবাসমূহ

১২.১১.১ বিদ্যমান চিত্র

বর্তমান সময়ে যোগাযোগ করার জন্য মানুষের যোগাযোগ মাধ্যমের পরিবর্তন হয়েছে। বর্তমানে টেলিফোনের চেয়ে মোবাইল অনেক জনপ্রিয়। কিন্তু এখনো কিছু কিছু বাসায় টেলিফোন লাইনের সংযোগ দেখা যায়, এমনকি অফিসগুলোতেও যোগাযোগ করার জন্য অনেকে টেলিফোন ব্যবহার করে থাকে। লক্ষ্মীপুর পৌরসভায় সর্বমোট ৫১ টি টেলিফোন পোল পাওয়া যায় ভৌত অবকাঠামো জরিপ থেকে এবং পাশাপাশি ৮ টি মোবাইল টাওয়ার পাওয়া গেছে।

চিত্রলেখ থেকে দেখা যাচ্ছে যে ওয়ার্ড নং ৭ এ ১৫টি টেলিফোন পোল আছে যা পৌরসভার অন্যান্য ওয়ার্ড তুলনায় সর্বোচ্চ এবং ওয়ার্ড নং ৫ এ ১ টি টেলিফোন পোল আছে যা দ্বিতীয় সর্বনিম্ন। ওয়ার্ড নং ০৩, ১১, ১৩ ও ১৪ তে কোন টেলিফোন পোল পাওয়া যায় নি। অপরদিকে ৮ টি মোবাইল টাওয়ারের ভিতর ওয়ার্ড নং ১১ তে অর্ধেক এবং ওয়ার্ড নং ১, ১০ ও ১৫ থে বাদবাকি টাওয়ার গুলো রয়েছে।

চিত্রলেখ ১২-৯: ওয়ার্ড ভিত্তিক টেলিফোন পোস্ট ও মোবাইল টাওয়ারের বণ্টন



	ওয়ার্ড ১	ওয়ার্ড ২	ওয়ার্ড ৩	ওয়ার্ড ৪	ওয়ার্ড ৫	ওয়ার্ড ৬	ওয়ার্ড ৭	ওয়ার্ড ৮	ওয়ার্ড ৯	ওয়ার্ড ১০	ওয়ার্ড ১১	ওয়ার্ড ১২	ওয়ার্ড ১৩	ওয়ার্ড ১৪	ওয়ার্ড ১৫
টেলিফোন পোল	২	২	০	৪	১	২	১৫	৮	৫	৫	০	৫	০	০	২
মোবাইল টাওয়ার	১	০	০	০	০	০	০	০	০	২	৪	০	০	০	১

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১২.১১.১.১ উন্নয়ন প্রস্তাব

ভবিষ্যৎ চাহিদা পরিমাপ করার জন্য পৌরসভা এলাকায় কি পরিমান জনসংখ্যা হবে সেটাকেই মূল ভিত্তি হিসেবে ধরা হয়। প্রক্ষেপন করার সময় বর্তমানে কি সেবা আছে তা চিন্তা করা হয়। উপযোগ সেবার জন্য পরামর্শকদের দ্বারা যে আদর্শমান গুলো নির্ধারণ করা হয়েছে তা নিচের সারণিতে দেয়া হলো।

বিটিসিএল এর সেবা পাওয়া এখন খুব সহজ এবং খরচও কম। আরো ভালো সেবা প্রদান করতে নতুন টেলিফোন সেবা প্রদানকারী মাটির নিচে ক্যাবল বসানোর চিন্তা করতে পারে। বাংলাদেশে নতুন অনেক সেবা প্রদানকারী তারবিহীন টেলিফোন সেবা শুরু করেছে। এই সেবার জন্য কোন তারের প্রয়োজন হয় না ফলে গ্রহকের তারের খরচ বেঁচে যায় এবং সেবা প্রদানকারীরা ও রাস্তার অল্প জায়গায় ক্যাবল নেটওয়ার্ক বসানোর ঝামেলা থেকে মুক্তি পায়।

১২.১২ বিদ্যুৎ সরবরাহ এবং সড়ক বাতি

১২.১২.১ বিদ্যমান অবস্থা

শহরে বিদ্যুৎ সরবরাহ করে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড। পৌরসভার প্রায় ৯৬% এলাকায় বিদ্যুৎ সরবরাহ আছে। বিদ্যুৎ ট্রান্সফর্মার আছে ৯১ টি। শুধু ওয়ার্ড নং- ৩ এবং ১৩ ছাড়া সকল ওয়ার্ডেই বিদ্যুৎ আছে। ***চিত্রলেখ ১২-১০*** থেকে দেখা যায় ৯৬ শতাংশ বাসা-বাড়িতে বিদ্যুৎ সংযোগ আছে।



তথ্যসূত্রঃ সামাজিক-অর্থনৈতিক বেজ লাইন জরিপ, জিআইসিডি, ইউজিপ ৩, এলজিইডি, ২০১৬

চিত্রলেখ ১২-১০: লক্ষ্মীপুর পৌরসভার বাসাবাড়ির বিদ্যুৎ সংযোগ

- **ইলেকট্রিক পোল**

ভৌত অবকাঠামো জরিপে সর্বমোট ৩৪৫৩টি ইলেকট্রিক পোল পাওয়া গেছে। ১৬২৮টি পোলে সড়ক বাতি সহ পাওয়া গেছে বাকি ১৮২৫টি তে হয় বাতি নেই অথবা বাতি দেয়ার সুযোগ নেয়। ওয়ার্ড নং ১০ এ সর্বাধিক পরিমান পোল রয়েছে। ***সারণি ১২-১৩*** থেকে দেখা যায় এই ওয়ার্ডে সর্বমোট ৬২০টি পোল রয়েছে যার ভিতরে ২৮৩ টি তে বাতি রয়েছে। সবচেয়ে কম পরিমান পোল পাওয়া গেছে ওয়ার্ড নং ০৩ এ, এই ওয়ার্ডে ৬১টি পোল রয়েছে যার ভিতর ৪৪টি তে

বাতি রয়েছে। ওয়ার্ড নং ১৩ তে ও প্রায় একই পরিমান পোল রয়েছে যা নিচের সারণিতে দেখানো হয়েছে। প্রাপ্ত তথ্য থেকে এটা বলা যায় যে কমবেশি সব ওয়ার্ডেই বিদ্যুৎ লাইনের অবস্থা ভালো শুধুমাত্র ওয়ার্ড নং ০৩ এবং ১৩ ব্যতীত। ***মানচিত্র ১২-৮*** এ লক্ষ্মীপুর পৌরসভায় ইলেকট্রিক পোল গুলোর অবস্থান দেখানো হয়েছে।

সারণি ১২-১১: ওয়ার্ড ভিত্তিক বিদ্যুৎ খুঁটির বণ্টন


অবস্থান	বিদ্যুৎ বাতি খুঁটি	বিদ্যুৎ খুঁটি	মোট
ওয়ার্ড নং-১	১৪৬	৯২	২৩৮
ওয়ার্ড নং-২	১৩৯	৪৮	১৮৭
ওয়ার্ড নং-৩	৪৪	১৭	৬১
ওয়ার্ড নং-৪	১৩২	১০৬	২৩৮
ওয়ার্ড নং-৫	১৫৭	৪০	১৯৭
ওয়ার্ড নং-৬	৭৬	৪০	১১৬
ওয়ার্ড নং-৭	১৯৩	৯৩	২৮৬
ওয়ার্ড নং-৮	১৩৬	৭৭	২১৩
ওয়ার্ড নং-৯	৮৪	১০০	১৮৪
ওয়ার্ড নং-১০	২৮৩	৩৩৭	৬২০
ওয়ার্ড নং-১১	৩০	১৮৪	২১৪
ওয়ার্ড নং-১২	১১১	১৫৮	২৬৯
ওয়ার্ড নং-১৩	১৩	৫৫	৬৮
ওয়ার্ড নং-১৪	৯	১২৮	১৩৭
ওয়ার্ড নং-১৫	৬৬	৩২২	৩৮৮
মোট	**১৬২৮**	**১৮২৫**	**৩৪৫৩**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

- **হাই ভোল্টেজ টাওয়ার**

ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে, লক্ষ্মীপুর পৌরসভার সীমানার ভিতরে সর্বমোট ২০৪ টি হাই ইলেকট্রিক ভোল্টেজ টাওয়ার রয়েছে। ***চিত্রলেখ ১২-১১*** এ টাওয়ারগুলোর বণ্টন দেখানো হয়েছে। চিত্রলেখ থেকে দেখা যায় ওয়ার্ড নং ১৫ এ ৪১টি হাই ভোল্টেজ টাওয়ার রয়েছে যা সর্বাধিক। ওয়ার্ড নং ৬ এ কোন টাওয়ার নেই এবং ওয়ার্ড নং ৫ এ একটি টাওয়ার রয়েছে। ওয়ার্ড নং ০৪, ০৮ এবং ১০ এ ও অনেক টাওয়ার রয়েছে এই তিন ওয়ার্ডে যথাক্রমে ৩১, ২৫ এবং ৩৮ টি টাওয়ার রয়েছে।

চিত্রলেখ ১২-১১: ওয়ার্ড ভিত্তিক বিদ্যুৎ খুঁটির বণ্টন




তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

- **ইলেকট্রিক ট্রান্সফর্মার**

ভৌত অবকাঠামো জরিপ থেকে দেখা যায় যে, লক্ষ্মীপুর পৌরসভায় ৯১টি ইলেকট্রিক ট্রান্সফর্মার রয়েছে। ***চিত্রলেখ ১২-১২*** এ ওয়ার্ড অনুসারে ইলেকট্রিক ট্রান্সফর্মারের অবস্থান দেখানো হয়েছে।


চিত্রলেখ ১২-১২: ওয়ার্ড ভিত্তিক ইলেকট্রিক ট্রান্সফর্মারের বণ্টন



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানচিত্র ১২-৮: লক্ষ্মীপুর পৌরসভায় ইলেকট্রিক পোল, টেলিফোন পোল এবং টাওয়ারের বন্টন

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium


Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Utilities
- Electric Light Post
- Electric Post
- High Tension Post
- Light Post
- Mobile Tower
- Telephone Post
- Transformer

মানচিত্র ১২-৯: লক্ষ্মীপুর পৌরসভায় প্রস্তাবিত উপযোগ সেবা এলাকা

1:48,000





MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Poura Bus Terminal
- Stadium

Boundary Line
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Road
- Proposed Road

Water Supply Line
- Existing
- Proposed

Proposed Footpath
- Proposed Footpath

Proposed Utilities
- Dumping Ground
- IT & Solar Park
- Overhead Tank
- Public Toilet
- Shelter (Disaster)
- Ward Center
- Waste Transfer Station

১২.১২.২ বিদ্যুৎ সরসরাহ বিষয়ক প্রস্তাব

- শিল্প উন্নয়নের জন্য শহরে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।
- আরও বিদ্যুৎ কেন্দ্র এবং সাব-স্টেশন স্থাপন করতে হবে।
- জনমানুষের নিরাপত্তার জন্য সকল বিদ্যুৎ লাইন ভূ-গর্ভে পূনঃ স্থাপন করতে হবে।
- এ দেশে বিদ্যুৎ উৎপাদনে কয়লা, গ্যাস এবং পানি ব্যবহার করা হয়। তবে বিদ্যুৎ উৎপাদন হ্রাস করার জন্য ব্যাপক হারে সৌর বিদ্যুৎ উৎপাদনের প্রচেষ্টা চলছে। এ ধরনের বিদ্যুৎ নবায়নযোগ্য এবং পরিবেশ অনুকূল। পরামর্শক ওয়ার্ড নং-৩ একটি সোলার পার্ক স্থাপনের প্রস্তাব দিয়েছে।
- এ ছাড়া কঠিন বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রচেষ্টা গ্রহণেরও সুপারিশ করা হচ্ছে।

১২.১২.৩ সড়ক বাতি বিষয়ক প্রস্তাব

শহরের রাস্তায় সবুজ বাতি প্রযুক্তি যেমন, কমপ্যাক্ট ফ্লুরোসেন্ট ল্যাম্প (CFL), LED লাইট ব্যবহার করতে হবে। এগুলো পরিষ্কার, দীর্ঘ স্থায়ী, সাশ্রয়ী এবং বেশি আলো দেয়। যে সেমস্ত এলাকায় নিরাপত্তা ঝুকি আছে সমস্ত এলাকায় রাস্তার বাতির সংখ্যা বৃদ্ধি করতে হবে।

ত্রয়োদশ অধ্যায় জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

সূচিপত্র

১৩.১ ভূমিকা ---------- ১৩-১
১৩.২ জলবায়ু পরিবর্তন ---------- ১৩-১
১৩.২.১ বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব ---------- ১৩-২
১৩.২.২ শহরের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব ---------- ১৩-২
১৩.২.৩ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রতিরোধ ও উত্তরণ ---------- ১৩-২
১৩.২.৪ লক্ষ্মীপুর পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন নির্ণয় ---------- ১৩-৩
১৩.২.৫ জলবায়ু ঘটিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ---------- ১৩-৬
১৩.৩ পরিবেশ ---------- ১৩-৯
১৩.৩.১ বিদ্যমান পরিবেশ অবস্থা ---------- ১৩-৯
১৩.৩.২ বিদ্যমান প্রাকৃতিক সম্পদ ---------- ১৩-৯
১৩.৩.২.১ মৃত্তিকার সাধারণ ধরণ ---------- ১৩-৯
১৩.৩.৩ মাটি প্রতিক্রিয়া (Soil Reaction) ---------- ১৩-১০
১৩.৩.৩.১ ভূমিবৃত্তি (Physiography) ---------- ১৩-১০
১৩.৩.৩.২ জলবায়ু ---------- ১৩-১০
১৩.৩.৩.৩ পরিবেশ ঝুঁকি এলাকা ---------- ১৩-১০
১৩.৩.৩.৪ জলাভূমি ---------- ১৩-১০
১৩.৩.৪ দুর্যোগ/বিপদসমূহ ---------- ১৩-১১
১৩.৩.৪.১ ভূমিকম্প ---------- ১৩-১১
১৩.৩.৪.২ আগুন ---------- ১৩-১৪
১৩.৩.৪.৩ জলাবদ্ধতা ও বন্যা ---------- ১৩-১৪
১৩.৩.৪.৪ পানির অভাব ---------- ১৩-১৬
১৩.৩.৪.৫ বজ্রপাত ---------- ১৩-১৬
১৩.৪ দূষণ প্রতিরোধ ব্যবস্থা ---------- ১৩-১৭
১৩.৪.১ শব্দ দূষণ প্রতিরোধ ---------- ১৩-১৭
১৩.৪.২ বায়ু দূষণ প্রতিরোধ ---------- ১৩-১৭
১৩.৪.৩ ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণ প্রতিরোধ ---------- ১৩-১৮
১৩.৪.৪ ভূ-গর্ভস্থ পানি দূষণ প্রতিরোধ ---------- ১৩-১৮
১৩.৪.৫ জলাবদ্ধতা এবং ড্রেনেজ সমস্যা প্রতিরোধ ---------- ১৩-১৮
১৩.৪.৬ কলকারখানা ঘটিত দূষণ ---------- ১৩-১৯
১৩.৪.৭ কীটনাশক দূষণ প্রতিরোধ ---------- ১৩-১৯
১৩.৪.৮ মনুষ্য সৃষ্ট বিপদ ---------- ১৩-১৯
১৩.৫ বাস্তবায়ন ---------- ১৩-২০

ত্রয়োদশ অধ্যায়
জলবায়ু পরিবর্তন, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

১৩.১ ভূমিকা

এই অধ্যায়ে অন্তর্ভূক্ত করা হয়েছে, জলবায়ু পরিবর্তন, পরিবেশ এবং দুর্যোগ ব্যবস্থাপনা। এতে জলবায়ু পরিবর্তনের মৌলিক বিষয় এবং লক্ষ্মীপুরে এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে আলোচনা করা হয়েছে। এ ছাড়াও এই অধ্যায়ে লক্ষ্মীপুর পৌরসভার বিদ্যমান পরিবেশ, এর প্রাকৃতিক সম্পদ এবং সমকালীন পরিবেশগত ও দুর্যোগ বিষয়ক সমস্যা নিয়ে আলোচনা করা হয়েছে।

১৩.২ জলবায়ু পরিবর্তন

ত্রিশ থেকে চল্লিশ বৎসর পর পর কোন এলাকার জলবায়ুতে যে গড় পরিবর্তন হয় তাকে জলবায়ু পরিবর্তন বলে। তবে এই পরিবর্তনের সময়কাল নিয়ে মতভেদ আছে। এই পরিবর্তনের ফলে কম বেশি চরমভাবাপন্ন আবহাওয়ার উদ্ভব হতে পারে। এই প্রক্রিয়ার পেছনে কাজ করে, বাইয়োটিক প্রক্রিয়া, পৃথিবীতে সূর্য রশ্মির পরিবর্তন, প্লেট টেকটোনিক এবং আগ্নেয় গিরির লাভা উদগিরণের উপর। এ ছাড়া মানুষের কিছু সাম্প্রতিক কর্মকান্ডকেও এই পরিবর্তনের কারণ হিসাবে নির্ধারণ করা হয়েছে। এটাকে বিশ্ব উষ্ণায়ন হিসাবে আখ্যায়িত করা হয়ে থাকে।
জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীতে কি কি প্রভাব পড়তে পারে তার নমুনা ***সারণি ১৩-১*** এ দেয়া হলো।

সারণি ১৩-১: জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা এবং তার প্রভাব

জলবায়ু পরিবর্তন জনিত ঘটনা	প্রধান প্রধান প্রভাব
	শহর এবং পল্লী উভয় এলাকায়
বর্তমান সর্বোচ্চ উষ্ণতা থেকে ১ থেকে ২ ডিগ্রি উষ্ণতা বৃদ্ধি	• বিটুমিনাস সড়কের বিটুমিন গলে যাওয়া • জলাশয়ের পানি বষ্পিভবন বৃদ্ধি • মাথাপিছু পনির চাহিদা বৃদ্ধি • সমুদ্রে পানির উষ্ণতা ২৬ ডিগ্রিতে উন্নীত হলে ঝড়ের সৃষ্টি হয়। তাই উষ্ণতা বৃদ্ধি পেলে ঝড়ের প্রকোপ বাড়বে। • তাপমাত্রা কমানোর জন্য জ্বালানী চাহিদা বৃদ্ধি পাবে। • কনক্রিট কিউরিং এর জন্য পানির চাহিদা বাড়বে।
ঘূর্ণিঝড়ের প্রকোপ বৃদ্ধি ভূমিকম্পের প্রকোপ বৃদ্ধি	• বায়ুর গতিবেগ ২৭৫ কি.মি. পর্যন্ত গতে পারে। এতে সম্পদের ক্ষয়ক্ষতি বৃদ্ধি পাবে। • নদী ভাঙ্গন বৃদ্ধি পাবে। লক্ষ্মীপুরে এই প্রবণতা দেখা যাচ্ছে। • প্রাকৃতিক জল প্রবাহ ক্ষতিগ্রস্ত হবে। • রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পাবে। • রাস্তা, সেতু ইত্যাদি, ভৌত অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে। • সংকোচন ও সম্প্রসারণের ফলে ভূ-উপরিভাগের স্থিতিস্থাপকতা নষ্ট হবে, ফলে পাহাড়ে ভূমিধ্বস হবে। • উঁচু ভবন বিধ্বস্ত হবে এবং হতাহতের সংখ্যা বাড়বে। • জরুরী সেবা যেমন, পানি সরবরাহ, গ্যাস, বিদ্যুৎ, স্বাস্থ্য সেবা ব্যবস্থা ভেঙ্গে পড়বে।
মৌসুমি বৃষ্টিপাত ২৫% পর্যন্ত বৃদ্ধি পেলে	• উজান থেকে বেশি পানি প্রবাহিত হবে, ফলে হঠাৎ বন্যার প্রবণতা বৃদ্ধি পাবে। • অবকাঠামো এবং বর্জ্য ব্যবস্থাপনা ক্ষতিগ্রস্ত হবে। • কীট পতঙ্গ বাহিত রোগ বালাই যেমন, ম্যালেরিয়া, কলেরা, ইত্যাদি বাড়বে।
	উপকূল এলাকার জন্য
ঝড় এবং জলোচ্ছ্বাস বৃদ্ধি	• ক্ষয়-ক্ষতি বাড়বে এবং বেশি এলাকা প্লাবিত হবে।

১৩.২.১ বাংলাদেশে জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব

বাংলাদেশ পৃথিবীর অন্যতম দুর্যোগ প্রবণ দেশ। তবে জলবায়ু পরিবর্তনের ফলে সামনের দিনগুলোতে ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাসের মত দুর্যোগগুলো আরো ঘন ঘন এবং প্রবলভাবে দেখা দেবে। বিশেষজ্ঞদের মতে জলবায়ু পরিবর্তনের চিহ্নগুলো ইতিমধ্যে দৃশ্যমান হচ্ছে। তবে চিহ্নগুলো দেশের সর্বত্র একই প্রকৃতির না। গ্রামের পরিবর্তনের চিহ্নগুলো শহরের চেয়ে ভিন্নতর। তবে সবক্ষেত্রেই দুর্যোগ দ্বারা দরিদ্র জনগোষ্ঠিই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবে। উষ্ণতা বৃদ্ধির ফলে সব কাজে পানির চাহিদা বৃদ্ধি পাবে। পিচ ঢালা রাস্তা ক্ষতিগ্রস্ত হবে। ঝড় বৃদ্ধি পেলে কাঁচা বাড়িঘর বেশি ভাঙ্গবে। এ সমস্ত বাড়ি ঘরে দরিদ্ররা বসবাস করে থাকে। মোট কথা দুর্যোগ বাড়লে নিম্ন আয়ের মানুষ সবচেয়ে বেশি ক্ষতির সম্মুখীন হবে।

১৩.২.২ শহরের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব

জলবায়ু পরিবর্তনের প্রভাব কতটা গভীর এবং গুরুতর তা নির্ভর করে একটি প্রাকৃতিক ঘটনা কিভাবে বাস্তুতন্ত্রের সাথে মিথস্ক্রিয়া করে এবং নির্দ্দিষ্ট স্থানে এবং মানুষের উপর কিভাবে আঘাত হানে তার উপর।

শুধু জলবায়ু পরিবর্তন নয়, উষ্ণতা বৃদ্ধি পেলে, বৃষ্টিপাত বৃদ্ধি পেলে, বন্যার প্রকোপ বাড়লে বা ভূ-কম্পন বৃদ্ধি পেলে শহরের উপরও তার প্রভাব পড়বে। তবে এই শহর বন্যা, অধিক বৃষ্টিপাত জনিত দুর্যোগ, নদী ভাঙ্গন এবং ভূ-কম্পন দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা বেশি। বন্যা বা অধিক বৃষ্টিপাত জনিত দুর্যোগ বৃদ্ধি পেলে মাছের জীবনচক্রের উপর প্রভাব পড়বে। শহরের পানি সরবরাহের উপর চাপ পড়বে। শহরের যানবাহন অবকাঠামো, ড্রেনেজ ব্যবস্থা, জলাবদ্ধতা, জনস্বাস্থ্য এবং জ্বালানী সরবরাহ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হবে। এ ছাড়া লক্ষ্মীপুরের বাস্তুতন্ত্র (জলাধার, পানির উৎস, জীব বৈচিত্র) ক্ষতিগ্রস্ত হবে বা এর অবনতি ঘটবে। এগুলোর উপর নির্ভরশীল আয় রোজগার বাধাগ্রস্ত হবে। বন্যা এবং নদী ভাঙ্গন দরিদ্রদের আবাসন ক্ষতিগ্রস্ত করবে, সড়ক অবকাঠামো নষ্ট হয়ে স্থানীয় অর্থনীতি এবং মানুষের জীবন জীবিকা ক্ষতিগ্রস্ত করতে পারে।

১৩.২.৩ জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন এবং প্রতিরোধ ও উত্তরণ

রেজিলিয়েন্স শব্দের অর্থ হচ্ছে সম্ভাব্য ঝুঁকি ও দুর্যোগ প্রতিরোধ এবং এর ক্ষতি কাটিয়ে ওঠার সক্ষমতা। এই ধারণাটি ব্যবহার করা হয় মূলত প্রাকৃতিক ঝুঁকি বিশ্লেষণে। এটি স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে দুর্যোগ ঝুঁকি হ্রাসে সক্ষমতা তৈরীতে ব্যবহার করা হয়। তাই এটাকে যথা সময়ে ঝুঁকি কাটিয়ে ওঠার সক্ষমতা বা বাউন্স ব্যাক সক্ষমতা বলা হয়ে থাকে। তাই সময়ের সঙ্গে এর পদ্ধতিগত পরিবর্তন হয়।

রেজিলিয়েন্স ধারণা ব্যবহার করতে হলে প্রথমেই ধরে নিতে হবে যে, শহর একটি গতিশীল ব্যবস্থা যার দুর্যোগ পরবর্তী অবস্থা মানিয়ে নেয়া এবং তা থেকে টিকে থাকার সক্ষমতা আছে। সুতরাং নগর রেজিলিয়েন্স মানে দুর্যোগ পরবর্তী সময়ে শহরের অবকাঠামো এবং সেবা সুবিধা চলমান রাখার ক্ষমতা।

পৌরসভার ঝুঁকি মোকাবেলার সক্ষমতা নির্ভর করে কত ঘন ঘন দুর্যোগ ঘটে থাকে এবং তার গভীরতা কি রকম এবং তা মোকাবেলা করার দক্ষতা শহরের কতটুকু আছে। এ ক্ষেত্রে রাজনৈতিক এবং অর্থনৈতিক কাঠামো খুবই গুরুত্বপূর্ণ বিষয়, কারণ শহর হচ্ছে একটি পরস্পর নির্ভরশীল ব্যবস্থা। জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব মোকাবেলায় সমাজের রেজিলিয়েন্স কতটুকু তা বুঝতে হলে জানতে হবে স্থানীয় ঝুঁকি সম্পর্কে, স্থানীয় ক্ষমতা, এবং সকল প্রকার প্রাকৃতিক ঝুঁকি প্রভাব মেটাতে সমাজের সক্ষমতা কি পরিমাণ আছে। স্থানীয় সক্ষমতা বৃদ্ধি করতে হলে নিম্নবর্ণিত বিষয়গুলো জানতে হবেঃ

- পৌরসভার অবস্থান কোথায়;
- পৌরসভার অর্থনৈতিক এবং ভৌগলিক গুরুত্ব কতটুকু;
- নগরায়নের ধারা কি রকম;
- জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ঝুঁকির প্রভাব কি পরিমান;
- জনসংখ্যার বৈশিষ্ট্য এবং এর বৃদ্ধির ধারা কি রকম;
- মৌলিক অবকাঠামো এবং সেবা সুবিধার অবস্থা কি;

- কর্তৃপক্ষের ব্যবস্থাপনা দক্ষতা; এবং
- পৌরসভার সম্পদের পরিমান কি রকম।

অভিযোজন একটি পরস্পর নির্ভরশীল প্রক্রিয়া। এটা হচ্ছে প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে খাপ খাওয়ানোর ব্যবস্থা। শহর এলাকার পরস্পর নির্ভরশীল অবকাঠামো ও সেবা সুবিধার বিপরিতে দুটি বিষয়ের উপর অভিযোজন প্রক্রিয়া নির্ভর করবে। প্রথমত, জলবায়ু পরিবর্তন জনিত পরিস্থিতি মোকাবেলায় সরাসরি কাঠামোগত কি ব্যবস্থা নেয়া হয়েছে, যেমন, নদীতে বাঁধ। দ্বিতীয়ত, সম্ভাব্য ক্ষতি মোকাবেলায় বিদ্যমান রেজিলিয়েন্স বৃদ্ধির জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, যেমন, ভূমি ব্যবহার পরিকল্পনা, বিল্ডিং কোড এবং কাঠামোগত এবং অকাঠামোগ সুবিধা গ্রহণে জনগণের সুযোগ কতটুকু।

একটি পৌরসভায় অনেক প্রকল্প থাকতে পারে যেগুলোকে কাঠামোগত অভিযোজন প্রকল্প হিসাবে গণ্য করা যায়। এর মধ্যে আছে স্লুইস গেট, বাঁধ, ড্রেনেজ চ্যানেল। তবে এর মধ্যে অনেকগুলো ভাল ডিজাইনের ফলে একটি সামগ্রিক ব্যবস্থার অংশ হিসাবে কাজ না করে বাঁধা হিসাবে কাজ করতে পারে। অভিযোজন কাঠামোগুলো শহরের সম্ভাব্য ঝুঁকি কমাতে সাহায্য করে।

পাঁচটি বিষয় দিয়ে পৌরসভার অভিযোজন ব্যবস্থা পরিমাপ করা যেতে পারে। পাঁচটি বিষয় নিয়ে একটি অভিযোজন ফ্রেম তৈরী করা হয়েছে যা দিয়ে পরোক্ষভাবে বিদ্যমান ঝুঁকির গভীরতা এবং তা মোকাবেলার সক্ষমতা বোঝা সম্ভব। পাঁচটি বিষয় নিচে দেয়া হলোঃ

১. **নগরবাসীদের নগর অবকাঠামোর সুবিধা গ্রহণের সুযোগঃ** এই পৌরসভা তার নাগরিকদের নিয়মিতভাবে পর্যাপ্ত নাগরিক সুবিধা প্রাপ্তির সুযোগ দেয়?
২. **সামাজিকঃ** এই পৌরসভার কি পরিমান মানুষ অপ্রত্যাশিত দুর্যোগ ঝুঁকিতে আছে?
৩. **পৌরসভার যোগ্যতা এবং গণ-যোগাযোগঃ** এই পৌরসভা কি যথাযথভাবে স্বীকার করে যে তার নাগরিকরা জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকিতে আছে এবং এই বিষয়ে তথ্য সংগ্রহ করছে এবং তা প্রচার করছে যাতে প্রয়োজনীয় নেতৃত্ব ও অগ্রাধিকার ব্যবস্থা গ্রহণ করে দুর্যোগ প্রতিরোধ এবং দুর্যোগ পরবর্তী অবস্থা থেকে উত্তরণ পাওয়া যায়?
৪. **জলবায়ু এবং পরিবেশগত সেবাঃ** এই পৌরসভা কি যথাযথভাবে জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকির কথা স্বীকার করে এবং এই ঝুঁকি হ্রাস করার জন্য নগর পরিকল্পনার মাধ্যমে পূর্ব ব্যবস্থা গ্রহণ করছে?
৫. **অর্থনৈতিক শর্তঃ** ব্যবসা এবং অর্থনীতির উপর জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব প্রতিরোধ করার মত প্রয়োজনীয় অর্থনৈতিক সামর্থ্য এই পৌরসভা আছে কি এবং স্থানীয় জনগণের সম্পদের যথেষ্ট বৈচিত্র আছে কি?

প্রতিটি বিষয়কে সংখ্যা তাত্ত্বিকভাবে মূল্যায়ন করতে হবে যাতে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য গ্রহীত পদক্ষেপ ও কৌশলগুলো কার্যকরভাবে প্রয়োগ করা যায়।


১৩.২.৪ লক্ষ্মীপুর পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত অভিযোজন নির্ণয়

উপরে উল্লেখিত পাঁচটি বিষয়ের ভিত্তিতে লক্ষ্মীপুর পৌরসভার অভিযোজন নির্ণয় করা হয়েছে। প্রতিটি বিষয় এক একটি অভিযোজন তৈরী করে যা পরোক্ষভাবে বিদ্যমান ঝুঁকি বিশ্লেষণ করে এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় তা মোকাবেলা করার সামর্থ্য নির্ধারণ করে। ***সারণি ১৩-২*** এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে লক্ষ্মীপুর পৌরসভার জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি নির্ণয় করা হয়েছে। ***চিত্রলেখ ১৩-১*** এ ঝুঁকি মোকাবেলার সক্ষমতা দেখানো হয়েছে। চিত্রলেখ থেকে দেখা যায় যে সার্বিকভাবে পৌরসভার গড় ঝুকি ৫৯% এর বেশি। শহরে পানির সমস্যা প্রকট। নতুন এলাকা বাদ দিলেও শহরের অধিকাংশ মানুষ কোন না কোন ভাবে পানির জন্য খাল, দিঘি এবং পুকুরের উপর নির্ভরশীল। শুষ্ক মৌসুমে এই পানির অভাব দেখা দেয়।

সারণি ১৩-২: লক্ষ্মীপুর পৌরসভার ঝুঁকি নির্ণয়

Variables			Score	Weighted score	Sum. Indicator	Dimension
	Urban Infrastructure Provision					
	Weight					
UIP1	100%	3	3.00	3.00	3.00	2.77
UIP2	60%	2	2.00	1.20	1.60	
UIP3	40%	1	1.00	0.40		
UIP4	100%	3	3.00	3.00	3.00	
UIP5	100%	3	3.00	3.00	3.00	
UIP6	60%	1	1.00	0.60	1.00	
UIP7	40%	1	1.00	0.40		
UIP8	100%	4	5.00	5.00	5.00	
Socio-Demographic						
SD1	80%	4	2.00	1.60	2.60	2.92
SD2	20%	5	5.00	1.00		
SD3	100%	3	3.00	3.00	3.00	
SD4	100%	2	2.00	2.00	2.00	
SD5	40%	1	1.00	0.40	3.00	
SD6	40%	5	4.00	1.60		
SD7	20%	5	5.00	1.00		
SD8	100%	3	4.00	4.00	4.00	
	Municipal Competence and Communication					
MCC1	100%	2	2.00	2.00	2.00	1.72
MCC2	100%	2	2.00	2.00	2.00	
MCC3	100%	1	1.00	1.00	1.00	
MCC4	60%	2	2.00	1.20	2.00	
MCC5	40%	2	2.00	0.80		
MCC6	40%	1	1.00	0.40	1.60	
MCC7	60%	2	2.00	1.20		
	Climate and Environmental Services					
CES1	100%	3.8	2.50	2.50	2.50	2.10
CES2	100%	3.8	2.50	2.50	2.50	
CES3	30%	5	4.00	1.20	3.50	
CES4	30%	3	5.00	1.50		
CES5	40%	2	2.00	0.80		
CES6	100%	1	1.00	1.00	1.00	
CES7	50%	1	1.00	0.50	1.00	
CES8	50%	2	1.00	0.50		
	Economic Condition					
EC1	100%	3	4.00	4.00	4.00	3.40
EC2	100%	2	2.00	2.00	2.00	
EC3	100%	4	4.00	4.00	4.00	
EC4	100%	1	3.00	3.00	3.00	
EC5	100%	5	4.00	4.00	4.00	
		Exposure	2			
		Sensitvity	5.75			
		Adaptive capacity	4.414285714			
			3.541071429			
		Vulnerability(%)	59.01785714			

চিত্রলেখ ১৩-১ : লক্ষ্মীপুর পৌরসভার অভিযোজন সক্ষমতার চিত্র



১৩.২.৫ জলবায়ু ঘটিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

লক্ষ্মীপুরের দুর্যোগ অভিযোজন এবং ঝুঁকি উপরে উল্লেখিত পাঁচটি বিষয়কে বিবেচনায় রেখে নির্ধারণ করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা। এখানে ***(সারণি ১৩-৩)*** দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা ওয়ার্ড ও পৌরসভার ভিত্তিতে উপস্থাপন করা হলো।

একটি পদ্ধতি অনুসরণ করে পৌরসভার বর্তমান ঝুকি র্নিণয় করা হয়েছ। পৌরসভায় একটি জরিপ পরিচালনা করা হয়। জনগণের ধরণার ভিত্তিতে এবং নিচের সূত্র ব্যবহার করে পৌরসভার দুর্য্যোগ এবং ঝুকি স্কোর দিয়ে রেটিং করা হয়েছে।

Risk= (Hazard x Vulnerability)/Capacity

সারণি ১৩-৩: বর্তমান অবস্থাএবং দুর্যোগ উপশম সহায়ক ব্যবস্থাপনা পরিকল্পনা

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
নগর অবকাঠামো				
পানি সরবরাহ	সার্বিকভাবে বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থায় মাত্র ৪৫.৬৯% নগরবাসীকে সেবা দেয়া সম্ভব।	বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন প্রয়োজন।	**P-EN-01** পৌর এলাকার ভেতরে ১০০% পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। **P-EN-02** পৌর এলাকায় ভূ-গর্ভস্থ পানির পাশাপাশি জলাশয়ের পানি এবং বৃষ্টির পানি ব্যবহার করার উদ্যোগ নিতে হবে। এ জন্য পানি শোধনাগার স্থাপন করতে হবে।	**A-EN-01** ওয়ার্ড নং-১১, ১২, ১৩, ১৪ এবং ১৫ তে অগ্রধিকার ভিত্তিতে পৌর পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। **A-EN-02(1)** রহমতখালী খাল খনন করে পানি সরবরাহ বৃদ্ধি করতে হবে। **A-EN-02(2)** ভুপৃষ্ঠস্থ পানি পরিশোধনের জন্য রহমতখালী খালের পাশে ওয়ার্ডনং- ৯ একটি পানি শোধনাগার স্থাপন করতে হবে।
পৌর বর্জ্য	এই পৌরসভায় প্রতিদিন প্রায় ২০ বর্জ্য উৎপাদিত হয়। এখানে ঘর থেকে নিয়মিত বর্জ্য সংগ্রহের কোন ব্যবস্থা নাই।	বিদ্যমান বর্জ্য সংগ্রহ ব্যবস্থা সন্তোষজনক নয়। মানুষ যেখানে সেখানে, ড্রেনে, রাস্তার পাশে বর্জ্য ফেলে থাকে। ড্রেনে ফেলা বর্জ্য ড্রেন বন্ধ করে ফেলে, ফলে জলাবদ্ধতা দেখা দেয়।	**P-EN-03** বাড়ি বাড়ি থেকে প্রতিদিন বর্জ্য সংগ্রহ করতে হবে। **P-EN-04** গুরুত্বপূর্ণ স্থান গুলিতে ট্রান্সফার স্টেশন স্থাপন করতে হবে। **P-EN-05** বর্তমান ডাম্পিং সাইট ন্যূনতম ৭ একরে সম্প্রসারণ করতে হবে। **P-EN-06** বিপদজনক এবং নিরাপদ বর্জ্য পৃথক করতে হবে। **P-EN-07** হাসপাতালের বর্জ্য পুড়িয়ে ফেলতে হবে। **P-EN-08** বর্জ্য ব্যবস্থাপনায় নিরাপদ বর্জ্যের ক্ষেত্রে 3R পদ্ধতি চালু করতে হবে। **P-EN-09** বর্জ্য থেকে সম্পদ তৈরীর (যেমন বায়ো গ্যাস) প্রকল্প হাতে নিতে হবে	**A-EN-04** প্রতি ওয়ার্ডে বড় ডাস্টবিন তৈরী করতে হবে যেগুলো ট্রান্সফার স্টেশন হিসাবে কাজ করবে।

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
স্যানিটেশন	৩৮% বাড়ীতে ওয়াটার সীলড লেট্রিন আছে।	সার্বিকভাবে পৌরসভায় স্যানিটেশনের অবস্থা ভালো নয়। আরো স্বাস্থ সম্মত ওয়াটার সীলড ল্যাট্রিন স্থাপন করতে হবে।	**P-EN-10** বস্তি এবং নিম্ন আয়ের মানুষের জন্য কম্যুনিটি লেট্রিন দিতে হবে। **P-EN-11** দরিদ্র পরিবারে বিনামূল্যে অথবা স্বল্প মূল্যে লেট্রিনের রিং সরবরাহ করতে হবে।	**A-EN-10-01** দরিদ্র এলাকায় অবস্থিত ঝুলন্ত ল্যাট্রিন অপসারণ করে বিনা মূল্যে অথবা সাশ্রয়ী মূল্যে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন সরবরাহ করতে হবে। **A-EN-10-02** বস্তি এবং দরিদ্র এলাকায় কমিউনিটি ল্যাট্রিন সরবরাহ করতে হবে।
গৃহায়ন ও ভূমি ব্যবহার	পৌরসভায় মোট ৩৪ টি বস্তি আছে।	বস্তিগুলোর সবকয়টি ব্যক্তি মালিকানধীন জমিতে অবস্থিত। এগুলোতে মৌলিক নাগরিক সুবিধা, যেমন- পানি সরবরাহ, স্বাস্থ্য সেবা, ড্রেনেজ ব্যবস্থা, বর্জ্য ব্যবস্থাপনা সুবিধা নেই।	**P-EN-12** বিদ্যমান ৩৪ টি দরিদ্র এলাকায় মৌলিক নাগরিক সেবা সুবিধা প্রসারের জন্য পৌরসভা ও এনজিও গুলোকে যৌথভাবে কাজ করতে হবে। **P-EN-13** অবৈধভাবে বসবাসকারী দরিদ্রদের জন্য একটি পুনর্বাসন প্রকল্প তৈরী করতে হবে।	ভূমি মালিকদের সহযোগিতায় বস্তি উন্নয়ন প্রকল্প হাতে নিতে হবে।
জলবায়ু এবং পরিবেশগত সেবা				
জলাবদ্ধতা	ওয়ার্ড নং-৮, ৩, ১০, ১১ এবং ১৪ অন্যান্য ওয়ার্ডের তুলনায় অনেক বেশি ঝুঁকিপূর্ণ।	বর্ষায় কিছু সড়ক এবং নিচু এলাকা পানির নিচে চলে যায় যা মানুষের জন্য দুর্ভোগ ডেকে আনে। অধিকন্তু, সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার অভাবে রাস্তায় বর্জ্য ছড়িয়ে পড়ে এবং বর্ষায় দুরবস্থা অরো বেড়ে যায়। দীর্ঘ সময় জলাবদ্ধতায় শহর প্রান্ত এলাকার ফসল ক্ষতিগ্রস্ত হয়।	**P-EN-14** পৌরসভার জন্য একটি কার্যকর এবং টেকসই ড্রেনেজ পরিকল্পনা তৈরী করতে হবে। **P-EN-15** পৌরসভার ভেতরে অবস্থিত সকল খাল এবং জলাশয় প্রয়োজন অনুযায়ী খনন করতে হবে যাতে বর্ষার অতিরিক্ত পানি ধরে রাখা যায়। পরিত্যাক্ত জলাভূমিগুলো পুনঃখনন করতে হবে।	**A-EN-14** সকল ওয়ার্ডের ড্রেনগুলো নবায়ন এবং পরস্পর সংযুক্ত করতে হবে। বিশেষত ওয়ার্ড নং- ৩, ৪, ৮, ৯, ১১, ১২, ১৩, ১৪ এবং ১৫ এ এটি বিশেষ ভাবে প্রয়োজন।
খাল ভাঙ্গন	লক্ষ্মীপুরের ও অবস্থান বাংলাদেশের ভূমিকম্প জোনের ৪ নম্বরে। এটি দেশের সবচেয়ে বিপদসংকুল ভূমিকম্প জোন।		**P-EN-16** রহমতখালী ও ওয়াপদা খালের পাড়ে পায়ে চলার পথ তৈরী করে খাল রক্ষা করতে হবে।	
পানির স্বল্পতা	ওয়ার্ড নং ১১, ১২, ১৩, ১৪ ও ১৫ তে সর্বোচ্চ	বস্তি এলাকায় যারা থাকে তারা সবচেয়ে বেশি ভুক্তভোগী	**P-EN-17** বর্তমান এবং ভবিষ্যৎ পানির চাহিদা মেটানোর জন্য বিদ্যমান পানি সরবরাহ নেটওয়ার্ক আরো সম্প্রসারণ করতে হবে। **P-EN-18** পুকুর, খাল ও অন্যান্য জলাধারগুলো ভরাট করা থেকে বিরত থাকতে হবে যাতে করে ভূগর্ভস্থ পানির স্তর ঠিক থাকে।	

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
ভূমিকম্প	লক্ষ্মীপুরের অবস্থান বাংলাদেশের ভূমিকম্প জোনের ৪ নম্বরে। এটি দেশের সবচেয়ে বিপদসংকুল ভূমিকম্প জোন।		**P-EN-19** ইমারত নির্মাণ অনুমোদনের জন্য ঢাকার অনুরূপ বিধিমালা প্রণয়ন করতে হবে। এর সঙ্গে বিএনবিসি বিধিমালাও প্রয়োগ করতে হবে।	
সবুজ অবকাঠামো	পৌরসভায় মাত্র ৫.২% উন্মুক্ত স্থান রয়েছে এবং ১১.৪% জলাধার পাওয়া গেছে।	পৌরসভায় খোলা জায়গা বা উন্মুক্ত এলাকা অপর্যাপ্ত।	**P-EN-20** পরিকল্পিতভাবে শহরে মাঠ,পার্ক এবং বিনোদনমূলক জলাধার তৈরী করতে হবে। জলাধারগুলো বিনোদন ছাড়াও পানির সংগ্রহশালা হিসাবে কাজ করবে। **P-EN-21** প্রতিটি পৌরসভার খাল এবং প্রাকৃতিক জলাধারগুলো খনন করতে হবে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।	**A-EN-20** প্রতিটি ওর্য়াডে অন্তত একটি করে খেলার মাঠ ও পার্ক প্রতিষ্ঠা করতে হবে **A-EN-21** প্রতিটি মৌজা ম্যাপে প্রদর্শিত পুকুর এবং ০.৫০ একর এর বেশি আয়তনের জলাধার সংরক্ষণ করতে হবে।
জরুরী এবং গুরুত্বপূর্ণ জলবায়ু পরিবর্তন জনিত প্রভাব প্রতিরোধী সম্পদ	এখানে কোন জরুরী আশ্রয় কেন্দ্র নেই।	জরুরী আশ্রয় কেন্দ্র নির্মাণ করা জরুরী	**P-EN-22** জরুরী অবস্থার সময় সহায়ক সুবিধাদির ব্যবস্থা করতে হবে।	**A-EN-22** জরুরী ভিত্তিতে অন্তত তিনটি আশ্রয় কেন্দ্রের ব্যবস্থা করতে হবে। এগুলো হবে ওয়ার্ড ৯, ১৩ এবং ১৫ তে। জরুরী অবস্থায় আশ্রয় নেয়ার জন্য এগুলো প্রয়োজন। অন্য সময় এগুলো কমিউনিটি ক্লিনিক, কমিউনিটি ক্লাব বা স্কুল হিসাবে ব্যবহার করা যায়।
পৌরসভার যোগাযোগ এবং সামর্থ্য				
পৌরসভার দুর্যোগ ব্যবস্থাপনা সামর্থ্য	বাইরের সহায়তা ছাড়া পৌরসভার দুর্যোগ মোকাবেলার সামর্থ্য অত্যন্ত দুর্বল।	দুর্যোগ মোকাবেলা করার মত জনবল বা তহবিল পৌরসভার নেই।	**P-EN-23** পৌরসভার জন্য একটি দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা তৈরী করতে হবে। **P-EN-24** দুর্যোগ ব্যবস্থাপনায় বহি: সংস্থা এবং জাতীয় প্রতিষ্ঠান সমূহের সঙ্গে সহযোগিতা বজায় রাখতে হবে। **P-EN-25** প্রতি পৌরসভায় অন্তত একজন নগর পরিকল্পনাবিদ রাখতে হবে। **P-EN-26** প্রতি ওয়ার্ডে কমিউনিটি পর্যায়ে দুর্যোগ প্রতিরোধ কমিটি গঠন করতে হবে।	
অর্থনৈতিক অবস্থা				
অর্থনৈতিক চালিকা শক্তি	কৃষি ভিত্তিক ব্যবসা খাত শহরের প্রধান অর্থনৈতিক চালিকা শক্তি। শহরে চারটি	দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা অর্জনের জন্য স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করতে হবে।	**P-EN-27** স্থানীয় অর্থনীতি সমৃদ্ধ করতে হবে। **P-EN-28** জলবায়ু সহিষ্ণু ফসল উৎপাদনে প্রশিক্ষণ দিতে হবে চাষিদের।	**A-EN-27(1)** অন্তত একটি করে বাণিজ্য কেন্দ্র নির্মাণ করতে হবে ওয়ার্ড ১, ২, ৩, ৪, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪ এবং ১৫।

অভিযোজন ডাইমেনশন/বিষয়	জরিপ থেকে প্রাপ্ত তথ্য	মন্তব্য	প্রস্তাবনা/নীতি	
			পৌরসভা পর্যায়ে	ওয়ার্ড পর্যায়ে
	বাণিজ্যিক কেন্দ্র রয়েছে। দুটির একটির অবস্থান ওয়ার্ড নং-৭, একটি ওয়ার্ড ১৩ তে একটির অবস্থান ওয়ার্ড ৫ এবং ৬ এর সংযোস্থলে।			**A-EN-27(2)** বিদ্যমান ৩৭.১১% কাচা রাস্তা পাকা করতে হবে। ভাঙ্গা রাস্তা মেরামত করতে হবে যাতে এলাকায় উৎপাদিত পন্য সহজে পরিবহন করা যায়।
সামাজিক-জনসংখ্যা				
সামাজিক-জনসংখ্যা পরিস্থিতি	জনসংখ্যার ঘনত্ব মাঝারি যা প্রতি বর্গকিলোমিটারে ৬৯২৬		**P-EN-29** জনসংখ্যা ঘনত্ব নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রয়োগ করে জনসংখ্যাকে নিয়ন্ত্রণের মধ্যে রাখতে হবে।	

১৩.৩ পরিবেশ

১৩.৩.১ বিদ্যমান পরিবেশ অবস্থা

মানুষ পরিবেশ দূষনের প্রধান উৎস। লক্ষ্মীপুরের জনসংখ্যা কম থাকায় এখানকার পরিবেশ পরিস্থিতির তেমন অবনতি এখনো হয় নাই। গাড়ি কম থাকায় এবং শিল্প কারখানা না থাকায় এখানে বায়ু দূষণ বা পানি দূষণের পরিস্থিতি তৈরী হয় নাই। এখানে শব্দ দূষণও নাই। একমাত্র জলাশয়গুলোতে মনুষ্য বর্জ্য ঘটিত কিছু দূষণ আছে। কারণ অনেক বাসা বাড়ির ল্যাট্রিনের সংযোগ ড্রেনের সঙ্গে দেয়া হয়। জলাশয়ের এ সমস্ত বর্জ্য খাল দিয়ে সর্বশেষে মেঘনা নদীতে পড়ে। তবে বস্তি এলাকার পরিবেশ অত্যন্ত খারাপ মূলত অস্বাস্থ্যকর ল্যাট্রিনের কারণে। দূষনের আরো একটি কারণ বাসাবড়ির বর্জ্য অব্যবস্থাপনা। এই শহরে প্রতিদিন প্রায় ২০ টন কঠিন বর্জ্য উৎপন্ন হয়। এই সম্পূর্ন বর্জ্যে অপসারণের সক্ষমতা পৌরসভার নেই। মাত্র ৪২% বর্জ্য বাড়ি থেকে সংগ্রহ করা হয়। শহরের খাল এবং খানাখন্দে ফেলা হয়। এগুলো জলাশয়কে দূষিত করছে এবং জনস্বাস্থ্যের জন্য হুমকি হয়ে দেখা দিচ্ছে। কোন কোন এলাকায় অনেক খাল আবর্জনায় ভরাট হয়ে গিয়েছে। রহমতখালী খাল, করালিয়া খাল, গুঞ্জাখালি খাল, ওয়াপদা খাল এই শহরের গুরুত্বপূর্ণ খাল।

যেখানে সেখানে বর্জ্য ফেলায় রাস্তাও অপরিচ্ছন্ন হচ্ছে। এগুলো পানি এবং মাটিকে দূষিত করছে। কৃষিতে ব্যবহৃত রাসায়নিক সার পানি এবং মাটি দূষনের আরেকটি কারণ। পৌরসভার বর্জ্য অপসারণ ফেলার পর্যাপ্ত সুবিধা নেই এবং বর্জ্য পুনঃব্যবহার বা প্রক্রিয়া করনের কোন ব্যবস্থাও পৌরসভায় নেই।

১৩.৩.২ বিদ্যমান প্রাকৃতিক সম্পদ

১৩.৩.২.১ মৃত্তিকার সাধারণ ধরণ

লক্ষ্মীপুরের মাটি প্রধানত Calcareous Alluvium (লবনাক্ত) জোনে পড়েছে যেখানের মাটিতে পলি ও বালি আছে। লবনাক্ততা ব্যাপকভাবে থাকার কারণ হল এই এলাকা গঙ্গা এবং মেঘনা প্লাবন এলাকায় পড়েছে। এই পৃষ্ঠ থেকে ১২৫ সেমি এর ভিতরে বা কিছু স্তর মধ্যে কাঁচা বা স্তরযুক্ত পলল, চুনযুক্ত হয়।

পলি হলো বালি এবং মাটির মধ্যবর্তী একটি দানাদার উপাদান, যার খনিজ উৎপত্তি কোয়ার্টজ এবং অ্যালুমিনিয়াম পটাশিয়াম, পলি মাটি হিসাবে অথবা অধঃক্ষেপ হয় পানির সংস্পর্শে (যা সাসপেন্ড লোড হিসাবে পরিচিত) জলাধারে হয় বিশেষ করে নদীতে। এটি পানির নিচে মাটি হিসাবে জমা হতে পারে। পলির সাধারনত অনিয়মিত ও প্লাস্টিক মধ্যবর্তী মতো আচরন করে। পলি যখন শুকিয়ে যায় তখন তা ছড়িয়ে পরে, এবং যখন ভেজা থাকে তখন পিচ্ছিল হয়ে যায়। পলি সাধারণত হ্যান্ড লেন্স দিয়ে দেখা যায়।

১৩.৩.৩ মাটি প্রতিক্রিয়া (Soil Reaction)

মাটির বিক্রিয়া বা মাটির pH হচ্ছে মাটির অম্লতা ও ক্ষারীয় অবস্থার নির্দেশক যা পিএইচ (pH) এককে প্রকাশ করা হয়। ৭ এর নিচে pH থাকলে তা অম্লীয় এবং pH এর উপরে থাকলে তা ক্ষারীয় হয়। লক্ষ্মীপুরের কিছু অংশের মাটি হালকা অম্লিক (pH ৫.৬-৬.৫) এবং কিছু অংশ নিরপেক্ষ (pH ৬.৬-৭.৩)। মাটির pH কে মাটির একটি প্রধান চলক ধরা হয় যেহেতু এটি মাটিতে ঘটে যাওয়া বিভিন্ন রাসায়নিক প্রক্রিয়াকে নির্দেশ করে। এটি মূলত বৃক্ষের পুষ্টির গঠন পরিবর্তন করে পুষ্টির প্রাপ্যতা নির্ধারণ করে। বেশিরভাগ বৃক্ষের জন্য এর সবচেয়ে অনুকূল মান হচ্ছে ৫.৫ থেকে ৭ এর মধ্যে। অবশ্য কিছু কিছু গাছ এই সীমার বাইরে ও খাপ খাওয়াতে পারে।

১৩.৩.৩.১ ভূমিবৃত্তি *(Physiography)*

লক্ষ্মীপুর মেঘনা বন্যাপ্লাবন এলাকার নিম্নাংশে পড়েছে। মেঘনা বন্যাপ্লাবন এলাকার নিম্নাঞ্চল মেঘনা এবং গঙ্গা নদীর সংযোগ স্থল থেকে দক্ষিণে পড়েছে, সুতরাং গঙ্গা, যমুনা এবং মেঘনা থেকে এক সাথে মেঘনা বন্যা প্লাবন এলাকার নিম্নাঞ্চলে লবণাক্ত পলি জমা হয়। এটা প্রধানত পলিমাটি জমা করে। নদী তীরের কাছে, জমা হওয়া মাটি মৃদু চুনযুক্ত কারন এতে গঙ্গেও উপাদান যুক্ত। উপরন্তু অন্তর্দেশ এলাকায়, পলিগুলো চুনযুক্ত নয় এবং অনেক অংশ অনেক আগেই আড়িয়াল খান চ্যানেল থেকে সরে বর্তমান মেঘনা বন্যা প্লাবন এলাকার নিম্নাঞ্চলে জমা হয়েছে ১৮৪০ সালের দিকে। এই বন্যাপ্লাবন এলাকাটি হালকা অনিয়মিত উঁচু এবং অনেকটা বেসিনের মতো, কিন্তু বিশাল এলাকা ঢিবির মতো যা ব্যবহার করা হয় বসবাস এবং কৃষি কাজের জন্য।

১৩.৩.৩.২ জলবায়ু

লক্ষ্মীপুরের জলবায়ু মাঝারি পর্যায়ের। সর্বোচ্চ মাসিক গড় উষ্ণতা থাকে ৩২.৯০ ডিগ্রি সেলসিয়াস এপ্রিলের দিকে এবং সর্বনিম্ন জানুয়ারীতে ২৫.২০ ডিগ্রি সেলসিয়াস। গড় বার্ষিক বৃষ্টিপাত হয় ২১ মি.মি.। আশি ভাগ বৃষ্টি হয় মে থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত।

১৩.৩.৩.৩ পরিবেশ ঝুঁকি এলাকা

পরিবেশগতভাবে ঝুঁকিপূর্ণ এলাকা এমন এক ধরণের এলাকা যার বিশেষ যত্ন এবং রক্ষণাবেক্ষণ প্রয়োজন। কারণ এ সমস্ত এলাকার প্রাকৃতিক, ঐতিহাসিক বা বণ্য প্রাণী ধারণ করার গুরুত্ব রয়েছে। পরিবেশগতভাবে ঝুঁকিপূর্ণ এলাকার মধ্যে আছে জাতীয় পার্ক, রাষ্ট্রীয় বন, বিশ্ব ঐতিহ্য এলাকা, জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ জলাভূমি, বণ্য প্রাণী আবাস, বহু ফসল ফলানো কৃষি ভূমি, প্রাণী বা বৃক্ষের জন্য গুরুত্বপূর্ণ এলাকা। লক্ষ্মীপুরের উন্মুক্ত এলাকা, কৃষি ভূমি,খা ল এ ধরণের পরিবেশগতভাবে ঝুঁকিপূর্ণ এলাকা। অপরিকল্পিত উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের অভাবে এ সমস্ত অনেক পরিবেশগতভাবে ঝুঁকিপূর্ণ এলাকা হারিয়ে যাচ্ছে। লক্ষ্মীপুরের সবচেয়ে পরিবেশগতভাবে গুরুত্বপূর্ণ এলাকা হচ্ছে এর জলাভূমি। লক্ষ্মীপুরের জন্য এই স্থানগুলোর বাস্তুতন্ত্র এবং পরিবেশগত গুরুত্ব অনেক। এগুলো গুরুত্ব সহকারে সংরক্ষণ করতে হবে। এগুলো শহরের নতুন মাত্রা এনে দেয় । পরিবেশগত ভারসাম্যের জন্য এগুলো সংরক্ষণ জরুরী।

১৩.৩.৩.৪ জলাভূমি

ভুমি ব্যবহার জরিপ থেকে দেখা যায় যে লক্ষ্মীপুরে ১১.৪২% জলাভূমি রয়েছে। শহরের ভেতর দিয়ে বয়ে যাওয়া চারটি প্রধান খাল রয়েছে, রহমতখালী খাল,গুঞ্জাখালী খাল এবং করালিয়া খাল। এ ছাড়া আছে, ২৪১৮ টি পুকুর, ৫৭ টি ডোবা এবং ৮ টি দীঘি। এগুলোর পরিবেশ এবং অর্থ্যনৈতিক গুরুত্ব রয়েছে।

১৩.৩.৪ দুর্যোগ/বিপদসমূহ

১৩.৩.৪.১ ভূমিকম্প

অনেক বিশেষজ্ঞ বাংলাদেশে ভবিষ্যতে বড় ধরণের ভূমিকম্পের সম্ভাবনার কথা বলেন। ***সারণি ১৩-৪*** এবং ***মানচিত্র ১৩-১*** এ যথাক্রমে বাংলাদেশের সম্ভাব্য ভূমিকম্পের বিস্তারিত এবং ভূমিকম্প প্রবণ এলাকা দেখানো হলো। এ জন্য পূর্ব প্রস্তুতি নিতে হবে।

সারণি ১৩-৪: বাংলাদেশের প্রধাণ ভূমিকম্পসমূহ

সাল	বর্ণনা
১৮৯৭	এটি বৃহত্তর ভারত ভূমিকম্প নামে পরিচিত যার মাত্রা ছিল ৮.৭ এবং এটি শিলং প্লেট অঞ্চলে সৃষ্ট হয়। এই বিশাল ভূমিকম্পটি ১২ জুন বিকেল ৫.১৫ মিনিটে অনুভূত হয়। সিলেট জেলার বাসা বাড়ির ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে এবং দালান ধ্বংসের ফলে ৫৪৫ জন মানুষ প্রাণ হারায়। এই ভূমিকম্পটি বাংলাদেশের পূর্বে লুসাই পাহাড় থেকে পশ্চিমে শাহবাদ পর্যন্ত অনুভূত হয়। ময়মনসিংহ জেলার অনেক সরকারী দালান যেমন জেলা পরিষদ ভবন, বিচার ভবন বেঁকে যায় এবং জমিদার বাড়ির দোতলা ভবনের খুব কমই টিকে থাকে। ঢাকা-ময়মনসিংহ ব্রিজের ব্যাপক ক্ষতি হয় যার ফলে রেলওয়ে এবং যানবাহন প্রায় এক রাতের জন্য বন্ধ থাকে। ব্রহ্মপুত্র নদীর যোগাযোগ ব্যাবস্থা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়। জীবনের ক্ষতি তেমন বেশি ছিল না, কিন্তু সম্পদের ব্যাপক ক্ষতি হয়, যার মূল্য ছিল প্রায় ৫ মিলিয়ন রুপি। রাজশাহীর পূর্বপাশে মারাত্মক ঝাঁকুনি অনুভূত হয়, যার ফলে ১৫ জন মানুষ মারা যায়। ঢাকায় সম্পদের ক্ষয়ক্ষতির পরিমাণ খুব বেশি ছিল। ত্রিপুরায় পুরনো মন্দির এবং মিশনারি ভবন মারাত্মক ক্ষতির মুখোমুখি হয়।
১৯১৮	শ্রীমঙ্গল ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৮ জুলাই ৭.৬ মাত্রায় অনুভূত হয়, যার কেন্দ্রে ছিল শ্রীমঙ্গল এবং মৌলভিবাজার। শ্রীমঙ্গলে কিছু পরিমাণ ক্ষয়ক্ষতি হলেও ঢাকায় খুব কম পরিমাণে অনুভূত হয়।
১৯৩০	ধুবড়ি ভূমিকম্প নামে পরিচিত। এটি ৩ জুলাই ৭.১ মাত্রায় সৃষ্টি হয়, এর কেন্দ্রে ছিল ধুবড়ি এবং আসাম। এই ভূমিকম্পটি রংপুর জেলার পূর্বপাশে মারাত্মক ক্ষয়ক্ষতি সৃষ্টি করে।
১৯৩৪	বিহার-নেপাল ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৫ জানুয়ারী ৮.৩ মাত্রায় অনুভূত হয়। এটি ভারতে অবস্থিত বিহারের দাঁড়ভাঙ্গা অঞ্চলে অনুভূত হয়। এই ভূমিকম্পটি বিহার, নেপাল এবং উত্তর প্রদেশে ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করলেও বাংলাদেশে তেমন কোন প্রভাব পড়েনি। এছাড়াও ৩ জুলাই ৭.১ মাত্রার আরেকটি ভূমিকম্প সৃষ্টি হয়, যেটি একইভাবে ভারতের আসাম রাজ্যের ধুবড়ি অঞ্চলে হানা দেয়। এই ভূমিকম্পটি বাংলাদেশের রংপুর জেলায় স্বল্প পরিমাণ ক্ষয়ক্ষতির সৃষ্টি করে।
১৯৫০	আসাম ভূমিকম্প নামে পরিচিত। এটি ১৫ আগস্ট ৮.৪ মাত্রায় অনুভূত হয়। বাংলাদেশেও এটি অনুভূত হয়, কিন্তু কোন ক্ষয়ক্ষতি হয়না।
১৯৯৭	২২ নভেম্বর চট্টগ্রামে ৬.০ মাত্রায় অনুভূত হয়। এটি চট্টগ্রাম জেলায় স্বল্প পরিমাণ ক্ষয়ক্ষতি সৃষ্টি করে।
১৯৯৯	২২ জুলাই মহেশখালী দ্বীপে ৫.২ মাত্রায় অনুভূত হয়। আশেপাশের অঞ্চলে এবং সমুদ্রে ভয়ানকভাবে অনুভূত হয়। বাসা বাড়িতে ফাটল ধরে এবং কিছু ঘর ভেঙ্গে যায়।
২০০৩	রাঙামাটি জেলার কলাবুনিয়া ইউনিয়নের বরকল উপজেলায় ২৭ জুলাই সৃষ্টি হয়। এটি ৫.১ মাত্রায় ০৫:১৭:২৮.৮ সময়ে অনুভূত হয়।
২০১১	এই ভূমিকম্পটি বাংলাদেশের উত্তরাংশে আঘাত হানে। এছাড়াও ঢাকা, রংপুর, কুড়িগ্রাম, সিলেট, বরিশাল, ফরিদপুর, যশোর, খুলনা, পাবনা, বগুড়া, কুমিল্লা, নোয়াখালি এবং চট্টগ্রামের আসে পাশের এলাকায় অনুভূত হয়। মানুষ হতভম্ব হয়ে এদিক সেদিক ছোটাছুটি করতে থাকে, কিন্তু বেশ কিছু বাড়িতে ফাটল ধরা ছাড়া তেমন কোন ক্ষয়ক্ষতি হয়নি। ভূমিকম্পের সময় টেলিফোন এবং মোবাইল ফোনের সংযোগ কিছুসময়ের জন্য বিচ্ছিন্ন থাকে। অবস্থাণঃ কাঞ্চনজঙ্গা সংরক্ষিত এলাকা, নেপালের সীমানার কাছে এবং ইনডিয়ান স্টেট অফ সিক্কিম, তারিখঃ ১০-সেপ্টেম্বর-২০১১, মাত্রাঃ ৬.৯ সময়ঃ ৩০-৪০ সেকেন্ড, গভীরতাঃ ১৭.৭ কি.মি.।

Source: http://en.banglapedia.org/index.php?title=Earthquake; Accessed on June 6, 2016

লক্ষ্মীপুরের জন্য ভূমিকম্প একটি বড় ধরণের বিপদের ঝুঁকি। সিলেট ও চট্টগ্রামের কাছা কাছি হওয়ায় এই ঝুকি অনেক বেশি। এ জন্য লক্ষ্মীপুরকে অগ্রিম প্রস্তুতি নিতে হবে। ভুমিকম্প হলে শহরের সার্বিক অবকাঠামো ঝুকির মুখে পড়বে।


সারণি ১৩-৫: বাংলাদেশের সিসমিক জোনের বিস্তারিত

সিসমিক জোন	অবস্থান	সিসমিক	সিসমিক জোন
০১	দক্ষিণ-পশ্চিম অঞ্চল যেমন, বরিশাল, খুলনা, যশোর এবং রাজশাহী।	কম	০.১২
০২	দক্ষিণ-কেন্দ্রীয় এবং উত্তর-পশ্চিম অঞ্চল ও দক্ষিণ-পশ্চিম অঞ্চল, যেমন, নোয়াখালী, ঢাকা, পাবনা, দিনাজপুর ও সুন্দরবন।	কম	০.২০
০৩	উত্তর-কেন্দ্রীয় এবং উত্তর-পশ্চিম অঞ্চল,যেমন, ব্রাহ্মণবাড়িয়া, সিরাজগঞ্জ ও রংপুর।	মাঝারী	০.২৮
০৪	উত্তর এবং উত্তর-পূর্ব অঞ্চল যেমন, সিলেট, ময়মনসিংহ, কুড়িগ্রাম।	বেশি	০.৩৬

তথ্যসূত্রঃ বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (খসড়া), ২০১৪

লক্ষ্মীপুরের অবস্থান ভূমিকম্প জোন-২ এ। এর অবস্থানগত কারণে এখানে মাঝারী ধরণের ঝুকি আছে। এ বিষয়ে নিরাপত্তা নির্দেশনা পরিকল্পনায় দেয়া হবে।

মানচিত্র ১৩-১: বাংলাদেশের ভূমিকম্প প্রবণ জোনে লক্ষ্মীপুর পৌরসভার অবস্থান



Data Source: Bangladesh National Building Code (Draft), 2014


১৩.৩.৪.২ আগুন

আগুন লক্ষ্মীপুর শহরের একটি নিয়মিত দুর্ঘটনা। শহরের ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স বিভাগ অগ্নি নির্বাপণ সেবা দিয়ে থাকে। যে কোন দুর্যোগে উদ্ধার কাজেও শরীক হয়। বাণিজ্যিক এলাকায় অগ্নি দুর্ঘটনা একটি নিয়মিত বিষয়। এতে অনেক সম্পদ এবং জীবন হানি হয়।

১৩.৩.৪.৩ জলাবদ্ধতা ও বন্যা

জলাবদ্ধতা লক্ষ্মীপুরের একটি সাধারণ সমস্যা। অতি বর্ষায় এবং বন্যার কারণে শহরে জলাবদ্ধতা হয় । এটি শহরের জন্য একটি বড় চ্যালেঞ্জ। শহরে খোলা ড্রেনের সংখ্যা জনসংখ্যার তুলানায় যথেষ্ট নয়। বর্ষায় রাস্তাসহ বিভিন্ন এলাকা জলমগ্ন হয়ে পড়ে যা শহরবাসীর জন্য প্রচুর সমস্যা তৈরী করে। বর্জ্য অপসারণ ব্যবস্থা ভালো হওয়ায় রাস্তার পাশে বর্জ্য পড়ে থাকে। এ সমস্ত বর্জ্য বর্ষার পানি বাহিত হয়ে ড্রেনে পড়ে এবং ড্রেন বন্ধ হয়ে জলাবদ্ধতার সৃষ্টি করে। কোথাও কোথাও পানি দীর্ঘ দিন ধরে থাকে। এর ফলে প্রন্ত এলাকায় কৃষি কাজ ব্যহত হয় এবং শহর এলাকায় মানুষের চলাচল বাধাগ্রস্ত হয়। আবির নগর, দক্ষিণ পশ্চিম বাঞ্ছা নগর এবং দক্ষিণ মজুপুর এলাকায় ভালো প্রবেশ রাস্তা নাই। কাঁচা রাস্তা দিয়ে মানুষ চলাচল করে। ঘোর বর্ষায় রাস্তা কয়েকদিন পানিতে ডুবে থাকে ফলে এই এলাকার মানুষ দুর্ভোগের মুখে পড়ে। দেখা গিয়েছে, পৌরসভার প্রায় ৪৩% এলাকায় জলাবদ্ধতা সমস্যা আছে। বিশেষত ওয়ার্ড নং-১৪, ১৫, ৬ এবং ৫ এ এই সমস্যা প্রকট। কোন কোন এলাকায় মাসের অধিক সময় ধরে পানি জমে থাকে। এতে স্থানীয় মানুষ দুর্ভোগের শিকার হয়।

মানচিত্র ১৩-২: লক্ষ্মীপুর শহরে জলাবদ্ধ ও বন্যাপ্রবণ এলাকা



১৩.৩.৪.৪ পানির অভাব

পৌরসভার প্রায় অর্ধেক এলাকা পৌর পানির সুবিধা থেকে বঞ্চিত। DPHE পৌরসভায় পানি সরবরাহের যাবতীয় দায়িত্বে নিয়োজিত। পানির লাইন প্রধান রাস্তা ধরে চলে গিয়েছে। ফলে রাস্তা থেকে দূরে বসবাসকারী পরিবারগুলো পানির সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এরা খারা, দীঘি এবং পুকুর থেকে তাদের খাবার পানি সংগ্রহ করে থাকে। বিবিএস এর ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী ৫১% পরিবার টিউবওয়েল থেকে তাদের পানি সংগ্রহ করে থাকে। শহরে মোট ২৮০৫ টি টিউব ওয়েল এবং ৯ টি ডিপ টিউবওয়েল আছে। জলবায়ু পরিবর্তনের ফলে পানির চাহিদা ক্রমশ বাড়ছে। অনেক খাল শুকিয়ে যাচ্ছে এবং ভূ-গর্ভস্থ পানির স্তর ক্রমশ নিচে নেমে যাচ্ছে। ফলে খাবার পানির সংকট দেখা দিচ্ছে। সবার পক্ষে টিউবওয়েল স্থাপন সম্ভব না হওয়ায় বিশেষত দরিদ্র মানুষ দুর্ভোগের শিকার হচ্ছে। শহরের ৩৪ টি বস্তির ৯৮৫ টি পরিবার পানির সমস্যায় ভুগছে। এরা পানির জন্য মূলত খাল, পুকুর, দীঘি ইত্যাদির উপর নির্ভরশীল। এরা পানি শোধন করে খায় না ফলে নানা ধরণের স্বাস্থ্য সমস্যায় ভোগে।

১৩.৩.৪.৫ বজ্রপাত

বজ্রপাত বিষয়ক তথ্য থেকে দেখা যায় বাংলাদেশে ১৯৯০ থেকে মধ্য ২০১৬ পর্যন্ত সর্বমোট ৫৪৬৮ জন বজ্রপাতে হতাহত হয়। এর মধ্যে ৩০৮৬ নিহত এবং ২৩৮২ জন আহত হয় (Deawn et al., 2017) । বাংলাদেশে গড়ে প্রতিবছর ১১৪ জন বজ্রপাতে হতাহত হয়। সম্প্রতি বজ্রপাত জনিত দূর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। সম্প্রতি বজ্রপাতে ৮১ জনের মৃত্যুর পর সরকার এটিকে জাতীয় দুর্যোগ বলে ঘোষণা করেছে। লক্ষ্মীপুরেও বজ্রপাতে মৃত্যুর ঘটনা ঘটছে। অনেক সময় বজ্রপাতের সময় বৃষ্টি হয় এবং শীল পড়ে এতে সম্পদের ক্ষতি।

সতর্কতা

- তাল এবং নারিকেল জাতীয় লম্বা বৃক্ষরোপণ।
- ইমারত নির্মাণের সময় অভিজ্ঞ ও বিশেষজ্ঞ প্রকৌশলীদের দ্বারা বজ্র নিরাপত্তা কৌশল (উদাঃ মৃৎ-সংযুক্ত দন্ড) অবলম্বন করা আবশ্যক।

বিদ্যুৎ চমকানোর সময় সতর্কতাঃ

- বাড়ির বাইরে থাকলে, একটি নিরাপদ স্থান খুঁজে বের করার চেষ্টা করা উচিত- যদি সম্ভব হয়, একটি পাকা দালানে আশ্রয় নেয়া উচিৎ।
- প্রবাহিত জল, পুকুর, উপত্যকা প্রবাহ বা বাঁধগুলোতে হাঁটা বা সাঁতার কাটা বন্ধ করে দ্রুত নিরাপদ আশ্রয়ে চলে যেতে হবে।
- ভারী বৃষ্টিপাতের সময়, মানুষকে বিদ্যুৎ লাইন থেকে দূরে থাকা উচিত। কাটা লাইন নিরাপদ নয়।
- বজ্রপাতের সময় বৈদ্যতিক সংযোগযুক্ত সব যন্ত্রপাতি স্পর্শ করা থেকে বিরত থাকতে হবে। টিভি, ফ্রিজ ইত্যাদি বন্ধ করা থাকলে ও ধরা যাবে না। বজ্রপাতের আভাস পেলেই এগুলোর সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। অব্যবহৃত যন্ত্রপাতির প্লাগ আগে থেকেই খুলে রাখতে হবে।
- বজ্রপাতের সময়, অবিলম্বে জীবন বাঁচানোর জন্য নিকটতম ভবন বা গাড়ির ভেতরে আশ্রয় নেয়া উচিৎ তবে গাড়ির ভেতরের কোন ধাতব বস্তু স্পর্শ করা যাবে না। গাড়ির কাঁচেও হাত দেওয়া যাবে না।
- বজ্রপাতের সময় উঁচু গাছপালা বা বৈদ্যতিক খুঁটির কাচ থেকে দূরে থাকতে হবে।
- বজ্রপাতের সময়, উঁচু স্থানগুলোতে বা নির্মাণাধীন ভবনগুলোর ছাদের উপর কাজ করা বা দাঁড়িয়ে থাকা থেকে বিরত থাকতে হবে।
- বিদ্যুৎ চমকানো থেকে আগুন লাগতে পারে উপযুক্ত অগ্নি নিয়ন্ত্রণের সরঞ্জামের উপস্থিতি প্রয়োজন।
- বজ্রপাতের সময় বাড়ির জানালা বন্ধ এবং জানালা ও ধাতব দরজা থেকে দূরে থাকতে হবে।

১৩.৪ দূষণ প্রতিরোধ ব্যবস্থা

জনসংখ্যা এবং অর্থনৈতিক উন্নয়নের কারণে উন্নয়নশীল দেশের শহরগুলোতে দূষণের পরিমান বৃদ্ধি পায়। পরিবেশ দূষণের উৎসগুলোর সুষ্ঠু ব্যবস্থাপনা না থাকা পরিবেশ দূষণের অন্যতম কারণ। পরিবেশ দূষণ মানুষের স্বাস্থ্য ঝুঁকি বৃদ্ধি করে। উদাহরণ হিসাবে, কঠিন বর্জ্য স্বাস্থ্য সম্মতভাবে প্রক্রিয়াকরণ না করায় বিভিন্নভাবে পরিবেশ বিপর্যস্ত হচ্ছে।

তবে লক্ষ্মীপুর শহরে এখনো বড় ধরণের কোন পরিবেশ সমস্যা নাই। শিল্প কারখানা না থাকায় এবং যান্ত্রিক যানবাহন কম থাকায় বায়ু দূষন নাই। একই কারণে শব্দ দূষন নাই। তবে ভূ-পৃষ্ঠস্থ পানি দূষিত হচ্ছে ড্রেনে মনুষ্য বর্জ্য ফেলার কারণে। আরেকটি দূষণ সমস্যা সুষ্ঠু কঠিন বর্জ্য ব্যবস্থাপনার অভাব।

১৩.৪.১ শব্দ দূষণ প্রতিরোধ

শব্দ দূষণ হয় যখন একটি অগ্রহণযোগ্য উচ্চ মাত্রায় শব্দ হয় (৯০ ডেসিবেল এর চেয়ে বেশি)। এই মাত্রায় শব্দ হলে কানের ক্ষতি হতে পারে। পানি দূষনের মত শব্দ দূষণও শহরবাসীর জন্য স্বাস্থ্য হানিকর। মোটর যানবাহন এই শব্দ দূষনের প্রধান কারণ। এ ছাড়াও শিল্প কারখানা, নির্মাণকাজ, লাউড স্পিকার শব্দ দূষনের কারণ হতে পারে। এই মুহূর্তে লক্ষ্মীপুরে শব্দ দূষণ না থাকলেও মোটর গাড়ি বৃদ্ধির সাথে সাথে শব্দ দূষণ বাড়তে পারে। এখানে শব্দ দূষণ প্রতিরোধের জন্য কিছু ব্যবস্থা প্রস্তাব করা হলো।

- বাস, ট্রাক বা অন্য যে কোন গাড়িতে হাইড্রোলিক হর্ণ ব্যবহার বন্ধ করতে হবে।
- হাসপাতাল, স্কুল, পার্ক প্রভৃতি এলাককে নিঃশ্চুপ এলাকা হিসাবে ঘোষণা করতে হবে।
- স'মিলের মেশিনের অস্বাভাবিক উচ্চ শব্দ বন্ধের জন্য ব্যবস্থা নিতে হবে।
- মেশিনের ভিত্তি বিশেষভাবে নির্মাণ করতে হবে যাতে শব্দ কম হয়। এ জন্য মেশিনের সঙ্গে বিশেষ ধরণের সাইলেন্সার (শব্দ নিরোধক) জুড়ে দেয়া যেতে পারে।
- ওয়েল্ডিং এবং কামারের দোকানের কর্মীরা নিরাপত্তমূলক ইয়ার প্লাগ এবং চশমা ব্যবহার করতে পারেন।

১৩.৪.২ বায়ু দূষণ প্রতিরোধ

বায়ু দূষনের প্রধান উৎস যান্ত্রিক যানবাহন। যান্ত্রিক যানবাহন কম হওয়ায় লক্ষ্মীপুরে এখনো বায়ু দূষণ কম। কিন্তু ভবিষ্যতে তা বাড়তে পারে। তবে বাতাসে ভেসে বেড়ানো SPM এখানে আছে যা মূলত নির্মাণ কাজের সাইট থেকে এবং রাস্তার ধূলো বালি থেকে উৎসারিত হয়। Environment Conservation Rules, 1997 (ECR, 1997) এর মান অনুযায়ী আবাসন এবং গ্রাম এলাকায় বায়ুতে SPM সর্বোচ্চ নিম্নবর্ণিত হওয়া উচিত:

- বাতাসে ভেসে বেড়ানো বস্তুকণা = ২০০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- সালফার ডাই অক্সাইড = ৮০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- কার্বণ মনোক্সাইড = ২০০০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার
- অক্সাইড নাইট্রোজেন = ৮০ মাইক্রোগ্রাম প্রতি কিউসেক মিটার

বায়ু দূষণ প্রতিরোধের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা নেয়া যেতে পারে:

- বাসে, ট্রাক, ট্যাক্সি এবং টেম্পোতে Catlytic Converter লাগাতে হবে।
- পেট্রোলের পরিবর্তে CNG ব্যবহার করতে হবে।
- ইট ভাটায় ১২০ ফুট চিমনি এবং ফিল্টার ব্যবহার করতে হবে যাতে CO, SO_2 এবং NO_2 গ্যাস হ্রাস করা যায়।
- বাড়িঘর, বাজার এবং ক্ষেতখামারের পাশে ইট ভাটা নির্মাণ বন্ধ করতে হবে।
- ছোট রাস্তা ব্যবহার করে পাথর ও বালুবাহী ট্রাক চলাচল বন্ধ করতে হবে।

১৩.৪.৩ ভূ-পৃষ্ঠস্থ পানি দূষণ প্রতিরোধ

অনেকভাবে ভূ-পৃষ্ঠস্থ পানি দূষিত হতে পারে। এর মধ্যে আছে, বর্জ্য পানি দ্বারা, ল্যাট্রিনের পানি দ্বারা, কঠিন বর্জ্য দ্বারা, অপরিশোধিত কারখানা বর্জ্য দ্বারা। ড্রেনের সঙ্গে যুক্ত ল্যাট্রিনের বর্জ্য চূড়ান্ত পর্যায়ে নদীতে পড়ে যা নদীর পানিকে দূষিত করে। এভাবে চলতে থাকলে নদীর পানি ক্রমশ অরো দূষিত হয়ে পড়বে। এটি প্রতিরোধের জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা নিতে হবেঃ

- সব কাঁচা, পিট ও ঝুলন্ত ল্যাট্রিন অপসারণ করে স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন করতে হবে।
- বিকল্প মনুষ্য বর্জ্য ব্যবস্থাপনা করতে হবে।
- সেপটিক ট্যাংক ও সোকওয়েল সহ পাকা ল্যাট্রিন প্রসার ঘটাতে হবে।
- ড্রেন, খাল, নদীতে বা যেখানে সেখানে হাসপাতাল ও অন্যান্য বর্জ্য ফেলা বন্ধ করতে হবে।
- হাসপাতাল এবং বিপদজনক রাসায়নিক বর্জ্য ফেলার জন্য পৃথক ব্যবস্থা রাখতে হবে।
- স্বাস্থ্য সম্মত কসাইখানা, মাছ এবং কাঁচা বাজার তৈরী করতে হবে।
- ডোবা, খাল, বিল বা নদীতে ফেলার আগে শিল্প বর্জ্য পরিশোধন করতে হবে।
- বর্জ্য পানি এবং মনুষ্য বর্জ্য পরিশোধনের জন্য শোধনাগারের ব্যবস্থা করতে হবে।
- পৌরসভার কসাইখানা ব্যবহারে উৎসাহিত করতে হবে, যেখানে সেখানে প্রাণী বর্জ্য ফেলা বন্ধ করতে হবে।

১৩.৪.৪ ভূ-গর্ভস্থ পানি দূষণ প্রতিরোধ

ম্যাঙ্গানিজ, লোহা এবং ক্ষার থাকার কারণে মূলত ভূ-গর্ভস্থ পানি দূষিত হয়। আর্সেনিকও লক্ষ্মীপুরে একটি বড় সমস্যা। নগর এলাকার বিস্তৃতি, ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা বৃদ্ধি এ সমস্ত কারণে পানিতে দূষণ বাড়ছে। নিচে এর কিছু সমাধান দেয়া হলো:

- পানি সরবরাহ ব্যবস্থার জন্য রহমতখালী খালের পানি ব্যবহার।
- ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা হ্রাস করতে হবে।
- ভূ -পৃষ্ঠস্থ পানি, যেমন নদীর এবং বৃষ্টির পানি খাওয়ার অভ্যাস তৈরী করতে হবে।
- ভূ -পৃষ্ঠস্থ পানির আধার (পুকুরও অন্যান্য জলাধার) সংরক্ষণ করতে হবে।

১৩.৪.৫ জলাবদ্ধতা এবং ড্রেনেজ সমস্যা প্রতিরোধ

যদি বর্তমান ধারা চলতে থাকে তবে, সামনে শহরে ড্রেনেজ সমস্যা বাড়বে। এর কারণ, পর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থার অভাব, ত্রুটিপূর্ণ ডিজাইন, ড্রেনে বর্জ্য ফেলা, খাল দখল ও ভরাট, খাল পুনঃখনন না করা, অপর্যাপ্ত পাড় বাঁধাই। এ জন্য শহরে ড্রেনেজ সমস্যা, বিশেষত বর্ষায় বেশি হয়ে থাকে।

এ জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা নেয়া প্রয়োজনঃ

- খালের পাশে রাস্তা নির্মাণ করে খালের জমি দখল বন্ধ করতে হবে।
- খাল, বিল পুনঃখনন করতে হবে এবং নিয়মিত খাল রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ড্রেন বা খালের উপর অবৈধ কাঠামো ভাঙ্গতে হবে।
- পুরো শহরের জন্য একটি ড্রেনেজ মাস্টার প্ল্যান তৈরী করতে হবে। এ জন্য স্থানীয় এলাকার ঢাল ও ভূসংস্থান (ট্রপোগ্রাফি) বিবেচনায় নিতে হবে।
- ড্রেনে বা খালে বর্জ্য ফেলার জন্য শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।
- ড্রেন নিয়মিত পরিষ্কার রাখতে হবে।

১৩.৪.৬ কলকারখানা ঘটিত দূষণ

বর্তমানে লক্ষ্মীপুর পৌরসভাতে কয়েকটি মিল এবং কলকারখানা রয়েছে। মহাপরিকল্পনা উন্নত রাস্তাঘাট, নিষ্কাশন, পানি, গ্যাস এবং বিদ্যুৎ ও টেলিফোন সুবিধা ইত্যাদি শিল্প উন্নয়ন জোরদার করতে বিনিয়োগকারীদেরকে আকর্ষণের প্রস্তাব দেয়। স্থানীয় অর্থনীতির দ্রুতগতির সঙ্গে শিল্প উন্নয়ন বিভিন্ন ধরণের দূষণ বৃদ্ধি করবে। তাই ভবিষ্যতে শিল্প দূষণ কমানোর কিছু পরিকল্পনা থাকা উচিত।

প্রশমন

- শিল্প এলাকার গ্যাস পাইপ লাইনের ব্যবস্থা।
- শিল্প এলাকার জল, বিদ্যুৎ, টেলিফোন, ফায়ার সার্ভিস এবং ড্রেনেজ সুবিধা জন্য ব্যবস্থা।
- কৃষিশিল্প, বস্ত্র, ইলেকট্রনিক্স, আইটি ইত্যাদির জন্য অল্প সুদে ঋণের ব্যবস্থা।
- বিসিআইসির কার্যক্রমকে শক্তিশালী করা।
- শিল্প ও বাণিজ্য অঞ্চলে বিনিয়োগের জন্য জাতীয় ও বিদেশী বিনিয়োগকারীদের আমন্ত্রণ জানানো
- স্থানীয় নতুন উদ্যোক্তাদের শিল্প উদ্দোক্তা হবার জন্য উৎসাহ প্রদান
- কোনও নতুন ইটভাটা শহরটিতে অনুমোদন পেতে পারে না। বিদ্যমান ইট ভাটাগুলো পরবর্তী ৫ বছর ধরে চলতে পারে এবং এর পরে তাদের শহর সীমার বাইরে স্থানান্তর করতে হবে। বিদ্যমান ইট ভাটাগুলোকে ইট নির্মাণ (নিয়ন্ত্রণ) আইন, ১৯৮৯ অনুসরণ করতে হবে।
- ইট পোড়ানোর আইন প্রয়োগ করতে হবে।

১৩.৪.৭ কীটনাশক দূষণ প্রতিরোধ

লক্ষ্মীপুর পৌরসভায় কৃষিক্ষেত্রে বিভিন্ন ধরণের কীটনাশক ব্যবহার হচ্ছে। এর মধ্যে, বেশিরভাগই রাসায়নিক কীটনাশক, যা ফসলকে পোকার হাত থেকে রক্ষা করে কিন্তু দীর্ঘমেয়াদে পরিবেশকে প্রভাবিত করে। এটি মাটি দূষিত করে এবং উর্বরতা হ্রাস করে। পুকুর এবং অন্যান্য জলাশয়ে প্রয়োগ করা কীটনাশক পানি দূষিত করে। বৃষ্টির জলে ভেসে আসা রাসায়নিকগুলো আবার কৃষিক্ষেত্র সংলগ্ন জলাশয়গুলোকে দূষিত করতে পারে যেখানে রাসায়নিক কীটনাশক প্রয়োগ করা হয়। কৃষি কাজে ক্ষতিকারক রাসায়নিক কীটনাশক ব্যবহার করা হয়ে থাকে যা মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক। ফসল ছাড়াও এগুলো পানিবাহিত হয়ে মানুষের শরীরে প্রবেশ করে। এ জন্য,

- কৃষকদের সবুজ সার ব্যবহারে উৎসাহিত করতে হবে
- পরিবেশ বান্ধব কীট প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে উৎসাহিত করতে হবে।
- পৌরসভার পরিবেশ অধিদফতরের (ডিওই) সহায়তায় সীমাবদ্ধ কীটনাশকগুলোর একটি তালিকা তৈরি করা।
- নিষিদ্ধ কীটনাশক ব্যবহার বন্ধ করার জন্য আইন প্রয়োগ করা।
- কীটনাশক পাত্রে সংরক্ষণ ও নিষ্পত্তি করার জন্য লেবেলের নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।

১৩.৪.৮ মনুষ্য সৃষ্ট বিপদ

প্রাকৃতিক বিপদের মতই মনুষ্য সৃষ্ট বিপদ বহু সমস্যা তৈরী করে থাকে। আগুন, বনাঞ্চল উজাড় এ ধরণের মনুষ্য সৃষ্ট বিপদ। এ জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা নিতে হবে,

- বাসা বাড়ি, শিল্প কারখানা বা বাণিজ্যিক ভবন তৈরীর সময় অগ্নি প্রতিরোধক ব্যবস্থা নিতে হবে।
- শহরের গুরুত্বপূর্ণ স্থান সমূহে অগ্নিনির্বাপণ কল (ফায়ার হাইড্রেন্ট) স্থাপন করতে হবে।
- কমিউনিটি পর্যায়ে স্বেচ্ছাসেবী গ্রুপ তৈরী করতে হবে যাতে জরুরী অবস্থায় কাজে লাগানো যায়।
- বস্তিগুলোর অবস্থা উন্নয়ন করতে হবে যাতে আগুনের আশংকা হ্রাস পায়।
- বৃক্ষনিধন বন্ধ করতে হবে।

১৩.৫ বাস্তবায়ন

পরিবেশ দূষণ রোধে উপরের প্রস্তাবনাগুলো সংশ্লিষ্ট বাস্তবায়নাকারী সংস্থাগুলো বাস্তবায়ন করবে। এদের মধ্যে আছে পৌরসভা, DPHE, পরিবেশ বিভাগ, LGED, RHD এবং NGO। তবে পৌরসভার দায়িত্ব হবে অন্যান্য সংস্থার বাস্তবায়ন কাজ মনিটর করা এবং প্রতি ছয় মাস অন্তর LGRD মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা যাতে মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে।

চতুর্দশ অধ্যায় মৌলিক নাগরিক সেবা পরিকল্পনা

সূচিপত্র

১৪.১ ভূমিকা---------- ১৪-১
১৪.২ লক্ষ্মীপুর পৌরসভার শিক্ষা বিষয়ক সুবিধাদি ---------- ১৪-১
১৪.২.১ নতুন শিক্ষা প্রতিষ্ঠান প্রদানের মানদণ্ড ---------- ১৪-২
১৪.২.২ শিক্ষা প্রতিষ্ঠান বিষয়ক প্রস্তাবনা ---------- ১৪-৪
১৪.২.২.১ প্রি-প্রাইমারি স্কুল ---------- ১৪-৪
১৪.২.২.২ প্রাইমারি স্কুল ---------- ১৪-৫
১৪.২.২.৩ হাই স্কুল ---------- ১৪-৬
১৪.২.২.৪ মাদ্রাসা---------- ১৪-৬
১৪.২.২.৫ কলেজ ---------- ১৪-৭
১৪.২.২.৬ প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ---------- ১৪-৮
১৪.২.২.৭ সাধারণ সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয় ---------- ১৪-৮
১৪.২.২.৮ লাইব্রেরী---------- ১৪-৮
১৪.২.৩ শিক্ষা উন্নয়ন বিষয়ক কিছু সুপারিশ---------- ১৪-৮
১৪.৩ স্বাস্থ্য সেবা---------- ১৪-৮
১৪.৩.১ স্বাস্থ্য সেবা সুবিধার মানদণ্ড এবং চাহিদা---------- ১৪-৯
১৪.৩.২ প্রস্তাবিত স্বাস্থ্য সুবিধা ---------- ১৪-৯
১৪.৩.২.১ হেলথ সেন্টার/ক্লিনিক ---------- ১৪-৯
১৪.৩.২.২ হাসপাতাল---------- ১৪-১০
১৪.৩.৩ স্বাস্থ্য সুবিধা বিষয়ক সুপারিশ---------- ১৪-১১
১৪.৩.৪ স্বাস্থ্য সুবিধা বিষয়ক প্রস্তাবনা ---------- ১৪-১১
১৪.৪ বিনোদন সুবিধা ---------- ১৪-১৩
১৪.৪.১ উন্মুক্ত এলাকার বিনোদন সুবিধা বিষয়ক মানদণ্ড---------- ১৪-১৩
১৪.৪.২ উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা বিষয়ক সুপারিশ ---------- ১৪-১৬
১৪.৪.৩ উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা বিষয়ক প্রস্তাবনা---------- ১৪-১৬
১৪.৫ কমিউনিটি সুবিধাদি ---------- ১৪-১৮
১৪.৫.১ কমিউনিটি সুবিধাদি প্রদানের মানদণ্ড---------- ১৪-১৮
১৪.৫.২ বিদ্যমান এবং প্রস্তাবিত কমিউনিটি সুবিধাদি---------- ১৪-১৯
১৪.৫.২.১ কবরস্থান শ্মশান---------- ১৪-১৯
১৪.৫.২.২ শ্মশান---------- ১৪-১৯
১৪.৫.২.৩ কমিউনিটি সেন্টার ---------- ১৪-১৯
১৪.৫.২.৪ ধর্মীয় প্রতিষ্ঠান---------- ১৪-১৯
১৪.৫.২.৫ ঈদগাহ---------- ১৪-২১
১৪.৫.২.৬ পুলিশ বক্স ---------- ১৪-২১
১৪.৫.২.৭ অগ্নিনির্বাপণ ---------- ১৪-২১
১৪.৫.২.৮ ডাকঘর ---------- ১৪-২১
১৪.৫.৩ প্রক্ষেপিত নাগরিক সুবিধাদির সার-সংক্ষেপ ---------- ১৪-২২

চতুর্দশ অধ্যায়
মৌলিক নাগরিক সেবা পরিকল্পনা

১৪.১ ভূমিকা

মহাপরিকল্পনার চতুর্দশ অধ্যায়ে প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাগুলোর বিবরণ দেয়া হয়েছে। একটি পৌরসভার নাগরিকদের সুষ্ঠ জীবনযাপনের জন্য মৌলিক নাগরিক সুবিধা অত্যাবশ্যক। তবে এই সুবিধাদি নাগরিকদের কাছে পৌছানো অনেকটাই নির্ভর করে এই কাজে পৌরসভা কতটুকু বিনিয়োগ করতে পারবে তার উপর। পৌরসভার সম্পদ স্বল্পতার মুখে পরামর্শক কর্তৃক প্রস্তাবিত সকল সেবা সুবিধা প্রদান করা হবে পৌরসভার জন্য একটি চ্যালেঞ্জ। সরকারি সহায়তা ছাড়া এ সমস্ত প্রস্তাব বাস্তবায়ন করা পৌরসভার পক্ষে একা অনেক কঠিন কাজ হবে। এই অধ্যায়ে প্রস্তাবিত মৌলিক নাগরিক সুবিধাদির মধ্যে আছে শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন, ধর্মীয় এবং অন্যান্য কমিউনিটি সুবিধাদি।

১৪.২ লক্ষ্মীপুর পৌরসভার শিক্ষা বিষয়ক সুবিধাদি

পৌরসভায় বর্তমানে ১৩৯ টি বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান আছে। ***সারণি ১৪-১*** এ বিদ্যমান শিক্ষা বিষয়ক সুবিধাদির বিস্তারিত দেখানো হলো।

সারণি ১৪-১: লক্ষ্মীপুর শহরে বিদ্যমান শিক্ষা বিষয়ক সুযোগ সুবিধা

অবস্থান	শ্রেণি									মোট
	প্রি-প্রাইমারি	প্রাইমারি	লো স্কুল	মাদ্রাসা	স্কুল ও কলেজ	কলেজ	বিশ্ববিদ্যালয়	ইন্সটিটিউট	অন্যান্য	
ওয়ার্ড নং- ০১	-	১	১	১	-	-	-	১	১	৫
ওয়ার্ড নং- ০২	-	২	১	৬	-	১	-	-	১	১১
ওয়ার্ড নং- ০৩	-	২	-	-	২	-	-	-	-	৪
ওয়ার্ড নং- ০৪	-	৫	-	২	-	১	-	-	২	১০
ওয়ার্ড নং- ০৫	-	১	১	-	-	-	-	-	-	২
ওয়ার্ড নং- ০৬	-	-	২	১	২	-	১	-	-	৬
ওয়ার্ড নং- ০৭	-	৩	১	৯	২	১	১	২	৩	২২
ওয়ার্ড নং- ০৮	-	২	২	৪	-	-	-	-	-	৮
ওয়ার্ড নং- ০৯	-	৩	১	৬	৩	-	-	-	-	১৩
ওয়ার্ড নং- ১০	১	৭	-	৬	৪	১	২	-	১	২২
ওয়ার্ড নং- ১১	-	১	২	৩	-	-	-	-	-	৬
ওয়ার্ড নং- ১২	১	১	২	২	১	-	-	১	১	৯
ওয়ার্ড নং- ১৩	-	৩	-	২	-	-	-	-	-	৫
ওয়ার্ড নং- ১৪	-	২	-	১	-	-	-	-	-	৩
ওয়ার্ড নং- ১৫	-	৭	-	৫	-	-	-	-	১	১৩
মোট	২	৪০	১৩	৪৮	১৪	৪	৪	৪	১০	১৩৯

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬



স্থিরচিত্র ১৪.১ : লক্ষ্মীপুর পৌরসভার কিছু শিক্ষা প্রতিষ্ঠান

১৪.২.১ নতুন শিক্ষা প্রতিষ্ঠান প্রদানের মানদণ্ড

লক্ষ্মীপুর শহরের গুরুত্ব বিবেচনা করে এখানে যথেষ্ট পরিমানে শিক্ষা প্রতিষ্ঠান প্রদান করা উচিত। এই লক্ষ্যে প্রথমে একটি মানদণ্ড নির্ধারণ করা প্রয়োজন। নিচের ***সারণি ১৪-২*** এ এই মানদণ্ড দেয়া হলো।


সারণি ১৪-২ : শিক্ষা সুবিধা প্রদানের জন্য মানদণ্ড নির্ধারণ

প্রতিষ্ঠান	বাড়ী থেকে প্রতিষ্ঠানের দূরত্ব (কি. মি.)		প্রতিষ্ঠানের আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেয়		মন্তব্য
	কাঙ্ক্ষিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাঙ্ক্ষিত	সর্বনিম্ন	কাঙ্ক্ষিত	
নার্সারী স্কুল	০.২৫	০.৫	০.২	-	২০০০	৫০০০	• প্লে-গ্রপ থেকে কেজি
প্রাইমারি স্কুল	০.২৫	০.৫	০.৩৩	১.৫	১৫০০	৫০০০	• শিশু শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি (স্ট্যান্ডার্ড V)
হাই স্কুল (দশম)/মাদ্রসা (দাখিল)	১.০	১.৫	১.৫	২.৫	৫০০০	১০০০০	• স্ট্যান্ডার্ড VI থেকে– স্ট্যান্ডার্ড X • দাখিল মাদ্রাসা
হাই স্কুল (দ্বাদশ)/মাদ্রসা (কামিল)	১.০	১.৫	২.০	৩.০	৫০০০	১৫০০০	• স্ট্যান্ডার্ড VI থেকে– স্ট্যান্ডার্ড XII • কামিল মাদ্রাসা
পলিটেকনিক/ভকেশনাল ইন্সটিটিউট	২.০	৩.০	২.০	৩.০	১৫০০০	২৫০০০	
কলেজ	২.০	৩.০	৩.০	৪.০	১৫০০০	২৫০০০	• স্ট্যান্ডার্ড XI থেকে স্ট্যান্ডার্ড XII
বিশ্ববিদ্যালয় কলেজ	-	-	১০.০	১৫.০	-	১০০০০০	• স্ট্যান্ডার্ড XI থেকে • অনার্স/মাস্টার্স
সরকারি বিশ্ববিদ্যালয়	-	-	২০.০	৫০.০	-	১০০০০০	• অনার্স থেকে মাস্টার্স এবং • পিএইচডি পর্যন্ত গবেষণা
বেসরকারি বিশ্ববিদ্যালয়	-	-	২.০০	৫.০০	-	-	-
লাইব্রেরী	১.০	১.৫	০.২	০.৫	-	-	• কী পরিমাণ জনসংখ্যাকে সেবা প্রদান করবে তা নির্ভর করবে কাঠামোর সামর্থ্য এবং বইয়ের সংগ্রহের উপর

**বাসস্থান থেকে শিক্ষা প্রতিষ্ঠানের দূরত্ব "ন্যূনতম জনসংখ্যা/যাদের জন্য প্রযোজ্য" এর উপর নির্ভর করে নির্ধারণ করতে হবে- বিশেষতঃ কম জনঘনত্ব বিশিষ্ট শহরের জন্য।*

মানচিত্র ১৪-১ : লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান শিক্ষা এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Education & Health
- Coaching Center
- College
- High School
- Library
- Madrasa
- Medical College
- Other School
- PTI
- Polytechnique Institute
- Primary School
- School
- School & College
- Training Institute
- Vocational Institute
- Civil Surgeon
- Hospital
- Clinic
- Veterinary Hospital

১৪.২.২ শিক্ষা প্রতিষ্ঠান বিষয়ক প্রস্তাবনা

১৪.২.২.১ প্রি-প্রাইমারি স্কুল

প্রি-প্রাইমারি স্কুলে শিশুদের প্লে-গ্রুপ থেকে কেজি পর্যন্ত শিক্ষা দেয়া হয়। পরিকল্পনার মানদণ্ড অনুসারে প্রতি ৫০০০ জনসংখ্যার জন্য একটি প্রি-প্রাইমারি স্কুল প্রয়োজন হবে।

সারণি ১৪.৩: প্রস্তাবিত প্রি-প্রাইমারি স্কুল

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর ভিত্তিক ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
প্রি-প্রাইমারি স্কুল	১	০	২	২	২	২	২	২	৩	৩
	২	০	২	২	৩	৩	৩	৩	৩	৩
	৩	০	২	২	২	২	৩	৩	৩	৩
	৪	০	২	২	২	২	২	২	২	২
	৫	০	২	২	২	২	২	২	২	২
	৬	০	২	২	৩	৩	৩	৩	৩	৩
	৭	০	২	২	৩	৩	৩	৩	৪	৪
	৮	০	২	২	২	২	৩	৩	৩	৩
	৯	০	২	২	২	২	২	২	৩	৩
	১০	১	২	১	২	১	৩	২	৩	২
	১১	০	২	২	২	২	২	২	৩	৩
	১২	১	১	০	২	১	২	১	২	১
	১৩	০	২	২	২	২	২	২	৩	৩
	১৪	০	৪	৪	৪	৪	৫	৫	৬	৬
	১৫	০	৩	৩	৪	৪	৪	৪	৫	৫
	মোট	২	৩২	৩০	৩৭	৩৫	৪১	৩৯	৪৮	৪৬

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

চাহিদা ও সরবরাহ বিশ্লেষণ

ওয়ার্ড নং-১, ২, ৩, ৬, ৮, ৯, ১১ এবং ১৩

এই ওয়ার্ডগুলোতে বর্তমানে কোন প্রি-প্রাইমারি স্কুল নেই। ২০৩৭ সাল পর্যন্ত প্রি-প্রাইমারি স্কুলের চাহিদা পূরণে এই ওয়ার্ডগুলোতে ৩টি করে প্রি-প্রাইমারি স্কুল এর প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-৪ ও ৫

ওয়ার্ড নং ৪ ও ৫ এ বর্তমানে কোন প্রি-প্রাইমারি স্কুল নেই এবং ২০৩৭ সাল পর্যন্ত প্রি-প্রাইমারি স্কুলের চাহিদা পূরণে এই ওয়ার্ডগুলোতে ২টি করে প্রি-প্রাইমারি স্কুল এর প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-১০ ও ১২

বর্তমানে এই ওয়ার্ড দুইটিতে মাত্র একটি করে প্রি-প্রাইমারি স্কুল আছে। কিন্তু ২০৩৭ সাল পর্যন্ত ১০-নং ওয়ার্ডে অতিরিক্ত দুইটি এবং ১২-নং ওয়ার্ডে অতিরিক্ত ১টি প্রি-প্রাইমারি স্কুলের প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-৭, ১৪ ও ১৫

ওয়ার্ডগুলোতে বর্তমানে কোন প্রি-প্রাইমারি স্কুল নেই এবং ২০৩৭ সালের মধ্যে ওয়ার্ডগুলোতে যথাক্রমে ৪, ৬ এবং ৫টি প্রি-প্রাইমারি স্কুলের প্রয়োজন হবে।

১৪.২.২.২ প্রাইমারি স্কুল

বর্তমানে শহরে ২৬টি সরকারি (৭টি দোতলা), ৭টি বেসরকারি এবং ৬টি কমিউনিটি প্রাইমারি স্কুল আছে। প্ল্যানিং মানদণ্ড অনুযায়ী, প্রতি ৫০০০ জনসংখ্যার জন্য একটি প্রাইমারি স্কুল প্রয়োজন হবে।

সারণি ১৪-৪: প্রস্তাবিত প্রাইমারি স্কুল

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর ভিত্তিক ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
প্রাইমারি স্কুল	১	১	২	১	২	১	৩	২	৩	২
	২	২	২	০	৩	১	৩	১	৩	১
	৩	২	২	০	২	০	৩	১	৩	১
	৪	৫	২	-৩	২	-৩	২	-৩	৩	-২
	৫	১	২	১	২	১	২	১	২	১
	৬	০	২	২	৩	৩	৩	৩	৩	৩
	৭	৩	৩	০	৩	০	৩	০	৪	১
	৮	২	২	০	২	০	৩	১	৩	১
	৯	৩	২	-১	২	-১	২	-১	৩	০
	১০	৭	২	-৫	২	-৫	৩	-৪	৩	-৪
	১১	১	২	১	২	১	২	১	৩	২
	১২	১	২	১	২	১	২	১	২	১
	১৩	৩	২	-১	২	-১	২	-১	৩	০
	১৪	২	৪	২	৪	২	৫	৩	৬	৪
	১৫	৭	৩	-৪	৪	-৩	৪	-৩	৫	-২
	মোট	৪০	৩৪	-৬	৩৭	-৩	৪২	২	৪৯	৯

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

চাহিদা ও সরবরাহ বিশ্লেষণ

ওয়ার্ড নং-১, ৫, ১১ এবং ১২

উপরের ৪টি ওয়ার্ডের প্রত্যেকটিতে একটি করে প্রাইমারি স্কুল আছে। ২০৩৭ সাল পর্যন্ত প্রয়োজন মিটানোর জন্য ১ ও ১১ নং ওয়ার্ডে অতিরিক্ত ২টি করে এবং ৫ ও ১২ নং ওয়ার্ডে অতিরিক্ত ১টি করে প্রাইমারি স্কুল স্থাপনের প্রয়োজন।

ওয়ার্ড নং-২, ৩, ৮ এবং ১৪

এই ওয়ার্ডগুলোতে বর্তমানে ২টি করে প্রাইমারি স্কুল আছে। ২০৩৭ সালে প্রাইমারি স্কুলের চাহিদা পূরণের জন্য ১৪ নং ওয়ার্ডে কমপক্ষে ৬টি প্রাইমারি স্কুল থাকতে হবে। অর্থাৎ ১৪ নং ওয়ার্ডে ৪টি প্রাইমারি স্কুলের ঘাটতি দেখা দিবে। কিন্তু অন্য ওয়ার্ড তিনটিতে ১টি করে প্রাইমারি স্কুলের ঘাটতি থাকবে।

ওয়ার্ড নং-৪, ১০ ও ১৫

এই ওয়ার্ডগুলোতে অবস্থিত প্রাইমারি স্কুলগুলো ২০৩৭ সাল পর্যন্ত চাহিদা পূরণের জন্য যথেষ্ট।

ওয়ার্ড নং-৬

ওয়ার্দ নং ৬ এ বর্তমানে কোন প্রাইমারি স্কুল নেই এবং বৎসর অনুসারে হিসাব থেকে দেখা যায় ২০৩৭ সাল পর্যন্ত এখানে ৩টি প্রাইমারি স্কুলের প্রয়োজন হবে।


ওয়ার্ড নং-৭, ৯ এবং ১৩

বর্তমানে এই ওয়ার্ডগুলোতে তিনটি করে প্রাইমারি স্কুল রয়েছে। বৎসর অনুসারে হিসাব থেকে দেখা যায়, ২০৩৭ সাল পর্যন্ত ৯ ও ১৩ নং ওয়ার্ডে কোন অতিরিক্ত প্রাইমারি স্কুলের দরকার হবে না কিন্তু ৭ নং ওয়ার্ডে ১টি প্রাইমারি স্কুল স্থাপন করতে হবে।

১৪.২.২.৩ হাই স্কুল

লক্ষ্মীপুরে বর্তমানে ১৩টি হাই স্কুল আছে যার মধ্যে ২টি সরকারি (যৌথ), ৫টি বেসরকারি (বালক), ১টি সরকারি (বালিকা) হাই স্কুল এবং ১টি জুনিয়র হাই স্কুল। এই হাই স্কুলগুলোতে ৬ষ্ঠ শ্রেণি থেকে এসএসসি পর্যন্ত পড়ানো হয়। প্ল্যানিং মানদণ্ড অনুযায়ী প্রতি ১০,০০০ জনসংখ্যার জন্য একটি হাই স্কুল দিতে হবে।

চিত্রলেখ ১৪.১: প্রস্তাবিত হাই স্কুল



তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

মানদণ্ড অনুযায়ী ২০৩৭ সালের মধ্যে পৌরসভায় কমপক্ষে ২৩ টি হাই স্কুল থাকতে হবে (**চিত্রলেখ ১৪.১**)। সেই অনুযায়ী ২০৩৭ সালে ১০টি হাই স্কুল এর ঘাটতি থাকবে। কিন্তু জমির স্বল্পতার জন্য পরামর্শক মাত্র ৮টি স্কুল প্রস্তাব করছে। এর মধ্যে দুটি হবে যৌথ স্কুল। বর্তমান স্কুলের আসন সংখ্যা বৃদ্ধি এবং ২য় শিফট চালুর মধ্যদিয়ে বর্ধিত চাহিদা মিটাতে সুপারিশ করা হচ্ছে। নতুন স্কুলগুলো ওয়ার্ড নং-০১, ০৩, ১০, ১৩, ১৫ এবং টুমচর এলাকায় প্রস্তাব করা হয়েছে।

১৪.২.২.৪ মাদ্রাসা

বর্তমানে লক্ষ্মীপুর পৌরসভায় ১ টি আলীয়া মাদ্রাসা, ১ টি মহিলা মাদ্রাসা এবং ২ টি এবং বেসরকারি কাওমী মাদ্রাসা এবং এতিমখানা আছে। মাদ্রাসাগুলোতে প্রাথমিক থেকে ডিগ্রি পর্যায় পড়ালেখা করানো হয়ে থাকে। এ ছাড়া প্রচুর সংখ্যক ছোট নূরানী মাদ্রাসা এবং মক্তব আছে। প্রায় সকল ওয়ার্ডেই এ ধরণের মাদ্রাসা আছে।

প্ল্যানিং মানদণ্ড অনুযায়ী প্রতি ১০,০০০ জনসংখ্যার জন্য একটি মাদ্রাসা দেয়ার কথা বলা হয়েছে।

সারণি ১৪-৫: প্রস্তাবিত মাদ্রাসা

প্রতিষ্ঠান	ইউনিট	বৎসর ভিত্তিক ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
মাদ্রাসা	১	১	১	০	১	০	১	০	১	০
	২	৬	১	-৫	১	-৫	১	-৫	২	-৪
	৩	০	১	১	১	১	১	১	১	১
	৪	২	১	-১	১	-১	১	-১	১	-১
	৫	০	১	১	১	১	১	১	১	১
	৬	১	১	০	১	০	১	০	২	১
	৭	৯	১	-৮	১	-৮	২	-৭	২	-৭
	৮	৪	১	-৩	১	-৩	১	-৩	১	-৩
	৯	৬	১	-৫	১	-৫	১	-৫	১	-৫
	১০	৬	১	-৫	১	-৫	১	-৫	১	-৫
	১১	৩	১	-২	১	-২	১	-২	১	-২
	১২	২	১	-১	১	-১	১	-১	১	-১
	১৩	২	১	-১	১	-১	১	-১	১	-১
	১৪	১	২	১	২	১	২	১	৩	২
	১৫	৫	২	-৩	২	-৩	২	-৩	২	-৩
	মোট	৪৮	১৭	-৩১	১৭	-৩১	১৮	-৩০	২১*	-২৭

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

**সারণি ১৪-২ অনুসারে, কাঙ্ক্ষিত মান (প্রতি ১০০০০ জনে ১ টি মাদ্রাসা) অনুসারে ২০৩৭ সালে ন্যূনতম ২১ টি মাদ্রাসা প্রয়োজন কিন্তু সর্বনিম্ন মান (প্রতি ৫০০০ জনে ১ টি মাদ্রাসা) বিবেচনায় এই পৌরসভায় ৪৬টি পর্যন্ত মাদ্রাসা হতে পারে।*

১৪.২.২.৫ কলেজ

লক্ষ্মীপুর পৌরসভায় বর্তমানে চারটি কলেজ আছে। এগুলো হচ্ছে, সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, সরকারি কলেজ, সরকারি মহিলা ডিগ্রি কলেজ এবং ল' কলেজ। প্ল্যানিং মানদণ্ড অনুযায়ী প্রতি ২৫০০০ জনসংখ্যার জন্য একটি কলেজ প্রদানের কথা বলা হয়েছে।এই মানদণ্ড অনুযায়ী ২০৩৭ সাল পর্যন্ত পৌরসভায় মোট ৫টি কলেজের ঘাটতি থাকবে। পরামর্শক ৪টি নতুন কলেজের প্রস্তাব করছে। এর মধ্যে একটি সাধারণ কলেজ, একটি মেডিকেল কলেজ, একটি কৃষি কলেজ/ইন্সটিটিউট এবং একটি যৌথ স্কুল ও কলেজ হবে। পাশাপাশি কলেজগুলোতে শিক্ষার মান উন্নয়নের জন্য পদক্ষেপ নিতে সুপারিশ করা হচ্ছে।

উচ্চ শিক্ষার চাহিদা মিটানোর জন্য লক্ষ্মীপুর সরকারি কলেজে মাস্টার্স কার্যক্রম চালুর সুপারিশ করা হচ্ছে। এ ছাড়া বিদ্যমান কলেজগুলোতে আসন সংখ্যা বৃদ্ধির জন্য ব্যবস্থা নিতে হবে। শিক্ষকদের আবাসন সুযোগ সুবিধা বৃদ্ধি এবং বেতন কাঠামো উন্নয়ন করতে হবে যাতে ভালো শিক্ষকরা শিক্ষকতা পেশায় আসতে উৎসাহিত হয় এবং তাদের মেধা দিয়ে উন্নত মানের শিক্ষা দিতে পারে। এলাকার চাহিদার বিষয় বিবেচনা করে ওয়ার্ড নং-০১ এ একটি নতুন কলেজ প্রতিষ্ঠার পারামর্শ দেয়া হচ্ছে। এটি হবে মজুপুর মার্কেটের কাছে। কলেজগুলোতে ছাত্র এবং শিক্ষকদের জন্য পরিবহন সুবিধা দিতে হবে। আবাসন সুবিধা নিশ্চিত করতে, বিশেষত দূরের ছাত্র/ছাত্রীদের জন্য, ছাত্র হোস্টেল এর সুবিধা থাকতে হবে।

এতদ অঞ্চলের কৃষি উন্নয়নের স্বার্থে এবং কৃষি উন্নয়নে দক্ষ জনশক্তির চাহিদা মিটানোর জন্য এখানে একটি কৃষি কলেজ/ইন্সটিটিউট প্রতিষ্ঠার প্রস্তাব করা হচ্ছে। উপকূলীয় এলাকা বিধায় এখানে কৃষি এবং মৎস চাষ হয় বহুলভাবে। এলাকাটি সয়াবিন চাষের জন্য বিখ্যাত। এ ছাড়া ধান, গম, ডাল, পাট, মরিচ, বাদাম এবং আখ চাষও হয় এখানে। প্রস্তাবিত কৃষি কলেজ/ইন্সটিটিউট ওয়ার্ড নং- ৯ এ স্থাপনের প্রস্তাব করা হচ্ছে।

খোয়াসাগর দীঘির উত্তরে মেডিকেল কলেজ স্থাপনের প্রস্তাব করা হচ্ছে। এটি লক্ষ্মীপুরের স্বাস্থ্য সেবা উন্নয়নে অবদান রাখবে।

একটি যৌথ স্কুল ও কলেজ স্থাপনের প্রস্তাব করা হচ্ছে ওয়ার্ড নং-২ এ, মেয়র মহোদয়ের বাড়ির কাছে।

১৪.২.২.৬ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

লক্ষ্মীপুরে সরকারি বা বেসরকারি কোন প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নেই। কিছু ভোকেশনাল প্রশিক্ষণ কেন্দ্র আছে। উচ্চতর প্রযুক্তি জ্ঞান বিকাশ এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য এখানে একটি প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন জরুরী। প্রস্তাবিত প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ওয়ার্ড নং-১৪ তে তাহের মার্কেটের কাছে স্থাপনের সুপারিশ করা হচ্ছে। এটি এতদ অঞ্চলের উচ্চতর কারিগরি এবং প্রযুক্তি শিক্ষার চাহিদা পূরণ করবে।

১৪.২.২.৭ সাধারণ সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়

সাধারণ বিষয়ে উচ্চতর শিক্ষার জন্য কোন বিশ্ববিদ্যালয় এখানে নেই। ***সারণি ১৪-২*** অনুসারে, প্রতি এক লক্ষ মানুষের জন্য একটি বিশ্ববিদ্যালয় থাকতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থানীয় চাহিদা এবং উদ্যোক্তাদের ইচ্ছা অনুযায়ী প্রতিষ্ঠিত হয়। পরামর্শক সরকারি পর্যায়ে একটি সাধারণ বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রস্তাব করছে ওয়ার্ড নং-৪ এ যুব উন্নয়ন কেন্দ্রের কাছে।

১৪.২.২.৮ লাইব্রেরী

বর্তমানে শহরে কিছু লাইব্রেরী আছে, যেমন, পাবলিক লাইব্রেরী, ৭-নং ওয়ার্ডের টাউন হল লাইব্রেরী। এগুলো লক্ষ্মীপুর বাজারের কাছে শহরের প্রায় কেন্দ্রস্থলে অবস্থিত। লাইব্রেরীগুলোকে বই, রেফারেন্স এবং অন্যান্য আনুষাঙ্গিক সুযোগ সুবিধা দিয়ে সমৃদ্ধ করার পরামর্শ দেয়া হচ্ছে, পাশাপাশি বই পড়ার জন্য সচেতনতা তৈরীর উদ্যোগ নিতে হবে। এ জন্য সাহিত্য এবং বই পড়ার প্রতিযোগিতা আয়োজন করা যেতে পারে। এ ছাড়া শহরের অন্যান্য স্থানে আরো লাইব্রেরী প্রতিষ্ঠার উদ্যোগ নিতে হবে।

১৪.২.৩ শিক্ষা উন্নয়ন বিষয়ক কিছু সুপারিশ

শহরের শিক্ষার উন্নয়নের জন্য আরো কিছু উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। যেমন,

- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে খেলার মাঠ থাকতে হবে।
- প্রতিটি ওয়ার্ডে ন্যূনতম দুটি প্রি-প্রাইমারি স্কুল এবং একটি প্রাইমারি স্কুল থাকতে হবে।
- নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনকালে যথাসম্ভব প্রস্তাবিত মানদণ্ড অনুসরণ করতে হবে।
- ঝরে পড়া প্রতিরোধের জন্য দরিদ্র ছেলে মেয়েদের বিশেষ প্রনোদনা (অন্তত ৫ম শ্রেণি পর্যন্ত) দিতে হবে।
- সার্বিক আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার মানোন্নয়ন ঘটাতে হবে।

১৪.৩ স্বাস্থ্য সেবা

স্বাস্থ্য সেবা মানুষের একটি মৌলিক অধিকার। এর মধ্যে আছে- রোগ অনুসন্ধান, চিকিৎসা এবং রোগ প্রতিরোধ মূলক ব্যবস্থা। লক্ষ্মীপুরে অনেক স্বাস্থ্য সেবা সুবিধা আছে। তবে এগুলোর অবস্থান প্রধানত ওয়ার্ড নং-২, ৫, ৬, ১০, ১১, ১২, ১৩ এবং ১৫ তে অবস্থিত। অন্য ওয়ার্ডগুলোতে তেমন সুযোগ সুবিধা নেই। বিস্তারিত ***সারণি ১৪-৬*** এ দেয়া আছে।



স্থিরচিত্র ১৪-২: লক্ষ্মীপুর সরকারি হাসপাতাল

সারণি-১৪-৬: লক্ষ্মীপুর পৌরসভায় বিদ্যমান স্বাস্থ্য সেবা

অবস্থান	শ্রেনি							মোট
	সরকারি হাসপাতাল	বেসরকারি হাসপাতাল	ডায়াবেটিস হাসপাতাল	ক্লিনিক	ডায়াগনোস্টিক সেন্টার	ভেটেরিনারী হাসপাতাল	অন্যান্য	
ওয়ার্ড নং-১	-	-	-	-	-	-	-	০
ওয়ার্ড নং-২	-	-	-	১	-	-	-	১
ওয়ার্ড নং-৩	-	-	-	-	-	-	-	-
ওয়ার্ড নং-৪	-	-	-	-	-	-	-	-
ওয়ার্ড নং-৫	-	-	-	-	-	-	২	২
ওয়ার্ড নং-৬	-	-	১	১	-	-	৪	৬
ওয়ার্ড নং-৭	২	৫	-	৩	৫	-	১৫	৩০
ওয়ার্ড নং-৮	-	-	-	-	-	-	-	-
ওয়ার্ড নং-৯	-	-	-	-	-	-	-	-
ওয়ার্ড নং-১০	১	৫	-	-	২	-	১	৯
ওয়ার্ড নং-১১	-	১	-	-	-	-	-	১
ওয়ার্ড নং-১২	-	-	-	-	-	২	-	২
ওয়ার্ড নং-১৩	-	-	-	-	-	-	১	১
ওয়ার্ড নং-১৪	-	-	-	-	-	-	-	-
ওয়ার্ড নং-১৫	-	-	-	২	-	-	-	২
মোট	৩	১১	১	৭	৭	২	২৩	৫৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

১৪.৩.১ স্বাস্থ্য সেবা সুবিধার মানদণ্ড এবং চাহিদা

লক্ষ্মীপুর পৌরসভার ভবিষ্যৎ সম্ভাবনা এবং চাহিদার বিষয় বিবেচনায় রেখে পরামর্শক স্বাস্থ্য সেবা সুবিধা প্রদানের জন্য একটি মানদণ্ড নির্ধারণ করেছে। বিস্তারিত ***সারণি ১৪-৭*** তে দেখানো হলো।

সারণি-১৪-৭: স্বাস্থ্য সেবা সুবিধার প্রস্তাবিত মানদণ্ড

প্রতিষ্ঠান	বাড়ি থেকে দূরত্ব		আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেবে		মন্তব্য
	চাহিদা	সর্বোচ্চ	সর্বনিম্ন	চাহিদা	সর্বনিম্ন	চাহিদা	
ক্লিনিক	০.৫	১.০	০.৩	০.৫	৫০০০	১০০০০	-
হাসপাতাল	-	-	৫.০	১০.০	-	২৫০০০০	• আরো বেশি চিকিৎসা কেন্দ্র তৈরী করা যেতে পারে।

১৪.৩.২ প্রস্তাবিত স্বাস্থ্য সুবিধা

১৪.৩.২.১ হেলথ সেন্টার/ক্লিনিক

বর্তমানে পৌরসভায় যথেষ্ট পরিমানে স্বাস্থ্য সেবা নেই, শুধু ওয়ার্ড নং-২, ৬, ৭ এবং ১৫ ছাড়া। নতুন প্রতিষ্ঠিত ওয়ার্ডগুলোর অবস্থা সবচেয়ে করুণ। পৌরসভায় একটি মাত্র মাতৃ এবং শিশু সদন আছে। ১২টি স্থায়ী টিকা কেন্দ্র এবং ৩২টি অস্থায়ী টিকা কেন্দ্র আছে। এই অবস্থার উন্নতি না হলে ২০৩৭ সালে পৌরসভা চরম সমস্যায় পড়বে। বিস্তারিত ***সারণি ১৪-৮*** এ দেখানো হয়েছে।

সারণি ১৪-৮: প্রস্তাবিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বছর ভিত্তিক ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
স্বাস্থ্য সেন্টার/ক্লিনিক	১	০	১	১	১	১	১	১	১	১
	২	১	১	০	১	০	১	০	২	১
	৩	০	১	১	১	১	১	১	১	১
	৪	০	১	১	১	১	১	১	১	১
	৫	০	১	১	১	১	১	১	১	১
	৬	১	১	০	১	০	১	০	২	১
	৭	৩	১	-২	১	-২	২	-১	২	-১
	৮	০	১	১	১	১	১	১	১	১
	৯	০	১	১	১	১	১	১	১	১
	১০	০	১	১	১	১	১	১	১	১
	১১	০	১	১	১	১	১	১	১	১
	১২	০	১	১	১	১	১	১	১	১
	১৩	০	১	১	১	১	১	১	১	১
	১৪	০	১	১	২	২	২	২	৩	৩
	১৫	২	২	০	২	০	২	০	২	০
	মোট	৭	১৬	৯	১৭	১০	১৮	১১	২১	১৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

চাহিদা ও সরবরাহ বিশ্লেষণ

ওয়ার্ড নং-১, ৩, ৪, ৫, ৮, ৯, ১০, ১১, ১২ এবং ১৩

বর্তমানে উপরের ওয়ার্ডগুলোতে কোন স্বাস্থ্য কেন্দ্র বা ক্লিনিক নেই। কিন্তু ২০৩৭ সাল পর্যন্ত জনসংখ্যা অভিক্ষেপ থেকে দেখা যায় যে উল্লেখিত সালের মধ্যে এই ওয়ার্ডগুলোতে জনসংখ্যা বৃদ্ধির ফলে স্বাস্থ্য সেবার সমস্যা দেখা দেবে। এই ওয়ার্ডগুলোতে অন্ততপক্ষে একটি করে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান থাকতে হবে।

ওয়ার্ড নং-২ ও ৬

এই ওয়ার্ডগুলোতে একটি করে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান আছে এবং ২০৩৭ সাল পর্যন্ত এই দুইটি ওয়ার্ডে একটি করে নতুন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের প্রয়োজন হবে।

ওয়ার্ড নং-৭

এই ওয়ার্ডে একটি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান আছে এবং ২০৩৭ সাল পর্যন্ত এই ওয়ার্ডে আর কোন নতুন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের প্রয়োজন হবে না।

বিস্তারিত বিবেচনা করে দুটি নগর স্বাস্থ্য কেন্দ্র/কমিউনিটি ক্লিনিকের প্রস্তাব করা হয়েছে ওয়ার্ড নং-১ এবং ১১ তে। প্রতিটি বস্তিতে স্বাস্থ্য সুবিধা প্রদানের পরামর্শ দেয়া হচ্ছে।

১৪.৩.২.২ হাসপাতাল

সরকারি, বেসরকারি এবং ছোট বড় মিলিয়ে বিভিন্ন আয়তনের ১৫ টি হাসপাতাল আছে পৌরসভায়। এর মধ্যে লক্ষ্মীপুর সদর হাসপাতাল হল তিনটি সরকারি হাসপাতালের মধ্যে একটি প্রতিষ্ঠান। বেসরকারি হাসপাতালের মধ্যে ১১ টি সাধারন এবং ১টি ডায়াবেটিস হাসপাতাল। বিদ্যমান অবস্থা এবং মানদণ্ড বিশ্লেষণ করে দেখা যায় যে ২০৩৭ সালের মধ্যে আর কোন হাসপাতাল নির্মাণের প্রয়োজন নেই। বিদ্যমান হাসপাতালগুলোর সম্প্রসারণ করলেই যথেষ্ট হবে। তবে স্বাস্থ্য সেবার বড় সমস্যা দুর্নীতি এবং অব্যবস্থাপনা।

সদর হাসপাতালটি সম্প্রতি সম্প্রসারণ করে ২৫০ শয্যা বিশিষ্ট করা হয়েছে। কিন্তু হাসপাতালে যথেষ্ট জনবল নেই। হাসপাতালের শয্যা সংখ্যা ৫০০ করা এবং এর জনবল বৃদ্ধির সুপারিশ করা হচ্ছে।

১৪.৩.৩ স্বাস্থ্য সুবিধা বিষয়ক সুপারিশ

- পৌরসভার স্বাস্থ্য সেবা বিভাগে যথেষ্ট সংখ্যক কর্মী নিয়োগ দিতে হবে।
- হাসপাতালে ডাক্তারদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- অপারেশন এবং মেডিকেল চেকআপ শুধু মাত্র ডাক্তার দিয়ে সম্পন্ন করতে হবে।
- অপারেশন থিয়েটার স্বয়ং সম্পূর্ন হতে হবে এবং তা নিয়মিত মনিটরিং করতে হবে।
- ডাক্তার, নার্স এবং অন্যান্য স্টাফদের নিয়মিত প্রশিক্ষণ দিতে হবে।
- হাসপাতালের সব ধরনের লজিস্টিক নিশ্চিত করতে হবে এবং তা নিয়মিত অপডেট করতে হবে।
- পৌরসভার সুপারভিশনে আরো হেলথ সেন্টার স্থাপন করতে হবে।
- স্বাস্থ্য সেবা এবং স্বাস্থ্য সচেতনতা তৈরীর জন্য পৌরসভাকে কার্যক্রম গ্রহন করতে হবে।


১৪.৩.৪ স্বাস্থ্য সুবিধা বিষয়ক প্রস্তাবনা

- শিশু অসুস্থতা/মৃত্যুর হার হ্রাস করতে হবে। প্রতি ওয়ার্ডে একটি করে মাতৃ সদন প্রতিষ্ঠা করে এটি অর্জন করা যেতে পারে।
- স্বাস্থ্য সুবিধার হালনাগাদ করতে হবে।
- রোগী আনা-নেওয়া করার জন্য এ্যাম্বুলেন্স এর সংখ্যা আরো বাড়াতে হবে।

মানচিত্র ১৪-২ এ প্রস্তাবিত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের স্থান নির্দিষ্ট করা হয়েছে।

মানচিত্র ১৪-২ : প্রস্তাবিত শিক্ষা এবং স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের অবস্থান

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Facilities
- C College
- H High School
- X High School & Primary School
- M Madrasa
- Md Medical College
- Md Medical College/ Agriculture Institute
- B Orphanage
- P Primary School
- Sc School & College
- T Technological University
- U University
- Community Clinic

১৪.৪ বিনোদন সুবিধা

লক্ষ্মীপুর পৌরসভায় বিভিন্ন ধরণের বিনোদন সুবিধার প্রকট অভাব আছে। জরিপে পৌরসভায় বিনোদন সংশ্লিষ্ট মাত্র ১২টি প্রতিষ্ঠান পাওয়া গিয়েছে । মাঠ, পার্ক সহ অন্যান্য খোলা জায়গা পাওয়া গিয়েছে ১৭৭.৪৪ একর বা মোট পৌরসভা এলাকার ২.৫৪%। ওয়ার্ড নং-১০ এ সর্বাধিক পরিমান উন্মুক্ত এলাকা আছে। এখানে ২৮.৫৬ একর উন্মুক্ত এলাকা আছে যা মোট উন্মুক্ত এলাকার ১৬.১০% । ওয়ার্ড নং-৬ এ ২৩.৮৬ একর উন্মুক্ত এলাকা আছে। ওয়ার্ড নং-১৪ তে কোন উন্মুক্ত এলাকা নেই। বিনোদন সুবিধার মধ্যে আছে একটি শিশু পার্ক, ৮টি থিয়েটার সংস্থা, ৮টি আবৃত্তি সংস্থা, ৪টি সঙ্গীত সংস্থা এবং আরো কিছু অঙ্গসংগঠন।

এ ছাড়া একটি স্টেডিয়াম এবং শিক্ষা প্রতিষ্ঠানের কিছু খেলার মাঠ আছে। দুটি সিনেমা হল ছিল যার একটি বন্ধ হয়ে গিয়েছে এবং অন্যটি বন্ধ হওয়ার পথে।

সব শ্রেণির মানুষের জন্য শহরে একটি পার্ক অতীব প্রয়োজন। ***সারণি ১৪-৯*** এ বর্তমান বিনোদন সুবিধার একটি তালিকা দেয়া হলো।



লক্ষ্মীপুর পৌরসভা শিশু পার্ক



লক্ষ্মীপুর পৌরসভার একটি খেলার মাঠ

স্থিরচিত্র ১৪-৩: লক্ষ্মীপুর পৌরসভার বিনোদন সুবিধা

সারণি ১৪-৯: বিদ্যমান বিনোদন সুবিধা

ক্রমিক নং	বিনোদন সুবিধা	অবস্থান
১.	বাগবাড়ি ক্লাব	ওয়ার্ড নং-১
২.	শহীদ স্মৃতি একাডেমি	ওয়ার্ড নং-১
৩.	হ্যাপি সিনেমা হল	ওয়ার্ড নং-৬
৪.	লক্ষ্মীপুর পৌরসভা শিশু পার্ক	ওয়ার্ড নং-৬
৫.	টাউন ক্লাব	ওয়ার্ড নং-৭
৬.	শহীদ মিনার	ওয়ার্ড নং-৭
৭।	পুরাতন ঝুমুর সিনেমা হল	ওয়ার্ড নং-১০
৮.	পৌর অডিটোরিয়াম	ওয়ার্ড নং-১০
৯.	জেলা স্টেডিয়াম	ওয়ার্ড নং-১০

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

এ ছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অনেক খেলার মাঠ আছে। কিন্তু এগুলো সব সময় সর্বসাধারণের জন্য উন্মুক্ত নয়।

১৪.৪.১ উন্মুক্ত এলাকার বিনোদন সুবিধা বিষয়ক মানদণ্ড

উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা প্রস্তাব করার পূর্বে এর মানদণ্ড নির্ধারণ করা প্রয়োজন। পার্ক ও খেলার মাঠ বিষয়ে নির্ধারিত মানদণ্ড ***সারণি ১৪-১০*** এ দেয়া হলো।

সারণি ১৪-১০: উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা বিষয়ক প্রস্তাবিত মানদণ্ড

বিনোদন সুবিধা	বাড়ি থেকে দূরত্ব (কি.মি.)		আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেবে		মন্তব্য
	কাংখিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাংখিত	সর্বনিম্ন	কাংখিত	
সিনেমা হল	৩	-	০.৩	০.৫	২৫০০০	-	-
শিশুদের খেলার জায়গা			০.১	০.১৬	২০০	৫০০	• আবাসিক এলাকায়
খেলার মাঠ	০.২৫	০.৫	১.৫	২.৫	৩০০০	৫০০০	• যেখানে পর্যাপ্ত স্কুল মাঠ দেয়া আছে, সেখানে খুব বেশি সংখ্যক প্রদানের প্রয়োজন নেই।
খেলার মাঠ/ ঈদগাহ	-	-	৩.২৫	৫.০	-	-	• একটি মানসম্মত ক্রিকেট মাঠ প্রদান করতে হবে।
স্টেডিয়াম	-	-		৫.০		৫০০০০	-
শিশুপার্ক	০.২৫	০.৫	০.৫	১.৫	৭৫০০	২৫০০০	• কমিউনিটির ভেতর থাকতে হবে।
কমিউনিটি পার্ক	০.৫	১.০	২.০	১০.০	৭৫০০	২৫০০০	-

সারণি ১৪-১১ তে ভবিষ্যতে কিছু বিনোদন সুবিধার চাহিদা দেখানো হয়েছে।

সারণি ১৪-.১১: প্রস্তাবিত বিনোদন সুবিধা


বিনোদন সুবিধা	বিদ্যমান	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
সিনেমা হল	২	৬	৪	৭	৫	৮	৬	৯	৭
শিশুপার্ক	১	৬	৫	৭	৬	৮	৭	৯	৮
স্টেডিয়াম	১	৩	২	৪	৩	৪	৩	৫	৪

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

পৌরসভায় বর্তমানে ২টি সিনেমা হল রয়েছে কিন্তু ২০৩৭ সাল পর্যন্ত চাহিদা পূরণের জন্য কমপক্ষে ৯টি সিনেমা হল প্রয়োজন হবে। অর্থাৎ পৌরসভায় তখন ৭টি সিনেমা হল এর ঘাটতি দেখা দিবে। পৌরসভায় ১০টি খেলার মাঠ রয়েছে। পৌরসভার বিনোদন সুবিধা নিশ্চিত করতে আরো বেশি খেলার মাঠ এবং পার্ক নির্মাণ করা প্রয়োজন।

মানচিত্র ১৪-৩ : লক্ষ্মীপুর পৌরসভার বিদ্যমান বিনোদন সুবিধা সমূহ

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Existing Recreation
- Auditorium
- Cinema Hall
- Club
- Playground
- Shishu Park
- Stadium

১৪.৪.২ উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা বিষয়ক সুপারিশ

- পৌরসভার বিনোদন বিষয়ক বিভাগে জনবল দ্বারা সমৃদ্ধ করতে হবে।
- খেলার মাঠ এবং পার্কের জন্য খাস জমি পৌরসভার কাছে হস্তান্তর করতে হবে।
- নতুন তৈরি স্কুলগুলোতে পর্যাপ্ত খেলার জায়গাসহ খেলার মাঠ অবশ্যই থাকতে হবে।

১৪.৪.৩ উন্মুক্ত এলাকা বিনোদন সুবিধা বিষয়ক প্রস্তাবনা

ভবিষ্যৎ বিনোদন চাহিদা বিবেচনা করে এখানে কিছু বিনোদন সুবিধা প্রস্তাব করা হলো। এগুলো প্রধানত উন্মুক্ত এলাকা বিষয়ক বিনোদন সুবিধা, যেমন- মাঠ, পার্ক, খোলামেলা ঘোরার জায়গা।

রহমতখালী খালসহ অন্যান্য খাল উন্নয়ন এবং পাড় ধরে পায়ে চলার পথ নির্মাণের প্রস্তাব করা হচ্ছে। ওয়ার্ড নং- ১৪ তে জল ভিত্তিক বিনোদন সুবিধা তৈরী করা যেতে পারে। এছাড়া এই ওয়ার্ডে খেলার মাঠ, পার্ক, দীঘি উন্নয়ন এবং পুকুর নিয়ে বিনোদন ব্যবস্থা ও ক্রীড়া সুবিধা তৈরী করা যেতে পারে। এখানে মুক্তমঞ্চ নির্মাণ করা যেতে পারে। নিচে বিনোদন সুবিধার কিছু উদাহরণ দেয়া হলো।






দশম অধ্যায়ের ***সারণি ১০-১৪*** তে সম্ভাব্য অবস্থান সহ বিনোদন সুবিধার বিস্তারিত প্রস্তাব দেয়া হয়েছে। প্রদর্শিত অবস্থানগুলো নমনীয়, প্রয়োজন অনুযায়ী পরিবর্তনযোগ্য। অনেক বিষয় বিবেচনা করে বিনোদন সুবিধার অবস্থান নির্বাচন করা হয়েছে, যেমন, ভূমির প্রাপ্যতা, যাতায়াত সুবিধা। তবে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে। ***মানচিত্র ১৪-৪*** এ প্রস্তাবিত বিনোদন সুবিধার অবস্থান দেখানো হলো।

মানচিত্র ১৪-৪ : লক্ষ্মীপুর পৌরসভার প্রস্তাবিত বিনোদন সুবিধা

1:48,000



MASTER PLAN FOR LAKSHMIPUR POURASHAVA

0 0.5 1 2 3 4 5 6 Kilometers

Scale: 1:48,000 or 1 " = 4,000 ' or 1 cm = 480 m

Government of the People's Republic of Bangladesh
Ministry of Local Government, Rural Development and Co-operatives
Local Government Division

Local Government Engineering Department (LGED)
Third Urban Governance and Infrastructure
Improvement (Sector) Project (UGIIP-III)

CONSULTANTS

SHELTECH CONSULTANTS (PVT.) LTD.

SHELTECH (PVT.) LTD

LEGEND

Important Point
- DC Office
- District Jail
- Pourashava Office
- Sadar Thana
- Zila Parishad
- Stadium

Proposed Road
- Primary Road
- Secondary Road
- Tertiary Road
- Major Waterbody (Canal)
- Pourashava Boundary
- Ward Boundary

Proposed Utility
- Amphetheater
- Park
- Playground
- Walkway

Proposed Landuse
- Utility Services

১৪.৫ কমিউনিটি সুবিধাদি

কমিউনিটি সুবিধাদির মধ্যে আছে অনেক অত্যাবশ্যক সেবা সুবিধা যা ছাড়া প্রাত্যহিক নাগরিক যাপন সম্ভব নয়। এর মধ্যে আছে কবরস্থান, কমিউনিটি সেন্টার, ঈদগাহ, থানা/পুলিশ বক্স ইত্যাদি।



তিতা খান জামে মসজিদ



শ্রী শ্রী কালি মন্দির

স্থিরচিত্র ১৪-৪: লক্ষ্মীপুর পৌরসভার কিছু নাগরিক সুবিধা

১৪.৫.১ কমিউনিটি সুবিধাদি প্রদানের মানদণ্ড

কমিউনিটি সুবিধাদি প্রদানের মানদণ্ড *সারণি ১৪-১২* এ দেয়া হলো।

সারণি ১৪-১২: কমিউনিটি সুবিধাদি প্রদানের মানদণ্ড

সেবা সুবিধা	বাড়ি থেকে দূরত্ব (কি.মি.)		আয়তন (একর)		কত জনসংখ্যাকে সেবা দেবে		মন্তব্য
	কাংখিত	সর্বোচ্চ	সর্বনিম্ন	কাংখিত	সর্বনিম্ন	কাংখিত	
কবরস্থান	-	-	৩.০	৫.০	৩০০০০	৫০০০০	• উক্ত ধর্মালম্বীদের জন্য
শশ্মান	৩.০	-	১.০	২.০	-	৫০০০০	• উক্ত ধর্মালম্বীদের জন্য
সিমেট্রি	-	-	-	-	-	-	• মোট বরাদ্দকৃত জমি ৫ একর
কমিউনিটি সেন্টার	-	-	০.৫	১.৫	-	৫০০০০	• ধারণক্ষমতা-৩০০ মানুষ
থানা	-	-	-	২.০	-	-	-
পুলিশ ফাঁড়ি	-	-	০.২	০.৩	-	-	• শহর কেন্দ্রের বাইরে হওয়া উচিত। • সর্ববৃহৎ বাণিজ্যিক কেন্দ্রে হবে। • যে অঞ্চলে অন্যায় বেশি হয় সেখানে হবে।
অগ্নিনির্বাপণ	টাইপ-এ	৫	১০		০.৫	-	• আবাসিক এলাকার পাশে হবে। • শিল্প কারখানার কাছে হবে।
	টাইপ-বি	৫	১০		০.৩	-	
ডাকঘর	-	-		০.৪	-	২০,০০০	• ডাকঘর স্থাপনের নিয়মানুযায়ী হবে। • উপযুক্ত দূরত্বের ব্যবধানে ডাকঘর স্থাপন করা যেতে পারে।
ঈদগাহ	-	-	৩.২৫	৫.০	-	-	• একটি মানসম্মত ক্রিকেট মাঠের সমান সুবিধা দিতে হবে।
মসজিদ	০.২	০.৩	০.২	০.৬৭	১৫০০	৫০০০	• অবশ্যই কতৃপক্ষের অনুমতি নিতে হবে। • মুসলিম জনসংখ্যার ওপর ভিত্তি করে হবে।
মন্দির	৫.০	-	০.২	০.৫	-	-	• অবশ্যই কতৃপক্ষের অনুমতি নিতে হবে। • হিন্দু জনসংখ্যার ওপর ভিত্তি করে হবে।

১৪.৫.২ বিদ্যমান এবং প্রস্তাবিত কমিউনিটি সুবিধাদি

১৪.৫.২.১ কবরস্থান শ্মশান

একটি জনপদের জন্য কবরস্থান খুবই গুরুত্বপূর্ণ। বর্তমানে শহরে অনেক ছোট ছোট কবরস্থান আছে। তবে অধিকাংশই পারিবারিক। কমিউনিটি পর্যায়ে বৃহত্তর শহরের সার্বিক চাহিদা মিটানোর মত বড় কবরস্থান নেই। ***সারণি ১৪-১৩*** এ বিদ্যমান প্রধান প্রধান কবরস্থান দেখানো হলো।

সারণি ১৪-১৩: প্রধান প্রধান কবরস্থানের তালিকা

ক্রমিক নং	অবস্থান
১.	ওয়ার্ড নং-৩, সিডিপ মর্ডান স্কুলের কাছে
২.	ওয়ার্ড নং-৪, বাঞ্ছানগর সরকারি প্রাইমারি স্কুলের কাছে
৩.	ওয়ার্ড নং-১০, মজুপুর মদিনাতুল উলুম হাফেজিয়া মাদ্রাসা এবং এতিমখানার কাছে
৪.	ওয়ার্ড নং-১১, সিদ্দিক জামে মসজিদের কাছে
৫.	ওয়ার্ড নং-১১, সিরাজ মিয়া জামে মসজিদের কাছে
৬.	ওয়ার্ড নং-১২, আবদুল মজিদ মসজিদের কাছে

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

মানদণ্ড অনুযায়ী বিদ্যমান কবরস্থান ২০৩৭ সালের জন্য যথেষ্ট। কিন্তু এগুলোর অধিকাংশ পারিবারিক হওয়ায় নগর কমিউনিটি চাহিদা মিটানো যাবে না। এ জন্য ওয়ার্ড নং- ১৫ তে যুব উন্নয়ন কেন্দ্রের পাশে একটি ৫.১৮ একরের কেন্দ্রীয় কবরস্থানের প্রস্তাব করা হচ্ছে।

১৪.৫.২.২ শ্মশান

ওয়ার্ড নং- ৫ এ শ্রী শ্রী রাম ঠাকুর সেবাশ্রমের পাশে একটি বড় শ্মশান আছে। লক্ষ্মীপুর জেলখানার পাশে আরেকটি শ্মশান আছে। মাদ্দাম উত্তরপুর মসজিদের কাছে তৃতীয় আরেকটি শ্মশান আছে। মানদণ্ড বিবেচনা করলে দেখা যায় যে বিদ্যমান শ্মশান ২০৩৭ পর্যন্ত যথেষ্ট হবে। তাই পরিকল্পনায় নতুন কোন শ্মশানের প্রস্তাব করা হলো না।

১৪.৫.২.৩ কমিউনিটি সেন্টার

সামাজিক এবং পারিবারিক অনুষ্ঠান আয়োজনের জন্য শহর এলাকায় কমিউনিটি সেন্টার একটি প্রয়োজনীয় প্রতিষ্ঠান। প্রতি ওয়ার্ডে একটি করে কমিউনিটি সেন্টার থাকা প্রয়োজন।

বর্তমানে লক্ষ্মীপুরে এ ধরনের কোন কমিউনিটি সেন্টার নেই। এ ধরনের কোন সুনির্দিষ্ট প্রতিষ্ঠান না থাকায় ওয়ার্ড নং- ১ এ অবস্থিত শহীদ স্মৃতি একাডেমি, ওয়ার্ড নং- ১০ এর পৌর অডিটোরিয়াম, ওয়ার্ড নং- ৭ এ অবস্থিত পাবলিক লাইব্রেরী এবং টাউন হল, ওয়ার্ড নং- ১২ তে অবস্থিত অফিসার্স ক্লাব প্রভৃতি স্থানে বর্তমানে সামাজিক এবং পারিবারিক অনুষ্ঠান আয়োজন করা হয়। এ সব প্রতিষ্ঠানের অনেকগুলো হয় ব্যয়বহুল অথবা সর্বসাধারণের জন্য উন্মুক্ত নয়। এ জন্য পরামর্শক লক্ষ্মীপুরের জন্য ৪টি কমিউনিটি সেন্টারের প্রস্তাব করছে। এগুলো ওয়ার্ড নং-০১, ১১, ১২ এবং ১৫ তে স্থাপন করতে সুপারিশ করা হচ্ছে। এসব কমিউনিটি সেন্টারগুলো ব্যক্তিমালিকানাধীন।

১৪.৫.২.৪ ধর্মীয় প্রতিষ্ঠান

দেশের অন্যান্য স্থানের মত লক্ষ্মীপুর শহরেও বিভিন্ন ধর্মাবলম্বীদের জন্য ধর্মীয় প্রতিষ্ঠান আছে। তবে মুসলিম সংখ্যাগরিষ্ঠতার কারণে এখানে মসজিদের সংখ্যা অনেক বেশি। বিভিন্ন ধর্মাবলম্বীদের মিলিয়ে এখানে প্রায় ২০২ টি ধর্মীয় প্রতিষ্ঠান পাওয়া গিয়েছে। এর মধ্যে ১৬৯ টি মসজিদ, ২০ টি মন্দির, একটি মাজার এবং ১২ টি অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান। ওয়ার্ড নং- ১০ এবং ১৫ তে সর্বাধিক সংখ্যক ধর্মীয় প্রতিষ্ঠান আছে।

সারণি ১৪-১৪ তে ওয়ার্ড ভিত্তিক ধর্মীয় প্রতিষ্ঠানের তালিকা দেয়া হয়েছে। পরামর্শকগণ মনে করেন যে ২০৩৭ পর্যন্ত নতুন কোন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রয়োজন নেই, তাই এ বিষয়ে কোন প্রস্তাব দেয়া হলো না।

সারণি-১৪-১৪: বিদ্যমান ধর্মীয় প্রতিষ্ঠান

অবস্থান	শ্রেণি				মোট
	মসজিদ	মন্দির	মাজার	অন্যান্য	
ওয়ার্ড নং-১	১০	১	১	১	১৩
ওয়ার্ড নং-২	৮	-	-	১	৯
ওয়ার্ড নং-৩	২	-	-	১	৩
ওয়ার্ড নং-৪	১০	-	-	-	১০
ওয়ার্ড নং-৫	৮	৮	-	১	১৭
ওয়ার্ড নং-৬	৮	২	-	১	১১
ওয়ার্ড নং-৭	১২	৩	-	-	১৫
ওয়ার্ড নং-৮	১৭	১	-	-	১৮
ওয়ার্ড নং-৯	১১	৩	-	২	১৬
ওয়ার্ড নং-১০	২৩	১	-	২	২৬
ওয়ার্ড নং-১১	১১	-	-	-	১১
ওয়ার্ড নং-১২	১৫	১	-	-	১৬
ওয়ার্ড নং-১৩	৭	-	-	-	৭
ওয়ার্ড নং-১৪	৭	-	-	১	৮
ওয়ার্ড নং-১৫	২০	-	-	২	২২
মোট	**১৬৯**	**২০**	**১**	**১২**	**২০২**

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬

সারণি ১৪-১৫: প্রস্তাবিত ধর্মীয় প্রতিষ্ঠান

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর অনুসারে ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি								
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
মসজিদ	১	১০	২	-৮	২	-৮	৩	-৭	৩	-৭
	২	৮	২	-৬	৩	-৫	৩	-৫	৩	-৫
	৩	২	২	০	২	০	৩	১	৩	১
	৪	১০	২	-৮	২	-৮	২	-৮	৩	-৭
	৫	৮	২	-৬	২	-৬	২	-৬	২	-৬
	৬	৮	২	-৬	৩	-৫	৩	-৫	৩	-৫
	৭	১২	৩	-৯	৩	-৯	৩	-৯	৪	-৮
	৮	১৭	২	-১৫	২	-১৫	৩	-১৪	৩	-১৪
	৯	১১	২	-৯	২	-৯	২	-৯	৩	-৮
	১০	২৩	২	-২১	২	-২১	৩	-২০	৩	-২০
	১১	১১	২	-৯	২	-৯	২	-৯	৩	-৮
	১২	১৫	২	-১৩	২	-১৩	২	-১৩	২	-১৩
	১৩	৭	২	-৫	২	-৫	২	-৫	৩	-৪
	১৪	৭	৪	-৩	৪	-৩	৫	-২	৬	-১
	১৫	২০	৩	-১৭	৪	-১৬	৪	-১৬	৫	-১৫
	মোট	**১৬৯**	**৩৪**	**-১৩৫**	**৩৭**	**-১৩২**	**৪২**	**-১২৭**	****৪৯**	**-১২০**
মন্দির ও অন্যান্য	১	৩	*চাহিদা অনুযায়ী							
	২	১								
	৩	১								
	৪	০								
	৫	৯								
	৬	৩								
	৭	৩								
	৮	১								
	৯	৫								

প্রতিষ্ঠান	ওয়ার্ড নং	বৎসর অনুসারে ক্রমবর্ধিত চাহিদা ও ঘাটতি							
		২০১৭	২০২২		২০২৭		২০৩২		২০৩৭	
		বিদ্যমান	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)	ন্যূনতম চাহিদা	ঘাটতি (+)/ বাড়তি (-)
	১০	৩								
	১১	০								
	১২	১								
	১৩	০								
	১৪	১								
	১৫	২								
	মোট	৩৩								

তথ্যসূত্রঃ ভৌত অবকাঠামো জরিপ, ২০১৬ ও পরামর্শকদের হিসাবকৃত

***সারণি ১৪-১২ অনুসারে, কাঙ্ক্ষিত মান (প্রতি ৫০০০ জনে ১ টি মসজিদ) অনুসারে ২০৩৭ সালে ন্যূনতম ৪৯ টি মসজিদ প্রয়োজন কিন্তু সর্বনিম্ন মান (প্রতি ১৫০০ জনে ১ টি মসজিদ) বিবেচনায় এই পৌরসভায় ১৫২ টি পর্যন্ত মসজিদ হতে পারে।*

পৌরসভার বিদ্যমান মসজিদগুলোই ২০৩৭ সাল পর্যন্ত চাহিদা পূরণে সক্ষম। শুধুমাত্র ৩-নং ওয়ার্ডে ২০৩২ সালের পর ১টি মসজিদ এর ঘাটতি দেখা দিবে। এছাড়া অন্য ওয়ার্ডগুলোতে ন্যূনতম প্রয়োজনের চেয়ে বেশি সংখ্যক মসজিদ আছে যা দিয়ে ২০৩৭ সালের পরও সুবিধা প্রদান করা যাবে।

১৪.৫.২.৫ ঈদগাহ

বর্তমানে স্থানীয় পর্যায়ে কিছু ঈদগাহ আছে যা সব মিলিয়ে ০.৫৯ একর। এগুলো আলাপ আলোচনার মাধ্যমে স্থানীয় পর্যায়ে প্রতিষ্ঠা করা সবচেয়ে উত্তম। ঈদগাহের আয়তন কমপক্ষে একটি ক্রিকেট মাঠের সমান হতে হবে। পৌরসভায় কমপক্ষে ৫ একর ঈদগাহ থাকা প্রয়োজন।

১৪.৫.২.৬ পুলিশ বক্স

জরিপ থেকে দেখা যায়, ওয়ার্ড নং- ১০ এ একটি পুলিশ ক্যাম্প রয়েছে। একটি আনসার ক্যাম্প আছে ওয়ার্ড নং- ১৫ তে, এবং র‍্যাব ১১ আছে ওয়ার্ড নং ১০ এ এবং পুলিশ লাইন (ফাঁড়ি) ক্যাম্প আছে ওয়ার্ড- ১১ তে। পরামর্শকরা ১ নং ওয়ার্ডে একটি পুলিশ বক্স স্থাপনের প্রস্তাব করেন। পরামর্শকদের মতে প্রতিটি ওয়ার্ডে কমপক্ষে একটি করে পুলিশ ফাড়ি থাকা প্রয়োজন এবং এগুলো ওয়ার্ডের কেন্দ্র হিসেবে গড়ে উঠবে।

১৪.৫.২.৭ অগ্নিনির্বাপণ

বর্তমানে ওয়ার্ড নং- ৫ এ একটি ফায়ার স্টেশন আছে। এর অবস্থান লক্ষ্মীপুর মহিলা কলেজের (পুরাতন) পাশে। আরো একটি ফায়ার স্টেশন স্থাপনের প্রস্তাব করা হচ্ছে। এর অবস্থান হবে ওয়ার্ড নং- ১২ এর দক্ষিণ প্রান্তে, জকসিন বাজার এবং গরুর হাটের কাছে। যোগাযোগের সুবিধার জন্য এই স্থানটি প্রস্তাব করা হয়েছে।

১৪.৫.২.৮ ডাকঘর

লক্ষ্মীপুর পৌরসভায় বর্তমানে একটি মাত্র ডাকঘর আছে যা ওয়ার্ড নং- ৭ এ অবস্থিত। যদিও বেসরকারি কুরিয়ার সার্ভিস চালুর পর সরকারি ডাকঘরের গুরুত্ব অনেকটাই কমে গিয়েছে, তবু প্রতিদিন বহু চিঠি, পার্শেল, ডকুমেন্ট এই একটি মাত্র ডাকঘরের মাধ্যমে যায় এবং আসে। শহরের বিভিন্ন স্থানে কিছু ডাক বাক্স আছে। এই মুহূর্তে নতুন কোন ডাকঘর স্থাপনের কোন প্রয়োজন আছে বলে মনে হয় না। কারণ ডাকঘরের কাজগুলো এখন কুরিয়ার সার্ভিস, ইন্টারনেট ভিত্তিক ই-মেইল এবং আধুনিক ব্যাংকিং ব্যবস্থা ভালোভাবেই সম্পন্ন করছে।

১৪.৫.৩ প্রক্ষেপিত নাগরিক সুবিধাদির সার-সংক্ষেপ

সারণি ১৪-১৬: এক নজরে প্রক্ষেপিত নাগরিক সুবিধাদি

সুবিধা	শ্রেণি	বিদ্যমান	বৎসর অনুসারে ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি				প্রস্তাব	মন্তব্য
			২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
শিক্ষা বিষয়ক সুবিধাদি	প্রি-প্রাইমারি স্কুল	২	৩২	৩৭	৪১	৪৮		ওয়ার্ড অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-৩***
	প্রাইমারি স্কুল	৪০	৩৪	৩৭	৪২	৪৯	ওয়ার্ড নং- ৬, ১৪ ও ১৫	ওয়ার্ড অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-৪***
	হাই স্কুল	১৩	১৫	১৭	২০	২৩	ওয়ার্ড নং ০১, ০৩, ১০, ১৩, ১৪, ১৫, ১১ এবং টুমচর	-
	মাদ্রাসা	৪৮	১৭	১৭	১৮	২১*	ওয়ার্ড নং ১৪	
	কলেজ	৪	৯				ওয়ার্ড নং ০১	
	সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়	০	২				প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ওয়ার্ড নং-১৪ তে তাহের মার্কেটের কাছে এবং সাধারণ বিশ্ববিদ্যালয় ওয়ার্ড নং-৪ এ যুব উন্নয়ন কেন্দ্রের কাছে	
স্বাস্থ্য সেবা বিষয়ক সুবিধাদি	স্বাস্থ্য সেবা কেন্দ্র/ক্লিনিক	৭	১৬	১৭	১৮	২১	সকল ওয়ার্ড	ওয়ার্ড অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-৮।***
	হাসপাতাল	১৫	১৫					হাসপাতালের শয্যা সংখ্যা ৫০০ করা এবং জনবল বৃদ্ধি
বিনোদন সুবিধাদি	সিনেমা হল	২	৬	৭	৮	৯		সুবিধাদির প্রস্তাবিত অবস্থান কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ও উপযুক্ততা সাপেক্ষে পরিবর্তনযোগ্য।
	শিশু পার্ক	১	৬	৭	৮	৯		
	খেলার মাঠ	১০	১৫				সকল ওয়ার্ড	
কমিউনিটি সুবিধাদি	কবরস্থান	৪.৩৫ একর	১৫.৪৪ একর	১৭.৬০ একর	২০.০৫ একর	২২.৮৬ একর		সম্ভব হলে প্রতিটি ওয়ার্ডেই একটি করে কবরস্থান
	শশ্মান	১	১					-
	ধর্মীয় মসজিদ	১৬৯	৩৪	৩৭	৪২	৪৯**		

সুবিধা	শ্রেণি		বিদ্যমান	বৎসর অনুসারে ক্রমবর্ধিত (Cumulative) চাহিদা ও ঘাটতি				প্রস্তাব	মন্তব্য
				২০২২	২০২৭	২০৩২	২০৩৭		
	স্থাপনা	মন্দির ও অন্যান্য	৩৩	৩৩					SPZ অনুযায়ী হিসাব করা হয়েছে। বিস্তারিত ***সারণি ১৪-১৪।***
	ঈদগাহ		০.৫৯ একর	৫ একর					
	পুলিশ ফাঁড়ি		১	৯					-
	অগ্নিনির্বাপণ		১	৪				অতিরিক্ত ফায়ার স্টেশনগুলোর প্রস্তাবনা দেওয়া হয়েছে দক্ষিণে (১২ নং ওয়ার্ড), পূর্বে (জকসিন বাজার) এবং পশ্চিমে (গুরু হাটা)	-
	ডাকঘর		১	৮	৯	১০	১১		কমিউনিটির মানুষদের সাথে আলোচনা করার পর অতিরিক্ত ডাকঘর ভবিষ্যতে তৈরী করা হবে।

**মাদ্রাসা ২১-৪৬টি পর্যন্ত হতে পারে।*

***কাঙ্ক্ষিত ও সর্বনিম্ন মানের বিবেচনায় মসজিদ ৪৯ থেকে ১৫২টি পর্যন্ত হতে পারে।*

৫

আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

পঞ্চদশ অধ্যায় আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

সূচিপত্র

১৫.১ ভূমিকা---------- ১৫-১
১৫.২ লক্ষ্য ও উদ্দেশ্য ---------- ১৫-১
১৫.৩ বাজেট পর্যালোচনা ---------- ১৫-১
১৫.৩.১ আয়ের উৎস পর্যালোচনা ---------- ১৫-১
১৫.৩.২ পরিচালনা ব্যয় এবং উন্নয়ন ব্যয় পর্যালোচনা ---------- ১৫-১
১৫.৪ উন্নয়ন অর্থায়নের উদ্ভাবনী উৎস---------- ১৫-২
১৫.৫ লক্ষ্মীপুর পৌরসভার সাম্প্রতিক বাজেট পর্যালোচনা ---------- ১৫-২
১৫.৬ পৌরসভার আয়ের উৎস---------- ১৫-২
১৫.৭ পৌরসভার বর্তমান বিনিয়োগ কার্যক্রম ---------- ১৫-৪
১৫.৮ বিনিয়োগ কর্ম পরিকল্পনা ---------- ১৫-৬
১৫.৮.১ অগ্রাধিকার প্রকল্প তালিকা ---------- ১৫-৬
১৫.৮.২ অগ্রাধিকার প্রকল্প ব্যয় তালিকা ---------- ১৫-১২
১৫.৮.৩ অগ্রাধিকার প্রকল্প অর্থায়ন ---------- ১৫-১৫
১৫.৯ আর্থিক ব্যবস্থাপনায় সমস্যা এবং চ্যালেঞ্জ---------- ১৫-১৫
১৫.১০ প্রকল্প বাস্তবায়ন ধাপ ---------- ১৫-১৬
১৫.১১ ভবিষ্যৎ পথ ---------- ১৫-১৮

পঞ্চদশ অধ্যায়

আর্থিক বিনিয়োগ এবং কর্ম পরিকল্পনা

১৫.১ ভূমিকা

পঞ্চদশ অধ্যায় হলো পৌরসভা মহাপরিকল্পনার প্রস্তাবনাসমূহ বাস্তবায়নের জন্য আর্থিক বিনিয়োগ পরিকল্পনা নিয়ে। অধ্যায়টি শুরু হয়েছে পূর্ববর্তী কিছু বছরের বাজেট পর্যালোচনার মাধ্যমে। এছাড়াও এতে বাস্তবায়নকালের প্রথম পাঁচ বছরের জন্য উন্নয়ন প্রস্তাবনা এবং বিনিয়োগ তহবিলের সম্ভাব্য উৎস দেয়া আছে। অধ্যায়টি শেষ হয়েছে পৌরসভা অবকাঠামো উন্নয়ন অর্থায়নের জন্য স্থায়ী আয়ের উৎস নির্ধারণের জন্য দীর্ঘমেয়াদী সুপারিশসমূহের মাধ্যমে।

১৫.২ লক্ষ্য ও উদ্দেশ্য

এই অধ্যায়ের লক্ষ্য হচ্ছে মহাপরিকল্পনার সকল উন্নয়ন প্রস্তাবনা বাস্তবায়নের জন্য যথাযথ তহবিল নিশ্চিত করা এবং তহবিলের ভবিষ্যৎ স্থায়িত্ব অর্জন করা।

উদ্দেশ্যগুলো নিম্নরূপঃ

১। পৌরসভার আয় ও ব্যয়ের ধারা বোঝার জন্য পূর্ববর্তী বাজেট পর্যালোচনা করা।
২। ভবিষ্যতে প্রত্যাশিত রাজস্ব উপার্জন এবং সম্ভাব্য খরচ পর্যালোচনা করা।
৩। মহাপরিকল্পনার উপর ভিত্তি করে নতুন উন্নয়ন প্রস্তাব বাস্তবায়নের লক্ষ্যে বাজেট সম্পূরণের জন্য রাজস্ব আয়ের অতিরিক্ত উৎস সুপারিশ করা।

১৫.৩ বাজেট পর্যালোচনা

পৌরসভার আয় ও ব্যয়ের ধারা এবং তার হ্রাস বৃদ্ধির কারণসমূহ বোঝার জন্য লক্ষ্মীপুর পৌরসভার ২০১৩-১৪, ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ অর্থবছরের বাজেট পর্যালোচনা করা হয়েছে।

১৫.৩.১ আয়ের উৎস পর্যালোচনা

রাজস্ব আদায় পৌরসভার আয়ের খুব গুরুত্বপূর্ণ উৎস। আয়ের মূলত দুটি প্রধান উৎস আছে – কর এবং কর বহির্ভূত আয়। পৌরসভার আয়ের একটি বড় অংশ আসে কর এবং ফি থেকে। সুতরাং, কর উৎসের প্রকৃতি বোঝা, উত্থাপিত রাজস্ব উৎপাদনে ও আয়ের নতুন উৎস অনুসন্ধানে উৎসগুলোর ভবিষ্যৎ সম্ভাবনা বোঝা খুবই গুরুত্বপূর্ণ। বিশেষত, উন্নয়ন ব্যয় অর্থায়নে স্থানীয় নগর সরকারকে অনেকাংশে সরকারি অনুদানসহ করের বাইরে আয়ের উৎসের উপর এবং আন্তর্জাতিক উন্নয়ন অংশীদারদের তহবিলের উপর নির্ভর করতে হয়। এই অধ্যায়টি মহাপরিকল্পনার উন্নয়ন প্রস্তাবনাসমূহ বাস্তবায়নের জন্য দাতা এবং সরকারি তহবিল নিয়েও আলোচনা করা হয়েছে।

১৫.৩.২ পরিচালনা ব্যয় এবং উন্নয়ন ব্যয় পর্যালোচনা

বার্ষিক বাজেটের দুটি গুরুত্বপূর্ণ উপাদান বোঝা প্রয়োজন। পরিচালনা বাজেট - এটি স্থানীয় এলাকায় সব সেবা প্রদান করার জন্য পৌরসভা পরিকল্পিত পরিচালন ব্যয় (খরচসমূহ) এবং আয় তালিকাবদ্ধ করে। পরিচালনা বাজেট হচ্ছে পণ্য ও সেবার খরচ যেখান থেকে স্বল্পমেয়াদী উপকার আসবে; যার মানে হচ্ছে সেবাটি এক বছরের কম সময় ব্যবহার করা

হবে। এর মধ্যে আছে কর্মচারী বেতন, শ্রম মজুরি, মেরামত ও রক্ষণাবেক্ষণ, টেলিফোন, পেট্রোল, স্টেশনারির খরচ ইত্যাদি।
পরিচালন আয় হচ্ছে সেই আয় যা সেবা বিতরনের জন্য স্বল্প সময়ের জন্য সংগ্রহ হয়। উদাহরণস্বরূপ, কর, ফিস এবং চার্জ, সম্পদের দাম, সেবা মূল্য, বিনিয়োগ সুদ, ট্রাফিক জরিমানা ইত্যাদি।

মূলধন বাজেটে দীর্ঘমেয়াদি ক্রয় এবং অবকাঠামো, যেমন- সড়ক, ব্রিজ, স্কুল, ভূমি, দালানকোঠা, মটর গাড়ি, উপকরণ ইত্যাদি ক্ষেত্রে বড় বিনিয়োগে পরিকল্পিত খরচের জন্য টাকা আলাদাভাবে রাখা হয়। একটি পৌরসভার মূলধন বাজেট মূলধন প্রকৃতির সব আইটেম; যেমন- ঐ বাজেট বছরে পরিকল্পিত সড়ক নির্মাণ, ভবন এবং যানবাহন ক্রয় বাবদ আনুমানিক খরচ তালিকাবদ্ধ করে।

লক্ষ্মীপুর পৌরসভা তার আয় বৃদ্ধি এবং অবাঞ্ছিত ব্যয় কমানোর জন্য এই ধরণের বাজেটের নকশার মধ্যে উন্নতি আনতে তাদের পরিচালনা। মূলধন বাজেটে এখন পর্যন্ত যে পন্থা ও উপায় ব্যবহার করে এসেছে তা জানা গুরুত্বপূর্ণ।

১৫.৪ উন্নয়ন অর্থায়নের উদ্ভাবনী উৎস

অর্থায়ন সংস্থার গতানুগতিক উৎসগুলো বর্তমানে জনগণের দাবি করা বিপুলসংখ্যক অবকাঠামো উন্নয়ন প্রকল্পে বিনিয়োগের জন্য পর্যাপ্ত নয়। সরকারি অনুদান সরবরাহ অপর্যাপ্ত, দাতা তহবিল প্রায়শই পাওয়া যায় না, অথচ ক্রমবর্ধমান পরিচালন ব্যয়ের বিপরীতে আয়ের নিজস্ব উৎস যথেষ্ট না। এর ফলে নতুন এবং উদ্ভাবনী আয়ের অনুসন্ধান অপরিহার্য হয়ে পড়েছে।

১৫.৫ লক্ষ্মীপুর পৌরসভার সাম্প্রতিক বাজেট পর্যালোচনা

পৌরসভা প্রত্যেক অর্থবছরের জন্য তাদের বার্ষিক বাজেট প্রস্তুত করে। লক্ষ্মীপুর পৌরসভার সাম্প্রতিক তিন বছরের বাজেটে আয় ও ব্যয়ের পরিমাণ ***সারনি ১৫-১*** এ উপস্থাপন করা হয়েছে।

সারণি ১৫-১: বিগত তিন বছরের বাজেট পর্যালোচনা

বৎসর	আয় (টাকা)	ব্যয় (টাকা)	উদ্বৃত্ত
২০১৩-১৪	১১৮৯২২৮৭৫	৭৩৮৩৪৩৭১	৪৫০৮৮৫০৪
২০১৪-১৫	১৫৬৬৪১৬৫৭	৮০৫৬১৬২৪	৭৬০৮০০৩৩
২০১৫-১৬	৮২৯৮০০০০০ (প্রস্তাবিত)	২১২৫৯৬২০৮ (প্রস্তাবিত)	৬১৭২০৩৭৯২
মোট	**১১০৫৩৬৪৫৩২**	**৩৬৬৯৯২২০৩**	**৭৩৮৩৭২৩২৯**

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

সারণি ১৫-১ থেকে দেখা যাচ্ছে যে লক্ষ্মীপুর পৌরসভার আয় ক্রমশ বাড়ছে। আয়ের সঙ্গে জড়িত, পৌরসভার ব্যয়ও বেড়েছে। ২০১৩-১৪ অর্থবছরের তুলনায় অর্থবছরে পৌরসভার আয় ৩১.৭২% বেড়েছে।

১৫.৬ পৌরসভার আয়ের উৎস

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (সেকশন-৪, অধ্যায়- ২) অনুসারে, পৌরসভার আয়ের উৎসের সংক্ষিপ্ত বর্ণনা নিম্নে উপস্থাপিত হলো।

সারণি ১৫-২: আয়ের উৎস

উৎস	উপ-উপাদনসমূহ
সম্পদের কর	ভূমি এবং ভবনের বাৎসরিক কর
	সংরক্ষণ কর
	বিদ্যুৎ বিল

উৎস	উপ-উপাদনসমূহ
অংশীদারমূলক সম্পদের কর	সম্পত্তির মালিকানা হস্তান্তর করার চাঁদা
অন্যান্য কর	বাণিজ্য ও জীবিকার উপর কর আদায়
	গাড়ি ও পশুর উপর কর আদায়
	সিনেমা, নাটক এবং বিনোদনের উপর কর আদায়
	টোল এবং গৌণ কর (বিজ্ঞাপন, বিবাহ ইত্যাদির উপর)
কর ছাড়া অন্যান্য আয়	ফি এবং জরিমানা
	সম্পদের ভাড়া এবং মুনাফা
	অন্যান্য উৎস

লক্ষ্মীপুর পৌরসভার গত পাঁচ বছরের প্রধান আয়ের উৎস দেখানো হয়েছে। ***সারণি ১৫-৩*** থেকে এটি প্রমাণিত যে, ফিস ও অন্যান্য উৎস বাদে পৌরসভার আয় ক্রমান্বয়ে বাড়ছে। ২০১৩-১৪ থেকে ২০১৫-১৬ অর্থবছরে কর থেকে আয়ের পরিমাণ ১% বৃদ্ধি পেয়েছে।

সারণি ১৫-৩: রাজস্ব আয় (গত তিন বছরের)

রাজস্ব আয়ের বর্ণনা (৳)	অর্থবছর		
	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬ (প্রস্তাবিত)
কর	৪৩৩৩৯৭৯৯	৪৩৭৭৪০৩৯	৬১৯০০০০০
রেট	৭২১৩০৮৮	৭৯৯১০৬৬	১৪১০০০০০
ফিস	৬৪১০০০	২৫৭৮৮৯৮	৭৫০০০০
অন্যান্য	২০৬৬৫৯২৪	২২৪৭৯৭৯৩	১২৬৪০০০০০
মোট	৭১৮৫৯৮১১	৭৬৮২৩৭৯৬	২০৩১৫০০০০
সরকারি তহবিল (উন্নয়ন খাত বাদে)	৩৭১২৫৮	২১৪৯৫৩	২৫০০০০
সর্বমোট	৭২২৩১০৬৯	৭৭০৩৮৭৪৯	২০৩৪০০০০০

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

হোল্ডিং ট্যাক্স থেকে সবচেয়ে বেশি পরিমাণে রাজস্ব আয় করে। হোল্ডিং ট্যাক্সের হারও প্রত্যেক বছর বাড়ছে। কিন্তু কর্তৃপক্ষের হোল্ডিং ট্যাক্স বৃদ্ধি করার আরও সুযোগ রয়েছে। তবে, হোল্ডিং ট্যাক্স বিপুল পরিমাণের বকেয়া থাকায় সংগ্রহ প্রায়শই লক্ষ্যমাত্রায় পৌঁছাতে বাধা সৃষ্টি করে। ***সারণি ১৫-৪*** এ সর্বশেষ তিন বছরের হোল্ডিং ট্যাক্স সংগ্রহের চিত্র দেখানো হয়েছে।

সারণি ১৫-৪: হোল্ডিং ট্যাক্স থেকে আয়

অর্থবছর	সংগ্রহ (৳)
২০১৩-১৪	৮১৩৩৯০৯
২০১৪-১৫	৯০১১২০৩
২০১৫-১৬ (প্রস্তাবিত)	১৫৯০০০০০
মোট	৩৩০৪৫১১২

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

সারণি ১৫-৫ এ কনজারভেন্সি থেকে আয় দেখানো হয়েছে।

সারণি ১৫-৫: কনজারভেন্সি থেকে আয়

অর্থবছর	সংগ্রহ (৳)
২০১৩-১৪	৪৪৫০৬২৯
২০১৪-১৫	৪৯৩০৬৫৮
২০১৫-১৬ (প্রস্তাবিত)	৮৭০০০০০
মোট	১৮০৮১২৮৭

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

স্থাবর সম্পত্তি থেকে আয় নির্ভর করে প্রতি বছর কি পরিমান জমি হস্তান্তর হচ্ছে তার উপর। ***সারণি ১৫-৬*** এ ২০১৪-১৫ অর্থ বছরের যে তথ্য দেয়া হয়েছে তা পূর্ববর্তী বছরের তুলনায় আশানুরূপ নয়।

সারণি ১৫-৬: স্থাবর সম্পত্তি থেকে আয়

অর্থবছর	সংগ্রহ (৳)
২০১৩-১৪	২৭১৬৫২৮৪
২০১৪-১৫	২৬২৩৯৫৩৬
২০১৫-১৬ (প্রস্তাবিত)	৩০০০০০০০
মোট	**৮৩৪০৪৮২০**

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা, ২০১৬

১৫.৭ পৌরসভার বর্তমান বিনিয়োগ কার্যক্রম

লক্ষ্মীপুর পৌরসভার বর্তমান বিনিয়োগ কার্যক্রমসমূহের মধ্যে আছে ইউজিপ-৩ এর অধীনে নগর সুশাসন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিভিন্ন ক্ষেত্র। ***সারণি ১৫-৭*** এ উন্নয়ন ক্ষেত্র এবং বরাদ্দকৃত উন্নয়ন তহবিল বিভিন্ন উৎস অনুসারে ইউজিপ-৩ এর বরাদ্দের পরিমাণ উপস্থাপন করা হয়েছে।

সারণি ১৫-৭: উন্নয়ন তহবিলের উৎস

ক্র. নং.	অর্থ বরাদ্দের খাত	বরাদ্দ (টাকা লক্ষ)	মন্তব্য
১.	ইউজিপ-৩	৭,৫০০.০০	ইউজিপ-৩ প্রকল্পের বিনিয়োগ হিসাবে ব্যবহার করা হবে।
২.	অতিরিক্ত ৫০% ইউজিপ-৩ বরাদ্দ	৩,৭৫০.০০	
মোট		**১১,২৫০.০০**	
৩.	পৌরসভার রাজস্ব উদ্বৃত্ত	৬০০.০০	বিভিন্ন সংস্থা কর্তৃক পৌরসভায় সরসরি বিনিয়োগকৃত অর্থ ইনভেস্টমেন্ট প্ল্যানে দেখানো হয়েছে।
৪.	স্থানীয় সরকার বিভাগ থেকে অনুদান/বিশেষ বরাদ্দ	৩০০.০০	
৫.	BMDF	২,২০০.০০	
৬.	বিশেষ সরকারি অনুদান	৬০০.০০	
৭.	পানি সরবরাহ প্রকল্প (DPHE)	১,৩৫০.০০	
৮.	উন্নয়ন প্রকল্প (LGED)	৬০০.০০	
৯.	দারিদ্র/ঝুঁকি হ্রাস, জলবায়ু পরিবর্তন প্রকল্প	৫০০.০০	
১০.	১৯টি গুরুত্বপূর্ণ পৌরসভায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প	১,৫০০.০০	
১১.	শিশু পার্ক প্রকল্প	১,০০০.০০	সরকারি-বেসরকারি অংশীদারিত্ব বিনিয়োগ ইনভেস্টমেন্ট প্ল্যানে দেয়া হয়েছে।
১২.	পৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র প্রকল্প	১,০০০.০০	
১৩.	শিশু পার্ক নির্মাণ প্রকল্প	১,০০০.০০	
মোট		৮,৭৫০	
সর্ব মোট		২০,০০০.০০	

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা উন্নয়ন পরিকল্পনা, ২০১৪

লক্ষ্মীপুর পৌরসভার বর্তমান বিনিয়োগ কায়ক্রমে বিভিন্ন নগর উন্নয়ন বিশেষত সুশাসনের বিভিন্ন বিষয় এবং অবকাঠামো অন্তর্ভূক্ত আছে। ইউজিপ-৩ এর অধীনস্থ আরবান গভর্নেন্স এবং অবকাঠামো প্রকল্পের বিনিয়োগ খাতগুলো নিচের ***সারণি ১৫-৮*** এ দেয়া হলো।

সারণি ১৫-৮: ইউজিপ-৩ এর অধীনস্থ আরবান গভর্নেন্স এবং অবকাঠামো প্রকল্পের বিনিয়োগ খাত

ক্র. নং.	অর্থ বরাদ্দের খাত	বরাদ্দের সীমা (%)	বরাদ্দের শতকরা হার	বরাদ্দ (টাকা লক্ষ)
১.	অবকাঠামো উন্নয়ন এবং সার্ভিস ডেলিভারী	৮৫-৯২	৯০	৬,৭৫০.০০
২.	আর্থ সামাজিক	৭-১০	৯	৬৭৫.০০
৩.	নগর ব্যবস্থাপনা এবং দক্ষতা উন্নয়ন	০১	০১	৭৫.০০
মোট			**১০০**	**৭,৫০০.০০**

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা উন্নয়ন পরিকল্পনা, ২০১৪

অতিরিক্ত ৫০% ইউজিপ-৩ বরাদ্দ নিম্ন বর্ণিত খাত সমূহে করাদ্দ করা হবে।

সেক্টর-১: অবকাঠামো উন্নয়ন এবং সার্ভিস ডেলিভারী (লক্ষ টাকা)

সারণি ১৫-৯: অবকাঠামো উন্নয়ন এবং সার্ভিস ডেলিভারী

ক্র.নং	উপ-খাত	বরাদ্দের সীমা (%)	বরাদ্দের শতকরা হার (%)	টাকা (লক্ষ)
১.	নগর যাতায়াত ব্যবস্থা উন্নয়ন (রাস্তা,ফুটপাত,ব্রিজ এবং কালভার্ট)	৩৩-৫৫%	৪৫%	১,৬৮৭.৫০
২.	ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন	১৫-২২%	২২%	৮২৫.০০
৩.	পৌর বর্জ্য ব্যবস্থা উন্নয়ন	৩-৯%	৫%	১৮৭.৫০
৪.	পানি সরবরাহ ব্যবস্থাপনা উন্নয়ন	৫-১০%	১০%	৩৭৫.০০
৫.	স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন	৩-৫%	৩%	১১২.৫০
৬.	মিউনিসিপ্যাল সার্ভিসেস	১৫-২৫%	১৫%	৫৬২.৫০
মোট			**১০০.০০**	**৩,৭৫০.০০**

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা উন্নয়ন পরিকল্পনা, ২০১৪

সেক্টর-২: আর্থ-সামাজিক (লক্ষ টাকা)

সারণি ১৫-১০: আর্থ-সামাজিক খাতে বরাদ্দ বিস্তরণ

ক্র.নং	খাত	বরাদ্দের সীমা (%)	বরাদ্দের শতকরা হার (%)	টাকা (লক্ষ)
১	অবকাঠামো উন্নয়ন এবং সার্ভিস ডেলিভারী	৮৫-৯২	৯০	৬,৭৫০.০০
২	আর্থ সামাজিক	৭-১০	৯	৬৭৫.০০
৩	নগর ব্যবস্থাপনা এবং দক্ষতা উন্নয়ন	০১	০১	৭৫.০০
মোট			**১০০**	**৭,৫০০.০০**

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা উন্নয়ন পরিকল্পনা, ২০১৪

সেক্টর-৩: নগর ব্যবস্থাপনা এবং দক্ষতা উন্নয়ন

সারণি ১৫-১১: নগর ব্যবস্থাপনা এবং দক্ষতা উন্নয়ন

ক্র.নং	উপ-খাত	বরাদ্দের সীমা (%)	বরাদ্দের শতকরা হার (%)	টাকা (লক্ষ)
১	নগর ব্যবস্থাপনা এবং দক্ষতা উন্নয়ন	১০০%	১০০%	৭৫.০০
মোট			**১০০.০০**	**৭৫.০০**

তথ্যসূত্রঃ লক্ষ্মীপুর পৌরসভা উন্নয়ন পরিকল্পনা, ২০১৪

১৫.৮ বিনিয়োগ কর্ম পরিকল্পনা

বিনিয়োগ কর্ম পরিকল্পনাটি পৌরসভার সাথে পরামর্শ করার সাপেক্ষে পরামর্শক কর্তৃক প্রণীত মহাপরিকল্পনা অগ্রাধিকার প্রকল্প এবং সেগুলোর সম্ভাব্য ব্যয় নিয়ে তৈরি করা হয়েছে।

১৫.৮.১ অগ্রাধিকার প্রকল্প তালিকা


সারণি ১৫-১২: অগ্রাধিকার প্রকল্প তালিকা

ক্র.নং	খাত ভিত্তিক কর্ম পরিকল্পনা		প্রকল্পের ধরণ	প্রকল্প সংখ্যা
১.	**আবাসন**	আবাসন নির্মাণ	বস্তি উন্নয়ন	২ টি
			সুইপার কলোনি নির্মাণ	১ টি
			পূনর্বাসন প্রকল্প (ওয়ার্ড নং-১৫ এর দক্ষিণে)	১ টি
২.	**প্রশাসনিক**	প্রশাসনিক ভবন কমপ্লেক্স নির্মাণ	টাউন সেন্টার-২ নির্মাণ, ওয়ার্ড নং ১ , সরকারি শিশু সদনের পশ্চিমে	১ টি
			কাউন্সিলর অফিস , ওয়ার্ড নং- ১২ (চেহাল বাড়ী রোডের দক্ষিণে) এবং ওয়ার্ড নং- ১৪ (ওয়াপদা খালের পশ্চিমে)	২ টি
৩.	**বাণিজ্যিক**	বাণিজ্যিক কমপ্লেক্স নির্মাণ	হকার্স মার্কেট নির্মাণ	১ টি
৪.	**শিল্প**	শিল্প এলাকা প্রতিষ্ঠা	বিসিক শিল্প এলাকায় অবকাঠামো এবং সুযোগ সুবিধা প্রদান, ঋণ সুবিধা (শিল্প এলাকা পূর্ন উদ্যামে চালু)	১ টি
৫.	**পানি নিষ্কাশন**	ড্রেন নির্মাণ	রহমতখালী এবং অন্যান্য খাল পূনর্বাসন এবং ড্রেজিং	সম্পূর্ণ
			নতুন ড্রেন নির্মাণ	১৫ কি.মি.
			ড্রেন মেরামত	১০ কি.মি.
			ড্রেন প্রশস্তকরণ	১০ কি.মি.
৬.	**পরিবহন ও যাতায়াত**	রাস্তা	নতুন ড্রেন নির্মাণ	৮ কি.মি.
			রাস্তা মেরামত	১০ কি.মি.
			রাস্তা প্রশস্তকরণ	১০ কি.মি.
			পায়ে চলা পথ নির্মাণ	৫ কি.মি.
		ফুটপাত	নতুন ফুটপাত নির্মাণ	১০ কি.মি.
		অটো-সিএনজি স্ট্যান্ড	অটো-সিএনজি স্ট্যান্ড নির্মাণ, উত্তর তেমুহানী	১ টি (৬৬ শতাংশ)
		বাস টার্মিনাল	বাস টার্মিনাল অবকাঠামো নির্মাণ	১ টি
		যাত্রি ছাউনি	নতুন	৮ টি
		রিক্সা স্ট্যান্ড	নতুন	১৩ টি
		ব্রিজ/কালভার্ট	নতুন	৫ টি
৭.	**নগর সেবা সুবিধা**	সড়ক বাতি	রাস্তায় খুটি এবং বাতি স্থাপন	৫০০ টি পোল
		পার্ক	নতুন, ওয়ার্ড নং- ১৫ (বাঁধের পশ্চিমে, গরুর হাটের কাছে)	১ টি (১৩ একর)
		খেলার মাঠ	নতুন, ওয়ার্ড নং- ১৩ (৪.৮৩ একর) এবং ওয়ার্ড নং- ১৫ (২ একর)	২ টি
		স্যানিটারি ল্যান্ডফিল সাইট	২ একর জমিতে কাজ চলছে	১ টি
		বর্জ্য ট্রান্সফার স্টেশন	নতুন (ওয়ার্ড নং- ১,৩ এবং ৭)	৩ টি
		কমিউনিটি বিন	নতুন (প্রতি ওয়ার্ডে ২ টি)	৩০ টি

ক্র.নং	খাত ভিত্তিক কর্ম পরিকল্পনা		প্রকল্পের ধরণ	প্রকল্প সংখ্যা
		সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট	নতুন (পিয়ারাপুর)	১ টি
		কশাইখানা	নতুন (গোডাউন, জামে মসজিদ এবং গরু হাটা)	২ টি
		ডাস্টবিন	নতুন (বিভিন্ন স্থানে)	৩০ টি
		পানির লাইন	নতুন	৮ কি.মি.
		জরুরী আশ্রয় (দুর্যোগ)	নতুন (মোসেরাবাদ প্রাইমারি স্কুলের কাছে)	১ টি
